
# রবীক্র রচনাবলী

উনবিংশ খণ্ড





# রবীজ্র-রচনাবলী

# উনবিংশ খণ্ড





VISVA—BHARATI
184286
LIBRARY.



৫ ঘারকানাথ ঠাকুর লেন। কলিকাতা

প্রকাশ ২৫ বৈশাথ ১৩৫২ পুনর্ম্ত্রণ ভাত্র ১৩৬৩ আশ্বিন ১৩৭৫ : ১৮৯০ শক

মূলা: কাগজের-মলাট বারো টাকা রেক্সিন-বাঁধাই পনেরো টাকা

© বিশ্বভারতী ১৯৬৮

প্রকাশক বিশ্বভারতী গ্রন্থনবিভাগ ধ্বারকানাথ ঠাকুর লেন। কলিকাতা ৭

মূদ্রক শ্রীজিদিবেশ বস্থ কে. পি. বস্থ প্রিণ্টিং ওআর্ক্ স্ ১১ মহেন্দ্র গোস্বামী দেন। কলিকাতা ৬

# मृठी ं

.

চিত্রসূচী	ld'o
কবিতা ও গান	
বীথিকা	•
নাটক ও প্রহ্সন	• •
শেষরক্ষা	১২৭
উপন্যাস ও গল্প	
গল্প গুড়	२०७
প্রবন্ধ	
<b>জাপান্যাত্রী</b>	२ ३ ५
যাত্রী: পশ্চিমযাত্রীর ডায়ারি	৩৬৩
জাভাযাত্রীর পত্র	867
গ্রন্থপরিচয়	४२१
বর্ণামুক্রমিক সূচী	963

# চিত্রসূচী

রবীজ্ঞনাথ	¢
জাপানে রবীন্দ্রনাথ	<b>२</b> >8
মহিলাবিভাপীঠে রবীন্দ্রনাথ	२ ৯ ৫
বোরোবৃহরে রবীন্দ্রনাথ	8¢ <b>२, 8¢</b> ७

# কবিতা ও গান.

# বীথিকা

# नी थिक।

## অতীতের ছায়া

মহা অতীতের সাথে আজ আমি করেছি মিতালি— দিবালোক-অবসানে ভারালোক আলি ধ্যানে বেখা বসেছে সে রপহীন দেশে; ষেধা অন্তস্থ হতে নিয়ে বক্তরাগ গুহাচিত্রে করিছে সঞ্চাগ ঁতার তুপি ভিন্নমাণ জীবনের লুপ্ত রেখাগুলি; নিমীলিত বসন্তের ক্ষান্তগত্তে বেখানে সে গাঁথিয়া অদৃশ্যমালা পরিছে নিবিড় কালোকেশে; বেখানে ভাহার কণ্ঠহারে ত্লায়েছে সারে সারে প্রাচীন শতাবীগুলি শাস্ত-চিত্তদহন বেদনা यानिकात्र कना। **নেধা বনে আছি কাজ** ভূলে **অভাচলমূলে** ছाग्रावीथिकात्र । রূপমর বিশ্বধারা অবস্থকার গোধ্লিধ্নর আবরণে, অভীতের শৃশ্ব তার স্ঠি মেলিতেছে হোর মনে। এ শৃক্ত ভো মক্ষমাত্র নম্ন, 🖑 এ বে চিত্তময়;

বর্তমান বেতে বেতে এই শৃন্তে যায় ভ'রে রেখে
আপন অন্তর থেকে
অসংখ্য স্বর্পন ;
অতীত এ শৃন্ত দিয়ে করিছে বপন
বস্তুহীন সৃষ্টি যত,
নিত্যকাল-মাঝে তারি ফলশস্ত ফলিছে নিয়ত।
আলোড়িত এই শৃন্ত যুগে যুগে উঠিয়াছে জলি,
ভরিয়াছে জ্যোতির অঞ্চলি।
বসে আছি নির্নিমেষ চোখে
অতীতের সেই ধ্যানলোকে—

নিঃশব্দ তিমিরতটে জীবনের বিশ্বত রাতির।

হে অতীত, শাস্ত তুমি নির্বাণ-বাতির অন্ধকারে, স্থ্যত্বংথনিম্বতির পারে। শিল্পী তুমি, আধারের ভূমিকায় নিভূতে রচিছ সৃষ্টি নিরাসক্ত নির্ময় কলায়, শ্বরণে ও বিশ্বরণে বিগলিত বর্ণ দিয়া লিখা বৰ্ণিতেছ আখ্যায়িকা; পুরাতন ছায়াপথে নৃতন তারার মতো উচ্ছলি উঠিছে কত, কত তার নিভাইছ একেবারে যুগান্তের অশান্ত ফুৎকারে। আজ আমি তোমার দোসর, আশ্রয় নিতেছি সেধা ধেধা আছে মহা-অগোচর। ভব অধিকার আজি দিনে দিনে ব্যাপ্ত হয়ে আদে আমার আয়ুর ইতিহাসে। मिथा তব रुष्टित मिनत्रवादा আমার রচনাশালা স্থাপন করেছি একধারে

তোমারি বিহারবনে ছায়াবী বিকার।

স্বৃচিল কর্মের দায়,

ক্লান্ত হল লোকম্থে খ্যাতির আগ্রহ;

হংথ যত সরেছি হংসহ

তাপ তার করি অপগত

মৃতি তারে দিব নানামতো

আপনার মনে মনে।

কলকোলাহললান্ত অনপ্ত তোমার প্রাঙ্গণে,

থেখানে মিটেছে হন্দ্র মন্দ ও ভালোয়,

তারার আলোয়

সেখানে তোমার পাশে আমার আসন পাতা—

কর্মহীন আমি দেখা বন্ধহীন স্টির বিধাতা।

৩১ জুলাই-২ অগস্ট ১৯৩৫ শান্তিনিকেতন

#### মাটি

বাঁখারির বেড়া-দেওয়া ভূমি; হেথা করি ঘোরাফের।

সারাক্ষণ আমি-দিয়ে ঘের।

বর্তমানে।

মন জানে

এ মাটি আমারি,

যেমন এ শালতরুসারি

বাঁধে নিজ তলবীথি শিকড়ের গভীর বিস্তারে

দ্র শতান্ধীর অধিকারে।

হেথা রুফচ্ড়াশাথে ঝরে প্রাবণের বারি

সে যেন আমারি—

ভোরে ঘুমভাঙা আলো, রাত্রে ভারাজালা অন্ধকার,

যেন সে আমারি আপনার

এ মাটির সীমাটুকু-মাঝে।

আমার সকল খেলা, সব কাজে, এ ভূমি জড়িত আছে শাশতের যেন সে লিখন। হঠাৎ চমক ভাঙে নিশীপে ষধন সপ্তর্ষির চিরন্তন দৃষ্টিতলে, भारत प्रथि, कालात यां बीत मन ठल यूर्ग यूगा खदत । এই ভূমিখণ্ড-'পরে তারা এল, তারা গেল কত। তারাও আমারি মতো এ মাটি নিয়েছে ঘেরি---জেনেছিল, একান্ত এ তাহাদেরি। কেহ আৰ্ঘ কেহ বা অনাৰ্য ভারা, কত জাতি নামহীন, ইতিহাসহারা। क्ट रामाशिक राथ। निष्मि हिन द्वित अक्षिन, क्ट वा नियाह नववनि। এ মাটিতে একদিন যাহাদের স্বপ্তচোথে জাগরণ এনেছিল অরুণ-আলোকে বিলুপ্ত তাদের ভাষা। পরে পরে যারা বেঁধেছিল বাসা, ऋरथ इः एथ खीवत्मत्र वमधावा মাটির পাত্রের মতো প্রতি ক্ষণে ভরেছিল যারা এ ভূমিতে, এরে তারা পারিল না কোনো চিহ্ন দিতে।

আদে ধায়

ঋতুর পর্যায়,

আবর্তিত অন্তহীন

রাত্রি আর দিন;

মেঘরৌক্ত এর 'পরে

ছায়ার থেলেনা নিয়ে থেলা করে

শাদিকাল হতে।
কালস্রোতে
আগন্তক এসেছি হেখায়
সভ্য কিম্বা বাপরে ত্রেভায়
যেখানে পড়ে নি লেখা
রাজকীয় স্বাক্ষরের একটিও স্থায়ী রেখা।

হায় আমি,
হায় রে ভূমামী,
এথানে তুলিছ বেড়া— উপাড়িছ হেথা ষেই তুণ
এ মাটিতে সে-ই রবে লীন
পুন: পুন: বংসরে বংসরে। তারপরে!—
এই ধূলি রবে পড়ি আমি-শৃক্ত চিরকাল-তরে।

২ অগস্ট ১৯৩৫ শাস্তিনিকেডন

#### ত্বজন

স্থান্তদিগন্ত হতে বর্ণচ্চটা উঠেছে উচ্ছাসি।

হলনে বসেছে পাশাপাশি।

সমন্ত শরীরে মনে লইতেছে টানি

আকাশের বাণী।

চোথেতে পলক নাই, মুখে নাই কথা,

ন্তন্ধ চঞ্চলতা।

একদিন যুগলের যাত্রা হয়েছিল শুরু,

বক্ষ করেছিল ত্রুরু ত্রুরু

অনির্বচনীয় স্থাথে।

বর্তমান মুহুর্তের দৃষ্টির সম্মুখে

তাদের মিলনগ্রন্থি হয়েছিল বাঁধা।

শে-মুহুর্জ পরিপূর্ণ; নাহি তাহে বাধা,

দ্বনাই, নাই ভয়,
নাইকো সংশয়।
সে-মৃহুর্ত বাঁশির গানের মতো;
অসীমতা তাঁর কেন্দ্রে রয়েছে সংহত।
সে-মৃহুর্ত উৎসের মতন;
একটি সংকীর্ণ মহাক্ষণ

উচ্ছলিত দেয় ঢেলে আপনার সবকিছু দান।
সে সম্পদ দেখা দেয় লয়ে নৃত্য, লয়ে গান,
লয়ে স্থালোকভরা হাসি,
ফেনিল কল্লোল রাশি রাশি।

বির ক্যালোকভরা হানি,
কেনিল কল্লোল রাশি রা
কেনিল কল্লোল রাশি রা
কেনে আজ হল হারা
ক্রমে আজ হল হারা
ক্রম্বের মাঝে।
সে-স্থারে বাজে
মহাসম্ভের গাথা।
সেইথানে আছে পাতা

শেহখানে আছে পাতা
বিরাটের মহাসন কালের প্রাঙ্গণে।
সর্ব তৃঃখ, সর্ব স্থথ মেলে সেধা প্রকাণ্ড মিলনে।
সেধা আকাশের পটে

সেথা আকাশের পটে

অস্ত-উদয়ের শৈলতটে

রবিচ্ছবি আঁকিল যে অপরূপ মায়া
তারি সঙ্গে গাঁথা পড়ে রক্ষনীর ছায়া।

সেথা আজ যাত্রী হুইজনে

শান্ত হয়ে চেয়ে আছে স্থদ্র গগনে।
কিছুতে বৃঝিতে নাহি পারে
কেন বারে বারে
তৃই চক্ষ্ ভরে ওঠে জলে।
ভাবনার স্থাভীর তলে
ভাবনার স্থাভীত বে-ভাষা
করিয়াছে বাসা

অকথিত কোন্ কথা
কী বারতা
কাঁপাইছে বক্ষের পঞ্জরে।
বিশের বৃহৎ বাণী লেখা আছে যে মায়া-অক্ষরে,
তার মধ্যে কতটুকু শ্লোকে
ওদের মিলনলিপি, চিহ্ন তার পড়েছে কি চোখে!

২৫ জুলাই ১৯৩২ [শান্তিনিকেডন]

## রাত্রিরূপিণী

হে রাত্রিরূপিণী,

আলো জালো একবার ভালো করে চিনি। मिन यात्र क्रांख रन जाति नागि की अत्नह दत्र, জানাক তা তব মৃত্ স্বর। তোমার নিশ্বাসে ভাবনা ভরিল মোর দৌরভ-আভাসে। বুঝিবা বক্ষের কাছে ঢাকা আছে রজনীগদ্ধার ডালি! বুঝিবা এনেছ জালি প্রচ্ছন্ন ললাটনেত্রে সন্ধ্যার সঙ্গিনীহীন তারা-গোপন আলোক তারি, ওগো বাক্যহারা, পড়েছে তোমার মৌন-'পরে— এনেছে গভীর হাসি করুণ অধরে বিষাদের মতো শাস্ত স্থির। দিবদে স্থতীত্র আলো, বিক্ষিপ্ত সমীর, निवस्त्र आत्मानन, অফুক্ৰণ वन-पाला फिठ को नारन।

তুমি এসো অচঞ্চল, এসো স্বিশ্ব আবির্ভাব, তোমারি অঞ্চলতলে লুপ্ত হোক যত কতি লাভ। তোমার স্তন্ধতাথানি माख गिनि व्यभीत উদ্প্রান্ত মনে। যে অনাদি নিঃশকতা স্ষ্টির প্রাঙ্গণে বহিদীপ্ত উত্তমের মন্ততার জর শাস্ত করি করে তারে সংযত স্থশর, সে গম্ভীর শাস্তি আনো তব আলিঙ্গনে कृक এ जीवता। তব প্রেমে চিত্তে মোর যাক থেমে अष्ठरीन श्रवारमत नकारीन ठाकलाद त्यार, ত্রাশার ত্রন্ত বিদ্রোহ। সপ্তর্ষির তপোবনে হোমছতাশন হতে আনো তব দীপ্ত শিথা। তাহারি আলোতে নির্জনের উৎসব-আলোক পুণ্য হবে, দেইক্ষণে আমাদের ওভদৃষ্টি হোক। অপ্রমন্ত মিলনের মন্ত্র স্থান্তীর

१ माच ১७७৮

#### शान

মক্রিত কক্ষক আজি রজনীর তিমিরমন্দির।

কাল চলে আসিয়াছি, কোনো কথা বলি নি তোমারে।
শেষ করে দিছু একেবারে
আশা নৈরাশ্যের হন্দ্র, ক্ষুক্ত কামনার
ছঃসহ ধিকার।

বিরহের বিষয় আকাশে मका। इस्य जारम। তোমারে নির্থি ধ্যানে সব হতে স্বতন্ত্র করিয়া অনত্তে ধরিয়া। नारे रुष्टिशाया, নাই রবি শশী গ্রহতারা; वायू छक आरह, দিগন্তে একটি রেখা আঁকে নাই গাছে। নাইকো জনতা, नारे कानाकानि कथा। নাই সময়ের পদ্ধনি निवष्ठ भूकूर्छ श्रिव, मध भन किছूरे ना गनि। नारे जाला, नारे जबकाद-আমি নাই, গ্রন্থি নাই তোমার আমার। নাই স্থ হু:থ ভয়, আকাজ্ঞা বিলুপ্ত হল সব— আকাশে নিম্বন্ধ এক শান্ত অমূভব। তোমাতে সমস্ত লীন, তুমি আছ একা— আমি-হীন চিত্তমাঝে একান্ত ভোমারে শুধু দেখা।

७ जुनारे [১३७२]

## কৈশোরিকা

হে কৈশোরের প্রিয়া,
ভোরবেলাকার আলোক-আধার-লাগা
চলেছিলে তুমি আধবুমো-আধজাগা
মোর জীবনের ঘন বনপথ দিয়া।
ছায়ায় ছায়ায় আমি ফিরিতাম একা,
দেখি দেখি করি শুধু হয়েছিল দেখা
চকিত পায়ের চলার ইশারাখানি।

চুলের গদ্ধে ফুলের গদ্ধে মিলে
পিছে পিছে তব বাতাসে চিহ্ন দিলে
বাসনার রেখা টানি।

প্রভাত উঠিল ফ্টি;

অরুণরাঙিমা দিগস্তে গেল ঘুচে,

শিশিরের কণা কুঁড়ি হতে গেল মুছে,

গাহিল কুঞ্জে কপোতকপোতী হটি।

ছায়াবীথি হতে বাহিরে আসিলে ধীরে
ভরা জোয়ারের উচ্ছল নদীতীরে—

প্রাণকল্লোলে মুথর পল্লিবাটে।

আমি কহিলাম, "তোমাতে আমাতে চলো,
তরুণ রৌদ্র জলে করে ঝলোমলো—

নৌকা রয়েছে ঘাটে।"

শ্রোতে চলে তরী ভাসি।
জীবনের-মৃতি-সঞ্চয়-করা তরী
দিনরজনীর স্থথে হথে গেছে ভরি,
আছে গানে-গাঁথা কত কারা ও হাসি।
পেলব প্রাণের প্রথম পশরা নিয়ে
সে তরণী-'পরে পা ফেলেছ তুমি প্রিয়ে,
পাশাপাশি সেথা থেয়েছি চেউয়ের দোলা।
কথনো বা কথা কয়েছিলে কানে কানে,
কথনো বা মৃখে ছলোছলো হ্নয়ানে
চেয়েছিলে ভাষা-ভোলা।

বাভাস লাগিল পালে; ভাঁটার বেলায় তরী যবে যায় থেমে অচেনা পুলিনে কবে গিয়েছিলে নেমে মলিন ছায়ার ধুসর গোধুলিকালে। আবার রচিলে নব কুহকের পালা,
সাজালে ডালিতে নৃতন বরণমালা,
নয়নে আনিলে নৃতন চেনার হাসি।
কোন্ সাগরের অধীর জোয়ার লেগে
আবার নদীর নাড়ী নেচে ওঠে বেগে,
আবার চলিহ্ন ভাসি।

তুমি ভেসে চল সাথে।

চিরদ্ধপথানি নবদ্ধপে আসে প্রাণে;
নানা পরশের মাধুরীর মাঝখানে
তোমারি সে হাত মিলেছে আমার হাতে।
গোপন গভীর রহস্তে অবিরত
ঋতৃতে ঋতৃতে হ্রের ফসল কত
ফলায়ে তুলেছ বিশ্বিত মোর গীতে।
ভকতারা তব কয়েছিল যে কথারে
সন্ধার আলো সোনায় গলায় তারে
সকরণ পূরবীতে।

চিনি, নাহি চিনি তব্।
প্রতি দিবসের সংসারমাঝে তুমি
স্পর্শ করিয়া আছ ষে-মর্তভূমি
তার আবরণ থসে পড়ে ষদি কভু,
তথন তোমার মুরতি দীপ্রিমতী
প্রকাশ করিবে আপন অমরাবতী
সকল কালের বিরহের মহাকাশে।
তাহারি বেদনা কত কীর্তির স্তৃপে
উদ্ভিত হয়ে ওঠে অসংথা রূপে
পুরুষের ইতিহাসে।

হে কৈশোরের প্রিয়া, এ জনমে তুমি নব জীবনের খারে কোন্ পার হতে এনে দিলে মোর পারে

অনাদি যুগের চিরমানবীর হিয়া।
দেশের কালের অতীত বে মহাদ্র,
তোমার কঠে শুনেছি তাহারি হ্রবাক্য সেথায় নত হয় পরাভবে।
অসীমের দৃতী, ভরে এনেছিলে ডালা
পরাতে আমারে নন্দন-ফুলমালা
অপূর্ব গৌরবে।

ə মাঘ ১**৩**৪ •

#### সত্যরূপ

অন্ধকারে জানি না কে এল কোথা হতে—

মনে হল তুমি;
রাতের লতা-বিতান তারার আলোতে

উঠিল কুম্মি।

সাক্ষ্য আর কিছু নাই, আছে শুধু একটি স্বাক্ষর,
প্রভাত-আলোক তলে মগ্ন হলে প্রস্থপ্ত প্রহর

পড়িব তখন।
ততক্ষণ পূর্ণ করি থাক্ মোর নিস্তন্ধ অন্তর

তোমার শ্বরণ।

কন্ত লোক ভিড় করে জীবনের পথে
উড়াইয়া ধৃলি;
কন্ত যে পতাকা ওড়ে কন্ত রাজপথে
আকাশ আকুলি।
প্রহরে প্রহরে যাত্রী ধেয়ে চলে থেয়ার উদ্দেশে—
অতিথি আশ্রয় মাগে শ্রান্তদেহে মোর দ্বারে এসে
দিন-অবসানে,
দ্বের কাহিনী বলে, তার পরে রজনীর শেষে
যায় দ্বপানে।

মায়ার আবর্ত রচে আসায় যাওয়ায়
চঞ্চল সংসারে।
ছায়ার তরঙ্গ যেন ধাইছে হাওয়ায়
ভাঁটায় জোয়ারে।
উপ্রবিষ্ঠ ডাকে কেহ, স্তব্ধ কেহ ঘরে এসে বসে—প্রত্যহের জানাশোনা, তবু তারা দিবসে দিবসে পরিচয়হীন।
এই কুল্লাটিকালোকে লুগু হয়ে স্বপ্লের ভামসে
কাটে জীর্ণ দিন।

সন্ধ্যার নৈ:শব্দ্য উঠে সহসা শিহরি;
না কহিয়া কথা
কথন যে আস কাছে, দাও ছিন্ন করি
মোর অস্পষ্টতা।
তথন বৃঝিতে পারি, আছি আমি একান্তই আছি
মহাকালদেবতার অন্তরের অতি কাছাকাছি
মহেন্দ্রমন্দিরে;
জাগ্রত জীবনলন্ধী পরায় আপন মালাগাছি
উন্নমিত শিরে।

তথনি বৃঝিতে পারি, বিশ্বের মহিমা উচ্ছু দিয়া উঠি রাথিল সন্তায় মোর রচি নিজ দীমা আপন দেউটি স্প্রীর প্রাঙ্গণতলে চেতনার দীপশ্রেণী-মাঝে দে দীপে জলেছে শিথা উৎসবের ঘোষণার কাজে; সেই তো বাখানে, অনির্বচনীয় প্রেম অন্তহীন বিশ্বয়ে বিরাজে দেহে মনে প্রাণে।

#### প্রত্যর্পণ

কবির রচনা তব মন্দিরে

ক্রালে ছন্দের ধূপ।

সে মায়াবাম্পে আকার লভিল

তোমার ভাবের রূপ।

লভিলে হে নারী, তহর অতীত তহ,

পরশ-এড়ানো সে যেন ইন্দ্রধন্থ

নানা রশ্মিতে রাঙা;
পেলে রসধারা অমর বাণীর

অমৃতপাত্র-ভাঙা।

কামনা তোমার বহে নিয়ে যায়
কামনার পরপারে।
ফুদুরে তোমার আসন রচিয়া
ফাঁকি দেয় আপনারে।
ধ্যানপ্রতিমারে স্বপ্ররেখায় আঁকে,
অপরূপ অবগুঠনে তারে ঢাকে,
অজানা করিয়া তোলে।
আবরণ তার ঘূচাতে না চায়
স্বপ্ন ভাঙিবে ব'লে।

ঐ যে মুরতি হয়েছে ভূষিত

মৃশ্ব মনের দানে,

আমার প্রাণের নিশ্বাসতাপে
ভরিয়া উঠিল প্রাণে;

এর মাঝে এল কিসের শক্তি সে যে,

দাড়াল সমুথে হোমছতাশন-তেজে,
পেল সে পরশমণি।

নয়নে তাহার জাগিল কেমনে
জাত্মদ্রের ধ্বনি।

#### বীথিকা

বে দান পেয়েছে ভার বেশি দান
ফিরে দিলে নে কবিরে।
গোপনে জাগালে স্থরের বেদনা
বাজে বীণা বে গভীরে।
প্রিয়-হাত হতে পর পুষ্পের হার,
দয়িতের গলে কর তুমি আরবার
দানের মাল্যদান।
নিজেরে সঁপিলে প্রিয়ের মূল্যে
করিয়া মূল্যবান।

7305 3

### আদিত্য

কে আমার ভাষাহীন অস্করে

চিত্তের মেঘলোকে সস্করে,

বক্ষের কাছে থাকে তবুও দে রয় দৃরে,

থাকে অশ্রুত স্থরে।
ভাবি বদে, গাব আমি তারি গান—
চুপ করে থাকি সারা দিনমান,

অকথিত আবেগের বাথা সই।

মন বলে, কথা কই কথা কই!

চঞ্চল শোণিতে ষে
সন্তার ক্রন্দন ধ্বনিতেছে
অর্থ কী জানি তাহা,
আদিতম আদিমের বাণী তাহা।
জেদ করি ঝঞ্চার আলোড়ন
ছেদ করি বাম্পের আবরণ
চুম্বিল ধরাতল যে আলোক,
স্বর্গের সে বালক

কানে তার বলে গেছে যে কথাটি
তারি শ্বতি আজো ধরণীর মাটি
দিকে দিকে বিকাশিছে ঘাসে ঘাসে—
তারি পানে চেয়ে চেয়ে
সেই শ্বর কানে আসে।

প্রাণের প্রথমতম কম্পন
অশবের মজ্জায় করিতেছে বিচরণ,
তারি সেই ঝংকার ধ্বনিহীন—
আকাশের বন্দেতে কেঁপে ওঠে নিশিদিন;
মোর শিরা তম্ভতে বাজে তাই;
হংগভীর চেতনার মাঝে তাই
নর্তন জেগে ওঠে অদৃশ্য ভঙ্গীতে
অরণ্যমর্মর-সংগীতে।

ওই তরু ওই লতা ওরা সবে

ম্থরিত কুস্কমে ও পল্লবে—
সেই মহাবাণীময় গহন মোনতলে
নির্বাক স্থলে জলে
শুনি আদি ওংকার,
শুনি মৃক গুল্গন অগোচর চেতনার।
ধরণীর ধূলি হতে তারার সীমার কাছে
কথাহারা যে ভুবন ব্যাপিয়াছে
তার মাঝে নিই স্থান,
চেয়ে-থাকা ছই চোথে বাজে ধ্বনিহীন গান।

৮ বৈশাথ ১৩৪১ [ শাস্তিনিকেতন ]

#### পাঠিকা

বহিছে হাওয়া উতল বেগে,

আকাশ ঢাকা সজল মেঘে,

ধ্বনিয়া উঠে কেকা।

করি নি কাজ, পরি নি বেশ,

গিয়েছে বেলা বাঁধি নি কেশ,

পড়ি ভোমারি লেখা।

ওগো আমারি কবি,
তোমারে আমি জানি নে কভু,
তোমার বাণী আঁকিছে তবু
অলস মনে অজানা তব ছবি।
বাদলছায়া হায় গো মরি,
বেদনা দিয়ে তুলেছ ভরি,
নয়ন মম করিছে ছলোছলো।
হিয়ার মাঝে কী কথা তুমি বল!

কোথায় কবে আছিলে জাগি, বিরহ তব কাহার লাগি, কোন্ সে তব প্রিয়া! ইন্দ্র তুমি, তোমার শচী— জানি তাহারে তুলেছ রচি আপন মায়া দিয়া।

> গুগো আমার কবি, ছন্দ বুকে যতই বাজে ততই সেই মুরতিমাঝে জানি না কেন আমারে আমি লভি।

#### त्रवीख-त्रव्यावनी

নারীহৃদয়-ষম্নাতীরে চিরুদিনের সোহাগিনীরে

> চিরকালের শুনাও স্তবগান। বিনা কারণে তুলিয়া ওঠে প্রাণ।

নাই বা তার শুনিম্ন নাম,
কভু তাহারে না দেখিলাম,
কিসের ক্ষতি তায়।
প্রিয়ারে তব যে নাহি জানে
জানে দে তারে তোমার গানে
আপন চেতনায়।

প্রগো আমার কবি,
স্থাব তব ফাগুন-রাতি
বক্তে মোর উঠিল মাতি,
চিত্তে মোর উঠিছে পল্লবি।
জেনেছ যারে তাহারো মাঝে
অজানা যেই সে-ই বিরাজে,
আমি যে সেই অজানাদের দলে।
তোমার মালা এল আমার গলে।

বৃষ্টিভেজা যে ফুলহার শ্রাবণসাঁঝে তব প্রিয়ার বেণীটি ছিল ঘেরি, গন্ধ তারি স্বপ্রসম লাগিছে মনে, ঘেন সে মম বিগত জনমেরি।

> ওগো আমার কবি, জান না, তুমি মৃহ কী তানে আমারি এই লতাবিতানে শুনায়েছিলে করুণ ভৈরবী।

#### বীথিকা

ঘটে নি যাহা আজ কপালে
ঘটেছে যেন সে কোন্ কালে,
আপনভোলা যেন ভোমার গীভি
বহিছে ভারি গভীর বিশ্বতি।

বৈশাখ ১৩৪১ [ শান্তিনিকেতন ]

## ছায়াছবি

একটি দিন পড়িছে মনে মোর।
উষার নিল মৃকুট কাড়ি
শ্রাবণ ঘনঘোর;
বাদলবেলা বাজায়ে দিল তুরী,
প্রহরগুলি ঢাকিয়া মৃথ
করিল আলো চুরি।
সকাল হতে অবিশ্রামে
ধারাপতনশন্ধ নামে,
পরদা দিল টানি,
সংসারের নানা ধানিরে
করিল একখানি।

প্রবল বরিষনে
পাংশু হল দিকের মৃথ,
আকাশ ষেন নিরুৎস্থক,
নদীপারের নীলিমা ছায়
পাতৃ আবরণে।
কর্মদিন হারাল সীমা,
হারাল পরিমাণ,
বিনা কারণে ব্যবিত ছিয়া
উঠিল গাহি শুরুরিয়া

#### त्रवौद्ध-त्रह्मावनी

বিষ্যাপতি-রচিত সেই ভরা-বাদর গান।

ছিলাম এই কুলায়ে বসি

আপন মন-গড়া,

হঠাৎ মনে পড়িল তবে

এখনি বৃঝি সময় হবে,

ছাত্রীটিরে দিতে হবে যে পড়া।

থামায়ে গান চাহিম পশ্চাতে;

ভীক্ল সে মেয়ে কখন এসে

নীরব পায়ে ছ্যার ঘেঁষে

দাড়িয়ে আছে খাতা ও বহি হাতে।

করিত্ব পাঠ শুক।

কপোল তার ঈষৎ রাঙা,
গলাটি আজ কেমন ভাঙা,
বক্ষ বৃঝি করিছে তৃক তৃক।

কেবলি ষায় ভূলে,
অন্তমনে রয়েছে ষেন
বইয়ের পাতা থুলে।
কহিন্ন তারে, আজকে পড়া পাক।
সে শুধু মৃথে ভূলিয়া আঁথি
চাহিল নির্বাক্।

ভুচ্ছ এই ঘটনাটুকু,
ভাবি নি ফিরে তারে।
গিয়েছে তার ছায়ামুরতি
কালের থেয়াপারে।
স্তব্ধ আজি বাদলবেলা,
নদীতে নাহি ঢেউ,

অলসমনে বসিয়া আছি

ঘরেতে নেই কেউ।

হঠাৎ দেখি চিত্তপটে চেয়ে,

সেই যে ভীক্ন মেয়ে

মনের কোণে কথন গেছে আঁকি

অব্যতি অঞ্চতরা

ডাগর ঘটি আখি।

৪ আষাঢ় ১৩৪২ [চন্দননগর ]

## নিমন্ত্রণ

মনে পড়ে, ষেন এককালে লিথিভাম চিঠিতে তোমারে প্রেয়নী অথবা প্রিয়ে। একালের দিনে শুধু বুঝি লেখে নাম— थाक टम कथाग्र, निथि विना नाम मिट्य । তুমি দাবি কর কবিতা আমার কাছে মিল মিলাইয়া ত্রহ ছন্দে লেখা, আমার কাব্য ভোমার হুয়ারে যাচে নম চোখের কম্প্র কাজলরেখা। সহজ ভাষায় কথাটা বলাই শ্ৰেয়— বে-কোনো ছুতায় চলে এদো মোর ডাকে, সময় ফুরোলে আবার ফিরিয়া কেয়ো, বোসো ম্থোম্থি ষদি অবসর থাকে। গৌরবরন তোমার চরণম্লে ফলসাবরন শাড়িট ঘেরিবে ভালো; বসনপ্রান্ত সীমন্তে রেখো তুলে, कलानशास्त्र मक लाए वन काला।

একগুছি চুল বায়্-উচ্চাসে কাঁপা
ললাটের ধারে থাকে যেন অশাসনে।
ভাহিন ওলকে একটি দোলনটাপা
হলিয়া উঠুক গ্রীবাভঙ্গীর সনে।
বৈকালে গাঁথা য্থীমৃকুলের মাশা
কণ্ঠের ভাপে ফুটিয়া উঠিবে সাঁঝে;
দূরে থাকিতেই গোপনগন্ধ-ঢালা
স্থাসংবাদ মেলিবে হাদয়মাঝে।
এই স্ব্যোগেতে একটুকু দিই থোঁটা—
আমারি দেওয়া সে ছোট্ট চুনির ছল,
রক্তে জমানো যেন অশ্রুর ফোঁটা,
কভদিন সেটা পরিতে করেছ ভূল।

আরেকটা কথা বলে রাখি এইখানে, কাবো সে কথা হবে না মানানসই, স্থ্র দিয়ে সেটা গাহিব না কোনো গানে — তুচ্ছ শোনাবে, তবু সে তুচ্ছ কই। একালে চলে না সোনার প্রদীপ আনা, সোনার বীণাও নহে আয়ত্তগত। বেতের ডালায় রেশমি-রুমাল-টানা অরুণবর্ম আম এনো গোটাকত। গত্ত জাতীয় ভোজ্যও কিছু দিয়ো, পত্তে তাদের মিল খুঁচ্ছে পাওয়া দায়। তা হোক, তবুও লেথকের তারা প্রিয়; চ্ছেনো, বাসনার সেরা বাসা রসনায়। ওই দেখো, ওটা আধুনিকতার ভূত ম্থেতে জোগায় স্থূলতার জয়ভাষা; জানি, অমরার পথহারা কোনো দৃত ষঠরগুহায় নাহি করে যাওয়া-আসা।

ভথাপি পষ্ট বলিতে নাছি তো দোষ যে কথা কবির গভীর মনের কথা---উদরবিভাগে দৈছিক পরিতোষ দঙ্গী জোটায় মানসিক মধুরতা। শোভন হাতের সন্দেশ, পানতোয়া, মাছ্যাংসের পোলাও ইত্যাদিও यत्व दिशा दिश्य दिश्या । ज्थन म इम्र की जनिर्वहनीम ! বুঝি অমুমানে, চোখে কৌতুক ঝলে; ভাবিছ বসিয়া সহাস-ওষ্ঠাধরা, এ সমস্তই কবিতার কৌশলে মৃত্দংকেতে মোটা ফরমাশ করা। আচ্ছা, না-হয় ইঙ্গিত শুনে হেগো; वक्रमात्न, त्नवी, ना-श्व श्टेरव वाम ; থালি হাতে যদি আস তবে তাই এসো, সে তৃটি হাতেরও কিছু কম নহে দাম !

সেই কথা ভালো, তুমি চলে এসো একা,
বাতাসে ভোমার আভাস যেন গো থাকে;
স্তব্ধ প্রহরে ছজনে বিজনে দেখা,
সন্ধ্যাভারাটি শিরীষভালের ফাঁকে।
তার পরে যদি ফিরে যাও ধীরে ধীরে
ভূলে ফেলে যেয়ো ভোমার যুথীর মালা;
ইমন বাজিবে বক্ষের শিরে শিরে,
তার পরে হবে কাব্য লেখার পালা।
যভ লিখে ঘাই ভতই ভাবনা আসে,
লেফাফার 'পরে কার নাম দিতে হবে;
মনে মনে ভাবি গভীর দীর্ঘশাসে,
কোন্ দ্র যুগে ভারিখ ইহার কবে।

यत्न इति जारम--- श्विकियिक रवना इन, वांशास्त्र चार्ट शा भूरब्रह ठाफ़ाठाफ़ि; कि म्थथानि, वष्रम ज्थन वाला; ভত্ন দেহথানি খেরিয়াছে ডুরে শাড়ি। কুকুমফোঁটা ভুক্নসংগমে কিৰা, খেতকরবীর গুচ্ছ কর্ণমূলে; পিছন হইতে দেখিয় কোমল গ্ৰীবা লোভন হয়েছে রেশমচিকন চুলে। তাত্রথালায় গোড়ে মালাখানি গেঁথে সিক্ত ক্ষমালে ঘড়ে রেখেছ ঢাকি; - ছায়া-হেলা ছাদে মাত্র দিয়েছ পেতে-কার কথা ভেবে বসে আছ জানি না কি! আজি এই চিঠি লিখিছে তো সেই কবি; र्शाभृणित होशा घनां विकन चरत, দেয়ালে ঝুলিছে সেদিনের ছায়াছবি— শক্টি নেই, ঘড়ি টিক্টিক্ করে। ওই তো তোমার হিসাবের ছেঁড়া পাতা, দেরাজের কোণে পড়ে আছে আধুলিটি। কডছিন হল গিয়েছ, ভাবিব না তা, শুধু রচি বদে নিমন্ত্রণের চিঠি। মনে আদে, তুমি পুর-জানালার ধারে भगरमत अपि कारम निरम् आह तरम ; উৎস্ক চোথে বৃঝি আশা কর কারে, আলগা আঁচল মাটিতে পড়েছে খসে। व्यर्धक हात्म त्रीख नित्याह तित्क, বাকি অর্ধেক ছায়াখানি দিয়ে ছাওয়া; পাঁচিলের গায়ে চীনের টবের থেকে চামেলি ফুলের গন্ধ আনিছে হাওয়া। এ চিঠির নেই অবাব দেবার দায়, আপান্তত এটা দেরাজে দিলেম রেখে।

পার যদি এসো শক্ষবিহীন পায়,
চোথ টিপে ধোরো হঠাৎ পিছন থেকে।
আকাশে চুলের গছটি দিয়ো পান্ডি,
এনো সচকিত কাঁকনের রিনিরিন,
আনিয়ো মধুর স্বপ্রস্থন রাতি,
আনিয়ো গভীর আলস্ত্র্যন দিন।
তোমাতে আমাতে মিলিত নিবিড় একা—
স্থির আনন্দ, মৌন মাধুরী ধারা,
মৃথ প্রহর ভরিয়া তোমারে দেখা,
তব করতল মোর করতলে হারা।

১৪ জুন ১৯৩৫ চন্দননগর

# ছুটির লেখা

এ লেখা মোর শৃষ্টবীপের সৈকততীর,
তাকিয়ে থাকে দৃষ্টি-অতীত পারের পানে।
উদ্দেশহীন জোয়ার-ভাঁটায় অস্থির নীর
শাম্ক বিক্লক ঘা-খুলি তাই ভানিয়ে আনে
এ লেখা নয় বিরাট সভার শ্রোতার লাগি,
রিক্ল ঘরে একলা এ যে দিন কাটাবার;
আটপহরে কাপড়টা তার ধূলায় দাগি,
বড়ো ঘরের নেমস্তমে নয় পাঠাবার।
বয়:সদ্দিকালের যেন বালিকাটি,
ভাব্নাপ্তলো উড়ো-উড়ো আপনাভোলা।
অযতনের সঙ্গী ভাহার ধূলোমাটি,
বাহির-পানে পথের দিকে হয়ার থোলা।
আলস্তে তার পা ছড়ানো মেঝের উপর,
ললাটে ভার কল্ল কেশের অবহেলা।

নাইকো খেয়াল কখন সকাল পেরোয় তুপুর রেশমি ভানায় যায় চলে তার হালকা বেলা। চিনতে ধদি চাও ভাহারে এসো ভবে, বারের ফাঁকে দাঁড়িয়ে থেকো আমার পিছু। শুধাও যদি প্রশ্ন কোনো তাকিয়ে রবে বোকার মতন— বলার কথা নেই-যে কিছু। ধুলোয় লোটে রাঙাপাড়ের আঁচলখানা, ত্ই চোখে তার নীল আকাশের স্থান্র ছুটি; कात कात क कथा क्य यात्र ना स्नाना, মুখের 'পরে কে রাখে তার নয়নছটি। মর্মব্রিড শ্রামল বনের কাঁপন থেকে চমকে নামে আলোর কণা আলগা চুলে; তাকিয়ে দেখে নদীর রেখা চলছে বেঁকে— **मारान-जाका साजिरात माथा जैठे ह् इल ।** সম্মুখে তার বাগান-কোণায় কামিনী ফুল আনন্দিত অপব্যয়ে পাপড়ি ছড়ায়। বেড়ার ধারে বেগনিগুচ্ছে ফুল্ল জাকল দ্থিন-হাওয়ার সোহাগেতে শাখা নড়ায়। তরুণ রৌদ্রে তপ্ত মাটির মৃত্খাসে जूननीत्वात्पद्र गद्महेक् एक ए पद । থামখেয়ালি একটা ভ্রমর আশে-পাশে গুঞ্জরিয়া যায় উড়ে কোন্ বনাস্তরে। পঠिশালা সে ফাঁকি দিয়ে পালিয়ে এড়ায়, শেখার মতো কোনো কিছুই হয় নি শেখা; আলোছায়ায় ছন্দ ভাহার খেলিয়ে বেড়ায় আলুথালু অবকাশের অবুঝ লেথা। সবুজ সোনা নীলের মায়া ঘিরল তাকে; শুকনো ঘাদের গন্ধ আদে জানলা ঘুরে; পাভার শব্দে, জলের শব্দে, পাথির ভাকে প্রহরটি তার আঁকাজোকা নানান স্বরে।

সব নিয়ে যে দেখল তারে পায় সে দেখা
বিশ্বমাঝে ধুলার 'পরে অলজ্জিত—
নইলে সে তো মেঠো পথে নীরব একা
শিথিলবেশে অনাদরে অসজ্জিত।

৬ জুন ১৯৩৫
চন্দননগর

# নাট্যশেষ

7

দূর অতীতের পানে পশ্চাতে ফিরিয়া চাহিলাম;
হেরিতেছি যাত্রী দলে দলে। জানি সবাকার নাম,
চিনি সকলেরে। আজ ব্ঝিয়াছি, পশ্চিম-আলোতে
ছায়া ওরা। নটরূপে এসেছে নেপথ্যলোক হতে
দেহ-ছদ্মদান্দে; সংসারের ছায়ানাট্য অন্তহীন,
সেপায় আপন পাঠ আবৃত্তি করিয়া রাত্রিদিন
কাটাইল; স্ত্রধার অদৃষ্টের আভাসে আদেশে
চালাইল নিজ নিজ পালা, কভু কেঁদে কভু হেসে
নানা ভঙ্গী নানা ভাবে। শেষে অভিনয় হলে সারা,
দেহবেশ ফেলে দিয়ে নেপথ্যে অদৃশ্যে হল হারা।

যে খেলা খেলিতে এল হয়তো কোথাও তার আছে
নাট্যগত অর্থ কোনোরূপ, বিশ্বমহাকবি-কাছে
প্রকাশিত। নটনটা রঙ্গসাজে ছিল ষতক্ষণ
সত্য বলে জেনেছিল প্রত্যহের হাসি ও ক্রন্সন,
উত্থানপতন বেদনার। অবশেষে ষবনিকা
নেমে গেল; নিবে গেল একে একে প্রদীপের শিখা;
মান হল অঞ্চরাগ; বিচিত্র চাঞ্চলা গেল থেমে;
যে নিস্তর্ক অক্ষকারে রঙ্গসঞ্চ হতে গেল নেমে

শ্বতি নিন্দা দেখায় সমান, ভেদহীন মন্দ ভালো, 
হংথস্থভঙ্গী অর্থহীন, তুলা অন্ধকার আলো, 
লুপ্ত লজ্জাভয়ের বাঞ্চনা। যুদ্ধে উদ্ধারিয়া সীতা 
পরক্ষণে প্রিয়হস্ত রচিতে বসিল তার চিতা; 
সে পালার অবসানে নিংশেষে হয়েছে নির্থহ্ব 
সে হংসহ হংখদাহ— শুধু তারে কবির নাটক 
কাব্যডোরে বাধিয়াছে, শুধু তারে ঘোষিভেছে গান, 
শিল্পের কলায় শুধু রচে তাহা আনন্দের দান।

२

জনশৃন্ত ভাঙাঘাটে আজি বৃদ্ধ বটচ্ছায়াভলে গোধূলির শেষ আলো আষাঢ়ে ধূসর নদী জলে মগ্ন হল। ওপারের লোকালয় মরীচিকাসম চক্ষে ভাসে। একা বসে দেখিতেছি মনে মনে, মম দূর আপনার ছবি নাট্যের প্রথম অকভাগে कात्नत्र नीनाग्र। मिरिनत्र मण-कांगा ठत्क कारग অস্পষ্ট কী প্রত্যাশার অরুণিম প্রথম উন্মেষ; मन्त्र्य तम जलिक्न, ना कानिया त्मरवत छल्मन, নেপথ্যের প্রেরণায়। জানা না-জানার মধ্যসেতু নিতা পার হতেছিল কিছু তার না ব্ঝিয়া হেতু। অকস্মাৎ পথমাঝে কে তারে ভেটিল একদিন, ष्ट्रे ज्ञानात्र भारत एमकाम रहेम विनीन मीभारीन नित्यत्वर ; পরিব্যাপ্ত হল জানাশোনা জীবনের দিগন্ত পারায়ে। ছায়ায়-আলোয়-বোনা আতপ্ত ফাস্কুনদিনে মর্মরিত চাঞ্চল্যের স্রোতে কুঞ্চপথে মেনিল সে স্থারিত অঞ্চলতল হতে কনকচাঁপার আভা। গৰে শিহরিয়া গেল হাওয়া मिथिन क्लान न्मार्म । पूक्त कत्रिम बागाया ध्या ज्ञाना ज्यीत्रणात्र।

শহসা রাজে সে গেল চলি
বে রাজি হর না কড় ভোর। অদৃষ্টের বে অঞ্চলি
এনেছিল স্থধা, নিল ফিরে। সেই যুগ হল গভ
চৈজ্রশেষে অরণ্যের মাধবীর স্থগজের মডো।
ভখন সেদিন ছিল সবচেয়ে সভা এ ভ্বনে,
সমল্প বিশ্বের যন্ত্র বাঁধিত সে আপন বেদনে
আনন্দ ও বিখাদের স্থরে। সেই স্থখ ভার
জোনাকির থেলা মাত্র, যারা সীমাহীন অস্কলার
পূর্ণ করে চুম্কির কাজে বি ধে আলোকের স্ফি;
সে রাজি অক্ষত থাকে, বিনা চিহ্নে আলো যার ঘূর্চি।
সে ভাঙা যুগের পরে কবিভার অরণ্যলভায়
ফুটিছে ছন্দের ফুল, দোলে ভারা গানের কথায়।
সেদিন আজিকে ছবি হাদয়ের অজ্যাগুহাতে
অক্ষকার ভিত্তিপটে; এক্য ভার বিশ্বলিল্প-সাথে।

[ আবাঢ় ১৩৪২ চন্দননগর ]

## বিহ্বলতা

অপরিচিতের দেখা বিকশিত ফুলের উৎসবে পল্লবের সমারোহে।

মনে পড়ে, সেই আর কবে দেখেছিত্ব শুধু ক্ষণকাল।

খর স্র্করতাপে নিষ্ঠর বৈশাখবেলা ধরণীরে ক্লন্ত অভিশাপে বন্দী করেছিল ভূফাজালে।

শুক্ষ জব্দ,

भ्रान वन,

অবসন্ন পিককণ্ঠ,

मीर्नकांग्रा व्यवगा निर्कत।

সেই তীব্র আলোকেতে দেখিলাম দীপ্ত মূর্তি তার— জালাময় আঁখি,

বৰ্ণচ্ছটাহীন বেশ,

নিবিকার

म्थष्हि ।

বিরলপল্লব স্তন্ধ বনবীথি-'পরে নিঃশব্দ মধ্যাহ্নবেলা দ্র হতে মৃক্তকণ্ঠ স্বরে করেছি বন্দনা।

জানি, সে না-শোনা স্থর গেছে ভেসে শৃহাতবে।

সেও ভালো, তবু সে তো তাহারি উদ্দেশে একদা অর্পিয়াছিম স্পষ্টবাণী, সত্য নমস্কার, অসংকোচে পূজা-অর্য্য

—সেই জানি গৌরব আমার।
আজ ক্ষ্ম ফাল্কনের কলম্বরে মত্ততাহিল্লোলে
মদির আকাশ।

আজি যোর এ অশাস্ত চিত্ত দোলে উদ্ভাস্ত পবনবেগে।

আজ তারে যে বিহ্বল চোথে হেরিলাম, সে যে হায় পুষ্পরেণু-আবিল আলোকে মাধুর্যের ইক্রজালে রাঙা।

পাই নাই শাস্ত অবসর

विनिवाद्य, किनावाद्य।

কোনো কথা বলা হল না যে, মোহমৃদ্ধ বার্থতার সে বেদনা চিত্তে মোর বাজে।

### गुमिना

হে শ্রামলা, চিত্তের গহনে আছ চুপ, মৃথে তব স্থদ্রের রূপ পড়িয়াছে ধরা সন্ধ্যার আকাশসম সকল-চঞ্চল চিন্তা-হরা। আঁকা দেখি দৃষ্টিতে ভোমার সমৃত্রের পরপার, গোধ্निপ্রাম্ভরপ্রাম্ভে ঘন কালো রেথাথানি; অধরে ভোমার বীণাপাণি त्र्राथ मित्र वीना छात्र নিশীথের রাগিণীতে দিতেছেন নিঃশব্দ ঝংকার। অগীত সে স্বর यत अत राष्ट्र कान् शियाजित निश्दत स्नृत হিম্বন তপস্থায় স্তব্ধলীন নিঝ রের ধ্যান বাণীহীন। জলভারনত মেঘে তমালবনের 'পরে আছে লেগে সকৰুণ ছায়া স্থগন্তীর— তোমার ললাট-'পরে সেই মায়া রহিয়াছে স্থির।

ক্লান্ত-অশ্র রাধিকার বিরহের শ্বতির গভীরে
শ্বপ্রময়ী যে যম্না বহে ধীরে
শান্তধারা
কলশন্দহারা
তাহারি বিষাদ কেন
অতল গান্তীর্য ল'য়ে তোমার মাঝারে হেরি যেন।

শ্রাবণে অপরাজিতা, চেয়ে দেখি ভারে শ্রাথি ভূবে যায় একেবারে— ছোটো পত্রপুটে তার নীলিমা করেছে ভরপুর,
দিগস্তের শৈলতটে অরণোর হব
বাজে তাহে, সেই দূর আকাশের বাণী
এনেছে আমার চিত্তে ভোমার নির্বাক্ মৃথথানি।

२२ क्लाई ১२७२

## পোড়োবাড়ি

দেদিন তোমার মোহ লেগে আনন্দের বেদনায় চিত্ত ছিল জেগে; প্রতিদিন প্রভাতে পড়িত মনে, তুমি আছ এ ভ্ৰনে। পুকুরে বাঁধানো ঘাটে স্লিগ্ধ অশথের মূলে বদে আছ এলোচুলে, আলোছায়া পড়েছে আঁচলে তব— প্রতিদিন মোর কাছে এ ষেন সংবাদ অভিনব। তোষার শয়নখরে ফুলদানি, সকালে দিতাম আনি নাগকেশরের পুষ্পভার অলকো তোমার। প্রতিদিন দেখা হত, তবু কোনো ছলে চিঠি রেথে আসিতাম বালিশের তলে। দেদিনের আকাশেতে তোমার নয়ন ছটি কালো व्यात्नाद्य कत्रिङ व्याद्या व्यात्ना। সেদিনের বাতাসেতে তোমার স্থগন্ধ কেশপাশ নন্দনের আনিত নিশাস।

অনেক বংসর গেল, দিন গণি নছে ভার মাপ— তারে জীর্ণ করিয়াছে ব্যর্থভার ভীত্র পরিভাপ।

#### वीषिक

নির্মম ভাগ্যের হাতে লেখা
বঞ্চনার কালো কালো রেখা
বিক্বত শ্বতির পটে নির্ম্বক করেছে ছবিরে।
আলোহীন গানহীন হাদয়ের গহন গভীরে
সেদিনের কথাগুলি
হূর্লকণ বাহুড়ের মতো আছে কুলি।

আজ বদি ভূমি এস কোথা তব ঠাই, সে ভূমি ভো নাই। আজিকার দিন ভোমারে এড়ায়ে বাবে পরিচয়হীন।

তোমার দেকাল আন্ধি ভাঙাচোরা যেন পোড়োবাড়ি লন্ধী যারে গেছে ছাড়ি; ভূতে-পাওয়া ঘর

ভিত জুড়ে আছে বেথা দেহহীন ডর।
আগাছায় পথ রুদ্ধ. আঙিনায় মনসার ঝোপ,
তুলসীর মঞ্চথানি হয়ে গেছে লোপ।
বিনাশের গদ্ধ ওঠে, ছগ্র হৈর শাপ,
ছঃস্বপ্লের নিঃশন্ধ বিলাপ।

७ खन्ने ३२७२

## যৌৰ

কেন চুপ করে আছি, কেন কথা নাই, শুধাইছ ভাই। কথা দিয়ে ডেকে আনি যারে দেবতারে, বাহির ছারের কাছে এসে ফিরে যায় হেসে। মোনের বিলপু শক্তিপাশে ধরা দিয়ে আপনি যে আদে আদে পরিপূর্ণতায় হৃদয়ের গভীর গুহায়।

অধীর আহ্বানে রবাহ্ত প্রসাদের মূল্য হয় চ্যুত। স্বর্গ হতে বর, দেও আনে অসমান ভিক্ষার সমান। ক্ষ বাণী যবে শাস্ত হয়ে আদে দৈববাণী নামে সেই অবকাশে। নীরব আমার পূজা তাই, স্তবগান নাই; আর্দ্র স্থরে উর্ম্বপানে চেয়ে নাহি ডাকে, স্তব্ধ হয়ে থাকে।

হিমাদ্রিশিথরে নিতানীরবতা তার
বাপ্ত করি রহে চারি ধার;
নির্লিপ্ত দে স্থান্ত বাকাহীন বিশাল আহ্বান
আকাশে আকাশে দেয় টান,
মেঘপুঞ্জ কোথা থেকে
অবারিত অভিষেকে
অজন্র সহন্রধারে
পুণ্য করে তারে।
না-কওয়ার না-চাওয়ার সেই সাধনায় হয়ে লীন
সার্থক শাস্তিতে যাক দিন।

## ভুল

সহসা তৃমি করেছ তুল গানে,
বেধেছে লয় ভানে,
খলিত পদে হয়েছে তাল ভাঙা—
শরমে ভাই মলিন মুখ নত,
দাঁড়ালে থতমতো,
ভাপিত হুটি কপোল হল রাঙা।
নয়নকোণ করিছে ছলোছলো
ভধালে তবু কথা কিছু না বল,
অধর ধরো ধরো,
আবেগভরে বুকের 'পরে মালাটি চেপে ধর।

অবমানিতা, জান না তুমি নিজে
মাধুরী এল কী যে
বেদনাভরা ক্রটির মাঝখানে।
নিখুঁত শোভা নিরতিশয় তেজে
অপরাজেয় সে যে
পূর্ণ নিজে নিজেরই সমানে।
একটুখানি দোষের ফাঁক দিয়ে
হৃদয়ে আজি নিয়ে এসেছ, প্রিয়ে,
করুণ পরিচয়—
শরৎপ্রাতে আলোর সাথে ছায়ার পরিণয়।

ভৃষিত হয়ে ওইটুকুরই লাগি
আছিল মন জাগি,
বৃষিতে তাহা পারি নি এভদিন।
গোরবের গিরিশিখর-'পরে
ছিলে যে সমাদরে
তৃষারসম ওল স্কাঠন।

#### त्रवीख-त्रव्यावनी

নামিলে নিয়ে অঞ্জলধারা ধ্সর মান আপন-মান-হারা আমারো ক্ষমা চাহি— তথনি জানি আমারি তুমি, নাহি গো বিধা নাহি।

এখন আমি পেয়েছি অধিকার
তোমার বেদনার
অংশ নিতে আমার বেদনায়।
আজিকে সব ব্যাঘাত টুটে
জীবনে মোর উঠিল ফুটে
শরম তব পরম করুণায়।
অকুন্তিত দিনের আলো
টেনেছে মুখে ঘোমটা কালো;
আমার সাধনাতে
এল তোমার প্রদোষবেলা সাঁঝের তারা হাতে।

৬ বৈশাথ ১৩৪১

## ব্যর্থ মিলন

বুঝিলাম, এ মিলন ঝড়ের মিলন, কাছে এনে দূরে দিল ঠেলি।

क्क यन

যতই ধরিতে চায়, বিক্**ন আঘাতে** তোমারে হারায় হতাশ্বাস।

ভব হাতে

দাক্ষিণা যে নাই, শুধু শিথিল পরশে করিছে ক্লপণ ক্লপা। কর্তব্যের বশে ষে-দান করিলে তার মূল্য অপহরি ল্কায়ে রাখিলে কোথা,

षात्रि यूँ एक मति

পাই নে নাগাল। শরভের মেঘ তুমি ছায়া মাত্র দিয়ে ভেদে যাও

—মক্তৃমি

শৃষ্ণ-পানে চেয়ে থাকে, পিপাদা তাহার দমন্ত হৃদয় ব্যাপি করে হাহাকার।

छत्र कतियां ना त्यांदत्र।

এ করুণাকণা

রেখো মনে— ভূল করে মনে করিয়ো না দস্থ্য আমি, লোভেভে নিষ্ঠুর।

জেনো মোরে

প্রেমের তাপস।

স্কঠোর ব্রত ধ'রে

করিব সাধনা,

আশাহীন ক্ষোভহীন

বহ্নিতপ্ত ধ্যানাসনে রব রাত্রিদিন। ছাড়িয়া দিলাম হাত।

यि कज् रुग्न

তপস্থা সার্থক, তবে পাইব হৃদয়। না-ও ধদি ঘটে, তবে আশাচঞ্চলতা দাহিয়া হইবে শান্ত। সেও সফলতা।

3006 9

# অপরাধিনী

অপরাধ ধদি ক'রে থাক কেন ঢাক

শিখ্যা মোর কাছে। শাসনের দণ্ড সে কি এই ছাতে আছে ষে হাতে ভোমার কঠে পরায়েছি বরণের হার।
শান্তি এ আমার।
ভাগ্যেরে করেছি জয়
এ বিশ্বাসে মনে মনে ছিলাম নির্ভয়।
আলস্তে কি ভেবেছিছ তাই—
সাধনার আয়োজনে আর মোর প্রয়োজন নাই।

ক্ষ ভাগ্য ভেঙে দিল অহংকার।

যা ঘটিল তাই আমি করিম্ন স্বীকার।

ক্ষমা করো মোরে।

আপনারে রেখেছিম্ন কারাগার ক'রে

তোমারে ঘিরিয়া,

পীড়িয়াছি ফিরিয়া ফিরিয়া

দিনে রাতে।

কথনো অজ্ঞাতে
যেথানে বেদনা তব সেথানে দিয়েছি মোর ভার।
বিষম হঃসহ বোঝা এ ভালোবাসার
সেথানে দিয়েছি চেপে ভালোবাসা নেই যেথানেতে।
বসেছি আসন পেতে
যেথানে স্থানের টানাটানি।

হায় জ্ঞানি,
কী ব্যথা কঠোর!

এ প্রেমের কারাগারে মোর

যন্ত্রণায় জ্ঞাগি

স্বান্ধ কেটেছ যদি পরিত্রাণ লাগি
দোষ দিব কারে।

শাস্তি তো পেয়েছ তুমি এডদিন সেই রুদ্ধহারে।

সে শাস্তির হোক অবসান।

আজ হতে মোর শাস্তি শুরু হবে, বিধির বিধান।

[२ कांस्न १७७৮]

## বিভেছদ

তোমাদের ত্জনের মাঝে আছে কল্পনার বাধা; হল্পনা সহজ্ঞ পথ বাঁধা

স্বপ্নের গহনে।

यत्न यत्न

ভাক দাও পরস্পারে সঙ্গহীন কন্ত দিনে রাতে;
তবু ঘটিল না কোন্ সামান্ত ব্যাঘাতে
মুখোম্থি দেখা।
ত্তমনে রহিলে একা
কাছে কাছে থেকে;
তৃচ্ছ, তবু অলজ্যা সে দোঁহারে রহিল যাহা ঢেকে।

বিচ্ছেদের অবকাশ হতে
বায়ুস্রোতে
ভেসে আসে মধ্মঞ্জরীর গন্ধবাস;
চৈত্রের আকাশ
রোক্রে দেয় বৈরাগীর বিভাসের তান;
আসে দোয়েলের গান;
দিগস্করে পথিকের বাঁশি ষায় শোনা।
উভয়ের আনাগোনা
আভাসেতে দেখা ষায় ক্ষণে ক্ষণে
চকিত নয়নে।
পদধ্বনি শোনা ষায়
ভঙ্কপত্রপরিকীর্ণ বনবীথিকায়।

তোমাদের ভাগ্য আছে চেয়ে অফুক্ষণ
কখন দোঁহার মাঝে একজন
উঠিবে সাহস ক'রে—
বলিবে, 'যে মায়াভোরে

বন্দী হয়ে দূরে ছিন্থ এন্ডদিন
ছিন্ন হোক, সে ভো সভাহীন।
লও বন্দে ত্বাহু বাড়ায়ে;
সম্মুখে যাহারে চাও পিছনেই আছে-সে দাঁড়ায়ে।

५**७ रेका**र्छ ५७८० मार्किलिः

## विद्धाशै

পর্বতের অক্ত প্রাক্তে ঝঝ রিয়া ঝরে রাতিদিন নিঝ রিণী;

এ মকপ্রান্তের তৃষ্ণা হল শাস্তিহীন পলাতকা মাধুর্ষের কলস্বরে।

ন্তব্ ওই ধ্বনি তৃষিত চিত্তের যেন বিদ্যুতে থচিত বছ্রমণি বেদনায় দোলে বক্ষে।

কোতৃকজুরিত হাস্থ তার মর্মের শিরায় মোর তীব্রবেগে করিছে বিস্তার জ্ঞালাময় নৃত্যশ্রোত।

**७**हे ध्वनि **भा**भाव च्रुशन

চঞ্চলিতে চাহে তার বঞ্চনায়।

মৃঢ়ের মতন

ভূলিব না তাহে কভূ।

जानिव मानिव निःमः भग्न

ष्र्नं एउदा भिनित्व ना ;

कतिव कर्छात्र वीर्ष क्य

বার্থ ছ্রাশারে মোর।

চিরজন্ম দিব অভিশাপ

দয়ারিক হুর্গমেরে।

#### वीषिका

আশাহার। বিচ্ছেদের তাপ; ছঃসহ দাহনে ভার দীপ্ত করি হানিব বিদ্রোহ অকিঞ্চন অদৃষ্টেরে।

পুষিব না ভিক্ষকের মোহ।

ভ জ্যৈষ্ঠ ১৩৪২ চন্দননগর

## আসন্ন রাতি

এল আহ্বান, ওরে তুই বরা কর্।
শীতের সন্ধ্যা সাজায় বাসরঘর।
কালপুরুষের বিপুল মহাঙ্গন
বিছালো আলিম্পন,
অন্তরে ভোর আসন্ন রাভি
জাগায় শন্ধরব—
অন্তশৈলপাদমূলে ভার
প্রসারিল অন্নভব।

বিরহশয়ন বিছানো হেপায়,
কে যেন আসিল চোথে দেখা নাহি যায়।
অতীতদিনের বনের শ্বরণ আনে
শ্রিয়মাণ মৃত্ সৌরভটুকু প্রাণে।
গাঁথা হয়েছিল যে মাধবীহার
মধুপূর্ণিমারাতে
কণ্ঠ জড়ালো পরশবিহীন
নির্বাক্ বেদনাতে।

মিলনদিনের প্রদীপের মালা পুলকিত রাতে যত হয়েছিল জালা, আজি আধারের অতল গহনে হায়া স্বপ্ন রচিছে তারা।

ফাস্কনবনমৰ্মন্ন-সনে
মিলিভ যে কানাকানি
আজি হৃদয়ের স্পন্দনে কাঁপে
তাহার স্তব্ধ বাণী।

কী নামে ভাকিব, কোন্ কথা কব,
হে বধ্, ধেয়ানে আঁকিব কী ছবি তব।
চিরজীবনের পুঞ্জিত স্থত্থ
কেন আজি উৎস্ক!
উৎসবহীন রুষ্ণপক্ষে
আমার বক্ষোমাঝে
ভনিতেছে কে সে কার উদ্দেশে
সাহানায় বাঁশি বাজে।

আজ বৃঝি তোর ঘরে, গুরে মন,
গত বসন্তরজনীর আগমন।
বিপরীত পথে উত্তর বায়ু বেয়ে
এল সে তোমারে চেয়ে।
অবগুন্তিত নিরলংকার
তাহার মৃতিথানি
হন্মে ছোয়ালো শেষ প্রশের
তুষারশীতল পানি।

৪ ফেব্রুয়ারি ১৯৩৪

## গীতচ্চবি

তুমি যবে গান কর অলোকিক গীতমুর্ভি ভব ছাড়ি তব অঙ্গদীমা আমার অন্তরে অভিনব ধরে রূপ, ষঞ্চ হতে উঠে আদে যেন যাজ্ঞদেনী— ললাটে সন্ধ্যার তারা, পিঠে জ্যোতিবিজ্ঞড়িত বেণী, চোথে নন্দনের স্বপ্ন, অধরের কথাহীন ভাষা
মিলায় গগনে মোন নীলিমায়, কী স্থাপিপালা
অমরার মরীচিকা রচে তব তহুদেহ বিরে।
অনাদিবীণায় বাজে ষে রাগিণী গভীরে গন্তীরে
স্ষ্টেতে প্রকৃটি উঠে পুল্পে পুল্পে, তারায় তারায়,
উত্তুদ্ধ পর্বতপৃধ্দে, নিঝ'রের হুর্দম ধারায়,
জন্মমরণের দোলে ছন্দ দেয় হাসিক্রন্দনের,
দে অনাদি স্বর নামে তব স্বরে, দেহবদ্ধনের
পাশ দেয় মৃক্ত করি, বাধাহীন চৈতন্তা এ মম
নিঃশব্দে প্রবেশ করে নিথিলের সে অন্তর্বতম
প্রাণের রহস্তলোকে— যেখানে বিত্যৎ-স্ক্রছায়া
করিছে রূপের থেলা, পরিতেছে ক্ষণিকের কায়া,
আবার তাজিয়া দেহ ধরিতেছে মানদী আকৃতি—
দেই তো কবির কাবা, সেই তো তোমার কর্পে গীতি।

৫ জ্যৈষ্ঠ ১৩৪২ চন্দ্রনগর

## ছবি

একলা বসে, হেরো, তোমার ছবি
এ কৈছি আজ বসন্তী রঙ দিয়া—
থোপার ফুলে একটি মধুলোভী
মোমাছি ওই গুঞ্জরে বন্দিয়া।
সম্থ-পানে বাল্তটের তলে
শীর্ণ নদী শান্ত ধারায় চলে,
বেণ্ছায়া তোমার চেলাঞ্চলে
উঠিছে শান্দিয়া।

মগ্ন তোমার স্লিশ্ব নয়ন **ছটি** ছায়ায় ছন্ন অরণ্য সঙ্গনে প্রজাপতির দল যেখানে জুটি
রঙ ছড়ালো প্রফুল রঙ্গনে।
তপ্ত হাওয়ায় শিথিলমঞ্জরি
গোলকটাপা একটি হুটি করি
পায়ের কাছে পড়ছে ঝরি ঝরি
ভোষারে নন্দিয়া।

ঘাটের ধারে কম্পিত ঝাউশাথে
দোয়েল দোলে সংগীতে চঞ্চলি—
আকাশ ঢালে পাতার ফাঁকে ফাঁকে
তোমার কোলে স্থ্র্বর্ণ-অঞ্চলি।
বনের পথে কে যায় চলি দূরে,
বাঁশির বাথা পিছন-ফেরা স্থ্রে
তোমায় ঘিরে হাওয়ায় ঘূরে ঘূরে
ফিরিছে ক্রিন্দিয়া।

১৭ বৈশাপ ১৩৩৮

## প্রণতি

প্রণাম আমি পাঠান্থ গানে
উদয়গিরিশিখর-পানে
অস্তমহাদাগরতট হতে—
নবজীবনধাত্রাকালে
দেখান হতে লেগেছে ভালে
আশিসখানি অরুণ-আলোম্রোতে।
প্রথম দেই প্রভাত-দিনে
পড়েছি বাঁধা ধরার ঋণে,
কিছু কি তার দিয়েছি শোধ করি?
চিররাতের ভোরণে থেকে
বিদায়বাণী গেলেম রেখে
নানা রঙ্কের বান্পলিপি ভরি।

বেলেছি ভালো এই ধরারে,

মৃশ্ধ চোথে দেখেছি ভারে

ফুলের দিনে দিয়েছি রচি গান;

সে গানে মোর জড়ানো প্রীতি,

সে গানে যোর রহক শ্বতি,

আর যা আছে হউক অবসান।

রোদের বেলা ছায়ার বেলা

করেছি স্থগুথের থেলা,

সে খেলাঘর মিলাবে মায়াসম;

অনেক ভ্ষা, অনেক ক্ধা,

ভাহারি মাঝে পেয়েছি স্থা—

উদয়গিরি প্রণাম লহো মম।

বরষ আদে বরষশেষে,
প্রবাহে তারি ষায় রে ভেদে
বাধিতে যারে চেয়েছি চিরতরে।
বারে বারেই ঝতুর ডালি
পূর্ণ হয়ে হয়েছে থালি
মমতাহীন স্প্রীলাভরে।
এ মোর দেহ-পেয়ালাখানা
উঠেছে ভরি কানায় কানা
রঙিন রসধারায় অম্পম।
একটুক্ও দয়া না মানি
ফেলায়ে দেবে, জানি তা জানি,
উদয়গিরি তর্ও নমোন্ম।

কথনো তার গিয়েছে ছিঁড়ে,
কথনো নানা স্থরের ভিড়ে
রাগিণী মোর পড়েছে আধো চাপা।

ফান্ধনের আমন্ত্রণে
জ্বোছে কুঁড়ি গভীর বনে,
পড়েছে ঝরি চৈত্রবায়ে-কাঁপা।
অনেক দিনে অনেক দিয়ে
ভেঙেছে কত গড়িতে গিয়ে,
ভাঙন হল চরম প্রিয়তম;
সাজাতে পূজা করি নি ক্রটি,
ব্যর্থ হলে নিলেম ছুটি—
উদয়গিরি, প্রণাম লহো মম।

[ ৭-১০ এপ্রিল ১৯৩৪ ]

## উদাসীন

তোমারে ডাকিয় যবে কুঞ্চবনে
তথনো আমের বনে গন্ধ ছিল।
জানি না কী লাগি ছিলে অক্তমনে,
তোমার ছ্য়ার কেন বন্ধ ছিল।
একদিন শাখা ভরি এল ফলগুচ্ছ,
ভরা অঞ্চলি মোর করি গেলে তুচ্ছ,
পূর্ণতা-পানে আঁথি অন্ধ ছিল।

বৈশাথে অকরণ দারুণ ঝড়ে দোনার বরন ফল থসিয়া পড়ে। কহিন্ত, 'ধুলায় লোটে মোর যত অর্ঘ্য, তব করজলে যেন পায় তার স্বর্গ।' হায় রে, তথনো মনে স্বন্দ ছিল।

তোমার দদ্ধা ছিল প্রদীপহীনা, আধারে ত্য়ারে তব বাজাহ বীণা। ভারার আলোক-সাথে মিলি মোর চিত্ত কাকেভ ভারে ভারে করেছিল নৃভ্যা, ভোমার হৃদয় নিম্পন্দ ছিল।

ভদ্রাবিহীন নীড়ে ব্যাকুল পাথি হারায়ে কাহারে বুথা মরিল ডাকি। প্রহর অতীত হল, কেটে গেল লগ্ন, একা ঘরে তুমি উদাস্তে নিমগ্ন, তথনো দিগকলে চক্র ছিল।

কে বোঝে কাহার মন! অবোধ হিয়া

দিতে চেয়েছিল বাণী নিঃশেষিয়া।

আশা ছিল, কিছু বুঝি আছে অভিরিক্ত

অভীতের শ্বতিখানি অশ্রতে সিক্ত—

বুঝিবা নৃপুরে কিছু ছন্দ ছিল।

উষার চরণতলে মলিন শশী রজনীর হার হতে পড়িল থসি। বীণার বিলাপ কিছু দিয়েছে কি সক্ষ, নিদ্রার তটতলে তুলেছে তর্ম, স্বপ্নেও কিছু কি আনন্দ ছিল।

> শ্রাবণ ১৩৪১ শান্তিনিকেতন

## দানমহিমা

নিঝ রিণী অকারণ অবারণ স্থে
নীরসেরে ঠেলা দিয়ে চলে তৃষিতের অভিমুখে—
নিত্য অঙ্গুরান
আপনারে করে দান।

সরোবর প্রশাস্ত নিশুলবাহিরেভে নিশুরক, অস্তরেতে নিশুল নিশুল।
চির-অতিথির মভো মহাবট আছে তীরে;
ভূরিপায়ী মূল তার অদৃশ্য গভীরে
অনিংশেষ রঙ্গ করে পান,
অক্তম্প প্রবে ভার করে শুবগান।

তোমারে তেমনি দেখি নির্বিকল

অপ্রমন্ত পূর্ণতায়, হে প্রেয়নী, আছ অচঞ্চল।

তুমি কর বরদান দেবীসম ধীর আবির্ভাবে

নিরাসক্ত দাক্ষিণ্যের গল্পীর প্রভাবে।

তোমার সামীপা সেই

নিত্য চারি দিকে আকাশেই

প্রকাশিত আত্মমহিমায়

প্রশান্ত প্রভায়।

তুমি আছ কাছে,

সে আত্মবিশ্বত রূপা— চিত্ত তাহে পরিভৃপ্ত আছে।

বৃশ্বরহন্ত যাহা তোমাতে বিরাজে

একই কালে ধন সেই, দান সেই— ভেদ নেই মাঝে।

৪ অগৃস্ট ১৯৩২

## नेयद ज्या

চক্ষে তোমার কিছু বা করুণা ভাসে, ভা তোমার কিছু কোতৃকে হাসে, মোনে তোমার কিছু লাগে মৃত্ স্বর। আলো-আধারের বন্ধনে আমি বাঁধা, আশানিরাশায় হৃদয়ে নিতা ধাঁধা, সঙ্গ যা পাই তারি মাঝে রহে দুর। নির্মষ হতে কৃষ্টিত হও মনে;
অক্সকম্পার কিঞ্চিৎ কম্পানে
ক্ষণিকের তারে ছলকে কণিক স্থধা।
ভাণ্ডার হতে কিছু এনে দাও খুঁজি,
অন্তরে তাহা ফিরাইয়া লও বৃঝি,
বাহিরের ভোজে হদরে শুমরে ক্ধা।

ওগো মলিকা, ভব ফান্তনরাভি
ভাজত দানে আপনি উঠে যে মাতি,
দো দান্দিণ্য দন্দিণবায়-ভরে।
ভার সম্পদ সারা অরণ্য ভরি—
গদ্ধের ভারে মন্থর উত্তরী
কুঞ্জে কুঞ্জে লুক্টিত ধ্লি-'পরে।

উত্তরবায়ু আমি ভিক্কসম
হিমনিশাসে জানাই মিনতি মম
শুদ্ধ শাধার বীথিকারে চঞ্চলি।
জাকিঞ্চনের রোদনে ধেয়ান টুটে,
কুপণ দয়ায় কচিৎ একটি ফুটে
অবগুষ্ঠিত অকাল পুশাকলি।

ষত মনে ভাবি, রাখি তারে সঞ্চিয়া,
ছিঁ ড়িয়া কাড়িয়া লয় মোরে বঞ্চিয়া
প্রলয়প্রবাহে ঝ'রে-পড়া ষত পাতা।
বিশায় লাগে আশাতীত সেই দানে,
কীণ সোরভে ক্লগোরব আনে—
বরণমালা হয় না তাহাতে গাঁথা।

### ক্ষণিক

চৈত্ত্বের রাভে যে মাধবীমঞ্চরী ঝরে গেল, তারে কেন লও সাঞ্চি ভরি। দে শুধিছে তার ধুলার চরম দেনা, আজ বাদে কাল যাবে না তো তারে চেনা। মরুপথে যেতে পিপাসার সম্বল গাগরি হইতে চলকিয়া পড়ে জল, দে জলে বালুতে ফল কি ফলাতে পার ? সে জলে কি তাপ মিটিবে কখনে। কারো ? যাহা দেওয়া নহে, যাহা ভধু অপচয়, তারে নিতে গেলে নেওয়া অনর্থ হয়। ক্ষতির ধনেরে ক্ষম হতে দেওয়া ভালো, কুডাতে কুড়াতে শুকায়ে সে হয় কালো। হায় গো ভাগ্য, ক্ষণিক কর্মণাভরে ষে হাসি ষে ভাষা ছড়ায়েছ অনাদরে, বক্ষে তাহারে সঞ্চয় করে রাখি — ধুলা ছাড়া তার কিছুই রয় না বাকি। नित्भारय नित्भारय कृताग्र यादाज मिन চিরকাল কেন বহিব তাহার ঋণ ? যাহা ভূলিবার ভাহা নহে তুলিবার, স্বপ্লের ফুলে কে গাঁথে গলার হার ! প্রতি পলকের নানা দেনাপাওনায় চলতি মেঘের রঙ বুলাইয়া যায় জীবনের স্রোতে; চলতরঙ্গতলে ছায়ার লেখন আঁকিয়া মৃছিয়া চলে শিল্পের মায়া – নির্মম তার তুলি আপনার ধন আপনি সে যায় ভূলি : বিশ্বতিপটে চিরবিচিত্র ছবি निथिया চলেছে ছায়া-আলোকের কবি।

হাসিকারার নিভা ভাসান-খেলা
বহিয়া চলেছে বিধাভার অবহেলা।
নহে সে স্থপন, রাখিতে যতন নাই,
খেলাপথে ভার বিশ্ব জমে না তাই।
মানো সেই লীলা, যাহা যায় যাহা আসে
পথ ছাড়ো ভারে অকাতরে অনায়াসে।
আছে তবু নাই, তাই নাহি তার ভার;
ছেড়ে থেতে হবে, ভাই তো ম্লা তার।
অর্গ হইতে যে স্থা নিতা ঝরে
সে ভারু পথের, নহে সে ঘরের তরে।
ভূমি ভরি লবে ক্লিকের অঞ্চলি,
শ্রোতের প্রবাহ চিরদিন যাবে চলি।

২৬ সেপ্টেম্বর ১৯৩৪

#### রূপকার

প্রা কি কিছু বোঝে

যাহারা আনাগোনার পথে

ফেরে কড কী থোঁজে ?

হেলায় প্রা দেখিয়া যায় এসে বাহির দারে;
জীবনপ্রতিমারে
জীবন দিয়ে গড়িছে গুণী, স্থপন দিয়ে নহে।
প্রা তো কথা কহে,

সে-সব কথা ম্ল্যবান জানি,
ভবু সে নহে বাণী।

রাভের পরে কেটেছে ছ্থরাভ, দিনের পরে দিন, দারুণ ভাপে করেছে ভন্থ ক্ষীণ। স্টিকারী বক্সপাণি যে বিধি নির্মন,
বহ্নিতৃলিসম
কল্পনা সে দখিন হাতে যার,
সব-খোয়ানো দীক্ষা ভারি নির্মুর সাধনার
নিয়েছে ও যে প্রাণে;
নিজেরে ও কি বাঁচাতে কভু জানে ?

হায় রে রূপকার, নাহয় কারো করো নি উপকার— আপন দায়ে করেছ তুমি নিজেরে অবসান, সে লাগি কভু চেয়ো না প্রতিদান। পাঞ্চরভাঙা কঠিন বেদনার অংশ নেবে শক্তি হেন, বাসনা হেন কার! বিধাতা যবে এসেছে দ্বারে গিয়েছে কর হানি, জাগে নি তবু, শোনে নি ডাক যারা, সে প্রেম তারা কেমনে দিবে আনি ষে প্রেম সবহারা— করুণ চোথে যে প্রেম দেখে ভূল, সকল ক্রাট জানে. তবু যে অমুকৃল, শ্রদ্ধা যার তবু না হার মানে। কথনো যারা দেয় নি হাতে হাত, মর্মাঝে করে নি আঁখিপাত, প্রবল প্রেরণায় **षिन ना जाभनाग्र**, ভাহারা কহে কথা, ছড়ায় পথে বাধা ও বিফলতা, করে না ক্যা কভু—

তুমি তাদের ক্ষমা করিয়ো তবু।

হান্ন গো রপকার,
ভবিয়া দিয়ো জীবন-উপহান্ন।
চুকিন্নে দিয়ো তোমার দেয়,
বিক্ত হাতে চলিয়া যেয়ো,
কোরো না দাবি ফলের অধিকার।
জানিয়ো মনে চিরজীবন সহায়হীন কাজে
একটি সাধি আছেন হিয়ামাঝে;
ভাপস ভিনি, ভিনিও সদা একা,
ভাঁহার কাজ ধ্যানের রূপ বাহিরে মেলে দেখা।

১০ এপ্রিল ১৯৩৪

#### মেঘমালা

আসে অবগুর্তীতা প্রভাতের অরুণ হুকুলে
শৈলতটমূলে,
আত্মদান অর্ঘ্য আনে পায়।
তপন্থীর ধ্যান ভেঙে যায়,
গিরিরাজ কঠোরতা যায় ভূলি,
চরণের প্রান্ত হতে বন্দে লয় ভূলি
সজল তরুণ মেঘমালা।
কল্যাণে ভরিয়া উঠে মিলনের পালা।
অচলে চঞ্চলে লীলা,
স্কৃঠিন শিলা
মস্ত হয় রসে।
উদার দাক্ষিণ্য তার বিগলিত নিঝারে বর্ষে,
গায় কলোচ্ছল গান।
বে দাক্ষিণ্য গোপনের দান
এ মেঘমালারই।

#### त्रवीख-त्रह्मावली

এ বর্ষণ তারি
পর্বতের বাণী হয়ে উঠে জেগে—
নৃত্যবস্থাবেগে
বাধাবিদ্ন চূর্ব ক'রে
তরঙ্গের নৃত্যসাথে যুক্ত হয় অনস্ত সাগরে।
নির্মমের তপস্থা টুটিয়া
চলিল ছুটিয়া
দেশে দেশে প্রাণের প্রবাহ,
জয়ের উৎসাহ—
শ্রামলের মঙ্গল-উৎসবে
আকাশে বাজিল বীণা অনাহত রবে।
লঘুস্কুমার স্পর্ল ধীরে ধীরে
ক্রদ্রমাসীর স্তর্ম নিরুদ্ধ শক্তিরে
দিল ছাড়া; সৌন্দর্যের বীর্যবলে
স্বর্গেরে করিয়া জয় মৃক্ত করি দিল ধরাতলে।

৫ অগ্নন্ট ১৯৩৫ শাস্তিনিকেতন

### প্রাণের ডাক

স্থদ্র আকাশে ওড়ে চিল,
উড়ে ফেরে কাক,
বারে বারে ভোরের কোকিল
ঘন দেয় ভাক।
জলাশয় কোন্ গ্রামপারে,
বক উড়ে যায় তারি ধারে,
ভাকাভাকি করে শালিখেরা।
প্রয়োজন থাক নাই থাক্
যে যাহারে খুশি দেয় ভাক,
ধ্যাদেথা করে চলাফেরা।

উছল প্রাণের চঞ্চলতা

আন্তিবের আনন্দ ও ব্যথা

উঠিছে ফেনিয়ে।

জোয়ার লেগেছে জাগরণে—
কলোল্লাস তাই অকারণে,

মুথরতা তাই দিকে দিকে।

ঘাসে ঘাসে পাভায় পাভায়
কী মদিরা গোপনে মাভায়,

অধীরা করেছে ধরণীকে।

নিভূতে পৃথক কোরো নাকো

তুমি আপনারে।
ভাবনার বেড়া বেঁধে রাখ

কেন চারি ধারে।
প্রাণের উল্লাস অহেতৃক
রক্তে তব হোক-না উৎস্কক,

খুলে রাখো অনিমেষ চোখ;
ফেলো জাল চারি দিক ঘিরে,

ঘাহা পাও টেনে লও তীরে

বিফুক শামৃক ঘাই হোক।

হয়তো বা কোনো কান্ধ নাই,
ওঠো তবু ওঠো;
বুথা হোক তবুও বুথাই
পথ-পানে ছোটো।
মাটির হৃদয়খানি ব্যেপে
প্রাণের কাঁপন ওঠে কেঁপে,
ক্বেল পরশ তার ক্ষেছা

আজি এই চৈত্তার প্রভাতে
আছ তৃমি সকলের সাথে,
এ কথাটি মনে প্রাণে কহো।

৭ এপ্রিল ১৯৩৪ **জোড়াসাঁ**কো

#### দেবদারু

দেবদারু, তুমি মহাবাণী দিয়েছ মৌনের বক্ষে প্রাণমন্ত্র আনি— যে প্ৰাণ নিস্তন্ধ ছিল মহুৰ্গতলে প্রসৃদ্ধলে কোটি কোটি যুগযুগান্তরে। ষে প্রথম যুগে তুমি দেখা দিলে নির্ধ্বন প্রাস্তরে, ৰুদ্ধ অগ্নিতেজের উচ্ছাদ উদ্ঘাটন করি দিল ভবিষ্মের ইতিহাস— জীবের কঠিন ধন্দ অন্তহীন, তৃঃথে স্থে যুদ্ধ রাজিদিন, জেলে ক্ষোভহতাশন অন্তরবিবরে যাহা সর্পদম করে আন্দোলন শিখার রসনা অশাস্ত বাসনা। শ্বিশ্ব স্তব্ধ রূপে শ্রামল শাস্তিতে তুমি চুপে চুপে ধরণীর রঙ্গভূমে রচি দিলে কী ভূমিকা— তারি মাঝে প্রাণীর হৃদয়রক্তে निथा मश्नां भी वनमृज्यत, कठिन निष्रेत তুর্গম পথের হুংসাহস।

বে পতাকা উদ্ধ-পানে ত্লেছিলে নিরলন,
বলো কে জানিত, তাহা নিরন্তর যুদ্ধের পতাকা,
লোম্যকান্তি-দিয়ে-ঢাকা !
কে জানিত, আজ আমি এ-জন্মের জীবন মন্থিয়া
বে বাণী উদ্ধার করি চলেছি গ্রন্থিয়া
দিনে দিনে আমার আয়ুতে
সে যুগের বসন্তবায়ুতে
প্রথম নীরব মন্ত্র তারি
ভাষাহারা মর্মরেতে দিয়েছ বিস্তারি
তুমি, বনস্পতি,
মোর জ্যোতিবন্দনায় জন্মপূর্ব প্রথম প্রণতি !

६७०८ क्रज ४६

## কবি

এতদিনে বৃষিলাম, এ হাদয় মরু না,
ঋতুপতি তার প্রতি আজো করে করুণা।
মাঘ মাদে শুরু হল অহকুল করদান,
অন্তরে কোন্ মায়ামন্তরে বরদান।
ফান্ধনে কুহুমিতা কী মাধুরী তরুণা,
পলাশবীথিকা কার অহুরাগে অরুণা।

নীরবে করবী ধবে আশা দিল হতাশে ভূলেও তোলে নি মোর বয়সের কথা সে। ওই দেখো অশোকের স্থামঘন আছিনায় কুপণতা কিছু নাই কুস্থমের রাছিমার। সৌরভগরবিনী ভারামণি লভা সে আমার ললাট-'পরে কেন অবনভা সে। চম্পকতরু মোরে প্রিয়সথা জানে যে, গজের ইন্ধিতে কাছে তাই টানে যে। মধুকরবন্দিত নন্দিত সহকার মৃক্লিত নতশাথে মৃথে চাহে কহো কার। ছায়াতলে মোর সাথে কথা কানে কানে যে, দোয়েল মিলায় তান সে আমারি গানে যে।

পিকরবে সাড়া ষবে দেয় পিকবনিতা
কবির ভাষায় সে ষে চায় তারি ভণিতা।
বোবা দক্ষিণ-হাওয়া ফেরে হেথাসেথা হায়,
আমি না রহিলে, বলো, কথা দেবে কে তাহায়
পুষ্পচয়িনী বধ্ কিংকিণীকণিতা,
অকথিতা বাণী তার কার স্থরে ধ্বনিতা।

৮ কাৰ্ডিক ১৩৩৮ [দাৰ্জিলিং]

# ছন্দোমাধুরী

হতাশ হয়ে ষেদিকে চাহি
কোথাও কোনো উপায় নাহি,
মামুষরপে দাঁড়ায় বিভীষিকা।
করণাহীন দারুণ ঝড়ে
দেশে বিদেশে ছড়িয়ে পড়ে
অস্তায়ের প্রলয়ানলশিখা।

महमा (मिथ, ऋमात हर, কে দৃতী তব বারতা বহে বাঘাত-যাঝে অকালে অস্থানে। ছুটিয়া আসে গহন হতে আত্মহারা উছল স্রোভে বদের ধারা মকভূমির পানে। ছন্দভাঙা হাটের মাঝে তরল তালে নৃপুর বাজে, বাতাদে ষেন আকাশবাণী ফুটে। কর্কশেরে নৃত্য হানি हत्नायग्री मृजिशानि ঘূণিবেগে আবর্তিয়া উঠে। ভরিয়া ঘট অমৃত আনে, त्म कथा तम कि जाभिन जात— এনেছে বহি সীমাহীনের ভাষা। ल्यवन এই मिथातानि, তারেও ঠেলি উঠেছে হাসি অবলারপে চিরকালের আশা।

## বিরোধ

এ সংসারে আছে বছ অপরাধ,
হেন অপবাদ

যথন ঘোষণা কর উচ্চ হতে উষ্ণ উচ্চারণে,
ভাবি মনে মনে,
কোধের উত্তাপ তার
তোমার আপন অহংকার।

মন্দ ও ভালোর হন্দ্ব, কে না জানে চিরকাল আছে
স্প্রির মর্মের কাছে।
না যদি সে রহে বিশ্ব ঘেরি
বিক্লম্ব নির্যাতবেগে বাজে না শ্রেষ্ঠের জায়ভেরী।

বিধাতার 'পরে মিথ্যা আনিয়ো না অভিযোগ
মৃত্যুত্থে কর ঘবে ভোগ;
মনে জেনো, মৃত্যুর মৃল্যেই করি ক্রয়
এ জীবনে তুর্মূল্য যা, অমর্ত যা, যা-কিছু অক্ষয়।
ভাঙনের আক্রমণ
স্ঠিকর্তা মাহ্যেরে আহ্বান করিছে অক্ষণ।
তুর্গমের বক্ষে থাকে দয়াহীন শ্রেষ,
ক্রতীর্থবাতীর পাথেয়।

বছজাগ্য দেই
জন্মিয়াছি এমন বিশেই
নির্দোষ যা নয়।

ত্বংথ লজ্জা ভয়

ছিন্ন স্থ্যে জটিল গ্রন্থিতে
সচনার সামঞ্জ্য পদে পদে রয়েছে থড়িতে।

এই ক্রটি দেখেছি যখন
শুনি নি কি সেই সঙ্গে বিশ্বব্যাপী গভীর ক্রন্সন

যুগে যুগে উচ্ছুসিতে থাকে;

দেখি নি কি আর্ডচিত্ত উদ্বোধিয়া রাখে

মাহুষের ইতিবৃত্ত বেদনার নিভা আন্দোলনে।

উৎপীড়িত সেই জাগরণে
তন্ত্রাহীন যে-মহিমা যাত্রা করে রাত্রির জাধারে
নমস্বার জানাই তাহারে।
নানা নামে আসিছে সে নানা অন্ত হাতে
কউকিত অসমান অবাধে দলিয়া পদপাতে—
মরণেরে হানি—
প্রালয়ের পাছ সেই, রক্তে মোর তাহারে আহ্বানি।

প্রাবণ :৩৪২ শান্তিনিকেতন

#### রাতের দান

পথের শেষে নিবিয়া আসে আলো, গানের বেলা আজ ফুরালো কী নিয়ে তবে কাটিবে তব সন্ধ্যা।

রাত্তি নহে বন্ধ্যা,
অন্ধকারে না-দেখা ফুল ফুটায়ে তোলে নে বে—
দিনের অতি নিঠুর থর তেজে
বে-ফুল ফুটিল না,
যাহার মধুকণা
বনভূমির প্রত্যাশাতে গোপনে ছিল বলে
গিয়েছে কবে আকাশপথে চলে
তোমার উপবনের মৌমাছি
ফুপণ বনবীথিকাতলে মুণা করুণা যাচি।

আধারে-ফোটা সে-ফুল নহে ঘরেতে আনিবার,
সে-ফুলদলে গাঁথিবে না ভো হার;
সে শুধু বুকে আনে
গন্ধে ঢাকা নিভূত অন্তমানে
দিনের ঘন জনতামাঝে হারানো আথিখানি,
মোনে-ভোবা বাণী;
সে শুধু আনে পাই নি যারে তাহারি পরিচিতি,
ঘটে নি যাহা ব্যাকুল তারি শ্বতি।

স্থপনে-দেরা স্থান্থ তারা নিশার ডালি-ভরা

দিয়েছে দেখা, দেয় নি তরু ধরা;
রাতের ফুল দ্রের ধ্যানে তেমনি কথা কবে,

অনধিগত সার্থকতা বুঝাবে অমুভবে,

না-জানা সেই না-ছোঁওয়া সেই পথের শেষ দান

বিদায়বেলা ভরিবে তব প্রাণ।

১३ व्यायां ५०८५

## নব পরিচয়

জন্ম মোর বহি ধবে
থেয়ার তরী এল ভবে
থে-আমি এল সে-তরীখানি বেয়ে,
ভাবিয়াছিম বারে বারে
প্রথম হতে জানি তারে,
পরিচিত সে পুরানো সবচেয়ে।

হঠাৎ যবে হেনকালে আবেশকুহেলিকাজালে অরুপরেথা ছিত্র দেয় আনি আমার নব পরিচয়

চমকি উঠে মনোময়—

নৃতন সে যে, নৃতন তারে জানি।

বসন্তের ভরাশ্রোতে

এসেছিল সে কোথা হতে

বহিয়া চিরখোবনেরি ডালি।

অনস্তের হোমানলে

যে-যজ্ঞের শিখা জলে,

সে-শিখা হতে এনেছে দীপ জালি।

মিলিয়া যায় ভারি সাথে
আবিনেরি নবপ্রাভে
শিউলিবনে আলোটি যাহা পড়ে,
শব্দহীন কলরোলে
সে-নাচ ভারি বুকে দোলে
যে-নাচ লাগে বৈশাথের ঝড়ে।

এ-সংসারে সব সীমা
ছাড়ায়ে গেছে যে-মহিমা
ব্যাপিয়া আছে অতীতে অনাগতে,
মরণ করি অভিভব
আছেন চির যে-মানব
নিজেরে দেখি সে-পথিকের পথে।

সংসারের চেউখেলা
সহজে করি অবহেলা
রাজহংস চলেছে যেন ভেসে—
সিক্ত নাহি করে ভারে,
মৃক্ত শ্বাথে পাথাটারে,
উধ্ব শিরে পড়িছে আলো এসে।

আনন্দিত মন আজি
কী সংগীতে উঠে বাজি,
বিশ্ববীণা পেয়েছি ফেন বুকে।
সকল লাভ, সব ক্ষতি,
তুচ্ছ আজি হল অভি
হংথ স্থুখ ভুলে যাওয়ার স্থুখে।

২৯ এপ্রিল ১৯৩৪ শান্তিনিকেতন

#### মরণমাতা

মরণমাতা, এই যে কচি প্রাণ,
বুকের এ যে ছলাল তব, তোমারি এ যে দান।
ধুলায় যবে নয়ন আঁধা,
জড়ের স্থুপে বিপুল বাধা,
তথন দেখি তোমারি কোলে নবীন শোভমান।

নবদিনের জাগরণের ধন,
গোপনে তারে লালন করে তিমির-আবরণ।
পরদাঢাকা তোমার রথে
বহিয়া আন প্রকাশপথে
নৃতন আশা, নৃতন ভাষা, নৃতন আয়োজন।

চলে যে যায় চাহে না আর পিছু,
তোমারি হাতে সঁপিয়া যায় যা ছিল তার কিছু।
তাহাই লয়ে মন্ত্র পড়ি
ন্তন যুগ তোল যে গড়ি—
ন্তন ভালোমন্দ কড, ন্তন উচুনিচু।

রোধিয়া পথ আমি না রব ধামি; প্রাণের স্রোভ অবাধে চলে ভোমারি অন্থগামী।

#### वीधिका

নিথিলধারা সে স্রোভ বাহি ভাঙিয়া সীমা চলিতে চাহি, অচলরূপে রব না বাধা অবিচলিত আমি।

সহজে আমি মানিব অবসান,
ভাবী শিশুর জনসমাঝে নিজেরে দিব দান।
আজি রাভের যে-ফুলগুলি
জীবনে মম উঠিল ছলি
ঝকক ভারা কালি প্রাভের ফুলেরে দিতে প্রাণ।

8 माच ১७७৮

#### মাতা

স্থাশার জাল

আবরি রেখেছে প্রাতঃকাল—

সেইমতো ছিম্ন আমি কতদিন

আত্মপরিচয়হীন।

অস্পষ্ট অপ্নের মতো করেছিম্ন অমুভব

কুমারীচাঞ্চল্যতলে আছিল যে সঞ্চিত্ত গোরব,

যে নিরুত্ব আলোকের মৃক্তির আভাদ,

অনাগত দেবতার আসন্ন আখাস,

পৃপাকোরকের বক্ষে অগোচর ফলের মতন।

তুই কোলে এলি যবে অমূল্য রতন,

অপূর্ব প্রভাতরবি,

আশার অতীত যেন প্রত্যাশার ছবি—

লভিলাম আপনার পূর্ণতারে

কাঞ্জাল সংসারে।

প্রাণের রহস্ত স্থগভীর অস্তর্যস্থতার ছিল স্থির, সে আব্দ বাহির হল দেহ লয়ে উন্মুক্ত আলোতে অন্ধকার হতে;

স্দীর্ঘকালের পথে

চলিল স্থদ্র ভবিশ্বতে। যে আনন্দ আজি মোর শিরায় শিরায় বহে

গৃহের কোণের ভাহা নহে।

আমার হৃদয় আজি পাছশালা,

श्राक्रत रुख़ाह मीन काना।

হেথা কারে ডেকে আনিলাম

অনাদিকালের পান্থ কিছুকাল করিবে বিশ্রাম।

এ বিশ্বের যাত্রী যারা চলে অসীমের পানে

আকাশে আকাশে নৃত্যগানে---

আমার শিশুর মৃথে কলকোলাহলে

সে-যাত্রীর গান আমি শুনিব এ বক্ষতলে।

অতিশয় নিকটের, দূরের তবু এ—

আপন অন্তরে এল, আপনার নহে তো কভু এ।

বন্ধনে দিয়েছে ধরা শুধু ছিন্ন করিতে বন্ধন;

আনন্দের ছন্দ টুটে উচ্ছুসিছে এ মোর ক্রন্দন।

**जननो**त्र

এ বেদনা, বিশ্বধরণীর

সে যে আপনার ধন—

ना भारत त्राथिए निष्म, निथित्वरत करत्र निर्दानन ।

৮ जगमें ১३७२

বরানগর

## কাঠবিড়ালি

কাঠবিড়ালির ছানা**হটি** আঁচলভলায় ঢাকা, পায় সে কোমল করুণ হাতে পরশ স্থামাথা। এই দেখাটি দেখে এলেম ক্ষণকালের মাঝে, সেই থেকে আৰু আমার মনে স্থ্যের মডো বাজে। চাপাগাছের আড়াল থেকে একলা সাঁঝের ভারা একট্থানি কীণ মাধ্রী জাগায় যেমনধারা, जत्रम कमध्वनि रयमन বাজে জলের পাকে গ্রামের ধারে বিজন ঘাটে ছোটো নদীর বাঁকে, লেবুর ডালে খুশি বেমন ख्यथम ब्बर्ग खर्ठ একটু यथन গন্ধ निया वकिं क्रैं फ़ि क्लार्ट, ত্পুর বেলায় পাখি যেমন---দেখতে না পাই যাকে— घन ছोग्राग्र ममस्य मिन মৃত্ল স্থুরে ডাকে, তেমনিতরো ঐ ছবিটির মধুরদের কণা ব্দণকালের তরে আমায় कदाइ जानमना। দু:থহ্থথের বোঝা নিয়ে চলি আপন মনে, ज्थन जीवन-পথের ধারে গোপন কোণে কোণে হঠাৎ দেখি চিরাভ্যাসের

व्यव्यात्वय काट्ट

### त्रवीख-त्रह्मावनी

লক্ষীদেবীর মালার থেকে

ছিন্ন পড়ে আছে

ধূলির সঙ্গে মিলিয়ে গিন্নে

টুকরো রতন কত—

আত্মকে আমার এই দেখাটি

দেখি তারির মতো।

২২ আষাঢ় ১৩৪১ শান্তিনিকেতন

## সাঁওতাল মেয়ে

যায় আদে সাঁওতাল মেয়ে শিম্লগাছের তলে কাঁকরবিছানো পথ বেয়ে। মোটা শাড়ি আঁট করে ঘিরে আছে তমু কালো দেহ। বিধাতার ভোলা-মন কারিগর কেহ কোন্ কালো পাখিটিরে গড়িতে গড়িতে প্রাবণের মেঘে ও তড়িতে উপাদান श्रृं अ **७** नात्री त्रित्राष्ट्र वृत्रि । ওর ছটি পাখা ভিতরে অদৃশ্র আছে ঢাকা, লঘু পায়ে মিলে গেছে চলা আর ওড়া। নিটোল হু হাতে ভার সাদারাঙা কয় জোড়া গালা-ঢালা চুড়ি, মাথায় মাটিতে-ভরা ঝুড়ি, যাওয়া-আসা করে বারবার। আঁচলের প্রান্ত তার লাল রেখা ছুলাইয়া পলাশের স্পর্শমায়া আকাশেতে দেয় বুলাইয়া।

পউবের পালা হল শেষ,

উত্তর বাতাসে লাগে দক্ষিণের ক্ষচিৎ আবেশ।

হিম্মুরি শাখা-'পরে

চিকন চঞ্চল পাতা ঝলমল করে

শীতের রোদ্ধরে।

পাগুনীল আকাশেতে চিল উড়ে যায় বহুদ্রে।

আমলকীতলা হেয়ে থসে পড়ে ফল,

জোটে সেথা হেলেদের দল।

আকাবাকা বনপথে আলোহায়া-গাঁথা,

অকন্মাৎ ঘ্রে ঘ্রে গুড়ে ঝরা পাতা

সচকিত হাওয়ার থেয়ালে।

ঝোপের আড়ালে

গলাফোলা গিরগিটি স্তন্ধ আছে ঘাসে।

ঝুড়ি নিয়ে বারবার সাঁওতাল মেয়ে যায় আসে।

আমার মাটির ঘরখানা আরম্ভ হয়েছে গড়া, মন্ধুর ব্রুটেছে তার নানা। ধীরে ধীরে ভিত তোলে গেঁথে রোম্রে পিঠ পেতে।

মাঝে মাঝে
স্থানে রেলের বাঁশি বাজে;
প্রহর চলিয়া যায়, বেলা পড়ে আদে,
তং তং ঘণ্টাফনি জেগে ওঠে দিগন্ত-আকালে।
আমি দেখি চেয়ে,
ঈষৎ সংকোচে ভাবি— এ কিশোরী মেয়ে
পলীকোণে যে ঘরের তরে
করিয়াছে প্রস্কৃতিত দেহে ও অস্তরে
নারীর সহজ শক্তি আস্মনিবেদনপরা
শুশ্রমার শ্লিক্ষম্বা-ভরা,

আমি তারে লাগিয়েছি কেনা কাজে করিতে মজুরি—

মূল্যে যার অসমান সেই শক্তি করি চুরি

পয়সার দিয়ে সিঁধকাঠি।

সাঁওতাল মেয়ে ওই ঝুড়ি ভরে নিয়ে আসে মাটি।

৪ মাঘ ১৩৪১ শান্তিনিকেতন

### মিলন্যাত্রা

চন্দনধূপের গন্ধ ঠাকুরদালান হতে আদে,
শান-বাঁধা আঙিনার একপাশে
শিউলির তল
আচ্চন্ন হতেছে অবিরল
ফুলের সর্বস্থনিবেদনে।
গৃহিণীর মৃতদেহ বাহির-প্রাক্ষণে
আনিয়াছে বহি;
বিলাপের গুল্পরণ স্ফীত হয়ে ওঠে রহি রহি;
শরতের সোনালি প্রভাতে
যে আলোছায়াতে
খচিত হয়েছে ফুলবন
মৃতদেহ-আবরণ
আশিনের সেই ছায়া-আলো
অসংকোচে সহচ্ছে সাজালো।

জয়লন্দ্রী এ ঘরের বিধবা ঘরনী
আসন্ন মরণকালে ছহিতারে কহিলেন, 'মণি,
আগুনের সিংহ্যারে চলেছি বে দেশে
যাব সেথা বিবাহের বেশে।
আমারে পরায়ে দিয়ো লাল চেলিখানি,
সীমস্কে সিঁত্র দিয়ো টানি।'

### বীধিকা

रि উष्क्रम मास्म এक पिन नववध् अरमिक्न अ शृरहत्र मार्ब, পার হয়েছিল যে ত্য়ার, উত্তীৰ্ণ হল লে আরবার সেই ছার সেই বেশে यां वरमदात्र त्नर्य। এই बात मिर्म आत क्लू এ সংসারে ফিরিবে না সংসারের একচ্ছত্র প্রভূ। অক্ল শাসনদও অন্ত হল তার, ধনে জনে আছিল যে অবারিত অধিকার আজি তার অর্থ কী যে! ষে আসনে বসিত সে তারো চেয়ে মিখ্যা হল নিচ্চে। विषयिगित्र यत्नावर्ष পরলোক-অভিসার-পথে রমণীর এই চিরপ্রস্থানের কণে পড়িছে আরেক দিন মনে।

আশ্বিনের শেষভাগে চলেছে পূজার আয়োজন;
দাসদাসী-কলকণ্ঠ-মৃথরিত এ ভবন
উৎসবের উচ্ছল জোয়ারে
ক্ষ চারি ধারে।
এ বাড়ির ছোটো ছেলে অহক্ল পড়ে এম. এ. ক্লাসে,
এসেছে পূজার অবকাশে।
শোভনদর্শন যুবা, সবচেয়ে প্রিয় জননীর,
বউদিদিমগুলীর
প্রশ্রমভাজন।
পূজার উদ্যোগে মেশে ভারো লাগি পূজার সাজন।

একদা বাড়ির কণ্ডা স্নেহভরে পিতৃমাতৃহীন মেয়ে প্রমিতারে এনেছিল ঘরে বন্ধ্বর হতে; তথন বয়স তার ছিল ছয়,
এ বাড়িতে পেল সে আশ্রয়
আত্মীয়ের মতো।
অহলালা কতদিন তারে কত
কালায়েছে অত্যাচারে।
বালক-রাজারে
যত সে জোগাত অর্যা ততই দৌরাত্মা যেত বেড়ে;
সহাবাধা থোঁপাথানি নেড়ে
হঠাৎ এলায়ে দিত চুল

অমুক্ল;

চুরি করে থাতা খুলে
পেন্সিলের দাগ দিয়ে লজ্জা দিত বানানের ভুলে।
গৃহিণী হাসিত দেখি হুজনের এ ছেলেমামুধি—
কভু রাগ, কভু খুশি,
কভু ঘোর অভিমানে পরস্পর এড়াইয়া চলা,
দীর্ঘকাল বন্ধ কথা বলা।

বহুদিন গেল তার পর। প্রমির বয়স আজু আঠারো বছর।

হেনকালে একদা প্রভাতে
গৃহিণীর হাতে
চুপি চুপি ভূতা দিল আনি
রঙিন কাগজে লেখা পত্র একখানি।
অন্তর্কুল লিখেছিল প্রমিতারে
বিবাহপ্রস্তাব করি তারে।
বলেছিল, 'মায়ের সম্বতি
অসম্ভব অতি।
জাতের অমিল নিয়ে এ সংসারে
ঠেকিবে আচারে।

কথা যদি দাও, প্রমি, চুপি চুপি তবে মোদের মিলন হবে আইনের বলে :

ত্বিষহ ক্রোধানলে

জয়লক্ষী তীত্র উঠে দহি।

দেওয়ানকে দিল কহি,

'এ মৃহুর্তে প্রমিতারে

দৃর করি দাও একেবারে।'

ঈর্ষাবিষেষের বহিং দিল মাতৃমন ছেয়ে— ওইটুকু মেয়ে আমার দোনার ছেলে পর করে, আগুন লাগিয়ে দেয় কচি হাতে এ প্রাচীন ঘরে! অপরাধ! অমুক্ল ওরে ভালোবাসে এই ঢের, সীমা নেই এ অপরাধের। যত তর্ক কর তুমি, যে যুক্তি দাও-না ইহার পাওনা ওই মেয়েটাকে হবে মেটাতে সত্তর। আমারি এ হর, আমারি এ ধনজন আমারি শাসন, আর কারো নয়,

প্রমিতা যাবার বেলা ঘরে দিয়ে হার
থুলে দিল সব অলংকার।
পরিল মিলের শাড়ি মোটাস্থতা-বোনা।
কানে ছিল সোনা,
কোনো জন্মদিনে তার
স্বর্গীয় কর্তার উপহার,
বাক্সে তুলি রাখিল শ্যায়।
ঘোমটায় সারাম্থ ঢাকিল লক্জায়।

যবে, হতে গেল পার

সদরের দার,

কোপা হতে অকস্মাৎ

অমুকূল পাশে এসে ধরিল ভাহার হাত
কোতৃহলী দাসদাসী সবলে ঠেলিয়া সবাকারে;

কহিল সে, 'এই দারে

এতদিনে মৃক্ত হল এইবার

মিলন্মাত্রার পথ প্রমিতার।

যে শুনিতে চাও শোনো,

মোরা দোঁহে ফিরিব না এ দ্বারে কথনো।'

**৫ ভা**দ্র ১৩৪২ শাস্তিনিকেতন

### অন্তর্তম

আপন মনে যে কামনার চলেছি পিছুপিছু নহে সে বেশি কিছু। মক্ষভূমিতে করেছি আনাগোনা— ভূষিত হিয়া চেয়েছে ধাহা নহে সে হীরা সোনা, **अर्थ्यूट** अकरू स्थू सन, **উ**रम्**डिं थिक्**तर्त क्विक होश्रांख्य । সেইটুকুতে বিরোধ ঘোচে জীবন মরণের, বিরাম জোটে শ্রাম্ব চরপের। হাটের হাওয়া ধুলায় ভরপুর, তাহার কোলাহলের তলে একটুখানি স্থর সকল হতে তুৰ্গভ তা তবু সে নহে বেশি; বৈশাথের ভাপের শেবাশেষি আকাশ-চাওয়া ভঙ্ক মাটি-'পরে হঠাৎ-ভেদে-আসা মেঘের ক্ষণকালের তরে এक পশना वृष्टिवविषन, ত্ৰংশ্বপন বক্ষে যবে শ্বাস নিরোধ করে জাগিয়ে-দেওয়া করুণ পরশন; এইটুকুরই অভাব গুরুভার, না জেনে তবু ইহারই লাগি হৃদয়ে হাহাকার। অনেক গুরাশারে সাধনা করে পেয়েছি তবু ফেলিয়া গেছি তারে। ষে পাওয়া ভধু রক্তে নাচে, স্বপ্নে যাহা গাঁথা, इत्म यात्र इन व्यामन शांजा, খ্যাতিশ্বভির পাষাণপটে রাথে না যাহা রেখা. ফান্তনের সাঁঝভারায় কাহিনী যার লেখা, দে ভাষা মোর বাঁশিই ভধু জানে--এই যা দান গিয়েছে মিশে গভীরতর প্রাণে,

#### ववीख-व्रध्नावनी

করি নি যার আশা,

যাহার লাগি বাঁধি নি কোনো বাসা,

বাহিরে যার নাইকো ভার, যায় না দেখা যারে,

বেদনা ভারি ব্যাপিয়া মোর নিখিল আপনারে।

৬ সেপ্টেম্বর ১৯৩৪ শান্তিনিকেতন

### বনস্পতি

কোথা হতে পেলে তুমি অতি পুরাতন এ যোবন, হে তক্ষ প্রবীণ, প্রতিদিন জরাকে ঝরাও তুমি কী নিগৃঢ় তেজে — প্রতিদিন আস তুমি সেজে সম্ভ জীবনের মহিমায়। প্রাচীনের সম্প্রসীমায় নবীন প্রভাত তার অক্লান্ত কিরণে তোমাতে জাগায় লীলা নিরম্ভর স্থামলে হিরণে। मित्न मित्न अशित्कत्र मन ক্লিষ্টপদতল তব ছায়াবীথি দিয়ে রাত্রি-পানে ধায় নিরুদ্দেশ; আর তো ফেরে না তারা, যাত্রা করে শেষ। তোমার নিশ্চল যাত্রা নব নব পল্লব-উদ্গমে, ঋতুর গতির ভঙ্গে পুষ্পের উদ্যমে। প্রাণের নিঝ রশীলা স্তব্ধ রূপাস্তরে দিগন্তেরে পুলব্বিত করে। তপোবনবালকের মতো আবৃত্তি করিছ তুমি ফিরে ফিরে অবিরত সঞ্জীবন-দামমন্ত্ৰ-গাথা।

#### বীথিকা

তোমার পুরানো পাতা
মাটিরে করিছে প্রত্যর্পণ
মাটির যা মর্তধন;
মৃত্যুভার সঁপিছে মৃত্যুরে
মর্মরিত আনন্দের ক্রে।
সেইক্ষণে নবকিশলয়
রবিকর হতে করে জয়
প্রচন্দ্র প্রানোক
স্পির প্রথম বাণী;
বায়ু হতে লয় টানি
চিরপ্রবাহিত
নৃত্যের অমৃত।

२ जागुमें ३३७२

## ভীষণ

বনম্পতি, তুমি যে ভীষণ,
ক্ষণে ক্ষণে আঞ্চিও তা মানে মোর মন।
প্রকাণ্ড মাহাত্মাবলে জিনেছিলে ধরা একদিন
যে আদি অরণাযুগে, আজি তাহা ক্ষীণ।
মান্থবের-বশ-মানা এই-যে তোমায় আজ দেখি,
তোমার আপন রূপ এ কি ?
আমার বিধান দিয়ে বেঁধেছি তোমারে
আমার বাসার চারি ধারে।
ছায়া তব রেখেছি সংঘমে।
দাঁড়ায়ে রয়েছ স্তব্ধ জনতাসংগমে
হাটের পথের ধারে।
নম্র পঞ্জারে
কিংকরের মতো
আছু মোর বিলাদের অনুগত।

লীলাকাননের মাপে ভোমারে করেছি থর্ব। মৃত্ কলালাপে কর চিন্তবিনোদন, এ ভাষা কি ভোমার আপন ?

একদিন এসেছিলে আদিবনভূমে;
জীবলোক মগ্ন ঘুমে—
তথনো মেলে নি চোথ,
দেখে নি আলোক।
সম্ভের তীরে তীরে শাখায় মিলায়ে শাখা
ধরার কন্ধাল দিলে ঢাকা।
ছায়ায় বুনিয়া ছায়া স্তরে স্তরে
সবৃষ্ণ মেঘের মতো ব্যাপ্ত হলে দিকে দিগস্করে।
লতায় গুলোতে ঘন, মৃতগাছ-ভদ্ণপাতা-ভরা,
আলোহীন পথহীন ধরা।
অরণোর আর্দ্রগন্ধে নিবিড় বাতাস
যেন ক্লম্বাস
চলিতে না পারে।

সিদ্ধুর তরঙ্গধনি অন্ধণারে
গুমরিয়া উঠিতেছে জনশৃত্য বিশ্বের বিলাপে।
ভূমিকম্পে বনস্থলী কাঁপে;
প্রচণ্ড নির্ঘোষে
বহু তরুভার বহি বহুদূর মাটি যায় ধ্বসে
গভীর পক্ষের তলে।
সেদিনের অন্ধ যুগে পীড়িত সে জলে স্থলে
ভূমি ভূলেছিলে মাধা।

বলিতে বন্ধলে তব গাঁথা সে ভীষণ যুগের আভাস। মেথা তব আদিবাস
সে অরণ্যে একদিন মাহ্মধ পশিল ধবে
দেখা দিয়েছিলে তুমি ভীতিরূপে তার অহতেবে।
হে তুমি অমিত-আয়ু, তোমার উদ্দেশে
স্তবগান করেছে সে।
বাকাচোরা শাখা তব কত কী সংকেতে
অন্ধকারে শকা রেখেছিল পেতে।
বিরুত বিরূপ মৃতি মনে মনে দেখেছিল তারা
তোমার তুর্গমে দিশাহারা।

আদিম সে আরণ্যক ভয়

রক্তে নিয়ে এসেছির আঞ্চিও সে কথা মনে হয়।

বটের জটিল মূল আঁকাবাঁকা নেমে গেছে জলে—

মদীকৃষ্ণ ছায়াতলে

দৃষ্টি মোর চলে ষেত ভয়ের কোতৃকে,

ফুরুতুরু বুকে

ফিরাতেম নয়ন তথনি।

যে মূর্তি দেখেছি সেধা ভনেছি যে ধ্বনি

সে ভো নহে আজিকার।

বহু লক্ষ বর্ষ আগে সৃষ্টি সে ভোমার।

হে ভীষণ বনস্পতি,

সেদিন যে নতি

মন্ত্র পড়ি দিয়েছি ভোমারে,

আমার চৈতন্যতলে আজিও ভা আছে এক ধারে।

২ অগ্রস্ট ১৯৩২

### मन्त्रामी

হে সন্নাসী, হে গন্তীর, মহেশ্বর, মন্দাকিনী প্রসারিল কড-না নিঝ'র ভোষারে বেষ্টন করি নৃত্যজালে। তব উচ্চভালে উৎক্ষিপ্ত শীকরবান্দো বাঁকা ইন্দ্রধত্ন

রহে তব শুন্তক্স বর্ণে বর্ণে বিচিত্র করিয়া। কলহাস্থে ম্থরিয়া উদ্ধন্ত নন্দীর রুষ্ট তর্জনীরে করে পরিহাস, ক্ষণে ক্ষণে করে তব তপোনাশ;

নাহি মনে ভয়,
দূরে নাহি রয়,
ছ্বার ত্রন্ত তারা শাসন না মানে,
তোমারে আপন সাথি জানে।

সকল নিয়মবন্ধহারা আপন অধীর ছন্দে তোমারে নাচাতে চায় ভারা বাহু তব ধরি।

তুমি মনে মনে হাসো ভৃঙ্গীর জ্রক্টি লক্ষ করি।

এদের প্রশ্রম দিলে, তাই যত হুর্দামের দল

চরাচর ঘেরি ঘেরি করিছে উন্মন্ত কোলাহল

সম্ভ্রতরঙ্গতালে, অরণ্যের দোলে,

যোবনের উদ্বেল কল্লোলে।

আনে চাঞ্চল্যের অর্থ্য নিরন্তর তব শান্তি নাশি— এই তো তোমার পূজা জানো তাহা হে ধীর সন্নাসী।

৩ অগৃস্ট ১৯৩২

# **रित**ी

হে হরিণী,
আকাশ লইবে জিনি
কেন তব এ অধ্যবসায় ?
স্থাবের অভ্রপটে অগম্যেরে দেখা যায়,
কালো চোখে পড়ে তার স্বপ্নরূপ লিখা;

#### বীথিকা

একি মরীচিকা, পিপাদার স্বরচিত মোহ, একি আপনার সাথে আপন বিদ্রোহ ? निष्पत्र इः मर मक्र रूख ছুটে যেতে চাও কোনো নৃতন আলোভে— নিকটের সংকীর্ণতা করি ছেদ, দিগন্তের নব নব যবনিকা করি দিয়া ভেদ। षाइ विष्हरमद शादा; যারে তুমি জান নাই, রক্তে তুমি চিনিয়াছ যারে, সে যে ডাক দিয়ে গেছে যুগে যুগে ষভ হরিণীরে বনে মাঠে গিরিতটে নদীতীরে— জানায়েছে অপূর্ব বারতা কত শত ব্দন্তের আত্মবিহ্বলতা। তারি লাগি বিশ্বভোলা মহা-অভিসার হয়েছে ত্র্বার, অদৃশ্যেরে সন্ধানের তরে দাড়ায়েছ স্পর্ধান্তরে, একান্ত উৎস্কুক তব প্রাণ আকাশেরে করে দ্রাণ---কৰ্ণ করিয়াছে থাড়া, বাভাদে বাভাদে আজি অশ্রুত বাণীর পায় সাড়া। ১ व्यन्नमें ১२०२

# গোধূলি

প্রাসাদভবনে নীচের তলায়
সারাদিন কতমতো
গৃহের সেবায় নিয়ত রয়েছ রত।
সেধা তুমি তব গৃহসীমানায়
বহু মান্থ্যের সনে
শৃত গাঁঠে বাধা কর্মের বন্ধনে।

দিনশেষে আদে গোধুলির বেলা

ধ্সর রক্তরাগে

ঘরের কোণায় দীপ জালাবার আগে;

নীড়ে-ফেরা কাক দিয়ে শেষ ডাক

উড়িল আকাশতলে,

শেষ-আলো-আভা মিলায় নদীর জলে।
হাওয়া থেমে যায় বনের শাখায়

আধার জড়ায়ে ধরে;

নির্জন ছায়া কাঁপে ঝিল্লির স্বরে।

তথন একাকী সব কান্ধ রাথি
প্রাসাদ-ছাদের ধারে
দাড়াও যথন নীরব অন্ধকারে
জানি না তথন কী যে নাম তব,
চেনা তুমি নহ আর,
কোনো বন্ধনে নহ তুমি বাঁধিবার।
সেই ক্ষণকাল তব সঙ্গিনী
স্থান্য সন্ধ্যাতারা,
দেই ক্ষণকাল তুমি পরিচয়হারা।
দিবসরাতির সীমা মিলে যায়;
নেমে এস তারপরে,
ঘরের প্রদীপ আবার জালাও ঘরে।

১৪ মাঘ [১৩৩৮]

### বাধা

পূর্ব করি নারী তার জীবনের থালি
প্রিয়ের চরণে প্রেম নিংশেষিয়া দিতে গেল চালি,
বার্থ হল পথ-থোঁজা—
কহিল, 'হে ভগবান, নিষ্ঠুর যে এ অর্য্যের বোঝা;

আমার দিবস রাত্রি অসহ পেষণে
একান্ত পীড়িত আর্ড; তাই সান্তনার অন্বেষণে
এসেছি তোমার বারে— এ প্রেম তুমিই লও প্রভূ!'
'লও লও' বারবার ডেকে বলে, তব্
দিতে পারে না বে তাকে
ক্রপণের ধন-সম শিরা আঁকড়িয়া থাকে।

বেমন ত্বাররালি গিরিলিরে লগ্ন রহে,
কিছুতে শ্রোত না বহে,
আপন নিম্মল কঠিনতা
দেয় তারে ব্যথা,
তেমনি সে নারী
নিশ্চল-স্কুদয়ভারে-ভারী
কেঁদে বলে, 'কী ধনে আমার প্রেম দামী
সে যদি না বুঝেছিল, তুমি অন্তর্ধামী,
তুমিও কি এরে চিনিবে না ?
মানবজ্বমের সব দেনা
শোধ করি লও, প্রভু, আমার সর্বন্ধ রত্ন নিয়ে।
তুমি যে প্রেমের লোভী মিধ্যা কথা কি এ!'

'লও লও' যত বলে থোলে না যে তার স্বদয়ের ছার। সারাদিন মন্দিরা বাজায়ে করে গান, 'লও তুমি লও ভগবান!'

৩ অগস্ট ১৯৩২

# द्वइ मशी

হজন স্থীরে দূর হতে দেখেছিত্ব অজানার ভীরে। জানি নে কাদের ঘর; খার খোলা আকাশের পানে,
দিনান্তে কহিভেছিল কী কথা কে জানে।

এক নিমিষেতে
অপরিচয়ের দেখা চলে যেতে যেতে
উপরের দিকে চেয়ে।

হটি মেয়ে
যেন হটি আলোকণা
আমার মনের পথে ছায়াতলে করিল রচনা
ক্ষণতরে আকাশের বাণী,

অর্থ তার নাহি জানি।

যাহারা ওদের চেনে,
নাম জানে, কাছে লয় টেনে,
একসাথে দিন যাপে,
প্রত্যহের বিচিত্র আলাপে
ওদের বেঁধেছে তারা ছোটো করে
পরিচয়ডোরে।

সত্য নয়

যবের ভিত্তিতে ঘেরা সেই পরিচয়।

যাবে দিন,

সে জানা কোথায় হবে লীন

বন্ধহীন অনন্তের বক্ষতলে উঠিয়াছে জেগে

কী নিশ্বাসবেগে

যুগলতরঙ্গসম।

অসীম কালের মাঝে ওরা অমুপম,

ওরা অমুদ্দেশ,

কোথায় ওদের শেষ

যরের মান্ত্র জানে সে কি ?

নিত্যের চিত্তের পটে ক্ষণিকের চিত্ত গেন্তু দেখি—

### বীথিকা

আন্তর্ম সে লেখা,
সে তৃলির রেখা

যুগাযুগান্তর-মাঝে একবার দেখা দিল নিজে—
জানি নে তাহার পরে কী যে i

[ 5005 ]

### পথিক

তুমি আছ বিদ তোমার ঘরের দ্বারে
ছোটো তব সংসারে।
মনথানি যবে ধায় বাহিরের পানে
ভিতরে আবার টানে।
বাঁধনবিহীন দ্র
বাজাইয়া যায় হ্মর,
বেদনার ছায়া পড়ে তব আঁথি'পরে—
নিশাস ফেলি মন্দর্গমন ফিরে চলে যাও ঘরে।

আমি-যে পথিক চলিয়াছি পথ বেয়ে

দূরের আকাশে চেয়ে;
তোমার ঘরের ছায়া পড়ে পথপাশে,

শে ছায়া হৃদয়ে আসে।

যত দূরে পথ যাক
ভূনি বাঁধনের ডাক,
কাণেকের তরে পিছনে আমায় টানে—
নিশাস ফেলি বরিতগমন চলি সমুখপানে।

উদার আকাশে আমার মৃক্তি দেখি মন তব কাঁদিছে কি ? এ মৃক্তিপথে তুমি পেতে চাও ছাড়া, তুয়ারে লেগেছে নাড়া। বাধনে বাধনে টানি রচিলে আসনথানি, দেখিত্ব ভোমার আপন সৃষ্টি তাই— শুক্তভা ছাড়ি স্বন্ধরে তব আমার মৃক্তি চাই।

৩ অগস্ট ১৯৩২

### অপ্রকাশ

मुक रुख रह ऋसती!

ছিল্ল করো রঙিন কুয়াশা,

অবনত দৃষ্টির আবেশ,

এই অবক্ষন্ধ ভাষা,

এই অবগুঠিত প্ৰকাশ।

স্যত্ন লজ্জার ছায়া

তোমারে বেষ্টন করি জড়ায়েছে অস্পষ্টের মায়া শতপাকে,

মোহ দিয়ে সৌন্দর্যের করেছে আবিল; অপ্রকাশে হয়েছ অশুচি।

তাই ভোমারে নিথিল

রেথেছে সরায়ে কোণে।

ব্যক্ত করিবার দীনভায়

নিজেরে হারালে তুমি,

প্রদোষের জ্যোতি:ক্ষীণতায় দেখিতে পেলে না আজো আপনারে উদার আলোকে— বিষেরে দেখ নি, ভীক্ষ, কোনোদিন বাধাহীন চোখে উচ্চশির করি।

স্বরচিত সংকোচে কাটাও দিন, আত্ম-অপমানে চিত্ত দীপ্তিহীন, তাই পুণ্যহীন। বিকশিত স্থলপদ্ম পবিত্ত সে, মৃক্ত তার হাসি, পূজায় পেয়েছে স্থান আপনারে সম্পূর্ণ বিকাশি। ছায়াচ্ছন্ন যে লজ্জান্ন প্রকালের দীপ্তি ফেলে মৃছি, সম্ভার ঘোষণাবাণী স্কন্ধ করে,

জেনো সে অশুচি। উধ্ব শাথা বনস্পতি ষে ছায়ারে দিয়েছে আশ্রয় তার সাথে আলোর মিত্রতা,

সমূহত সে বিনয়।

মাটিতে লুটিয়ে গুলা সর্ব অঙ্গ ছায়াপুঞ্জ করি,
তলে শুপু গহবরেতে কীটের নিবাস।

ट् युम्बरी,

মৃক্ত করো অসমান, তব অপ্রকাশ আবরণ।
হে বন্দিনী, বন্ধনেরে কোরো না কৃত্রিম আভরণ।
সক্তিত লক্ষার খাঁচা, সেথায় আত্মার অবসাদ
অর্ধেক বাধায় সেথা ভোগের বাড়ায়ে দিতে স্বাদ
ভোগীর বাড়াতে গর্ব থর্ব করিয়ো না আপনারে
খণ্ডিত জীবন লয়ে আচ্ছন্ন চিত্তের অন্ধকারে।

৬ মাঘ [ ১৫৩৮ ]

# হুৰ্ভাগিনী

তোমার সম্ম্থে এসে, ত্র্ভাগিনী, দাড়াই যখন নত হয় মন।

ষেন ভয় লাগে

প্রলয়ের আরম্ভেভে স্তন্ধতার আগে।

এ কী চু:খভার,

কী বিপুল বিধাদের স্তম্ভিত নীরন্ত্র অন্ধকার ব্যাপ্ত করে আছে তব সমস্ত জগৎ

তব ভূত ভবিশ্বং!

প্ৰকাণ্ড এ নিম্ফলতা,

অত্ৰভেদী ব্যথা

দাবদম্ব পর্বতের মতো

থররোক্তে রয়েছে উন্নত লয়ে নগ্ন কালো কালো শিলাস্থপ ভীষণ বিরূপ।

সব সান্তনার শেষে সব পথ একেবারে

মিলেছে শৃন্মের অন্ধকারে;
ফিরিছ বিশ্রামহারা ঘুরে ঘুরে,
খুঁজিছ কাছের বিশ্ব মৃহুর্তে যা চলে গেল দুরে;
খুঁজিছ বুকের ধন, সে আর তো নেই,
বুকের পাথর হল মূহুর্তেই।
চিরচেনা ছিল চোথে চোথে,
অকম্মাৎ মিলাল অপরিচিত লোকে।
দেবতা যেথানে ছিল সেথা জালাইতে গেলে ধূপ,
সেখানে বিদ্রপ।

সর্বশৃগ্যতার ধারে
জীবনের পোড়ো ঘরে অবরুদ্ধ ছারে
দাও নাড়া;
ভিতরে কে দিবে সাড়া ?
মূর্ছাতুর আঁধারের উঠিছে নিশ্বাস।
ভাঙা বিশ্বে পড়ে আছে ভেঙে-পড়া বিপুল বিশ্বাস।
তার কাছে নত হয় শির
চরম বেদনাশৈলে উধ্ব চূড় যাহার মন্দির।

মনে হয়, বেদনার মহেশ্বরী
তোমার জীবন ভরি
তৃষ্ণরতপস্থামগ্ন, মহাবিরহিণী
মহাতৃঃথে করিছেন ঋণী
চিরদয়িতেরে।
তোমারে সরালো শত ফেরে
বিশ্ব হতে বৈরাগ্যের অন্তরাল।

দেশকাল

রয়েছে বাহিরে।
তুমি স্থির সীমাহীন নৈরাশ্রের তীরে
নির্বাক অপার নির্বাসনে।
অক্সহীন ভোমার নয়নে
অবিশ্রাম প্রশ্ন জাগে যেন—
কেন, ওগো কেন!

৬ অগদ্ট ১**৯**৩২ [জোড়াসাঁকো]

## গরবিনী

কে গো তৃমি গরবিনী, সাবধানে থাকো দ্রে দ্রে,
মর্তধ্লি'পরে ঘণা বাব্দে তব নৃপুরে নৃপুরে।
তৃমি ষে অসাধারণ, তীব্র একা তৃমি,
আকালকুস্থমসম অসংসক্ত রয়েছ কুস্মি।
বাহিরের প্রসাধনে যত্তে তৃমি শুচি;
অকলম্ব তোমার ক্লব্রিম কচি;
সর্বদা সংশয়ে থাকো পাছে কোথা হতে
হতভাগ্য কালো কীট পড়ে তব দীপের আলোতে
ফটিকেতে-ঢাকা।
অসামান্ত সমাদরে আঁকা
তোমার জীবন
ক্লপণের-কক্ষে-রাখা ছবির মতন
বহুম্ল্য যবনিকা-অস্তর্যালে;
গুগো অভাগিনী নারী, এই ছিল তোমার কপালে—
আপন প্রহরী তৃমি, নিক্ষে তৃমি আপন বন্ধন।

এ ধরাতলের
নির্বিচার স্পর্শ সকলের
দেহে মোর বহে যায়, লাগে মোর মনে—
সেই বলে বলী আমি, স্বন্ধ মোর সকল স্থুবনে।
মৃক্ত আমি ধৃলিতলে,
মৃক্ত আমি অনাদৃত মলিনের দলে।
যত চিক্ত লাগে দেহে, অশন্ধিত প্রাণের শক্তিতে
শুদ্ধ হয়ে যায় সে চকিতে।

সম্মুথে আমার দেখো শালবন,
সেবার একান্ত কাছে
আপনাবিশ্বত হয়ে আছে।
মধ্যাহ্নতালে
ভঙ্ক পাতা ঘুরাইয়া ধূলির আবর্ত ছুটে আসে—
শাথা তার অনায়াদে দেয় নাড়া,
পাতায় পাতায় তার কোতৃকের পড়ে সাড়া।
তব্ সে অমান শুচি, নির্মল নিশ্বাসে
চৈত্ত্বের আকাশে
বাতাস পবিত্র করে স্থান্ধবীজনে।
অসংকোচ ছায়া তার প্রসারিত সর্বসাধারণে।
সহজে নির্মল সে যে
দিধাহীন জীবনের তেজে।

আমি দাধারণ।
তকর মতন আমি, নদীর মতন।
মাটির বুকের কাছে থাকি;
আলোরে ললাটে লই ডাকি
যে আলোক উচ্চনীচ ইডরের—
বাহিরের ভিতরের।

সমস্ক পৃথিবী তৃমি অবজ্ঞায় করেছ অন্তচি, গরবিনী, তাই সেই শক্তি গেছে ঘূচি আপনার অশ্বরে রহিতে অমলিনা— হায়, তৃমি নিথিলের আশীর্বাদহীনা।

৪ অগৃস্ট ১৯৩২

### প্রলয়

আকাশের দ্রন্থ যে, চোথে তারে দ্র বলে জানি,
মনে তারে দ্র নাহি মানি।
কালের দ্রন্থ দেও যত কেন হোক-না নিষ্ঠ্র
তব্ সে হংসহ নহে দ্র।
আধারের দ্রন্থই কাছে থেকে রচে ব্যবধান,
চেতনা আবিঙ্গ করে, তার হাতে নাই পরিত্রাণ
তথু এই মাত্র নয়—
সে-যে স্ষ্টি করে নিত্য ভয়।
ছায়া দিয়ে রচি তুলে আঁকাবাকা দীর্ঘ উপছায়া,
জানারে অজানা করে— ঘেরে তারে অর্থহীনা মায়া।
পথ ল্প্র করে দিয়ে যে পথের করে সে নির্দেশ
নাই তার শেষ।
দে পথ ভ্লায়ে লয় দিনে দিনে দ্র হতে দ্রে
জবতারাহীন অদ্ধপুরে।

অগ্নিবক্সা বিস্তারিয়া যে প্রালয় আনে মহাকাল,
চন্দ্রহর্ষ লুপ্ত করে আবর্তে-ঘূণিত জটাজাল,
দিবা দীপ্তিচ্ছটায় সে সাজে,
বজ্রের ঝগুনামক্রে বক্ষে তার ক্ষন্রবীণা বাজে।
যে বিশ্বে বেদনা হানে তাহারি দাহনে করে তার
পবিত্র সংকার।
জীর্ণ জগতের ভন্ম যুগান্তের প্রচণ্ড নিশ্বাসে
লুপ্ত হয় ঝগ্রার বাতাদে।

অবশেষে তপন্থীর তপস্থাবহির শিখা হতে নবসৃষ্টি উঠে আসে নিরঞ্জন নবীন আলোতে।

দানব বিলুপ্তি আনে, আঁধারের পদ্ধিল বৃদ্বুদে
নিথিলের সৃষ্টি দেয় মৃদে;
কণ্ঠ দেয় কদ্ধ করি, বাণী হতে ছিন্ন করে স্থর,
ভাষা হতে অর্থ করে দূর;
উদয়দিগস্তম্থে চাপা দেয় ঘন কালো আঁধি,
প্রোমেরে সে ফেলে বাঁধি
সংশায়ের ডোরে;
ভক্তিপাত্র শৃত্য করি শ্রদ্ধার অমৃত লয় হরে।
মৃক অন্ধ মৃত্তিকার স্তর,
জগদল শিলা দিয়ে রচে সেথা মৃক্তির কবর।
১৪ সেপ্টেম্বর ১৯৩৪

## কলুষিত

শ্রামল প্রাণের উৎস হতে
অবারিত পুণ্যম্রোতে
ধ্যেত হয় এ বিশ্বধরণী
দিবসরজনী।
হে নগরী, আপনারে বঞ্চিত করেছ সেই স্নানে,
রচিয়াছ আবরণ কঠিন পাষাণে।
আছ নিত্য মলিন অন্তচি,
তোমার ললাট হতে গেছে ঘুচি
প্রকৃতির স্বহস্তের লিখা
আনীর্বাদটিকা।
উষা দিবাদীপ্রিহারা
তোমার আকাশত্র জ্ঞাতিচ্যুত, নই মন্ত্র তার,
বিশ্বন্ধ নিপ্রার

আলোড়নে ধ্যান তার অক্সন্থ আবিল, হারালো সে মিল পূজাগন্ধী নন্দনের পারিজাত-সাথে শান্তিহীন রাতে।

হেপা স্বন্দরের কোলে चर्गत्र वीगात्र ख्र ज्रष्ट इन राम উদ্ধত হয়েছে উর্ধে বীভংসের কোলাহল, क्रकिरमद काद्राशाद्य वन्तीमन গর্বভরে শৃথলের পূজা করে। ম্বেষ ঈর্ষা কুৎসার কলুষে আলোহীন অন্তরের গুহাতলে হেথা রাখে পুষে ইতরের অহংকার— গোপন দংশন তার; অশ্লীল ভাহার ক্লিম্ন ভাষা मिक्छमःयम्नामा । তুৰ্গন্ধ পক্ষের দিয়ে দাগা म्र्थार्भंत जन्द्रताल करत भाषा ; স্থ্যুক্ত খনন করে, ব্যাপি দেয় নিন্দা ক্ষতি প্রতিবেশীদের ঘরে ঘরে; এই निएस हाएँ वाएँ वाका कछ। क्य বাঙ্গভঙ্গী, চতুর বাক্যের কুটিল উল্লাস, কুর পরিহাস।

এর চেয়ে স্বারণ্যক তীব্র হিংসা সেও
শতগুণে শ্রেয়।
ছন্মবেশ-অপগত
শক্তির সরল তেন্দে সমৃত্যুত দাবাগ্নির মড়ো

প্রচণ্ডনির্ঘোষ;
নির্মল তাহার রোষ,
তার নির্দয়তা
বীরবের মাহাত্মো উন্নতা।
প্রাণশক্তি তার মাঝে
অক্ন বিরাজে।
কান্ত্যনি বীর্ঘহীন যে হীনতা ধ্বংসের বাহন
গর্তধোদা ক্রিমিগণ
তারি অমুচর,
অতি ক্ষুত্র তাই তারা অতি ভয়ংকর;
অগোচরে আনে মহামারী,
শনির কলির দত্ত সর্বনাশ তারি।

মন মোর কেঁদে আজ উঠে জাগি
প্রবল মৃত্যুর লাগি।

কল্প, জটাবদ্ধ হতে করো মৃক্ত বিরাট প্লাবন,
নীচতার ক্লেদপন্ধে করো রক্ষা ভীষণ! পাবন!
তাণ্ডবনৃত্যের ভরে

হর্বলের যে গ্লানিরে চূর্ণ কর যুগে যুগাস্তরে,
কাপুরুষ নির্জীবের সে নির্লক্ষ অপমানগুলি
বিলুপ্ত করিয়া দিক উৎক্ষিপ্ত ভোমার পদ্ধূলি।

১৪ ভাদ্র ১৩৪২ শাস্তিনিকেতন

# अञ्रामस

শত শত লোক চলে
শত শত পথে।
তারি মাঝে কোথা কোন্ রথে
সে আদিছে যার আজি নব অভাদয়

#### वीषिका

मिक्नभी गाहिन ना अग्र; আজো রাজটিকা ममार्छ इम ना जात्र मिथा। नारे जन्न, नारे टेमक्रमन, ष्यकृषे छादात्र वानी, कर्छ नादि वन । সে কি নিজে জানে আসিছে সে কী লাগিয়া, আদে কোনথানে! যুগের প্রচ্ছন্ন আশা করিছে রচনা তার অভ্যর্থনা কোন্ ভবিশ্বতে---কোন্ অলক্ষিত পথে আসিতেছে অর্গ্যভার! আকাশে ধ্বনিছে বারম্বার— 'মুখ ভোলো, আবরণ খোলো হে বিজয়ী, হে নিভীক, হে মহাপথিক— তোমার চরণক্ষেপ পথে পথে দিকে দিকে মৃক্তির সংকেতচিহ্ন माक नित्थ नित्थ।'

বৰ্ষশেষ ১৩৩৯

# প্রতীকা

গান

থাজি বরষনম্থরিত

শ্রাবণরাতি।

শ্বতিবেদনার মালা

একেলা গাঁথি।

আজি কোন্ ভুলে ভুলি
আধার ঘরেতে রাখি
হুয়ার খুলি—
মনে হয়, বুঝি আসিবে সে
মোর হুথরজনীর
মরম্পাধি।

আসিছে সে ধারাজলে স্থর লাগায়ে,
নীপবনে পুলক জাগায়ে।
যদিও বা নাহি আসে
তবু বৃথা আশ্বাসে
মিলন-আসনখানি
রয়েছি পাতি।

২১ শ্রাবণ ১৩৪২ শান্তিনিকেতন

# श्रृ

রমানেরীর মৃত্যু উপলক্ষে

কাস্কনের পূর্ণিমার আমন্ত্রণ পল্লবে পল্লবে
এথনি মৃথর হল অধীর মর্মরকলরবে।
বংসে, তুমি বংসরে বংসরে
সাড়া তারি দিতে মধুস্বরে,
আমাদের দৃত হয়ে ভোমার কণ্ঠের কলগান
উৎসবের পূর্পাসনে বসস্তেরে করেছে আহ্বনে।
নিষ্ঠুর শীতের দিনে গেলে তুমি রুগ্ন তন্ত্র বয়ে
আমাদের সকলের উৎকণ্ঠিত আশীর্বাদ লয়ে।
আশা করেছিল্ল মনে মনে —
নব্সন্তের আগমনে
ফিরিয়া আসিবে যবে লবে আপনার চিরস্থান,
কাননলন্ধীরে তুমি করিবে আনন্দ-অর্ঘ্যদান।

এবার দক্ষিণবায় ছংখের নিশাস এল বহে;
তুমি তো এলে না ফিরে; এ আশ্রম তোমার বিরহে
বীধিকার ছায়ায় আলোকে
স্থাভীর পরিব্যাপ্ত শোকে
কহিছে নির্বাক্বাণী বৈরাগ্যককণ ক্লান্ত স্থরে,
তাহারি বণনধ্বনি প্রান্তরে বাজিছে দ্রে দ্রে।

শিশুকাল হতে হেথা স্থে-ছ:থে-ভরা দিন-রাত করেছে তোমার প্রাণে বিচিত্র বর্ণের রেথাপাত। কাশের মঞ্চরী -শুভ্র দিশা, নিস্তর্ক মালতী-ঝরা নিশা, প্রশাস্ত শিউলি-ফোটা প্রভাত শিশিরে-ছলোছলো, দিগস্ত-চমক-দেওয়া স্থান্তের রশ্মি জলোজলো।

এথনো তেমনি হেথা আসিবে দিনের পরে দিন,
তবুও দে আজ হতে চিরকাল রবে তুমি-হীন।
বসে আমাদের মাঝথানে
কভু ষে তোমার গানে গানে
ভরিবে না স্থদদ্ধা, মনে হয়, অসম্ভব অতি—
বর্ষে বর্ষে দিনে দিনে প্রমাণ করিবে সেই ক্ষতি।

বারে বারে নিতে তুমি গীতিস্রোতে কবি-আশীর্বাণী,
তাহারে আপন পাত্রে প্রণামে ফিরায়ে দিতে আনি।
জীবনের দেওয়া-নেওয়া দেই
ঘুচিল অন্তিম নিমেষেই—
স্বেহাজ্জন কল্যাণের সে সম্বন্ধ তোমার আমার
গানের নির্মাল্য -সাথে নিয়ে গেলে মরণের পার।

হায় হায়, এত প্রিয়, এতই ত্র্লভ বে সঞ্চয় একদিনে অকম্মাৎ তারো যে ঘটিতে পারে লয়! হে অসীম, তব বক্ষোমাঝে তার ব্যথা কিছুই না বাজে,

#### ववीख-बहनावनी

স্ষ্টির নেপথ্যে দেও আছে তব দৃষ্টির ছায়ায়— ভন্ধবীণা রঙ্গগৃহে মোরা বুধা করি 'হায় হায়'।

হে বৎসে, ষা দিয়েছিলে আমাদের আনন্দভাণ্ডারে
তারি শ্বতিরূপে তুমি বিরাজ করিবে চারিধারে।
আমাদের আশ্রম-উৎসব
যথনি জাগাবে গীতরব
তথনি তাহার মাঝে অশ্রুত তোমার কণ্ঠশ্বর
অশ্রুর আভাস দিয়ে অভিষিক্ত করিবে অস্কর।

১৮ মাঘ ১৩৪১ [শান্তিনিকেতন ]

### বাদলসন্ধ্যা

গান
জানি জানি, তুমি এসেছ এ পথে
মনের ভূলে।
তাই হোক তবে, তাই হোক, দ্বার
দিলেম খুলে।
এসেছ তুমি তো বিনা আভরণে,
ম্থর নূপুর বাজে না চরণে,
তাই হোক তবে, তাই হোক, এসো
সহজ মনে।

ঐ তো মালতী ঝরে পড়ে ধায় মোর আডিনায়, শিথিল কবরী সাজাতে তোমার লও-না তুলে। নাহয় সহসা এসেছ এ পথে মনের ভুলে।

#### বীথিকা

কোনো আয়োজন নাই একেবারে, স্থর বাঁধা নাই এ বীণার তারে, তাই হোক ভবে, এসো হৃদয়ের মৌনপারে।

ঝর ঝর বারি ঝরে বনমাঝে, আমারি মনের স্থর ঐ বাজে, উতলা হাওয়ার ভালে ভালে মন উঠিছে ছলে। নাহয় সহসা এসেছ এ পথে মনের ভুলে।

২৩ শ্রাবণ ১৩৪২ শাস্তিনিকেতন

### জয়ী

রূপহীন, বর্ণহীন, চিরক্তন, নাই শব্দ স্ক্র, মহাতৃষ্ণা মরুতলে মেলিয়াছে আদন মৃত্যুর; দে মহানৈ:শব্দ্য-মাঝে বেজে ওঠে মানবের বাণী 'বাধা নাহি মানি'।

আফালিছে লক্ষ লোল ফেনজিহবা নিষ্ঠুর নীলিমা— তরঙ্গণাওবী মৃত্যু, কোথা ভার নাহি হেরি সীমা; সে কন্দ্র সমুদ্রভটে ধ্বনিভেছে মানবের বাণী 'বাধা নাহি মানি'।

আদিতম যুগ হতে অস্তহীন অন্ধকারপথে আবর্তিছে বহ্নিচক্র কোটি কোটি নক্ষত্রের রথে; হুর্গম রহস্ত ভেদি সেথা উঠে মানবের বাণী 'বাধা নাহি মানি'। অণুতম অণুকণা আকাশে আকাশে নিত্যকাল বর্ষিয়া বিত্যাৎবিন্দু রচিছে রূপের ইন্দ্রজাল; নিরুদ্ধ প্রবেশঘারে উঠে সেথা মানবের বাণী 'বাধা নাহি মানি'।

চিত্তের গহনে ষেথা হুরম্ভ কামনা লোভ ক্রোধ আত্মঘাতী মন্ততায় করিছে মৃক্তির দ্বার রোধ অন্ধতার অন্ধকারে উঠে সেথা মানবের বাণী 'বাধা নাহি মানি'।

## বাদলরাত্রি

গান

কী বেদনা মোর জান সে কি তুমি, জান,
ওগো মিতা মোর, অনেক দ্রের মিতা—
আজি এ নিবিড় তিমির্যামিনী
বিহাৎ-সচকিতা।
বাদল বাতাস বোপে
হৃদয় উঠিছে কেঁপে,
ওগো, সে কি তুমি জান!
উৎস্ক এই হৃথজাগরণ,
এ কি হবে হায় বৃধা!

ওগো মিতা মোর, অনেক দ্রের মিতা, আমার ভবনদ্বারে রোপণ করিলে ধারে সঙ্গল হাওয়ার করুণ পরশে সে মালতী বিকশিতা— ওগো, সে কি তুমি জান!

#### বীথিকা

তুমি যার স্থর দিয়েছিলে বাঁধি মোর কোলে আজ উঠিছে সে কাঁদি, ওগো, সে কি তুমি জান! সেই যে তোমার বীণা দে কি বিশ্বতা, ওগো মিতা, মোর অনেক দ্রের মিতা!

২৮ শ্রাবণ ১৩৪২ শাস্তিনিকেতন

#### পত্ৰ

অবকাশ ঘোরতর অল্প, অতএব কবে লিখি গল্প! সময়টা বিনা কাজে গুলু, তা নিয়েই সর্বদা ব্যস্ত। তাই ছেড়ে দিতে হল শেষটা কলমের ব্যবহার-চেষ্টা। मादारवना क्रिय शांकि मृत्म, বুঝি গতজন্মের পুণ্যে পায় মোর উদাসীন চিত্ত রূপে রূপে অরূপের বিত্ত। নাই তার সঞ্চয়তৃষ্ণা, নষ্ট করাতে তার নিষ্ঠা। মোমাছি-স্বভাবটা পায় নাই, ভবিশ্বতের কোনো দায় নাই। वयद रययन यधु निरुष्ट ষথন ষেমন তার ইচ্ছে। অকিঞ্চনের মতো কুঞ্জে निতा जानमत्रम ज्रा त्योठाक द्राठ ना की कत्म-ব্যৰ্থ বলিয়া তারে অন্তো

গাল দিক, খেদ নাই তা নিয়ে। জীবনটা চলেছে সে বানিয়ে আলোতে বাতাসে আর গঙ্কে আপন পাথা-নাড়ার ছন্দে। জগতের উপকার করতে চায় না সে প্রাণপণে মরতে, কিম্বা দে নিজের শ্রীবৃদ্ধির টিকি দেখিল না আজো সিদ্ধির। কভু যার পায় নাই তত্ত তারি গুণগান নিয়ে মন্ত। याश-किছू रुग्न नारे পहे, या मिरग्रट् ना-পा अग्रात कहे, যা রয়েছে অভ্যাদের বস্তু, তারেই দে বলিয়াছে 'অস্ত'। याहा नरह गणनाय गणा তারি রসে হয়েছে সে ধকা। তবে কেন চাও তারে আনতে পাব্লিশরের চক্রান্তে। যে রবি চলেছে আৰু অস্তে দেবে সমালোচকের হস্তে ? বসে আছি, প্রলয়ের পথ-কার কবে করিবেন তার সৎকার। নিশীথিনী নেবে তারে বাহুতে, তার আগে খাবে কেন রাছতে ? কলমটা তবে আজ তোলা থাক, স্তুতিনিন্দার দোলে দোলা থাক।

আজি শুধু ধরণীর স্পর্ণ এনে দিক অন্তিম হর্ষ। বোবা তরুলতিকার বাক্য। দিক তারে অসীমের দাক্ষ্য।

### অভ্যাগত

গান

মনে হল যেন পেরিয়ে এলেম
অন্তবিহীন পথ
আসিতে তোমার খারে,
মক্ষতীর হতে স্থাশ্রামলিম পারে।
পথ হতে আমি গাঁথিয়া এনেছি
সিক্ত যুথীর মালা
সকরুণ নিবেদনের গন্ধ -ঢালা,
শক্ষা দিয়ো না তারে।

সজল মেষের ছায়া ঘনাইছে
বনে বনে,
পথ-হারানোর বাজিছে বেদনা
সমীরণে।
দ্র হতে আমি দেখেছি তোমার
ঐ বাতায়নতলে
নিভূতে প্রদীপ জলে—
আমার এ আথি উৎস্ক পাথি
ঝড়ের অক্কারে।

২২ জ্বাব্ৰ ১৩৪২ শান্তিনিকেতন

## মাটিতে-আলোতে

আরবার কোলে এল শরতের ভদ্র দেবশিশু, মরতের সবুজ কুটীরে। আরবার বুঝিতেছি মনে— বৈকুঠের স্থর যবে বেজে ওঠে মর্ভের গগনে

#### त्रवीख-त्रव्यावनी

মাটির বাঁশিতে, চিরস্তন রচে থেলাঘর
অনিতার প্রাঙ্গণের 'পর,
তথন সে সন্মিলিত লীলারস তারি
ভরে নিই যভটুকু পারি
আমার বাণীর পাত্রে, ছন্দের আনন্দে তারে
বহে নিই চেতনার শেষ পারে,
বাক্য আর বাক্যহীন
সত্যে আর স্বপ্নে হয় লীন।

হালোকে ভূলোকে মিলে খ্যামলে সোনায় মন্ত্র রেখে দিয়ে গেছে বর্ষে বর্ষে আঁথির কোণায়; তাই প্রিয়ম্থে চক্ষু যে পরশটুকু পায়, তার ছ:থে স্থথে नारंग स्था, नारंग स्व ; তার মাঝে সে রহস্য স্থমধুর অমূভব করি যাহা স্থগভীর আছে ভরি কচি ধানথেতে — রিক্ত প্রাস্তরের শেষে অরণাের নীলিম সংকেতে, আমলকীপল্লবের পেলব উল্লাদে, মঞ্জরিত কাশে, অপরাহ্নকাল তুলিয়া গেক্য়াবর্ণ পাল পাঙ্পীত বাল্ডট বেয়ে বেয়ে षांत्र ८४८ग्र তমী তরী গতির বিহাতে হেলে পড়ে যে বহস্ত সে ভঙ্গীটুকুতে, চটুল দোয়েল পাখি সবুজেভে চমক ঘটায় কালো আর সাদার ছটায়

অকশ্বাৎ ধায় ক্রত শিরীষের উচ্চ শাখা-পানে চকিত সে ওড়াটিতে যে রহস্ত বিজ্ঞড়িত গানে।

ट् एक्षप्रमी, अ जीवतन ভোমারে হেরিয়াছিম যে নয়নে দে নহে কেবলমাত্র দেখার ইন্দ্রিয়, সেখানে জেলেছে দীপ বিশের অম্বরতম প্রিয়। আঁথিতারা স্থলবের পরশমণির মায়া -ভরা, দৃষ্টি মোর দে তো স্ষষ্টি-করা। তোমার যে সত্তাখানি প্রকাশিলে মোর বেদনায় किছू जाना किছू ना-जानाय, ষারে লয়ে আলো আর মাটিতে মিতালি, আমার ছন্দের ডালি উৎসর্গ করেছি তারে বারে বারে— সেই উপহারে পেয়েছে আপন অর্ঘ্য ধরণীর সকল স্থন্দর। আমার অস্তর রচিয়াছে নিভৃত কুলায় স্বর্গের-সোহাগে-ধক্ত পবিত্র ধুলায়।

২৫ জগস্ট ১৯৩৫ শাস্তিনিকেতন

## মুক্তি

জয় করেছিছ মন ভাহা বৃশ্বি নাই,
চলে গেছ ভাই
নতশিরে।
মনে কীণ আশা ছিল ডাকিবে সে ফিরে।
মানিল না হার,
আমারে করিল অস্বীকার।

বাহিরে রহিন্থ খাড়া কিছুকাল, না পেলেম সাড়া। তোরণদ্বারের কাছে চাপাগাছে দক্ষিণ বাতাসে পরপরি অন্ধকারে পাতাগুলি উঠিল মর্মবি। দাঁড়ালেম পথপাশে, উর্দ্ধে বাতায়ন-পানে তাকালেম বার্থ কী আশাসে। দেখিমু নিবানো বাতি— আত্মগুপ্ত অহংকৃত রাতি কক্ষ হতে পথিকেরে হানিছে জকুটি। এ কথা ভাবি নি মনে, অন্ধকারে ভূমিতলে ল্টি হয়তো সে করিতেছে থান থান তীব্রঘাতে আপনার অভিমান। দূর হতে দূরে গেম্থ সরে প্রত্যাখ্যানলাস্থনার বোঝা বক্ষে ধরে। চরের বালুতে ঠেকা পরিত্যক্ত তরীসম রহিল সে একা।

আধিনের ভোরবেলা চেয়ে দেখি পথে যেতে ষেতে
ক্ষীণ কুয়াশায় ঢাকা কচিধানথেতে
দাঁড়িয়ে রয়েছে বক,
দিগন্তে মেঘের গুল্ছে ছুলিয়াছে উষার অলক।
সহসা উঠিল বলি হাদ্য আমার,
দেখিলাম যাহা দেখিবার
নির্মল আলোকে
মোহমূক্ত চোথে।
কামনার যে পিশ্বরে শাস্তিহীন
অবক্তম্ম ছিম্ব এতদিন

নিষ্ঠুর আঘাতে তার
তেঙে গেছে যার—
নিরম্ভর আকাজ্জার এসেছি বাহিরে
সীমাহীন বৈরাগ্যের তীরে।
আপনারে শীর্ণ করি
দিবসশর্বরী
ছিম্ম জাগি
মৃষ্টিভিক্ষা লাগি।
উন্মুক্ত বাডাসে
থাঁচার পাথির গান ছাড়া আজি পেয়েছে আকাশে।

সহসা দেখিত্ব প্রাতে যে আমারে মৃক্তি দিল আপনার হাতে সে আজো রয়েছে পড়ি আমারি সে ভেঙে-পড়া পিঞ্চর আঁকড়ি।

২০ ভাজ ১৩৪২ [ শান্তিনিকেতন ]

## द्रश्यी

তৃ: श তৃমি একা,

বেতে যেতে কটাক্ষেতে পেলে দেখা—
হোথা তৃটি নরনারী নববসন্তের কুঞ্জবনে
দক্ষিণ পবনে।

বৃষি মনে হল, ষেন চারিধার
সঙ্গীহীন তোমারেই দিতেছে ধিকার।
মনে হল, রোমাঞ্চিত অরণ্যের কিললয়
এ তোমার নয়।
ঘনপুঞ্জ অশোকমঞ্জরী
বাতাসের আন্দোলনে ঝরি ঝরি

প্রহরে প্রহরে ষে নৃত্যের তরে বিছাইছে আন্তরণ বনবীথিময়, সে তোমার নয়। का स्तान अरे इन्न, अरे गान, **এই মাধুর্ঘের দান**, ষুণে যুগান্তরে শুধু মধুরের তরে কমলার আশীর্বাদ করিছে সঞ্চয়, সে তোমার নয়। অপর্যাপ্ত ঐশ্বর্যের মাঝখান দিয়া অকিঞ্চনহিয়া চলিয়াছ দিনরাতি, नाई माथि, পাথেয় সম্বল নাই প্রাণে, खधू कारन চারি দিক হতে দবে কয়---'এ তোমার নয়'।

তব্ মনে রেখো, হে পথিক,
ফুর্নাগ্য তোমার চেয়ে অনেক অধিক
আছে ভবে।
ফুই জনে পাশাপাশি যবে
রহে একা তার চেয়ে একা কিছু নাই এ ভুবনে।
ফুজনার অসংলগ্ন মনে
ছিদ্রময় যৌবনের ভরী
অঞ্চর তরকে ওঠে ভরি—
বসন্তের রসরাশি সেও হয় দারুণ তুর্বহ,
যুগলের নিঃসঙ্গতা নিষ্ঠুর বিরহ।

তুমি একা, বিক্ত ভব চিন্তাকাশে কোনো বিদ্ন নাই;
সেধা পায় ঠাই

পাস্থ মেঘদল—
লয়ে রবিরন্মি লয়ে অঞ্চলল
ক্ষণিকের স্বপ্নস্থা করিয়া রচনা
অন্তসমূদ্রের পারে ভেসে তারা যায় অক্তমনা।
চেয়ে দেখো, দোহে যারা হোধা আছে
কাছে-কাছে

তবু ষাহাদের মাঝে

অস্তহীন বিচ্ছেদ বিরাজে— কুস্থমিত এ বসস্ত, এ আকাশ, এই বন,

থাঁচার মতন
ক্ষমার, নাহি কহে কথা—
তারাও ওদের কাছে হারালো অপূর্ব অসীমতা।
ত্তানের জীবনের মিলিত অঞ্চলি,
তাহারি শিথিল ফাঁকে ত্জনের বিশ্ব পড়ে গলি।

৬ আষাঢ় ১৩৪০ দার্জিলিং

## मृला ।

আমি এ পথের ধারে

একা রই—

থেতে থেতে যাহা-কিছু ফেলে রেখে গেছ মোর হারে

মূল্য তার হোক না ষতই

তাহে মোর দেনা

পরিশোধ কখনো হবে না।

দেব ব'লে যাহা কভু দেওয়া নাহি যায়, চেয়ে যাহা কেহ নাহি পায়, ষে ধনের ভাণ্ডারের চাবি আছে

অন্তর্গামী কোন্ গুপ্ত দেবতার কাছে
কেহ নাহি জানে—

আগন্তক, অকস্মাৎ সে হুর্লভ দানে
ভরিল তোমার হাত অন্তমনে পথে যাতায়াতে।

পড়ে ছিল গাছের তগাতে
দৈবাৎ বাতাসে ফল,
স্থার সম্বল।
অমাচিত সে স্থোগে খুশি হয়ে একটুকু হেসো;
তার বেশি দিতে যদি এসো,
তবে জেনো মূল্য নেই
মূল্য তার সেই।

দূরে যাও, ভুলে **ষাও ভালো সেও**তাহারে কোরো না হেয়
দানস্বীকারের ছলে
দাতার উদ্দেশে কিছু রেথে ধৃলিতলে।

শেপ্টেম্বর ১৯৩৫শান্তিনিকেতন ]

## ঋতু-অবসান

একদা বসস্থে মোর বনশাথে ষবে

মৃকুলে পল্পবে

উদ্বারিত আনন্দের আমন্ত্রণ
গল্পে বর্ণে দিল ব্যাপি ফাল্পনের পবন গগন,

সেদিন এসেছে ষারা বীথিকায়—

কেহ এল কৃষ্ঠিত বিধায়;

চটুল চরণ কারো তূপে তূপে বাঁকিয়া বাঁকিয়া
নির্দয় দলনচিক্ গিয়েছে আঁকিয়া

অগংকোচ নৃপুরঝংকারে,
কটাক্ষের খরধারে
উচ্চহাস্ত করেছে শাণিত ;
কেহ বা করেছে ক্লান অমানিত
অকারণ সংশয়েতে আপনারে
অবগুঠনের অন্ধনারে;
কেহ তারা নিয়েছিল তুলি
গোপনে ছায়ায় ফিরি তরুতলে ঝরা ফুলগুলি;
কেহ ছিন্ন করি
ভুলেছিল মাধবীমঞ্জরী,
কিছু তার পথে পথে ফেলেছে ছড়ায়ে,
কিছু তার বেণীতে জড়ায়ে
অক্তমনে গেছে চলে গুন্তুন্ গানে।

আজি এ ঋতুর অবসানে

হায়াঘন বীথি মোর নিস্তন্ধ নির্ধন;

মৌমাছির মধ্-আহরণ

হল সারা;

সমীরণ গন্ধহারা

তৃণে তৃণে ফেলিছে নিশ্বাস।

পাতার আড়াল ভরি একে একে পেতেছে প্রকাশ

অচঞ্চল ফলগুল্ছ ষত,

শাখা অবনত।

নিয়ে সাজি

কোখা তারা গেল আজি—

গোধ্লিছায়াতে হল লীন

যারা এসেছিল একদিন

কলরবে কায়া ও হাসিতে

দিতে আর নিতে।

আজি লয়ে মোর দানভার
ভরিয়াছি নিভৃত অন্তর আপনার—
অপ্রগল্ভ গৃঢ় সার্থকতা
নাহি জানে কথা।
নিশীথ যেমন স্তর্জ নিষ্প্ত ভূবনে
আপনার মনে
আপনার তারাগুলি
কোন্ বিরাটের পায়ে ধরিয়াছে ভূলি
নাহি জানে আপনি সে—
স্থদ্র প্রভাত-পানে চাহিয়া রয়েছে নির্নিমেষে।

১৯ ভাব্র ১৩৪২ [শান্তিনিকেতন]

#### নমস্কার

প্রভূ,

পৃষ্ঠিতে তব আনন্দ আছে

মমত্ব নাই তব্,
ভাঙায় গড়ায় সমান তোমার লীলা।
তব নিঝ'রধারা
যে বারতা বহি সাগরের পানে
চলেছে আত্মহারা
প্রতিবাদ তারি করিছে তোমার শিলা।
দোহার এ ত্ই বাণী,
ওগো উদাসীন, আপনার মনে
সমান নিতেছ মানি—
সকল বিরোধ তাই তো তোমায়
চরমে হারায় বাণী।

বর্তমানের ছবি
দেখি যবে, দেখি, নাচে তার বুকে
ভৈরব ভৈরবী।
তুমি কী দেখিছ তুমিই তা জানো
নিত্যকালের কবি—
কোন্ কালিমার সম্দ্রক্লে
উদয়াচলের রবি।

য্ঝিছে মন্দ ভালো।
ভোমার অসীম দৃষ্টিক্ষেত্রে
কালো সে রয় না কালো।
অঙ্গার সে তো ভোমার চক্ষে
ছদ্মবেশের আলো।

তু:খ লজ্জা ভয়
ব্যাপিয়া চলেছে উগ্ৰ যাতনা
মানববিশ্বময়;
সেই বেদনায় লভিছে জন্ম
বীরের বিপুল জয়।
হে কঠোর, তুমি সমান দাও,
দাও না ভো প্রশ্রয়।

তপ্ত পাত্র ভরি প্রসাদ ভোমার রুদ্র জালায় দিয়েছ অগ্রসরি— যে আছে দীপ্ত তেজের পিপাস্থ নিক ভাহা পান করি।

নিঠুর পীড়নে ধার ভক্রাবিহীন কঠিন দণ্ডে মথিছে অন্ধ্যার, তুলিছে আলোড়ি অমৃতজ্যোতি, তাঁহারে নমন্বার।

৩ অগস্ট ১৯৩৫ শাস্তিনিকেতন

## আশ্বিনে

আকাশ আজিকে নিৰ্মলতম নীল, উজ্জ্বল আজি চাঁপার বরন আলো; সবুজে সোনায় ভূলোকে হ্যলোকে মিল দূরে-চাওয়া মোর নয়নে লেগেছে ভালো। ঘাসে ঝ'রে-পড়া শিউলির সৌরভে মন-কেমনের বেদনা বাভাসে লাগে। মালতীবিতানে শালিকের কলরবে কাজ-ছাড়া-পাওয়া ছুটির আভাস জাগে। এমনি শরতে ছেলেবেলাকার দেশে রূপকথাটির নবীন রাজার ছেলে বাহিরে ছুটিতে কী জানি কী উদ্দেশে এপারের চিরপরিচিত ঘর ফেলে। আজি মোর মনে সে রূপকথার মায়া ঘনায়ে উঠিছে চাহিয়া আকাশ-পানে; তেপাস্থরের স্থদ্র আলোকছায়া ছড়ায়ে পড়িল ঘরছাড়া মোর প্রাণে। মন বলে, 'ওগো অজানা বন্ধু, তব সন্ধানে আমি সমুদ্রে দিব পাড়ি। ব্যথিত হৃদয়ে পরশরতন লব চিরসঞ্চিত দৈক্তের বোঝা ছাড়ি। দিন গেছে মোর, বুথা বয়ে গেছে রাভি, বসস্ত গেছে খারে দিয়ে মিছে নাড়া; अँ एक भारे नारे मुख घरतत माथि --वक्नगत्क मिर्ग्रिष्टिन वृक्षि माफा।

#### वीषिका

আজি আম্বিনে প্রিয়-ইন্সিত-সম
নেমে আসে বাণী করুণকিরণ-ঢালা—
চিরজীবনের হারানো বন্ধু মম,
এবার এসেছে ভোমারে থোঁজার পালা।

৭ সেন্টেম্বর ১৯৩৫ শাস্তিনিকেতন

### নিঃশ্ব

কী আশা নিয়ে এসেছ হেথা উৎসবের দল।
অভিথি লাগি রাথে নি আয়োজন।
হায় সে নির্ধন
ভকানো গাছে আকাশে শাখা তুলি
কাঙালসম মেলেছে অঙ্গুলি;
হ্রসভার অপ্সরার চরণঘাত মাগি
রয়েছে ঝুণা জাগি।

আরেকদিন এসেছ যবে সেদিন ফুলে ফুলে
ধৌবনের তুফান দিল তুলে।
দখিনবায়ে তরুণ ফান্ধনে
শ্রামল বনবল্পভের পায়ের ধ্বনি শুনে
পল্লবের আসন দিল পাতি;
মর্মরিত প্রলাপবাণী কহিল সারারাতি।

ষেয়ো না ফিরে, একটু তবু রোসো,
নিভৃত তার প্রাঙ্গণেতে এসেছ যদি— বোসো।
ব্যাকুলতার নীরব আবেদনে
যে দিন গেছে সে দিনখানি জাগায়ে জোলো মনে।
যে দান মৃত্ হেসে
কিশোর করে নিয়েছ তুলি, পরেছ কালো কেশে,

তাহারি ছবি শ্বরিয়ো মোর শুকানো শাথা-পাগে প্রভাতবেলা নবীনারুণরাগে। সেদিনকার গানের থেকে চয়ন করি কথা ভরিয়া তোলো আজি এ নীরবভা।

২**৭ ভাজ** ১৩৪২ শান্তিনিকেতন

#### দেবতা

দেবতা মানবলোকে ধরা দিতে চায় মানবের অনিতা লীলায়। মাঝে মাঝে দেখি তাই— আমি যেন নাই, কংকৃত বীণার তন্ত্রসম দেহখানা হয় যেন অদুশ্ৰ অঞ্চানা; আকাশের অভিদূর স্বা নীলিমায় সংগীতে হারায়ে ষায়; নিবিড় আনন্দরপে পল্লবের স্থূপে আমলকীবীথিকার গাছে গাছে ব্যাপ্ত হয় শরতের আলোকের নাচে। প্রেয়সীর প্রেমে প্রত্যহের ধূলি-আবরণ যায় নেমে দৃষ্টি হতে, শ্রুতি হতে; **স্বৰ্গম্বাতোতে** ধোত হয় নিথিলগগন--যাহা দেখি যাহা শুনি তাহা যে একাস্ত অতুলন। মর্তের অমৃতরদে দেবতার ক্লচি পাই যেন আপনাতে, সীমা হতে সীমা যায় ঘূচি। দেবসেনাপতি
নিমে আসে আপনার দিব্যজ্যোতি

যথন মরণপণে হানি অমঙ্গল ।

ত্যাগের বিপুল বল
কোপা হতে বক্ষে আসে;

অনায়াসে

দাঁড়াই উপেক্ষা করি প্রচণ্ড অন্তায়ে

অক্টিত সর্বন্ধের ব্যয়ে।

তথন মৃত্যুর বক্ষ হতে

দেবতা বাহিরি আসে অমৃত-আলোতে;

তথন তাহার পরিচয়

মর্তলোকে অমর্ডেরে করি তোলে অক্ট্র অক্স্ম

২৬ শ্রাবণ ১৩৪২ শাস্তিনিকেতন

#### ্ৰেষ

বহি লয়ে অতীতের সকল বেদনা,
ক্লান্তি লয়ে, মানি লয়ে, লয়ে মৃহুর্তের আবর্জনা,
লয়ে প্রীতি,
লয়ে স্থশ্বতি,
আলিঙ্গন ধীরে ধীরে শিথিল করিয়া
এই দেহ যেতেছে সরিয়া
মোর কাছ হতে।
সেই রিক্ত অবকাশ যে আলোতে
পূর্ণ হয়ে আদে
অনাসক্ত আনন্দ-উদ্ভাসে
নির্মল পরশ ভার
খ্লি দিল গত রজনীর ভার।

নবজীবনের রেখা

আলোরপে প্রথম দিতেছে দেখা;
কোনো চিহ্ন পড়ে নাই তাহে,
কোনো ভার; ভাসিতেছে সন্তার প্রবাহে
সৃষ্টির আদিমতারা-সম

এ চৈতন্ত মম।

ক্ষোভ তার নাই হংখে স্থথে;
যাত্রার আরম্ভ তার নাহি জানি কোন্ লক্ষ্যমুখে।

পিছনের ডাক
আসিতেছে শীর্ণ হয়ে; সম্মুখেতে নিস্তর্ক নির্বাক্
ভবিশ্বৎ জ্যোতির্ময়

অশোক অভয়,
স্বাক্ষর লিখিল তাহে স্থ্য অন্তগামী।

যে মন্ত্র উদান্ত স্থরে উঠে শুন্তে সেই মন্ত্র— 'আমি'।

৮ সেপ্টেম্বর ১৯৩৫ শান্তিনিকেতন

#### জাগরণ

দেহে মনে স্থপ্তি যবে করে ভর

সহসা চৈতন্তলোকে আনে করান্তর,

জাগ্রত জগৎ চলে যায়

মিথ্যার কোঠায়।

তথন নিদ্রার শৃষ্ণ ভরি

স্থপ্রসৃষ্টি শুরু হয়, ধ্রুব সত্য তারে মনে করি।

সেও ভেঙে যায় ঘবে

পুনর্বার জেগে উঠি অন্ত এক ভবে;

তথনি তাহারে সত্য বলি,

নিশ্চিত স্থপ্নের রূপ অনিশ্চিতে কোথা যায় চলি।

তাই ভাবি মনে,

যদি এ জীবন মোর গাঁথা থাকে মায়ার স্থপনে,

মৃত্যুর আঘাতে জেগে উঠে

আজিকার এ জগং অকমাং যায় টুটে,

সবকিছু অন্ত-এক অর্থে দেখি—

চিত্ত মোর চমকিয়া সত্য বলি তারে জানিবে কি ?

সহসা কি উদিবে ম্মরণে

ইহাই জাগ্রত সত্য অন্তকালে ছিল তার মনে ?

২**৯** ভাদ্র ১৩৪২ শাস্তিনিকেতন

# नां छेक । श्रामन

# শেষরকা

## নাটকের পাত্রগণ

চক্ৰকান্ত কান্তমণি

विताम हेन्

গদাই কমল

নিবারণ বুড়ি

শিব ঠাকুরদাসী

ভূত্য

নলিনাক

শ্রীপতি

ভূপতি

**म्**त्रिष

ললিত

# শেষরক্ষা

## প্রথম অঞ্চ

## প্রথম দৃশ্য

#### নিবারণবাবুর বাসা

#### ক্ষান্তমণি ও ইন্দু

কাস্তমণি। কী আর বলব আমি তোকে, আমার তো হাড় জালাতন। আমার ঘরে যতগুলো লোক জোটে সব চেয়ে লক্ষীছাড়া হচ্ছে ঐ বিনোদ।

ইন্। সেইজন্তেই লক্ষ্মীদের মহলে সব চেয়ে তার পসার ভারী— লক্ষ্মী যে ছাড়ে লক্ষ্মী তারই পিছনে পিছনে ছোটে।

কাস্তমণি। কেন ভাই, তোর ওকে পছন্দ নাকি ?

ইনু। আরেকটু হলেই হতে পারত। কিস্কু সে ফাড়া কেটে গেছে।

काल्यि । की क'रत कांग्रेन ?

উন্। দিদি আগেই তাকে পছন্দ করে বসে আছে। আমাকে আর সময় দিলেনা।

कास्त्रिमि । विनिन की ! क्यन नाकि ? तम एक तम्थल कथन ?

ইন্। দেখে নি। সেইটেই তো বিপদ। শব্দভেদী বাণের কথা রামায়ণে শোন নি?

ক্ষান্তমণি। শুনেছি।

ইন্। সব চেয়ে শব্দ বাণ হল সেইটে। শব্দের রাস্তা বেয়ে কখন এসে বুকে বেঁধে, কেউ দেখতেই পায় না।

ক্ষাস্তমণি। একটু ভাই, বৃথিয়ে বল্। তোদের মতো আমার অত পড়ান্তনো নেই। ইন্নু। সেইটেভেই তোমার রক্ষে। নইলে কেবল পড়াশোনার ক্ষােরেই মরণ হতে পারত, দেখাশোনার দরকার হত না। তোমার বিনােদবাবু যে কবি তা জান না! কান্তমণি। তা হোক-না কবি, হয়েছে কী ?

ইন্। কমলদিদি ওর বই লুকিয়ে পড়ে। সেইটেই থারাপ লক্ষণ। বিনোদ-বাবুর 'আঙুরলতা' বইথানা ওর বালিশের নীচে থাকে। আর তাঁর 'কাননকুস্থমিকা' রেখেছে ধোবার বাড়ির হিসেবের থাতার তলায়।

ক্ষান্তমণি। কিন্তু ওর মৃথে তো বিনোদবাবুর নামও শুনি নি।
ইন্দু। নামটা বুকের মধ্যে বাসা করেছে, তাই মূথে বের হতে চায় না।
ক্ষান্তমণি। কী ষে বলিস, বুঝতে পারি নে— ওর লেখায় এমন কী মন্ত্র আছে
বল তো। আমাকে একটু নমুনা দে দেখি।

ইন্দু। তবে শোনো—

রসনায় ভাষা নাই, থাকি চুপে চুপে,

অস্তরে জোগায় সে যে বাণী।

সময় পায় না আঁথি মজিবারে রূপে,

গোপনে স্বপনে তারে জানি।

कां ख्यानि। शय तत्र, की अवराज्यी वार्तत्र नम्ना!

ইন্। কমলদিদি খাতায় লিখে রেখেছে, এই ওর জপের মন্ত্র। শব্দভেদী বাণের ধে জোর কত তা প্রত্যক্ষ দেখতে চাও?

ক্ষান্তমণি। চাই বৈকি, জ্বেন রাখা ভালো। ইন্। (নেপথো চাহিয়া) দিদি! দিদি!

#### সেলাই হাতে কমলের প্রবেশ

क्मन। क्न? इस्राइ की?

ইন্। এখনো বিশেষ কিছু হয় নি, কিন্তু হতে কভক্ষণ ? বিধাতা আমাদের চেয়েও পর্দানশীন, আড়ালে বসে বসে তোমার দাধের স্বপ্লকে মূর্তি দিচ্ছেন।

কমল। সে খবর দেবার জন্মে তোমায় ডাকাডাকি করতে হবে না।

ইন্। তা জানি ভাই, থবর পাকা হলে বিধাতা আপনিই দৃত পাঠিয়ে দেবেন। আমি সেজন্যে ভাবিও নি। স্থীপরিষদে আমাকে গান গাইতে ধরেছে। স্বরনিপি থেকে তুমি যে নতুন গানটি শিথেছ আমাকে শিথিয়ে দাও। স্পাস্তদিদিও সেইজন্যে বসে আছেন— আমি জানি, তোমার গান উনি চক্রবাবুর চটি জ্তোর আওয়াজের প্রায় সমতুল্য বলেই জানেন।

कास्त्रिमि। हेन्द्र कथा भारता धकवात । ध व्यावात व्यापि करव वलन्य !

ইন্দু। তা হলে সমতুল্য বলাটা ভূল হয়েছে, তার চেয়ে নাহয় কিছু নীরসই হল। সে তর্ক পরে হবে, তুমি গান গাও।

कमन।

গান

ভাকিল মোরে জাগার সাথি।
প্রাণের মাঝে বিভাস বাজে,
প্রভাত হল আঁধার রাতি।
বাজায় বাঁশি তন্দ্রাভাঙা,
ছড়ায় তারি বসন রাঙা,
ফুলের বাসে এই বাতাসে
কী মায়াখানি দিয়েছে গাঁথি।
গোপনতম অন্তরে কী
লেখনরেখা দিয়েছে লেখি!
মন তো তারি নাম জানে না,
রূপ আজিও নয় যে চেনা,
বেদনা মম বিছায়ে দিয়ে
রেখেছি তারি আসন পাতি।

ইন্। কান্তদিদি, ঐ চেয়ে দেখো, বাণ পৌচেছে! কান্তমণি। কোথায়?

ইন্। আমাদের এই গলির আকাশ পার হয়ে, ঠেকেছে গিয়ে তোমাদের বাড়ির ঐ দরজাতে।

ক্ষাস্তমণি। ইন্দু, তুই স্বপ্ন দেখছিদ নাকি ? ইন্। ঐ দেখো-না, তোমাদের বন্ধ দরকার থড়্থড়ে খুলে গেছে। ক্ষাস্তমণি। তা তো দেখছি। ইন্। কমলদিদি, ব্ঝতে পেরেছ?

कमन। षाः, की रम रिकन छात्र ठिक स्नेह।

ইন্। ঐ খোলা খড়্খড়ির ফাঁক দিয়ে কবিকুঞ্জবনের দীর্ঘনিশাস উচ্চ্সিত। ঐ খড়্খড়ির পিছনে একটা ধড়্ফড়ানি দেখতে পাচ্ছ ?

কমল। কিসের ধড়্ফড়ানি ? ইন্। সেই থবরটাই তো চোথের আড়ালে রয়ে গেল। গান

হায় রে,

প্রে যায় না কি জানা!
নয়ন ওরে খুঁজে বেড়ায়,
পায় না ঠিকানা।
অলথ পথেই যাওয়া-আসা,
গন্ধে শুধু হাওয়ায় হাওয়ায়
রইল নিশানা।
কেমন ক'রে জানাই তারে,
বসে আছি পথের ধারে।
প্রাণে এল সন্ধ্যাবেলা
আলোয় ছায়ায় রঙিন খেলা,
ঝ'রে-পড়া বকুলদলে
বিছায় বিছানা।

ক্ষান্তমণি। ওলো ইন্দু, দেখ দেখ থড়্খড়ে আরো ফাঁক হয়ে উঠল যে। ইন্দু। এবার তুমি যদি গান ধর তা হলে দেয়াল হন্দ ফাঁক হয়ে যাবে!

ক্ষান্তমণি। আর ঠাট্টা করতে হবে না, যাঃ। তোর কথা শুনে ভেবেছিলুম, একা কমলই বৃঝি শব্দভেদী বাণের তীরন্দান্ধ। বিধাতা কি তোদের সকলেরই গলাম বাণ বোঝাই করেছেন! হাতের কাছে এত বিপদ ক্ষমা হয়ে আছে, এ তো জানতুম না।

ইন্। স্টেকর্তা সংকল্প করেছেন পুরুষমেধ যজ্ঞ করতে— তারি সহায়তায় নারীদের ডাক পড়েছে। সবাই ছুটে আসহে, কেউ কণ্ঠ নিয়ে, কেউ কটাক্ষ নিয়ে; কারো বা কুটিল হাস্ত, কারো বা কুঞ্চিত কেশকলাপ; কারো বা সর্গের তেল ও লহার বাটনা -যোগে বুক-জালানি রানা।

ক্ষান্তমণি। কিন্তু তোদের সব বাণই কি ঐ একটা খড় খড়ে দিয়ে গলবে নাকি ? ইন্দু। কবির হৃদয়টা দরাজ, বড়ো বোনের পাকা হাত আর ছোটো বোনের কাঁচা হাত কারো লক্ষ্যই ফসকায় না।

ক্ষান্তমণি। তা যেন হল, তার পরে অংশ নিয়ে তোদের মামলা বাধবে না ? ইন্দু। তাই তো বলে রেখেছি, আমি দাবি করব না। কমল। এত নিঃস্বার্থ হবার দরকার কী ? ইন্। কমলদিনি, জীবনের অন্ধণান্তে পুরুষরা আছে গুণের কোঠায়, মেয়েরা ভাগের কোঠায়। ওদের বেলায় হইয়ের দ্বারা হয় দ্বিগুণ, আমাদের বেলায় হইয়ের দ্বারা হয় দ্বিগুণ, আমাদের বেলায় হইয়ের দ্বারা হয় দ্বজাগ। তাই তোমাকে রান্তা ছেড়ে দিয়েছি— নইলে হই বোনে মিলে এ খড় খড়েটার কব্ জা এতদিনে ঝর্ঝরে করে দিতুম।

কমল। কেন, রান্তা কি আমি ছাড়তে জানি নে ?

ইন্দু। আমি ওঁর কবিতাবিছানো রাস্তায় এক পা চলতে পারব না। মানেই বুঝতে পারি নে— হুঁচট থেয়ে মরব।

ক্ষান্তমণি। তোরা হজনে মিলে রফানিপান্তি করে নে, আমার কাজ আছে, যাই। ইন্দু। বেলা গিয়েছে, এখন আবার তোমার কাজ ?

ক্ষাস্তমণি। যত বেকারের দল, কথন কী থেয়াল যায় ঠিক নেই। হয়তো হঠাৎ হকুম হবে, তপ্সি মাছ ভাজা চাই; নয়তো কড়াইশুটির কচুরি, নয়তো হাঁসের ডিমের বড়া।

ইন্। একটু দাঁড়াও, আমরাও যাচ্ছি। তোমার সঙ্গে কর্মবিভাগ করে নেব। আমরা লাগব চেখে দেখবার কঠিন কাজে। কমলদিদি, ঐ দেখো, খড়খড়েটা লুক চকোরের চঞ্ব মতো এখনো হাঁ করে রয়েছে। দেখে তৃঃখ হচ্ছে।

কমল। এত দয়া যদি তো স্থা তুমিই ঢালো-না। আমি চললুম। ইন্দু। না, দিদি।

গান

যাবার বেলা শেষ কথাটি যাও বলে,
কোন্থানে যে মন লুকানো দাও বলে।
চপল লীলা ছলনাভরে
বেদনখানি আড়াল করে,
যে বাণী তব হয় নি বলা নাও বলে।

হাসির বাণে হেনেছ কত শ্লেষকথা,
নয়ন দলে ভরো গো আজি শেষকথা।
হায় রে অভিমানিনী নারী,
বিরহ হল দ্বিগুণ ভারী
দানের ডালি ফিরায়ে নিতে চাও বলে।

আচ্ছা ভাই, ক্ষাস্তদিদি, ঐ বড়্বড়ের পিছনে কোন্ মাহ্যটি বসে আছে আন্দাজ করে। দেখি। চন্দরবার ? ক্ষাস্তমণি। না, ভাই, তার আর যাই দোষ থাক, তোদের শব্দভেদী বাণ তাকে পৌছয় না, সে আমি থুব দেখে নিয়েছি।

ইন্দু। অর্থাং, আমাদের চন্দ্রের যা কলঙ্ক সেটা কেবল মুখের উপরে, তার জ্যোংস্নায় কোনো দাগ পড়ে না। তোমাদের লক্ষীছাড়া দলে আর কে আছে নাম করো দেখি।

ক্ষান্তমণি। আর-একজন আছে, তার নাম গদাই।

ইন্। আরে, ছি ছি । অমন নাম যার তার খড়্খড়ে চিরদিন যেন বোজা থাকে।

কান্তমণি। নাম শুনেই যে তোর—

ইন্দ্। নামের দাম কম নম্ন দিদি। ভেবে দেখো তো, দৈবছর্যোগে গদাই যদি 'কাননকু স্থমিকা'র কবি হত তা হলে কবির নাম জপ করবার সময় দিদি কী মৃশকিলেই পড়ত। ভক্তি হত না, স্নতরাং মৃক্তিও পেত না।

কমল। দিদির মৃক্তির জত্যে তোমাকে অত ভাবতে হবে না। এখন নিজের কথা চিস্তা করবার সময় হয়েছে।

ইন্। সেইজন্মেই তো নাম বাছাই করতে লেগে গেছি। সময় নষ্ট করতে চাই নে। আমার স্বয়ম্বরসভায় নিমন্ত্রণের ফর্দ থেকে গদাই নামটা কাটা পড়ল।

কমল। তা হলে এইবেলা তোমার পছন্দসই নামের একটা ফর্দ করা যাক। কুমুদ কিরকম ?

हेम्। हत्न योग्र।

ক্ষল। নিকুঞ্জ?

ইন্। চলতেও পারে, কিন্তু উপবাসের মৃথে, অর্থাৎ দ্বাদশী তিথিতে।

কমল। পরিমল?

ইন্। মালাবদলের সময় নাম-বদল করতে হবে, সে হবে ইন্ আমি হব পরিমল। যা হোক এগুলো চলতেও পারে— কিন্তু গদাই ় নৈব নৈব চ।

काछ। की य পাগनां मि कतिहम हेन् ! हन्, आयात कांक आहि।

# দ্বিতীয় দৃশ্য

#### চন্দ্রবাবুর বাসা

চন্দ্র। ভাই বিন্দা, তোমাকে দেখে বোধ হচ্ছে, আব্দ্র তোমার ভালোমনদ একটা-কিছু হল বলে, কিম্বা হয়েই বসেছে। বিনোদ। তাই নাকি?

চক্রকান্ত। আৰু তোমার দৃষ্টিটা ছুটেছে ষেন কোন্ মায়ামৃগীর পিছু পিছু। গেছে তার পথ হারিয়ে! ওহে, আৰুকের হাওয়ায় তোমার গায়ে কারো ছোঁয়াচ লাগছে নাকি?

वित्नाम। किला ठी खत्रात्न १

চন্দ্রকান্ত। মৃথের ভাবে।

বিনোদ। ভাবটা কিরকম দেখছ ?

চক্রকান্ত। যেন ইক্রধন্থ উঠেছে আকাশে, আর তারই ছায়াটা শিউরে উঠছে নদীর ঢেউয়ে।

विताम। वर्ल माछ।

চন্দ্রকান্ত। যেন আষাঢ়-সন্ধ্যাবেলায় জুইগাছের গাঠে গাঠে কুঁড়ি ধরল বলে, আর দেরি নেই।

বিনোদ। আরো কিছু আছে ?

#### नव जनधरत विकृती-त्तरा षच পमाति त्रानि ।

वित्नाम। थायत्न त्कन, वत्न मां ।

চক্রকান্ত। যেন বাঁশিটি আজ ঠেকেছে এসে গুণীর অধরে। সত্যি করে বল্ ভাই, লুকোদ্নে আমার কাছে।

বিনোদ। তা হতে পারে। একটা কোন্ ইশারা আজ গোধূলিতে উড়ে বেড়াচ্ছে, তাকে কিছুতে ধরতে পারছি নে।

চক্রকান্ত। ইশারা উড়ে বেড়াচ্ছে। সেটা প্রজাপতির ডানায় নাকি ?

विताम। यन अस भोगाছित काट्ड तकनी गसात गरसत हे भाता।

চক্রকান্ত। হায় হায়, হাওয়াটা কোন্ দিক থেকে বইছে, তার ঠিকানাই পেলে না ?

বিনোদ। পোন্ট-আপিসের ঠিকানাটা পাওয়া শক্ত নয় চন্দরদা! কিন্তু স্বর্ণরেণু কোপায় আছে ল্কিয়ে সেই ঠিকানাটাই—

চক্সকাস্ত। সর্বনাশ করলে! এরই মধ্যে স্বর্ণের কথাটা মনে এসেছে? সাদা ভাষায় ওর মানে হচ্ছে পণের টাকা— তোমার রজনীগদ্ধার গদ্ধটা তা হলে ব্যাক্ষশাল খ্রীটের দিক থেকেই এল বুঝি?

বিনোদ। ছি ছি চন্দ্র, এমন কথাটাও তোমার মৃথ দিয়ে বেরোল। আমি তুচ্ছ টাকার কথাই কি ভাবছি ? চক্রকাস্ত। আজকালকার দিনে কোন্টা তুচ্ছ, কন্মাটা না পণটা, তার হিসেব করা শক্ত নয়। যুবকরা তো সোনার মৃগ দেখেই ছোটে, সীতা পড়ে থাকেন পশ্চাতে।

বিনোদ। যুবক যে কে, সে কি তার বয়স গুণে বের করতে হবে, আর সোনার রেণ্ন যে কাকে বলে সে কি বুঝবে তার ভরি ওজন করে ?

চক্রকান্ত। এটা বেশ বলেছ, ভোমার কবিতায় লিখে ফেলো হে, কথাটা আজ বাদে কাল হারিয়ে না যায়। আমার একটা লাইন মনে এল, তুমি কবি, ভার পাদপূরণ করে দাও দেখি—

> ও ভোলা মন, বল্ দেখি ভাই, কোন্ সোনা ভোর সোনা।

वित्नाम ।

কেনাবেচার দেনালেনায়

যায় না তারে গোনা।

চক্রকান্ত। ভ্যালা মোর দাদা! আচ্ছা, আর-এক লাইন-

ও ভোলা মন, বল্ সে সোনা

কেমন করে গলে।

विताम।

গলে বুকের ছথের তাপে,

গলে চোখের জলে।

চক্রকান্ত। বহুং আচ্ছা। আর-এক লাইন—

ও ভোলা মন, দেই সোনা তোর

কোন খনিতে পাই ?

विताम।

সেই বিধাতার খেয়ালে যার

ठिक-ठिकांना नाइ।

চक्रकान्छ। का। वारः। बाव्हा, बात- वक्र नाइन-

ও ভোলা মন, সোনার সে ধন

রাথবি কেমন করে ?

विदनाम ।

রাথব তারে ধ্যানের মাঝে

यत्नत यत्था छद्र ।

চক্রকান্ত। বাস্, আর দরকার নেই, ফুল্ মার্ক পেয়েছ— পাস্ড্ উইথ্ অনার্চ। আর ভয় নেই, সন্ধানে বেরিয়ে পড়া যাক —

শোনার স্থপন ধরুক-না রূপ অপরূপের হাটে।

#### শোনার বাঁশি বাজাও, রসিক, রসের নবীন নাটে।

विताम। हम्मतमा, तक वत्न जूमि कवि नख?

চন্দ্রকান্ত। ছায়ায় পড়ে গেছি ভাই, চন্দ্রগ্রহণ লেগেছে— ভোমরা না থাকনে আমিও কবি বলে চলে যেতে পারতুম, কবিদমাট নাও যদি হতুম অন্তত কবি-তালুকদার হওয়া অসম্ভব ছিল না। দেখেছি, প্রাণের ভিতরটাতে মাঝে মাঝে রস উছলে ওঠে, কিন্তু তার ধারাটা মাসিকপত্র পর্যন্ত পৌছয় না।

বিনোদ। মরে আছে রসসমুদ্র, সেইখানেই লুপ্ত হয়ে যায়!

চন্দ্রকান্ত। এক্সেলেণ্ট্। কবি না হলে এই গৃঢ় খবর আন্দান্ধ করতে পারত কে বলো। এ যে আসছে আমাদের মেডিকাল্ দ্যুডেণ্ট্।

#### গদাইয়ের প্রবেশ

চন্দ্রকান্ত। এই যে, গদাই ! শরীরতত্ত ছেড়ে হঠাৎ কবির দরবারে যে ? তোমার বাবা জানলে যে শিউরে উঠবেন।

গদাই। না ভাই, প্যাথলঞ্জি স্টাডি করবার পক্ষে তোদের সংস্গটা একেবারেই ব্যর্থ নয়। তোদের হৃদয়টা ঘে সর্বদাই আইটাই করছে, সেটা অজীর্ণ রোগের একটি নামান্তর তা জানিস ? বেশ ভালো করে আহারটি করলে এবং সেটি হজম করতে পারলে কবিষ্বরোগ কাছে ঘেঁষতে পারে না। আধ-পেটা করে থাও, অম্বলের ব্যামোটি বাধাও, আর অমনি কোথায় আকাশের চাঁদ, কোথায় দক্ষিণের বাতাস, কোথায় কোকিলপক্ষীর ডাক, এই নিয়ে প্রাণ আনচান করতে থাকে; জানলার কাছে বসে বসে মনে হয় কী যেন চাও, যা চাও সেটি যে বাই-কার্বোনেট্-অফ-সোডা তা কিছুতেই বৃষ্বতে পার না।

চক্রকান্ত। হাদ্যপ্রটির বাদা পাকষম্বের ঠিক উপরেই, এ কথা কবিরা মানে না, কিছু কবিরাজ্বা মানে।

গদাই। ঐ যে যাকে ভালোবাসা বল সেটা যে শুদ্ধ একটা স্নায়ুর ব্যামো, তার আর সন্দেহ নাই। আমার বিশ্বাস অক্যান্ত ব্যামোর মতো তারও একটা ওষ্ধ বের হবে।

চন্দ্রকান্ত। হবে বৈকি। কাগজে বিজ্ঞাপন বেরোবে— 'হ্রদয়-বেদনার জন্ম অতি উত্তম মালিশ, উত্তম মালিশ, উত্তম মালিশ! বিরহনিবারণী বটিকা; রাত্তে একটি সকালে একটি সেবন করিলে বিরহভার একেবারে নিঃশেষে অবসান।'

षाका, जारे विरु, এक कथांग्र वत्न मि दिश्व कित्रकम त्याप्त राजात शहना।

বিনোদ। আমি কিরকম চাই জান ? যাকে কিছু বোঝবার জো নেই। যাকে ধরতে গেলে পালিয়ে যায়, পালাতে গেলে যে ধরে টেনে নিয়ে আসে।

চক্রকান্ত। ব্যেছি। যে কোনো কালেই পুরোনো হবে না। মনের কথা টেনে বলেছ ভাই! পাওয়া শক্ত। আমরা ভুক্তভোগী, জানি কিনা, বিয়ে করলেই মেয়েগুলো ছদিনেই বছকেলে পড়া পুঁথির মতো হয়ে আসে; মলাটটা আধখানা ছিঁড়ে ঢল্ ঢল্ করছে, পাতাগুলো দাগি হয়ে খুলে আসছে, কোথায় সে আঁটসাঁট বাঁধুনি, কোথায় সে সোনার জলের ছাপ! আচ্ছা, সে যেন হল, আর চেহারা কেমন?

বিনোদ। ছিপ্ছিপে, মাটির সঙ্গে অতি অল্পই সম্পর্ক, যেন সঞ্চারিণী পল্লবিনী লতেব।

চক্রকান্ত। আর বেশি বলতে হবে না, বুঝে নিয়েছি। তুমি চাও পছের মতো চোদটি অক্ষরে বাঁধাছাঁদা, চলতে ফিরতে ছন্দটি রেখে চলে; এ দিকে মল্লিনাথ, ভরত শিরোমণি, জগন্নাথ তর্কপঞ্চানন তার টিকে-ভাশ্য করে থই পায় না। বুঝেছ বিন্দা, চাইলেই তো পাওয়া যায় না—

বিনোদ। কেন, তোমার কপালে তো মন্দ জোটে নি।

চদ্রকান্ত। মন্দ বলতে সাহদ করি নে, কিন্তু ভাই, দে গগু, তাতে ছাঁদ নেই, ঢিল কলমে লেখা।

গদাই। আর ছাঁদে কাজ নেই ভাই! আবার তোমার কিরকম ছাঁদ সেটাও তো দেখতে হবে।

চক্রকান্ত। তোরা ব্ঝবি নে, গদাই, ভিতরে গাঁতগোবিন্দের অল্প একটু আমেজ আছে ; স্থযোগ ঘটলে ললিতলবঙ্গলতার সঙ্গে ছন্দের মিল হতেও পারত। চাঁদের আলোয় মুখের দিকে চেয়ে বেলজুলের মালা হাতে প্রেম্বদী যদি বলত—

#### জনম অবধি হাম রূপ নেহারয়

#### নয়ন না তিরপিত ভেল

নেহাত অসহা হত না। প্রেয়সী সর্বদা এসেও থাকেন, কিছুই ষে বলেন না এত বড়ো বদনাম দিতে পারব না। কিন্তু বাক্যগুলো, বিশেষত তার স্বর্টা এমনটি হয় না—

#### গৌড़क्रन गांटर व्यानत्म कतित्व भान स्था नित्रविध ।

গদাই। দেখো চন্দরদা, বিয়ে করবার প্রসক্ষে পছন্দ করার কথাটা একেবারেই থাটে না। বিয়েটা হল মনোথিইজ্ম আর পছন্দটা হল পলিথিইজ্ম। ত্টোর থিওলজি একেবারে উল্টো। বিয়ের ডেফিনিশনই হচ্ছে জম্মের মতো পছন্দ-বায়্টাকে

#### (अश्यक्ष

পত্র করে দেওরা। তেত্রিশ কোটিকে একের মধ্যে নিমেশবে বিসর্জন করা।
[পাশের বাড়ি হইতে গানের শব্দ

वित्नाम। खे त्यांत्ना, गान। शमाष्टे। कांद्र भान ८५ ?

চक्ककां छ। हुन करत थानिक है। त्नारनाई-ना। नरत नित्रहत्र स्वर।

নেপথ্যে গান
কাছে যবে ছিল, পাশে
হল না ষাওয়া।
চলে যবে গেল, তারি
লাগিল হাওয়া।
যবে ঘাটে ছিল নেয়ে
তারে দেখি নাই চেয়ে,
দূর হতে শুনি স্রোতে
তরণী বাওয়া।
বেখানে হল না খেলা
সে খেলাঘরে
আজি নিশিদিন মন
কেমন করে।

হারানো দিনের ভাষা স্বপ্নে আজি বাঁধে বাসা, আজ শুধু আঁথিজলে পিছনে চাওয়া।

চক্রকান্ত। বিন্দা, আজকাল রাধিকার দলই বাঁশি বাজাতে শিখেছে, কলির কৃষ্ণগুলোকে বাসা খেকে পথে বের করবে। দেখো-না নাড়ীটা বেশ একটু ক্রত চলছে। বিনোদ। চক্র, আজ কী করব ভাবছিলুম, একটা মতলব যাধার এসেছে।

ठसकां छ। की वत्ना तमिश

বিনোদ। চলো, যে মেয়েটি গান গায় ওর সঙ্গে আজই আমার বিয়ের সম্বন্ধ করে আসি গে।

25#20

ठळकांछ। यम की!

विस्माम। आंत्र एको वरम वरम काला नागरह ना।

চন্দ্রকান্ত। কিন্তু দেখাশুনা তো করবে, আলাপ-পরিচয় তো করতে হবে? আমরা বিয়ে করেছিল্ম চোখ বুজে বড়ি গেলার মতো, মুখে স্থাদ পেল্ম না, পেটের মধ্যে পৌছে খুব কষে ক্রিয়া করতে লাগল, কিন্তু তোদের তা তো চলবে না।

বিনোদ। না, তাকে দেখতে চাই নে। আমি ঐ গানরপটিকে বরণ করব।

চন্দ্রকান্ত। বিহু, এ কথাটা তোর মুখেও একটু বাড়াবাড়ি শোনাচ্ছে। তার চেয়ে একটা গ্রামোফোন কেন্-না ? এ যে ভাই মাহুষ, দেখেন্ডনে নেওয়া ভালো।

বিনোদ। মামুষকে কি চোগ চাইলেই দেখা যায় ? তুমিও ষেমন! রাখো জীবনটা বাজি, চোগ বুজে দান তুলে নাও, তার পরে হয় রাজা নয় ফকির; একেই তো বলে খেলা।

চন্দ্রকান্ত। উ: ! কী সাহস ! তোমার কথা শুনলে আমার মরচে-পড়া বৃক্তেও ঝলক মারে, ফের আর-একটা বিয়ে করতে ইচ্ছে করে। না দেখে বিয়ে তো আমরাও করেছি, কিন্তু এমনতরো মরিয়া করে তোলে নি ।

গদাই। তা বলি, যদি বিয়ে করতে হয় নিজে না দেখে বিয়ে করাই ভালো। ডাক্তারের পক্ষে নিজের চিকিৎসা করাটা কিছু নয়। মেয়েটি কে বলো তো হে চন্দরদা।

চক্রকান্ত। আমাদের নিবারণবাব্র বাড়িতে থাকেন, নাম কমলম্থী। আদিত্য-বাবু আর নিবারণবাবু পরম বন্ধু ছিলেন। আদিত্য মরবার সমন্ন মেশ্বেটিকে নিবারণ-বাবুর হাতে সমর্পণ করে দিয়ে গেছেন।

গদাই। তুমি তোমার প্রতিবেশিনীকে আগে থাকতেই দেখ নি তো?

চক্সকান্ত। আমার কি আর আশে পাশে দৃষ্টি দেবার জ্ঞা আছে! আমার এ ছটি চক্ষ্ই একেবারে দন্তথতি দীলমোহর করা, অন্ হার্ ম্যাজিন্টিদ্ সাভিদ্। তবে জনেছি বটে, দেখতে ভালো এবং স্বভাবটিও ভালো।

গদাই। আচ্ছা, এখন তা হঁলে আমরা কেউ দেখব না, একেবারে সেই বিবাহের রাত্রে চমক লাগবে।

চক্রকান্ত। তোমরা একটু বোসো ভাই, আমি অমনি চট করে চাদরটা পরে আসি। এই পাশের বরেই।

[প্রস্থান

#### পাশের ঘরে

#### চম্ৰকাম্ভ ও ক্ষাম্ভমণি

ठखकाछ। वर्षावछ, ७ वर्षावछ ! ठाविछ। माछ रमि ।

कास्यि । किन जीवनमर्व नम्रन्यि, मामीक किन मतन भएन ?

চক্রকান্ত। ও জাবার কি! যাত্রার দল খুলবে নাকি? জাপাতত একটা সাফ দেখে চাদর বের করে দাও দেখি, এখনি বেরোতে হবে—

ক্ষান্তমণি। (অগ্রসর হইয়া) আদর চাই! প্রিয়তম, তা আদর করছি।

চন্দ্রকান্ত। (পশ্চাতে হঠিয়া) আরে, ছি ছি ছি! ও কী ও!

कास्त्रिमि । नाथ, द्वाकूलात माना लिए द्वार्थिह, এथन द्वान है। प्रेर्टिंग हेय-

চক্রকান্ত। ও! গুণবর্ণনা আড়াল থেকে সমন্ত শোনা হয়েছে দেখছি। বড়ো-বউ, কাজটা ভালো হয় নি। ওটা বিধাতার অভিপ্রায় নয়। তিনি মাসুবের অবণশক্তির একটা দীমা ঠিক করে দিয়েছেন, তার কারণই হচ্ছে পাছে অসাক্ষাতে বে কথাগুলো হয় তাও মাসুব ভনতে পায়; তা হলে পৃথিবীতে বন্ধুত্ব বল, আত্মীয়তা বল, কিছুই টিকতে পারে না।

ক্ষাস্তমণি। তের হয়েছে গোঁদাইঠাকুর, আর ধর্মোপদেশ দিতে হবে না। আমাকে তোমার পছন্দ হয় না, না ?

চম্রকান্ত। কে বললে পছল হয় না ?

ক্ষান্তমণি। আমি গছ, আমি পছ নই, আমি শোলোক পড়ি নে, আমি বেলফুলের মালা পরাই নে—

চন্দ্রকান্ত। আমি গললগ্নীকৃতবন্ধ হয়ে বলছি, দোহাই তোমার, তুমি শোলোক পোড়ো না, তুমি মালা পরিয়ো না, ওগুলো স্বাইকে মানায় না—

कांस्थिति। की वनरम ?

চন্দ্রকান্ত। আমি বলনুম যে, বেলফুলের মালা আমাকে মানায় না, তার চেয়ে সাফ চাদরে ঢের বেশি শোভা হয়— পরীক্ষা করে দেখো।

कास्त्रिं। सां सां सां कार्य कार्य कार्य ना ।

চন্দ্রকান্ত। (নিকটে আসিয়া) কথাটা ব্যলে না ভাই ? কেবল রাগই করলে! শোলো, ব্যায়ে দিছি—

ভালোবাসার থার্যোমিটারে তিন মাত্রার উত্তাপ আছে। মাহ্রুষ ষথন বলে 'ভালো-বাসি নে' সেটা হল ১৫ ডিগ্রি, যাকে বলে সাবনর্যাল। ষথন মলে 'ভালোবাসি' সেটা হল নাইন্টিএইট পয়েণ্ট ফোর, ডাক্তাররা তাকে বলে নর্মাল, তাতে একেবারে কোনো বিপদ নেই। কিন্তু প্রেমছর ধখন ১০৫ ছাড়িয়ে গেছে তখন কণি আদর করে বলতে শুরু করেছে 'পোড়ারম্খি', তখন চন্দ্রবদনীটা একেবারে দাফ ছেড়ে দিয়েছে। যারা প্রবীপ ডাক্তার তারা বলে এইটেই হল মরণের লক্ষণ। বড়োবউ, নিক্তয় জেনো, বন্ধুমহলে আমিও ধখন প্রলাপ বকি, তোমাকে যা না বলবার তাই বলি, তখন সেটা প্রণয়ের ডিলিরিয়ম, তখন বাঁধা আদরের ভাষায় একেবারে কুলোয় না; গাল দিতে না পারলে ভালোবাসার ইষ্টিমের চাপে বৃক ফেটে যায়, বিশ্রী রক্ষমের আ্যাক্সিডেণ্ট হতে পারে। নাড়ী রসন্থ হলে তাতে ভাষা যে কিরক্ষম এলোমেলো হয়ে ওঠে, তা সেই ডাক্ডারই বোঝে রসবোধের যে একেবারে এম্. ডি.।

ক্ষান্তমণি। রক্ষে করো, আমার অত ডাক্তারি জানা নেই।

চন্দ্রকান্ত। সে তো ব্যবহারেই ব্যতে পারি নইলে লয়াল্টিকে সিডিশন বলে সন্দেহ করবে কেন। কিন্তু নিশ্চয় ক্লির দশা তোমাকেও মাঝে মাঝে ধরে। আচ্ছা, কলতলায় দাঁড়িয়ে তুমি কখনো পদ্মঠাকুরঝিকে বলো নি— আমার এমনি কপাল ষে বিয়ে করে ইন্তিক স্থ কাকে বলে একদিনের তরে জানল্ম না? আমার কানে যদি সে কথা আসত তা হলে আনন্দে শরীর রোমাঞ্চিত হয়ে উঠত।

ক্ষান্তমণি। আমি পদ্ঠাকুরঝিকে কথ্খনো অমন কথা বলি নি।

চক্রকান্ত। আচ্ছা, তা হলে সাফ চাদরটা এনে দাও।

ক্ষাস্তমণি। (চাদর আনিয়া দিয়া) তুমি বাইরে বেরোচ্ছ যদি, চুলগুলো কাগের বাদার মতো করে বেরিয়ো না। একটু বোসো, তোমার চুল ঠিক করে দিই।

[ চিক্নি ক্রস লইয়া আঁচড়াইতে প্রবৃত্ত

**ठ** क्लोख। श्राह, श्राह

काल्यि। ना र्य नि, अकम् अ माथा दित करत तार्था रम्थि।

চক্রকান্ত। তোমার সামনে আমার মাথার ঠিক থাকে না, দেখতে দেখতে খুরে ধায়— কান্তমণি। অত ঠাট্রায় কাজ কী! নাহয় আমার রূপ নেই, গুণ নেই— একটা ললিতলবঙ্গলতা থেঁজি করে আনো গে, আমি চললুম।

[ চিক্লনি ক্রস ফেলিয়া জ্রুত প্রস্থান

চক্রকান্ত। এখন আর সময় নেই, ফিরে এসে রাগ ভাঙাতে হবে।

বিনোদ (নেপথ্য হইতে)। ওহে, আর কতক্ষণ বসিয়ে রাখবে? তোমাদের প্রেমাভিনয় সাক্ষ হল কি?

চন্দ্রকান্ত। এইমাত্র ধ্বনিকাপতন হয়ে গেল। হদয়বিদারক ট্রাজেডি। প্রিস্থান

# তৃতীয় দৃশ্য

#### নিবারণের বাড়ি

#### নিবারণ ও শিবচরণ

নিবারণ। তবে তাই ঠিক রইল ? এখন আমার ইন্দুমতীকে তোমার গদাইয়ের পছন্দ হলে হয়।

শিবচরণ। সে বেটার আবার পছন্দ কী! বিয়েটা তো আগে হয়ে যাক্, তার পর পছন্দ সময়মতো পরে করলেই হবে।

निवांत्रव। ना जाहे, कालात रावतकम गाजि स्माहे व्यक्षमारताहे हमाज हम।

শিবচরণ। তা হোক-না কালের গতি, অসম্ভব কথনো সম্ভব হতে পারে না।
একটু ভেবেই দেখো-না, যে ছোঁড়া পূর্বে একবারও বিবাহ করে নি সে স্ত্রী চিনবে কী
করে ? পাট না চিনলে পাটের দালালি করা যায় না, আর স্ত্রীলোক কি পাটের চেয়ে
সিধে জিনিস ? আজ পঁয়ত্রিশ বংসর হল আমি গদাইয়ের মাকে বিবাহ করেছি, তার
থেকে পাঁচটা বংসর বাদ দাও, তিনি গত হয়েছেন সে আজ বছর পাঁচেকের কথা হবে,
যা হোক তিরিশটা বংসর তাঁকে নিয়ে চালিয়ে এসেছি, আমি আমার ছেলের বউ পছন্দ
করতে পারব না আর সে ছোঁড়া ভূমিষ্ঠ হয়েই আমার চেয়ে পেকে উঠল ? তবে যদি
তোমার মেয়ের কোনো ধয়র্ভক পণ থাকে, আমার গদাইকে যাচিয়ে নিতে চান, সে
আলাদা কথা।

নিবারণ। না:, আমার মেয়ে কোনো আপত্তিই করবে না, তাকে যা বলব শে তাই শুনবে। আর-একটি কথা তোমাকে বলা উচিত। আমার মেয়েটির কিছু বয়স হয়েছে।

শিবচরণ। আমিও তাই চাই। ঘরে যদি গিন্নি থাকতেন তা হলে বউমা ছোটো হলে ক্ষতি ছিল না। এখন এই বুড়োটাকে যত্ন করে আর ছেলেটাকে কড়া শাসনে রাখতে পারে, এমন একটি মেয়ে না হলে সংসারটি গেল।

নিবারণ। তা হলে তোমার একটি অভিভাবকের নিতান্ত দরকার দেখছি।

শিবচরণ। হাঁ ভাই, মা ইন্দুকে বোলো আমার গদাইয়ের মরে এলে এই বুড়ো নাবালকটিকে প্রতিপালনের ভার তাঁকেই নিভে হবে। তখন দেখ্ব তিনি কেমন মা।

নিবারণ। তা ইন্মুর সে অভ্যাস আছে। বহুকাল একটি আন্ত বুড়ো বাপ ভারই

হাতে পড়েছে। দেখতেই তো পাচ্ছ, ভাই, খাইয়েদাইয়ে বেশ একরকম ভালো অবস্থাতেই রেখেছে।

শিবচরণ। তাই তো। তাঁর হাতের কাজটিকে দেখে তারিফ করতে হয়। যা হোক, আজ তবে আসি। গুটিছয়েক রোগী এখনো মরতে বাকি আছে।

[ প্রস্থান

# ইন্দুমতীর প্রবেশ

इन् । ७ वूड्णिं क अत्मिष्टिन वावा ?

নিবারণ। কেন মা 'বুড়ো বুড়ো' করছিল— তোর বাবাও তো বুড়ো।

ইন্দু। (নিবারণের পাকা চুলের মধ্যে হাত বুলাইয়া) তুমি তো আমাদের আদ্বি-কালের বণ্ডি বুড়ো, তোমার সঙ্গে কার তুলনা? কিন্তু ওকে তো কখনো দেখি নি।

নিবারণ। ওর সঙ্গে ক্রমে খুবই পরিচয় হবে-

ইন্। আমি থুব পরিচয় করতে চাই নে।

নিবারণ। তোর এ বাবা পুরোনো ঝর্ঝরে হয়ে এসেছে, একবার বাবা বদল করে দেখবি নে ইন্দু?

इन्द्र। তবে আমি চললুম।

নিবারণ। না না, শোন্-না। তোরই ঘেন বাবার দরকার নেই, আমার একটি বাপের পদ খালি আছে— তাই আমি একটি সন্ধান করে বের করেছি মা।

ইন্দু। তুমি কী বকছ বুঝতে পারছি নে।

নিবারণ। নাং, তুমি আমার তেমনি হাবা মেয়ে কিনা। সব ব্রতে পেরেছিস, কেবল দৃষ্টুমি!

## ভৃত্যের প্রবেশ

ভূত্য। তিনটি বাবু এসেছে দেখা করতে।

हेन्। তাদের থেতে বলে দে। সকাল থেকে কেবলই বাবু আসছে।

निवांत्र । ना ना, ज्यालांक अरमहरू, प्रथा कता ठांडे।

ইন্। তোমার যে নাবার সময় হয়েছে।

নিবারণ। একবার শুনে নিই কী জন্তে এসেছেন, বেশি দেরি হবে না।

ইন্। তুমি একবার পল্ল পেলে আর উঠতে চাইবে না, আবার কালজের মতো থেতে দেরি করবে। আচ্ছা, আমি ঐ পাশের ঘরে দাড়িরে রইপুম, পাঁচ মিনিট বাদে ডেকে পাঠাব। নিবারণ। তোর শাসনের জালায় আমি আর বাঁচি নে। চাণক্যের শ্লোক জানিস তোঁ? প্রাপ্তে ত্ বোড়শে বর্ষে পুত্রে মিব্রবদাচরেৎ। তা আমার কি সে বর্ষ পেরোর নি ?

[ हेम्ब्र श्रान

নিবারণ। (ভূত্যের প্রতি) বাব্দের ডেকে নিয়ে আয়।

## ठसकास वित्नापविद्यात्री ७ भगाहेरप्रत श्रावन

নিবারণ। এই যে চন্দ্রবাবৃ! আসতে আঞ্চা হোক। আপনারা সকলে বন্ধন। ওরে, তামাক দিয়ে যা।

চন্দ্ৰকান্ত। আজে না, তামাক থাক্।

নিবারণ। তা, ভালো আছেন চন্দ্রবারু ?

**ठक्कांसः। आक्ष्म हां, आश्रनात आमीर्वाद এकत्रकम आहि छाता।** 

নিবারণ। আপনাদের কোথায় থাকা হয় ?

বিনোদ। আমরা কলকাতাতেই থাকি।

চম্রকান্ত। মহাশয়ের কাছে আমাদের একটি প্রস্তাব আছে।

निवातन। ( भनवाछ रहेग्रा ) की वन्न।

চম্রকাস্ত। মহাশয়ের দরে আদিত্যবাবুর যে অবিবাহিত কন্সাটি আছেন তাঁর জন্তে একটি সংপাত্র পাওয়া গেছে। যদি অভিপ্রায় করেন—

নিবারণ। অতি উত্তম কথা। পাত্রটি কে ?

**ठक्का** छ। विस्नापिक हो वान्य करना हिन हो ।

নিবারণ। বিলক্ষণ। তা আর শুনি নি! তিনি আমাদের দেশের একজন প্রধান লেখক। 'জ্ঞানরত্বাকর' তো তাঁরি লেখা?

চक्रकांछ। चास्क्र ना। तम देवकूर्ध वमाक वत्न धकि व्यास्क्र दाथा।

নিবারণ। তাই বটে। আমার ভূল হয়েছে। তবে 'প্রবোধলহরী'? আমি ঐ হটোতে বরাবর ভূল করে থাকি।

চন্দ্রকান্ত। আছে না। 'প্রবোধনহরী' তাঁর লেখা নয়। সেটা কার বলতে পারি নে।

নিবারণ। তবে ভার একখানা বইয়ের নাম করুন দেখি।

চक्षकां । 'काननकू स्थिका' (मर्थिक की ?

निरात्र। 'काननक्ष्यिका'! ना, त्रिश्च नि। नामिष्ठ खनिष्ठ। वाःना

বই কবে দেই বাল্যকালে পড়তেম। তথন অবশ্যই 'কাননকুস্থমিকা' পড়ে থাকৰ, শ্বরণ হচ্ছে না। তা বিনোদবাবুর পুত্রের বয়স কত হবে, ক'টি পাস করেছেন তিনি ?

চন্দ্রকান্ত। মশায় ভূল করছেন। বিনোদবাবুর বয়স অতি অল্প। তিনি এম. এ. পাস করে সম্প্রতি বি. এল. উত্তীর্ণ হয়েছেন। বিবাহ হয় নি। তাঁরই কথা মহাশয়কে বলছিলুম। তা আপনার কাছে প্রকাশ করে বলাই ভালো, এই এঁর নাম বিনোদবাবু।

নিবারণ। আপনি বিনোদবাবৃ! আজ আমার কী সৌভাগ্য! আমি মেয়েদের কাছে ভনেছি আপনি দিব্যি লিখতে পারেন।

চক্রকাস্ত। তা এঁর সঙ্গে আপনার ভাইঝির বিবাহ দিতে যদি আপস্তি না থাকে— নিবারণ। আপত্তি! আমার পরম সৌভাগ্য।

চন্দ্রকান্ত। তা হলে এ সম্বন্ধে যা যা ম্বির করবার আছে কাল এসে মহাশয়ের সঞ্চে কথা হবে।

- নিবারণ। যে আজ্ঞে। কিন্তু একটা কথা বলে রাথি— মেয়েটির বাপ টাকাকড়ি কিছু রেথে যেতে পারেন নি। তবে এই পর্যস্ত বলতে পারি, এমন লক্ষ্মী মেয়ে আর পাবেন না।

চন্দ্রকান্ত। তবে অনুমতি হয় তো এখন আসি।

নিবারণ। এত শীঘ্র যাবেন? বলেন কী! আর-একটু বস্থন-না।

চক্রকান্ত। আপনার এখনো নাওয়া খাওয়া হয় নি—

নিবারণ। সে এখন ঢের সময় আছে। বেলা তো সবে—

চক্রকান্ত। আজ্ঞে বেলা নিতান্ত কম হয় নি। এখন যদি আজ্ঞা করেন তো উঠি।

নিবারণ। তবে আহ্বন। দেখুন চন্দরবাবু, মতি হালদারের ঐ বে কুহুমকানন না কী বইখানা বললেন ওটা লিখে দিয়ে যাবেন তো।

চন্দ্রকান্ত। কাননকুন্থমিকা? বইখানা পাঠিয়ে দেব, কিন্তু দেটা মতি ছালদারের নয়।

নিবারণ। তবে থাক। বরঞ্চ বিনোদবাবুর একখানা প্রবোধলহরী যদি থাকে তো একবার—

চন্দ্রকান্ত প্রবোধলহরী তো—

বিনোদ। আঃ, থামো-না! তা, যে আজে, আমিই পাঠিয়ে দেব। আমার প্রবোধলহরী, বারবেলাকথন, তিথিদোষখণ্ডন, প্রায়ন্তিভবিধি এবং নৃতন পঞ্জিকা আপনাকে পাঠিয়ে দেব।

নিবারণ। দেখুন, বিনোদবাবুর একথানি ফোটোগ্রাফ পাওয়া যায় কি? ভা হলে কমলকে একবার—

চন্দ্রকান্ত। কোটোগ্রাফ সঙ্গেই এনেছি, কিন্তু এতে আমাদের তিন জনেরই ছবি আছে।

নিবারণ। তা হোক, ছবিটি দিব্যি উঠেছে, এতেই কাজ চলবে।

চম্ৰকান্ত। তা হলে আজা হয় তো আসি।

[প্রস্থান

নিবারণ। নাং, লোকটার বিজে আছে। বাঁচা গেল, একটি মনের মতো সংপাত্র পাওয়া গেল। কমলের জক্ত আমার বড়ো ভাবনা ছিল।

# इन्द्र প্রবেশ

हेम्। वावा, छामात रन ?

নিবারণ। ও ইন্দু, তুই তো দেখলি নে— তোরা সেই যে বিনোদবাব্র লেখার এত প্রশংসা করিস, তিনি আজ এসেছিলেন।

ইন্। আমার তো থেয়েদেয়ে আর কাজ নেই, তোমার এথানে ষত রাজ্যির অকেজাে লাক এসে জােটে আর আমি আড়াল থেকে লুকিয়ে লুকিয়ে তাদের দেখি! আছা বাবা, চন্দ্রবাবু বিনাদিবাবু ছাড়া আর একটি যে লােক এসেছিল— বদ্-চেহারা লক্ষীছাড়ার মতাে দেখতে, চােথে চলমা-পরা, সে কে ?

নিবারণ। তুই যে বলছিলি আড়াল থেকে দেখিস নে ? বদ্-চেহারা আবার কার দেখলি ? বাব্টি তো দিব্যি ফুটফুটে কাতিকের মতো দেখতে। তাঁর নামটি কী জিজাসা করা হয় নি।

हेन्द्र। তাকে आवात जाना (४४०० २०) पित पित (ठामात की त्व शहन हाम्ह वावा! এখন নাইতে চলো।—

[ নিবারণের প্রস্থান

নাং, ওঁর নামটা জানতে হচ্ছে। নিশ্চয় ক্ষান্তদিদি বলতে পারবেন।— বাবা, শোনো শোনো।

ওরা তোমাকে বিনোদবাবুর একটা কোটোগ্রাফ দিয়ে গেল না ?

নিবারণ। হাঁ, এতে তিন বন্ধুরই ছবি আছে।

हैमू। তাতে क्वि तिहै। ७०। जागांक मांध-ना, जागि मिनिक मधाव।

नियात्रव। ८७८विष्ट्रम् म, व्यामि निर्व एक्थाव।

इस्। ना वावा, जामि एक्शव, त्यम मजा इत्।

नियात्रव। अहे तम मा, किन्ह अटक निष्ट्र विक ठाड़ा कन्निन तम।

ইন্ধৃ। বাবা, আমার সঙ্গে চিকিশ ঘণ্টা বাস করছে, আর বাই হোক ঠাট্রায় ওর আর বিপদের আশহা নেই।

[ নিবারণের প্রস্থান

इन्। क्यनिमि, क्यनिमि।

### কমলের প্রবেশ

कमन। की रेम्?

इन्। आंत प्रिति कारता ना।

कमन। रकन, की कत्ररा श्रव वन्ना।

ইনু। এখন কাব্যশাস্ত্রমতে কমলকে বিকশিত হয়ে উঠতে হবে।

कमन। किन वन छ।

ইন্। থড়্থড়ের ফাঁক দিয়ে যাঁর অরুণরেথার আভাস পাওয়া যাচ্ছিল সেই দিনমণি উঠে পড়েছেন তোমার ভাগ্যগগনে।

কমল। তুই খবর পেলি কোথা থেকে?

हेन्। यग्रः मिनमिनत कोছ थ्या ।

কমল। একটু স্পষ্ট ভাষায় কথা ক।

ইন্দু। আমার চেয়ে ঢের বেশি অস্পষ্ট ভাষায় ষিনি কাব্য রচনা করেন সেই কবি স্বয়ং এই ঘরে পরিদুশুমান হয়েছিলেন।

क्मन। की कांत्रण ?

ইন্। তোমার উপর করক্ষেপ করবার দাবি জানিয়ে থেতে। এতদিন যিনি ছিলেন তোমার কানের শোনা, এখন তিনি হবেন তোমার নমনের মণি, বাবার কাছে শব্মং দরবার জানিয়ে গেছেন। তোমার মনের মাহ্র্য এখন থেকে তোমারই কোণের মাহ্র্য হবার উমেদার, কথাবার্তা ঠিকঠাক হয়ে গেছে। হ্র্থবর কিনা বলো, দিদি!

কমল। এখনো বলবার সময় হয় নি।

रेन्। विनम की छारे! कार्त्यात तहस्त्र कवित मात्र विश्व नम्र ?

কমল। দামের তুলনা করব কী করে ? ছটো জিনিস এক জাতের নয়, ষেমন মধু আর মধুকর।

ইন্। সে কথা মানি, যেমন বাঁশ আর বাঁশি। বাঁশি ষেরকম করে বাজে বাঁশ ঠিক তার বিপরীত ভাবে অন্তরে বাহিরে বাজতে পারে। তা হলে কী করা কর্তব্য এই-বেলা বলো। এখনো সময় আছে। নাহয় বাবাকে বলে আসি যে, কাব্যের মধ্যে শুধু কথার মিল চাই, সেটাতে ভূল হলেও চলে; কিন্তু কবির মধ্যে চাই প্রাণের মিল, সেটাতে ভূল হলে সাংঘাতিক। কাজ নেই দিদি, বরং দেখে জনে পছল করে নাও। ছবিটা দেখে তার ভূমিকা করতে পারো।

কমল। এর মধ্যে তো একজন দেখছি চন্দরবাবু।

हेमू। वाकि प्रश्नातत मध्या कि वित्नामवाव आन्नास कब एमि। ध्रत मध्या कि वा कि कि वा कि कि वा कि व

কমল। ভোর মতন এমন স্বা দৃষ্টি আমার নেই ভাই!

ইন্। জাচ্ছা এই নে, তোর ডেম্বের উপর রাখ, চেম্নে দেখতে দেখতে ভজের ধ্যানদৃষ্টিতে সভ্য আপনি প্রকাশিত হবে। দময়ন্তী ছন্তনের মধ্যে নলকে চিনে নিয়েছিলেন, ভোর ভো কেবল ছন্তন।

কমল। অত চিন্তায় অত ধাানে আমার দরকার নেই।

इम् । विनन की मिमि ?

কমল। আমি তো স্বয়ম্বরা হতে যাচ্ছি নে বোন! তা আমার আবার পছন্দ! ছটো-একটা কাপড়চোপড় ছাড়া জীবনের ক'টা জিনিসই বা নিজের পছন্দ অহুসারে পাওয়া গেছে? আপনাকেই আপনি পছন্দ করে নিতে পারি নি।

ইন্দু। তুই ভাই, কথায় কথায় বড়ো বেশি গন্তীর হয়ে পড়িস। বিনোদের কাছে যদি অমনি করে থাকিস তা হলে সে তোর সঙ্গে প্রেমালাপ করতে সাহস করবে না।

कमन। रमञ्जू नार्य ठूरे नियुक्त थाकिन।

ইন্। তা হলে যে তোর গান্তীর্ণ আরো সাতগুণ বেড়ে যাবে। দেখ্ ভাই, তুই তো একটা পোষা কবি হাতে পেলি, এবার তাকে দিয়ে ভোর নিজের নামে কবিতা লিখিয়ে নিস, যতক্ষণ পছন্দ না হয় ছাড়িস নে। নিজের নামে কবিতা দেখলে কিরকম লাগে, কে জানে।

কমল। মনে হয়, আমার নাম করে আর কাকে লিখছে। ভোর যদি শব থাকে আমি তোর নামে একটা লিখিয়ে নেব।

ইন্। তুই কেন, সে আমি নিজে করে নেষ। আমাদের যে সম্পর্ক আমি যে কান ধরে লিখিয়ে নিতে পারি। তুমি তো তা পারবে না। আপাতত ছবিটা ভোর কাছে রাখ্।

কমল। ছবিতে আমার দরকার নেই।

ইন্। নেই দরকার ? ডবে ওটা আমার রইন ? দর্বনত ত্যাগ করলে ? কমল। কেন বল্ দেখি। এত উৎসাহ কেন তোর ? ইন্। সেদিন নাম খুঁজছিলুম, রূপও তো খুঁজতে হবে। এই ছবির মধ্যে যদি নামে রূপে মিল হয়ে যায় ?

क्यन। अर्था९?

हेन्। व्यर्थार (गमाहेरग्रत हिंदि एमशाहेगा) এत नाम यमि गमाहे ना हम, यमि क्रम्म किया পরিমল, किया किमलम, किया काकनम, किया किश्रिक हरम माँए। म

কমল। তা হলেই চুকে যাবে ?

ইন্। একেবারে চুকে না যাক, মিউজিয়মে একটা প্রথম স্পেসিমেন্ পাওয়া যাবে তো ?

কমল। আছা, তোর স্পেসিমেন্ জমা কর্— আপাতত তোর চুল বেঁধে দিই গে চল্।

# দ্বিতীয় অঞ্চ

# প্রথম দৃশ্য

## চন্দ্রের অন্তঃপুর

## ক্ষান্তমণি ও ইন্দুমতী

ইন্। তোমার স্বামী আদর করেই ঠাটা করে, সে কি আর সতিয়!

ক্ষাস্তমণি। না ভাই, ঠাট্টা কি সভ্যি ঠিক ব্ঝতে পারি নে। আর সভ্যি হবারই বা আটক কী? নিজে তো জানি নিজের গুণ কত।

ইন্। তোমার স্বামীর আবার তেমনি সব বন্ধু জুটেছে, তারাই পাঁচ জনে পাঁচ কথা বলে তাঁর মন উতলা করে দেয়। বিশেষ সেদিন বিনাদবাবু আর তোমার স্বামীর সঙ্গে আর-একটি কে বাবু আমাদের বাড়িতে গিয়েছিল, তাকে দেখে আমার আদবে ভালো লাগল না। লোকটা কে ভাই ?

কান্তমণি। কী জানি ভাই! বন্ধু একটি-আধটি তো নয়, সবগুলোকে জাবার চিনিওনে।

ইন্। এই দেধ্-না তার ছবি। (কাপড় খুঁজিয়া) এ কী হল! এই যাং, কোথায় ফেলল্ম! कांस्थि। की कांनि?

हेम्। क्लांजीश्राम।

कास्यि। कात्र ?

ইন্। বিনোদবাব্র। নিশ্বয় তোমাদের এই গলি পার হয়ে আসবার সময় রাস্তায় পড়ে গেছে। আমি যাই খুঁজে আনি গে।

ক্ষাস্তমণি। ছি ছি, রান্তার মাঝে ছুবি খুঁজতে গিয়ে লোক দাঁড় করিয়ে দিবি বে! সে ছবির এতই কিদের কদর ?

हेन्। हाम्र हाम्र, मिमि यमि त्कॅरम-त्कर्त व्यनर्थशांक करत्र ?

কান্তমণি। তোর দিদি ? কমল ?

ইন্। হা গো, তার হৃদয় তো পাষাণ নয়, সে বে বড়ো কোমল, কী জানি, আজ থেকে যদি সে হান্দার স্টাইক শুক্ষ করে ?

ক্ষান্তমণি। সে আবার কী ?

हेम्। यात्क मःश्रृष्ठ ভाষाग्र वत्न প্রায়োপবেশন।

ক্ষান্তমণি। আর জালাস নে, বাংলা ভাষায় কী বলে তাই বল্-না।

ইন্। তাকে বলে উপোস ক'রে মরা।

কাস্তমণি। আমি যেন কমলকে জানি নে— তুই হলেও বা সম্ভব হত। কেন ভাই, আসল জিনিস্ যথন ধরা দিয়েছে তথন ছবিটার এত থোঁজ কেন ?

ইন্দৃ। আসল জিনিসকে ডেম্কে বসিয়ে রাখা যায় না, দেরাজে বন্ধ করা চলে না। আসল জিনিসের মেজাজের ঠিক নেই— বেশি থিদে পেলে ভালোবাসার কথা তার মনে থাকে না, বেশি ভালোবাসা পেলে অধির করে তোলে— কিন্ধ—

কাস্তমণি। আচ্ছা আচ্ছা, ভোর সেই 'কিস্ক' এত বেশি তুর্গভ নয়।

ইন্। কান্তদিদি, তোমার সেই বন্ধু তিনটির মধ্যে তৃতীয় ব্যক্তিটি কে বলো-না। কান্তমণি। থুব সম্ভব গদাই। সে ওদের সঙ্গে প্রায়ই থাকে বটে।

ইন্দু। বাজি রাখতে পারি, সে গদাই নয়। তার নাম যদি গদাই হয় তা হলে আমার নাম মাতজিনী।

कारमि। ज राम मनिछ।

ইন্। এই এতক্ষণে নামটা পাওয়া গেল। ললিত তার আর সন্দেহ নেই।

কান্তমপি। চেহারাটা হন্দর তো ?

हेम्। इन्तत्र दिकि।

কান্তমণি। পাতলা, চোখে চলমা আছে ?

ইন্। হাঁ হাঁ, চশমা আছে। আর, সব কথাতেই মৃচকে মৃচকে হাসে। কান্তমণি। তবে আমাদের ললিত চাটুজ্জে, তাতে আর সন্দেহ নেই। ইন্। ললিত চাটুজ্জে না হয়ে যায় না। বাজি রাখতে পারি।

ক্ষান্তমণি। কল্টোলার নৃত্যকালী চাটুজ্জের ছেলে। ছোকরাটি কিন্তু মন্দ নয় ভাই। এম. এ. পাস করে জলপানি পাচ্ছে।

ইন্। জলপানি পাবার মতোই চেহারা বটে। তা ওদের ঘরে স্ত্রী পুত্র পরিবার কেউ নেই নাকি ? লক্ষীছাড়ার মতো টো টো করে বেড়ায় কেন ?

ক্ষান্তমণি। স্ত্রী পুত্র খেকেই বা কী হয় ? ওর তো তবু নেই। বলে যে, রোজগার না ক'রে বিয়ে করবে না।

ইন্। জানিস, ক্ষান্তদিদি, ওদের তিন জনের ছবিতে যেন তিন কাল মৃতিমান। চদ্রবাবু অতীত, বিনোদবাবু বর্তমান, আর ললিতবাবু ভাবী।

कांस्थ्यिन। जांदी? कांद्र जांदी ला ?

ইন্। সে কথাটা রইল ভবিষ্যতের গর্ভে।

ক্ষান্তমণি। দেখ্ ভাই ইন্দু, তোকে সত্যি করে বলি। তোরা তো আমাকে বন্ধিন-বাবুর বইগুলো পড়ালি, ভেবেছিলুম একটুও বুঝতে পারব না— কিন্তু বেশ লাগছে।

ইন্দু। এই দেখ্, মৃশকিলে ফেললি তো। তোর মনটা এখন আয়েষা হয়ে দাঁড়িয়েছে, কিন্তু ওজনমতো জগংসিংহ পাবি কোথা ?

ক্ষান্তমণি। তা বলিদ নে ইন্দ্। আমি যেরকম মাপের আয়েষা সেরকম মাপের জ্বাংসিংহও ঘরে মজুদ আছে। কিস্তু—

ইন্। চাল-চলনটা দোরস্ত হয় নি। মনে মনে আয়েষা হয়েছ, ব্যবহারে আয়েষা-গিরি করে উঠতে পারছ না।

ক্ষান্তমণি। কতকটা তাই বটে।

ইনু। প্রাক্টিকাল্ এডুকেশন্টা হয় নি আর-কি। কিছু দিন প্রাক্টিস্ চাই। ক্ষান্তমণি। তোর ইংরিজি আমি ব্যতে পারি নে, ভাই।

ইন্। আমার বক্তব্য হচ্ছে, বিষমের কাছে মন্ত্র পেয়েছ, আমার কাছ থেকে ভার সাধনা পেতে হবে।

কাস্তমণি। তোমার কাছ থেকে ?

ইন্। আমার কাছ থেকে হলেই নিরাপদ হবে। মহুসংহিতার সঙ্গে বৃদ্ধিমবাবৃর মিল রক্ষা করেই আমি তোমাকে শিক্ষা দেব। আজ এখনি হোক হাতে-খড়ি। আচ্ছা, এক কাজ করা বাক। মনে করো, আমি চক্রবাবু, আপিল থেকে ফিরে এসেছি, খিদের প্রাণ বেরিয়ে বাচ্ছে— তার পর তুমি কী করবে বলো দেখি। রোসো ভাই, চদ্রবার্র ঐ চাপকান আর শামলাটা পরে নিই, নইলে আমাকে চন্দ্রবার্ মনে হবে না।

[ আপিসের বেশ পরিধান ও ক্ষাম্বর উচ্চহাস্ত

কাস্তমণি, স্বামীর প্রতি পরিহাস অত্যন্ত গহিত কার্য। পতিব্রতা রমণী কদাপি উদ্ধহাস্থ করেন না। কোনো কারণে হাস্থ অনিবার্য হইলে সাধ্বী ত্রী প্রথমে স্বামীর অহমতি লইয়া পরে বদনে অঞ্চল দিয়া নয়নুনত করিয়া ঈষৎ স্থিতহাস্থ হাসিতে পারেন। এই গেল মহসংহিতা, এবার এসো নবীন কবির গীতিকাব্যে। আমি আপিস থেকে ফিরে এসেছি, এখন তোমার কী কর্তব্য বলো।

কাস্তমণি। প্রথমে তোমার চাপকানটি এবং শামলাটি খুলে দিই, তার পরে জলখাবার—

ইন্। না:, তোমার কিছু শিক্ষা হয় নি। আচ্ছা, তুমি তবে চদ্রবার সাজো, আমি তোমার স্ত্রী সাজছি—

ক্ষান্তমণি। না ভাই, সে আমি পারব না—

ইন্। আচ্ছা, তবে আর-একবার চেষ্টা করো। বড়োবউ, চাপকানটা খুলে আমার ধুতি-চাদরটা এনে দাও তো।

काञ्चमि। (উঠিয়া) এই मिष्टि।

ইনু। ও কী করছ! তুমি ওইখানে হাতের উপর মাথা রেখে বসে থাকো— বলো, 'নাথ, আজ সদ্ধেবেলায় কী হন্দর বাতাস দিছে। আজ আর কিছুতে মন লাগছে না, ইচ্ছে করছে পাথি হয়ে উড়ে ঘাই।'

ক্ষাস্তমণি। ( বথাশিক্ষিত ) নাথ, আজ সন্ধেবেলায় কী স্থলর বাতাস দিচ্ছে! আজ আর কিছুতে মন লাগছে না, ইচ্ছে করছে পাখি হয়ে উড়ে যাই।

ইন্। কোথায় উড়ে যাবে? তার আগে আমায় লুচি দিয়ে যাও, ভারি থিদে পেয়েছে—

ক্ষাস্তমণি। (ভাড়াভাড়ি উঠিয়া) এই দিচ্ছি—

हेम् । এই দেখো, नव भाषि करता । अञ्चात मञ्जाशिका এमে পড়ে। তুমি ষেমন ছিলে তেমনি থাকো, বলো, 'লুচি ? कहे, লুচি তো আৰু ভাজি নি । মনে ছিল না । আছা, লুচি কাল হবে এখন । আৰু, এসো, এখানে এই মধুর বাতাসে বসে—'

চন্দ্ৰ (নেপথা হইছে)। বড়োবউ!

ইন্। ঐ চন্তবাব্ আসছেন! আমাকে দেখতে পেয়েছেন বোধ হল। তুমি বোলো ডো ভাই, বাগবাজারের চৌধুরীদের কাদন্ধিনী। আমার পরিচয় দিয়ো না, লন্মীটি, মাথা থাও।

#### পাশের ঘর

# भनारे जामीन। ठानकान-भामनानता रेन्द्र हृिया প্रयम

गमाई। धकि!

ইন্ম। ও মা, এ যে সেই ললিতবাবৃ! আর তো পালাবার পর্ব নেই। (সামলাইয়াঁ লইয়া ধীরে ধীরে চাপকান-শামলা খুলিয়া গদাইয়ের প্রতি) তোমার বাবৃর এই শামলা আর এই চাপকান। সাবধান করে রেকে, হারিয়ো না। আর শীগগির দেখে এসো দেখি, বাগবাজারের চৌধুরীবাবৃদের বাড়ি থেকে পালকি এসেছে কিনা।

गमारे। (शिमग्रा) **ए बा**ळा।

[ প্রস্থান

ইন্। ছি ছি! ললিতবাব্ কী মনে করলেন! যা হোক, আমাকে তো চেনেন না। ভাগ্যিস, হঠাং বৃদ্ধি জোগালো, বাগবাজারের চৌধুরীদের নাম করে দিলুম। চন্দ্র-বাব্র এ বাসাটিও হয়েছে তেমনি। অন্দর বাহির সব এক। এখন আমি কোন্ দিক দিয়ে পালাই ? ওই আবার আসছে। মাহুষটি তো ভালো নয়।

## গদাইয়ের প্রবেশ

গদাই। ঠাকক্রন, পালকি তো আসে নি। এখন কী আজ্ঞা করেন ?

ইন্দু। এখন তুমি তোমার কাজে যেতে পারো। না, না, এ যে তোমার মনিব এ দিকে আসর্ছেন। ওঁকে আমার খবর দেবার কোনো দরকার নেই, আমার পালকি নিশ্চয় এসেছে।

গদাই। কী চমংকার! আর কী উপস্থিত বৃদ্ধি! বা বা! আমাকে হঠাং একদম চাকর বানিয়ে দিয়ে গেল— সেও আমার পরম ভাগ্যি। বাঙালির ছেলে চাকরি করতেই জন্মেছি, কিন্তু এমন মনিব কি অদৃষ্টে জুটবে? নির্লক্ষতাও ওকে কেমন শোভা পেয়েছে! আহা, এই শামলা আর এই চাপকান চন্দরকে ফিরিয়ে দিতে ইচ্ছে করছে না। বাগবাঞ্চারের চৌধুরী! সন্ধান নিতে হচ্ছে।

## চন্দ্রের প্রবেশ

চক্রকান্ত। তুমি এ ঘরে ছিলে নাকি ? তবে তো দেখেছ ? গদাই। চক্ষ্ থাকলেই দেখতে হয়— কিন্তু কে বলো দেখি। চক্রকান্ত। বাগবাজারের চৌধুরীদের মেয়ে কাদদ্বিনী। আমার শ্বীর একটি বন্ধু। গদাই। ওর স্বামী বোধ করি স্বাধীনতাওয়ালা ? চন্দ্রকান্ত। ওঁর আবার স্বামী কোপায় ?

গদাই। মরেছে বৃঝি ? আপদ গেছে। কিন্তু বিধবার মতো বেশ তো---

চন্দ্রকান্ত। বিধবা নয় হে— কুমারী। যদি হঠাৎ স্বায়ুর ব্যামো ঘটে থাকে তো , বলো, ঘটকালি কুরি।

গদাই। তেমন স্বায় হলে এতদিনে গলায় দড়ি দিয়ে মরতুম।

চদ্রকান্ত। তা হলে চলো, একবার বিনোদকে দেখে আসা যাক। তার বিশ্বাস, সে ভারি একটা অসমসাহসিক কান্ধ করতে প্রবৃত্ত হয়েছে, তাই একেবারে সপ্তমে চড়ে রয়েছে— যেন তার পূর্বে বঙ্গদেশে বাপ-পিতামহর আমল থেকে বিবাহ কেউ করে নি!

গদাই। মেয়েমাথুষকে বিয়ে করতে হবে, তার আবার ভয় কিসের ?

চন্দ্রকান্ত। বলো কী গদাই ? বিধাতার আশীর্বাদে জন্মানুম পুরুষ হয়ে, কী জানি কার শাপে বিয়ে করতে গেলুম মেয়েমামুষকে, এ কি কম সাহসের কথা ? গদাই, যেয়ো না হে! তোমাকে দরকার আছে, এখনি আসছি।

গদাই। (পকেট হইতে নোটবৃক ও পেন্সিল বাহির করিয়া) আর তো পারছি নে।
মাথার ভিতরটা যেরকম ঘূলিয়ে গেছে, আজ বোধ হয় একটা হন্ধর্ম করব। কবিতা
লিখে ফেলব। বৃদ্ধি পরিষ্কার থাকলে কবিতার ব্যাক্টিরিয়া জন্মাতেই পারে না। চিত্তের
অবস্থাটা থুব অস্বান্থ্যকর হওয়া চাই। আজ আমার মগজের ভিতরে ঐ কীটাপুগুলি
কেবলই চোদ্দ অক্ষর খুঁজে কিলবিল করে বেড়াচ্ছে।
[লিখিতে প্রবৃত্ত

কাদস্বিনী যেমনি আমায় প্রথম দেখিলে, কেমন করে ভৃত্য বলে তখনি চিনিলে।

ভাবটা নতুন রকমের হয়েছে, কিন্তু হভভাগা ছন্দটাকে বাগাতে পারছি নে। (গণনা করিয়া) প্রথম লাইনটা হয়েছে ধোলো, দ্বিভীয়টা হয়েছে পনেরো। কিন্তু কাকে ফেলে কাকে রাথি। (চিন্তা) 'আমায়'-কে 'আমা' বললে কেমন শোনায়? কাদমিনী ষেমনি আমা প্রথম দেখিলে— কানে তো নেহাত থারাপ ঠেকছে না। তবুও একটা অক্ষর বেশি থাকে। কাদমিনীর 'নী'টা কেটে যদি সংক্ষেপ করে দেওয়া য়ায়? পুরো নামের চেয়ে সে তো আরো আদরের শুন্তে হবে। কাদম্বি— না, ঠিক শোনাচ্ছে না। কদম্ব— ঠিক হয়েছে—

কদম্ব যেমনি আমা প্রথম দেখিলে, কেমন করে ভৃত্য বলে তথনি চিনিলে।

উঁ হঁ, ও হচ্ছে না। 'কেমন করে' কথাটাকে তো কমাবার জ্বো নেই। 'কেমন করিয়া'— তাতে আরো একটা অক্ষর বেড়ে যায়। 'তখনি চিনিলে'র জায়গায় 'তংক্ষণাং চিনিলে' বসিয়ে দিতে পারি, কিন্তু স্থবিধে হয় না। দূর হোক গে! ছলে লেখাটা বর্বরতা। যে সময় পুরুষমান্ত্র্য কানে কুণ্ডল, হাতে অঙ্কদ পরত, পছা জিনিসটা সেই যুগের; ডিমক্রাটিক যুগের জন্মে গছা। হওয়া উচিত চিল— 'বলি ও কাদ্বিনী, যেমনি আমার উপর নজর পড়ল অমনি আমাকে গোলাম বলে চিনে নিলে কেমন করে খুলে বলো তো।' এর মধ্যে বিক্রমাদিত্যের নবরত্বসভার সীলমোহরের ছাপ নেই— একেবারে খাস শ্রীযুক্ত গদাইচক্রের গোম্থী-বিনির্গত।

## শিবচরণের প্রবেশ

শिवहत्र। की श्रष्ट गमारे ?

গদাই। আজে, ফিজিয়লজির নোটগুলো একবার দেখে নিচ্ছি।

শিবচরণ। ফিজিয়লজির কোন্ জায়গাটাতে আছ ?

गमारे। शार्टित काः मन् निया।

শিবচরণ। দেখি তোমার নোটবইটা। আমি তোমাকে হয়তো কিছু---

গদাই। আজ্ঞে, এ একেবারে লেটেস্ট্ থিওরি নিয়ে — বোধ হয় মাস্থানেক হল এর ডিস্কভারি হয়েছে। এথনো সকলে জানে না।

শিবচরণ। সত্যি নাকি ? আমি আবার চশমাটা আনি নি। সব্জেক্ট্টা ইন্টারেস্টিং, পরে শুনে নেব তোর কাছ থেকে। কিন্তু, এখানে করছিস কী ?

গদাই। এক্জামিনটা খুব কাছে এসেছে— চন্দ্রবাবুর বাসাটা নিরিবিলি আছে, তাই এখানে—

শিবচরণ। দেখো বাপু, একটা কথা আছে। তোমার বয়স হয়েছে, তাই আমি তোমার জন্মে একটি কন্যা ঠিক করেছি।

গদাই। (স্বগত) কী সর্বনাশ!

শিবচরণ। নিবারণবাবুকে জান বোধ করি—

गमारे। जांख्य रां, जानि।

শিবচরণ। তাঁরই কন্যা ইন্দুমতী। মেয়েটি দেখতে শুনতে ভালো, বয়সেও তোমার যোগ্য। দিনও একরকম স্থির।

গদাই। একেবারে স্থির করেছেন ? কিন্তু এখন তো হতে পারে না।

শিবচরণ। কেন বাপু?

গদাই। এক্জামিন কাছে এসেছে—

শিবচরণ। তা হোক-না এক্জামিন। বউমাকে বাপের বাড়ি রেখে দেব, এক্জামিন হয়ে গেলে ঘরে আনা যাবে। गमारे। ডाङाति । भाग ना करतरे कि-

শিবচরণ। কেন বাপু, তোমার সঙ্গে তো একটা শক্ত ব্যায়রামের বিয়ে দিচ্ছি নে। মাহ্য ডাক্তারি না জেনেও বিয়ে করে। কিন্তু, আপস্তিটা কিসের জন্তে ?

গদাই। উপার্জনক্ষম না হয়ে বিয়ে করাটা—

শিবচরণ। উপার্জন? আমি কি তোমাকে আমার বিষয় থেকে বঞ্চিত করতে যাচ্ছি? তুমি কি সাহেব হয়েছ যে, বিয়ে করেই স্বাধীন ঘরকরা করতে যাবে?

তোমার হল কী! বিমে করবে, তার আবার এত ভাবনা কী! আমি কি তোমার ফাঁসির ছকুম দিলুম!

গদাই। বাবা, আপনার পায়ে পড়ি, আমাকে এখন বিয়ে করতে অহুরোধ করবেন না।

শিবচরণ। (সরোধে) অমুরোধ কী বেটা। হকুম করব। আমি বলছি, তোকে বিয়ে করতেই হবে।

গদাই। আমাকে মাপ করুন, আমি এখন কিছুতেই বিয়ে করতে পারব না।

শিবচরণ। (উচ্চম্বরে) কেন পারবি নে! তোর বাপ পিতামহ, তোর চৌদ্পুরুষ বরাবর বিয়ে করে এসেছে, আর তুই বেটা তু পাতা ইংরিজি উলটে আর বিয়ে করতে পারবি নে!

গদাই। আমি মিনতি করে বলছি বাবা, একেবারে মর্মান্তিক অনিচ্ছে না থাকলে আমি কখনোই এ প্রস্তাবে—

শিবচরণ। তুমি বেটা আমার বংশে জন্মগ্রহণ করে হঠাৎ একদিনে এত বড়ো বৈরাগী হয়ে উঠলে কোথা থেকে। এমন স্পষ্টছাড়া অনিচ্ছেটা হল কেন, সেটা তো শোনা আবশ্যক।

গদাই। আচ্ছা, আমি মাসিমাকে সব কথা বলব, আপনি তাঁর কাছে জানতে পারবেন।

र्णिवहरून। पांच्हा।

[প্রস্থান

গদাই। আমার ছন্দ মিল ভাব সমস্ত ঘূলিয়ে গেল; এখন যে আর এক লাইনও মাথায় আসবে এমন সম্ভাবনা দেখি নে।

## চন্দ্রের প্রবেশ

চক্রকান্ত। আজ বিনোদের বিয়ে, মনে আছে তো গদাই? গদাই। তাই তো, ভূলে গিয়েছিলুম বটে। চক্রকান্ত। তোমার শ্বরণশক্তির যেরকম অবস্থা দেখছি, এক্জামিনের পক্ষে স্থবিধে নয়। এইখানে বৈঠক হবে, চলো ওদের ধরে নিয়ে আসিগে।

গদাই। আজ শরীরটা তেমন ভালো ঠেকছে না, আজ থাক্—

চক্রকান্ত। বিনোদের বিয়েটা তো বছরের মধ্যে সদাসর্বদা হবে না গদাই! যা হবার আক্সই চুকে যাবে। অতএব আত্ম তোমাকে ছাড়ছি নে, চলো।

गमारे। हता।

প্রিয়ান

# ক্ষান্তমণি ও ইন্দুর প্রবেশ

ইন্। বর তো তোমাদের এখান থেকেই বেরোবেন ? তাঁর তিন কুলে আর কেউ নেই নাকি ?

কাস্তমণি। বাপ-মা নেই বটে, কিন্তু শুনেছি দেশে পিদি-মাসি সব আছে—
তাদের থবরও দেয় নি। বলে যে, বিয়ে করছি, হাট বসাচ্ছি নে তো। আবার বলে
কী, এ তো আর শুন্ত-নিশুন্তর যুদ্ধু না, কেবল ছটিমাত্র প্রাণীর বিয়ে, এত শোর-শরাবং
লোক-লম্বরের দরকার কী ?

ইন্। একবার আমাদের হাতে পদ্ধক-না, ঘটিমাত্র প্রাণীর বিয়ে যে কিরকম ধুনুমার ব্যাপার, তা তাঁকে একরকম মোটাম্টি ব্রিয়ে দেব।— আজ যে তুমি বাইরের ঘরে?

ক্ষাস্তমণি। এই ঘরে সব বরযাত্রী জুটবে। দেখ-না ভাই, ঘরের অবস্থাধানা। তারা আসবার আগে একটুথানি গুছিয়ে নেবার চেষ্টায় আছি।

ইন্। তোমার একলার কর্ম নয়, এদো ভাই, ছজনে এ জঞ্জাল সাফ করা যাক্। এগুলো দরকারি নাকি ?

ক্ষান্তমণি। কিচ্ছু না। যত রাজ্যির পুরোনো থবরের কাগজ জুটেছে। কাগজ-গুলো যেখানে পড়া হয়ে যায় সেইথানেই পড়ে থাকে।

रेन्। এ छता ?

ক্ষান্তমণি। এগুলো মকদমার কাগজ— হারাতে পারলে বাঁচেন বোধ হয়। কেন ধে হারায় না তাও তো ব্যতে পারি নে। কতকগুলো গদির নীচে গোঁজা, কতক আলমারির মাথায়, কতক ময়লা চাপকানের পকেটে। ধথন কোনোটার দরকার পড়ে বাজি মাথায় করে বেড়ান, আঁতাকুড় থেকে আর বাড়ির ছাত পর্যন্ত এমন জায়গা নেই থেখানে না খুঁজতে হয়।

ইন্। এর দক্ষে যে ইংরেজি নভেলও আছে— তারও আবার পাতা ছেঁড়া! কতকগুলো চিঠি— এ কি দরকারি! ক্ষাস্তমণি। ওর মধ্যে দরকারি আছে অ-দরকারিও আছে, কিচ্ছু বলবার জো নেই।
খুব গোপনীয়ও আছে, দেগুলো চারি দিকে ছড়ানো। খুব বেশি দরকারি চিঠি সাবধান
করে রাথবার জন্তে বইয়ের মধ্যে গুঁজে রাখা হয়, দে আর কিছুতেই খুঁজে পাওয়া
যায় না।

ইন্। এ-সব কী। কতকগুলো লেখা, কতকগুলো প্রুফ, খালি দেশালাইয়ের বাক্স, কাননকুস্মিকা, কাগজের পুঁটুলির মধ্যে ছাতাধরা মসলা, একখানা তোয়ালে, গোটাকতক দাবার ঘুঁটি, একটি ইস্বাবনের গোলাম, ছাতার বাঁট— এ চাবির গোছা ফেলে দিলে বোধ হয় চলবে না ?

ক্ষাস্তমণি। এই দেখো! এই চাবির মধ্যে ওঁর ষথাসর্বস্থ। আব্দ সকালে একবার থোঁজ পড়েছিল, কোথাও সন্ধান না পেয়ে শেষে উমাপতিদের বাড়ি থেকে সতেরোটা টাকা ধার করে নিয়ে এলেন। দাও তো ভাই, এ চাবি ওঁকে সহজে দেওয়া হবে না। ওই ভাই, ওরা আসছে, চলো ও ঘরে পালাই।

# বিনোদ চন্দ্রকান্ত গদাই নলিনাক্ষ শ্রীপতি ভূপতির প্রবেশ

বিনোদ। (টোপর পরিয়া) সঙ তো সাজলাম, এখন তোমরা পাঁচ জনে মিলে হাততালি দাও— উৎসাহ হোক, মনটা দমে যাচ্ছে।

চক্রকান্ত। এরই মধ্যে ? এখনো তো রক্সমঞ্চে চড় নি ?

বিনোদ। আচ্ছা চন্দর, অভিনয়ে আমার পার্ট কী হবে বুঝিয়ে দাও দেখি।

ठक्कारु। यशातीनीत विष्यक।

বিনোদ। সাজটিও যথোপযুক্ত হয়েছে। ইংরেজ রাজাদের যে ফুল্গুলো ছিল তাদেরও টুপিটা এই টোপরের মতো।

চন্দ্রকান্ত। সেজের বাতি নিবিয়ে দেবার ঠোঙাগুলোরও ওইরকম চেহারা। এই পিচশটা বংসরের যত-কিছু শিক্ষাদীক্ষা, যত-কিছু আশা-আকাজ্ঞা— ভারতের ঐক্য, বাণিজ্যের উন্নতি, সমাজের সংস্থার, সাহেবের ছেলে পিটোনো প্রভৃতি ষে-সকল উচু উচু ভাবের পলতে মগজের ঘি খেয়ে খুব উজ্জ্বল হয়ে জ্বলে উঠেছিল সেগুলো ওই টোপর চাপা পড়ে একদম নিবে যাবে।

শ্রীপতি। চন্দরদা, তুমি তো বিয়ে করেছ, বলো-না কী করতে হবে। হাঁ করে সবাই মিলে দাঁড়িয়ে থাকলে কি 'বিয়ে-বিয়ে' মনে হয় ?

চন্দ্রকান্ত। সে তো ভাই, স্টোন্-এজ, স্বাইস্-এজের কথা। সে যুগে না ছিল পূর্বরাগের কোমলতা, না ছিল অপূর্ব অন্ধরাগের উত্তাপ। কেবল বিবাহের যিনি আছাশক্তি সেই মহামায়াই আজও আছেন অন্তরে-বাহিরে, আর সমন্তই ভূলেছি।

ভূপতি। খালীর হাতের কানমলা ?

চদ্রকান্ত। হায় পোড়াকপাল! শালী থাকলে তবু বিবাহের সংকীর্ণতা অনেকটা কাটে, ওরই মধ্যে একটুথানি পাশ ফেরবার জায়গা পাওয়া যায়— খণ্ডরমশায় একেবারে কড়ায় গণ্ডায় ওজন করে দিয়েছেন, সিকি পয়সার ফাউ দেন নি।

বিনোদ। বাস্তবিক বর পছন্দ করবার সময় যেমন জিজ্ঞাসা করে কটি পাস আছে, কনে পছন্দ করবার সময় তেমনি খোঁজ নেওয়া উচিত কটি ভগিনী আছে।

চক্রকাস্ত। চোর পালালে বৃদ্ধি বাড়ে। ঠিক বিয়ের দিনটিতে বৃঝি চৈতক্স হল ? নিতাস্ত বঞ্চিত হবে না; তোমার কপালে একটি আছে, নামটি হচ্ছে ইন্মতী।

গদাই। (স্বগত) যাঁকে আমার স্বন্ধের উপর উন্নত করা হয়েছে— সর্বনাশ আর-কি।

শ্রীপতি। বিনোদ, একটুথানি বোদো।

বিনোদ। না ভাই, তা হলে আর উঠতে পারব না, মনটা দেহের উপর যেন পাথরের কাগজচাপা হয়ে চেপে রাখবে।

ভূপতি। এসো তবে, বর কনের উদ্দেশে গ্রী চিয়ার্স্ দিয়ে বেরিয়ে পড়া যাক। হিপ্ হিপ্ ভরে—

চক্রকান্ত। দেখো, আমার প্রিয়বন্ধ্র বিয়েতে আমি কখনোই এরকম অনাচার হতে দেব না; শুভকর্মে অমন বিদেশী শেয়াল-ডাক ডেকো না। তার চেয়ে সবাই মিলে উলু দেবার চেষ্টা করো-না।

নলিনাক্ষ। এই তবে আমাদের অবিবাহিত বন্ধুত্বের শেষ মিলন। জীবনশ্রোতে তুমি এক দিকে যাবে, আমি এক দিকে যাব। প্রার্থনা করি তুমি স্থবে থাকো। কিন্তু মূহূর্তের জন্মে ভেবে দেখো বিহু, এই মক্লময় জগতে তুমি কোথায় যাচ্ছ—

চক্রকান্ত। বিশ্ব, তুই বল্, মা, আমি তোমার জন্যে দাসী আনতে যাচ্ছি। তা হলে কনকাঞ্চলিটা হয়ে যায়।

শ্রীপতি। এইবার তবে উলু আরম্ভ হোক। [ সকলে উলুর চেষ্টা ও প্রস্থান

# ইন্দু ও ক্ষান্তমণির প্রবেশ

ক্ষান্তমণি। শুনলি তো ভাই, আমার কর্তাটির মধুর কথাগুলি ? ইন্। কেন ভাই, আমার তো মন্দ লাগে নি।

ক্ষান্তমণি। তোর মন্দ লাগবে কেন ? তোর তো আর বাজে নি। যার বেজেছে সেই জানে— ইন্দু। তুমি যে একেবারে ঠাট্টা সইতে পার না। তোমার স্বামী কিন্ত ভাই তোমাকে সত্যি ভালোবাসে। দিনকতক বাপের বাড়ি গিয়ে বরং পরীক্ষা করে দেখো-না—

ক্ষান্তমণি। তাই একবার ইচ্ছা করে, কিন্তু জানি থাকতে পারব না। তা ষা হোক, এখন তোদের ওথানে যাই। ওরা তো বউবাজারের রাস্তা ঘুরে যাবে, সে এখনো ঢের দেরি আছে।

ইন্। তুমি এগোও ভাই, তোমার স্বামীর এই বইগুলি গুছিমে দিয়ে যাই।
[ ক্ষান্তর প্রস্থান

ললিতবাবু তাঁর এই খাতাটা ফেলে গেছেন। এটা না দেখে আমি যাচ্ছি নে। (থাতা খুলিয়া) ওমা! এ যে কবিতা। কাদম্বিনীর প্রতি। আ মরণ। সে পোড়ারম্থি আবার কে।

জল দিবে অথবা বজ্ৰ, ওগো কাদস্বিনী, হতভাগ্য চাতক তাই ভাবিছে দিনরজনী।

ভারি যে অবস্থা থারাপ! জলওনা, বজ্ঞওনা, হতভাগ্য চাতকের জ্বন্তে কবিরাজের তেলের দরকার।

> আর কিছু দাও বা না-দাও, অয়ি অবলে সরলে, বাঁচি সেই হাসিভরা মৃথ আর-একবার দেখিলে।

আহাহাহা! অবলে দরলে! পুরুষগুলো ভারি বোকা। মনে করলে, ওঁর প্রতি ভারি অন্থগ্রহ করে সে হেসে গেল। হাসতে না কি সিকি পয়সা থরচ হয়। কই আমাদের কাছে তো কোনো কাদম্বিনী সাত পুরুষে এমন করে হাসতে আদে না! অবলে দরলে! সত্যি বাপু, মেয়ে জাতটাই ভালো নয়। এত ছলও জানে। ছি ছি! এ কবিতাও তেমনি। আমি যদি কাদ্মিনী হতুম তো এমন পুরুষের মুধ দেখতুম না। যে লোক চোদ্টা অক্ষর সামলে চলতে পারে না তার সঙ্গে আবার প্রণয়! এ থাতা আমি ছি ড়ে ফেলব; পৃথিবীর একটা উপকার করব; কাদ্মিনীর দেমাক বাড়তে দেব না।

পুরুষের বেশে হরিলে পুরুষের মন,

এবার নারীবেশে কেড়ে নিয়ে যাও জীবন মরণ। এর মানে কী!

> কদম বেমনি আমা প্রথম দেখিলে, কেমন করে ভূতা বলে তথনি চিনিলে!

ওমা। ওমা। এমা। এ যে আমারই কথা। এইবার ব্ঝেছি, পোড়ারম্থি

কাদম্বিনী কে! (হাস্ম) তাই বলি, এমন করে কাকে লিখলেন। ওমা, কত কথাই বলেছেন। আর-একবার ভালো করে সমস্তটা পড়ি। কিন্তু কী চমংকার হাতের অক্ষর! একেবারে যেন মৃক্তো বসিয়ে গেছে।

# পশ্চাৎ হইতে খাতা অম্বেষণে গদাইয়ের প্রবেশ

কিন্তু ছন্দ থাক্ না-থাক্ পড়তে তো কিছুই খারাপ হয় নি। সত্যি, ছন্দ নেই বলে আরো মনের সরল ভাবটা ঠিক যেন প্রকাশ হয়েছে। আমার বেশ লাগছে। আমার বোধ হয় ছেলেদের প্রথম ভাঙা কথা যেমন মিষ্টি লাগে কবিদের প্রথম ভাঙা ছন্দ তেমনি মিষ্টি। (খাতা বুকে চাপিয়া) এ খাতা আমি নিয়ে যাব। এ তো আমাকেই লিখেছেন। আমার এমনি আনন্দ হচ্ছে। (প্রস্থানোভ্যম। পশ্চাতে ফিরিয়া গদাইকে দেখিয়া) ওমা! (মৃথ আচ্ছাদন)

গদাই। ঠাকরুন, আমি একখানা খাতা খুঁজতে এসেছিলুম।

[ ইন্মতীর জত পলায়ন

জন্ম জন্ম কেবলই আমার থাতাই হারাক। কবিতার বদলে যা পেয়েছি কালিদাস তাঁর কুমারসম্ভব শকুন্তলা বাঁধা রেখে এমন জ্বিনিস পায় না!

[ गरा উह्यारम প্রস্থান

# ভূতীয় অঞ্চ

# প্রথম দৃশ্য

## বাগবাজারের রাস্তা

গদাই। আহা, এই বাড়িটা আমার শরীর থেকে আমার মনটুকুকে ধেন শুষে
নিচ্ছে, ব্লটিং ঘেমন কাগজ থেকে কালি শুষে নেয়। কিন্তু কোন্ দিকে সে থাকে এ পর্যস্ত
কিছুই সন্ধান করতে পারলুম না। এ যে পশ্চিমের জানলার ভিতর দিয়ে একটা সাদা
কাপড়ের মতন ঘেন দেখা গেল না ? না, ও তো নয়, ও তো একজন দাসী দেখছি। ও
কী করছে ? একটা ভিজে শাড়ি শুকুতে দিচ্ছে। বোধ হয় তাঁরই শাড়ি। আহা,
নাগাল পেলে একবার স্পর্শ করে নিতুম। তা হলে এতক্ষণে তাঁর স্থান হল। পিঠের
উপরে ভিজে চুল ফেলে সাফ কাপড়টি পরে এখন কী করছেন!

[ এই বাড়ির চৌকাঠ পার হইতে হঁচট খাইয়া একজন বৃড়ির কক্ষ হইতে তরকারির ঝুড়ি পড়িয়া গেল।] গদাই। (ছুটিয়া নিকটে গিয়া ধরিয়া উঠাইয়া) আহাহাহা, কী তোমার নাম গো ?

वृष्टि। आभात नाम ठीकूतमानी, এই वाष्ट्रित वि।

गमारे। এই वाष्ट्रित थि। ष्यारा, नारंग नि ट्या ?

वृष्डि। ना, किছू नार्श नि।

গদাই। আলুগুলো সব যে ছড়িয়ে পড়েছে। রোসো, কুড়িয়ে দিচ্ছি। তুমি বুঝি এই বাড়ির ঝি!

वृष्टि। इ। वाव्।

গদাই। চৌধুরীদের বাড়ির ঝি?

वृष्टि। है। त्या, शकामाधव कोधूती।

গদাই। আহাহা, ভাঁড়টা উলটে গিয়ে তেল যে সব গড়িয়ে গেছে। তোমার দিদি-ঠাককন হয়তো রাগ করবেন।

वृष्णि। ना, मिमिठीककन कथां कि करवन ना, किन्छ शिन्नि मा-

গদাই। কথাটি কবেন না। আহা! (দীর্ঘনিশ্বাস) তা এক কান্ধ করো। এই টাকাটি দিচ্ছি, নাহয় বান্ধার থেকে তেল কিনে আনো, আমি ততক্ষণ তোমার তরকারি আগলাচ্ছি। তোমার দিদিঠাককন বুঝি কথাটি কবেন না, আঁগ ঠাকুরদাসী?

বুড়ি। তিনি বড়ো লক্ষী।

গদাই। লক্ষী! আহা, তা ভোমার দিদিঠাকক্ষন কী থেতে ভালোবাসেন বলো দেখি।

বৃড়ি। ছাতাওয়ালা গলির মোড়ে ভক্ষ ফুল্রিওয়ালা গরম গরম বেগ্নি ভেজে দেয়, তাই দিয়ে আমের আচার দিয়ে থেতে তাঁর খুব শধ।

গদাই। বটে ! তা এই নাও, ঠাকুরদাসী, একটাকার বেগ্নি কিনে আনো তো। বৃড়ি। একটাকার বেগ্নি ! সে যে অনেক হবে।

গদাই। তা হোক, নাহয় কিছু বেশিই হল।

বৃড়ি। তা আমি কিনে নাহয় আনব পরে, তুমি এই দরজার কাছে দাঁড়িয়ে থাকবে কডকণ।

গদাই। তাতে ক্ষতি নেই, ওটা আমার একটা শথ।

वृष्टि। मत्रकांत काट्ट माष्ट्रिय थाका !

গদাই। ন', না, ঐ ষে তোমার বেগ্নি— ঐ ষে ভূমি বললে না—

वृष्टि । नाष्ट्रम मिमिठीकक्रनक द्या नि था ध्याव, छाई व'ल कि-

গদাই। আমি এইরকম খাওয়াতে বড়ো ভালোবাসি, ওটা আমার একটা বাতিক বললেই হয়। বিশেষত গরম গরম বেগ্নি। বেগ্নির ঝুড়ি চক্ষে দেখে তবে নড়ব। বুড়ি। তা হলে দাঁড়াও, দেরি করব না।

## মোড়ক হস্তে এক ব্যক্তির প্রবেশ

ঐ ব্যক্তি। সরকারমশায় বৃঝি ?

গদাই। কেন বলো তো।

ঐ ব্যক্তি। এই বাড়ির কোন্ মাঠাকক্ষন সাত জোড়া সিল্কের মোজা রিফু করতে আমাদের দোকানে পাঠিয়েছিলেন, সেগুলি এনেছি।

গদাই। আঁটাং, পায়ের মোজা! ঐ জন্মেই তো এতক্ষণ দাঁড়িয়ে আছি। দাও দাও।

দরজি। দামটা নগদ চুকিয়ে দিতে হবে।

গদাই। কত?

मत्रि । आड़ारे ठांका।

গদাই। এই নিয়ে যাও। তোমার রেট তো থুব শস্তা হে! দরজির প্রস্থান হায়, আজ কী শুভক্ষণেই বেরিয়েছিলুম! (বুকের কাছে চাপিয়া) সেই পা ত্রথানির অদৃশ্য চলন দিয়ে দলন দিয়ে এই মোজার ফাঁকগুলি ভরা। আহাহা, গা শিউরে উঠছে, কবিতা লিখতে ইচ্ছে করছে—

ভগো শৃত্য মোজা —

মেলানো বড়ো শক্ত। এই সময়ে থাকত বিন্দা!—

আমার শৃত্ত হৃদয়ের মতো, ওগো শৃত্ত মোজা,

অনুপস্থিত কোন্ হুটি চরণ

সদাই করিতেছ থোঁজা।

কথা আসছে। কিন্তু ঘুলিয়ে যাচ্ছে—

বিনা পায়েই প্রাণের ভিতরে

চলে গিয়েছ সোজা।

আইডিয়াটা ওরিজিনাল।

তিনটে লাইন হল, দাত জোড়া মোজা আছে; ঠিক দপ্তপদীর নম্বর। আরো চারটে লাইন চাই। (উপরতলার বারান্দার দিকে চাহিয়া) অমুদ্দেশকে উদ্দেশ করে এই লাইনগুলি আর্ত্তি করতে ইচ্ছে করছে— মুরোপের টুবেডোরদের মতো। (আপন মনে) আমার শৃষ্ঠ হৃদয়ের মতো, ওগো শৃষ্ঠ মোজা, অমুপন্থিত কোন ঘটি চরণ সদাই করিছ খোঁজা?

কিন্তু আর তো মিল দেখছি নে, এক আছে 'মৃসলমানের রোজা'— মোজাকে বললে দোষ নেই ষে ঈদের দিনে প্রতিপদের চাঁদ। না না, ওতে আমার লেখার ক্লাসিক্যাল গ্রেসটা চলে যাবে। তা ছাড়া দিন খারাপ, হয়তো সামান্ত মোজার জত্তে শান্তিভক্ষ হতেও পারে— ওটা থাক্।

নেপথ্য। হিঁয়া রোখো।

## শিবচরণের প্রবেশ

শিবচরণ। বেটার তব্ হঁশ নেই। দেখো-না, হাঁ করে দাঁড়িয়ে আছে দেখো-না।
যেন খিদে পেয়েছে, এই বাড়ির ইটকাঠগুলো গিলে খাবে। ছাঁড়ার হল কী!
থাঁচার পাখির দিকে বেড়াল যেমন তাকিয়ে থাকে তেমনি করে উপরের দিকে তাকিয়ে
আছে। হতভাগা কালেজে যাবার নাম করে রোজ বাগবাজারে এসে ঘুর ঘুর
করে। (নিকটে আসিয়া) বাপু, মেডিকেল কালেজটা কোন্দিকে একবার দেখিয়ে
দাও দেখি!

गमारे। की मर्वनाम ! এ यে वावा !

শিবচরণ। শুনছ? কালেজ কোন্-দিকে? তোমার অ্যানাটমির নোট কি ঐ দেয়ালের গায়ে লেখা আছে? তোমার সমস্ত ডাক্রারিশাস্ত্র কি ঐ জানলায় গলায় দড়ি দিয়ে ঝুলছে?

মৃথে কথা নেই যে! লক্ষীছাড়া, এই তোর এক্জামিন! এইখানে তোর মেডিকেল কালেজ!

গদাই। থেয়েই কালেজে গেলে আমার অন্থ করে, তাই একটুথানি বেড়িয়ে নিয়ে—

শিবচরণ। বাগবাজারে তুমি হাওয়া খেতে এস? শহরে আর কোথাও বিশুদ্ধ বায় নেই! এ তোমার দার্জিলিং সিমলে পাহাড়! বাগবাজারের হাওয়া খেয়ে খেয়ে আজকাল যে চেহারা বেরিয়েছে, একবার আয়নাতে দেখা হয় কি? আমি বলি ছোঁড়াটা এক্জামিনের তাড়াতেই শুকিয়ে যাচ্ছে, তোমাকে যে ভূতে তাড়া করে বাগবাজারে ঘোরাচ্ছে তা তো জানতুম না!

গদাই। আজকাল বেশি পড়তে হয় বলে ব্লোজ খানিকটা করে এক্সেসাইজ্ করে নিই— শিবচরণ। রান্তার ধারে কাঠের পুতৃলের মতো হাঁ করে দাঁড়িয়ে থেকে তোমার এক্সেনাইজ হয়, বাড়িতে তোমার দাঁড়াবারও জায়গা নেই!

গদাই। অনেকটা চলে এসে প্রান্ত হয়েছিলুম, তাই একটু বিপ্রাম করা যাচ্ছিল।
শিবচরণ। প্রান্ত হয়েছিস, তবে ওঠ্ আমার গাড়িতে। যা, এখনি কালেকে যা।
গেরস্তর বাড়ির সামনে দাড়িয়ে প্রান্তি দূর করতে হবে না।

गर्हा । तम की कथा । जाशनि की करत गायन ?

শিবচরণ। আমি যেমন করে হোক যাব, তুই এখন গাড়িতে ওঠ্। ওঠ্বলছি। গদাই। অনেকটা জিরিয়ে নিয়েছি, এখন আমি অনায়াসে হেঁটে যেতে পারব।

শিবচরণ। না, সে হবে না— তুই ওঠ, আমি দেখে যাই—

गमारे। आभनात य ভाति कष्टे रूत।

শিবচরণ। সেজন্ম তোকে কিছু ভাবতে হবে না, তুই ওঠ্ গাড়িতে। এ ঝুড়িটা কিসের। তুই কি বাগবাজারে তরকারি ফেরি করে বেড়াস নাকি ?

গদাই। তাই তো, ওটা তরকারিই তো বটে। কী আশ্চর্য ! কেমন করে এল ! এ তো মূলো দেখছি, নটেশাকও আছে। এক কান্ধ করি বাবা— গেরন্তর জিনিস, ঘরের ভিতরে পৌছে দিয়ে আসি-না।

শিবচরণ। আর তোমার পরোপকার করতে হবে না। এ ঝুড়ির কিনারা আমি করে দিচ্ছি, তুই এখন গাড়িতে ওঠ।

গদাই। (স্বগত) সর্বনাশ! বৃড়িটা এর মধ্যে বেগ্নি নিয়ে উপঞ্চিত না হলে বাঁচি। আজ সকাল বেলাটা বেশ জমে আসছিল, মাটি করে দিলে। সাত জ্বোড়া মোজা নিয়ে করি কী! কাল দোকানদার সেজে ফিরিয়ে দিতে হবে।

শিবচরণ। তোর হাতে ওটা কিসের মোড়ক রে ?

গদাই। আজে ওটা—

শিবচরণ। দেখি না। (হাত টানিয়া লইয়া) এ কী ব্যাপার!

গদাই। আজে, উপহার দেবার জন্মে।

শিবচরণ। কাকে উপহার দিবি ?

গদাই। আমার একটি ক্লাস-ফ্রেণ্ড্—

শিবচরণ। ক্লান্-ফ্রেণ্ড্কে মেয়েদের মোজা দিবি!

গদাই। তার বিয়ে হচ্ছে কিনা, তাই—

শিবচরণ। তাই, কার অনেক দিনের পরা পুরোনো ময়লা মোজা তাকে দিবি ? তাও আবার সাত জোড়া!

#### শেষরক

গদাই। সেকেণ্ড্যাণ্ড্ নিলেম থেকে শস্তায় কিনেছি, আপনার কাছে থেকে টাকা চাইতে ভয় করে।

শিবচরণ। চাইলেই পেতিস কিনা! ফিরিয়ে দে। ছি ছি! ঐ নোংরা মোজা-গুলো নিয়ে বেড়াচ্ছিস। কী জানি কোন্ ব্যামোর ছোঁয়াচ আছে গুর মধ্যে—

গদাই। আমারও দে ভয় আছে বাবা, ছোঁয়াচ ষে কোথায় কী থাকে কিচ্ছু বলবার জো নেই। এখনো ফিরিয়ে দিতে পারব, কালই না হয়—

শিবচরণ। সেই ভালো। এই নে, তোকে দেড় টাকা দিচ্ছি— পাকপ্রণানী তু খণ্ড কিনে তাকে দিস। এখন গাড়িতে ওঠ্। (সহিসের প্রতি) দেখ্, একেবারে সেই পটনডাঙার কালেকে নিয়ে যাবি, কোথাও থামাবি নে।

গদাই। (জনাস্থিকে সহিসের প্রতি) মির্জাপুর চক্রবাবুর বাসায় চল্, তোদের এক টাকা বকশিশ দেব, ছুটে চল্।

শিবচরণ। আজ আর রুগি দেপা হল না। আমার সকাল বেলাটা মাটি করে দিলে।

# দ্বিতীয় দৃশ্য

## চন্দ্রকান্তের বাসা

চন্দ্রকান্ত। নাং, এ আগাগোড়া কেবল ছেলেমাসুষি করা হয়েছে। আমার এমন অন্থতাপ হচ্ছে! মনে হচ্ছে যেন আমিই এ সমস্ত কাণ্ডটি ঘটিয়েছি। ইদিকে এত কল্লনা, এত কবিস্ব, এত মাতামাতি, আর বিয়ের ছ দিন না ষেতে ষেতেই কিছু আর মনে ধরছে না।

# গদাইয়ের প্রবেশ

गमारे। की श्राक्त हन्मत्रमा १

**ठक्षकार ।** ना गमारे, তোরা আর বিয়েখাওয়া করিস নে।

গদাই। কেন বলো দেখি। তোমার ঘাড়ে ম্যাল্থসের ভূত চাপল নাকি?

চন্দ্রকান্ত। এখনকার ছেলেরা তোরা মেয়েমাহ্যকে বিয়ে করবার যোগ্য নোস। তোরা কেবল লম্বাচওড়া কথা কবি আর কবিতা লিখবি, তাতে যে পৃথিবীর কী উপকার হবে ভগবান জানেন। গদাই। কবিতা লিখে পৃথিবীর কী উপকার হয় বলা শক্ত, কিন্তু এক-এক সময় নিজের কাজে লেগে যায় সন্দেহ নেই। যা হোক, এত রাগ কেন ?

চক্রকান্ত। শুনেছ তো সমন্তই! আমাদের বিমুর তাঁর স্ত্রীকে পছন্দ হচ্ছে না। গদাই। বাস্তবিক, এরকম গুরুতর ব্যাপার নিয়ে খেলা করাটা ভালো হয় নি।

চন্দ্রকান্ত। বিস্থটা যে এত অপদার্থ তা কি জানতুম! একটা স্ত্রীলোককে ভালোবাসার ক্ষমতাটুকুও নেই।

গদাই। আমি জানি, কবিতা লেখার চেয়েও সেটা সহজ কাজ।

চক্রকান্ত। আমি ওর মৃথদর্শন করছি নে।

গদাই। তুমি তাকে ছাড়লে সে যে নেহাত অধঃপাতে যাবে।

চক্রকাস্ত। না, তার সঙ্গে কিছুতেই মিশছি নে, পায়ে এসে ধরে পড়লেও না। তুমি ঠিক বলেছিলে গদাই, আজকাল সবাই যাকে ভালোবাসা বলে সেটা একটা স্নায়ুর ব্যামো — হঠাং চিড়িক মেরে আসে, তার পরে ছেড়ে যেতেও তর সয় না।

গদাই। সে-সব বিজ্ঞানশাস্ত্রের কথা পরে হবে, আপাতত আমার একটা কাজ করে দিতে হচ্ছে।

চন্দ্রকান্ত। যে কাজ বল তাতেই রাজি আছি, কিন্তু ঘটকালি আর করছি নে। গদাই। এ ঘটকালিই করতে হবে।

চন্দ্রকান্ত। (বাগ্রভাবে) কী রকম শুনি।

গদাই। বাগবাজারের চৌধুরীদের বাড়ির কাদস্বিনী, তার সঙ্গে আমার -

চন্দ্রকান্ত। (উদ্ধ্যরে) গদাই, তোমারও কবিত্ব। তবে তোমারও স্নায়্ বলে একটা বালাই আছে।

গদাই। তা আছে ভাই। বোধ হয়, একটু বেশি পরিমাণেই আছে। অবস্থা এমনি হয়েছে যে শিগগির আমার একটা সদগতি না করলে -

চন্দ্রকান্ত। বুঝেছি। কিন্তু গদাই, আর স্ত্রীহত্যার পাতকে আমাকে লিপ্ত করিসনে।

গদাই। কিছু ভেবো না ভাই। পাপ করেছে বিনোদ, তার রিডেম্প্শন্
আমার শ্বারা।

চক্রকান্ত। ভ্যালা মোর দাদা! আমি এক্থনি যাচ্ছি। চাদরধানা নিয়ে আসি। অমনি বড়োবউয়ের পরামর্শ টাও জানা ভালো।

# অনতিবিলম্বে ছুটিয়া আসিয়া

চক্রকান্ত। বড়োবউ রাগ করে বাপের বাড়ি চলে গেছে। তোদের সংসর্গ

লাভ করতে আসি, আর হারাই আমার স্ত্রীর সংসর্গ— আমার ঘটল মুকুতার বদলে ভক্তা।

## विर्नारमंत्र व्यापम

বিনোদ। চন্দরদা, তুমি আমার উপর রাগ করে চলে এলে ভাই! আমি আর থাকতে পারলুম না।

চদ্রকান্ত। না ভাই, তোদের উপর কি রাগ করতে পারি ? তবে হঃখ হয়েছিল তা স্বীকার করি।

বিনোদ। কী করব চন্দরদা! আমি এত চেষ্টা করছি কিছুতেই পেরে উঠছি নে—
চন্দ্রকান্ত। কেন বল্ দেখি। ওর মধ্যে শক্তটা কী ? মেয়েমাহ্র্যকে ভালোবাসতে
পারিস নে।

विताम। ठन्मतमा, की जानि जारे विरय ना कतांगेरे मुथन रुख रणह ।

চক্রকান্ত। তোর পায়ে পড়ি বিস্ত, তুই আমার গা ছুঁয়ে বল্, নিদেন আমার থাতিরে তোর স্থীকে ভালোবাসবি। মনে কর্, তুই আমার বোনকে বিয়ে করেছিস।

বিনোদ। চন্দরদা, যাকেই হোক, বিয়ে যে করেছি সেটা বৃঝতে তো বাকি নেই।
মৃশকিল হয়েছে সেটা কিছু অধিক পরিমাণেই বৃঝতে পারছি। তার প্রধান কারণ
টাকার টানাটানি। যতদিন একলা রাজত্ব করেছিলেম অমর্যাদা ছিল না। আর-একটিকে
পাশে বসাবামাত্র দেখি, ভাঙা সিংহাসন মড়্ মড়্ করে উঠছে। আজ অভাবগুলো
চার দিক থেকে বড়ো বেআক্র হয়ে দেখা দিল— সেটা কি ভালো লাগে?

গদাই। তুমি বলতে চাও, তোমার ভালোবাসার অভাব নেই, অভাব কেবল টাকার ?

বিনোদ। ভালোবাসা আছে বলেই তো ব্যতে পারছি, যথেষ্ট টাকা নেই। পাত্র যে ফুটো সেটা ধরা পড়ল যথন তাতে স্থা ঢালা গেল। ঝাঁঝরি দিয়ে মধু থেতে গিয়ে সমস্ত গা যে যায় ভেসে। হালকা ছিলুম, দারিদ্রোর উপর দিয়ে সাঁতার কেটে গেছি, আর-একজনকে কাঁধে নেবামাত্র তার তলার দিকে তলাচ্ছি— যেখানটাতে পাক।

গদাই। বিনোদ, ভোমার কবিতা যেমন তোমার ব্যবহারটাও তেমনি, একেবারে ছর্বোধ।

বিনোদ। রেগেছ বলেই দহজ কথাটা বুঝতে পারছ না। ভেবে দেখো-না, আমার ছিল এক মামুলি ছাতা, রোদবৃষ্টির হুঃখ ভোগ করতে হয় নি, এমন সময় হিসেবের ভুলে ডেকে আনল্ম ছাতার আর-এক শরিক— আজ আমার কাঁধেও জল পড়ছে, তার কাঁধেও। জিনিসটা ঘোরতর অস্বাস্থ্যকর হয়ে উঠেছে।

गमारे। किन्छ ज्लागे त्वा त्वामातरे।

বিনোদ। ভুলটা হচ্ছে ভুল, আর অ-ভুলটা হচ্ছে অ-ভুল, তা সে আমারই হোক আর তোমারই হোক। মোজাটা হচ্ছে মোজা, পাগড়িটা হচ্ছে পাগড়ি। ভুল করে মোজাটাকে যদি পাগড়ি করেই পরি তা হলে আমি ভুল করেছি বলেই মোজাটা কি পাগড়ি হয়ে উঠবে।

গদাই। (স্বগত) সর্বনাশ! এ আবার হঠাং মোজার কথা তোলে কেন? থবর পেয়েছে নাকি? সেদিন যথন মোজাজোড়া মাথায় জড়িয়ে বসেছিলুম হয়তো কোথা দিয়ে দেখে থাকবে। (প্রকাশ্রে) ওহে মোজা নিয়ে ভুল করলেও তাতে মোজার বুক ফাটে না, বড়োজোর সেলাই ফেঁসে যেতে পারে। কিন্তু মানুষকে নিয়ে ভুল করে তার পরে এ যাং বলে সরে দাঁড়ালে তো চলে না।

हसकाछ। वकाविक करत नांच की भारे १ अथन वर्ला विस्तान, कर्चवा की।

বিনোদ। আমি তাঁকে তাঁর বাপের বাড়িতে পাঠিয়ে দিয়েছি।

চক্রকান্ত। তুমি নিজে চেষ্টা করে ? না তিনি রাগ করে গেছেন ?

বিনোদ। না, আমি তাঁকে একরকম বুঝিয়ে দিলুম-

চক্রকাস্ত। যে, এখানে তিনি টিকতে পারবেন না। তুমি সব পার বিহু। আজ আমার মনটা কিছু অস্থির আছে, আজ আর থাকতে পারছি নে। প্রিস্থান

# তৃতীয় দৃশ্য

# নিবারণের বাসা

## ইন্দু ও কমল

কমল। না ভাই ইন্দু, ওরকম করে তুই বলিদ নে।

ইন্। কিরকম করে বলতে হবে? বলতে হবে, স্ত্রীর ভরটুকুও সইতে পারেন না, বিনোদবিহারী এত বড়োই শৌখিন কবি! তাঁর বড়োজোর সহা হয় ফিকে চাঁদের আলো, কিয়া ঝরা ফুলের গন্ধ। আমি ভাবছি ভোর মতো মেয়েকেও সইতে পারল না ওর কচিটি এতই ফিন্ফিনে, আর তুই যে ওর মতো পুরুষকেও সহা করতে পারছিস তোর কচিকে বাহাত্রি দিই।

কমল। তুই বৃঝিদ নে ইন্দ্, ওরা যে পুরুষমান্থব। আমাদের এক ভাব, ওদের আর-এক ভাব। মেয়েমান্থযের ভালোবাদা দব্র করতে পারে না, বিধাতা তার হাতে দে অবদর দেন নি। পুরুষ অনেক ঠেকে, অনেক দা থেয়ে, তার পরে ভালোবাদতে শেখে; ততদিন পৃথিবী দব্র করে থাকে, কাজের ব্যাঘাত হয় না।

ইন্। ইস ! কী সব নবাব ! আছা দিদি, তুই কি বলিস গদাই গয়লার সঙ্গে আছাই যদি আমার বিয়ে হয় অমনি কাল ভোর থেকেই তাড়াভাড়ি ভার চরণহটো ধরে সেবা করতে বসে যাব— মনে করব, ইনি আমার চিরকালের গয়লা, পূর্বজন্মের গয়লা, বিধাতা একে এবং এর অস্তু গোরুগুলিকে গোয়ালস্থ আমারই হাতে সমর্পণ করে দিয়েছেন।

কমল। ইন্দ্, তুই কী যে বকিস আমি তোর সঙ্গে পেরে উঠি নে। গদাই গয়লাকে তুই বিয়ে করতে যাবি কেন, সে একে গয়লা, তাতে আবার তার তুই বিয়ে।

ইন্। আচ্ছা না হয় গদাই গয়লা না হল— পৃথিবীতে গদাইচন্দ্রের তো অভাব নেই।

কমল। তা তোর অদৃষ্টে যদি কোনো গদাই থাকে তা হলে অবিশ্রি তাকে ভালোবাসবি—

ইনু। কক্থনো বাসব না। আচ্ছা, তুমি দেখো। বিয়ে করেছি বলেই যে অমনি তার পরদিন থেকে গদাই গদাই করে গদগদ হয়ে বেড়াব, আমাকে তেমন মেয়ে পাও নি। আমি দিদি, তোর মতন না ভাই!

কমল। আসল জানিস, ইন্ ্ ওদের না হলে আমাদের চলতে পারে, কিন্তু আমাদের না হলে পুরুষমান্ত্রের চলে না, সেইজন্মে ওদের আমরা ভালোবাসি।

## নিবারণের প্রবেশ

নিবারণ। মা, তোমাকে দেখলে আমি চোখের ব্লল রাখতে পারি নে। আমার মার কাছে আমি অপরাধী। তোমার কাছে আমার দাঁড়ানো উচিত হয় না।

কমল। কাকা, আপনি অমন করে বলবেন না, আমার অদৃষ্টে ষা ছিল তাই হয়েছে—

ইন্। বাবা, আসলে যার অপরাধ তাকে কিছু না বলে তার অপরাধ তোমরা পাঁচজনে কেন ভাগ করে নিচ্ছ, আমি তো বুঝতে পারি নে।

নিবারণ। থাক্ মা, সে সব আলোচনা থাক্— এখন একটা কাঞ্জের কথা বলি। কমল মন দিয়ে শোনো। তোমাকে এতদিন গরিবের মেয়ে বলে পরিচয় দিয়ে এসেছি, সে কথাটা ঠিক নয়। তোমার বাপের সম্পত্তি নিতান্ত সামান্ত ছিল না, আমারই হাতে সে-সমস্ত আছে। ইতিমধ্যে অনেক টাকা জমেছে এবং স্থান্ত বেড়েছে; তোমার কুড়ি বছর বয়স হলে তবে তোমার পাবার কথা। সময় হয়েছে, এখন নাও তোমার বিষয়। সেই টানে হয়তো স্বামীও এসে পড়বে।

কমল। কাকা, তাঁকে আপনি এ সংবাদ দেবেন না। কথাটা যাতে কেউ টের না পায়, আপনাকে তাই করতে হবে।

निवांत्र। किन वत्ना तमि भा ?

কমল। একটু কারণ আছে। সমস্তটা ভেবে আপনাকে পরে বলব।

নিবারণ। আচ্ছা।

[প্রস্থান

ইন্দু। তোর মতলবটা কী আমাকে বল তো।

কমল। আমি আর-একটা বাড়ি নিয়ে ছদ্মবেশে ওঁর কাছে অন্য স্ত্রীলোক বলে পরিচয় দেব।

ইন্। সে তো বেশ হবে ভাই! ওরা ঠিক নিজের স্ত্রীকে ভালোবেসে স্থুপ পায় না। কিন্তু বরাবর রাখতে পারবি তো?

কমল। বরাবর রাখবার ইচ্ছে তো আমার নেই, বোন—

ইন্দু। ফের আবার একদিন স্বামী-স্ত্রী সাজতে হবে নাকি ?

কমল। হাঁ, ভাই, যতদিন ধ্বনিকাপতন না হয়। ওই শিবচরণবাবু বোধ হয়
আসছেন, চলো পালাই।

[উভয়ের প্রস্থান

## গদাই ও শিবচরণের প্রবেশ

শিবচরণ। দেখ্, নিবারণকে আজ্ঞ শেষ কথা বলব বলেই এখানে এসেছি। এখন তোর মনের কথাটা স্পষ্ট করেই বল্।

গদাই। আমি তো সব কথাই স্পষ্ট করেই বলেছি। বিয়ে করবার কথায় এখন মন দিতেই পারছি নে।

শিবচরণ। এই বুড়ো বয়সে তুই যে একটা সামান্ত বিষয়ে আমাকে এত তৃঃথ দিবি, তা কে জানত!

গদাই। বাবা, এটা কি সামান্ত বিষয় হল!

শিবচরণ। আরে বাপু, সামান্ত না তো কী? বিশ্বে করা বৈ তো নয়! রান্তার
মুটে-মজুরগুলোও যে বিয়ে করছে। ওতে তো থ্ব বেশি বৃদ্ধি ধরচ করতে হয় না,
বরঞ্চ কিছু টাকা ধরচ আছে, তা সেও বাপমায়ে জোগায়। তুই এমন বৃদ্ধিমান
ছেলে, এতগুলো পাস করে শেষকালে এইখানে এসে ঠেকল!

গদাই। আপনি তো সব জনেছেন, আমি তো বিয়ে করতে অসমত নই—
শিবচরণ। আরে তাতেই তো আমার বুঝতে আরো গোল বেধেছে। যদি বিয়ে
করতেই আপত্তি না থাকে, তবে না-হয় একটাকে না করে আর-একটাকেই করলি।
নিবারণকে কথা দিয়েছি, আমি তার কাছে মুধ দেখাই কী করে?

गमारे। निवाद्यवाद्य जाला करत्र द्विरम वनतारे नव-

শিবচরণ। আরে, আমি নিজে ব্যতে পারি নে, নিবারণকে বোঝাব কী ? আমি বদি তোর মাকে বিয়ে না ক'রে তোর মাসিকে বিয়ে করবার প্রভাব মূপে আনতুম, তা হলে তোর ঠাকুরদাদা কি আমার ত্থানা হাড় একত্র রাখত ? পড়েছিস ভালো মাহ্যের হাতে—

गमारे। अतिहि, वामात ठीकूत्रमामनात्मत त्मकाक जाला हिन ना-

শিবচরণ। কী বলিদ বেটা ! মেঞ্চাঞ্চ ভালো ছিল না ! তোর বাবার চেয়ে তিনশো গুণে ভালো ছিল। কিছু বলি নে ব'লে, বটে ! সে যা হোক, এখন যা হয় একটা কথা ঠিক করেই বল্।

गमारे। षािय তো বরাবর এক কথাই বলে আসছি।

শিবচরণ। (সরোষে) তুই তো বলছিস এক কথা! আমিই কি এক কথার বেশি বলছি? মাঝের থেকে কথা যে আপনিই ছটো হয়ে যাছে। আমি এখন নিবারণকে বলি কী! তা সে যা হোক, তুই তা হলে নিবারণের মেয়ে ইন্মতীকে কিছুতেই বিয়ে করবি নে ? যা বলবি এক কথা বল্।

गमारे। किছू उरे ना, वावा।

শিবচরণ। একমাত্র বাগবান্ধারের কাদম্বিনীকেই বিয়ে করবি ? ঠিক করে বলিস। এক কথা!

गमारे। मिरेत्रक भरे चित्र करत्रि -

मिवहत्रन । वर्षा উত্তম काम करत्रक् — এथन चामि निवातनरक की वनव ?

গদাই। বলবেন, আপনার অবাধ্য ছেলে তাঁর কন্সা ইন্ধুমতীর যোগ্য নয়।

শিবচরণ। কোথাকার নির্লক্ষণ আমাকে আর তোর শেথাতে হবে না। কী বলতে হবে তা আমি বিলক্ষণ জানি। তবে ওর আর কিছুতেই নড়চড় হবে না? এক কথা— গদাই। না বাবা, সেজন্যে আপনি ভাবেন না।

শিবচরণ। আরে মলো! আমি সেইজন্মেই ভেবে মরছি আর-কী! আমি ভাবছি নিবারণকে বলি কী।

# চতুর্থ অ**ত্ত** প্রথম দৃশ্য

# সুসজ্জিত গৃহ

বিনোদ। এরা বেছে বেছে এত দেশ থাকতে আমাকে উকিল পাকড়ালে কী ক'রে আমি তাই ভাবছি। আমার অদৃষ্ট ভালো বলতে হবে। এখন টিকতে পারলে হয়।

## ঘোমটা পরিয়া কমলের প্রবেশ

বিনোদ। (স্বগত) আহা, মৃখটি দেখতে পেলে বেশ হত! (প্রকাশ্রে) আপনি আমাকে ডেকে পাঠিয়েছেন?

कमन। है। जाभनि ताथ रुग्न जामात अवहा नवहें जातन।

বিনোদ। কিছু-কিছু শুনেছি। (স্বগত) গলাটা যে তারই মতন শোনাচ্ছে। সব মেয়েরই গলা প্রায় একরকম দেখছি। কিন্তু তার চেয়ে কত মিষ্টি!

কমল। সে কথা থাক্। আমার যা-কিছু সমস্তর কর্তৃত্বভার **আপনাকে নিতে** হবে।

বিনোদ। আপনি যে আমাকে এত বড়ো বিশ্বাসের যোগ্য মনে করলেন, এতেই আমাকে যোগ্যতা দেবে। আপনার বিশ্বাসই আমাকে মান্ত্র্য করে তুলবে।

কমল। আপনাকে আর বেশিক্ষণ আবদ্ধ করে রাখতে চাই নে, আপনার বোধ করি অনেক কান্ধ আছে—

বিনোদ। না না, সেজন্মে আপনি ভাববেন না। আমার সহত্র কাজ থাকলেও সমস্ত পরিত্যাগ করে আমি—

কমল। কাল পয়লা তারিখ, কাল থেকে তা হলে আমার কর্মচারীদের কাছ থেকে আপনি বুঝে-পড়ে নিন। নিবারণবাবু এখনি আসবেন, তিনি এলে তাঁর কাছ থেকেও অনেকটা জেনেশুনে নিতে পারবেন।

वित्नाम । निवांत्रववांतू !

কমল। আপনি তাঁকে চেনেন বোধ হয়, কারণ, তিনিই প্রথমে আপনার জন্তে আমার কাছে অহুরোধ করে দিয়েছেন। বিনোদ। (স্বগত) ছি ছি ছি, বড়ো লজ্জা বোধ হচ্ছে। আমি ফালই আমার স্ত্রীকে ঘরে নিয়ে আসব। এখন তো আমার কোনো অভাব নেই।

ক্ষন। আপনি বরঞ্চ নীচের ঘরে একট্ট অপেক্ষা করুন, নিবারপবাবু এলেই খবর পাঠিয়ে দেব। আর-একটা কথা, আমি যে কাল আপনাকে চিঠিতে জানিয়েছি, আপনার বন্ধু ললিত চাটুজ্জেকে একবার এখানে আনতে, সেটার কিছু ব্যবস্থা হয়েছে ?

বিনোদ। সব ঠিক আছে। তিনি এলেন ব'লে, আর দেরি নেই। কমল। তবে আমি আসি।

প্রিয়ান

বিনোদ। হায় হায়, এতটাই ষধন বিশ্বাস করলেন তথন কেবল আর তিন ইঞ্চি পরিমাণ বিশ্বাস ক'রে ঘোষটা খুললে বাঁচা ষেত, তা হলেই চোধহটি দেখতে পেতুম। কিন্তু নিবারণবাবৃক্তে নিয়ে কী করা যায়।

## निवात्र ७ कमलमूबीत প্রবেশ

কমল। আমার জন্তে আপনি আর কিছু ভাববেন না। এখন ইন্দুর এই গোলটা চুকে গেলেই বাঁচা যায়।

নিবারণ। তাই তো মা, আমাকে ভারি ভাবনা ধরিয়ে দিয়েছে। আমি এ দিকে
শিবু ডাক্তারের সঙ্গে কথাবার্তা একরকম স্থির করে বসে আছি, এখন তাকেই বা কী
বিনি, ললিত চাটুজ্জেকেই বা কোথায় পাওয়া যায়, আর সে বিয়ে করতে রাজি হয় কি
না তাই বা কে জানে।

কমল। সেজত্যে ভাববেন না কাকা! আমাদের ইন্দুকে চোখে দেখলে বিয়ে করতে নারাক্ত হবে, এমন ছেলে কেউ জন্মায় নি।

निवात्रन। अत्मत्र तमशानाना रय की करत ?

কমল। সে আমি সব ঠিক করেছি।

নিবারণ। তুমি কী করে ঠিক করলে মা?

কমল। আমি ওঁকে বলে দিয়েছি, ওঁর বন্ধু ললিতবাবুকে এখানে নিম্নে আসবেন। তার পর একটা উপায় করা যাবে।

নিবারণ। তা সব যেন হল, আমি ভাবছি শিবুকে কী বলব। কমল। ওই উনি আসছেন। আমি তবে যাই।

[ প্রস্থান

## वित्नारमत्र व्यवम

বিনোদ। এই যে, আমি আপনার কথাই ভাবছিদ্ম।

নিবারণ। কেন বাপু, আমি তো তোমার মঞ্জেল নই।

বিনোদ। আজে, আমাকে লক্ষা দেবেন না— আপনি বুঝতেই পারছেন—

নিবারণ। না বাপু, আমি কিছুই বুঝতে পারি নে। আমরা সেকালের লোক।

বিনোদ। আমার স্ত্রী আপনার ওখানে আছেন—

নিবারণ। তা অবশ্র— তাকে তো আমরা ত্যাগ করতে পারি নে।

বিনোদ। আমার সমস্ত অপরাধ ক্ষমা করে তাঁকে যদি আমার ওখানে পাঠিয়ে দেন—

নিবারণ। বাপু, আবার কেন পালকি-ভাড়াটা লাগাবে ?

বিনোদ। আপনারা আমাকে কিছু ভুল ব্রছেন। আমার অবস্থা থারাপ ছিল বলেই আমার স্ত্রীকে—তা যাই হোক— তাঁকে ত্যাগ করবার অভিপ্রায় ছিল না। এথন আপনারই অমুগ্রহে তো— তা এখন তো অনায়াসে—

নিবারণ। বাপু, এ তো তোমার পোষা পাখি নয়। সে যে সহজে তোমার ওথানে যেতে রাজি হবে, এমন আমার বোধ হয় না।

বিনোদ। আপনি অমুমতি দিলে আমি নিজে গিয়ে তাঁকে অমুনয় বিনয় করে নিয়ে আসতে পারি।

নিবারণ। আচ্ছা, সে বিষয় বিবেচনা করে পরে বলব। \_\_\_\_\_ প্রেছান

বিনোদ। বুড়োও তো কম একগুঁয়ে নয় দেখছি। যা হোক এ পর্যস্ত রানীকে কিছু বলে নি বোধ হয়।

## চম্রকান্তের প্রবেশ

विताम। की ८२ ठन्छतः जूमि अर्थात रषः

চদ্রকান্ত। নিবারণবাবু এই বাড়িতে কী কাব্দে এসেছেন শুনলুম। আদ্ধ তাঁরই ওথানে আমার খাওয়ার পালা পড়েছে, বুড়ো ভূলে গেছেন কি না খবর নিতে এসেছি। থিদে পেয়েছে। তুমিও বুঝি নিবারণবাবুর খোঁকে এখানে এসেছ ?

বিনোদ। সে কথা পরে হবে। কিন্তু, তুমি পালা করে থাচ্ছ, তার মানে তো ব্রতে পারছি নে চন্দরদা!

চক্রকান্ত। আর ভাই, মহা বিপদে পড়েছি।

वित्नाम। द्या, की श्राह ?

চন্দ্রকান্ত। কী জানি ভাই, কথন তোদের সাক্ষাতে কথায় কথায় কী কডকগুলো
মিছে কথা বলেছিল্ম, তাই শুনে ব্রাহ্মণী বাপের বাড়ি এমনি গা-ঢাকা হয়েছেন বে,
কিছুতেই তাঁর আর নাগাল পাচ্ছি নে।

वित्नाम। वरमा की मामा! তোমার বাড়িতে তো এ मগুবিধি পূর্বে প্রচলিত ছিল না।

চक्कांछ। ना जाहे, कामकत्म कजहे त्व रुट्छ, किছू व्वर्छ भाविछ न ।

বিনোদ। এখন তা হলে তোমার ছুটি চলছে বলো। জীবনে এই বোধ হয় ডোমেস্টিক সাভিসে তোমার প্রথম ফার্লো।

চন্দ্রকান্ত। হাঁ রে, কিন্তু উইদাউট পে। বিন্তু, আমার ত্রংথ তোরা ব্রুতেই পারবি নে। তুই সেদিন বলছিলি, বিয়ে না করাটাই তোর ম্থন্থ হয়ে গেছে। আমার ঠিক তার উলটো। ওই স্ত্রীটিকে এমনই বিশ্রী অভ্যেস করে কেলেছি বে, হঠাৎ বুকের হাড়-কথানা থসে গেলে যেমন একদম থালি ঠেকে, ওই স্ত্রীটি আড়াল হলেই তেমনি জ্বগণ্টা যেন ফাটা বেলুনের মডো চুপসে যায়।

विताम। अधन छेलांग्र की ?

চক্রকাস্ত। মনে করছি, আমি উলটে রাগ করব। আমিও ঘর ছেড়ে তোর এথানেই থাকব। আমার বন্ধুদের মধ্যে তোকেই সে স্বচেয়ে বেশি ভন্ন করে। তার বিশাস, তুই আমার মাথাটি থেয়েছিস!

বিনোদ। তাবেশ কথা। কিন্তু আমাকে যে আবার শশুরবাড়ি যেতে হচ্ছে। চন্দ্রকান্ত। কার শশুরবাড়ি ?

वितान। आयात निष्यत, आवात कात्र।

চন্দ্রকাস্ক। ( সানন্দে বিহুর পৃষ্ঠে চপেটাঘাত করিয়া ) সত্যি বলছিস বিহু ?

বিনোদ। স্ত্রীকে আনতে চলেছি, নিতাম্ভ লক্ষীছাড়ার মতো থাকতে আর ইচ্ছে করছে না।

চক্রকান্ত। কিন্তু, এতদিন তোর এ আক্কেল ছিল কোধায়? বতকাল আমার সংসর্গে ছিলি এমন সব সংসংকল্পের প্রসন্ধ তো ভনতে পাই নি, ছদিন আমার দেখা পাস নি আর তোর ধর্মবৃদ্ধি এতদ্র পরিষ্কার হয়ে এল ?

বিনোদ। কিন্তু, চন্দরদা, বিপদ কী হয়েছে জান ? নিবারণবাবুর যে-রকম মেজাজ দেখলুম, সহজে কমলকে আমার কাছে পাঠাতে রাজি হবেন না। তুমি তো তাঁর ওথানে খেতে বাচ্ছ, আমার হয়ে একটু ওকালতি করতে হবে।

চক্রকান্ত। নিশ্চয় করব। কিন্তু, ওরা যে বললে নিবারণবাবু এখানে এসেছেন। বিনোদ। এই থানিকক্ষণ হল তিনি চলে গেছেন, তুমি আর দেরি কোরো না।

# इन्मू ७ कमलात व्यतिभ

কমল। তোর জালায় তো আর বাঁচি নে ইন্দু! তুই আবার এ কী জটা পাকিয়ে বসে আছিস। ললিতবাব্র কাছে তোকে কাদম্বিনী বলে উল্লেখ করতে হবে নাকি?

हेन्द्र। छा की कत्रव मिनि! कामश्विनी ना वलला यमि त्म ना विनष्ट भारत छ। इल हेन्द्र वरन পরিচয় मिয়ে नांভটা की ?

কমল। ইতিমধ্যে তুই এত কাণ্ড কর্থন করে তুললি, তা তো জানি নে। একটা যে আন্ত নাটক বানিয়ে বসেছিস!

ইন্দু। তোমার বিনোদবাবুকে বোলো, তিনি লিখে ফেলবেন এখন, তার পর মেট্রপলিটান থিয়েটারে অভিনয় দেখতে যাব। ওই ভাই, তোমার বিনোদবাবু আসছেন, আমি পালাই।

## বিনোদের প্রবেশ

বিনোদ। মহারানী, আমার বন্ধু এলে কোথায় তাঁকে বসাব?

कमन। এই घरत्र वनार्यन।

বিনোদ। ললিতের সঙ্গে আপনার যে বন্ধুর বিবাহ স্থির করতে হবে তাঁর নামটি কী?

क्यल। कामिश्रनी— वागवाञ्चादतत कोधूतीत्मत त्यद्य।

বিনোদ। আপনি যখন আদেশ করছেন আমি যথাসাধ্য চেষ্টা করব। কিন্তু ললিতের কথা আমি কিছুই বলতে পারি নে। সে যে এ-সব প্রস্তাবে আমাদের কারো কথায় কর্নপাত করবে, এমন বোধ হয় না।

ক্ষল। আপনাকে সেজন্যে বোধ হয় বেশি চেষ্টা করতেও হবে না— কাদম্বিনীর নাম শুনলেই তিনি আর বড়ো আপত্তি করবেন না।

বিনোদ। তা হলে তো আর কথাই নেই।

কমল। মাপ করেন ঘদি, আপনাকে একটা কথা জিজ্ঞাসা করতে চাই।

বিনোদ। এখনি। (স্বগত) স্ত্রীর কথা না তুললে বাঁচি।

कमन। ञाननात जी त्नरे कि ?

विताम। क्न वन्न मिथ? जीत्र कथा क्न खिछाना क्राइन ?

কমল। আপনি তো অমুগ্রহ করে এই বাড়িতেই বাস করছেন, তা, আপনার স্ত্রীকে আমি আমার সঙ্গিনীর মতো করে রাখতে চাই। অবিশ্রি, যদি আপনার কোনো আপত্তি না থাকে। বিনোদ। আপত্তি! কোনো আপত্তিই থাকতে পারে না। এ তো আমার সৌভাগ্যের কথা!

কমল। আৰু সন্ধার সময় তাঁকে আনতে পারেন না ?

वित्नाम । आिष वित्यय किहा कत्रव।

क्रियलिय श्राम

## ভূড্যের প্রবেশ

ভূতা। একটি সাহেব বাবু এসেছেন। বিনোদ। এইখানেই ডেকে নিয়ে আয়।

### সাহেবি বেশে ললিতের প্রবেশ

ললিত। (শেক্ষাণ্ড করিয়া) Well! How goes the world? ভালোতো?

বিনোদ। একরকম ভালোয়-মন্দয়। তোমার কীরকম চলছে ?

ननिত। Pretty well! आনে।? I am going in for studentship next year.

বিনোদ। ওহে, আর কতদিন এক্জামিন দিয়ে মরবে? বিয়েথাওয়া করতে হবে না নাকি? এ দিকে যৌবনটা যে ভাঁটিয়ে গেল।

निष्ठ। Hallo! You seem to have queer ideas on the subject. কেবল বৌৰনটুক নিমে one can't marry. I suppose first of all you must get a girl whom you—

বিনোদ। আহা, তা তো বটেই। আমি কি বলছি, তুমি তোমার নিজের হাত-পাঞ্জাকে বিয়ে করবে। অবিশ্রি, মেয়ে একটি আছে।

ললিত। I know that! একটি কেন? মেয়ে there is enough and to spare! কিন্তু তা নিয়ে তো কথা হচ্ছে না।

' বিনোদ। আহা, তোমাকে নিয়ে তো ভালো বিপদে পড়া গেল। পৃথিবীর সমস্ত কন্যাদায় তোমাকৈ হরণ করতে হবে না। কিন্তু যদি একটি বেশ স্থন্দরী স্থশিক্ষিত বয়ংপ্রাপ্ত মেয়ে ডোমাকে দেওয়া যায়, তা হলে কী বলো ?

ললিত। I admire your cheek বিহু! তুমি wife select করবে আর আমি marry করব! I don't see any rhyme or reason in such cooperation. পোলিটিক্যাল ইকনমিতে division of labour আছে, কিন্তু there is no such thing in marriage. বিনোদ। তা বেল তো, তুমি দেখো, তার পরে পছল না হয় বিয়ে কোরো না। ললিত। My dear fellow, you are very kind, কিন্তু আমি বলি কী, you need not bother yourself about my happiness, আমার বিশাস, আমি যদি কখনো কোনো girl কে love করি, I will love her without your help এবং তার পরে যখন বিয়ে করব you'll get your invitation in due form.

বিনোদ। আচ্ছা ললিত, যদি সে মেয়েটির নাম শুনলেই তোমার পছন্দ হয়? ললিত। The idea! নাম শুনে পছন্দ! যদি মেয়েটিকে বাদ দিয়ে simply নামটিকে বিয়ে করতে বল, that's a safe proposition.

বিনোদ। আগে শোনো, তার পর যা বলতে হয় বোলো— মেয়েটির নাম— কাদস্বিনী।

ললিত। কাদখিনী! She may be all that is nice and good, কিছ I must confess, তার নাম নিয়ে তাকে congratulate করা যায় না। যদি তার নামটাই তার best qualification হয় তা হলে I should try my luck in some other quarter.

বিনোদ। (স্বগত) এর মানে কী! তবে যে রানী বললেন, কাদস্বিনীর নাম শুনলেই লাফিয়ে উঠবে! দূর হোক গে। একে থাওয়ানোটাই বাব্দে থরচ হল— আবার এই শ্লেচ্ছটার সঙ্গে আরো আমাকে নিদেন তু ঘণ্টা কাটাতে হবে দেখছি।

ললিত। I say, it's infernally hot here—চলো না বারান্দায় গিয়ে বসা যাক।

## দ্বিতীয় দৃশ্য

#### কমলমুখীর অন্তঃপুর

#### कमल ७ हेन्तू

ইন্দু। দিদি, আর বলিস নে দিদি, আর বলিস নে। পুরুষমান্ত্রকে আমি চিনেছি। তুই বাবাকে বলিস, আমি কাউকে বিয়ে করব না।

কমল। তুই ললিতবাৰু থেকে সব পুরুষ চিনলি কী করে ইন্দৃ ? ইন্দু। আমি জানি, ওরা কেবল কবিতায় ভালোবাসে, তা ছন্দ মিলুক আর না মিলুক। ছি ছি । ছি ছি দিদি, আমার এমনি লক্ষা করছে। ইচ্ছে করছে মাটির দকে মাটি হয়ে মিশে যাই। কাদখিনীকে সে চেনে না ? মিথোবাদী! কাদখিনীর নামে কবিতা লিখেছে, সে খাতা এখনো আমার কাছে আছে।

কমল। যা হয়ে গেছে তা নিয়ে ভেবে আর কী করবি । এখন কাকা যাকে বলছেন, তাকে বিয়ে কর।

#### নিবারণের প্রবেশ

নিবারণ। কী করি বলো তো যা। ললিত চাটুক্ষে বা বলেছে সে ভো সব শুনেছ। সে বিনোদকে কেবল মারতে বাকি রেখেছে। অপমান বা হবার তা হয়েছে—

ক্ষল। না কাকা, তার কাছে ইন্দুর নাম করা হয় নি। আপনার মেয়ের কথা হচ্ছে, তাও সে জানে না।

নিবারণ। ইদিকে আবার শিবৃকে কথা দিয়েছি, তাকেই বা কী বলি। তুমি মা, ইন্দুকে ব'লে ক'য়ে ওদের ত্রন্তনের দেখা করিয়ে দিতে পার তো ভালো হয়।

কমল। গদাইয়ের মনের ইচ্ছে কী সেটাও তো জানতে হবে কাকা। আবার কি এইরকম একটি কাণ্ড বাধানো ভালো ?

নিবারণ। সে আমি তার বাপের কাছে শুনেছি। সে বলে আমি উপার্জন না করে বিয়ে করব না। সে তো আমার মেয়েকে কথনো চক্ষে দেখে নি। একবার দেখলে ওসব কথা ছেড়ে দেবে।

কমল। তা, ইন্দুকে আমি দমত করাতে পারব।

[ নিবারণের প্রস্থান

#### इन्द्र श्रात्म

কমল। লন্ধী দিদি আমার, আমার একটি অন্থরোধ তোর রাথতে হবে।

हेन्। की, यन्-ना छाहे!

कमन। একবার গদাইবাব্র সঙ্গে তুই দেখা কর।

ইন্ধু। কেন দিদি, তাতে আমার কী প্রায়ন্চিত্তটা হবে ?

কমল। তোর যখন যা ইচ্ছে তাই করেছিস ইন্দু, কাকা তাতে বাধা দেন নি। আৰু কাকার একটি অন্মরোধ রাধবি নে ?

इस्। ब्राधव छाइ, छिनि या वनरवन छाइ छनव।

কমল। তবে চল্, ভোর চুলটা একটু ভালো করে দিই। নিজের উপরে এতটা অবস্থ করিস্নে।

#### त्रवीख-त्रह्मावनी

#### গদাইয়ের প্রবেশ

গদাই। চন্দর যখন পীড়াপীড়ি করছে তা নাহন্ন একবার ইন্মৃতীর সন্দে দেখা করাই থাক। শুনেছি তিনি বেশ বৃদ্ধিমতী স্থশিক্ষিতা মেয়ে— তাঁকে আমার অবস্থা বৃদ্ধিয়ে বললে তিনি নিজেই আমাকে বিবাহ করতে অসমত হবেন। তা হলে আমার ঘাড় থেকে দান্নটা যাবে— বাবাও আর পীড়াপীড়ি করবেন না।

#### মুখে ঘোমটা টানিয়া ইন্দুমতীর প্রবেশ

ইন্। (স্বগত) বাবা যথন বলছেন তথন দেখা করতেই হবে, কিন্তু কারো অহুরোধে তো পছন্দ হয় না। বাবা কথনোই আমার ইচ্ছের বিক্লন্ধে বিয়ে দেবেন না।

গদাই। (নতশিরে ইন্দুর প্রতি) আমাদের মা-বাপ আমাদের পরস্পরের বিবাহের জন্মে পীড়াপীড়ি করছেন, কিন্তু আপনি যদি ক্ষমা করেন তো আপনাকে একটি কথা বলি—

ইন্দু। একি ! এ যে ললিতবাব্! (উঠিয়া দাড়াইয়া) ললিতবাব্, আপনাকে বিবাহের জন্মে যারা পীড়াপীড়ি করছেন তাঁদের আপনি জানাবেন, বিবাহ এক পক্ষের সম্বতিতে হয় না। আমাকে আপনার বিবাহের কথা বলে কেন অপমান করছেন ?

গদাই। একি ! এ যে কাদমিনী ! (উঠিয়া দাঁড়াইয়া) আপনি এখানে আমি তা জানতুম না। আমি মনে করেছিলুম, নিবারণবাবুর কন্তা ইন্মতীর সঙ্গে আমি কথা কচ্ছি— কিন্তু আমার যে এমন সৌভাগ্য হবে—

ইন্। ললিতবাব্, আপনার সৌভাগ্য আপনি মনে মনে রেখে দেবেন, সে কথা আমার কাছে প্রচার করবার দরকার দেখি নে।

গদাই। আপনি কাকে ললিতবাবু বলছেন ? ললিতবাবু বারান্দায় বিনোদের সঙ্গে গল্প করছেন— যদি আবশুক থাকে তাঁকে ডেকে নিয়ে আসি।

ইন্। না না, তাঁকে ডাকতে হবে না। আপনি তা হলে কে!

গদাই। এর মধ্যেই ভূলে গেলেন? চদ্রবাব্র বাসায় আপনি নিজে আমাকে চাকরি দিয়েছেন, আমি তংক্ষণাং তা মাথায় করে নিয়েছি— ইতিমধ্যে বর্থান্ত হ্বার মতো কোনো অপরাধ করি নি তো।

इन्। जाननात नाम कि ननिज्यात् नम ?

গদাই। যদি পছন্দ করেন তো ওই নামই শিরোধার্য করে নিতে পারি, কিন্তু বাপ-মায়ে আদর করে আমার নাম রেখেছিলেন গদাই।

ইন। গদাই! — ছি ছি, এ কথা আমি আগে জানতে পারলুম না কেন!

भनाई। তা एल कि ठांकत्रि मिएलन ना ? अथन की व्यादिन करतन ?

ইন্। আমি আদেশ করছি, ভবিশ্বতে বধন কবিতা লিখবেন কাদম্বিনীর পরিবর্তে ইন্মতী নামটি ব্যবহার করবেন আর ছন্দ মিলিয়ে লিখবেন।

গদাই। তুটোই যে আমার পক্ষে সমান অসাধ্য।

ইন্দু। আচ্ছা, ছন্দ মেলাবার ভার আমি নিজেই নেব এখন, নামটা আপনি বদলে নেবেন—

় গদাই। এমন নিষ্ঠুর আদেশ কেন করছেন ? চোদটা অক্ষরের জায়গায় সতেরোটা বসানো কি এমনি গুরুতর অপরাধ যে সেজন্মে ভূত্যকে একেবারে—

ইন্। না, সে অপরাধ আমি সহস্রবার মার্জনা করতে পারি, কিন্তু ইন্মতীকে কাদম্বিনী বলে ভুল করলে আমার সহু হবে না—

গদাই। আপনার নাম তবে-

इस्। इसूमजी।

গদাই। হায় হায়, এতদিন কী ভুলটাই করেছি! বাগবাঞ্চারের রাস্তায় রাস্তায় ঘুরে বেড়িয়েছি, বাবা আমাকে উঠতে বসতে ত্-বেলা বাপাস্ক করেছেন, তার উপরে কাদ্যিনী নামটা ছন্দের ভিতর পুরতে মাথা-ভাঙাভাঙি করতে হয়েছে।—

(মৃত্রুরে) ধেমনি আমায় ইন্দু প্রথম দেখিলে
কেমন করে চকোর বলে তথনি চিনিলে—

কিম্বা

কেমন করে চাকর বলে তথনি চিনিলে—

আহা, সে কেমন হত!

ইন্। তবে এখন ভ্রমসংশোধন করুন— এই নিন আপনার খাতা। আমি চললুম।

গদাই। (উদ্ভেশরে) শুনে যান, আপনারও বোধ হচ্ছে যেন একটা ভ্রম হয়েছিল— সেটাও অহগ্রহ করে সংশোধন করে নেবেন— স্থবিধে আছে, আপনাকে সেইসঙ্গে ছন্দ বদলাতে হবে না।— হায় রে, সেই মোজার কবিভাটা যে অপরাধের বোঝা হয়ে আমার আানাটমির নোট-বইটা চেপে রইল। মেজর অপারেশন করলেও যে ওটাকে ইটা যাবে না। আর সেই রিছ্-করা মোজা ক-জ্বোড়া। আজও যে প্রাণ ধরে সেগুলো ফিরিয়ে দিতে পারি নি। তার উপরে সেদিন থেকে ভক্র ফুলুরিওয়ালার তেলে-ভাজা বেগ্নি থেয়ে থেয়ে অমশ্ল হবার জো হল। ঠাকুরদাসীকে খুঁজে বের করতে হবে। সে বৃড়িটাকে— ইচ্ছে করছে— থাক্, সে আর বলে কাজ নেই।

#### त्रवीख-त्रव्यावनी

#### নিবারণের প্রবেশ

নিবারণ। দেখো বাপু, শিব্ আমার বাল্যকালের বন্ধু— আমার বড়ো ইচ্ছে, তাঁর সঙ্গে আমার একটা পারিবারিক বন্ধন হয়। এখন তোমাদের ইচ্ছের উপরেই সমস্ত নির্ভর করছে।

গদাই। আমার ইচ্ছের জন্মে আপনি কিছু ভাববেন না, আপনার আদেশ পেলেই আমি কুতার্থ হই।

নিবারণ। (স্বগত) যা মনে করেছিল্ম তাই। বুড়ো বাপ মাথা থোঁড়াখুঁড়ি করে যা করতে না পারলে, একবার ইন্দুকে দেখবামাত্র সমস্ত ঠিক হয়ে গেল। বুড়োরাই শাস্ত্র মেনে চলে, যুবাদের শাস্ত্রই এক আলাদা। (প্রকাশ্তে) তা বাপু, তোমার কথা জনে বড়ো আনন্দ হল। তা হলে একবার আমার মেয়েকে তার মতটা জিজ্ঞাসা করে আসি। তোমরা শিক্ষিত লোক, বুঝতেই পার, বয়ঃপ্রাপ্ত মেয়ে, তার সম্বতি না নিয়ে তাকে বিবাহ দেওয়া যায় না।

গদাই। তা অবশ্য।

নিবারণ। তা হলে আমি একবার আসি। চক্রবাবৃদের এই ঘরে ডেকে দিয়ে যাই।

#### শিবচরণের প্রবেশ

শিবচরণ। তুই এখানে বসে রয়েছিদ, আমি তোকে পৃথিবী-স্থন্ধ খুঁজে বেড়াচ্ছি।

গদাই। কেন বাবা?

শিবচরণ। তোকে যে আজ তারা দেখতে আসবে।

भगरे। काता?

শিবচরণ। বাগবাজারের চৌধুরীরা।

गमारे। क्न!

শিবচরণ। কেন! না দেখে-শুনে অমনি ফস করে বিয়ে হয়ে যাবে ? ভোর বৃঝি আর সবুর সইছে না ?

शमारे। विस्न कांत्र मत्य हत्व ?

শিবচরণ। ভয় নেই রে বাপু, তুই যাকে চাস ভারই সজে হবে। আমার ছেলে হয়ে তুই যে এত টাকা চিনেছিস, তা ভো আনতুম না। তা সেই বাগবাজারের ট্যাকশালের সঙ্গেই তোর বিয়ে হির করে এসেছি। গদাই। সে কী বাবা! আপনার মতের বিশ্বন্ধে আমি বিয়ে করতে চাই নে— বিশেষ আপনি নিবারণবাবুকে কথা দিয়েছেন—

শিবচরণ। (অনেককণ হা করিয়া গদাইয়ের মৃখের দিকে নিরীকণ) তৃই থেপেছিস না আমি থেপেছি, আমাকে কে ব্ঝিয়ে দেবে! কথাটা একটু পরিকার করে বল্, আমি ভালো করে বৃঝি।

গদাই। আমি সে চৌধুরীদের মেয়ে বিয়ে করব না।

भनारे। निवाद्यवात्त्र त्यस्य रेन्त्र्यजीत्क।

শিবচরণ। (উচ্চম্বরে) কী! হতভাগা পাজি লক্ষীছাড়া বেটা! যথন ইন্মতীর সঙ্গে সম্বন্ধ করি তথন বলিস কাদম্বিনীকে বিয়ে করবি আবার যথন কাদম্বিনীর সঙ্গে সম্বন্ধ করি তথন বলিস ইন্মতীকে বিয়ে করবি— তুই তোর বুড়ো বাপকে একবার বাগবাজার একবার মির্জাপুর খেপিয়ে নিয়ে, নাচিয়ে নিয়ে বেড়াতে চাস!

गमारे। आभारक मान करता ताता, आमात এकটा मछ जून रुख शिखिहिन-

শিবচরণ। ভূল কী রে বেটা, তোর সেই বাগবাজারে বিয়ে করতেই হবে।
তাদের কোনো পুরুষে চিনি নে, আমি নিজে গিয়ে তাদের স্তুতি মিনতি করে এলুম ষেন
আমারই কন্যাদায় হয়েছে। তার পরে যথন সমস্ত ঠিকঠাক হয়ে গেল, আজ তারা
আশীর্বাদ করতে আসবে, তখন বলে কি না 'বিয়ে করব না'! আমি এখন চৌধুরীদের
বলি কী ?

#### চন্দ্রকান্তের প্রবেশ

চন্দ্রকান্ত। (গদাইয়ের প্রতি) সমস্ত শুনলুম। ভালো একটি গোল বাধিয়েছ যাহোক।— এই যে ডাক্তারবাবু, ভালো আছেন তো?

শিবচরণ। ভালো আর থাকতে দিলে কই। এই দেখো-না চন্দর, ওর নিজেরই কথামত একটি পাত্রী স্থির করলুম, যখন সমস্ত ঠিক হয়ে গেল তখন বলে কি না 'তাকে বিয়ে করব না'। আমি এখন চৌধুরীদের বলি কী?

गमाहै। वावा, जूमि जात्मत अकर्रे व्याद्य वनत्नहे—

শিবচরণ। ভোমার মাথা! তাদের বোঝাতে হবে, আমার ভীমরতি ধরেছে আর আমার ছেলেটি আন্ত থেপা— তা তাদের বুঝতে বিলম্ব হবে না।

हसकार । भागनि किছू ভाববেন ना। त्म स्माप्ति भाव अवि भाव क्षिप्त मित्महे हत्व। শিবচরণ। সে তেমন মেয়েই নয়। তার টাকা আছে ঢের, কিন্ত চেহারা দেখে পাত্র এগোয় না। আমার বংশের এই অকাল কুমাণ্ডের মতো এত বড়ো বাঁদর দিতীয় আর কোথায় পাবে যে তাকে বিয়ে করতে রাজি হবে।

চক্রকাস্ত। সে আমার উপর ভার রইল। আমি সমস্ত ঠিকঠাক করে দেব। এখন নিশ্চিস্ত মনে নিবারণবাবুর মেয়ের সঙ্গে বিবাহ স্থির করুন।

শিবচরণ। যদি পার চন্দর, তো বড়ো উপকার হয়। এই বাগবাজারের হাত থেকে মানে মানে নিস্তার পেলে বাঁচি। এ দিকে আমি নিবারণের কাছে মুথ দেখাতে পারছি নে, পালিয়ে পালিয়ে বেড়াচ্ছি।

চন্দ্রকাস্ত। সেজ্ঞন্তে কোনো ভাবনা নেই। আমি প্রায় অর্ধেক কাজ গুছিয়ে এসে তবে আপনাকে বলছি। এখন বাকিটুকু সেরে আসি। প্রিস্থান

#### নিবারণের প্রবেশ

শিবচরণ। আরে এসো ভাই, এসো।

নিবারণ। ভালো আছ ভাই? যা হোক শিবু, কথা তো শ্বির?

শিবচরণ। সে তো বরাবরই স্থির আছে, এখন তোমার মরজি হলেই হয়।

নিবারণ। আমারও তো সমস্ত ঠিক হয়ে আছে, এখন হয়ে গেলেই চুকে ধায়।

শিবচরণ। তবে আর কি, দিনক্ষণ দেখে—

নিবারণ। সে-সব কথা পরে হবে— এখন কিছু মিষ্টিমুখ করবে চলো।

শিবচরণ। না ভাই, আমার অভ্যাস নেই, এখন থাকৃ— অসময়ে খেয়েছি কি আর আমার মাথা ধরেছে—

নিবারণ। না না, সে হবে না, কিছু খেতে হচ্ছে। বাপু, তুমিও এসো।

[প্রস্থান

#### কমল ও ইন্দুর প্রবেশ

क्रमन। हि हि, हेम्, जूरे की काउँ ोरे कतनि वन् तमि ?

ইন্দু। তা বেশ করেছি। ভাই, পরে গোল বাধার চেয়ে আগে গোল চুকে যাওয়া ভালো।

কমন। এখন পুরুষ জাতটাকে কী রকম লাগছে।

इन्। यन ना जाई, এकत्रक्य हननमह ।

क्यन। जूरे त्य वत्निछिनि रेन्, गमारे गम्नात्क जूरे कक्थता वित्र कन्नवि ता!

ইন্। না ভাই, গদাই নামটি খারাপ নম্ম, তা তোমরা ষাই বল। ভোমার

কল্লোসকুমার, লাবণ্যকিশোর, কাকলীকণ্ঠ, স্থান্সিতমোহনের চেম্নে সহল গুণে ভালো। গদাই নামটি থুব আদরের নাম, অথচ পুরুষমাত্মকে বেশ মানার। রাগ করিস নে দিদি, ভোর বিনোদের চেম্নে ঢের ভালো—

क्यन। की हिस्मर्य जामा छनि।

ইন্। বিনোদবিহারী নামটা বাণভট্টের কাদম্বরীতেই চলে, আঠারো-গজি সমাসের মধ্যে। গদাই বেশ সাদাসিধে, ওর মধ্যে বোপদেবের হস্তক্ষেপ করবার জো নেই। আমি তোমাকে নিশ্চর বলছি, মা তুর্গা কাতিকের চেরে গণেশকেই বেশি ভালোবাসেন। গদাই নামটি আমার গদাইগণেশ, তোমার বিনোদকাতিকের চেরে ভালো।

कमन। किन पथन वह हाभाव, वहेत्र ७ नाम का मानाव ना।

ইন্। আমি তো ছাপতে দেব না, খাতাখানি আগে আটক করে রাখব। আমার ততটুকু বৃদ্ধি আছে দিদি!

কমল। তা, ধে নম্না দেখিয়েছিলি! তোর সেটুকু বৃদ্ধি আছে জানি, কিন্তু শুনেছি বিয়ে করলে স্বামীর লেখা সম্বন্ধে মত বদুলাতে হয়।

ইন্দু। আমার তো তার দরকার হবে না। আমার কবি কেবল আমারই কবি, পৃথিবীতে তাঁর কেবল একটিমাত্র পাঠক।

कमन। ছाপবার খরচ বেঁচে যাবে-

ইন্দু। সবাই তাঁর কবিত্বের প্রশংসা করলে আমার প্রশংসার মূল্য থাকবে না।

কমল। স্বাই প্রশংসা করবে, ওই আশহাটা তোকে করতে হবে না। ষা হোক, তোর গমলাটকৈ তোর পছন্দ হয়েছে, তা নিয়ে তোর সঙ্গে ঝগড়া করতে চাই নে। তাকে নিয়ে তুই চিরকাল হথে থাক বোন! তোর গোয়াল দিনে দিনে পরিপূর্ণ হয়ে উঠুক।

हेन्। ७३ वित्नामवाव् जामह्म । यूथि। जाति विसर्व तमथि ।

[ इम्रा अशन

#### বিনোদের প্রবেশ

क्यम। छारक अस्तरह्न ?

বিনোদ। তিনি তাঁর বাপের বাড়ি গেছেন, তাঁকে আনবার তেমন স্থবিধে হচ্ছে না।

কমল। আমার বোধ হচ্ছে, তিনি ধে আমার সঙ্গিনীভাবে এখানে থাকেন সেটা আপনার আন্তরিক ইচ্ছে নয়। বিনোদ। আপনাকে আমি বলতে পারি নে, তিনি এখানে আপনার কাছে থাকলে আমি কত স্থা হই। আপনার দৃষ্টান্তে তাঁর কত শিক্ষা হয়।

কমল। আমার দৃষ্টান্ত হয়তো তাঁর পক্ষে সম্পূর্ণ অনাবশ্যক। শুনেছি আপনি তাঁকে অল্পদিন হল বিবাহ করেছেন, হয়তো তাঁকে ভালো করে জানেন না।

বিনোদ। তা বটে। কিন্তু যদিও তিনি আমার স্ত্রী তবু এ কথা আমাকে স্বীকার করতেই হবে, আপনার সঙ্গে তাঁর তুলনা হতে পারে না।

কমল। ও কথা বলবেন না। আপনি হয়তো জানেন না, আমি তাঁকে বাল্যকাল হতে চিনি। তাঁর চেয়ে আমি যে কোনো অংশে শ্রেষ্ঠ এমন বোধ হয় না।

বিনোদ। আপনি তাঁকে চেনেন?

कमन। थ्व जातनात्रकम हिनि।

বিনোদ। আমার সম্বন্ধে তিনি আপনার কাছে কোনো কথা বলেছেন ?

কমল। কিছু না। কেবল বলেছেন, তিনি আপনার ভালোবাসার যোগ্য নন। আপনাকে স্থনী করতে না পেরে এবং আপনার ভালোবাসা না পেয়ে তাঁর সমস্ত জীবনটা ব্যর্থ হয়ে আছে।

বিনোদ। এ তাঁর ভারি ভ্রম। তবে আপনার কাছে স্পষ্ট স্বীকার করি, আমিই তাঁর ভালোবাসার যোগ্য নই। আমি তাঁর প্রতি বড়ো অন্তায় করেছি, কিছু সে তাঁকে ভালোবাসি নে ব'লে নয়।

কমল। তবে আর-একটি সংবাদ আপনাকে দিই। আপনার স্ত্রীকে আমি এখানে আনিয়ে রেখেছি।

বিনোদ। (আগ্রহে) কোথায় আছেন তিনি, আমার সঙ্গে একবার দেখা করিয়ে দিন।

ক্ষণ। তিনি ভয় করছেন পাছে আপনি তাঁকে ক্ষমা না ক্রেন—যদি অভয় দেন—

বিনোদ। বলেন কী, আমি তাঁকে ক্ষমা করব ! তিনি যদি আমাকে ক্ষমা করতে পারেন—

ক্ষন। তিনি কোনোকালেই আপনাকে অপরাধী করেন নি, সেজক্তে আপনি ভাববেন না—

বিনোদ। তবে এত মিনতি করছি, তিনি আমাকে দেখা দিছেন না কেন?

কমল। আপনি সত্যিই যে তাঁর দেখা চান, এ জানতে পারলে তিনি একম্ছুর্ত গোপনে থাকতেন না। তবে নিতান্ত যদি সেই পোড়ার মূখ দেখতে চান ভো দেখুন।
[ মুখ উদ্ঘাটন

#### শেষরক

#### বিনোদ। আপনি! তুমি! কমল! আমাকে মাপ করলে!

#### हेन्द्र श्रादण

ইন্দু। মাপ করিস নে দিদি! আগে উপযুক্ত শান্তি হোক, তার পরে মাপ। বিনোদ। তা হলে অপরাধীকে আর-একবার বাসরম্বরে আপনার হাতে সমর্পণ করতে হয়।

ইন্দৃ। দেখেছিস ভাই, কত বড়ো নির্মান্ধ। এরই মধ্যে মৃথে কথা ফুটেছে। উদের একটু আদর দিয়েছিস কি, আর ওঁদের সামলে রাখবার জো নেই। মেয়েমান্থবের হাতে পড়েই ওঁদের উপযুক্ত শাসন হয় না। যদি নিজের জাতের সঙ্গে ঘরকরা করতে হত তা হলে দেখতুম ওঁদের এত আদর থাকত কোথায়!

বিনোদ। তা হলে ভূ-ভার-হরণের জন্তে মাঝে মাঝে অবতারের আবশুক হত না ; পরস্পরকে কেটেকুটে সংসারটা অনেকটা সংক্ষেপ করে আনতে পারতুম।

हेन्द्र। गान

এবার মিলন-হাওয়ায় হাওয়ায় হেলতে হবে।
ধরা দেবার খেলা এবার খেলতে হবে।
ওগো পথিক, পথের টানে
চলেছিলে মরণ-পানে—
আঙিনাতে আসন এবার মেলতে হবে।

মাধবিকার কুঁড়িগুলি আনো তুলে,
মালতিকার মালা গাঁথো নবীন ফুলে।
স্বপ্নস্রোতে ভিড়বি পারে,
বাঁধবি জ্জন হুই জনারে—
সেই মায়াজাল হৃদয় ঘিরে ফেলতে হবে।

ইন্। এখন কবিসমাট, এর একটা জবাব দিতে হবে তোমাকে। বিনোদ। এখনি ? হাতে হাতে ? ইন্দু। হাঁ, এখুনি।

বিনোদ। আচ্ছা, হুটো মিনিট সময় দাও। [নোটবই লইয়া লিখিতে প্রবৃত্ত কমল। এ আবার তুই কী খেলা বের করলি ইন্দু!

ইন্দু। কমলদিদি, তুমি ষে-খেলা খেলে নিলে এ তার চেয়ে অনেক বেশি নিরাপদ। উনি বাঁধছেন কাব্য, তুমি বেঁধেছ কবিকে। কমল। ওগো শিকারী, তুমি আর কথা কোয়োনা। তোমার নিজের কবিটির কাহিনী ভূলে গেছ বৃঝি? একবার তাকে হল অস্বীকার, আবার হল স্বীকার— মান্ন্বটাকে কি কম নাকাল করা হয়েছে!

ইন্। আমার অকবিটিকে আমি কবি বানিয়েছি, এর বেশি কিছু না— কিন্তু তোমার মান্ন্থটি আদিতে ছিলেন কবি, মধ্যে হলেন অকবি, আবার অন্তে উলটো রথে ফিরছেন কবিত্বে, এ কী কম কথা! আমাদের কমল অধিকারীর এই পালাটির নাম দিয়েছি কবি-জগন্নাথের রথধাত্রা। মন্দির থেকে বেরোনো, আবার মন্দিরে ফিরিয়ে আনা। ছ দিন বাদেই দেখবি, থিয়েটার-ভয়ালারা ঝুলোঝুলি করবে এটা অভিনয় করবার জন্তে।— লেখা হল কবিবর ?

বিনোদ। হয়েছে। [ইন্দুও কমলে মিলিয়া নোটবই লইয়া মনে মনে পাঠ ইন্দু। পাকা আম নিউড়োলে রসের সঙ্গে আঁটি বেরিয়ে আসে, এও যে তাই। বিনোদ। অর্থাৎ?

ইন্। অর্থাং, এ তো শুধু কাব্যরস নয়, এ ষে রসতত্ত। দিদি, তোমার এ কবিটি যে-সে কবি নয়— কাব্যকুঞ্জবনে এই মানুষটি নারিকেলজাতীয়। তোমার ভাগ্যে শাঁসও জুটবে, রসও জুটবে!

কমল। আর তোর ভাগ্যে ইন্ ?

इन्। ७५ हावजा।

বিনোদ। ছি ছি ভাই, আমার মধ্যে এমন রসের সংকীর্ণতা দেখলে কোথার ?

ইন্। কবিবর, সংকীর্ণতার দর বেশি, উদার্ঘেই সন্তা করে। হীরের টুকরো সংকীর্ণ, পাখরের চাই মন্ত। আমরা চাই, তুমি একলা আমার দিদির কণ্ঠহারে একটিমাত্র মধ্যমণি হয়ে থাকো— সরকারি হোটেলের রান্নাঘরে মন্ত শিলনোড়ার কাজে বিশ্বজনীন হয়ে না ওঠো।

বিনোদ। তাই সই, কিছু ওই ষে গানটা তৈরি করলেম ওটাকে হুরের হারে গেঁথে একলা তোমার কঠে কি স্থান দেবে না ?

ইন্। আচ্ছা, আজ তোমার গুড কন্ডাক্টের প্রাইজ স্বরূপে এই অহুগ্রহ করতে রাজি আছি। কোন্ স্বর তোমার পছন্দ বলো।

বিনোদ। তোমার পছন্দেই আমার পছন্দ। ইনু। আচ্ছা, দথা, তবে প্রবণ করো।

> গান লুকালে বলেই খুঁলে বাহির-করা। ধরা ধদি দিতে তবে বেত না ধরা।

পাওরা ধন জ্ঞানমনে
হারাই যে অ্যন্তনে,
হারাধন পেলে সে যে হার্য্য-ভরা।
আপনি যে কাছে এল দূরে সে আছে,
কাছে যে টানিয়া আনে সে আসে কাছে।

সেরে বারি মান চ'লে

দূরে বারি যায় চ'লে, লুকায় মেঘের কোলে,

তাই সে ধরায় ফেরে পিপাসাহরা।

কমল। ওই ক্ষাস্তদিদি আসছেন। (বিনোদের প্রতি) তোমার সাক্ষাতে উনি বেরোবেন না।

[ বিনোদের প্রস্থান

#### ক্ষান্তমণির প্রবেশ

ক্ষান্তমণি। তা বেশ হয়েছে ভাই, বেশ হয়েছে। এই বৃঝি তোর নতুন বাড়ি। এ ধে রাজার ঐশর্য! তা বেশ হয়েছে। এখন তোর স্বামী ধরা দিলেই আর কোনো থেদ থাকে না।

ইন্। সে বৃঝি আর বাকি আছে? স্বামী রক্লটকে আগে-ভাগে ভাঁড়ারে পুরেছেন।

ক্ষান্তমণি। আহা, তা বেশ হয়েছে, বেশ হয়েছে। কমলের মতো এমন লক্ষীমেয়ে কি কথনো অহুণী হতে পারে ?

ইন্। কান্তদিদি, তুমি যে ভর-সন্ধের সময় ঘরকরা ফেলে এখানে চুটে এসেছ ? কান্তমিদি। আর ভাই, ঘরকরা! আমি ছ দিন বাপের বাড়ি গিয়েছিল্ম, এই ওর আর সহা হল না। রাগ ক'রে ঘর ছেড়ে, শুনল্ম, তোদের এই বাড়িতে এসে রয়েছেন। তা, ভাই, বিয়ে করেছি বলেই কি বাপ মা একেবারে পর হয়ে গেছে? ছ দিন সেখানে থাকতে পাব না ? যা হোক, ধবরটা পেয়ে চলে আসতে হল।

इन्। जावात তাকে वाफ़िए कितिया निय शांव वृति ?

কাস্তমণি। তা, ভাই, একলা তো আর দরকলা হয় না। ওদের যে চাই, ওদের যে নইলে নয়। নইলে আমার কি সাধ ওদের সঙ্গে কোনো সম্পর্ক রাখি ?

हेन्। अहे रव खेंद्रा व्यानक्ति। এमा अहे भाष्यत बद्ध।

[প্রস্থান

#### भिवहत्र भाषे निवात्र ७ हस्तकारस्त्र श्रात्य

**ठक्कांछ।** मश्छ ठिक इस्त्र श्राट्ट।

मिवहत्व। की इन वतना तमि।

**ठक्ककोछ।** ननिष्ठित मान कामित्रनीत विवाद श्वित दारा राज।

लिवहत्तव। तम की! तम त्य विवाद कत्रत्व ना अनम्प्र?

চন্দ্রকান্ত। সহধর্মিণীকে না। বিয়ে করছে টাকা-কল্পলতিকাকে; সে ওকে সাতপাকে ঘিরে বিলেত যাবার পাথেয়-পুষ্পার্থ্ট করবে। যা হোক, এখন আর-একবার আমাদের গদাইবাবুর মত নেওয়া উচিত— ইতিমধ্যে যদি আবার বদল হয়ে থাকে।

শিবচরণ। (ব্যস্তভাবে) না না, আর মত বদলাতে সময় দেওয়া হবে না।
তার পূর্বেই আমরা পাঁচজনে প'ড়ে চেপেচুপে ধ'রে কোনো গতিকে ওর বিয়েটা
দিয়ে দিতে হচ্ছে। চলো গদাই, অনেক আয়োজন করবার আছে।

( নিবারণের প্রতি ) তবে চললেম ভাই !

#### ক্ষান্তমণির প্রবেশ

कास्त्रिमि। अथन वाफ़ि यएक इरव ना की?

চক্রকান্ত। (দেয়ালের দিকে মুখ করিয়া) নাঃ, আমি এখানে বেশ আছি।

ক্ষাস্তমণি। তা তো দেখতে পাচ্ছি। তা চিরকাল এইথানেই কাটাবে নাকি?

চন্দ্রকান্ত। বিহুর সঙ্গে আমার তো সেইরকমই কথা হয়েছে।

ক্ষান্তমণি। বিহু তোমার দ্বিতীয় পক্ষের স্ত্রী কিনা! বিহুর সঙ্গে কথা হয়েছে! এখন ঢের হয়েছে, চলো।

চক্সকান্ত। (জিব কাটিয়া, মাথা নাড়িয়া) সে কি হয়। বন্ধুমাহ্মকে কথা দিয়েছি, এখন কি সে ভাঙতে পারি।

ক্ষান্তমণি। আমার দাট হয়েছে, আমাকে মাপ করে। তুমি। আমি আর কখনো বাপের বাড়ি গিয়ে থাকব না। তা তোমার তো অষত্ম হয় নি— আমি তো দেখান থেকে সমস্ত রে ধৈ তোমাকে পাঠিয়ে দিয়েছি।

চক্রকান্ত। বড়োবউ, আমি কি ভোমার রামার অক্তে ভোমাকে বিমে করেছিলুম ?

বে-বংসর তোমার সঙ্গে অভাগার গুভবিবাহ হয় সে-বংসর কলকাতা শহরে কি র গুরি বাম্নের মড়ক হয়েছিল ?

কাস্তমণি। আমি বলছি, আমার একশোবার ঘাট হয়েছে, আমাকে মাপ করো, আমি আর কথনো এমন কাজ করব না। এখন তুমি ঘরে চলো।

চন্দ্রকান্ত। তবে একটু বোসো। নিবারণবাবু আমার জলখাবারের ব্যবস্থা করতে গেছেন— উপস্থিত ত্যাগ করে যাওয়াটা শাস্ত্রবিকন্ধ।

ক্ষাস্তমণি। আমি দেখানে সব ঠিক করে রেখেছি, তুমি এখনি চলো।

ठ<del>क्क</del>कां । वरना की, निवांत्रववां नू—

वक्रुगम। (त्निभथा श्रेटिक)। जन्मतम।

ক্ষান্তমণি। ওই রে, আবার ওরা আসছে! ওদের হাতে পড়লে আর তোমার রক্ষে নেই।

চক্রকাস্ক। ওদের হাতে তুমি আমি হ জনে পড়ার চেয়ে একজন পড়া ভালো। শাস্ত্রে লিখছে: সর্বনাশে সমৃৎপঙ্গে অর্ধং ত্যক্ষতি পণ্ডিতঃ, অতএব এ হলে অর্ধাঙ্গের সরাই ভালো।

কান্তমণি। তোমার ওই বন্ধুগুলোর জালায় আমি কি মাথামোড় খুঁড়ে মরব।
[ প্রস্থান

#### वित्नाम गमारे ७ निम्नात्कत প্রবেশ

চন্দ্রকান্ত। কেমন মনে হচ্ছে বিহু ?

वित्नाम। तम ष्यांत्र की वलव, मामा!

চন্দ্রকান্ত। গদাই, ভোর স্বায়্রোগের বর্তমান লক্ষণটা কী বল্ দেখি।

গদাই। অত্যন্ত সাংঘাতিক। ইচ্ছে করছে, দিগ্বিদিকে নেচে বেড়াই।

চন্দ্রকাস্ত। ভাই, নাচতে হয় তো দিকে নেচো, আর বিদিকে নেচো না। পূর্বে তোমার ষেরকম দিগ্রম হয়েছিল, কোথায় মির্জাপুর— কোথায় বাগবাজার!

गमारे। এখন ঠिक পথেই চলেছি, যাচ্ছি বাসর্ঘরের দিকে; এই যে সামনেই।

[ প্রস্থান

চম্রকান্ত। সদ্দৃষ্টান্ত দেখে আমারও ঠিক পথে যাবার ইচ্ছে প্রবল হল। এথানেও আহার তৈরি, ঘরেও আহার প্রস্তুত— কিন্তু ঘরের দিকে ডবল চান পড়েছে।

वित्नाम। ७८ए हन्मत्रमा, हुन हुन!

**ठञ्जकांस।** दकन ८२ ?

বিনোদ। ওই-যে হুর বেজে উঠল বাসর্বর থেকে।

চন্দ্রকান্ত। তাই তো, বিপদ কাছে আসছে। ছিল গলির ও পারে, এখন এল পাশের দরে— ক্রমে আরো কাছে আসবে।

বিনোদ। চন্দরদা, বেরসিকের মতো কথা বোলো না, বিপদ আরো বেশি ছিল যখন সেটা গলির ও পারে ছিল— যতই কাছে আসছে ততই হৃদয় ভেঙে যাবার আশক্ষা কমছে।

নেপথ্যে গান

মৃখ-পানে চেয়ে দেখি, ভয় হয় মনে,
ফিরেছ কি ফের নাই বৃঝিব কেমনে
আসন দিয়েছি পাতি, মালিকা রেখেছি গাঁথি,
বিফল হল কি তাহা ভাবি খনে খনে।

গোধ্লিলগনে পাথি ফিরে আসে নীড়ে, ধানে-ভরা তরীখানি ঘাটে এসে ভিড়ে। আজো কি থোঁজার শেষে ফেরো নি আপন দেশে, বিরামবিহীন তৃষা জলে কি নয়নে?

চদ্রকান্ত। ওরে বিহু, এখনো মামলা চোকে নি, প্রিভিকৌন্সিলে নালিশ চলছে। তোর তরফের কৌন্থলির কোনো জবাব তৈরি আছে ? 'প্লীড্ গিল্টি' নাকি।

বিনোদ। একরকম তাই। কিন্তু দাদা, আমাদের মোটা কণ্ঠে কথা জোটে তো স্থর জোটে না।

চন্দ্র। তা হোক, হার মানতে পারব না। আচ্ছা, দে দেখি কথাটা ; কোনোমতে সবাই মিলে চেঁচামেচি করে চালিয়ে দিতে পারব।

বিনোদ। এই যে, আমার বইয়ে ছাপানো আছে।

চন্দ্রকান্ত। ধন্ত কবি, ধন্ত — নিদেন কালের উপযুক্ত সকল রক্তম বটিকা আগে থাকতেই তৈরি করে রেখেছ। কাফি হুরে ঠিক লাগবে—

গান

জন্ন করে তবু ভয় কেন তোর যায় না, হায় ভীক্ষ প্রেম, হায় রে! আশার আলোর তব্ও ভরসা পার না,

শ্থে হাসি তব্ চোথে জল না শুকার রে!
বিরহের দাহ আজি হল যদি সারা,
ঝরিল মিলনরসের আবণধারা,
তব্ও এমন গোপন বেদনতাপে
অকারণ তথে পরান কেন ত্থায় রে?

যদি বা ভেঙেছে ক্ষণিক মোহের তুল এখনো প্রাণে কি যাবে না মানের মূল ? যাহা খুঁ জিবার সাক্ষ হল তো খোঁজা, যাহা বুঝিবার শেষ হয়ে গেল বোঝা, তবু কেন হেন সংশয়ঘনছায়ে মনের কথাটি নীরব মনে লুকায় রে ?

## ভূতীয় দৃশ্য

#### বাসরঘরের বাছিরে

#### लाकात्रगा। मन्धा छन्र्यनि। मानारे

#### নিবারণ ও শিবচরণ

নিবারণ। কানাই! ও কানাই! কী করি বলো দেখি! কানাই গেল কোথায়?
শিবচরণ। তুমি ব্যস্ত হোয়ো না ভাই! এ ব্যস্ত হবার কান্ধ নয়। আমি সব
ঠিক করে দিচ্ছি। তুমি পাত পাড়া হল কি না দেখে এসো দেখি।

ভূত্য। বাবু, আসন এসে পৌচেছে, সেগুলো রাখি কোপায় ?

নিবারণ। এসেছে! বাঁচা গেছে। তা সেগুলো ছাতে—

শিবচরণ। ব্যস্ত হচ্ছ কেন দাদা! কী হয়েছে বলো দেখি। কী রে বেটা, তুই হাঁ করিয়ে দাঁড়িয়ে রয়েছিদ কেন ? কাজকর্ম কিছু হাতে নেই নাকি ?

ভূতা। আসন এসেছে, সেগুলো রাখি কোথায় তাই জিজ্ঞাসা করছি।

শিবচরণ। আমার মাথায়! একটু গুছিয়েগাছিয়ে নিজের বৃদ্ধিতে কাজ করা, তা তোদের বারা হবে না। চল্, আমি দেখিয়ে দিচ্ছি। ওরে বাতিগুলো বে এখনো জালালে না। এখানে কোনো কাজেরই একটা বিলিব্যবস্থা নেই— সমস্ত বেবন্দোবস্ত। নিবারণ, ভাই, তুমি একটু ঠাণ্ডা হয়ে বোলো দেখি— ব্যস্ত হয়ে বেড়ালে কোনো কাজই হয় না। আঃ, বেটাদের কেবল ফাঁকি! বেহারা বেটারা সব পালিয়েছে দেখছি, আছা করে তাদের কানমলা না দিলে—

নিবারণ। পালিয়েছে নাকি! কী করা যায়?

শিবচরণ। ব্যস্ত হোয়ো না ভাই— দব ঠিক হয়ে যাবে। বড়ো বড়ো কিয়া-কর্মের সময় মাথা ঠাণ্ডা রাথা ভারি দরকার। কিছু এই রেধো বেটার সঙ্গে তো আর পারি নে! আমি তাকে পইপই করে বলন্ম 'ত্মি নিজে দাঁড়িয়ে থেকে ন্চি ভাজিয়ো', কিছু কাল থেকে হতভাগা বেটার চুলের টিকি দেথবার জো নেই! লুচি যেন কিছু কম পড়েছে বোধ হচ্ছে।

নিবারণ। বলো কী শিবৃ! তা হলে তো সর্বনাশ!

শিবচরণ। ভয় কী দাদা। তুমি নিশ্চিন্ত থাকো, সে আমি করে নিচ্ছি। একবার রাধুর দেখা পেলে হয়, আচ্ছা করে শুনিয়ে দিতে হবে।

#### চন্দ্রকান্ত বিনোদ প্রভৃতির প্রবেশ

নিবারণ। আহার প্রস্তুত চন্দ্রবাব্, কিছু খাবেন চলুন।

চন্দ্রকান্ত। আমাদের পরে হবে, আগে সকলের হোক।

শিবচরণ। না না, একে একে সব হয়ে যাক। চলো চন্দর, ভোমাদের খাইদ্বে আনি গে। নিবারণ, তুমি কিছু ব্যস্ত হোয়ো না, আমি সব ঠিক করে নিচ্ছি। কিছ, লুচিটা কিছু কম পড়বে বোধ হচ্ছে।

নিবারণ। তা হলে কী হবে শিবু!

শিবচরণ। ওই দেখো! মিছিমিছি ভাব কেন ? সে সব ঠিক হয়ে যাবে। এখন কেবল সন্দেশগুলো এসে পৌছলে বাঁচি। আমার তো বোধ হচ্ছে, ময়রা বেটা বায়না নিয়ে ফাঁকি দিলে।

निवांत्र। वत्ना की ভाই!

श्वित्रत्ते । वास द्रारा ना । आभि भव तम् <del>।</del> स्वित्र निष्ठि ।

[ শিবচরণ ও নিবারণের প্রস্থান

চক্রকান্ত। ওরে বিহু, খাবার লোভে চলেছিস বৃঝি ?

বিনোদ। কেন, ভোমার লোভ একেবারে নেই নাকি?

চন্দ্ৰকান্ত। কান্ধ্ৰ আছে যে।

वितान। कांच टा कटा कटा करा शाहर, भावांत्र की ?

চন্দ্রকান্ত। যে কান্স হয়ে গেছে সে তো ব্যক্তিগত। এখন লড়াই বাকি আছে হিউম্যানিটির জন্তে।

বিনোদ। বাস্ রে, এই অধেক রাভিরে শেষকালে হিউম্যানিটি নিয়ে পড়তে হবে ?

চন্দ্রকান্ত। হিউম্যানিটির জক্তে যত ষড়যন্ত্র সে তো অর্ধেক রাভিরেই।

विताम। कान् इः माधा कांक कत्र छ रूप वरना छनि।

চক্রকান্ত। বাসর্বরের ক্ল তুর্গ আজ আমরা স্টর্ করব।

বিনোদ। আমরা ভীঞ্ন, সামান্ত পুরুষজ্ঞাত মাত্র— আমাদের ছারা কি এত বড়ো বিপ্লব ঘটতে পারবে।

চন্দ্রকান্ত। নিজেকে ক্ষুদ্র জ্ঞান কোরো না বিনোদ! তেবে দেখো, ত্রেভাযুগে যারা সেতৃবন্ধন করেছিল জীব হিসাবে তারাও যে আমাদের চেয়ে খুব বেশি প্রেষ্ঠ ছিল তার প্রমাণ নেই— এমন-কি, এক-আঘটা বাহ্য বাহুল্য ছাঙা অনেক বিষয়েই মিল ছিল; মহং লক্ষ্য হৃদয়ে রেখে তারাও হেঁটে সমৃদ্র পার হল। আর, আমাদের কেবলমাত্র এই দরজাটুকু পার হতে হবে। এতকাল এই বাসরন্বরের সামনে স্ত্রীপুরুষের যে বিচ্ছেদসমৃদ্র বিরাজ করেছে কেবল একটিমাত্র মহাবীর বরবেশে সেটা লক্ষন করবার অধিকারী; কিছিদ্ব্যার বাকি সকলকেই এ পারে পড়ে থাকতে হয়, এই অগৌরব যদি আমরা মোচন করতে না পারি তা হলে ধিক্ আমাদের পৌরুষ!

वितान। हिम्रात हिम्रात !

চক্সকান্ত। এতদিন সেখানে কেবল ভূজমূণালের শাসনই বলবান ছিল। আন্ত বঙ্গোপসাগরের উত্তর তীর থেকে হিমালয়ের দক্ষিণপ্রান্ত পর্যন্ত সকল পুরুষে এককণ্ঠে বলো দেখি, 'নাহি কি বল এ ভূজ-অর্গলে ?'

বিনোদ। আছে আছে!

চন্দ্রকান্ত। নবযুগে পুরুষদের কারখানাঘর-আফিসঘরের সামনে ফেমিনিজ্ম্এর আক্রমণ চলছে, আজ বাসরঘরের সামনে আমরা ম্যাস্কুলিনিজ্ম্ প্রচার করব। আমরা যুগান্তরের পাইওনিয়ার।

विताप। अम्र, श्रूकषकां किकी अम् !

চম্রকান্ত। অত্যাচারকারিণীদের সিংহাসন আব্দ বিচলিত হোক। আবার বলো, ব্যান পুরুষজাতিকী ব্যা। গদাই, গদাই, গদাই, গদাধর, ভীক্ষ, ট্রেটর্, এসো তুমি, খোলো ক্ষমার, ভাঙো পুরুষজাতির অপমানের বাধা। বিনোদ। চন্দরদা, ওকে স্পেশ্যাল্ কন্শেসন্ দিয়ে এরা কিনে নিয়েছে— ডিভাইড আঙ ফল্ পলিসি। ওকে সহজে পাওয়া যাবে না।

চন্দ্রকান্ত। সে কিছুতেই হচ্ছে না। আন্ধ অসম্মানিত পুরুষজাতির আহ্বান তার মৃশ্ব হৃদয়ে গিয়ে পৌছবেই। গদাই! গদাধর! বিখাসঘাতক! স্বজাতিবিদ্রোহী কাপুরুষ!

#### গদাই ইন্দু ও কমলের প্রবেশ

কমল। এখানে দাঁড়িয়ে আপনারা করছেন কী ?

ठक्ककाञ्च। निष्णिन्।

ইন্। আপনাদের সাহস তো কম নয়!

চক্রকাস্ত। শর্ট্হ্যাগু-লিখিয়ে রিপোর্টার কেউ উপস্থিত ছিল না, তাই ভাষাটা হয়তো কিছু অসংযত হয়েছিল। আর কিছুই নয়, আমরা বলছিলুম, 'ভাগ্যদেবীগণ, কদ্বার ধোলো— পাপীদের ক্ষমা করবার প্রত্যক্ষ আনন্দটা ভোগ করে নাও, তাতে স্বর্গেরও গৌরব, মর্তেরও পরিক্রাণ।'

ইনু। যারা ক্ষমা করবার যোগ্য তাদের তো ক্ষমা হয়ে গেছে।

চক্রকান্ত। এত বড়ো নিষ্ঠুর কথাটা বলতে পারলেন দয়াময়ী? দেবী, আমিই কি পাপিষ্ঠতম ? এদের তুজনের চেয়েও অধম ?

ইনু। তিনি আপনাকে উদ্ধারের আশা ছেড়ে দিয়েছেন।

চক্রকাস্ত। দেবী, সেটা কি তাঁর পক্ষে আমার চেয়ে কম শোচনীয়? ষিনি তারিণী তাঁর জন্মে যদি একটা বাঁধা পাপীর বরাদ্দ না থাকে তবে তো একেবারে বেকার তিনি। যাকে বলে, আন্এন্প্রয়্মেণ্ট্ প্রব্রেম্! বড়োবউ, তোমার অহপদিতিতে যদি দৈবাং আমার সংশোধন হয়ে যায়, যদি তোমার জন্মে সবুর করতে না পারি, যদি পরিত্রাণের দোসরা পথ জুটে যায়, তা হলে সেটাতে কি তোমারই যশ না আমারই!

#### ক্ষান্তমণির প্রবেশ

ক্ষান্তমণি। আ:, কী মিছেমিছি টেচাচ্ছ!

চন্দ্রকান্ত। মিছেমিছি নয় দেবী! পৃথিবীহৃদ্ধ লোক চেঁচাচ্ছে পরিত্রাণের দরবারে —কেউ-বা ধর্মে, কেউ-বা কর্মে, কেউ-বা পলিটিক্সে, আর আমিই যদি চুপ করে থাকব তা হলে নিতান্তই ঠকব যে। এই হুটি ভাগ্যবানদের দিকে তাকিয়ে আমি আর থাকতে পারল্ম না। একটু চেঁচিয়েছি, ফলও পেয়েছি— এখন যবনিকাপতনের পূর্বে দয়াময়ীদের বন্দনাটা সেরে নিই।

গান। প্রথমে চন্দ্রকান্ত পরে সকলে মিলিয়া

বাউলের হুর

ষার অদৃষ্টে ধেমনি জুটেছে সেই আমাদের ভালো।

আমাদের এই আঁধার ঘরে

मक्तां अमीन कारना।

কেউ-বা অতি জনজন, কেউ-বা মান ছলছন— কেউ-বা কিছু দহন করে, কেউ-বা স্নিগ্ধ আলো। নৃতন প্রেমে নৃতন বধু আগাগোড়া কেবল মধু,

পুরাতনে অম-মধুর— একটুক্ ঝাঝালো। বাক্য যথন বিদায় করে চক্ষ্ এসে পায়ে ধরে,

> রাগের সঙ্গে অহুরাগে সমান ভাগে ঢালো। আমরা তৃষ্ণা তোমরা হুধা,

> > তোমরা তৃপ্তি আমরা ক্ষ্ধা,

ভোমার কথা বলতে কবির কথা ফুরালো।
ধে মৃতি নম্বনে জাগে সবই আমার ভালো লাগে—
কেউ-বা দিব্যি গৌরবরন, কেউ-বা দিব্যি কালো।

# উপगाम ও গল

## গল্পগুচ্চ

### অন্ধিকার প্রবেশ

একদা প্রাতঃকালে পথের ধারে দাঁড়াইয়া এক বালক আর-এক বালকের সহিত একটি অসমসাহসিক অহুষ্ঠান সম্বন্ধে বাজি রাখিয়াছিল। ঠাকুরবাড়ির মাধবীবিতান হইতে ফুল তুলিয়া আনিতে পারিবে কি না, ইহাই লইয়া তর্ক। একটি বালক বলিল 'পারিব', আর-একটি বালক বলিল 'কথনোই পারিবে না'।

কান্ধটি শুনিতে সহজ্ঞ অথচ করিতে কেন সহজ্ঞ নহে তাহার বৃত্তান্ত আর-একটু বিস্তারিত করিয়া বলা আবশ্যক।

পরলোকগত মাধবচন্দ্র তর্কবাচম্পতির বিধবা স্ত্রী জয়কালী দেবী এই রাধানাথ জীউর মন্দিরের অধিকারিণী। অধ্যাপক মহাশয় টোলে বে তর্কবাচম্পতি উপাধি প্রাপ্ত হইয়াছিলেন পত্নীর নিকটে একদিনের জন্মও সে উপাধি সপ্রমাণ করিতে পারেন নাই। কোনো কোনো পণ্ডিতের মতে উপাধির সার্থকতা ঘটিয়াছিল, কারণ, তর্ক এবং বাক্য সমস্তই তাঁহার পত্নীর অংশে পড়িয়াছিল, তিনি পতিরূপে তাহার সম্পূর্ণ ফলভোগ করিয়াছিলেন।

সত্যের অন্থরোধে বলিতে হইবে জয়কালী অধিক কথা কহিতেন না কিন্ধ অনেক সময় ছটি কথায়, এমন-কি, নীরবে অতি বড়ো প্রবল ম্থবেগও বন্ধ করিয়া দিতে পারিতেন।

জয়কালী দীর্ঘাকার দৃঢ়শরীর তীক্ষনাসা প্রথরবৃদ্ধি স্ত্রীলোক। তাঁহার স্বামী বর্তমানে তাঁহাদের দেবোত্তর সম্পত্তি নষ্ট হইবার জাে হইয়াছিল। বিধবা তাহার সমস্ত বাকি বকেয়া আদায়, সীমাসরহদ্দ দ্বির এবং বহুকালের বেদ্ধল উদ্ধার করিয়া সমস্ত পরিষ্কার করিয়াছিলেন। তাঁহার প্রাপা হইতে কেহ তাহাকে এক কড়ি বঞ্চিত করিতে পারিত না।

এই স্ত্রীলোকটির প্রকৃতির মধ্যে বছল পরিমাণে পৌক্ষবের অংশ থাকাতে তাঁহার যথার্থ সন্দী কেছ ছিল না। স্ত্রীলোকেরা তাঁহাকে ভয় করিত। পরনিন্দা, ছোটো কথা বা নাকি কান্না তাঁহার অসহু ছিল। পুরুষেরাও তাঁহাকে ভয় করিত; কারণ, পলীবাসী

ভদ্রপুরুষদের চণ্ডীমণ্ডপগত অগাধ আলম্রকে তিনি একপ্রকার নীরব দ্বণাপূর্ণ তীক্ষ কটাক্ষের দ্বারা ধিক্কার করিয়া যাইতে পারিতেন যাহা তাহাদের স্থুল জড়ত্ব ভেদ করিয়াও অস্তরে প্রবেশ করিত।

প্রবলরপে দ্বণা করিবার এবং সে দ্বণা প্রবলরপে প্রকাশ করিবার অসাধারণ ক্ষমতা এই প্রোঢ়া বিধবাটির ছিল। বিচারে যাহাকে অপরাধী করিতেন তাহাকে তিনি কথায় এবং বিনা কথায়, ভাবে এবং ভঙ্গীতে একেবারে দম্ব করিয়া যাইতে পারিতেন।

পল্লীর সমস্ত ক্রিয়াকর্মে বিপদে সম্পদে তাঁহার নিরলস হস্ত ছিল। সর্বত্রই তিনি নিজের একটি গৌরবের স্থান বিনা চেষ্টায় অতি সহজেই অধিকার করিয়া লইতেন। যেখানে তিনি উপস্থিত থাকিতেন সেখানে তিনিই যে সকলের প্রধানপদে, সে সম্বন্ধে তাঁহার নিজের অথবা উপস্থিত কোনো ব্যক্তির মনে কিছুমাত্র সন্দেহ থাকিত না।

রোগীর সেবায় তিনি সিদ্ধহস্ত ছিলেন, কিন্তু রোগী তাঁহাকে যমেরই মতো ভয় করিত। পথ্য বা নিয়মের লেশমাত্র লঙ্ঘন হইলে তাঁহার ক্রোধানল রোগের তাপ অপেক্ষা রোগীকে অধিক উত্তপ্ত করিয়া তুলিত।

এই দীর্ঘাকার কঠিন বিধবাটি বিধাতার কঠোর নিয়মদণ্ডের ন্যায় পল্লীর মস্তক্ষের উপর উত্যত ছিলেন; কেহ তাঁহাকে ভালোবাসিতে অথবা অবহেলা করিতে সাহস করিত না। পল্লীর সকলের সঙ্গেই তাঁহার যোগ ছিল অথচ তাঁহার মতো অত্যস্ত একাকিনী কেহ ছিল না।

বিধবা নিঃসন্তান ছিলেন। পিতৃমাতৃহীন তুইটি ভাতৃপুত্র তাঁহার গৃহে মান্থব হইত।
পুক্ষ অভিভাবক অভাবে তাহাদের যে কোনো প্রকার শাসন ছিল না এবং স্বেহান্ধ
পিসিমার আদরে তাহারা যে নই হইয়া যাইতেছিল এমন কথা কেহ বলিতে পারিত না।
তাহাদের মধ্যে বড়োটির বয়স আঠারো হইয়াছিল। মাঝে মাঝে তাহার বিবাহের
প্রস্তাবও আসিত এবং পরিণয়বন্ধন সম্বন্ধে বালকটির চিত্তও উদাসীন ছিল না। কিন্তু
পিসিমা তাহার সেই স্থুখবাসনায় একদিনের জন্মও প্রশ্রেয় দেন নাই। অন্ত জীলোকের
ন্তায় কিশোর নবদম্পতির নব প্রেমোদগমদৃশ্য তাঁহার কল্পনায় অত্যন্ত উপভোগ্য মনোরম
বলিয়া প্রতীত হইত না। বরং তাঁহার ভাতৃপুত্র বিবাহ করিয়া অন্ত ভদ্র গৃহন্থের স্থায়
আলম্ভরে ঘরে বসিয়া পত্নীর আদরে প্রতিদিন ফীত হইতে থাকিবে, এ সম্ভাবনা
তাঁহার নিকট নিরতিশয় হেয় বলিয়া প্রতীত হইত। তিনি কঠিন ভাবে বলিতেন,
পুলিন আগে উপার্জন করিতে আরম্ভ কর্কক, তার পরে বধ্ ঘরে আনিবে। পিসিমার
মুখের সেই কঠোর বাক্যে প্রতিবেশিনীদের হৃদয় বিদীর্গ হইয়া যাইত।

ঠাকুরবাড়িট জয়কালীর সর্বাপেক্ষা ষত্বের ধন ছিল। ঠাকুরের শয়ন বসন স্নানাহারের

তিলমাত্র জাটি হইতে পারিত না। পূজক বান্ধণ ছটি দেবতার অপেক্ষা এই একটি মানবীকে অনেক বেশি ভয় করিত। পূর্বে এক সময় ছিল ধখন দেবতার বরান্ধ দেবতা পূরা পাইতেন না। কারণ, পূজক ঠাকুরের আর-একটি পূজার প্রতিমা গোপন মন্দিরে ছিল; তাহার নাম ছিল নিন্তারিণী। গোপনে ঘত ছগ্ধ ছানা ময়দার নৈবেল স্বর্গে নরকে ভাগাভাগি হইয়া যাইত। কিন্তু আজকাল জয়কালীর শাসনে পূজার যোলো আনা অংশই ঠাকুরের ভোগে আসিতেছে, উপদেবভাগণকে অক্তন্ত জীবিকার অন্ত উপায় অন্তেষণ করিতে হইয়াছে।

বিধবার ষত্বে ঠাকুরবাড়ির প্রাঙ্গণটি পরিন্ধার তক্তক্ করিতেছে— কোথাও একটি তৃণমাত্র নাই। একপার্দে মঞ্চ অবলম্বন করিয়া মাধবীলতা উঠিয়াছে, তাহার শুন্ধপত্র পড়িবামাত্র জয়কালী তাহা তুলিয়া লইয়া বাহিরে ফেলিয়া দেন। ঠাকুরবাড়িতে পারিপাট্য পরিচ্ছন্নতা ও পবিত্রতার কিছুমাত্র ব্যাঘাত হইলে বিধবা তাহা সহ্য করিতে পারিতেন না। পাড়ার ছেলেরা পূর্বে লুকাচুরি খেলা উপলক্ষে এই প্রাঙ্গণের প্রাস্তে আসিয়া আপ্রয় গ্রহণ করিত এবং মধ্যে মধ্যে পাড়ার ছাগশিশু আসিয়া মাধবীলতার বন্ধলাংশ কিছু কিছু ভক্ষণ করিয়া ঘাইত। এখন আর সে স্থাকা নাই। পর্বকাল ব্যতীত অন্ত দিনে ছেলেরা প্রাঙ্গণে প্রবেশ করিতে পাইত না এবং ক্ষ্ণাতুর ছাগশিশুকে দণ্ডাঘাত খাইয়াই ঘারের নিকট হইতে তারম্বরে আপন অজ-জননীকে আহ্বান করিতে করিতে ফিরিতে হইত।

অনাচারী ব্যক্তি পরমাত্মীয় হইলেও দেবালয়ের প্রাঙ্গণে প্রবেশ করিতে পাইত না।
জয়কালীর একটি ধবনকরপক-কুকুটমাংস-লোল্প ভগিনীপতি আত্মীয়সন্দর্শন উপলক্ষে
গ্রামে উপস্থিত হইয়া মন্দির-অঙ্গনে প্রবেশ করিবার উপক্রম করিয়াছিলেন, জয়কালী
তাহাতে ত্বরিত ও তীব্র আপত্তি প্রকাশ করাতে সহোদরা ভগিনীর সহিত তাঁহার
বিচ্ছেদ সম্ভাবনা ঘটিয়াছিল। এই দেবালয় সম্বন্ধে বিধবার এতই অতিরিক্ত অনাবশ্রক
সতর্কতা ছিল যে, সাধারণের নিকট তাহা অনেকটা বাতুলতারূপে প্রতীয়মান হইত।

জন্নকালী আর-সর্বত্রই কঠিন উন্নত স্বতন্ত্র, কেবল এই মন্দিরের সম্মুখে তিনি পরিপূর্ণভাবে আত্মসমর্পণ করিয়াছিলেন। এই বিগ্রহটির নিকট তিনি একাস্তরূপে জননী, পত্নী, দাসী— ইহার কাছে তিনি সতর্ক, স্থকোমল, স্থন্দর এবং সম্পূর্ণ অবনম। এই প্রস্তারের মন্দির এবং প্রস্তারের মৃতিটি তাঁহার নিগৃঢ় নারীস্বভাবের একমাত্র চরিতার্থতার বিষয় ছিল। ইহাই তাঁহার স্বামী, পুত্র, তাঁহার সমস্ত সংসার।

ইহা হইতেই পাঠকেরা ব্ঝিবেন, ষে-বালকটি মন্দিরপ্রাঙ্গণ হইতে মাধ্বীমঞ্জরী আহরণ করিবার প্রতিজ্ঞা করিয়াছিল তাহার সাহসের সীমা ছিল না। সে জয়কালীর কনিষ্ঠ ভ্রাতৃপুত্র নলিন। সে তাহার পিসিমাকে ভালো করিয়াই জানিত, তথাপি তাহার দুর্দান্ত প্রকৃতি শাসনের বশ হয় নাই। যেখানে বিপদ সেখানেই তাহার একটা আকর্ষণ ছিল, এবং যেখানে শাসন সেখানেই লজ্মন করিবার জন্ম তাহার চিত্ত চঞ্চল হইয়া থাকিত। জনশ্রুতি আছে, বাল্যকালে তাহার পিসিমার স্বভাবটিও এইরূপ ছিল।

জয়কালী তথন মাতৃম্নেহমিশ্রিত ভক্তির সহিত ঠাকুরের দিকে দৃষ্টি নিবন্ধ করিয়া দালানে বসিয়া একমনে মালা জপিতেছিলেন।

বালকটি নিঃশব্দপদে পশ্চাং হইতে আসিয়া মাধবীতলায় দাঁড়াইল। দেখিল, নিমশাখার ফুলগুলি পূজার জন্ম নিঃশেষিত হইয়াছে। তখন অতি ধীরে ধীরে সাবধানে মঞ্চে আরোহণ করিল। উচ্চশাখায় হটি-একটি বিকচোন্ম্থ কুঁড়ি দেখিয়া যেমন সে শরীর এবং বাহু প্রদারিত করিয়া তুলিতে যাইবে অমনি সেই প্রবল চেষ্টার ভরে জীর্ণ মঞ্চ শশব্দে ভাঙিয়া পড়িল। আশ্রিত লতা এবং বালক একত্রে ভূমিসাং হইল।

জয়কালী তাড়াতাড়ি ছুটিয়া আসিয়া তাঁহার ভ্রাতৃপ্তাটির কীতি দেখিলেন, সবলে বাছ ধরিয়া তাহাকে মাটি হইতে তুলিলেন। আঘাত তাহার যথেষ্ট লাগিয়াছিল, কিছু সে আঘাতকে শাস্তি বলা যায় না, কারণ, তাহা অজ্ঞান জড়ের আঘাত। সেইজন্ত পতিত বালকের ব্যথিত দেহে জয়কালীর সজ্ঞান শাস্তি মৃহ্মৃহ সবলে বর্ষিত হইতে লাগিল। বালক একবিন্দু অশ্রুপাত না করিয়া নীরবে সহ্য করিল। তথন তাহার পিসিমা তাহাকে টানিয়া লইয়া ঘরের মধ্যে ক্লু করিলেন। তাহার সেদিনকার বৈকালিক আহার নিষিদ্ধ হইল।

আহার বন্ধ হইল শুনিয়া দাসী মোক্ষদা কাতরকঠে ছলছলনেত্রে বালককে ক্ষমা করিতে অপ্নয় করিল। জয়কালীর হৃদয় গলিল না। ঠাকুরানীর অক্সাতসারে গোপনে ক্ষ্ধিত বালককে কেহ যে খাগু দিবে, বাড়িতে এমন তুঃসাহসিক কেহ ছিল না।

বিধবা মঞ্চশংস্কারের জন্য লোক ডাকিতে পাঠাইয়া পুনর্বার মালাহন্তে দালানে আসিয়া বসিলেন। মোক্ষদা কিছুক্ষণ পরে সভয়ে নিকটে আসিয়া কহিল, "ঠাকুরমা, কাকাবাবু ক্ষ্ধায় কাঁদিতেছেন, তাঁহাকে কিছু তুধ আনিয়া দিব কি ?"

জয়কালী অবিচলিত মুখে কহিলেন, "না।" মোক্ষদা ফিরিয়া গেল। অদূরবর্তী কৃটীরের কক্ষ হইতে নলিনের কক্ষণ ক্রন্দন ক্রমে ক্রোধের গর্জনে পরিণত হইয়া উঠিল—
অবশেষে অনেক ক্ষণ পরে তাহার কাতরতার প্রাস্ত উচ্ছাদ থাকিয়া থাকিয়া অপনিরতা
পিদিমার কানে আদিয়া ধ্বনিত হইতে লাগিল।

নলিনের আর্তকণ্ঠ যথন পরিশ্রান্ত ও মৌনপ্রায় হইয়া আসিয়াছে এমন সময় আর-একটি জীবের ভীত কাতরধানি নিকটে ধানিত হইতে লাগিল এবং সেই সজে ধাবমান মহয়ের দূরবর্তী চীৎকারশন্ধ মিঞ্জিত হইয়া মন্দিরের সম্পৃথন্থ পথে একটা তুম্ল কলরব উথিত হইল।

সহসা প্রাঙ্গণের মধ্যে একটা পদশব্দ শোনা গেল। জয়কালী পশ্চাতে ফিরিয়া দেখিলেন, ভূপর্যন্ত মাধ্বীলতা আন্দোলিত হইতেছে।

गतायकर्ष जिंदिलन, "निन !"

কেহ উত্তর দিল না। বুঝিলেন, অবাধ্য নলিন বন্দীশালা হইতে কোনোক্রমে পলায়ন করিয়া পুনরায় তাঁহাকে রাগাইতে আসিয়াছে।

তথন অত্যস্ত কঠিনভাবে অধরের উপরে ওষ্ঠ চাপিয়া বিধবা প্রাঙ্গণে নামিয়া আসিলেন।

লতাকুঞ্জের নিকট পুনরায় ডাকিলেন, "নলিন!"

উত্তর পাইলেন না। শাখা তুলিয়া দেখিলেন, একটা অত্যন্ত মলিন শ্কর প্রাণভয়ে ঘন পল্লবের মধ্যে আপ্রয় লইয়াছে।

ষে লতাবিতান এই ইষ্টকপ্রাচীরের মধ্যে বৃন্দাবিপিনের সংক্ষিপ্ত প্রতিরূপ, ষাহার বিকশিত কুস্থমঞ্জরীর সৌরভ গোপীর্ন্দের স্থগদ্ধি নিশাস শ্বরণ করাইয়া দেয় এবং কালিন্দীতীরবর্তী স্থবিহারের সৌন্দর্যস্থপ্ত জাগ্রত করিয়া তোলে— বিধবার সেই প্রাণাধিক ষম্বের স্থবিত্ব নন্দনভূমিতে অক্সাৎ এই বীভৎস ব্যাপার ঘটিল।

পূজারি ব্রাহ্মণ নাঠি হন্তে তাড়া করিয়া আদিন।

জয়কালী তৎক্ষণাৎ অগ্রসর হইয়া তাহাকে নিষেধ করিলেন এবং ক্রতবেগে ভিতর হইতে মন্দিরের দার রুদ্ধ করিয়া দিলেন।

অনতিকাল পরেই স্থরাপানে-উন্মত্ত ভোমের দল মন্দিরের দ্বারে উপস্থিত হইয়া তাহাদের বলির পশুর জম্ম চীংকার করিতে লাগিল।

জয়কালী ক্লন্ধারের পশ্চাতে দাঁড়াইয়া কহিলেন, "যা বেটারা, ফিরে যা! আমার মন্দির অপবিত্র করিস্ নে।"

ভোমের দল ফিরিয়া গেল। জয়কালী ঠাকুরানী যে তাঁহার রাধানাথ জীউর মন্দিরের মধ্যে অন্তচি জন্ধকে আশ্রয় দিবেন, ইহা তাহারা প্রায় প্রত্যক্ষ দেখিয়াও বিশাস করিতে পারিল না।

এই সামান্ত ঘটনায় নিখিল জগতের সর্বজীবের মহাদেবতা পরম প্রসন্ন হইলেন কিন্তু ক্ষু পদ্মীর সমাজনামধারী অতি ক্ষু দেবতাটি নির্মিত্শিয় সংক্ষু হইয়া উঠিল।

खावन ३७०३

## মেঘ ও রোদ্র

#### ध्येथम श्रीतरम्ब

পূর্বদিনে বৃষ্টি হইয়া গিয়াছে। আজ কান্তবর্ষণ প্রাতঃকালে মান রৌদ্র ও থও মেঘে মিলিয়া পরিপকপ্রায় আউশ ধানের ক্ষেত্রের উপর পর্যায়ক্রমে আপন আপন স্থদীর্ঘ তুলি বুলাইয়া যাইতেছিল; স্থবিস্থত শ্রাম চিত্রপট একবার আলোকের স্পর্শে উচ্ছল পাতৃবর্ণ ধারণ করিতেছিল আবার পরক্ষণেই ছায়াপ্রলেপে গাঢ় স্মিগ্ধতায় অন্ধিত হইতেছিল।

যখন সমস্ত আকাশরঙ্গভূমিতে মেঘ এবং রৌদ্র, ছুইটি মাত্র অভিনেতা, আপন আপন অংশ অভিনয় করিতেছিল তখন নিম্নে সংসাররঙ্গভূমিতে কত স্থানে কত অভিনয় চলেতেছিল তাহার আর সংখ্যা নাই।

আমরা যেখানে একটি ক্ষুদ্র জীবননাট্যের পট উন্তোলন করিলাম সেখানে গ্রামে পথের ধারে একটি বাড়ি দেখা যাইতেছে। বাহিরের একটি মাত্র ঘর পাকা, এবং সেই ঘরের তুই পার্ম দিয়া জীর্ণপ্রায় ইষ্টকের প্রাচীর গুটিকতক মাটির ঘর বেষ্টন করিয়া আছে। পথ হইতে গরাদের জানলা দিয়া দেখা যাইতেছে, একটি যুবাপুরুষ খালি গায়ে তক্তপোশে বিসমা বামহস্তে ক্ষণে ক্ষণে তালপাতার পাখা লইয়া গ্রীম এবং মশক দূর করিবার চেষ্টা করিতেছেন এবং দক্ষিণ হস্তে বই লইয়া পাঠে নিবিষ্ট আছেন।

বাহিরে গ্রামের পথে একটি ডুরে-কাপড়-পরা বালিকা আঁচলে গুটিকতক কালোজাম লইয়া একে একে নিঃশেষ করিতে করিতে উক্ত গরাদে-দেওয়া জানলার সম্মৃথ দিয়া
বারংবার যাতায়াত করিতেছিল। মৃথের ভাবে স্পষ্টই বোঝা যাইতেছিল, ভিতরে ষে
মাহ্যটি তক্তপোশে বিসিয়া বই পড়িতেছে তাহার সহিত বালিকার ঘনিষ্ঠ পরিচয় আছে
—এবং কোনোযতে সে তাহার মনোযোগ আকর্ষণপূর্বক তাহাকে নীরবে অবজ্ঞাভরে
জানাইয়া যাইতে চাহে যে, 'সম্প্রতি কালোজাম থাইতে আমি অত্যন্ত ব্যন্ত আছি,
তোমাকে আমি গ্রাহ্মাত্র করি না।'

ত্র্ভাগ্যক্রমে, ঘরের ভিতরকার অধ্যয়নশীল পুরুষটি চক্ষে কম দেখেন, দূর হইতে বালিকার নীরব উপেক্ষা তাঁহাকে স্পর্শ করিতে পারে না। বালিকাও ভাহা জানিত স্তরাং অনেক ক্ষণ নিক্ষল আনাগোনার পর নীরব উপেক্ষার পরিবর্তে কালোজামের আঁটি ব্যবহার করিতে হইল। অন্ধের নিকটে অভিমানের বিশুদ্ধতা রক্ষা করা এডট্ট ত্রহ

यथन करण करण प्रहे-ठाविछ। कठिन वाछि एयन दिनकदम विकिश हहेग्रा कार्द्धत

দরভার উপর ঠক্ করিয়া শব্দ করিয়া উঠিল তথন পাঠরত প্রুষটি মাথা তুলিয়া চাহিয়া দেখিল। মায়াবিনী বালিকা তাহা জানিতে পারিয়া দিগুণ নিবিষ্টভাবে অঞ্চল হইতে দংশনযোগ্য স্থপক কালোজাম নির্বাচন করিতে প্রবৃত্ত হইল। প্রুষটি ক্রকৃঞ্চিত করিয়া বিশেষ চেষ্টাসহকারে নিরীক্ষণপূর্বক বালিকাকে চিনিতে পারিল এবং বই রাথিয়া জানলার কাছে উঠিয়া দাঁড়াইয়া হাস্তম্থে ডাকিল, "গিরিবালা!"

গিরিবালা অবিচলিত ভাবে নিজের অঞ্চলের মধ্যে জামপরীক্ষাকার্যে সম্পূর্ণ অভিনিবিষ্ট থাকিয়া মৃত্গমনে আপন-মনে এক-এক পা করিয়া চলিতে লাগিল।

তথন ক্ষীণদৃষ্টি যুবাপুরুষের বৃঝিতে বাকি রহিল না ষে, কোনো-একটি অজ্ঞানকত অপরাধের দণ্ডবিধান হইতেছে। তাড়াতাড়ি বাহিরে আসিয়া কহিলেন, "কই, আজ আমাকে জাম দিলে না?" গিরিবালা সে কথা কানে না আনিয়া বহু অন্বেষণ ও পরীক্ষায় একটি জাম মনোনীত করিয়া অত্যন্ত নিশ্চিস্তমনে খাইতে আরম্ভ করিল।

এই জামগুলি গিরিবালাদের বাগানের জাম এবং যুবাপুরুষের দৈনিক বরাদ।
কী জানি, সে কথা কিছুতেই আজ গিরিবালার শারণ হইল না, তাহার ব্যবহারে প্রকাশ পাইল বে, এগুলি সে একমাত্র নিজের জন্মই আহরণ করিয়াছে। কিছু নিজের বাগান হইতে ফল পাড়িয়া পরের দরজার সম্মুখে আসিয়া ঘটা করিয়া খাইবার কী অর্থ পরিষার বুঝা গেল না। তথন পুরুষটি কাছে আসিয়া তাহার হাত ধরিল। গিরিবালা প্রথমটা আঁকিয়া বাঁকিয়া হাত ছাড়াইয়া চলিয়া যাইবার চেষ্টা করিল, তাহার পরে সহসা অঞ্জলে ভাসিয়া কাঁদিয়া উঠিল, এবং আঁচলের জাম ভূতলে ছড়াইয়া ফেলিয়া দিয়া ছুটিয়া চলিয়া গেল।

সকালবেলাকার চঞ্চল রৌদ্র এবং চঞ্চল মেঘ বৈকালে শান্ত ও প্রান্ত ভাব ধারণ করিয়াছে। শুল্র ফীত মেঘ আকাশের প্রান্তভাগে ভূপাকার হইয়া পড়িয়া আছে এবং অপরাষ্ট্রের অবসম্প্রায় আলোক গাছের পাতায়, পুন্ধরিণীর জলে এবং বর্ধাশাত প্রকৃতির প্রত্যেক অলে প্রত্যান্ধে বিকৃষিক্ করিতেছে। আবার সেই বালিকাটিকে সেই গরাদের ভানলার সম্মুখে দেখা যাইতেছে এবং ঘরের মধ্যে সেই যুবা পুরুষটি বিসিয়া আছে। প্রভেদের মধ্যে এবেলা বালিকার অঞ্চলে জাম নাই এবং যুবকের হত্তেও বই নাই। তদপেকা গুরুতর এবং নিগৃঢ় প্রভেদও কিছু কিছু ছিল।

এবেলাও বালিকা কী বিশেষ আবশুকে সেই বিশেষ স্থানে আসিয়া ইতন্তত করিতেছে বলা কঠিন। আর যাহাই আবশুক থাক্, ঘরের ভিতরকার মান্ন্রটির সহিত আলাপ করিবার যে আবশুক আছে ইহা কোনোমভেই বালিকার ব্যবহারে প্রকাশ পায় না। বরঞ্চ বোধ হইল সে দেখিতে আসিয়াছে, সকালবেলায় যে গ্রামণ্ডলা ফেলিয়া গেছে বিকালবেলায় তাহার কোনোটার অঙ্কুর বাহির হইয়াছে কি না।

কিন্তু অঙ্কুর না বাহির হইবার অন্তান্ত কারণের মধ্যে একটি গুরুতর কারণ এই ছিল যে, ফলগুলি সম্প্রতি যুবকের সম্মুথে তব্জপোশের উপর রাশীক্বত ছিল; এবং বালিকা যথন ক্ষণে অবনত হইয়া কোনো একটা অনির্দেশ্ত কাল্পনিক পদার্থের অন্থলমানে নিযুক্ত ছিল তথন যুবক মনের হাত্ত গোপন করিয়া অত্যন্ত গন্তীরভাবে একটি একটি জাম নির্বাচন করিয়া সযত্বে আহার করিতেছিল। অবশেষে যথন ছটো-একটা আঁটি দৈবক্রমে বালিকার পায়ের কাছে, এমন-কি, পায়ের উপরে আসিয়া পড়িল তথন গিরিবালা বৃঝিতে পারিল, যুবক বালিকার অভিমানের প্রতিশোধ লইতেছে। কিন্তু এই কি উচিত। যথন সে আপনার ক্ষ্ম হাদমটুকুর সমস্ত গর্ব বিসর্জন দিয়া আত্মসমর্পন করিবার অবসর খুঁজিতেছে তথন কি তাহার সেই অত্যন্ত হর্ত্ত পথে বাধা দেওয়া নিষ্ঠুরতা নহে। ধরা দিতে আসিয়াছে, এই কথাটা ধরা পড়িয়া বালিকা যথন ক্রমশ আরক্তিম হইয়া পলায়নের পথ অন্থসন্ধান করিতে লাগিল তথন যুবক বাহিরে আসিয়া তাহার হাত ধরিল।

সকালবেলাকার মতো এবেলাও বালিকা আঁকিয়া বাঁকিয়া হাত ছাড়াইয়া পালাইবার বহু চেষ্টা করিল, কিন্তু কাঁদিল না। বরঞ্চ রক্তবর্ণ হইয়া ঘাড় বাঁকাইয়া উৎপীড়নকারীর পৃষ্ঠদেশে মুখ লুকাইয়া প্রচুর পরিমাণে হাসিতে লাগিল এবং যেন কেবলমাত্র বাহ্য আকর্ষণে নীত হইয়া পরাভূত বন্দীভাবে লোহগরাদেবেষ্টিত কারাগারের মধ্যে প্রবেশ করিল।

আকাশে মেঘরোদ্রের থেলা যেমন দামান্ত, ধরাপ্রান্তে এই হুটি প্রাণীর থেলাও তেমনি দামান্ত, তেমনি ক্ষণহায়ী। আবার আকাশে মেঘরোদ্রের থেলা যেমন দামান্ত নহে এবং থেলা নহে কিন্তু থেলার মতো দেখিতে মাত্র, তেমনি এই হুটি অখ্যাতনামা মহুয়ের একটি কর্মহীন বর্ষাদিনের ক্ষুদ্র ইতিহাদ সংদারের শত শত ঘটনার মধ্যে তুচ্ছ বলিয়া প্রতীয়মান হইতে পারে কিন্তু ইহা তুচ্ছ নহে। যে বৃদ্ধ বিরাট অদৃষ্ট অবিচলিত গন্তীরমূথে অনন্তকাল ধরিয়া যুগের দহিত যুগান্তর গাঁথিয়া তুলিতেছে দেই বৃদ্ধই বালিকার এই সকালবিকালের তুচ্ছ হাসিকান্নার মধ্যে জীবনব্যাপী স্থপত্থথের বীক্ষ অন্থরিত করিয়া তুলিতেছিল। তথাপি বালিকার এই অকারণ অভিমান বড়োই অর্থহীন বলিয়া বোধ হইল। কেবল দর্শকের কাছে নহে, এই ক্ষুদ্র নাট্যের প্রধান পাত্র উক্ত যুবকের নিকটেও। এই বালিকা কেন যে একদিন বা রাগ করে, একদিন বা অপরিমিত ক্ষেহ প্রকাশ করিতে থাকে, কোনোদিন বা দৈনিক বরাদ্ধ বাড়াইয়া

দেয়, কোনোদিন বা দৈনিক বরাদ একেবারেই বন্ধ করে, তাহার কারণ খুঁজিয়া পাওয়া সহজ নহে। এক-একদিন সে যেন তাহার সমন্ত কল্পনা ভাবনা এবং নৈপুণা একত্র করিয়া যুবকের সস্তোষসাধনে প্রবৃত্ত হয়, আবার এক-একদিন তাহার সমন্ত ক্ষুদ্র শক্তি তাহার সমন্ত কাঠিয়া একত্র সংহত করিয়া তাঁহাকে আঘাত করিতে চেটা করে। বেদনা দিতে না পারিলে তাহার কাঠিয়া বিগুণ বাড়িয়া উঠে; কৃতকার্য হইলে সে কাঠিয়া অহতাপের অঞ্জ্ঞানে শতধা বিগলিত হইয়া অক্তম্ম স্বেহধারায় প্রবাহিত হইতে থাকে। এই তুচ্চ মেঘরৌদ্র-থেলার প্রথম তুচ্চ ইতিহাস পরপরিচ্ছেদে সংক্ষেপে বিবৃত্ত করা বাইতেছে।

#### षिजीय शिविटम्ब

গ্রামের মধ্যে আর দকলেই দলাদলি, চক্রাস্ত, ইক্ষ্র চাষ, মিগ্যা মকদমা এবং পার্টের কারবার লইয়া থাকিত, ভাবের আলোচনা এবং সাহিত্যচর্চা করিত কেবল শশিভূষণ এবং গিরিবালা।

ইহাতে কাহারো ঔংস্কা বা উৎকণ্ঠার কোনো বিষয় নাই। কারণ, গিরিবালার বয়স দশ এবং শশিভূষণ একটি সহাবিকশিত এম. এ. বি. এল.। উভয়ে প্রতিবেশী মাত্র।

গিরিবালার পিতা হরকুমার এককালে নিজগ্রামের পত্তনিদার ছিলেন। এখন হরবস্থায় পড়িয়া সমস্ত বিক্রয় করিয়া তাঁহাদের বিদেশী জমিদারের নায়েবি পদ গ্রহণ করিয়াছেন। যে পরগনায় তাঁহাদের বাস সেই পরগনারই নায়েবি, স্থতরাং তাঁহাকে জন্মশ্বান হইতে নড়িতে হয় না।

শশিভূষণ এম. এ. পাস করিয়া আইনপরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন কিছ কিছুতেই কোনো কর্মে ভিড়িলেন না। লোকের সঙ্গে মেশা বা সভান্থলে ত্টো কথা বলা, সেও তাঁহার দারা হইয়া উঠে না। চোথে কম দেখেন বলিয়া চেনা লোককে চিনিতে পারেন না এবং সেই কারণেই জ্রকুঞ্চিত করিয়া দৃষ্টিপাত করিতে হয়, লোকে সেটাকে উদ্ধৃত্য বলিয়া বিবেচনা করে।

কলিকাতায় জনসমৃদ্রের মধ্যে আপন-মনে একলা থাকা শোভা পায় কিন্তু পল্লীগ্রামে সেটা বিশেষ স্পধার মতো দেখিতে হয়। শশিভ্যণের বাপ যখন বিশুর চেষ্টায় পরাশু হইয়া অবশেষে তাঁহার অকর্মণ্য পুঞ্জিকে পল্লীতে তাঁহাদের সামান্ত বিষয়রক্ষাকার্যে নিয়োগ করিলেন তখন শশিভ্যণকে পল্লীবাসীদের নিকট হইতে বিশুর উৎপীড়ন উপহাস এবং লাঞ্চনা সহিতে হইয়াছিল। লাঞ্চনার আরো একটা কারণ ছিল; শান্তিপ্রিয় শশিভূষণ বিবাহ করিতে সন্মত ছিলেন না— কন্যাদায়গ্রস্ত পিতামাতাগণ তাঁহার এই অনিচ্ছাকে ত্ঃসহ অহংকার জ্ঞান করিয়া কিছুতেই ক্ষমা করিতে পারিতেন না।

শশিভ্যণের উপর যতই উপদ্রব হইতে লাগিল শশিভ্যণ ততই আপন বিবরের মধ্যে অদৃষ্ঠ হইতে লাগিলেন। একটি কোণের ঘরে তক্তপোশের উপর কতকগুলি বাঁধানো ইংরাজি বই লইয়া বসিয়া থাকিতেন; যথন যেটা ইচ্ছা হইত পাঠ করিতেন, এই তো ছিল তাঁর কাজ, বিষয় কী করিয়া রক্ষা হইত তাহা বিষয়ই জানে।

এবং পূর্বেই আভাসে বলা গিয়াছে, মাহুষের মধ্যে তাঁহার সম্পর্ক ছিল কেবল গিরি-বালার সহিত।

গিরিবালার ভাইরা ইস্কুলে যাইত এবং ফিরিয়া আসিয়া মৃঢ় ভগ্নীটিকে কোনোদিন জিজ্ঞাসা করিত, পৃথিবীর আকার কিরুপ; কোনোদিন বা প্রশ্ন করিত, স্থ্ বড়ো না পৃথিবী বড়ো— সে যথন ভূল বলিত তথন তাহার প্রতি বিপুল অবজ্ঞা দেখাইয়া ভ্রম সংশোধন করিত। স্থ পৃথিবী অপেক্ষা বৃহৎ, এ মতটা যদি গিরিবালার নিকট প্রমাণাভাবে অসিদ্ধ বলিয়া বোধ হইত এবং সেই সন্দেহ যদি সে সাহস করিয়া প্রকাশ করিত, তবে তাহার ভাইরা তাহাকে দ্বিগুণ উপেক্ষাভরে কহিত, "ইস্! আমাদের বইয়ে লেখা আছে আর তুই—"

ছাপার বইয়ে এমন কথা লেখা আছে শুনিয়া গিরিবালা সম্পূর্ণ নিরুত্তর হইয়া যাইত, দ্বিতীয় আর-কোনো প্রমাণ তাহার নিকট আবশুক বোধ হইত না।

কিন্তু তাহার মনে মনে বড়ো ইচ্ছা করিত, সেও দাদাদের মতো বই লইয়া পড়ে। কোনো-কোনোদিন সে আপন ঘরে বসিয়া কোনো-একটা বই খুলিয়া বিড় বিড় করিয়া পড়ার ভান করিত এবং অনর্গল পাতা উলটাইয়া যাইত। ছাপার কালো কালো ছোটো ছোটো অপরিচিত অক্ষরগুলি কী যেন এক মহারহস্থালার সিংহ্বারে দলে দলে সার বাধিয়া স্বন্ধের উপরে ইকার ঐকার রেফ উচাইয়া পাহারা দিত, গিরিবালার কোনো প্রশ্নের কোনোই উত্তর করিত না। কথামালা তাহার ব্যাদ্র শৃগাল অশ্ব গর্দভের একটি কথাও কোতৃহলকাতর বালিকার নিকট ফাঁস করিত না এবং আখ্যানমঞ্জরী তাহার সমস্ত আখ্যানগুলি লইয়া মৌনব্রতের মতো নীরবে চাহিয়া থাকিত।

গিরিবালা তাহার ভাইদের নিকট পড়া শিথিবার প্রস্তাব করিয়াছিল কিন্তু তাহার ভাইরা সে কথায় কর্ণপাতমাত্র করে নাই। একমাত্র শশিভূষণ তাহার সহায় ছিল।

গিরিবালার নিকট কথামালা এবং আখ্যানমঞ্জরী বেমন হর্তেন্ত রহশ্রপূর্ণ ছিল শশিভ্ষণও প্রথম প্রথম অনেকটা সেইরূপ ছিল। লোহার গরাদে দেওয়া রাম্ভার ধারের ছোটো বিশবার ঘরটিতে যুবক একাকী তক্তপোশের উপর পুস্তকে পরিষুক্ত হইয়া বসিয়া থাকিত। গিরিবালা গরাদে ধরিয়া বাহিরে দাঁড়াইয়া অবাক্ হইয়া এই নতপৃষ্ঠ পাঠনিবিষ্ট অন্তুত লোকটিকে নিরীক্ষণ করিয়া দেখিত, পৃস্তকের সংখ্যা তুলনা করিয়া মনে মনে ছির করিত, শশিভ্ষণ তাহার ভাইদের অপেক্ষা অনেক বেশি বিদ্যান। তদপেক্ষা বিশারজনক ব্যাপার তাহার নিকট আর কিছুই ছিল না। কথামালা প্রভৃতি পৃথিবীর প্রধান প্রধান পাঠ্যপ্তকগুলি শশিভ্ষণ যে নিংশেষপূর্বক পাঠ করিয়া ফেলিয়াছে, এ বিষয়ে তাহার সন্দেহমাত্র ছিল না। এইজন্ত, শশিভ্ষণ যথন পৃস্তকের পাত উলটাইত সে স্থিরভাবে দাঁড়াইয়া তাহার জ্ঞানের অবধি নির্ণয় করিতে পারিত না।

অবশেষে এই বিশায়মগ্ন বালিকাটি ক্ষীণদৃষ্টি শশিভ্ষণেরও মনোষোগ আকর্ষণ করিল। শশিভ্ষণ একদিন একটা ঝক্ঝকে বাঁধানো বই খুলিয়া বলিল, "গিরিবালা, ছবি দেখবি আয়।" গিরিবালা তৎক্ষণাৎ দৌড়িয়া পালাইয়া গেল।

কিন্তু পরদিন সে পুনর্বার ভূরে কাপড় পরিয়া সেই গরাদের বাহিরে দাড়াইয়া সেইরূপ গন্তীর মৌন মনোযোগের সহিত শশিভ্যণের অধ্যয়নকার্য নিরীক্ষণ করিয়া দেখিতে লাগিল। শশিভ্যণ সেদিনও ডাকিল এবং সেদিনও সে বেণা ত্লাইয়া উর্বাধাসে চুটিয়া পালাইল।

এইরপে তাহাদের পরিচয়ের স্ত্রপাত হইয়া ক্রমে কথন ঘনিষ্ঠতর হইয়া উঠিল এবং কথন যে বালিকা গরাদের বাহির হইতে শশিভ্ষণের ঘরের মধ্যে প্রবেশ করিল, তাহার তক্তপোশের উপর বাঁধানো পুস্তকস্থূপের মধ্যে স্থান পাইল, ঠিক সে তারিথটা নির্ণয় করিয়া দিতে ঐতিহাসিক গবেষণার আবশ্যক।

শশিত্যণের নিকট গিরিবালার লেখাপড়ার চর্চা আরম্ভ হইল। শুনিয়া সকলে হাসিবেন, এই মাস্টারটি তাহার কৃত্র ছাত্রীকে কেবল যে অক্ষর, বানান এবং ব্যাকরণ শিখাইত তাহা নহে— অনেক বড়ো বড়ো কাব্য তর্জমা করিয়া শুনাইত এবং তাহার মতামত জিঞ্জানা করিত। বালিকা কী বুঝিত তাহা অন্তর্থামীই জ্ঞানেন, কিন্তু তাহার ভালো লাগিত তাহাতে সন্দেহ নাই। সে বোঝা না-বোঝায় মিশাইয়া আপন বাল্য-হাদয়ে নানা অপরূপ কল্পনাচিত্র আঁকিয়া লইত। নীরবে চক্ষ্ বিশ্বারিত করিয়া মন দিয়া শুনিত, মাঝে মাঝে এক-একটা অত্যন্ত অসংগত প্রশ্ন জিজ্ঞানা করিত এবং কখনো কখনো অক্সাৎ একটা অসংলগ্ধ প্রসক্ষান্তরে গিয়া উপনীত হইত। শশিভ্ষণ তাহাতে কখনো কিছু বাধা দিত না— বড়ো বড়ো কাব্য সম্বন্ধে এই অতিকৃত্র সমালোচকের নিন্দা প্রশানাই তাহার একমাত্র সমজদার বন্ধ।

গিরিবালার সহিত শশিভ্যণের প্রথম পরিচয় ষখন, তথন গিরির বয়স আট ছিল,

এখন তাহার বয়স দশ হইয়াছে। এই ছই বংসরে সে ইংরাজি ও বাংলা বর্ণমালা শিথিয়া ছই-চারিটা সহজ বই পড়িয়া ফেলিয়াছে। এবং শশিভূষণের পক্ষেও পল্লীগ্রাম এই ছই বংসর নিতান্ত সঙ্গবিহীন বিরস বলিয়া বোধ হয় নাই।

#### ভূতীয় পরিচ্ছেদ

কিছ গিরিবালার বাপ হরকুমারের সহিত শশিভ্যণের ভালোরপ বনিবনাও হয় নাই। হরকুমার প্রথম প্রথম এই এম. এ. বি এলের নিকট মকদমা মামলা সম্বন্ধে পরামর্শ লইতে আসিত। এম. এ. বি এল. ভাহাতে বড়ো-একটা মনোযোগ করিত না এবং আইনবিছা সম্বন্ধে নায়েবের নিকট আপন অজ্ঞতা স্বীকার করিতে কৃষ্টিত হইত না। নায়েব সেটাকে নিভান্তই ছল মনে করিত। এমনভাবে বছর হয়েক কাটিল।

সম্প্রতি একটা অবাধ্য প্রজাকে শাসন করা আবশ্যক হইয়াছে। নায়েব মহাশয় তাহার নামে ভিন্ন ভিন্ন জেলায় ভিন্ন ভিন্ন অপরাধ ও দাবিতে নালিশ রুজু করিয়া দিবার অভিপ্রায় প্রকাশ করিয়া পরামর্শের জন্ম শশিভ্ষণকে কিছু বিশেষ পীড়াপীড়ি করিয়া ধরিলেন। শশিভ্ষণ পরামর্শ দেওয়া দ্রে থাক, শাস্ত অথচ দৃঢ়ভাবে হরকুমারকে এমন গুটিছই-চারি কথা বলিলেন যাহা তাঁহার কিছুমাত্র মিষ্ট বোধ হইল না।

এ দিকে আবার প্রজার নামে একটি মকদমাতেও হরকুমার জিতিতে পারিলেন না। তাঁহার মনে দৃঢ় ধারণা হইল শশিভূষণ উক্ত হতভাগ্য প্রজার সহায় ছিল। তিনি প্রতিজ্ঞা করিলেন, এমন লোককে গ্রাম হইতে অবিলম্বে তাড়াইতে হইবে।

শশিভূষণ দেখিলেন, তাঁহার থেতের মধ্যে গোরু প্রবেশ করে, তাঁহার কলাইয়ের থোলায় আগুন লাগিয়া যায়, তাঁহার সীমানা লইয়া বিবাদ বাধে, তাঁহার প্রজারা সহজে থাজনা দেয় না এবং উলটিয়া তাঁহার নামে মিখ্যা মকদ্দমা আনিবার উপক্রম করে— এমন-কি, সন্ধ্যার সময় পথে বাহির হইলে তাঁহাকে মারিবে এবং রাত্রে তাঁহার বসতবাটীতে আগুন লাগাইয়া দিবে, এমন-সকল জনশ্রুতিও শোনা যাইতে লাগিল।

অবশেষে শান্তিপ্রিয় নিরীহ প্রকৃতি শশিভূষণ গ্রাম ছাড়িয়া কলিকাতায় পালাইবার আয়োজন করিলেন।

যাত্রার উত্যোগ করিতেছেন এমন সময়ে গ্রামে ক্সয়েন্ট ম্যাক্সিস্টেট সাহেবের তাঁবু পড়িল। বরকলাজ কন্স্টেবল খানসামা কুকুর ঘোড়া সহিস মেধরে সমস্ত গ্রাম চঞ্চল হইয়া উঠিল। ছেলের দল ব্যান্ত্রের অম্বর্তী শৃগালের পালের স্থায় সাহেবের আড়ার নিকটে শক্ষিত কৌতুহল সহকারে ঘুরিতে লাগিল। নামেব মহাশয় য়থারীতি আতিথ্য শিরে ধরচ লিথিয়া সাহেবের মৃণি আণ্ডা শ্বত হয় জোগাইতে লাগিলেন। জয়েণ্ট সাহেবের যে পরিমাণে থাল্য আবশুক নায়েব মহাশয় তদপেকা অনেক বেশি অক্রচিত্তে সরবরাহ করিয়াছিলেন, কিন্তু প্রাতঃকালে সাহেবের মেধর আসিয়া য়খন সাহেবের কুকুরের জল্ল একেবারে চার সের শ্বত আদেশ করিয়া বসিল তখন ত্রগ্রহবশত সেটা জাঁহার সহু হইল না— মেধরকে উপদেশ দিলেন যে, সাহেবের কুতা য়দিচ দেশি কুকুরের অপেকা অনেকটা ঘি বিনা পরিতাপে হজম করিতে পারে তথাপি এতাধিক পরিমাণে স্নেহপদার্থ তাহার স্বাস্থ্যের পক্ষে কল্যাণজনক নহে। তাহাকে ঘি দিলেন না।

মেথর গিয়া সাহেবকে জানাইল যে, কুকুরের জন্ম মাংস কোথায় পাওয়া যাইতে পারে ইহাই সে নায়েবের নিকট সন্ধান লইতে গিয়াছিল কিন্তু সে জাতিতে মেথর বলিয়া নায়েব অবজ্ঞাপূর্বক তাহাকে সর্বলোকসমক্ষে দূর করিয়া তাড়াইয়া দিয়াছে, এমন-কি, সাহেবের প্রতিও উপেক্ষা প্রদর্শন করিতে কুন্তিত হয় নাই।

একে ব্রাহ্মণের জাত্যভিমান সাহেবলোকের সহজেই অসহ্য বোধ হয়, তাহার উপর তাঁহার মেথরকে অপমান করিতে সাহস করিয়াছে, ইহাতে ধৈর্য রক্ষা করা তাঁহার পক্ষে অসম্ভব হইয়া উঠিল। তংক্ষণাং চাপরাসিকে আদেশ করিলেন, "বোলাও নায়েবকো।"

নায়েব কম্পায়িতকলেবরে তুর্গানাম জ্ঞপ করিতে করিতে সাহেবের তামুর সমুথে বাড়া হইলেন। সাহেব তামু হইতে মচ্মচ্ শব্দে বাহির হইয়া আসিয়া নায়েবকে উচ্চকণ্ঠে বিজ্ঞাতীয় উদ্ভারণে জিজ্ঞাসা করিলেন, টুমি কী কারণ বশটো আমার মেঠরকে ভূর করিয়াছে ?"

হরকুমার শশব্যস্ত হইয়া করজোড়ে জানাইলেন, সাহেবের মেথরকে দূর করিতে পারেন এমন স্পর্ধা কখনোই তাঁহার সম্ভবে না; তবে কি না কুকুরের জন্ম একেবারে চারি সের ঘি চাহিয়া বসাতে প্রথমে তিনি উক্ত চতুম্পদের মঙ্গলার্থে মৃত্ভাবে আপত্তি প্রকাশ করিয়া পরে ঘৃত সংগ্রহ করিয়া আনিবার জন্ম ভিন্ন স্থানে লোক পাঠাইয়াছেন।

সাহেব জিজ্ঞাসা করিলেন, কাহাকে পাঠানো হইয়াছে এবং কোথায় পাঠানো হইয়াছে।

হরকুমার তৎক্ষণাৎ ষেমন মৃথে আদিল নাম করিয়া দিলেন। সেই সেই নামীয় লোকগণ সেই সেই গ্রামে ঘুত আনিবার জন্ম গিয়াছে কি না সন্ধান করিতে অতি সম্বর লোক পাঠাইয়া দিয়া সাহেব নায়েবকে তামুতে বসাইয়া রাখিলেন। দ্তগণ অপরাহে ফিয়িয়া আদিয়া সাহেবকে জানাইল, দ্বত সংগ্রহের জয় কেহ কোথাও ষায় নাই। নায়েবের সমস্ত কথাই মিখ্যা এবং মেথর যে সত্য বলিয়াছে তাহাতে আর হাকিমের সন্দেহ রহিল না। তথন জয়েণ্ট সাহেব কোধে গর্জন করিয়া মেথরকে ডাকিয়া কহিলেন, "এই ভালকের কর্ণ ধরিয়া তাম্বর চারিধারে ঘোড়দৌড় করাও।" মেথর আর কালবিলম্ব না করিয়া চতুর্দিকে লোকারণ্যের মধ্যে সাহেবের আদেশ পালন করিল।

দেখিতে দেখিতে কথাটা ঘরে ঘরে রাষ্ট্র হইয়া গেল, হরকুমার গৃহে আসিয়া আহার ত্যাগ করিয়া মুমূর্বং পড়িয়া রহিলেন।

জমিদারি কার্য উপলক্ষে নায়েবের শক্র বিস্তর ছিল; তাহারা এই ঘটনায় অত্যস্ত আনন্দলাভ করিল কিন্তু কলিকাতায়-গমনোগ্রভ শশিভূষণ যথন এই সংবাদ শুনিলেন তথন তাঁহার স্থান্দের রক্ত উত্তপ্ত হইয়া উঠিল। সমস্ত রাত্রি তাঁহার নিদ্রা হইল না।

পরদিন প্রাতে তিনি হরকুমারের বাড়িতে গিয়া উপস্থিত হইলেন; হরকুমার তাঁহার হাত ধরিয়া ব্যাকুলভাবে কাঁদিতে লাগিলেন। শশিভূষণ কহিলেন, "সাহেবের নামে মানহানির মকদ্দমা আনিতে হইবে, আমি তোমার উকিল হইয়া লড়িব।"

স্বয়ং ম্যাজিস্টেট সাহেবের নামে মকদমা আনিতে হইবে শুনিয়া হরকুমার প্রথমটা ভীত হইয়া উঠিলেন; শশিভূষণ কিছুতেই ছাড়িলেন না।

হরকুমার বিবেচনা করিতে সময় লইলেন। কিন্তু যথন দেখিলেন কথাটা চারি দিকে রাষ্ট্র হইয়াছে এবং শক্রগণ আনন্দ প্রকাশ করিতেছে তথন তিনি আর থাকিতে পারিলেন না, শশিভ্যণের শরণাপন্ন হইলেন, কহিলেন, "বাপু, শুনিলাম তুমি অকারণে কলিকাতায় যাইবার আয়োজন করিতেছ, সে তো কিছুতেই হইতে পারিবে না। তোমার মতো একজন লোক গ্রামে থাকিলে আমাদের সাহস কত থাকে। যাহা হউক আমাকে এই ঘোর অপমান হইতে উদ্ধার করিতে হইবে।"

#### **छ**ष्र्थ भित्रदम्हम

ষে শশিভূষণ চিরকাল লোকচক্ষ্র অস্তরালে নিভূত নির্জনতার মধ্যে আপনাকে রক্ষা করিবার চেষ্টা করিয়া আসিয়াছেন তিনি আজ আদালতে আসিয়া হাজির হইলেন। ম্যাজিস্টেট তাঁহার নালিশ শুনিয়া তাঁহাকে প্রাইভেট কামরার মধ্যে ডাকিয়া লইয়া অত্যন্ত থাতির করিয়া কহিলেন, "শশীবাবু, এ মকদ্দমাটা গোপনে মিটমাট করিয়া ফেলিলে ভালো হয় না কি।"

শশীবাব টেবিলের উপরিস্থিত একগানি আইন গ্রন্থের মলাটের উপর তাঁছার কৃষ্ণিতজ্ঞ ক্ষীণ দৃষ্টি অত্যন্ত নিবিষ্টভাবে রক্ষা করিয়া কহিলেন, "আমার মকেলকে আমি এরূপ পরামর্শ দিতে পারি না। তিনি প্রকাশভাবে অপমানিত হইয়াছেন, গোপনে ইহার মিটমাট হইবে কী করিয়া।"

সাহেব ছইচারি কথা কহিয়া ব্ঝিলেন, এই স্বন্ধভাষী স্বন্ধদৃষ্টি লোকটিকে সহজে বিচলিত করা সম্ভব নহে, কহিলেন, "অল্রাইট্ বাবু, দেখা যাউক কতদূর কী হয়।"

এই বলিয়া ম্যাজিস্টেট সাহেব মকদমার দিন ফিরাইয়া দিয়া মফস্বলভ্রমণে বাহির হইলেন।

এ দিকে জয়েন্ট সাহেব জমিদারকে পত্র লিখিলেন, "তোমার নায়েব আমার ভূত্যদিগকে অপমান করিয়া আমার প্রতি অবজ্ঞা প্রকাশ করে, আশা করি, তুমি ইহার সম্চিত প্রতিকার করিবে।"

ক্ষমিদার শশব্যস্ত হইয়া তৎক্ষণাৎ হরকুমারকে তলব করিলেন। নায়েব আত্যোপাস্ত সমস্ত ঘটনা থূলিয়া বলিলেন। জমিদার অত্যস্ত বিরক্ত হইয়া কহিলেন, "সাহেবের মেথর যথন চারি সের ঘি চাহিল তুমি বিনা বাক্যব্যয়ে তৎক্ষণাৎ কেন দিলে না। তোমার কি বাপের কড়ি লাগিত।"

হরকুমার অস্বীকার করিতে পারিলেন না ষে, ইহাতে তাঁহার পৈতৃক সম্পত্তির কোনোরপ ক্ষতি হইত না। নতশিরে অপরাধ স্বীকার করিয়া কহিলেন, "আমার গ্রহ মন্দ তাই এমন ত্র্বৃদ্ধি ঘটিয়াছিল।"

জমিদার কহিলেন, "তাহার পর আবার সাহেবের নামে নালিশ করিতে তোমাকে কে বলিল।"

হরকুমার কহিলেন, "ধর্মাবতার, নালিশ করিবার ইচ্ছা আমার ছিল না; ওই আমাদের গ্রামের শশী, তাহার কোথাও কোনো মকদ্দমা জোটে না, সে চোঁড়া নিতাস্ত জোর করিয়া প্রায় আমার সম্বতি না লইয়াই এই হান্সামা বাধাইয়া বসিয়াছে।"

শুনিয়া জমিদার শশিভ্ষণের উপর অত্যন্ত ক্রুদ্ধ হইয়া উঠিলেন। বুঝিলেন, লোকটা অপদার্থ নব্য উকিল, কোনো ছুতায় একটা হুজুক তুলিয়া সাধারণের সমক্ষে পরিচিত হইবার চেষ্টায় আছে। নায়েবকে হুকুম করিয়া দিলেন, মকদ্দমা তুলিয়া লইয়া যেন অবিলম্বে ছোটো বড়ো ম্যাজিস্টেট যুগলকে ঠাণ্ডা করা হয়।

নামেব সাহেবের জন্য কিঞ্চিং ফলমূল শীতলভোগ উপহার লইয়া জয়েন্ট ম্যাজিস্ট্রেটের ১৯॥১৫ বাসায় গিয়া হাজির হইলেন। সাহেবকে জানাইলেন, সাহেবের নামে মকদমা করা তাঁহার আদৌ স্বভাববিক্ষ, কেবল শশিভ্যণ নামে গ্রামের একটি অজ্ঞাতশ্বশ্রু অপোগও অর্বাচীন উকিল তাঁহাকে একপ্রকার না জানাইয়াই এইরপ স্পর্ধার কাজ করিয়াছে। সাহেব শশিভ্যণের প্রতি অত্যন্ত বিরক্ত এবং নায়েবের প্রতি বড়ো সম্ভন্ত হইলেন, এবং কহিলেন রাগের মাথায় নায়েববাবুকে 'ডও বিঢান' করিয়া তিনি 'ড়ংখিট' আছেন। সাহেব বাংলা ভাষার পরীক্ষায় সম্প্রতি পুরস্কার লাভ করিয়া সাধারণের সহিত সাধুভাষায় বাক্যালাপ করিয়া থাকেন।

নায়েব কহিলেন, মা-বাপ কখনো-বা রাগ করিয়া শান্তিও দিয়া থাকেন কখনো-বা আদর করিয়া কোলেও টানিয়া লন, ইহাতে সন্তানের বা মা-বাপের ত্বংথের কোনো কারণ নাই।

অতঃপর জয়েণ্ট সাহেবের সমস্ত ভূত্যবর্গকে যথাযোগ্য পারিতোষিক দিয়া হরকুমার মফস্বলে ম্যাজিস্টেট সাহেবের সহিত দেখা করিতে গেলেন। ম্যাজিস্টেট তাহার মুখে শশিভ্ষণের স্পর্ধার কথা শুনিয়া কহিলেন, "আমিও আশ্চর্য হইতেছিলাম যে, নায়েব বাবুকে বরাবর ভালো লোক বলিয়াই জানিতাম, তিনি যে সর্বাত্তে আমাকে জানাইয়া গোপনে মিটমাট না করিয়া হঠাং মকদমা আনিবেন, এ কী অসম্ভব ব্যাপার! এখন সমস্ত ব্ঝিতে পারিতেছি।"

অবশেষে নায়েবকে জিজ্ঞাসা করিলেন, শশী কন্গ্রেসে যোগ দিয়াছে কি না। নায়েব অমানম্থে বলিলেন, হা।

সাহেব তাঁহার সাহেবি বৃদ্ধিতে স্পষ্টই বৃঝিতে পারিলেন, এ সমস্তই কন্গ্রেসের চাল। একটা পাকচক্র বাধাইয়া অয়তবাজারে প্রবন্ধ লিখিয়া গবর্মেন্টের সহিত থিটিমিটি করিবার জন্ম কন্গ্রেসের কৃদ্র ক্রুল চেলাগণ ল্কায়িতভাবে চতুর্দিকে অবসর অরুসন্ধান করিতেছে। এই-সকল কৃদ্র কন্টকগণকে একদমে দলন করিয়া ফেলিবার জন্ম ম্যাজিন্টেটের হত্তে অধিকতর সরাসরি ক্রমতা দেওয়া হয় নাই বলিয়া সাহেব ভারতবর্ষীয় গবর্মেন্টকে অত্যন্ত হর্বল গবর্মেন্ট বলিয়া মনে মনে ধিকার দিলেন। কিন্তু কন্গ্রেসপ্রয়ালা শশিভ্ষণের নাম ম্যাজিন্টেটের মনে রহিল।

#### **अक्षय अतिरम्ह**म

সংসারে বড়ো বড়ো ব্যাপারগুলি যখন প্রবলভাবে গজাইয়া উঠিতে থাকে তখন ছোটো ছোটো ব্যাপারগুলিও ক্ষৃধিত কৃদ্র শিকড়জাল লইয়া জগতের উপর আপন দাবি বিস্তার করিতে ছাড়ে না। শশিভ্যণ যথন এই ম্যাজিস্টেটের হালামা লইয়া বিশেষ ব্যক্ত, যথন বিশ্বত পুঁথিপত্র হইতে আইন উদ্ধার করিতেছেন, মনে মনে বক্তৃতায় শাণ দিতেছেন, কর্মনায় দান্দীকে জেরা করিতে বিদয়া গিয়াছেন ও প্রকাশ্য আদালতের লোকারণ্যদৃশ্য এবং এই যুদ্ধপর্বের ভাবী পর্বাধ্যায়গুলি মনে আনিয়া কণে কণে কন্পিত ও ঘর্মাক্ত হইয়া উঠিতেছেন, তথন তাঁহার ক্ষুদ্র ছাত্রীটি তাহার ছিন্নপ্রায় চান্দপাঠ ও মসীবিচিত্র লিথিবার থাতা, বাগান হইতে কথনো ক্ল, কথনো ফল, মাতৃভাগ্রার হইতে কোনোদিন আচার, কোনোদিন নারিকেলের মিষ্টান্ন, কোনোদিন পাতায়-মোড়া কেতকীকেশরস্থান্ধি গৃহনিমিত থয়ের আনিয়া নিয়মিত সময়ে তাঁহার দ্বারে আদিয়া উপন্থিত হইত।

প্রথম দিনকতক দেখিল, শশিভ্যণ একথানা চিত্রহীন প্রকাণ্ড কঠোরমূর্তি গ্রন্থ খুলিয়া অন্তমনস্কভাবে পাত উন্টাইতেছেন, সেটা ষে মনোযোগ দিয়া পাঠ করিতেছেন তাহাও বাধ হইল না। অন্ত সময়ে শশিভ্যণ যে-সকল গ্রন্থ পড়িতেন, তাহার মধ্য হইতে কোনো না কোনো অংশ গিরিবালাকে ব্ঝাইবার চেষ্টা করিতেন, কিন্তু ওই স্থলকায় কালো মলাটের পুস্তক হইতে গিরিবালাকে শুনাইবার যোগ্য কি হুটো কথাও ছিল না। তা না থাক্, তাই বলিয়া ওই বইখানা কি এতই বড়ো, আর গিরিবালা কি এতই ছোটো। প্রথমটা, গুরুর মনোযোগ আকর্ষণের জন্য গিরিবালা স্থর করিয়া, বানান

প্রথমটা, গুরুর মনোযোগ আকর্গণের জন্ম গিরিবালা স্থর করিয়া, বানান করিয়া, বেণীসমেত দেহের উত্তরাধ দবেগে হলাইতে হলাইতে উচ্চৈংম্বরে আপনিই পড়া আরম্ভ করিয়া দিল। দেখিল তাহাতে বিশেষ ফল হইল না। কালো মোটা বইখানার উপর মনে মনে অত্যন্ত চটিয়া গেল। ওটাকে একটা কুংদিত কঠোর নিষ্ঠুর মান্তবের মতো করিয়া দেখিতে লাগিল। ওই বইখানা যে গিরিবালাকে বালিকা বলিয়া সম্পূর্ণ অবজ্ঞা করে তাহা যেন তাহার প্রত্যেক হুর্বোধ পাতা হুট মান্তবের মুখের মতো আকার ধারণ করিয়া নীরবে প্রকাশ করিতে লাগিল। সেই বইখানা যদি কোনো চোরে চুরি করিয়া লইয়া যাইত, তবে সেই চোরকে সে তাহার মাহুভাগুরের সমস্ত কেয়াখয়ের চুরি করিয়া পুরস্কার দিতে পারিত। সেই বইখানার বিনাশের জন্ম সে মনে মনে দেবতার নিকট যে-সকল অসংগত ও অসম্ভব প্রার্থনা করিয়াছিল তাহা দেবতারা শুনেন নাই এবং পাঠকদিগকেও শুনাইবার কোনো আবশ্রক দেখি না।

তথন ব্যথিতহৃদয় বালিকা ছই-একদিন চাকপাঠ হস্তে গুরুগৃহে গমন বন্ধ করিল।
এবং সেই ছই-একদিন পরে এই বিচ্ছেদের ফল পরীক্ষা করিয়া দেখিবার জন্ম সে অন্ত
ছলে শশিভ্ষণের গৃহসম্মুখবর্তী পথে আসিয়া কটাক্ষপাত করিয়া দেখিল, শশিভ্ষণ সেই
কালো বইখানা ফেলিয়া একাকী দাঁড়াইয়া হাত নাড়িয়া লোহার গরাদেগুলার প্রতি
বিজাতীয় ভাষায় বক্তৃতা প্রয়োগ করিতেছেন। বোধ করি, বিচারকের মন কেমন

করিয়া গলাইবেন এই লোহাগুলার উপর তাহার পরীক্ষা হইতেছে। সংসারে অনভিজ্ঞ গ্রন্থবিহারী শশিভ্যণের ধারণা ছিল যে, পুরাকালে ডিমন্থিনীস, সিসিরো, বার্ক, শেরিডন প্রভৃতি বাগ্মীগণ বাক্যবলে যে-সকল অসামান্ত কার্য করিয়া গিয়াছেন— যেরপ শব্দভেদী শরবর্ধণে অন্তায়কে ছিন্নভিন্ন, অত্যাচারকে লাঞ্চিত এবং অহংকারকে ধ্লিশায়ী করিয়া দিয়াছেন, আজিকার দোকানদারির দিনেও তাহা অসম্ভব নহে। প্রভৃত্মদর্গবিত উদ্ধত ইংরাজকে কেমন করিয়া তিনি জগংসমক্ষে লজ্জিত ও অমৃতপ্ত করিবেন, তিলকুচি গ্রামের জীর্ণ ক্ষ্ম গৃহে দাঁড়াইয়া শশিভ্যণ তাহারই চর্চা করিতেছিলেন। আকাশের দেবতারা শুনিয়া হাসিয়াছিলেন কি তাঁহাদের দেবচক্ষ্ অশ্রুসিক্ত হইতেছিল, তাহা কেহ বলিতে পারে না।

স্থতরাং সেদিন গিরিবালা তাঁহার দৃষ্টিপথে পড়িল না; সেদিন বালিকার অঞ্চলে জাম ছিল না; পূর্বে একবার জামের আঁটি ধরা পড়িয়া অবধি ওই ফল সম্বন্ধে সে অত্যস্ত সংকৃচিত ছিল। এমন-কি, শশিভূষণ যদি কোনোদিন নিরীহ ভাবে জিজ্ঞানা করিত 'গিরি, আজ জাম নেই?' সে সেটাকে গৃঢ় উপহাস জ্ঞান করিয়া সন্দোভে 'ষা:ও' বলিয়া তর্জন করিয়া পলায়নের উপক্রম করিত। জামের আঁটির অভাবে আজ তাহাকে একটা কৌশল অবলম্বন করিতে হইল। সহসা দূরের দিকে দৃষ্টিক্ষেপ করিয়া বালিকা উচ্চৈঃম্বরে বলিয়া উঠিল, "ম্বর্ণ ভাই, তুই যাস নে, আমি এথনি যাচ্ছি।"

পুরুষ পাঠক মনে করিতে পারেন যে, কথাটা স্বর্ণলতা নামক কোনো দ্রবর্তিনী সিদনীকে লক্ষ্য করিয়া উচ্চারিত, কিন্তু পাঠিকারা সহজ্ঞেই বৃঝিতে পারিবেন দ্রে কেইই ছিল না, লক্ষ্য অত্যন্ত নিকট। কিন্তু হায়, অন্ধ পুরুষের প্রতি সে লক্ষ্ণ ভ্রষ্ট ইইয়া গেল। শশিভূষণ যে শুনিতে পান নাই তাহা নহে, তিনি তাহার মর্ম গ্রহণ করিতে পারিলেন না। তিনি মনে করিলেন, বালিকা সত্যই ক্রীড়ার জন্ম উৎস্কল— এবং সেদিন তাহাকে খেলা হইতে অধ্যয়নে আকর্ষণ করিয়া আনিতে তাঁহার অধ্যবসায় ছিল না, কারণ তিনিও সেদিন কোনো কোনো হৃদয়ের দিকে লক্ষ্ণ করিয়া তীক্ষ্ণ শর সন্ধান করিতেছিলেন। বালিকার ক্ষ্ম হস্তের সামান্ত লক্ষ্য যেমন ব্যর্থ হইয়াছিল তাঁহার শিক্ষিত হস্তের মহৎ লক্ষ্যও সেইরূপ ব্যর্থ হইয়াছিল, পাঠকেরা সে সংবাদ পূর্বেই অবগত হইয়াছেন।

জামের আঁটির একটা গুণ এই ষে, একে একে অনেকগুলি নিক্ষেপ করা যায়, চারিটি নিক্ষল হইলে অন্তত পঞ্চমটি ঠিক স্থানে গিয়া লাগিতে পারে। কিন্তু স্বর্ণ হাজার কাল্পনিক হউক, তাহাকে 'এখনি যাচ্ছি' আশা দিয়া অধিকক্ষণ দাঁড়াইয়া থাকা যায় না। থাকিলে স্বর্ণের অন্তিম্ব সম্বন্ধ লোকের স্বভাবতই সন্দেহ জন্মিতে পারে। স্বতরাং শে উপায়টি যথন নিক্ষল হ'ইল তথন গিরিবালাকে অবিলম্বে চলিয়া যাইতে হইল। তথাপি, স্বৰ্ণনায়ী কোনো দ্রহিত সহচরীর দক্ষ লাভ করিবার অভিলায আস্থরিক হইলে যেরপ সবেগে উৎসাহের সহিত পাদচারণা করা স্বাভাবিক হইত, গিরিবালার গতিতে তাহা লক্ষিত হইল না। দে যেন তাহার পৃষ্ঠ দিয়া অস্কুত্ব করিবার চেষ্টা করিতেছিল পশ্চাতে কেহ আসিতেছে কি না; যথন নিশ্চয় ব্রিল কেহ আসিতেছে না তথন আশার শেষতম ক্ষীণতম ভ্য়াংশটুকু লইয়া একবার পশ্চাৎ ফিরিয়া চাহিয়া দেখিল, এবং কাহাকেও না দেখিয়া সেই ক্ষুত্র আশাটুকু এবং শিথিলপত্র চারুপাঠখানি বত্ত খণ্ড করিয়া ছি ডিয়া পথে ছড়াইয়া দিল। শশিভ্ষণ তাহাকে যে-বিভাটুকু দিয়াছে সেটুক্ বিদি সে কোনো মতে ফিরাইয়া দিতে পারিত তবে বোধ হয় পরিত্যান্ত্র জামের জাঁটির মতো সে-সমন্তই শশিভ্ষণের হারের সম্মুখে সশব্দে নিক্ষেপ করিয়া দিয়া চলিয়া আসিত। বালিকা প্রতিজ্ঞা করিল, বিতীয়বার শশিভ্ষণের সহিত দেখা হইবার প্রেই সে সমন্ত পড়ান্তনা ভূলিয়া যাইবে, তিনি যে প্রশ্ন জিজ্ঞানা করিবেন তাহার কোনোটিরই উত্তর দিতে পারিবে না! একটি— একটি— একটিরও না! তথন শশিভ্ষণ অত্যন্ত জন্ধ হইবে।

গিরিবালার হই চক্ষ্ জলে ভরিয়া আদিল। পড়া ভূলিয়া গেলে শশিভ্যণের যে কিরপ তীব্র অহতাপের কারণ হইবে তাহা মনে করিয়া সে পীড়িত হৃদয়ে কিঞ্চিৎ সান্ধনা লাভ করিল, এবং কেবলমাত্র শশিভ্যণের দোষে বিশ্বতশিক্ষা সেই হতভাগিনী ভবিশ্বৎ গিরিবালাকে কল্পনা করিয়া তাহার নিজের প্রতি কক্ষণারস উচ্ছলিত হইয়া উঠিল। আকাশে মেম্ব করিতে লাগিল; বধাকালে এমন মেম্ব প্রতিদিন করিয়া থাকে। গিরিবালা পথের প্রান্তে একটা গাছের আড়ালে দাড়াইয়া অভিমানে ফুলিয়া ফুলিয়া কাদিতে লাগিল; এমন অকারণ কাল্পা প্রতিদিন কত বালিকা কাদিয়া থাকে। উহার মধ্যে লক্ষ্য করিবার বিষয় কিছুই ছিল না।

### यर्छ भजिएकप

শশিভ্যণের আইন সম্বন্ধীয় গবেষণা এবং বক্তৃতাচর্চা কী কারণে ব্যর্থ হইয়া গেল তাহা পাঠকদের অগোচর নাই। ম্যাজিস্টেটের নামে মকদমা অকস্মাৎ মিটিয়া গেল। হরকুমার তাঁহাদের জেলার বেঞ্চে অনরারি ম্যাজিস্টেট নিযুক্ত হইলেন। একখানা মলিন চাপকান ও তৈলাক্ত পাগড়ি পরিয়া হরকুমার আজকাল প্রায়ই জেলায় গিয়া সাহেব-স্বাদিগকে নিয়মিত সেলাম করিয়া আসেন।

শশিভ্যণের সেই কালো মোটা বইখানার প্রতি এতদিন পরে গিরিবালার অভিশাপ ফলিতে আরম্ভ করিল, সে একটি অন্ধকার কোণে নির্বাদিত হইয়া অনাদৃত বিশ্বতভাবে ধূলিন্তরসংগ্রহে প্রবৃত্ত হইল। কিন্তু তাহার অনাদর দেখিয়া যে বালিকা আনন্দ লাভ করিবে সেই গিরিবালা কোথায়।

শশিভূষণ ষেদিন প্রথম আইনের গ্রন্থ বন্ধ করিয়া বসিলেন সেই দিনই হঠাৎ ব্ঝিতে পারিলেন, গিরিবালা আদে নাই। তখন একে একে এই কয়দিনের ইতিহাস অল্পে অল্পে তাঁহার মনে পড়িতে লাগিল। মনে পড়িতে লাগিল, একদিন উচ্ছল প্রভাতে গিরিবালা অঞ্চল ভরিয়া নববর্ধার আর্দ্র বকুলফুল আনিয়াছিল। তাহাকে দেখিয়াও যথন তিনি গ্রন্থ হইতে দৃষ্টি তুলিলেন না, তখন তাহার উচ্ছাদে সহসা বাধা পড়িল। সে তাহার অঞ্চলবিদ্ধ একটা স্থূঁচস্তা বাহির করিয়া নতশিরে একটি একটি করিয়া ফুল লইয়া মালা গাঁথিতে লাগিল— মালা অত্যন্ত ধীরে ধীরে গাঁথিল, অনেক বিলম্বে শেষ হইল, বেলা হইয়া আসিল, গিরিবালার ঘরে ফিরিবার সময় হইল, তথাপি শশিভূষণের পড়া শেষ হইল না। গিরিবালা মালাটা তক্তপোশের উপর রাথিয়া দ্লানভাবে চলিয়া গেল। মনে পড়িল, তাহার অভিমান প্রতিদিন কেমন করিয়া ঘনীভূত হইয়া উঠিল; কবে হইতে সে তাঁহার ঘরে প্রবেশ না করিয়া ঘরের সম্মুখবতী পথে মধ্যে মধ্যে দেখা দিত এবং চলিয়া ষাইত; অবশেষে কবে হইতে বালিকা সেই পথে আসাও বন্ধ করিয়াছে, সেও তো আজ কিছুদিন হইল। গিরিবালার অভিমান তো এতদিন স্থায়ী হয় না। শশিভূষণ একটা দীর্ঘনিশ্বাস ফেলিয়া হতবৃদ্ধি হতকর্মের মতো দেয়ালে পিঠ দিয়া বসিয়া রহিলেন। ক্ষুত্র ছাত্রীটি না আসাতে তাঁহার পাঠ্যগ্রন্থতিলি নিতাস্ত বিস্বাদ হইয়া আসিল। বই টানিয়া টানিয়া नইয়া হই-চারিপাতা পড়িয়া ফেলিয়া দিতে হয়। লিখিতে লিখিতে ক্ষণে ক্ষণে সচকিতে পথের দিকে দ্বারের অভিমূথে প্রতীক্ষাপূর্ণ দৃষ্টি বিক্ষিপ্ত হইতে থাকে এবং লেখা ভঙ্গ হয়।

শশিভূষণের আশকা হইল, গিরিবালার অস্তথ হইয়া থাকিবে। গোপনে সদ্ধান লইয়া জানিলেন, সে আশকা অমূলক। গিরিবালা আজকাল আর ঘর হইতে বাহির হয় না। তাহার জন্ম পাত্র স্থির হইয়াছে।

গিরি যেদিন চারুপাঠের ছির্ম্বতে গ্রামের পির্বল পথ বিকীর্ণ করিয়াছিল তাহার পরদিন প্রত্যুবে ক্ষুদ্র অঞ্চলে বিচিত্র উপহার সংগ্রহ করিয়া জ্রুতপদে ঘর হইতে বাহির হইয়া আসিতেছিল। অতিশয় গ্রীম হওয়াতে নিদ্রাহীন রাত্রি অতিবাহন করিয়া হরকুমার ভােরবেলা হইতে বাহিরে বিদয়া গা খুলিয়া তামাক খাইতেছিলেন। গিরিকে জ্ঞানা করিলেন, "কোথায় যাচ্ছিন।" গিরি কহিল, "শশিদাদার বাড়ি।" হরকুমার ধমক দিয়া কহিলেন, "শশিদাদার বাড়ি যেতে হবে না, ঘরে যা।" এই বলিয়া আসরস্কুরগৃহবাস বয়ঃপ্রাপ্তক্তার লক্ষার অভাব সম্বন্ধে বিশুর তিরস্কার করিলেন। সেই

দিন হইতে তাহার বাহিরে আসা বন্ধ হইয়াছে। এবার আর তাহার অভিমান ভঙ্গ করিবার অবসর জুটিল না। আমসত্ব, কেয়াখয়ের এবং জারকনের ভাগুরের যথাস্থানে ফিরিয়া গেল। রৃষ্টি পড়িতে লাগিল, বকুলফুল ঝরিতে লাগিল, গাছ ভরিয়া পেয়ারা পাকিয়া উঠিল এবং শাখাখলিত পক্ষীচঞ্চ্কত স্পক্ষ কালোজামে তক্ষতল প্রতিদিন সমাচ্ছন্ন হইতে লাগিল। হায়, সেই ছিন্নপ্রায় চাক্ষপাঠখানিও আর নাই।

#### সপ্তম পরিচ্ছেদ

গ্রামে গিরিবালার বিবাহে যেদিন দানাই বাজিতেছিল দেদিন অনিমন্ত্রিত শশিভূষণ নৌকা করিয়া কলিকাতা অভিমুখে চলিতেছিলেন।

মকদ্বমা উঠাইয়া লওয়া অবধি হরকুমার শশীকে বিষচক্ষে দেখিতেন। কারণ, তিনি মনে মনে হির করিয়াছিলেন, শশী তাঁহাকে নিশ্চয় ঘুণা করিতেছে। শশীর মূখে চোখে ব্যবহারে তিনি তাহার সহস্র কাল্পনিক নিদর্শন দেখিতে লাগিলেন। গ্রামের সকল লোকই তাঁহার অপমানবুভান্ত ক্রমশ বিশ্বত হইতেছে, কেবল শশিভ্ষণ একাকী সেই হঃশ্বতি জাগাইয়া রাথিয়াছে মনে করিয়া তিনি তাহাকে হুই চক্ষে দেখিতে পারিতেন না। তাহার সহিত সাক্ষাং হইবামাত্র তাঁহার অন্তঃকরণের মধ্যে একটুথানি সলজ্জ সংকোচ এবং সেই সঙ্গে প্রবল আক্রোশের সঞ্চার হুইত। শশীকে গ্রামছাড়া করিতে হুইবে বলিয়া হরকুমার প্রতিজ্ঞা করিয়া বিসলেন।

শশিভ্যণের মতো লোককে গ্রামছাড়া করা কাজটা তেমন হরহ নহে। নায়েব মহাশয়ের অভিপ্রায় অনতিবিলম্বে সফল হইল। একদিন সকালবেলা পুত্তকের বোঝা এবং গুটিছইচার টিনের বাক্স সঙ্গে লইয়া শশী নৌকায় চড়িলেন। গ্রামের সহিত তাঁহার যে একটি স্থথের বন্ধন ছিল সেও আজ সমারোহ সহকারে ছিন্ন হইতেছে। স্থকোমল বন্ধনটি যে কত দৃঢ়ভাবে তাঁহার হদয়কে বেইন করিয়া ধরিয়াছিল তাহা তিনি পূর্বে সম্পূর্ণরূপে জানিতে পারেন নাই। আজ যখন নৌকা ছাড়িয়া দিল, গ্রামের বৃক্ষ-চূড়াগুলি অস্পষ্ট এবং উৎসবের বাহ্যধ্বনি ক্ষীণতর হইয়া আসিল, তখন সহসা অশ্রুবান্দে হদয় ফ্রীত হইয়া উঠিয়া তাঁহার কণ্ঠরোধ করিয়া ধরিল, রক্তোচ্ছাসবেগে কপালের শিরাগুলা টন্ টন্ করিতে লাগিল এবং জগৎসংসারের সমস্ত দৃষ্ঠা ছায়ানিমিত মায়ামরীচিকার মতো অত্যস্ত অম্পষ্ট প্রতিভাত হইল।

প্রতিকৃল বাতাস অতিশয় বেগে বহিতেছিল, সেই জন্ম শ্রোত অমুকূল হইলেও নৌকা ধীরে ধীরে অগ্রসর হইতেছিল। এমন সময়ে নদীর মধ্যে এক কাণ্ড ঘটিল যাহাতে শশিভূষণের যাত্রার ব্যাঘাত করিয়া দিল। সেলন ঘাট হইতে সদর মহকুমা পর্যন্ত একটি নৃতন স্টিমার লাইন সম্প্রতি থুলিয়াছে। সেই স্টিমারটি সশব্দে পক্ষ সঞ্চালন করিয়া ঢেউ তুলিয়া উজানে আসিতেছিল। জাহাজে নৃতন লাইনের অল্পবয়স্ক ম্যানেজার সাহেব এবং অল্পসংখ্যক যাত্রী ছিল। যাত্রীদের মধ্যে শশিভ্যণের গ্রাম হইতেও কেহ কেহ উঠিয়াছিল।

একটি মহাজনের নৌকা কিছুদ্র হইতে এই স্টিমারের সহিত পালা দিয়া আসিতে চেন্টা করিতেছিল, আবার মাঝে মাঝে ধরি ধরি করিতেছিল, আবার মাঝে মাঝে পশ্চাতে পড়িতেছিল। মাঝির ক্রমশ রোখ চাপিয়া গেল। সে প্রথম পালের উপর দিতীয় পাল এবং দিতীয় পালের উপরে ক্রু তৃতীয় পালটা পর্যন্ত তৃলিয়া দিল। বাতাসের বেগে স্ফার্টার্য মাজ্বল সম্মুথে আনত হইয়া পড়িল, এবং বিদীর্ণ তরঙ্গরাশি অট্রকলন্বরে নৌকার ছই পার্মে উন্মক্তভাবে নৃত্য করিতে লাগিল। নৌকা তথন ছিন্নবল্গা অখের স্থায় ছুটিয়া চলিল। একস্থানে স্টিমারের পথ কিঞ্চিং বাঁকা ছিল, সেইখানে সংক্ষিপ্ততর পথ অবলম্বন করিয়া নৌকা স্টিমারকে ছাড়াইয়া গেল। ম্যানেজার সাহেব আগ্রহভরে রেলের উপর স্ক্রিয়া নৌকার এই প্রতিযোগিতা দেখিতেছিল। যথন নৌকা তাহার পূর্ণতম বেগ প্রাপ্ত হইয়াছে এবং স্টিমারকে হাতত্মেক ছাড়াইয়া গিয়াছে এমনসময়ে সাহেব হঠাৎ একটা বন্দৃক তৃলিয়া ফীত পাল লক্ষ্য করিয়া আওয়াজ করিয়া দিল। এক মৃহূর্তে পাল ফাটিয়া গেল, নৌকা ডুবিয়া গেল, স্টিমার নদীর বাঁকের অন্তরালে অদৃশ্রু হইয়া গেল।

ম্যানেজার কেন যে এমন করিল তাহা বলা কঠিন। ইংরাজনন্দনের মনের ভাব আমরা বাঙালি হইয়া ঠিক বৃঝিতে পারি না। হয়তো দিশি পালের প্রতিযোগিতা সে শহু করিতে পারে নাই, হয়তো একটা ফীত বিস্তীর্ণ পদার্থ বন্দুকের গুলির দ্বারা চক্ষের পলকে বিদীর্ণ করিবার একটা হিংল্র প্রলোভন আছে, হয়তো এই গবিত নৌকাটার বস্ত্রপণ্ডের মধ্যে গুটিকয়েক ফুটা করিয়া নিমেষের মধ্যে ইহার নৌকালীলা সমাপ্ত করিয়া দিবার মধ্যে একটা প্রবল পৈশাচিক হাস্তরস আছে; নিশ্চয় জানি না। কিন্তু ইহা নিশ্চয়, ইংরাজের মনের ভিতরে একট্থানি বিশাস ছিল যে, এই রিসকতাটুকু করার দক্ষন সে কোনোরপ শান্তির দায়িক নহে— এবং ধারণা ছিল, যাহাদের নৌকা গেল এবং সম্ভবত প্রাণ সংশয়, তাহারা মাহাষের মধ্যেই গণ্য হইতে পারে না।

সাহেব যথন বন্দৃক তুলিয়া গুলি করিল এবং নৌকা তুবিয়া গেল তথন শশিভ্ষণের পান্দি ঘটনাস্থলের নিকটবর্তী হইয়াছে। শেষোক্ত ব্যাপারটি শশিভ্ষণ প্রত্যক্ষ দেখিতে পাইলেন। তাড়াতাড়ি নৌকা লইয়া গিয়া মাঝি এবং মাল্লাদিগকে উদ্ধার করিলেন। কেবল এক ব্যক্তি ভিতরে বসিয়া রন্ধনের জন্ম মশলা পিষিতেছিল, তাহাকে আর দেখা গেল না। বর্ধার নদী ধরবেগে বহিয়া চলিল।

শশিভ্ষণের হৎপিণ্ডের মধ্যে উত্তপ্ত রক্ত ফুটিতে লাগিল। আইন অত্যক্ত মন্দগতি—
দে একটা বৃহৎ জটিল লৌহযন্ত্রের মতো; তৌল করিয়া দে প্রমাণ গ্রহণ করে এবং
নির্বিকার ভাবে দে শান্তি বিভাগ করিয়া দেয়, তাহার মধ্যে মানবহদয়ের উত্থাপ নাই।
কিন্তু ক্ষ্ণার সহিত ভোজন, ইচ্ছার সহিত উপভোগ ও রোবের সহিত শান্তিকে বিচ্ছির
করিয়া দেওয়া শশিভ্যণের নিকট সমান অস্বাভাবিক বলিয়া বোধ হইল। অনেক
অপরাধ আছে যাহা প্রত্যক্ষ করিবামাত্র তৎক্ষণাৎ নিজ হত্তে তাহার শান্তিবিধান না
করিলে অন্তর্থামী বিধাতাপুরুষ যেন অন্তরের মধ্যে থাকিয়া প্রত্যক্ষকারীকে দম্ম করিতে
থাকেন। তথন আইনের কথা শারণ করিয়া সান্থনা লাভ করিতে হদয় লক্ষ্ণা বোধ
করে। কিন্তু কলের আইন এবং কলের জাহাজ ম্যানেজারটিকে শশিভ্যণের নিকট
হইতে দ্রে লইয়া গেল। তাহাতে জগতের আর আর কী উপকার হইয়াছিল বলিতে
পারি না কিন্তু দে যাত্রায় নিঃসন্দেহ শশিভ্যণের ভারতবর্ষীয় প্রীহা রক্ষা পাইয়াছিল।

মাঝিমালা যাহারা বাঁচিল তাহাদিগকে লইয়া শশী গ্রামে ফিরিয়া আসিলেন। নৌকায় পাট বোঝাই ছিল, সেই পাট উদ্ধারের জন্ম লোক নিযুক্ত করিয়া দিলেন এবং মাঝিকে ম্যানেজারের বিহ্নদ্ধে পুলিসে দ্রখান্ত দিতে অন্থ্রোধ করিলেন।

মাঝি কিছুতেই সমত হয় না। সে বলিল, নৌকা তো মঞ্জিয়াছে, এক্ষণে নিজেকে মঞ্চাইতে পারিব না। প্রথমত, পুলিসকে দর্শনি দিতে হইবে; তাহার পর কাজকর্ম আহারনিদ্রা ত্যাগ করিয়া আদালতে আদালতে ঘ্রিতে হইবে; তাহার পর সাহেবের নামে নালিশ করিয়া কী বিপাকে পড়িতে হইবে ও কী ফল লাভ হইবে তাহা ভগবান জানেন। অবশেষে সে যথন জানিল, শশিভ্ষণ নিজে উকিল, আদালতথরচা তিনিই বহন করিবেন এবং মকদ্মায় ভবিশ্বতে থেসারত পাইবার সম্পূর্ণ সম্ভাবনা আছে তথন রাঞ্জি হইল। কিছু শশিভ্ষণের গ্রামের লোক যাহারা ষ্টিমারে উপস্থিত ছিল তাহারা কিছুতেই সাক্ষ্য দিতে চাহিল না। তাহারা শশিভ্যণকে কহিল, "মহাশয়, আমরা কিছুই দেখি নাই; আমরা জাহাজের পশ্চাং ভাগে ছিলাম, কলের ঘট্ঘট্ এবং জলের কল্কল্ শব্দে সেখান হইতে বন্দকের আওয়াজ শুনিবারও কোনো সম্ভাবনা ছিল না।"

দেশের লোককে আন্তরিক ধিকার দিয়া শশিভূষণ ম্যাজিস্টেটের নিকট মকদ্মা চালাইলেন।

সাক্ষীর কোনো আবশ্যক হইল না। ম্যানেজার শ্বীকার করিল যে, সে বন্দুক ছুঁ ড়িয়াছিল। কহিল, আকাশে এক ঝাঁক বন্ধ উড়িতেছিল, তাহাদেরই প্রতি লক্ষ করা হইয়াছিল। ষ্টিমার তখন পূর্ণবেগে চলিতেছিল এবং সেই মুহুর্তেই নদীর বাঁকের অন্তরালে প্রবেশ করিয়াছিল। হতরাং সে জানিতেও পারে নাই, কাক মরিল, কি বক মরিল, কি নৌকাটা ডুবিল। অন্তরীক্ষে এবং পৃথিবীতে এত শিকারের জিনিস আছে বে, কোনো বৃদ্ধিমান ব্যক্তি ইচ্ছাপূর্বক 'ডার্টি র্যাগ' অর্থাৎ মলিন বস্ত্রখণ্ডের উপর সিকিপয়সা দামেরও ছিটাগুলি অপব্যয় করিতে পারে না।

বেকস্থর খালাস পাইয়া ম্যানেজার সাহেব চুরট ফুঁকিতে ফুঁকিতে ক্লাবে ছইস্ট্ খেলিতে গেল; যে লোকটা নৌকার মধ্যে মশলা পিষিতেছিল নয় মাইল তফাতে ভাহার মৃতদেহ ডাঙায় আসিয়া লাগিল এবং শশিভূষণ চিন্তদাহ লইয়া আপন গ্রামে ফিরিয়া আসিলেন।

যেদিন ফিরিয়া আসিলেন, সেদিন নৌকা সাজাইয়া গিরিবালাকে শ্বন্তর্বাড়ি লইয়া শাইতেছে। যদিও তাঁহাকে কেহ ডাকে নাই তথাপি শশিভ্যণ ধীরে ধীরে নদীতীরে আসিয়া উপস্থিত হইলেন। ঘাটে লোকের ভিড় ছিল সেখানে না গিয়া কিছু দ্রে অগ্রসর হইয়া দাঁড়াইলেন। নৌকা ঘাট ছাড়িয়া যখন তাঁহার সন্মুখ দিয়া চলিয়া গেল তখন চকিতের মতো একবার দেখিতে পাইলেন, মাথায় ঘোমটা টানিয়া নববধ্ নতশিরে বিদ্য়া আছে। অনেক দিন হইতে গিরিবালার আশা ছিল যে, গ্রাম ত্যাগ করিয়া যাইবার পূর্বে কোনোমতে একবার শশিভ্যণের সহিত সাক্ষাৎ হইবে কিন্তু আজু সে জানিতেও পারিল না যে, তাহার গুরু অনতিদ্রে তীরে দাঁড়াইয়া আছেন। একবার সে মৃথ তৃলিয়াও দেখিল না, কেবল নিঃশন্দ রোদনে তাহার ছই কপোল বাহিয়া অশ্রুজন ঝিরিয়া পড়িতে লাগিল।

নৌকা ক্রমশ দ্রে চলিয়া অদৃশ্য হইয়া গেল। জলের উপর প্রভাতের রৌদ ঝিক্ঝিক্ করিতে লাগিল, নিকটের আয়শাখায় একটা পাপিয়া উচ্ছৃসিত কঠে মৃহ্র্মুক্ত গান
গাহিয়া মনের আবেগ কিছুতেই নিঃশেষ করিতে পারিল না, খেয়া নৌকা লোক বোঝাই
লইয়া পারাপার হইতে লাগিল, মেয়েরা ঘাটে জল লইতে আসিয়া উচ্চ কলম্বরে গিরির
শশুরালয়্যাত্রার আলোচনা তুলিল, শশিভ্ষণ চশমা খুলিয়া চোথ মৃছিয়া সেই পথের
ধারে সেই গরাদের মধ্যে সেই ক্দ গৃহে গিয়া প্রবেশ করিলেন। হঠাং একবার মনে
হইল যেন গিরিবালার কঠ শুনিতে পাইলেন! 'শশিদাদা!' —কোথায় রে কোথায় শ
কোথাও না! সে গৃহে না, সে পথে না, সে গ্রামে না— তাঁহার অক্রজনাভিষিক্ত
অন্তরের মাঝথানটিতে।

#### काष्ट्रेय भन्निटम्हन

শশিভ্ষণ পুনরায় জিনিসপত্র বাঁধিয়া কলিকাতা অভিমূখে যাত্রা করিলেন। কলিকাতায় কোনো কাজ নাই, সেথানে যাওয়ার কোনো বিশেষ উদ্দেশ্য নাই; সেইজন্ত রেলপথে না গিয়া বরাবর নদীপথে যাওয়াই হির করিলেন।

তথন পূর্ণবর্ষায় বাংলাদেশের চারি দিকেই ছোটো বড়ো আঁকাবাঁকা সহস্র জ্ঞান বিস্তীর্ণ হইয়া পড়িয়াছে। সরস খ্যামল বঙ্গভূমির শিরা-উপশিরাগুলি পরিপূর্ণ হইয়া তরুলতা তৃণগুলা ঝোপঝাড় ধান পাট ইক্ষ্তে দশ দিকে উন্মন্ত যৌবনের প্রাচূর্য যেন একেবারে উদ্দাম উচ্চুন্দল হইয়া উঠিয়াছে।

শশিভ্যণের নৌকা সেই-সমন্ত সংকীর্ণ বক্ত জনস্রোতের মধ্য দিয়া চলিতে লাগিল। জল তথন তীরের সহিত সমতল হইয়া গিয়াছে। কাশ্যন শর্বন এবং স্থানে স্থানে শহুক্তের জলমগ্ন হইয়াছে। গ্রামের বেড়া, বাঁশঝাড় ও আমবাগান একেবারে জলের অব্যবহিত ধারে আসিয়া দাঁড়াইয়াছে— দেবকন্থারা যেন বাংলাদেশের তরুমূলবর্তী আলবালগুলি জলসেচনে পরিপূর্ণ করিয়া দিয়াছেন।

ধাত্রার আরম্ভকালে আনচিক্কণ বনশ্রী রৌত্রে উচ্জল হাস্তময় ছিল, অনতিবিলম্নেই মেঘ করিয়া বৃষ্টি আরম্ভ হইল। তথন যে দিকে দৃষ্টি পড়ে সেই দিকই বিষন্ন এবং অপরিচ্ছন্ন দেখাইতে লাগিল। বন্যার সময়ে গোক্ষগুলি যেমন জলবেষ্টিত মলিন পিন্ধিল সংকীর্ণ গোক্ষপ্রাঙ্গণের মধ্যে ভিড় করিয়া ককণনেত্রে সহিষ্ণুভাবে দাড়াইয়া প্রাবণের ধারাবর্ধণে ভিজিতে থাকে, বাংলাদেশ আপনার কর্দমপিচ্ছিল ঘনসিক্ত ক্বন্ধ জন্মনের মধ্যে মৃকবিষন্ধমুখে সেইরূপ পীড়িতভাবে অবিশ্রাম ভিজিতে লাগিল। চাষিরা টোকা মাথায় দিয়া বাহির হইয়াছে; স্ত্রীলোকেরা ভিজিতে ভিজিতে বাদলার শীতল বায়ুতে সংকৃতিত হইয়া কুটির হইতে কুটিরান্তরে গৃহকার্যে যাতায়াত করিতেছে ও পিছল ঘাটে অত্যন্ত সাবধানে পা কেলিয়া সিক্তবন্ত্রে জল তুলিতেছে, এবং গৃহন্থ পুক্ষষেরা দাভ্যায় বিদ্যা তামাক থাইতেছে, নিতান্ত কাজের দায় থাকিলে কোমরে চাদর জড়াইয়া জুতাহন্তে ছাতি-মাথায় বাহির হইতেছে— অবলা রমণীর মন্তকে ছাতি এই রৌপ্রদ্ধ্য বর্ষাপ্রাবিত বঙ্গদেশের সনাতন পবিত্র প্রথার মধ্যে নাই।

বৃষ্টি যথন কিছুতেই থামে না তথন কন্ধ নৌকার মধ্যে বিরক্ত হইয়া উঠিয়া শশিভূষণ পুনশ্চ রেলপথে যাওয়াই স্থির করিলেন। এক জায়গায় একটা প্রশ্নন্ত মোহানার মতো জায়গায় আসিয়া শশিভূষণ নৌকা বাঁধিয়া আহারের উজাগ করিতে লাগিলেন।

খোঁড়ার পা খানায় পড়ে— সে কেবল খানার দোষে নয়, খোঁড়ার পাটারও পড়িবার দিকে একটু বিশেষ ঝোঁক আছে। শশিভূষণ সেদিন তাহার একটা প্রমাণ দিলেন।

তুই নদীর মোহানার মৃথে বাঁশ বাঁধিয়া জেলেরা প্রকাণ্ড জাল পাতিয়াছে। কেবল একপার্থে নৌকা চলাচলের স্থান রাখিয়াছে। বছকাল হইতে তাহারা এ কার্য করিয়া থাকে এবং সেজন্য থাজনাও দেয়। তুর্ভাগ্যক্রমে এ বংসর এই পথে হঠাং জেলার পুলিস স্থপারিন্টেণ্ডেন্ট বাহাত্রের শুভাগ্যন হইয়াছে। তাঁহার বোট আসিতে দেখিয়া জেলেরা পূর্ব হইতে পার্থবর্তী পথ নির্দেশ করিয়া উচ্চৈঃস্বরে সাবধান করিয়া দিল। কিন্তু মন্থায়রচিত কোনো বাধাকে সম্মান প্রদর্শন করিয়া ঘূরিয়া যাওয়া সাহেবের মাঝির অভ্যাস নাই। সে সেই জালের উপর দিয়াই বোট চালাইয়া দিল। জাল অবনত হইয়া বোটকে পথ ছাড়িয়া দিল, কিন্তু তাহার হাল বাধিয়া গেল। কিঞ্চিৎ বিলম্বে এবং চেষ্টায় হাল ছাড়াইয়া লইতে হইল।

পুলিদ সাহেব অত্যন্ত গরম এবং রক্তবর্ণ হইয়া বোট বাঁধিলেন। তাঁহার মূর্তি দেখিয়াই জেলে চারটে উর্জন্মদে পলায়ন করিল। সাহেব তাঁহার মাল্লাদিগকে জাল কাটিয়া ফেলিতে আদেশ করিলেন। তাহারা সেই সাত-আট শত টাকার বৃহৎ জাল কাটিয়া টুকরা টুকরা করিয়া ফেলিল।

জালের উপর ঝাল ঝাড়িয়া অবশেষে জেলেদিগকে ধরিয়া আনিবার আদেশ হইল।
কন্টেবল্ পলাতক জেলে চারিটির সন্ধান না পাইয়া যে চারি জনকে হাতের কাছে
পাইল তাহাদিগকে ধরিয়া আনিল। তাহারা আপনাদিগকে নিরপরাধ বলিয়া জোড়হন্তে
কাকুতিমিনতি করিতে লাগিল। পুলিসবাহাত্র যথন সেই বন্দীদিগকে সঙ্গে লইবার
হুকুম দিতেছেন, এমন সময় চশমাপরা শশিভ্যণ তাড়াতাড়ি একথানা জামা পরিয়া
তাহার বোতাম না লাগাইয়া চাটজুতা চট্চট্ করিতে করিতে উর্ধেখাসে পুলিসের বোটের
সন্মুথে আসিয়া উপস্থিত হইলেন। কম্পিতস্বরে কহিলেন, "সার, জেলের জাল ছি ড়িবার
এবং এই চারি জন লোককে উৎপীড়ন করিবার তোমার কোনো অধিকার নাই।"

পুলিসের বড়ো কর্তা তাঁহাকে হিন্দিভাষায় একটা বিশেষ অসম্বানের কথা বলিবামাত্র তিনি এক মূহূর্তে কিঞ্চিং উচ্চ ডাঙা হইতে বোটের মধ্যে লাফাইয়া পড়িয়াই
একেবারে সাহেবের উপরে আপনাকে নিক্ষেপ করিলেন। বালকের মতো, পাগলের
মতো মারিতে লাগিলেন।

তাহার পর কী হইল তিনি জানেন না। পুলিসের থানার মধ্যে যখন জাগিয়া উঠিলেন তখন, বলিতে সংকোচ বোধ হয়, যেরূপ ব্যবহার প্রাপ্ত হইলেন তাহাতে মানসিক সম্মান অথবা শারীরিক আরাম বোধ করিলেন না।

#### वया भदिराक्ष

শশিভ্যণের বাপ উকিল ব্যারিস্টার লাগাইয়া প্রথমত শশীকে হাজত হইতে জামিনে থালাস করিলেন। তাহার পরে মকদ্দমার জোগাড় চলিতে লাগিল।

যে-সকল জেলের জাল নষ্ট হইয়াছে তাহারা শশিভ্যণের এক পরগনার অন্তর্গত, এক জমিদারের অধীন। বিপদের সময় কখনো কখনো শশীর নিকটে তাহারা আইনের পরামর্শ লইতেও আসিত। যাহাদিগকে সাহেব বোটে ধরিয়া আনিয়াছিলেন তাহারাও শশিভ্যণের অপরিচিত নহে।

শশী তাহাদিগকে সান্দী মানিবেন বলিয়া ডাকাইয়া আনিলেন। তাহারা ভরে অম্বির হইয়া উঠিল। স্ত্রী-পুত্র-পরিবার লইয়া যাহাদিগকে সংসারষাত্রা নির্বাহ করিতে হয় পুলিসের সহিত বিবাদ করিলে তাহারা কোথায় গিয়া নিষ্কৃতি পাইবে। একটার অধিক প্রাণ কাহার শরীরে আছে। যাহা লোকসান হইবার তাহা তো হইয়াছে, এখন আবার সান্দীর সপিনা ধরাইয়া এ কী মৃশকিল। সকলে বলিল, "ঠাকুর, তুমি তো আমাদিগকে বিষম ফেসাদে ফেলিলে।"

বিস্তর বলা-কহার পর তাহারা সত্যকথা বলিতে স্বীকার করিল।

ইতিমধ্যে হরকুমার যেদিন বেঞ্চের কর্মোপলক্ষে জেলার সাহেবদিগকে সেলাম করিতে গেলেন পুলিস সাহেব হাসিয়া কহিলেন, "নায়েববাবু, শুনিতেছি তোমার প্রজারা পুলিসের বিরুদ্ধে মিধ্যা সাক্ষ্য দিতে প্রস্তুত হইয়াছে।"

নায়েব সচকিত হইয়া কহিলেন, "হাঁ! এও কি কখনো সম্ভব হয়। অপবিত্র ব্দম্ভাত পুত্রদিগের অন্থিতে এত ক্ষমতা!"

সংবাদপত্র-পাঠকেরা অবগত আছেন, মকদ্দমায় শশিভ্যণের পক্ষ কিছুতেই টি কিতে

জেলেরা একে একে আসিয়া কহিল, পুলিস সাহেব তাহাদের জ্বাল কাটিয়া দেন নাই, বোটে ডাকিয়া তাহাদের নাম ধাম লিখিয়া লইতেছিলেন।

কৈবল তাহাই নহে, তাঁহার দেশস্থ গুটিচারেক পরিচিত লোক সাক্ষ্য দিল ষে, তাহারা সে সময়ে ঘটনান্থলে বিবাহের বর্ষাত্র উপলক্ষে উপস্থিত ছিল। শশিভ্ষণ ষে অকারণে অগ্রসর হইয়া পুলিসের পাহারাওয়ালাদের প্রতি উপদ্রব করিয়াছে, তাহা তাহারা প্রত্যক্ষ দেখিয়াছে।

শশিভূষণ স্বীকার করিলেন যে, গালি থাইয়া বোটের মধ্যে প্রবেশ করিয়া তিনি সাহেবকে মারিয়াছেন। কিন্ধ জাল কাটিয়া দেওয়া ও জেলেদের প্রতি উপদ্রবই তাহার মূল কারণ। এরপ অবস্থায় যে বিচারে শশিভূষণ শান্তি পাইলেন তাহাকে অস্থায় বলা যাইতে পারে না। তবে শান্তিটা কিছু গুরুতর হইল। তিন-চারিটা অভিযোগ, আঘাত, অনধিকার প্রবেশ, পুলিসের কর্তব্যে ব্যাঘাত ইত্যাদি, সব ক'টাই তাঁহার বিক্লমে পুরা প্রমাণ হইল।

শশিভ্ষণ তাঁহার সেই ক্ষুদ্র গৃহে তাঁহার প্রিয় পাঠাগ্রন্থলি ফেলিয়া পাঁচ বংসর জেল থাটতে গেলেন। তাঁহার বাপ আপিল করিতে উন্থত হইলে তাঁহাকে শশিভ্ষণ বারংবার নিষেধ করিলেন; কহিলেন, "জেল ভালো! লোহার বেড়ি মিধ্যা কথা বলে না, কিন্তু জেলের বাহিরে যে স্বাধীনতা আছে সে আমাদিগকে প্রতারণা করিয়া বিপদে ফেলে। আর, যদি সংসক্ষের কথা বল তো, জেলের মধ্যে মিধ্যাবাদী কৃতন্ন কাপুক্ষের সংখ্যা অল্প, কারণ স্থান পরিমিত— বাহিরে অনেক বেশি।"

#### मगय भित्रिटम्हम

শশিভ্ষণের জেলে প্রবেশ করিবার অনতিকাল পরেই তাঁহার পিতার মৃত্যু হইল। তাঁহার আর বড়ো কেহ ছিল না। এক ভাই বহুকাল হইতে সেন্ট্রাল প্রভিন্দে কাজ করিতেন, দেশে আসা তাঁহার বড়ো ঘটয়া উঠিত না, সেইখানেই তিনি বাড়ি তৈয়ারি করিয়া সপরিবারে স্বায়ী হইয়া বিসয়াছিলেন। দেশে বিষয়সম্পত্তি যাহা ছিল নায়েব হরকুমার তাহার অধিকাংশ নানা কৌশলে আত্মসাং করিলেন।

জেলের মধ্যে অধিকাংশ কয়েদিকে যে পরিমাণে ত্বংথ ভোগ করিতে হয় দৈববিপাকে শশিভূষণকে তদপেক্ষা অনেক বেশি সহা করিতে হইয়াছিল। তথাপি দীর্ঘ পাঁচ বংসর কাটিয়া গেল।

আবার একদা বর্ধার দিনে জীর্ণ শরীর ও শৃন্ত হৃদয় লইয়া শশিভূষণ কারাপ্রাচীরের বাহিরে আসিয়া দাঁড়াইলেন। স্বাধীনতা পাইলেন, কিন্তু তাহা ছাড়া কারার বাহিরে তাঁহার আর-কেহ অথবা আর-কিছু ছিল না। গৃহহীন আত্মীয়হীন সমাজহীন কেবল তাঁহার একলাটির পক্ষে এত বড়ো জগং সংসার অত্যন্ত ঢিলা বলিয়া ঠেকিতে লাগিল।

জীবনযাত্রার বিচ্ছিন্ন স্ত্র আবার কোথা হইতে আরম্ভ করিবেন, এই কথা ভাবিতেছেন এমন সময়ে এক বৃহৎ জুড়ি তাঁহার সম্মুখে আসিয়া দাঁড়াইল। একজন ভূত্য নামিয়া আসিয়া জিজ্ঞাসা করিল, "আপনার নাম শশিভূষণবাবু ণু"

তিনি কহিলেন, "হা।"

সে তংক্ষণাং গাড়ির দরজা খুলিয়া তাঁহার প্রবেশের প্রতীক্ষায় দাড়াইল। তিনি আশ্চর্য হইয়া জিজ্ঞাসা করিলেন, "আমাকে কোথায় যাইতে হইবে।" সে কহিল, "আমার প্রভূ আপনাকে ডাকিয়াছেন।"

পথিকদের কৌতৃহলদৃষ্টপাত অসহ বোধ হওয়াতে তিনি সেখানে আর অধিক বাদাহবাদ না করিয়া গাড়িতে উঠিয়া পড়িলেন। ভাবিলেন, নিশ্চয় ইহার মধ্যে একটা কিছু ভ্রম আছে। কিন্তু একটা কোনো দিকে তো চলিতে হইবে— নাহয় এমনি করিয়া ভ্রম দিয়াই এই নৃতন জীবনের ভূমিকা আরম্ভ হউক।

সেদিনও মেয় এবং রৌদ্র আকাশময় পরস্পরকে শিকার করিয়া ফিরিতেছিল; পথের প্রান্তবর্তী বর্ধার জলপ্লাবিত গাঢ়ভাম শহুক্ষেত্র চঞ্চল ছায়ালোকে বিচিত্র হইয়া উঠিতেছিল। হাটের কাছে একটা বৃহৎ রথ পড়িয়া ছিল এবং তাহার অদূরবর্তী মৃদির দোকানে একদল বৈষ্ণব ভিক্ষক গুপিযন্ত্র ও খোলকরতাল যোগে গান গাহিতেছিল—

এদো এদো ফিরে এদো— নাথ হে, ফিরে এদো!
আমার ক্ষধিত তৃষিত তাপিত চিত, বঁধু হে, ফিরে এদো!

গাড়ি অগ্রসর হইয়া চলিল, গানের পদ ক্রমে দূর হইতে দূরতর হইয়া কানে প্রবেশ করিতে লাগিল—

> ওগো নিষ্ঠ্র, ফিরে এদো হে! আমার করুণ কোমল, এসো! ওগো সজলজলদন্ধিশ্বকান্ত স্থলর, ফিরে এসো!

গানের কথা ক্রমে ক্ষীণতর অক্টতের হইয়া আসিল, আর ব্ঝা গেল না। কিন্তু গানের ছন্দে শশিভ্যণের হৃদয়ে একটা আন্দোলন তুলিয়া দিল, তিনি আপন মনে গুন্গুন্ করিয়া পদের পর পদ রচনা করিয়া ধোজনা করিয়া চলিলেন, কিছুতে ষেন থামিতে পারিলেন না—

আমার নিতি-হথ, ফিরে এসো! আমার চিরত্থ, ফিরে এসো!
আমার সব-হথ-ত্থ-মন্থন-ধন, অন্তরে ফিরে এসো!
আমার চিরবাঞ্চিত, এসো! আমার চিতসঞ্চিত, এসো!
ওহে চঞ্চল, হে চিরস্তন, ভূজবদ্ধনে ফিরে এসো!
আমার বক্ষে ফিরিয়া এসো, আমার চক্ষে ফিরিয়া এসো,
আমার শয়নে স্থানে বসনে ভূষণে নিখিল ভূবনে এসো!
আমার ম্থের হাসিতে এসো হে,
আমার চোথের সলিলে এসো!
আমার আদরে, আমার ছলনে,
আমার অভিমানে ফিরে এসো!

আমার সর্বস্মরণে এসো, আমার সর্বভরমে এসো— আমার ধরম করম সোহাগ শরম জনম মরণে এসো!

গাড়ি যখন একটি প্রাচীরবেষ্টিত উত্থানের মধ্যে প্রবেশ করিয়া একটি **বিতল** অট্টালিকার সন্মুখে থামিল তখন শশিভূষণের গান থামিল।

তিনি কোনো প্রশ্ন না করিয়া ভূত্যের নির্দেশক্রমে বাড়ির মধ্যে প্রবেশ করিলেন।

যে ঘরে আসিয়া বসিলেন সে ঘরের চারি দিকেই বড়ো বড়ো কাচের আলমারিতে বিচিত্র বর্ণের বিচিত্র মলাটের সারি সারি বই সাজানো। সেই দৃষ্ঠ দেখিবামাত্র তাঁহার পুরাতন জীবন দ্বিতীয়বার কারামুক্ত হইয়া বাহির হইল। এই সোনার জলে অন্ধিত নানা বর্ণে রঞ্জিত বইগুলি আনন্দলোকের মধ্যে প্রবেশ করিবার স্থপরিচিত রম্বর্খচিত সিংহপারের মতো তাঁহার নিকটে প্রতিভাত হইল।

টেবিলের উপরেও কী কতকগুলি ছিল। শশিভ্ষণ তাঁহার ক্ষীণদৃষ্টি লইয়া ঝুঁ কিয়া পড়িয়া দেখিলেন, একখানি বিদীর্ণ শ্লেট, তাহার উপরে গুটিকয়েক পুরাতন খাতা, এক-খানি ছিল্লপ্রায় ধারাপাত, কথামালা এবং একথানি কাশীরামদাসের মহাভারত।

শ্লেটের কাঠের ফ্রেমের উপর শশিভূষণের হস্তাক্ষরে কালি দিয়া খুব মোটা করিয়া লেখা— গিরিবালা দেবী। থাতা ও বইগুলির উপরেও ওই এক হস্তাক্ষরে এক নাম লিখিত।

শশিভ্ষণ কোথায় আসিয়াছেন, বৃঝিতে পারিলেন। তাঁহার বন্দের মধ্যে রক্তশ্রোত তরঙ্গিত হইয়া উঠিল। মৃক্ত বাতায়ন দিয়া বাহিরে চাহিলেন— সেধানে কী চক্ষে পড়িল। সেই ক্ষুদ্র গরাদে-দেওয়া ঘর, সেই অসমতল গ্রাম্যপথ, সেই ভুরে-কাপড়-পরা ছোটো মেয়েটি। এবং সেই আপনার শান্তিময় নিশ্চিন্ত নিভৃত জীবনযাত্রা।

সেদিনকার সেই স্থেষর জীবন কিছুই অসামান্ত বা অত্যধিক নহে; দিনের পর দিন ক্ষুত্র কাজে ক্ষুত্র স্থেষ অজ্ঞাতসারে কাটিয়া যাইত, এবং তাঁহার নিজের অধ্যয়নকার্যের মধ্যে একটি বালিকা ছাত্রীর অধ্যাপনকার্য তুচ্ছ ঘটনার মধ্যেই গণ্য ছিল; কিন্ধু গ্রামপ্রান্তের সেই নির্জন দিনযাপন, সেই ক্ষুত্র শান্তি, সেই ক্ষুত্র স্থা, সেই ক্ষুত্র বালিকার ক্ষুত্র মুখ্যানি সমস্তই ঘেন স্বর্গের মতো দেশকালের বহিভূতি এবং আয়ন্তের অতীতরূপে কেবল আকাজ্জারাজ্যের কল্পনাছায়ার মধ্যে বিরাজ করিতে লাগিল। সেদিনকার সেইস্মস্ত ছবি এবং স্থাতি আজিকার এই বর্ধায়ান প্রভাতের আলোকের সহিত এবং মনের মধ্যে মৃত্তুঞ্জিত সেই কীর্তনের গানের সহিত জড়িত মিশ্রিত হইয়া একপ্রকার সংগীতময় জ্যোতির্ময় অপূর্বরূপ ধারণ করিল। সেই জন্পলে বেষ্টিত কর্দমাক্ত সংকীর্ণ গ্রামপথের মধ্যে সেই অনাদৃত ব্যথিত বালিকার অভিমানমলিন মুখের শেষ শ্বতিটি যেন বিধাতাবিরচিত

এক অসাধারণ আশ্চর্য অপরপ অতি-গভীর অতি-বেদনাপরিপূর্ণ স্বর্গীয় চিত্তের মতো তাঁহার মানদপটে প্রতিফলিত হইন্না উঠিল। তাহারই সঙ্গে কীর্তনের করণ হার বাজিতে লাগিল এবং মনে হইল যেন সেই পল্লীবালিকার মুখে সমস্ত বিশহদয়ের এক অনির্বচনীয় হঃখ আপনার ছান্না নিক্ষেপ করিন্নাছে। শশিভ্ষণ হুই বাছর মধ্যে মুখ লুকাইন্না সেই টেবিলের উপর দেই শ্লেট বহি খাতার উপর মুখ রাথিয়া অনেক কাল পরে অনেক দিনের স্বপ্ন দেখিতে লাগিলেন।

অনেকক্ষণ পরে মৃত্ব শব্দে সচকিত হইয়া মৃথ তুলিয়া দেখিলেন। তাঁহার সমৃথে কপার থালায় ফলম্লমিষ্টান্ন রাখিয়া গিরিবালা অদ্রে দাঁড়াইয়া নীরবে অপেক্ষা করিতেছিল। তিনি মন্তক তুলিতেই নিরাভরণা শুল্লবসনা বিধবাবেশধারিণী গিরিবালা তাঁহাকে নতজ্ঞামু হইয়া ভূমিষ্ঠ প্রণাম করিল।

বিধবা উঠিয়া দাঁড়াইয়া যখন শীর্ণম্থ মানবর্ণ ভগ্নশরীর শশিভ্যণের দিকে সকরুণ স্থিনেত্রে চাহিয়া দেখিল, তখন তাহার ত্ই চক্ষ্ ঝরিয়া ত্ই কপোল বাহিয়া অশ্র পড়িতে লাগিল।

শশিভ্যণ তাহাকে কুশনপ্রশ্ন জিজ্ঞানা করিতে চেষ্টা করিলেন কিন্তু ভাষা খুঁজিয়া পাইলেন না; নিরুদ্ধ অশ্রুবান্দা তাঁহার বাক্যপথ সবলে অবরোধ করিল, কথা এবং অশ্রু উভয়েই নিরুপায়ভাবে হৃদয়ের মুথে কণ্ঠের দারে বদ্ধ হইয়া রহিল। সেই কীর্তনের দল ভিক্ষা সংগ্রহ করিতে করিতে অট্রালিকার সম্মুথে আসিয়া দাঁড়াইল এবং পুন: পুন: আবৃত্তি করিয়া গাহিতে লাগিল— এসো এসো হে!

আখিন-কাতিক ১৩০১

# প্রায়শ্চিত্ত

#### व्यथम পরিচেছ

শ্বর্গ ও মর্তের মাঝখানে একটা অনির্দেশ্য অরাজক শ্বান আছে বেখানে ত্রিশঙ্ক্ রাজা ভালিয়া বেড়াইতেছেন, বেখানে আকাশকুস্থমের অজ্ঞ আবাদ হইয়া থাকে। সেই বায়ুত্র্গবেষ্টিত মহাদেশের নাম 'হইলে-হইডে-পারিত'। যাহারা মহৎ কার্য করিয়া অমরতা লাভ করিয়াছেন তাঁহারা ধন্য হইয়াছেন, যাহারা সামান্য ক্ষমতা লইয়া লাধারণ মানবের মধ্যে সাধারণভাবে সংসারের প্রাত্যহিক কর্তব্যসাধনে সহায়তা করিতেছেন তাঁহারাও ধন্ত; কিন্তু বাহারা অদৃষ্টের অমক্রমে হঠাৎ হয়ের মাঝখানে

পড়িয়াছেন তাঁহাদের আর কোনো উপায় নাই। তাঁহারা একটা কিছু হইলে হইতে পারিতেন কিন্তু সেই কারণেই তাঁহাদের পক্ষে কিছু-একটা হওয়া সর্বাপেক্ষা অসম্ভব।

আমাদের অনাথবন্ধ সেই মধ্যদেশবিলম্বিত বিধিবিজ্মিত যুবক। সকলেরই বিশাস, তিনি ইচ্ছা করিলে সকল বিষয়েই কৃতকার্য হইতে পারিতেন। কিন্তু কোনো কালে তিনি ইচ্ছাও করিলেন না এবং কোনো বিষয়ে তিনি কৃতকার্যও হইলেন না, এবং সকলের বিশ্বাস তাঁহার প্রতি অটল রহিয়া গেল। সকলে বলিল, তিনি পরীক্ষায় ফার্স্ট্ হইবেন; তিনি আর পরীক্ষা দিলেন না। সকলের বিশ্বাস চাকরিতে প্রবিষ্ট হইলে যে কোনো ডিপার্ট্মেন্টের উদ্ভতম স্থান তিনি অনায়াসে গ্রহণ করিতে পারিবেন; তিনি কোনো চাকরিই গ্রহণ করিলেন না। সাধারণ লোকের প্রতি তাঁহার বিশেষ অবজ্ঞা, কারণ তাহারা অত্যন্ত সামান্ত; অসাধারণ লোকের প্রতি তাঁহার কিছুমাত্র প্রদ্ধা ছিল না, কারণ মনে করিলেই তিনি তাহাদের অপেক্ষা অসাধারণতর হইতে পারিতেন।

অনাথবন্ধর সমস্ত খ্যাতিপ্রতিপত্তি স্থসম্পদসৌভাগ্য দেশকালাতীত অনসম্ভবতার ভাগুরে নিহিত ছিল, বিধাতা কেবল বাস্তবরাজ্যে তাঁহাকে একটি ধনী শশুর এবং একটি স্থশীলা স্ত্রী দান করিয়াছিলেন। স্ত্রীর নাম বিদ্ধাবাসিনী।

স্ত্রীর নামটি অনাথবন্ধ পছল করেন নাই এবং স্ত্রীটিকেও রূপে গুণে তিনি আপন থোগ্য জ্ঞান করিতেন না, কিন্তু বিদ্যাবাসিনীর মনে স্বামীসোভাগ্য গর্বের সীমা ছিল না। সকল স্ত্রীর সকল স্বামীর অপেক্ষা তাঁহার স্বামী যে সকল বিষয়ে শ্রেষ্ঠ, এ সম্বন্ধে তাঁহার কানো সন্দেহ ছিল না এবং তাঁহার স্বামীরও কোনো সন্দেহ ছিল না, এবং সাধারণের ধারণাও এই বিশ্বাসের অনুকূল ছিল।

এই স্বামীগর্ব পাছে কিছুমাত্র ক্ষা হয়, এজন্য বিদ্ধাবাদিনী দর্বদাই দশন্ধিত ছিলেন।
তিনি যদি আপন হৃদয়ের অভ্রভেদী অটল ভক্তিপর্বতের উচ্চতম শিখরের উপরে এই
স্বামীটিকে অধিরোহণ করাইয়া তাঁহাকে মৃঢ় মর্তলোকের দমস্ত কটাক্ষপাত হইতে দ্রে
রক্ষা করিতে পারিতেন, তবে নিশ্চিস্তচিত্তে পতিপূজায় জীবন উৎদর্গ করিতেন। কিছ
জড়জ্গতে কেবলমাত্র ভক্তির ঘারা ভক্তিভাজনকে উর্দ্দে তুলিয়া রাখা ষায় না এবং
অনাথবদ্ধকেও পুরুষের আদর্শ বলিয়া মানে না এমন প্রাণী সংসারে বিরল নহে। এই
জন্ম বিদ্ধাবাদিনীকে অনেক তৃঃখ পাইতে হইয়াছে।

অনাথবন্ধ যখন কালেজে পড়িতেন তখন খণ্ডরালয়েই বাস করিতেন। পরীক্ষার সময় আসিল, পরীক্ষা দিলেন না, এবং ভাহার পরবংসর কালেজ ছাড়িয়া দিলেন।

এই ঘটনায় সর্বসাধারণের সমক্ষে বিদ্ধ্যবাসিনী অত্যন্ত কৃষ্টিত হইয়া পড়িলেন। রাত্রে মৃত্স্বরে অনাথবনুকে বলিলেন, "পরীক্ষাটা দিলেই ভালো হত।" অনাথবন্ধ অবজ্ঞাভরে হাসিয়া কহিলেন, "পরীক্ষা দিলেই কি চতুর্জ হয় না কি। আমাদের কেদারও তো পরীক্ষায় পাস হইয়াছে।"

বিষ্যাবাসিনী সান্ধনা লাভ করিলেন। দেশের অনেক গো-গর্দভ ষে-পরীক্ষায় পাস করিতেছে সে-পরীক্ষা দিয়া অনাথবন্ধুর গৌরব কী আর বাড়িবে!

প্রতিবেশিনী কমলা তাহার বাল্যসন্ধী বিন্দিকে আনন্দ-সহকারে থবর দিতে আসিল যে, তাহার ভাই রমেশ এবার পরীক্ষায় উত্তীর্ণ হইয়া জলপানি পাইতেছে। শুনিরা বিদ্যাবাদিনী অকারণে মনে করিল, কমলার এই আনন্দ বিশুদ্ধ আনন্দ নহে, ইহার মধ্যে তাহার স্বামীর প্রতি কিঞ্চিং গৃঢ় শ্লেষ আছে। এইজ্বা সন্ধীর উল্লাসে উল্লাস প্রকাশ না করিয়া বরং গায়ে পড়িয়া কিঞ্চিং ঝগড়ার হুরে শুনাইয়া দিল যে, এল্. এ. পরীক্ষা একটা পরীক্ষার মধ্যেই গণ্য নহে: এমন-কি, বিলাতের কোনো কালেজে বি. এ.র নীচে পরীক্ষাই নাই। বলা বাহুল্য, এসমস্ত সংবাদ এবং যুক্তি বিদ্ধ্য স্বামীর নিকট হইতে সংগ্রহ করিয়াছে।

কমলা স্থপংবাদ দিতে আসিয়া সহসা পরমপ্রিয়তমা প্রাণস্থীর নিকট হইতে এরপ আঘাত পাইয়া প্রথমটা কিছু বিশ্বিত হইল। কিন্তু, সেও না কি স্বীন্ধাতীয় মন্থয়, এই জন্ম মুহুর্তকালের মধ্যেই বিদ্ধাবাসিনীর মনের ভাব বুঝিতে পারিল এবং লাভার অপমানে তৎক্ষণাৎ তাহারও রসনাত্রে একবিন্দু তীব্র বিষ সঞ্চারিত হইল; সে বলিল, "আমরা তো, ভাই, বিলাতও ঘাই নাই, সাহেব স্বামীকেও বিবাহ করি নাই, অত থবর কোথায় পাইব। মূর্থ মেয়েমাহ্ম, মোটাম্টি এই বুঝি যে, বাঙালির ছেলেকে কালেজে এল. এ. দিতে হয়; তাও তো, ভাই, সকলে পারে না।" অত্যন্ত নিরীহ স্থমিষ্ট এবং বন্ধুভাবে এই ক্যাগুলি বলিয়া কমলা চলিয়া আসিল, কলহবিম্থ বিদ্ধা নিক্ষন্তরে সন্থ করিল এবং ঘরে প্রবেশ করিয়া নীরবে কাঁদিতে লাগিল।

অল্পকালের মধ্যে আর-একটি ঘটনা ঘটিল। একটি দ্রস্থ ধনী কুট্রু কিয়ৎকালের জন্ত কলিকাতায় আদিয়া বিদ্যাবাদিনীর পিত্রালয়ে আশ্রয় গ্রহণ করিল। তত্পলক্ষে তাহার পিতা রাজকুমার বাব্র বাড়িতে বিশেষ একটা সমারোহ পড়িয়া গেল। আমাই-বাবু বাহিরের যে বড়ো বৈঠকখানাটি অধিকার করিয়া থাকিতেন নব-অভ্যাগতদের বিশেষ সমাদরের জন্ত সেই ঘরটি ছাড়িয়া দিয়া তাঁহাকে মামাবাব্র ঘরে কিছুদিনের জন্ত আশ্রয় লইতে অন্থরোধ করা হইল।

এই ঘটনায় জ্বনাথবন্ধর জ্বভিমান উচ্ছুসিত হইয়া উঠিল। প্রথমত, স্ত্রীর নিকটে গিয়া তাহার পিতৃনিন্দা করিয়া তাহাকে কাঁদাইয়া দিয়া খন্তরের উপর প্রতিশোধ তুলিলেন। তাহার পরে জ্বনাহার প্রভৃতি জ্যায় প্রবল উপায়ে জ্বভিমান প্রকাশের

উপক্রম করিলেন। তাহা দেখিয়া বিদ্ধাবাসিনী নিরতিশয় লচ্ছিত হইল। তাহার মনে যে একটি সহজ আত্মসম্রমবোধ ছিল তাহা হইতেই সে বুঝিল, এরপস্থলে সর্বসমক্ষে অভিমান প্রকাশ করার মতো লচ্জাকর আত্মাবমাননা আর কিছুই নাই। হাতে পায়ে ধরিয়া কাদিয়া কাটিয়া বহু কটে সে তাহার স্বামীকে ক্ষান্ত করিয়া রাখিল।

বিদ্ধ্য অবিবেচক ছিল না, এইজন্ম সে তাহার পিতামাতার প্রতি কোনো দোষা-রোপ করিল না; সে বৃঝিল, ঘটনাটি সামান্ত ও স্বাভাবিক। কিন্তু, এ কথাও তাহার মনে হইল ষে, তাহার স্বামী সম্ভরালয়ে বাস করিয়া ক্টুম্বের আদর হইতে বঞ্চিত হইতেছেন।

সেই দিন হইতে প্রতিদিন সে তাহার স্বামীকে বলিতে লাগিল, আমাকে তোমাদের ঘরে লইয়া চলো; আমি আর এখানে থাকিব না।"

অনাথবন্ধুর মনে অহংকার যথেষ্ট ছিল কিন্তু আত্মসন্ত্রমবোধ ছিল না। তাঁহার নিজ গৃহের দারিদ্রোর মধ্যে প্রত্যাবর্তন করিতে কিছুতেই তাঁহার অভিক্রচি হইল না। তথন তাঁহার স্ত্রী কিছু দৃঢ়তা প্রকাশ করিয়া কহিল, "তুমি যদি না যাও তো আমি একলাই যাইব।"

অনাথবন্ধ মনে মনে বিরক্ত হইয়া তাঁহার স্ত্রীকে কলিকাতার বাহিরে দ্র ক্ষ্প্র পলীতে তাঁহাদের মৃত্তিকানিমিত খোড়ো ঘরে লইয়া ঘাইবার উদ্যোগ করিলেন। যাত্রাকালে রাজকুমার বাবু এবং তাঁহার স্ত্রী কলাকে আরো কিছুকাল পিতৃগৃহে থাকিয়া ঘাইবার জন্ম অনেক অহুরোধ করিলেন; কলা নীরবে নতশিরে গভীরমুধে বিদিয়া মৌনভাবে জানাইয়া দিল, না, সে হইতে পারিবে না।

তাহার দহদা এরপ দৃঢ় প্রতিজ্ঞা দেখিয়া পিতামাতার দন্দেহ হইল যে, অজ্ঞাতসারে বাধ করি কোনোরপে তাহাকে আঘাত দেওয়া হইয়াছে। রাজকুমার বাব্ ব্যথিতচিত্তে তাহাকে জিজ্ঞাদা করিলেন, "মা, আমাদের কোনো অজ্ঞানস্কৃত আচরণে তোমার মনে কি ব্যথা লাগিয়াছে।"

বিদ্ধাবাসিনী তাহার পিতার মৃথের দিকে করণ দৃষ্টিকেপ করিয়া কহিল, "এক মৃহুর্তের জন্মও নহে। তোমাদের এখানে বড়ো হ্রথে বড়ো আদরে আমার দিন গিয়াছে।" বলিয়া সে কাদিতে লাগিল। কিন্তু তাহার সংকল্প অটল রহিল।

বাপ মা দীর্ঘনিশ্বাস ফেলিয়া মনে মনে কহিলেন, ষত স্নেহে যত আদরেই মান্ত্র্য করে, বিবাহ দিলেই মেয়ে পর হইয়া যায়।

অবশেষে অশ্রনেত্রে সকলের নিকট বিদায় লইয়া আপন আজনকালের স্বেহমগুত পিতৃগৃহ এবং পরিজন ও সঙ্গিনীগণকে ছাড়িয়া বিদ্ধাবাসিনী পালকিতে আরোহণ করিল।

#### দ্বিভীম্ন পরিদেহদ

কলিকাতার ধনীগৃহে এবং পলীগ্রামের গৃহস্বরে বিশুর প্রভেদ। কিন্তু, বিদ্ধাবাসিনী একদিনের জন্মও ভাবে অথবা আচরণে অসস্ভোষ প্রকাশ করিল না। প্রফুলচিত্তে গৃহকার্যে শাশুড়ির সহায়তা করিতে লাগিল। তাহাদের দরিদ্র অবস্থা জানিয়া পিতা নিজ বায়ে কলার সহিত একটি দাসী পাঠাইয়াছিলেন। বিদ্ধাবাসিনী স্বামীগৃহে পৌছিয়াই তাহাকে বিদায় করিয়া দিল। তাহার স্বশুর্মরের দারিদ্রা দেখিয়া বড়োনাম্বরের ঘরের দাসী প্রতি মৃহুর্তে মনে মনে নাসাগ্র আকৃঞ্চিত করিতে থাকিবে, এ আশকাও তাহার অসহু বোধ হইল।

শাশুড়ি স্মেহবশত বিদ্ধ্যকে প্রমসাধ্য কার্য হইতে বিরত করিতে চেষ্টা করিতেন কিন্তু বিদ্ধ্য নিরলদ অপ্রান্তভাবে প্রদর্মথে দকল কার্যে যোগ দিয়া শাশুড়ির হৃদয় অধিকার করিয়া লইল, এবং পল্লীরমণীগণ তাহার গুণে মৃগ্ধ হইয়া গেল।

কিন্তু, ইহার ফল সম্পূর্ণ সম্ভোষজনক হইল না। কারণ, বিশ্বনিশ্বম 'নীতিবোধ প্রথমভাগে'র স্থায় সাধুভাষায় রচিত সরল উপদেশাবলী নহে। নিচুর বিদ্রুপপ্রিশ্ব শয়তান
মাঝখানে আসিয়া সমস্ত নীতিস্ত্রগুলিকে ঘাটিয়া জট পাকাইয়া দিয়াছে। তাই ভালো
কাজে সকল সময়ে উপস্থিতমতো বিশুদ্ধ ভালো ফল ঘটে না, হঠাৎ একটা গোল
বাধিয়া ওঠে।

অনাথবন্ধুর হুইটি ছোটো এবং একটি বড়ো ভাই ছিল। বড়ো ভাই বিদেশে চাকরি করিয়া যে গুটিপঞ্চাশেক টাকা উপার্জন করিতেন, তাহাতেই তাহাদের সংসার চলিত এবং ছোটো ছটি ভাইয়ের বিগ্যাশিকা হুইত।

বলা বাহুল্য, আজকালকার দিনে মাসিক পঞ্চাশ টাকায় সংসারের শ্রীর্দ্ধিসাধন অসম্ভব কিন্ধ বড়ো ভাইয়ের স্থী শ্রামাশহরীর গরিমাবৃদ্ধির পক্ষে উহাই যথেষ্ট ছিল। স্বামী সহংসরকাল কাজ করিতেন, এইজ্বল্ল স্থী সহংসরকাল বিশ্রামের অধিকার প্রাপ্ত হইয়াছিলেন। কাজকর্ম কিছুই করিতেন না অথচ এমন ভাবে চলিতেন যেন তিনি কেবলমাত্র তাঁহার উপার্জনক্ষম স্বামীটির স্থী হইয়াই সমস্ত সংসারটাকে পরম বাধিত করিয়াছেন।

বিদ্যাবাসিনী যথন শশুরবাড়ি আসিয়া গৃহলন্দ্রীর স্থায় অহানিশি ঘরের কাজে প্রবৃত্ত হইল তথন শ্রামাশকরীর সংকীর্ণ অস্তঃকরণটুকু কে যেন কমিয়া আঁটিয়া ধরিতে লাগিল। তাহার কারণ বোঝা শক্ত। বোধ করি বড়োবউ মনে করিলেন, মেজোবউ বড়ো ঘরের মেয়ে হইয়া কেবল লোক দেখাইবার জন্ম দরকরার নীচ কাজে নিযুক্ত হইয়াছে, উহাতে কেবল তাঁহাকে লোকের চক্ষে অপদন্ধ করা হইতেছে। যে কারণেই হউক, মাসিক পঞ্চাশ টাকার স্ত্রী কিছুতেই ধনীবংশের ক্যাকে সহ্য করিতে পারিলেন না। তিনি তাহার নম্রতার মধ্যে অসহ দেমাকের লক্ষণ দেখিতে পাইলেন।

এদিকে অনাথবদ্ধ পল্লীতে আসিয়া লাইবেরি স্থাপন করিলেন; দশ-বিশজন স্থলের ছাত্র জড়ো করিয়া সভাপতি হইয়া খবরের কাগজে টেলিগ্রাম প্রেরণ করিতে লাগিলেন; এমন-কি, কোনো কোনো ইংরাজি সংবাদপত্রের বিশেষ সংবাদদাতা হইয়া গ্রামের লোকদিগকে চমৎক্বত করিয়া দিলেন। কিন্তু, দরিদ্র সংসারে একপয়সা আনিলেন না, বরঞ্চ বাজে খরচ অনেক হইতে লাগিল।

একটা কোনো চাকরি লইবার জন্ম বিদ্ধাবাদিনী তাঁহাকে সর্বদাই পীড়াপীড়ি করিতে লাগিল। তিনি কান দিলেন না। স্ত্রীকে বলিলেন, তাঁহার উপযুক্ত চাকরি আছে বটে কিছ পক্ষপাতী ইংরাজ গবর্মেণ্ট সে সকল পদে বড়ো বড়ো ইংরাজকে নিযুক্ত করে, বাঙালি হাজার যোগ্য হইলেও তাহার কোনো আশা নাই।

শ্রামাশররী তাঁহার দেবর এবং মেঝো জা'র প্রতি লক্ষ্যে এবং অলক্ষ্যে সর্বদাই বাক্যবিষ প্রয়োগ করিতে লাগিলেন। গর্বভরে নিজেদের দারিদ্রা আম্ফালন করিয়া বলিতে
লাগিলেন, "আমরা গরিব মান্ত্র্য, বড়ো মান্ত্র্যের মেয়ে এবং বড়ো মান্ত্র্যের জামাইকে
পোষণ করিব কেমন করিয়া। সেধানে তো বেশ ছিলেন, কোনো তৃ:ধ ছিল না—
এধানে ডালভাত থাইয়া এত কট কি সহা হইবে।"

শাশুড়ি বড়োবউকে ভয় করিতেন, তিনি তুর্বলের পক্ষ অবলম্বন করিয়া কোনো কথা বলিতে সাহস করিতেন না। মেজোবউও মাসিক পঞ্চাশ টাকা বেজনের ডালভাত এবং তদীয় স্ত্রীর বাক্যঝাল খাইয়া নীরবে পরিপাক করিতে লাগিল।

ইতিমধ্যে বড়ো ভাই ছুটিতে কিছুদিনের জন্ম ঘরে আসিয়া স্ত্রীর নিকট হইতে অনেক উদ্দীপনাপূর্ণ ওজোগুণসম্পন্ন বক্তৃতা প্রবণ করিতে লাগিলেন। অবশেষে নিদ্রার ব্যাঘাত যথন প্রতি রাত্রেই গুরুতর হইয়া উঠিতে লাগিল তথন একদিন অনাথবদ্ধকে ভাকিয়া শাস্তভাবে স্বেহের সহিত কহিলেন, "তোমার একটা চাকরির চেষ্টা দেখা উচিত, কেবল আমি একলা সংসার চালাইব কী করিয়া।"

অনাথবন্ধ পদাহত সর্পের গ্রায় গর্জন করিয়া বলিয়া উঠিলেন, চুই বেলা চুই মৃষ্টি অত্যন্ত অথাত মোটা ভাতের 'পর এত থোটা সহ্ছ হয় না। তৎক্ষণাৎ স্ত্রীকে লইয়া শশুরবাড়ি বাইতে সংকল্প করিলেন।

কিছ, স্ত্রী কিছুতেই সমত হইল না। তাহার মতে ভাইরের অন্ন এবং ভাজের গালিতে কনির্ছের পারিবারিক অধিকার আছে কিছু শশুরের আগ্রায়ে বড়ো লক্ষা। বিদ্যাবাসিনী খণ্ডরবাড়িতে দীনহীনের মতো নত হইয়া থাকিতে পারে, কিন্তু বাপের বাড়িতে সে আপন মর্যাদা রক্ষা করিয়া মাথা তুলিয়া চলিতে চায়।

এমন সময় গ্রামের এন্ট্রেন্স্কলের তৃতীয় শিক্ষকের পদ থালি হইল। অনাথবন্ধর
দাদা এবং বিদ্যাবাসিনী উভয়েই তাঁহাকে এই কাঞ্চটি গ্রহণ করিবার জন্য পীড়াপীড়ি
করিয়া ধরিলেন। তাহাতেও হিতে বিপরীত হইল। নিজের ভাই এবং একমাত্র
ধর্মপত্নী যে তাঁহাকে এমন একটা অত্যস্ত তুচ্ছ কাজের যোগ্য বলিয়া মনে করিতে পারেন,
ইহাতে তাঁহার মনে তৃর্জ্ব অভিমানের সঞ্চার হইল এবং সংসারের ও সমস্ত কাজকর্মের
প্রতি প্র্বাপেক্ষা চতুন্ত্রণ বৈরাগ্য জনিয়া গেল।

তথন আবার দাদা তাঁহার হাতে ধরিয়া, মিনতি করিয়া, তাঁহাকে অনেক করিয়া ঠাণ্ডা করিলেন। সকলেই মনে করিলেন, ইহাকে আর কোনো কথা বলিয়া কাজ নাই, এ এখন কোনো প্রকারে ঘরে টিকিয়া গেলেই ঘরের সৌভাগ্য।

ছুটি অস্তে দাদা কর্মকেত্রে চলিয়া গেলেন; শ্রামাশস্করী রুদ্ধ আক্রোশে মুখখানা গোলাকার করিয়া তুলিয়া একটা বৃহৎ কুদর্শনচক্র নির্মাণ করিয়া রহিলেন। অনাধবরূ বিদ্ধাবাসিনীকে আসিয়া কহিলেন, "আজকাল বিলাতে না গেলে কোনো ভদ্র চাকরি পাওয়া যায় না। আমি বিলাতে যাইতে মনস্থ করিতেছি, তুমি তোমার বাবার কাছ হইতে কোনো ছুতায় কিছু অর্থ সংগ্রহ করো।"

এক তো বিলাত ঘাইবার কথা শুনিয়া বিদ্ধার মাধায় যেন বজ্ঞাঘাত হইল; তাহার পরে পিতার কাছে কী করিয়া অর্থ ভিক্ষা করিতে ঘাইবে, তাহা সে মনে করিতে পারিল না এবং মনে করিতে গিয়া লক্ষায় মরিয়া গেল।

শশুরের কাছে নিজ্ঞম্থে টাকা চাহিতেও অনাথবন্ধুর অহংকারে বাধা দিল অথচ বাপের কাছ হইতে কক্যা কেন যে ছলে অথবা বলে অর্থ আকর্ষণ করিয়া না আনিবে তাহা তিনি বৃঝিতে পারিলেন না। ইহা লইয়া অনাথ অনেক রাগারাগি করিলেন এবং মর্মপীড়িত বিদ্বাবাদিনীকে বিস্তর অশ্রুপাত করিতে হইল।

এমন করিয়া কিছুদিন সাংসারিক অভাবে এবং মনের কটে কাটিয়া গেল; অবশেষে শরংকালে পূজা নিকটবর্তী হইল। কন্তা এবং জামাতাকে সাদরে আহ্বান করিয়া আনিবার জন্ত রাজকুমার বাবু বহু সমারোহে ধানবাহনাদি প্রেরণ করিলেন। এক বংসর পরে কন্তা স্বামীসহ পুনরায় পিতৃভবনে প্রবেশ করিল। ধনী কুটুম্বের যে আদর তাহার অসহ হইয়াছিল, জামাতা এবার তদপেক্ষা অনেক বেশি আদর পাইলেন। বিদ্বাবাসিনীও অনেককাল পরে মাথার অবগুঠন ঘূচাইয়া অহনিশি স্বজনমেহে ও উৎসবতরক্ষে আন্দোলিত হইতে লাগিল।

আব্দ ষষ্ঠী। কাল সপ্তমীপূজা আরম্ভ হইবে। ব্যস্ততা এবং কোলাহলের সীমা নাই। দূর এবং নিকট সম্পর্কীয় আত্মীয়পরিজনে অট্টালিকার প্রত্যেক প্রকোষ্ঠ একেবারে পরিপূর্ণ।

শে রাত্রে বড়ো জ্রান্ত হইয়া বিদ্ধাবাদিনী শয়ন করিল। পূর্বে যে ঘরে শয়ন করিত এ শে ঘর নহে; এবার বিশেষ আদর করিয়া মা জামাতাকে তাঁহার নিজের ঘর ছাড়িয়া দিয়াছেন। অনাথবন্ধ কখন শয়ন করিতে আসিলেন তাহা বিদ্ধা জানিতেও পারিল না। শে তখন গভীর নিপ্রায় মগ্র ছিল।

খ্ব ভোরের বেলা হইতে শানাই বাজিতে লাগিল। কিন্তু, ক্লান্তদেহ বিদ্যাবাসিনীর
নিদ্রাভদ হইল না। কমল এবং ভ্বন হই সধী বিদ্ধার শয়নহারে আড়ি পাতিবার
নিক্ষল চেটা করিয়া অবশেষে পরিহাসপ্বক বাহির হইতে উদ্ধৈঃশ্বরে হাসিয়া উঠিল;
তথন বিদ্ধা তাড়াতাড়ি জাগিয়া উঠিয়া দেখিল, তাহার শ্বামী কখন উঠিয়া গিয়াছেন
সে জানিতে পারে নাই। লজ্জিত হইয়া শয়্যা ছাড়িয়া নামিয়া দেখিল, তাহার মাতার
লোহার সিন্দুক খোলা এবং তাহার মধ্যে তাহার বাপের যে ক্যাশবাক্ষটি থাকিত,
সেটিও নাই।

তথন মনে পড়িল, কাল সন্ধাবেলায় মায়ের চাবির গোচ্ছা হারাইয়া গিয়া বাড়িতে খ্ব একটা গোল্যাগ পড়িয়া গিয়াছিল। সেই চাবি চুরি করিয়া কোনো একটি চোর এই কাজ করিয়াছে, সে বিষয়ে কোনো সন্দেহ নাই। তথন হঠাৎ আশবা হইল, পাছে সেই চোর তাহার স্বামীকে কোনোরপ আঘাত করিয়া থাকে। বৃক্টা ধড়াস্ করিয়া কাঁপিয়া উঠিল। বিছানার নীচে খুঁজিতে গিয়া দেখিল, খাটের পায়ের কাছে তাহার মায়ের চাবির গোল্ছার নীচে একটি চিঠি চাপা রহিয়াছে।

চিঠি তাহার স্বামীর হস্তাক্ষরে লেখা। খুলিয়া পড়িয়া জানিল, তাহার স্বামী তাহার কোনো এক বন্ধুর দাহাব্যে বিলাতে বাইবার জাহাজভাড়া সংগ্রহ করিয়াছে, এক্ষণে দেখানকার থরচপত্র চালাইবার অন্ত কোনো উপায় ভাবিয়া না পাওয়াতে গতরাত্রে স্থানের অর্থ অপহরণ করিয়া বারান্দাসংলগ্ন কাঠের দি ড়ি দিয়া অন্সরের বাগানে নামিয়া প্রাচীর লঙ্গন করিয়া পলায়ন করিয়াছে। অন্তই প্রত্যুবে জাহাজ ছাড়িয়া দিয়াছে। পত্রখানা পাঠ করিয়া বিদ্যুবাসিনীর শরীরের সমস্ত রক্ত হিম হইয়া গেল। সেইখানেই খাটের খুরা ধরিয়া সে বিয়য়া পড়িল। তাহার দেহের অভ্যন্তরে কর্ণকুহরের মধ্যে নিস্তর্ক মৃত্যুরজনীর ঝিলিধ্বনির মতো একটা শব্দ হইতে লাগিল। তাহারই উপরে প্রাক্তব হইতে প্রতিবেশীদের বাড়ি হইতে এবং দূর অট্টালিকা হইতে, বহুতর শালাই বহুতর স্বরে তান ধরিল। সমস্ত বঙ্গদেশ তথন আনন্দে উয়াত হইয়া উঠয়াছে।

শরতের উৎস্বহাস্তরঞ্জিত রৌদ্র সকৌতুকে শয়নগৃহের মধ্যে প্রবেশ করিল। এত বেলা হইল তথাপি উৎসবের দিনে বার রুদ্ধ দেখিয়া ভ্বন ও কমল উচ্চহাস্তে উপহাস করিতে করিতে গুম্ গুম্ শব্দে বারে কিল মারিতে লাগিল। তাহাতেও কোনো সাড়া না পাইয়া কিঞ্চিৎ ভীত হইয়া উর্ধ্বকণ্ঠে "বিন্দী" "বিন্দী" করিয়া ডাকিতে লাগিল।

বিদ্ধাবাসিনী ভগ্নক্ষকঠে কহিল, "যাচ্ছি; ভোরা এখন যা।"

তাহারা সধীর পীড়া আশকা করিয়া মাকে ডাকিয়া আনিল। মা আসিয়া কহিলেন, "বিন্দু, কী হয়েছে মা, এখনো বার বন্ধ কেন।"

বিদ্ধ্য উচ্চ্ছসিত অশ্র সংবরণ করিয়া কহিল, "একবার বাবাকে সঙ্গে করে নিয়ে এসো।"

মা অত্যস্ত ভীত হইয়া তৎক্ষণাৎ রাজকুমার বাবুকে দক্ষে করিয়া হারে আসিলেন। বিদ্যা হার খুলিয়া তাঁহাদিগকে হরে আনিয়া তাড়াতাড়ি বন্ধ করিয়া দিল।

তথন বিদ্ধ্য ভূমিতে পড়িয়া তাহার বাপের পা ধরিয়া বক্ষ শতধা বিদীর্ণ করিয়া কাঁদিয়া উঠিয়া কহিল, "বাবা! আমাকে মাপ করো, আমি তোমার সিন্দুক হইতে টাকা চুরি করিয়াছি।"

তাঁহারা অবাক হইয়া বিছানায় বসিয়া পড়িলেন। বিদ্ধা বলিল, তাহার স্বামীকে বিলাতে পাঠাইবার জন্ম সে এই কাজ করিয়াছে।

তাহার বাপ জিজ্ঞাসা করিলেন, "আমাদের কাছে চাহিস নাই কেন।" বিদ্যাবাসিনী কহিল, "পাছে বিলাভ ষাইতে ভোমরা বাধা দেও।"

রাজ্জুমার বাবু অত্যন্ত রাগ করিলেন। মা কাঁদিতে লাগিলেন, মেয়ে কাঁদিতে লাগিল এবং কলিকাতার চতুর্দিক হইতে বিচিত্র হুরে আনন্দের বাদ্য বাজিতে লাগিল।

বে বিদ্ধা বাপের কাছেও কথনো অর্থ প্রার্থনা করিতে পারে নাই এবং বে স্ত্রী স্বামীর লেশমাত্র অসম্বান পরমান্ত্রীয়ের নিকট হইতেও গোপন করিবার জন্ম প্রাণপণ করিতে পারিত, আন্ধ একেবারে উৎসবের জনতার মধ্যে তাহার পত্নী-অভিমান, তাহার ত্হিত্সন্ত্রম, তাহার আন্মর্যাদা, চুর্গ হইয়া প্রিয় এবং অপ্রিয়, পরিচিত এবং অপরিচিত সকলের পদতলে ধৃলির মতো লৃষ্টিত হইতে লাগিল। পূর্ব হইতে পরামর্শ করিয়া, বড়বন্ত্রপ্রক চাবি চুরি করিয়া, স্ত্রীর সাহাধ্যে রাভারাতি অর্থ অপহরণপূর্বক আথবদ্ধ বিলাতে পলায়ন করিয়াছে, এ কথা লইয়া আত্মীয়কুট্রপরিপূর্ণ বাড়িতে একটা তী পিড়িয়া গেল। স্বারের নিকট দাড়াইয়া ভ্বন কমল এবং আরো অনেক স্বজনপ্রতিবেশী দাসদাসী সমন্ত শুনিয়াছিল। কদ্বার জামাত্রগৃহে উৎকৃষ্টিত কর্তাগৃহিণীকে প্রবেশ করিতে দেখিয়া সকলেই ক্রৌত্বলে এবং আশ্বায় ব্যুগ্র হইয়া আসিয়াছিল।

বিদ্যাবাসিনী কাহাকেও মৃথ দেখাইল না। দ্বার ক্লফ করিয়া অনাহারে বিছানায় পড়িয়া রহিল। তাহার সেই শোকে কেহ ত্বংখ অন্তত্ত্ব করিল না। ষড়যন্ত্রকারিণীর ত্রইবৃদ্ধিতে সকলেই বিশ্বিত হইল। সকলেই ভাবিল, বিদ্ধার চরিত্র এতদিন অবসরাভাবে অপ্রকাশিত ছিল। নিরানন্দ গৃহে পূজার উৎসব কোনো প্রকারে সম্পন্ন হইয়া গেল।

## তৃতীয় পরিচ্ছেদ

অপমান এবং অবদাদে অবনত হইয়া বিদ্ধা শশুরবাড়ি ফিরিয়া আদিল। সেখানে পুত্রবিচ্ছেদকাতরা বিধবা শাশুড়ির সহিত পতিবিরহবিধুরা বধ্র ঘনিষ্ঠতর যোগ স্থাপিত হইল। উভয়ে পরস্পর নিকটবর্তী হইয়া নীরব শোকের ছায়াতলে স্থগভীর সহিষ্কৃতার সহিত সংসারের সমস্ত তুল্ভতম কার্যগুলি পর্যন্ত স্বহন্তে সম্পন্ন করিয়া ঘাইতে লাগিল। শাশুড়ি যে পরিমাণে কাছে আদিল পিতামাতা সেই পরিমাণে দ্রে চলিয়া গেল। বিদ্ধা মনে মনে অন্থভব করিল, "শাশুড়ি দরিদ্র আমিও দরিদ্র, আমরা এক তঃখবদ্ধনে বন্ধ। পিতামাতা ঐশ্বর্যশালী, তাঁহারা আমাদের অবস্থা হইতে অনেক দ্রে।" একে দরিদ্র বিদ্ধা তাঁহাদের অপেক্ষা অনেক দ্রবর্তী, তাহাতে আবার চুরি শীকার করিয়া সে আরো অনেক নীচে পড়িয়া গিয়াছে। স্বেহসম্পর্কের বন্ধন এত অধিক পার্থক্যভার বহন করিতে পারে কিনা কে জানে।

অনাথবন্ধ বিলাত গিয়া প্রথম প্রথম স্ত্রীকে রীতিমতো চিঠিপত্র লিখিতেন। কিন্তু, ক্রমেই চিঠি বিরল হইয়া আসিল এবং পত্রের মধ্যে একটা অবহেলার ভাব অলক্ষিত-ভাবে প্রকাশ হইতে লাগিল। তাঁহার অশিক্ষিতা গৃহকার্যরতা স্ত্রীর অপেক্ষা বিদ্যাবৃদ্ধি রূপগুণ সর্ব বিষয়েই প্রেষ্ঠতর অনেক ইংরাজকন্তা অনাথবন্ধকে স্বযোগ্য স্ববৃদ্ধি এবং স্বরূপ বলিয়া সমাদর করিত; এমন অবস্থায় অনাথবন্ধ আপনার একবন্ধপরিহিতা অবগুঠনবতী অগৌরবর্ণা স্ত্রীকে কোনো অংশেই আপনার সমযোগ্য জ্ঞান করিবেন না, ইহা বিচিত্র নহে।

কিন্ত, তথাপি যখন অর্থের অনটন হইল তখন এই নিরুপায় বাঙালির মেয়েকেই টেলিগ্রাফ করিতে তাঁহার সংকোচ বোধ হইল না। এবং এই বাঙালির মেয়েই তুই হাতে কেবল তুইগাছি কাঁচের চুড়ি রাখিয়া গায়ের সমস্ত গহনা বেচিয়া টাকা পাঠাইতে লাগিল। পাড়াগাঁয়ে নিরাপদে রক্ষা করিবার উপযুক্ত ছান নাই বলিয়া তাহার সমস্ত বহুমূল্য গহনাগুলি পিতৃগৃহে ছিল। স্বামীর কুটুস্বভবনে নিমন্ত্রণে ষাইবার ছল করিয়া নানা উপলক্ষে বিদ্যবাসিনী একে একে সকল গহনাই আনাইয়া লইল। অবশেষে

হাতের বালা, রূপার চুড়ি, বেনারসি শাড়ি এবং শাল পর্যন্ত বিক্রন্থ শেষ করিরা বিশুর বিনীত অহনয়পূর্বক মাথার দিব্য দিয়া অঞ্চজনে পত্রের প্রত্যেক অক্ষর পংক্তি বিকৃত করিয়া বিদ্ধা আগিতে অহুরোধ করিল।

শামী চূল থাটো করিয়া, দাড়ি কামাইয়া কোট্প্যান্ট্লুন্ পরিয়া, ব্যারিস্টার হইয়া ফিরিয়া আসিলেন এবং হোটেলে আপ্রয় লইলেন। পিতৃগৃহে বাস করা অসম্ভব—প্রথমত উপযুক্ত হান নাই, দিতীয়ত পল্লীবাসী দরিদ্র গৃহস্থ শাতি নষ্ট হইলে একেবারে নিক্রপায় হইয়া পড়ে। শশুরগণ আচারনিষ্ঠ পরম হিন্দু, তাঁহারাও জাতিচ্যুতকে আপ্রয় দিতে পারেন না।

অর্থাভাবে অতি শীঘ্রই হোটেল হইতে বাসায় নামিতে হইল। সে বাসায় তিনি স্থীকে আনিতে প্রস্তুত নহেন। বিলাত হইতে আসিয়া স্থী এবং মাতার সহিত কেবল দিন হই-তিন দিনের বেলায় দেখা করিয়া আসিয়াছেন, তাঁহাদের সহিত আর সাক্ষাং হয় নাই।

ছইটি শোকার্তা রমণীর কেবল এক সাম্বনা ছিল যে, অনাথবদ্ধু স্বদেশে আত্মীয়বর্গের নিকটবর্তী স্থানে আছেন। সেই সঙ্গে সঙ্গে অনাথবদ্ধুর অসামান্ত ব্যারিস্টারি কীর্তিতে তাহাদের মনে গর্বের সীমা রহিল না। বিদ্ধাবাসিনী আপনাকে যশসী স্থামীর অযোগ্য স্থাী বলিয়া ধিকার দিতে লাগিল, পুনশ্চ অযোগ্য বলিয়াই স্থামীর অহংকার অধিক করিয়া অহুভব করিল। সে ছঃথে পীড়িত এবং গর্বে বিক্ষারিত হইল। ফ্রেচ্ছ আচার সে ম্বণা করে, তবু স্থামীকে দেখিয়া মনে মনে কহিল, "আজকাল ঢের লোক তো সাহেব হয়, কিছু এমন তো কাহাকেও মানায় না— একেবারে ঠিক খেন বিলাতি সাহেব! বাঙালি বলিয়া চিনিবার যো নাই!"

বাসাধরচ বধন অচল হইয়া আসিল; বধন অনাথবদ্ধু মনের ক্ষোভে স্থির করিলেন, অভিশপ্ত ভারতবর্ষে গুণের সমাদর নাই এবং তাঁহার স্বব্যবসায়ীগণ ঈর্বাবশত তাঁহার উন্নতিপথে গোপনে বাধা স্থাপন করিতেছে; বধন তাঁহার ধানার ডিলে আমিষ অপেক্ষা উদ্ভিক্তের পরিমাণ বাড়িয়া উঠিতে লাগিল, দগ্ধকৃক্টের সম্মানকর স্থান ভর্জিত চিংড়ি একচেটে করিবার উপক্রম করিল, বেশভ্যার চিক্তণতা এবং ক্ষোরমস্থণ ম্থের গর্বোজ্জল জ্যোতি মান হইয়া আসিল; যখন স্থতীত্র নিথাদে-বাঁধা জীবনতন্ত্রী ক্রমণ সকক্ষণ কড়ি মধ্যমের দিকে নামিয়া আসিতে লাগিল— এমন সমন্ন রাজকুমার বাব্র পরিবারে এক গুলতর ত্র্বটনা ঘটিয়া অনাথবন্ধুর সংকটসংকুল জীবনধাত্রায় পরিবর্তন আনম্বন করিল। একদা গঙ্গাতীরবর্তী মাতুলালয় হইতে নৌকাধোণে ফিরিবার সমন্ম রাজকুমার বাব্র একমাক্র পুত্র হরকুমার ক্রিমারের সংঘাতে স্থ্রী এবং বালক পুত্র সহ জলমা ইইয়া

প্রাণত্যাগ করে। এই ঘটনায় রাজকুমারের বংশে কন্সা বিদ্যাবাদিনী ব্যতীত আর কেহ রহিল না।

নিদারুণ শোকের কথঞ্চিং উপশম হইলে পরে রাজকুমার বাবু অনাথবন্ধকে গিয়া অন্তনম করিয়া কহিলেন, "বাবা, ভোমাকে প্রায়ন্তিত্ত করিয়া জাতে উঠিতে হইবে। ভোমরা ব্যতীত আমার আর কেহ নাই।"

অনাথবন্ধ উৎসাহসহকারে সে প্রস্তাবে সমত হইলেন। তিনি মনে করিলেন, যে সকল বার্-লাইব্রেরি-বিহারী সদেশীয় ব্যারিস্টারগণ তাঁহাকে ঈর্ধা করে এবং তাঁহার অসামান্ত ধীশক্তির প্রতি যথেষ্ট সম্মান প্রকাশ করে না, এই উপায়ে তাহাদের প্রতি প্রতিশোধ লওয়া হইবে।

\* রাজকুমার বাবু পণ্ডিতদিগের বিধান লইলেন। তাঁহারা বলিলেন, অনাথবদ্ধু যদি গোমাংস না খাইয়া থাকে তবে তাহাকে জাতে তুলিবার উপায় আছে।

বিদেশে যদিচ উক্ত নিষিদ্ধ চতুম্পদ তাঁহার প্রিয় থাছাগ্রেণীর মধ্যে ভুক্ত হইত, তথাপি তাহা অস্বীকার করিতে তিনি কিছুমাত্র দ্বিধা বোধ করিলেন না। প্রিয় বন্ধুদের নিকট কহিলেন, "সমাজ যখন স্বেচ্ছাপূর্বক মিথ্যা কথা শুনিতে চাহে তখন একটা মুখের কথায় তাহাকে বাধিত করিতে দোষ দেখি না। যে রসনা গোক্ষ খাইয়াছে সে রসনাকে গোময় এবং মিথ্যা কথা নামক হটো কদর্য পদার্থ দ্বারা বিশুদ্ধ করিয়া লঙ্যা আমাদের আধুনিক সমাজের নিয়ম; আমি সে নিয়ম লজ্যন করিতে চাহি না।"

প্রায়শ্চিত্র করিয়া সমাজে উঠিবার একটা শুভদিন নির্দিষ্ট হইল। ইতিমধ্যে অনাথবন্ধু কেবল যে ধুতিচাদর পরিলেন তাহা নহে, তর্ক এবং উপদেশের দ্বারা বিলাতি সমাজের গালে কালি এবং হিন্দুসমাজের গালে চুন লেপন করিতে লাগিলেন। যে শুনিল সকলেই খুশি হইয়া উঠিল।

আনন্দে গর্বে বিদ্ধাবাদিনীর প্রীতিহ্বধাদিক কোমল হাদয়টি সর্বত্র উচ্চুদিত হইতে লাগিল। দে মনে মনে কহিল, "বিলাভ হইতে ঘিনিই আদেন একেবারে আন্ত বিলাভি লাহেব হইয়া আদেন, দেখিয়া বাঙালি বলিয়া চিনিবার ঘো থাকে না, কিছু আমার স্বামী একেবারে অবিক্বতভাবে ফিরিয়াছেন বরঞ্চ তাঁহার হিন্দুধর্মে ভক্তি পূর্বাপেক্ষা আরো অনেক বাড়িয়া উঠিয়াছে।"

ষথানিদিষ্ট দিনে ব্রাহ্মণপণ্ডিতে রাজকুমার বাবুর ঘর ভরিয়া গেল। অর্থবায়ের কিছুমাত্র ক্রটি হয় নাই। আহার একং বিদায়ের আয়োজন যথোচিত হইয়াছিল।

অস্কঃপুরেও সমারোহের সীমা ছিল না। নিমন্ত্রিত পরিজনবর্গের পরিবেশন ও পরিচর্ধায় সমস্ত প্রকোষ্ঠ ও প্রাহ্মণ সংক্ষুক হইয়া উঠিয়াছিল। সেই ঘোরতর কোলাহল এবং কর্মরাশির মধ্যে বিদ্যুবাসিনী প্রফুর্মুধে শারদরৌদ্ররঞ্জিত প্রভাতবায়ুবাহিত লঘু
মেঘথণ্ডের মতো আনন্দে ভাসিয়া বেড়াইতেছিল। আজিকার দিনের সমস্ত বিশ্বব্যাপারের
প্রধান নামক তাহার স্বামী। আজ বেন সমস্ত বক্তৃমি একটি মাত্র রক্তৃমি হইয়াছে এবং
যবনিকা উদ্ঘাটনপূর্বক একমাত্র আনাথবন্ধুকে বিস্মিত বিশ্বদর্শকের নিকট প্রদর্শন
করাইতেছে। প্রায়শ্চিত্ত যে অপরাধন্দীকার তাহা নহে, এ বেন অন্থগ্রহপ্রকাশ।
আনাথ বিলাত হইতে ফিরিয়া হিন্দুসমাজে প্রবেশ করিয়া হিন্দুসমাজকে গৌরবাহিত
করিয়া তৃলিয়াছেন। এবং সেই গৌরবছ্টো সমস্ত দেশ হইতে সহস্র রশ্মিতে
বিচ্ছুরিত হইয়া বিদ্যুবাসিনীর প্রেমপ্রমৃদিত মুধের উপরে অপরূপ মহিমাজ্যোতি
বিকীর্ণ করিতেছে। এতদিনকার তৃচ্ছ জীবনের সমস্ত হৃঃখ এবং ক্ষুল্র অপমান দ্র
হইয়া সে আজ তাহার পরিপূর্ণ পিতৃগৃহে সমস্ত আত্মীয়স্কজনের সমক্ষে উন্নতমন্তকে
গৌরবের আসনে আরোহণ করিল। স্বামীর মহন্ত আজ অযোগ্য স্থীকে বিশ্বসংসারের
নিকট সম্মানাম্পদ করিয়া তৃলিল।

অহঠান সমাধা হইয়াছে। অনাথবন্ধ জাতে উঠিয়াছেন। অভ্যাগত আত্মীয় ও ব্রাহ্মণগণ তাঁহার সহিত একাসনে বসিয়া তৃপ্তিপূর্বক আহার শেষ করিয়াছেন।

আত্মীয়েরা জামাতাকে দেখিবার জক্ত অস্তঃপুরে ডাকিয়া পাঠাইলেন। জামাতা স্থচিত্তে তাম্ব চর্বণ করিতে করিতে প্রসন্ধহাস্তম্প আলস্তমন্থরগমনে ভূমিলুঠ্যমান চাদরে অস্তঃপুরে যাত্রা করিলেন।

আহারান্তে ব্রাহ্মণগণের দক্ষিণার আয়োজন হইতেছে এবং ইত্যবসরে তাঁহারা সভায়লে বসিয়া তুম্ল কলহসহকারে পাণ্ডিত্য বিন্ডার করিতেছেন। কর্তা রাজকুমার বাবু ক্ষণকাল বিশ্রাম উপলক্ষে সেই কোলাহলাকুল পণ্ডিতসভায় বসিয়া শ্বতির তর্ক শুনিতেছেন, এমন সময় বারবান গৃহস্বামীর হস্তে এক কার্ড দিয়া থবর দিল, "এক সাহেবলোগ্কা মেম আয়া।"

রাজকুমার বাবু চমৎকৃত হইয়া উঠিলেন। পরক্ষণেই কার্ডের প্রতি দৃষ্টিপাত করিয়া দেখিলেন, তাহাতে ইংরাজিতে লেখা রহিয়াছে—মিসেদ্ অনাথবদ্ধু সরকার। অর্থাৎ, অনাথবদ্ধু সরকারের স্ত্রী।

রাজকুমার বাবু অনেকক্ষণ নিরীক্ষণ করিয়া কিছুতেই এই সামান্ত একটি শব্দের অর্থগ্রহ করিতে পারিলেন না। এমন সময়ে বিলাত হইতে সভঃপ্রত্যাগতা আরক্ষকপোলা আতামকুস্থলা আনীললোচনা হয়ফেনশুভা হরিণলঘুগামিনী ইংরাজমহিলা ব্যায় সভাস্থলে আসিয়া দাঁড়াইয়া প্রত্যেকের মুখ নিরীক্ষণ করিতে লাগিলেন। কিন্তু পরিচিত প্রিয়ম্থ দেখিতে পাইলেন না। অকন্যাৎ মেমকে দেখিয়া সংহিতার সমস্ত তর্ক থামিয়া সভাস্থল আলানের ক্রায় গভীর নিশুক্ক হইয়া গেল।

এমন সময়ে ভূমিলুষ্ঠ্যমান চাদর লইয়া অলসমন্থরগামী অনাথবন্ধ রক্ত্মিতে আসিয়া প্নঃপ্রবেশ করিলেন। এবং মৃহুর্তের মধ্যেই ইংরাজমহিলা ছুটিয়া গিয়া তাঁহাকে আলিকন করিয়া ধরিয়া তাঁহার তান্থলরাগরক্ত ওষ্ঠাধরে দাম্পত্যের মিলনচ্ন্বন মৃত্রিত করিয়া দিলেন।

সেদিন সভান্থলে সংহিতার তর্ক আর উত্থাপিত হইতে পারিল না। অগ্রহায়ণ ১৩০১

# বিচারক

#### প্রথম পরিচ্ছেদ

অনেক অবস্থান্তরের পর অবংশষে গতযৌবনা ক্ষীরোদা যে পুরুষের আশ্রয় প্রাপ্ত হইয়াছিল সেও যথন তাহাকে জীর্ণ বস্ত্রের ন্যায় পরিত্যাগ করিয়া গেল, তথন অন্নমৃষ্টির জন্ম দিতীয় আশ্রয় অবেষণের চেষ্টা করিতে তাহার অত্যস্ত ধিক্কার বোধ হইল।

যৌবনের শেষে শুল্ল শরংকালের ন্যায় একটি গভীর প্রশান্ত প্রগাঢ় স্থলর বয়স আসে যথন জীবনের ফল ফলিবার এবং শস্ত পাকিবার সময়। তথন আর উদাম যৌবনের বসন্তচঞ্চলতা শোভা পায় না। ততদিনে সংসারের মাঝখানে আমাদের ঘর বাঁধা এক-প্রকার সাক্ষ হইয়া গিয়াছে; অনেক ভালোমন্দ, অনেক স্বথহুংধ, জীবনের মধ্যে পরিপাক প্রাপ্ত হইয়া অন্তরের মান্ত্রটিকে পরিণত করিয়া তুলিয়াছে; আমাদের আয়ত্তের অতীত কুহকিনী হুরাশার কল্পনালোক হইতে সমস্ত উদ্ভান্ত বাসনাকে প্রত্যাহরণ করিয়া আপন ক্ষুদ্ধ ক্ষমতার গৃহপ্রাচীরমধ্যে প্রতিষ্ঠিত করিয়াছি; তথন নৃতন প্রণয়ের মৃশ্বদৃষ্টি আর আকর্ষণ করা যায় না, কিন্তু পুরাতন লোকের কাছে মান্ত্র্য আরো প্রিয়তর হইয়া উঠে। তথন যৌবনলাবণ্য অল্পে অল্পে বিশীর্ণ হইয়া আসিতে থাকে, কিন্তু জ্বাবিহীন অন্তর্ম প্রকৃতি বহুকালের সহবাসক্রমে মৃথে চক্ষে যেন স্ফুটতর রূপে অন্ধিত হইয়া যায়, হাসিটি দৃষ্টিপাতটি কণ্ঠস্বরটি ভিতরকার মান্ত্রটির দ্বারা ওতপ্রোত হইয়া উঠে। যাহা কিছু পাই নাই তাহার আশা ছাড়িয়া, যাহারা ত্যাগ করিয়া গিয়াছে তাহাদের জন্ম শোক সমাপ্ত করিয়া, যাহারা বঞ্চনা করিয়াছে তাহাদিগকে ক্ষমা করিয়া— যাহারা কাছে আসিয়াছে, ভালোবাসিয়াছে, সংসারের সমস্ত বড়বঞ্জা শোকতাপ বিচ্ছেদের মধ্যে যে কয়টি প্রাণী নিকটে অবশিষ্ট রহিয়াছে তাহাদিগকে বুকের কাছে টানিয়া লইয়া স্থনিশিত স্বপরীক্ষিত

চিরপরিচিতগণের প্রীতিপরিবেষ্টনের মধ্যে নিরাপদ নীড় রচনা করিয়া তাহারই মধ্যে সমস্ত চেষ্টার অবদান এবং সমস্ত আকাজ্ঞার পরিতৃপ্তি লাভ করা যায়। যৌবনের সেই শিশ্ব সায়াহে জীবনের সেই শান্তিপর্বেগু যাহাকে নৃতন সঞ্চয়, নৃতন পরিচয়, নৃতন বন্ধনের রুখা আখাদে নৃতন চেষ্টায় ধাবিত হইতে হয়— তথনো যাহার বিপ্রামের জন্ম শ্যা রচিত হয় নাই, যাহার গৃহপ্রত্যাবর্তনের জন্ম সন্ধ্যাদীপ প্রজ্জনিত হয় নাই, সংসারে তাহার মতো শোচনীয় আর কেহ নাই।

ক্ষীরোদা তাহার যৌবনের প্রান্তসীমায় যেদিন প্রাত্ঃকালে জাগিয়া উঠিয়া দেখিল তাহার প্রণয়ী পূর্বরাত্তে তাহার সমস্ত অলংকার ও অর্থ অপহরণ করিয়া পলায়ন করিয়াছে, বাড়িভাড়া দিবে এমন সঞ্চয় নাই— তিন বংসরের শিশু পূর্ত্রটিকে হধ আনিয়া থাওয়াইবে এমন সংগতি নাই— যথন সে ভাবিয়া দেখিল, তাহার জীবনের আটিজেশ বংসরে সে একটি লোককেও আপনার করিতে পারে নাই, একটি ঘরের প্রাস্তেও বাঁচিবার ও মরিবার অধিকার প্রাপ্ত হয় নাই; যথন তাহার মনে পড়িল, আবার আজ অঞ্চজন মৃছিয়া হুই চক্ষে অয়ন পরিতে হইবে, অধরে ও কপোলে অলক্তরাগ চিত্রিত করিতে হইবে, জীর্গ যৌবনকে বিচিত্র ছলনায় আচ্ছয় করিয়া হাস্তমুথে অসীম ধৈর্য সহকারে নৃতন হালয় হরণের জন্ম নৃতন মায়াপাশ বিস্তার করিতে হইবে; তথন সে ঘরের ঘার রুদ্ধ করিয়া ভূমিতে লুটাইয়া বারংবার কঠিন মেঝের উপর মাথা খুঁড়িতে লাগিল—সমস্ত দিন অনাহারে মৃমূর্ব মতো পড়িয়া রহিল। সন্ধা হইয়া আসিল। দীপহীন গৃহকোণে অন্ধকার ঘনীভৃত হইতে লাগিল। দৈবক্রমে একজন পুরাতন প্রণয়ী আসিয়া 'ক্ষীরাে ক্ষীরাে' শব্দে ঘারে আঘাত করিতে লাগিল। ক্ষীরােদা অক্সাং দ্বার খুলিয়া ঝাঁটাহন্তে বাঘিনীর মতো গর্জন করিয়া ছুটিয়া আসিল; রসপিপাস্ব যুবকটি অনতিবিলম্বে পলায়নের পথ অবলম্বন করিল।

ছেলেটা ক্ষার জালায় কাঁদিয়া কাঁদিয়া থাটের নীচে ঘুমাইয়া পড়িয়াছিল, সেই গোলমালে জাগিয়া উঠিয়া অন্ধকারের মধ্য হইতে ভগ্নকাতর কঠে 'মা মা' করিয়া কাঁদিতে লাগিল।

তথন ক্ষীরোদা সেই রোক্ষতমান শিশুকে প্রাণপণে বক্ষে চাপিয়া ধরিয়া বিদ্যুদ্বেগে ছুটিয়া নিকটবর্তী কুপের মধ্যে ঝাঁপাইয়া পড়িল।

শব্দ শুনিয়া আলো হন্তে প্রতিবেশীগণ কৃপের নিকট আসিয়া উপস্থিত হইল। কীরোদা এবং শিশুকে তুলিতে বিলম্ব হইল না। কীরোদা তথন অচেতন এবং শিশুটি মরিয়া গেছে।

ইাসপাতালে গিয়া ক্ষীরোদা আরোগ্য লাভ করিল। হত্যাপরাধে ম্যাজিস্টেট তাহাকে সেদনে চালান করিয়া দিলেন।

#### ৰিভীম্ন পরিচেছ্

জজ মোহিতমোহন দত্ত স্ট্যাট্টরি সিভিলিয়ান। তাঁহার কঠিন বিচারে ক্ষীরোদার কাঁসির হকুম হইল। হতভাগিনীর অবস্থা বিবেচনা করিয়া উকিলগণ তাহাকে বাঁচাইবার জন্ম বিশুর চেষ্টা করিলেন কিন্তু কিছুতেই কৃতকার্য হইলেন না। অজ তাহাকে তিলমাত্র দয়ার পাত্রী বলিয়া মনে করিতে পারিলেন না।

না পারিবার কারণ আছে; একদিকে তিনি হিন্দুমহিলাগণকে দেবী আখ্যা দিয়া থাকেন, অপরদিকে স্থীজাতির প্রতি তাঁহার আস্তরিক অবিশাস। তাঁহার মত এই যে, রমণীগণ কুলবন্ধন ছেদন করিবার জন্ম উন্মুখ হইয়া আছে, শাসন তিলমাত্র শিথিল হইলেই সমাজপিঞ্জরে একটি কুলনারীও অবশিষ্ট থাকিবে না।

তাঁহার এরপ বিশ্বাসেরও কারণ আছে। সে কারণ জানিতে গেলে মোহিতের যৌবন-ইতিহাসের কিয়দংশ আলোচনা করিতে হয়।

মোহিত যখন কালেজে সেকেও ইয়ারে পড়িতেন তখন আকারে এবং আচারে এখনকার হইতে সম্পূর্ণ স্বতন্ত্র প্রকারের মান্ন্য ছিলেন। এখন মোহিতের সম্মূথে টাক, পশ্চাতে টিকি, মৃণ্ডিত ম্থে প্রতিদিন প্রাতঃকালে থরক্রধারে গুদ্দমাশ্রুর অন্ধ্র উচ্ছেদ হইয়া থাকে; কিন্তু তখন তিনি সোনার চশমার গোঁফদাড়িতে এবং সাহেবি ধরনের কেশবিক্যাসে উনবিংশ শতান্দীর নৃতনসংস্করণ কাতিকটির মতো ছিলেন। বেশস্থায় বিশেষ মনোযোগ ছিল, মত্যমাংসে অকচি ছিল না এবং আন্থ্যক্রিক আরো ছটো-একটা উপসর্গ ছিল।

অদূরে একঘর গৃহস্থ বাস করিত। তাহাদের হেমশশী বলিয়া এক বিধবা কন্সা ছিল। তাহার বয়স অধিক হইবে না। চৌদ্দ হইতে পনেরোয় পড়িবে।

সম্দ্র হইতে বনরাজিনীলা তটভূমি ষেমন রমণীয় স্থপ্রবং চিত্রবং মনে হয় এমন তীরের উপর উঠিয়া হয় না। বৈধব্যের বেইন-অন্তরালে হেমশনী সংসার হইতে যেটুকু দ্রে পড়িয়াছিল সেই দ্রজের বিচ্ছেদবশত সংসারটা তাহার কাছে পরপারবতা পরমরহস্থময় প্রমোদবনের মতো ঠেকিত। সে জানিত না এই অংগং-য়য়টায় কলকারখানা অত্যন্ত জটিল এবং লৌহকঠিন— স্থথে তঃখে, সম্পদে বিপদে, সংশয়ে সংকটে ও নৈরাশ্রে পরিতাপে বিমিঞ্জিত। তাহার মনে হইত, সংসার্যাত্রা কলনাদিনী নিম্ব রিণীয় স্বচ্ছ জলপ্রবাহের মতো সহজ, সম্মুথবর্তী স্থন্দর পৃথিবীর সকল পথগুলিই প্রশন্ত ও সরল, স্থ কেবল তাহার বাতায়নের বাহিরে এবং হৃপ্তিহীন আকাজ্ঞা কেবল তাহার বক্ষপঞ্চরবর্তী স্পন্দিত পরিতপ্ত কোমল হৃদয়টুকুর অভ্যন্তরে। বিশেষত, তথন ভাহার

অস্করাকাশের দ্র দিগন্ত হইতে একটা যৌবনসমীরণ উল্পুলিত হইয়া বিশ্বসংসারকে বিচিত্র বাসন্তী শ্রীতে বিভূষিত করিয়া দিয়াছিল; সমন্ত নীলাম্বর তাহারই হৃদয়হিলোলে পূর্ণ হইয়া গিয়াছিল এবং পৃথিবী যেন তাহারই হৃগদ্ধ মর্মকোষের চতুদিকে রক্তপদ্মের কোমল পাপড়িগুলির মতো ভরে ভরে বিকশিত হইয়া ছিল।

বরে তাহার বাপ মা এবং হটি ছোটো ভাই ছাড়া আর কেহ ছিল না। ভাই হটি সকাল সকাল থাইয়া ইন্থলে যাইত, আবার ইন্থল হইতে আসিয়া আহারাস্তে সন্ধ্যার পর পাড়ার নাইট-ইন্থলে পাঠ অভ্যাস করিতে গমন করিত। বাপ সামাস্ত বেতন পাইতেন, দরে মাস্টার রাখিবার সামর্থ্য ছিল না।

কাজের অবসরে হেম তাহার নির্জন ঘরের বাতায়নে আসিয়া বসিত। একদৃষ্টে রাজপথের লোকচলাচল দেখিত; ফেরিওয়ালা করুণ উদ্ভন্থরে হাঁকিয়া যাইত, তাহাই শুনিত; এবং মনে করিত পথিকেরা হুখী, ভিক্স্কেরাও স্বাধীন, এবং ফেরিওয়ালা যে জীবিকার জন্ম হুকঠিন প্রয়াসে প্রবৃত্ত তাহা নহে— উহারা যেন এই লোকচলাচলের হুধরজভূমিতে অন্ততম অভিনেতা মাত্র।

আর, সকালে বিকালে সন্ধ্যাবেলায় পরিপাটি-বেলধারী গর্বোন্ধত ফীতবক্ষ মোহিডমোহনকে দেখিতে পাইত। দেখিয়া তাহাকে সর্বসৌভাগ্যসম্পন্ন পুরুষদ্রেষ্ঠ মহেক্রের মতো মনে হইত। মনে হইত, ঐ উন্নতমন্তক হ্রবেশ হ্রন্দর যুবকটির সব আছে এবং উহাকে সব দেওয়া ঘাইতে পারে। বালিকা যেমন পুতৃলকে সন্ধীব মাহ্র্য করিয়া থেলা করে, বিধবা তেমনি মোহিতকে মনে মনে সকল প্রকার মহিমায় মণ্ডিত করিয়া তাহাকে দেবতা গড়িয়া থেলা করিত।

এক-একদিন সন্ধ্যার সময় দেখিতে পাইত, মোহিতের বর আলোকে উচ্ছল, নর্তকীর নৃপ্রনিকণ এবং বামাকঠের সংগীতধ্বনিতে মৃথরিত। সেদিন সে ভিতিয়িত চঞ্চল ছায়াগুলির দিকে চাহিয়া চাহিয়া বিনিদ্র সতৃষ্ণ নেত্রে দীর্ঘ রাত্রি জাগিয়া বসিয়া কাটাইত। তাহার ব্যথিত পীড়িত হংপিও পিঞ্জরের পক্ষীর মতো বক্ষপঞ্জরের উপর ছুর্দাস্ত আবেগে আঘাত করিতে থাকিত।

দে কি তাহার কৃত্রিম দেবতাটিকে বিলাসমন্ততার জ্বন্ধ মনে মনে ভর্ৎসনা করিত, নিশা করিত। তাহা নহে। অগ্নি ষেমন পতক্ষকে নক্ষত্রলাকের প্রলোভন দেথাইয়া আকর্ষণ করে, মোহিতের সেই আলোকিত গীতবাছাবিক্ষম প্রমোদমদিরোক্ষ্পনিত কক্ষটি হেমণশীকে সেইরূপ বর্গমরীচিকা দেখাইয়া আকর্ষণ করিত। সে গভীর রাত্রে একাকিনী জাগিয়া বসিয়া সেই অদ্র বাতায়নের আলোক ও ছায়া ও সংগীত এবং আপন মনের আকাজ্যা ও ক্রমা লইয়া একটি মায়ারাজ্য গড়িয়া তুলিত, এবং আপন মানস-

পুর্ত্তিকাকে সেই মায়াপুরীর মাঝখানে বসাইয়া বিশ্বিত বিম্প্রনেত্রে নিরীক্ষণ করিত, এবং আপন জীবন-যৌবন হ্রখ-তৃঃখ ইহকাল-পরকাল সমস্তই বাসনার জ্ঞারে ধূপের মতো পূড়াইয়া সেই নির্দ্ধন নিস্তর্ধ মন্দিরে তাহার পূজা করিত। সে জানিত না তাহার সন্মুখবর্তী ঐ হর্যাবাতায়নের অভ্যন্তরে ঐ তরক্ষিত প্রমোদপ্রবাহের মধ্যে এক নিরতিশম ক্লান্তি মানি পিছলতা বীভংস ক্ষ্ধা এবং প্রাণক্ষমকর দাহ আছে। ঐ বীতনিত্র নিশাচর জালোকের মধ্যে যে এক হৃদয়হীন নিষ্ঠ্রতার কৃটিলহাস্য প্রলয়কীড়া করিতে থাকে, বিধবা দূর হইতে তাহা দেখিতে পাইত না।

হেম আপন নির্ধন বাতায়নে বসিয়া তাহার এই মায়াম্বর্গ এবং কল্পিত দেবতাটিকে
লইয়া চিরজীবন স্বপ্নাবেশে কাটাইয়া দিতে পারিত, কিন্ত হুর্ভাগ্যক্রমে দেবতা অহগ্রহ
করিলেন এবং স্বর্গ নিকটবর্তী হুইতে লাগিল। স্বর্গ যথন একেবারে পৃথিবীকে আসিয়া
স্পর্শ করিল তখন স্বর্গপু ভাঙিয়া গেল এবং যে ব্যক্তি এতদিন একলা বসিয়া স্বর্গ
গড়িয়াছিল সেও ভাঙিয়া ধূলিসাং হুইল।

এই বাতায়নবাসিনী মৃগ্ধ বালিকাটির প্রতি কথন মোহিতের লালায়িত দৃষ্টি পড়িল, কথন তাহাকে 'বিনোদচন্দ্র' নামক মিথ্যা স্বাক্ষরে বারংবার পত্র লিখিয়া অবশেষে একথানি সশ্বদ্ধ উৎকৃষ্টিত অশুদ্ধ বানান ও উচ্চুদিত হৃদয়াবেগপূর্ণ উত্তর পাইল, এবং ভাহার পর কিছুদিন ঘাতপ্রতিঘাতে উল্লাদে-সংকোচে সন্দেহে সন্ত্রমে আশায়-আশব্ধায় কেমন করিয়া ঝড় বহিতে লাগিল, তাহার পরে প্রলয়স্থখোন্মন্ততায় সমস্ত জগং সংসার বিধবার চারি দিকে কেমন করিয়া ঘ্রিতে লাগিল, এবং ঘ্রিতে ঘ্রিতে ঘ্রিতে ঘ্রনিবেগে সমস্ত জগং অমূলক ছায়ার মতো কেমন করিয়া অদৃশ্য হইয়া গেল, এবং অবশেষে কথন একদিন অকস্মাৎ সেই ঘ্র্যানান সংসারচক্র হইতে বেগে বিচ্ছিন্ন হইয়া রমণী অতি দ্রে বিক্ষিপ্ত হইয়া পড়িল, সে সকল বিবরণ বিস্তারিত করিয়া বলিবার আবশ্রক দেখি না।

একদিন গভীর রাজে পিতা মাতা ভাতা এবং গৃহ ছাড়িয়া হেমশনী বিনোদচন্দ্র-ছদ্মনামধারী মোহিতের সহিত এক গাড়িতে উঠিয়া বসিল। দেবপ্রতিমা যথন তাহার সমস্ত মাটি এবং খড় এবং রাংতার গহনা লইয়া তাহার পার্ঘে আসিয়া সংলগ্ন হইল তথন সে লক্ষায় ধিকারে মাটিতে মিশিয়া গেল।

অবশেষে গাড়ি যখন ছাড়িয়া দিল তথন সে কাঁদিয়া মোহিতের পায়ে ধরিল, বলিল, "প্রগো, পায়ে পড়ি আমাকে আমার বাড়ি রেখে এসো।" মোহিত শশব্যন্ত হইয়া তাহার মুখ চাপিয়া ধরিল; গাড়ি ক্রতবেগে চলিতে লাগিল।

- জলনিমগ্ন মরণাপন্ন ব্যক্তির যেমন মৃহুর্তের মধ্যে জীবনের সমস্ত ঘটনাবলী স্পষ্ট মনে পড়ে, তেমনি সেই ছারক্ত্র গাড়ির গাঢ় জন্ধকারের মধ্যে হেমশনীর মনে পড়িতে জাগিল, প্রতিদিন আহারের সময় তাহার বাপ তাহাকে সম্মুখে না লইয়া থাইতে বসিতেন না; মনে পড়িল, তাহার সর্বকনিষ্ঠ ভাইটি ইন্ধুল হইতে আসিয়া তাহার দিদির হাতে থাইতে ভালোবাসে; মনে পড়িল, সকালে সে তাহার মায়ের সহিত পান সাজিতে বসিত এবং বিকালে মা তাহার চুল বাঁধিয়া দিতেন। বরের প্রত্যেক কৃত্র কোণ এবং দিনের প্রত্যেক কৃত্র কাজটি তাহার মনের সম্মুখে জাজলামান হইয়া উঠিতে লাগিল। তথন তাহার নিভৃত জীবন এবং কৃত্র সংসারটিকেই স্বর্গ বলিয়া মনে হইল। সেই পানসাজা, চূলবাঁধা, পিতার আহারহলে পাখা-করা, ছুটির দিনে মধ্যাহ্ণনিস্রার সময় তাঁহার পাকাচুল তুলিয়া দেওয়া, ভাইদের দৌরায়্যা সহ্ব করা— এ সমস্তই ভাহার কাছে পরম শান্তিপূর্ণ দুর্লভ স্থবের মতো বোধ হইতে লাগিল; বুঝিতে পারিল না, এসব থাকিতে সংসারে আর কোন্ স্থের আবশুক আছে।

মনে হইতে লাগিল, পৃথিবীতে ঘরে ঘরে সমস্ত কুলকন্তারা এখন গভীর স্থান্থিতে নিমা। সেই আপনার ঘরে আপনার শ্যাটির মধ্যে নিস্তন্ধ রাত্রের নিশ্চিম্ভ নিশ্রা বে কত স্থের, তাহা ইতিপূর্বে কেন দে ব্ঝিতে পারে নাই। ঘরের মেয়েরা কাল সকাল-বেলায় ঘরের মধ্যে কাপিয়া উঠিবে, নিঃসংকোচ নিত্যকর্মের মধ্যে প্রবৃত্ত হইবে, আর গৃহচ্যুতা হেমশশীর এই নিশ্রাহীন রাত্রি কোনখানে গিয়া প্রভাত হইবে এবং সেই নিরানন্দ প্রভাতে তাহাদের সেই গলির ধারের ছোটোখাটো ঘরকন্নাটির উপর ধ্বন সকালবেলাকার চিরপরিচিত শান্তিময় হাস্তপূর্ণ রৌশ্রটি আসিয়া পতিত হইবে তথন সেখানে সহসা কী লক্ষা প্রকাশিত হইয়া পড়িবে— কী লাম্থনা, কী হাহাকার জাগ্রত হইরা উঠিবে!

হেম দ্বদয় বিদীর্ণ করিয়া কাঁদিয়া মরিতে লাগিল; সকরুপ অন্নরসহকারে বলিতে লাগিল, "এখনো রাভ আছে। আমার মা, আমার ছটি ভাই, এখনো জাগে নাই; এখনো আমাকে ফিরাইয়া রাখিয়া আইস।" কিন্তু, তাহার দেবতা কর্ণপাত করিল না; এক বিতীয় প্রেণীর চক্রশক্ষম্থরিত রথে চড়াইয়া তাহাকে তাহার বছদিনের আকাজ্জিত বর্গলোকাভিম্থে লইয়া চলিল।

ইহার অনতিকাল পরেই দেবতা এবং স্বর্গ পুনশ্চ আর-একটি দ্বিতীয় শ্রেণীর জীর্ণরথে চড়িয়া আর-এক পথে প্রস্থান করিলেন— রমণী আকণ্ঠ পক্ষের মধ্যে নিম্বজ্জিত হইয়া রহিল।

## ভৃতীম্ন পরিচেছদ

মোহিতমোহনের পূর্ব ইতিহাস হইতে এই একটিমাত্র ঘটনা উল্লেখ করিলাম। রচনা পাছে 'একদেয়ে' হইয়া উঠে এইজন্ম অন্যগুলি বলিলাম না।

এখন সে-সকল পুরাতন কথা উত্থাপন করিবার আবশ্যকও নাই। এখন সেই
বিনোদচন্দ্র নাম শারণ করিয়া রাখে, এমন কোনো লোক জগতে আছে কিনা সন্দেহ।
এখন মোহিত শুদ্ধাচারী হইয়াছেন, তিনি আহ্নিকতর্পণ করেন এবং সর্বদাই শাস্ত্রালোচনা করিয়া থাকেন। নিজের ছোটো ছোটো ছেলেদিগকেও যোগাভ্যাস করাইতেছেন এবং বাড়ির মেয়েদিগকে সূর্য চন্দ্র মন্দদাণের হস্পবেশ্য অন্তঃপুরে প্রবন্দ
শাসনে রক্ষা করিতেছেন। কিন্তু, এককালে তিনি একাধিক রমণীর প্রতি অপরাধ
করিয়াছিলেন বলিয়া আজ রমণীর সর্বপ্রকার সামাজিক অপরাধের কঠিনতম দণ্ডবিধান
করিয়া থাকেন।

ক্ষীরোদার ফাঁসির হকুম দেওয়ার তই-এক দিন পরে ভোজনবিলাসী মোহিত জ্বেল-ধানার বাগান হইতে মনোমতো তরিতরকারি সংগ্রহ করিতে গিয়াছেন। ক্ষীরোদা তাহার পতিত জীবনের সমস্ত অপরাধ শ্বরণ করিয়া অন্তথ্য হইয়াছে কি না জানিবার জন্ম তাঁহার কৌতুহল হইল। বন্দিনীশালায় প্রবেশ করিলেন।

দূর হইতে থ্ব একটা কলহের ধ্বনি শুনিতে পাইতেছিলেন। ঘরে ঢুকিয়া দেখিলেন ক্ষীরোদা প্রহরীর সহিত ভারি ঝগড়া বাধাইয়াছে। মোহিত মনে মনে হাসিলেন; ভাবিলেন, স্ত্রীলোকের স্বভাবই এমনি বটে। মৃত্যু সন্নিকট তবু ঝগড়া করিতে ছাড়িবে না। ইহারা বোধ করি ধ্যালয়ে গিয়া ধ্যদূতের সহিত কোন্দল করে।

মোহিত ভাবিলেন, ষথোচিত ভইননা ও উপদেশের দারা এখনো ইহার অস্তরে অহতাপের উদ্রেক করা উচিত। সেই সাধু উদ্দেশ্যে তিনি ক্ষীরোদার নিকটবর্তী হইবামাত্র ক্ষীরোদা সকলপ্ররে করজোড়ে কহিল, "ওগো জজুবাবু, দোহাই তোমার! উহাকে বলো, আমার আংটি ফিরাইয়া দেয়।"

প্রশ্ন করিয়া জানিলেন, ক্ষীরোদার মাথার চুলের মধ্যে একটি জাংটি লুকানো ছিল— দৈবাৎ প্রহরীর চোধে পড়াতে সে সেটি কাড়িয়া লইয়াছে।

মোহিত আবার মনে মনে হাসিলেন। আজ বাদে কাল ফাঁসিকাঠে আরোহণ করিবে, তবু আংটির মায়া ছাড়িতে পারে না; গহনাই মেয়েদের সর্বস্থ !

প্রহরীকে কহিলেন, "কই, আংটি দেখি।" প্রহরী তাঁহার হাতে আংটি দিল। তিনি হঠাৎ বেন জলস্ত অঙ্গার হাতে লইলেন, এমনি চমকিয়া উঠিলেন। আংটির একদিকে হাতির দাঁতের উপর তেলের রঙে আঁকা একটি গুদ্দশ্রশ্রশোভিত যুবকের অতি কৃত্র ছবি বসানো আছে এবং অপরদিকে সোনার গায়ে খোদা রহিয়াছে—বিনোদচন্ত্র।

ডখন মোহিত আংটি হইতে মৃথ তুলিয়া একবার স্পীরোদার মৃখের দিকে ভালো করিয়া চাহিলেন। চবিলে বংসর পূর্বেকার আর-একটি অশ্রুসঞ্জ প্রীতিস্থকোমল সলক্ষণন্ধিত মৃথ মনে পড়িল; সে মুখের সহিত ইহার সাদৃশ্য আছে।

মোহিত আর-একবার সোনার আংটির দিকে চাহিলেন এবং তাহার পরে যখন ধীরে ধীরে মৃথ তুলিলেন তখন তাঁহার সন্মৃথে কলন্ধিনী পতিতা রমণী একটি ক্স বর্ণাব্রীয়কের উজ্জল প্রভায় বর্ণময়ী দেবীপ্রতিমার মতো উদ্ভাসিত হইয়া উঠিল।

পৌৰ ১৩০১

# निगीरथ

"ডাক্তার! ডাক্তার!"

জালাতন করিল! এই অর্ধেক রাত্রে—

চোথ মেলিয়া দেখি আমাদের জমিদার দক্ষিণাচরণ বাব্। ধড়ফড় করিয়া উঠিয়া পিঠভাঙা চৌকিটা টানিয়া আনিয়া তাঁহাকে বসিতে দিলাম এবং উদ্বিশ্বভাবে তাঁহার মুথের দিকে চাহিলাম। ঘড়িতে দেখি, তথন রাত্রি আড়াইটা।

দক্ষিণাচরণ বাব্ বিবর্ণমৃথে বিক্ষারিত নেত্রে কহিলেন, "আজ রাত্রে আবার সেইরূপ উপত্রব আরম্ভ হইরাছে— তোমার ঔষধ কোনো কাজে লাগিল না।"

আমি ফিঞ্চিং সসংকোচে বলিলাম, "আপনি বোধ করি মদের মাত্রা আবার বাড়াইয়াছেন।"

দক্ষিণাচরণ বাব্ অত্যন্ত বিরক্ত হইয়া কহিলেন, "ওটা তোমার ভারি ভ্রম। মদ নহে; আছোপান্ত বিবরণ না শুনিলে তুমি আসল কারণটা অহমান করিতে পারিবে না।"

কুল্লির মধ্যে কুজ টিনের ডিবার রানভাবে কেরোসিন জনিতেছিল, আমি তাহা উশ্বাইরা দিলাম; একটুখানি আলো জাগিরা উঠিল এবং অনেকখানি ধোঁরা বাহির হইতে লাগিল। কোঁচাখানা গায়ের উপর টানিয়া একখানা খবরের-কাগজ-পাভা প্যাক্রাজ্বের উপর বসিলাম। দক্ষিণাচরণ বাবু বলিতে লাগিলেন—

আমার প্রথমপক্ষের স্ত্রীর মতো এমন গৃহিণী অভি তুর্লভ ছিল। কিছ আমার তথন বয়ল বেশি ছিল না, সহজেই রসাধিক্য ছিল, তাহার উপর আবার কাব্যশাস্ত্রটা ভালো করিয়া অধ্যয়ন করিয়াছিলাম, তাই অবিমিপ্তা গৃহিণীপণায় মন উঠিভ না। কালিদাদের সেই শ্লোকটা প্রায় মনে উদয় হইত—

#### भृहिनी मिवः मश्री मिथः প্রিয়শিয়া ললিতে কলাবিধৌ।

কিন্তু আমার গৃহিণীর কাছে ললিত কলাবিধির কোনো উপদেশ থাটিত না এবং স্থী-ভাবে প্রণয়সম্ভাষণ করিতে গেলে তিনি হাসিয়া উড়াইয়া দিতেন। গন্ধার স্রোতে ষেমন ইন্দ্রের ঐরাবত নাকাল হইয়াছিল তেমনি তাঁহার হাসির মৃথে বড়ো বড়ো কাব্যের টুকরা এবং ভালো ভালো আদরের সম্ভাষণ মৃহুর্তের মধ্যে অপদন্ধ হইয়া ভাসিয়া বাইত। তাঁহার হাসিবার আশ্চর্য ক্ষমতা ছিল।

তাহার পর, আজ বছর চারেক হইল আমাকে সাংঘাতিক রোগে ধরিল। ওঠবরণ হইয়া জরবিকার হইয়া, মরিবার দাখিল হইলাম। বাঁচিবার আশা ছিল না। একদিন এমন হইল বে, ভাক্তারে জবাব দিয়া গেল। এমন সময় আমার এক আত্মীয় কোখা হইতে এক ব্রহ্মচারী আনিয়া উপস্থিত করিল; সে গব্য স্বতের সহিত একটা শিক্ত বাঁটিয়া আমাকে খাওয়াইয়া দিল। ঔষধের গুণেই হউক বা অদৃষ্টক্রমেই হউক সে-যাত্রা বাঁচিয়া গেলাম।

রোগের সময় আমার স্থী অহানিশি এক মুহুর্তের জন্ম বিশ্বাম করেন নাই। সেই কটা দিন একটি অবলা স্থীলোক, মান্নবের সামান্য শক্তি লইয়া প্রাণপণ ব্যাকুলতার সহিত, দ্বারে সমাগত ঘমদ্তগুলার সঙ্গে অনবরত যুদ্ধ করিয়াছিলেন। তাঁহার সমস্ত প্রেম, সমস্ত হদয়, সমস্ত যন্ত্র দিয়া আমার এই অধাগ্য প্রাণটাকে বেন বক্ষের শিশুর মতো তৃই হস্তে ঝাঁপিয়া ঢাকিয়া রাখিয়াছিলেন। আহার ছিল না, নিম্রা ছিল না, জগতের আর-কোনো-কিছুর প্রতিই দৃষ্টি ছিল না।

যম তথন পরাহত ব্যান্ত্রের তায় আমাকে তাঁহার কবল হইতে ফেলিয়া দিয়া চলিয়া গেলেন, কিছ, যাইবার সময় আমার স্ত্রীকে একটা প্রবল থাবা মারিয়া গেলেন।

আমার স্থা তথন গর্ভবতী ছিলেন, অনতিকাল পরে এক মৃত সম্ভান প্রদান করিলেন। তাহার পর হইতেই তাঁহার নানাপ্রকার জটিল ব্যামোর প্রপাত হইল। তথন আমি তাঁহার দেবা আরম্ভ করিয়া দিলাম। তাহাতে তিনি বিত্রত হইয়া উঠিলেন। বলিতে লাগিলেন, "আং, করো কী! লোকে বলিবে কী! অমন করিয়া দিনরাত্রি তুমি আমার বরে যাতায়াত করিয়ো না।"

দেন নিজে পাথা থাইতেছি, এইরপ ভান করিয়া রাজে যদি তাঁহাকে ভাঁহার জরের সময় পাথা করিতে যাইতাম তো ভারি একটা কাড়াকাড়ি ব্যাপার পড়িয়া যাইত। কোনোদিন যদি তাঁহার ভজ্জবা উপলক্ষে আমার আহারের নিয়মিত সময় দশ মিনিট উত্তীর্ণ হইয়া যাইত, তবে সেও নানাপ্রকার অন্তনন্ত অন্তর্মাধ অন্তব্যোগের কারণ হইয়া দাড়াইত। স্বল্পমাত্র সেবা করিতে গেলে হিতে বিপরীত হইয়া উঠিত। তিনি বলিতেন, "পুরুষমান্ত্রের অতটা বাড়াবাড়ি ভালো নয়।"

আমাদের সেই বরানগরের বাড়িটি বোধ করি তুমি দেখিয়াছ। বাড়ির সামনেই বাগান এবং বাগানের সম্পুথেই গলা বহিতেছে। আমাদের শোবার ঘরের নীচেই দক্ষিণের দিকে থানিকটা জমি মেহেদির বেড়া দিয়া ঘিরিয়া আমার স্ত্রী নিজের মনের মতো একটুকরা বাগান বানাইয়াছিলেন। সমস্ত বাগানটির মধ্যে সেই বওটিই অত্যস্ত সাাুদাসিধা এবং নিতাস্ত দিশি। অর্থাৎ, তাহার মধ্যে গছের অপেকা বর্ণের বাহার, ফুলের অপেকা পাতার বৈচিত্র্য ছিল না, এবং টবের মধ্যে অকিঞ্চিৎকর উদ্ভিক্ষের পার্বে কাঠি অবলম্বন করিয়া কাগজে নিমিত লাটিন নামের জয়ধবজা উড়িত না। বেল, জুই, গোলাপ, গন্ধরান্ধ, করবী এবং রজনীগন্ধারই প্রাহ্রতাব কিছু বেশি। প্রকাণ্ড একটা বকুলগাছের তলা সাদা মার্বল পাথর দিয়া বাঁধানো ছিল। স্বন্ধ অবহায় তিনি নিজে দাড়াইয়া তুইবেলা তাহা ধুইয়া সাফ করাইয়া রাথিতেন। গ্রীম্মকালে কাজের অবকাশে সন্ধ্যার সময় সেই তাঁহার বসিবার হান ছিল। সেখান হইতে গন্ধা দেখা বাইত কিছু গন্ধা হইতে কুঠির পানসির বাবুরা তাঁহাকে দেখিতে পাইত না।

অনেকদিন শ্ব্যাগত থাকিয়া একদিন চৈত্রের শুক্লপক্ষ সন্ধ্যায় তিনি কহিলেন, "ঘরে বন্ধ থাকিয়া আমার প্রাণ কেমন করিতেছে; আজ একবার আমার সেই বাগানে গিয়া বসিব।"

আমি তাঁহাকে বহু বত্নে ধরিয়া ধীরে ধীরে সেই বকুলতলের প্রস্তরবেদিকায় লইয়া গিয়া শয়ন করাইয়া দিলাম। আমারই আহর উপরে তাঁহার মাথাটি তুলিয়া রাখিতে পারিতাম কিন্তু আনি, সেটাকে তিনি অভুত আচরণ বলিয়া গণ্য করিবেন, তাই একটি বালিশ আনিয়া তাঁহার মাথার তলায় রাখিলাম।

ঘটি-একটি করিয়া প্রস্টু বকুল ফুল ঝরিতে লাগিল এবং শাখান্তরাল হইতে ছায়ান্বিত জ্যোৎস্না তাঁহার শীর্ণ মৃথের উপর আসিয়া পড়িল। চারি দিক শাস্ত নিন্তর; সেই ঘনগন্ধপূর্ণ ছায়ান্ককারে একপার্শ্বে নীরবে বসিয়া তাঁহার মৃথের দিকে চাহিয়া জামার চোখে জল জাসিল।

আমি ধীরে ধীরে কাছের গোড়ায় আসিয়া হুই হুন্তে তাঁহার একটি উত্তপ্ত শীর্ণ হাত

তুলিয়া লইলাম। তিনি তাহাতে কোনো আপন্তি করিলেন না। কিছুক্রণ এইরূপ চুপ করিয়া বসিয়া থাকিয়া আমার হৃদয় কেমন উদ্বেলিত হইয়া উঠিল, আমি বলিয়া উঠিলাম, "তোমার ভালোবাসা আমি কোনোকালে ভুলিব না।"

তথনি বৃঝিলাম, কথাটা বলিবার কোনো আবশুক ছিল না। আমার স্ত্রী হাঁসিয়া উঠিলেন। সে হাসিতে লজ্জা ছিল, স্থ ছিল এবং কিঞ্চিৎ অবিখাস ছিল এবং উহার মধ্যে অনেকটা পরিমাণে পরিহাসের তীব্রতাও ছিল। প্রতিবাদস্বরূপে একটি কথামাত্র না বলিয়া কেবল তাঁহার সেই হাসির দারা জানাইলেন, "কোনোকালে ভূলিবে না, ইহা কখনো সম্ভব নহে এবং আমি তাহা প্রত্যাশাও করি না।"

ঐ স্থমিষ্ট স্থতীক্ষ হাসির ভয়েই আমি কখনো আমার স্থীর সন্ধে রীতিমতো প্রেমালাপ করিতে সাহস করি নাই। অসাক্ষাতে ষে-সকল কথা মনে উদয় হইত, তাঁহার সম্থে গেলেই সেগুলাকে নিভান্ত বাজে কথা বলিয়া বোধ হইত। ছাপার অক্ষরে ষে-সব কথা পড়িলে তুই চক্ষ্ বাহিয়া দর দর ধারায় জল পড়িতে থাকে সেই-গুলা মুখে বলিতে গেলে কেন ষে হাস্থের উদ্রেক করে, এ পর্যন্ত ব্রিতে পারিলাম না।

বাদপ্রতিবাদ কথায় চলে কিন্তু হাসির উপরে তর্ক চলে না, কাজেই চুপ করিয়া 
যাইতে হইল। জ্যোৎস্না উজ্জ্বলতর হইয়া উঠিল, একটা কোকিল ক্রমাগতই কুছ কুছ
ডাকিয়া অন্থির হইয়া গেল। আমি বসিয়া বসিয়া ভাবিতে লাগিলাম, এমন জ্যোৎস্নারাত্রেও কি পিকবধ্ বধির হইয়া আছে।

বহু চিকিৎসায় আমার স্ত্রীর রোগ-উপশমের কোনো লক্ষণ দেখা গেল না। ডাক্টার বলিল, "একবার বায় পরিবর্তন করিয়া দেখিলে ভালো হয়।" আমি স্ত্রীকে লইয়া এলাহাবাদে গেলাম।

এইখানে দক্ষিণাবাব হঠাৎ থমকিয়া চুপ করিলেন। সন্দিশ্বভাবে আমার মুখের দিকে চাহিলেন, তাহার পর ছই হাতের মধ্যে মাথা রাখিয়া ভাবিতে লাগিলেন। আমিও চুপ করিয়া রহিলাম। কুলুকিতে কেরোদিন মিট্মিট্ করিয়া জ্ঞালিতে লাগিল এবং নিস্তব্ধ ঘরে মশার ভন্ভন্ শব্দ স্কল্পট হইয়া উঠিল। হঠাৎ মৌন ভঙ্গ করিয়া দক্ষিণাবাব্ বলিতে আরম্ভ করিলেন—

শেখানে হারান ডাক্তার আমার ন্ত্রীকে চিকিৎসা করিতে লাগিলেন।

অবশেষে অনেককাল একভাবে কাটাইয়া ডাক্তারও বলিলেন, আমিও বৃদ্ধিলাম এবং আমার স্ত্রীও বৃদ্ধিলেন ধে, তাঁহার ব্যামো সারিবার নহে। তাঁহাকে চিরক্লগ্ন হইয়াই কাটাইতে হইবে। ভখন একদিন আমার দ্বী আমাকে বলিলেন, "ধখন ব্যামোও সারিবে না এবং শীদ্র আমার মরিবার আশাও নাই তখন আর-কতদিন এই জীবন্যুতকে লইয়া কাটাইবে। তুমি আর-একটা বিবাহ করো।"

এটা বেন কেবল একটা স্বযুক্তি এবং সদ্বিবেচনার কথা— ইহার মধ্যে বে, ভারি একটা মহন্ত বীরত্ব বা অসামান্ত কিছু আছে, এমন ভাব তাঁহার লেশমাত্র ছিল না।

এইবার মামার হাসিবার পালা ছিল। কিন্তু, আমার কি তেমন করিয়া হাসিবার ক্ষমতা আছে। আমি উপস্থাদের প্রধান নায়কের স্থায় গন্তীর সমৃচ্চভাবে বলিতে লাগিলাম, "যতদিন এই দেহে জীবন আছে—"

ভিনি বাধা দিয়া কহিলেন, "নাও নাও! আর বলিতে হইবে না। তোমার কথা শুনিয়া আমি আর বাঁচি না!"

আমি পরাজয় শীকার না করিয়া বলিলাম, "এ জীবনে আর-কাহাকেও ভালো-বাসিতে পারিব না।"

শুনিয়া আমার দ্বী ভারি হাসিয়া উঠিলেন। তথন আমাকে ক্ষান্ত হইতে হইল।

আনি না, তথন নিব্দের কাছেও কথনো স্পষ্ট স্বীকার করিয়াছি কি না কিছু এখন

ব্ঝিতে পারিতেছি, এই আরোগ্য-আশাহীন সেবাকার্যে আমি মনে মনে পরিপ্রান্ত হইয়া

গিয়াছিলাম। এ কার্যে বে ভঙ্গ দিব, এমন কয়নাও আমার মনে ছিল না; অথচ,

চিরজীবন এই চিরক্রকে লইয়া য়াপন করিতে হইবে, এ কয়নাও আমার নিকট

পীড়াজনক হইয়াছিল। হায়, প্রথম যৌবনকালে য়খন সম্মুখে তাকাইয়াছিলাম তখন

প্রেমের কুহকে, স্বথের আশানে, সৌন্দর্যের মরীচিকায় সমস্ত ভবিয়ৎ জীবন প্রফুল

দেখাইতেছিল। আজ হইতে শেষ পর্যন্ত কেবলই আশাহীন স্ক্রীর্ঘ সতৃষ্ণ মক্রভুমি।

আমার সেবার মধ্যে সেই আন্তরিক আন্তি নিশ্চয় তিনি দেখিতে পাইয়াছিলেন।
তথন জানিতাম না কিন্তু এখন সন্দেহমাত্র নাই বে, তিনি আমাকে যুক্তাক্ষরহীন
প্রথমভাগ শিশুশিক্ষার মতো অতি সহজে ব্ঝিতেন। সেইজক্ত যথন উপক্রাসের নায়ক
সাজিয়া গল্পীরভাবে তাঁহার নিকট কবিত্ব ফলাইতে যাইতাম তিনি এমন হংগভীর স্নেহ
অপচ অনিবার্য কৌতুকের সহিত হাসিয়া উঠিতেন। আমার নিজের অগোচর অন্তরের
কথাও অন্তর্গামীর ক্রায় তিনি সমন্তই জানিতেন, এ কথা মনে করিলে আত্রও লক্ষায়
মরিয়া যাইতে ইচ্ছা করে।

হারান ডাক্টার আমাদের স্বজাতীয়। তাঁহার বাড়িতে আমার প্রায়ই নিমন্ত্রণ থাকিত। কিছুদিন যাতায়াতের পর ডাক্টার তাঁহার মেয়েটির সঙ্গে আমার পরিচয় কুরাইয়া দিলেন। মেয়েটি অবিবাহিত; তাহার বন্নস পনেরো ছইবে। ডাক্টার বলেন, তিনি মনের মতো পাত্র পান নাই বলিয়া বিবাহ দেন নাই। কিন্তু বাহিরের লোকের কাছে গুজুব শুনিতাম— মেয়েটির কুলের দোষ ছিল।

কিন্তু, আর কোনো দোষ ছিল না। যেমন স্থরপ তেমনি স্থানিক্ষা। সেইজয় মাঝে মাঝে এক-একদিন তাঁহার সহিত নানা কথার আলোচনা করিতে করিতে আমার বাড়ি কিরিতে রাত হইত, আমার স্থাকে ঔষধ থাওয়াইবার সময় উত্তীর্ণ হইয়া ষাইত। তিনি জানিতেন, আমি হারান ডাক্তরের বাড়ি গিয়াছি কিন্তু বিলম্বের কারণ একদিনও আমাকে জিজ্ঞাসাও করেন নাই।

মক্ষভূমির মধ্যে আর-একবার মরীচিকা দেখিতে লাগিলাম। তৃষ্ণা ষখন বৃক্ষ পর্যন্ত তথন চোথের সামনে ক্লপরিপূর্ণ স্বচ্ছ জল ছলছল চলচল করিতে লাগিল। তথন মনকে প্রাণপণে টানিয়া আর ফিরাইতে পারিলাম না।

রোগীর দর আমার কাছে দিগুণ নিরানন্দ হইয়া উঠিল। তথন প্রায়ই শুক্রাষা করিবার এবং ঔষধ খাওয়াইবার নিয়ম ভঙ্গ হইতে লাগিল।

হারান ডাক্তার আমাকে প্রায় মাঝে মাঝে বলিতেন, যাহাদের রোগ আরোগ্য হইবার কোনো সন্তাবনা নাই, তাহাদের পক্ষে মৃত্যুই ভালো; কারণ, বাঁচিয়া তাহাদের নিজ্বেও হথ নাই, অন্তেরও অহথ। কথাটা সাধারণভবে বলিতে দোষ নাই, তথাপি আমার স্ত্রীকে লক্ষ্য করিয়া এমন প্রদক্ষ উত্থাপন করা তাঁহার উচিত হয় নাই। কিন্তু, মাহ্মবের জীবনমৃত্যু সম্বন্ধে ডাক্তারদের মন এমন অসাড় বে, তাহারা ঠিক আমাদের মনের অবস্থা ব্ঝিতে পারে না।

হঠাৎ একদিন পাশের ঘর হইতে শুনিতে পাইলাম, আমার স্ত্রী হারানবাবুকে বলিতেছেন, "ডাক্রার, কতকগুলা মিখ্যা ঔষধ গিলাইয়া ডাক্রারখানার দেনা বাড়াইতেছ কেন। আমার প্রাণটাই যখন একটা ব্যামো, তখন এমন একটা ওষ্ধ দাও ষাহাতে শীন্ত এই প্রাণটা যায়।"

ष्ठांकांत रिनलन, "हि, अयन कथा रिनरिन ना।"

কথাটা শুনিয়া হঠাং আমার বক্ষে বড়ো আঘাত লাগিল। ডাক্টার চলিয়া গেলে আমার স্থীর ঘরে গিয়া তাঁহার লয়াপ্রান্তে বলিলাম, তাঁহার কপালে ধীরে ধীরে হাত বলাইয়া দিতে লাগিলাম। তিনি কহিলেন, "এ ঘর বড়ো গরম, তুমি বাহিরে যাও। তোমার বেড়াইতে যাইবার সময় হইয়াছে। থানিকটা না বেড়াইয়া আসিলে আবার রাত্রে তোমার ক্ষা হইবে না।"

বেড়াইতে যাওয়ার অর্থ ডাক্তারের বাড়ি যাওয়া। আমিই তাঁহাকে ব্ঝাইয়াছিলাম, স্থাসঞ্চারের পক্ষে থানিকটা বেড়াইয়া জাসা বিশেষ জাবশুক। এখন নিশুয় বলিডে

পারি, তিনি প্রতিদিনই আযার এই ছলনাটুকু বুঝিতেন। আমি নির্বোধ, মনে করিতাম তিনি নির্বোধ।

এই বলিয়া দক্ষিণাচরণ বাবু অনেকক্ষণ করতলে মাথা রাখিয়া চূপ করিয়া বসিয়া রহিলেন। অবপেষে কহিলেন, "আমাকে একমাস অস আনিয়া দাও।" অন থাইয়া বলিতে লাগিলেন—

একদিন ডাক্তারবাব্র কন্সা মনোরমা আমার স্ত্রীকে দেখিতে আদিবার ইচ্ছা প্রকাশ করিলেন। জানি না, কী কারণে তাঁহার সে প্রস্তাব আমার ডালো লাগিল না। কিন্তু, প্রতিবাদ করিবার কোনো হেতু ছিল না। তিনি একদিন সন্ধ্যাবেলার আমাদের বাসায় আসিয়া উপস্থিত হইলেন।

দেদিন আমার স্ত্রীর বেদনা অন্ত দিনের অপেক্ষা কিছু বাড়িয়া উঠিয়াছিল। বেদিন তাঁহার ব্যথা বাড়ে সেদিন তিনি অত্যম্ভ ছির নিস্তব্ধ হইয়া থাকেন; কেবল মাঝে মাঝে মৃষ্টি বন্ধ হইতে থাকে এবং মৃথ নীল হইয়া আসে, তাহাতেই তাঁহার ষত্রণা বৃথা যায়। ঘরে কোনো সাড়া ছিল না, আমি শব্যাপ্রাস্তে চুপ করিয়া বিসিয়া ছিলাম; সেদিন আমাকে বেড়াইতে যাইতে অহুরোধ করেন এমন সামর্থ্য তাঁহার ছিল না কিংবা হয়তো বড়ো কষ্টের সময় আমি কাছে থাকি, এমন ইচ্ছা তাঁহার মনে মনে ছিল। চোখে লাগিবে বলিয়া কেরোসিনের আলোটা য়ারের পার্যে ছিল। ঘর অন্ধকার এবং নিস্তব্ধ। কেবল এক-একবার ষত্রণার কিঞ্চিং উপশ্যে আমার স্ত্রীর সভীর দীর্ঘনিশ্বাস শুনা ষাইতেছিল।

এমন সময়ে মনোরমা ঘরের প্রবেশ্বারে দাঁড়াইলেন। বিপরীত দিক হইতে কেরোসিনের আলো আসিয়া তাঁহার মূখের উপর পড়িল। আলো-আঁথারে লাগিয়া তিনি কিছুক্ষণ ঘরের কিছুই দেখিতে না পাইয়া বারের নিকট দাঁড়াইয়া ইতন্তত করিতে লাগিলেন।

আমার দ্রী চমকিয়া আমার হাত ধরিয়া জিজ্ঞাসা করিলেন, "ও কে!"— তাঁহার
নেই তুর্বল অবস্থায় হঠাৎ অচেনা লোক দেখিয়া ভয় পাইয়া আমাকে তুই-তিনবার
অক্ট্রুরে প্রশ্ন করিলেন, "ও কে! ও কে গো!"

আমার কেমন ত্রবৃদ্ধি হইল আমি প্রথমেই বলিয়া ফেলিলাম, "আমি চিনি না।" বলিবামাত্রই কে যেন আমাকে কশাখাত করিল। পরের মুহুর্তেই বলিলাম, "ওঃ, আমাদের ডাক্তারবাব্র কন্তা।" দ্রী একবার আমার মৃথের দিকে চাহিলেন; আমি তাঁহার মৃথের দিকে চাহিতে পারিলাম না। পরক্ষণেই তিনি ক্ষীণস্বরে অভ্যাগতকে বলিলেন, "আপনি আহ্বন।" আমাকে বলিলেন, "আলোটা ধরো।"

মনোরমা দরে আসিয়া বসিলেন। তাঁহার সহিত রোগিণীর অল্পন্ন আলাপ চলিতে লাগিল। এমন সময় ডাক্তারবাব আসিয়া উপস্থিত হইলেন।

তিনি তাঁহার ডাক্তারখানা হইতে ছই শিশি ওর্ধ সঙ্গে আনিয়াছিলেন। সেই ছটি শিশি বাহির করিয়া আমার স্ত্রীকে বলিলেন, "এই নীল শিশিটা মালিশ করিবার, আর এইটি থাইবার। দেখিবেন, ছইটাতে মিলাইবেন না, এ ওর্ধটা ভারি বিষ।"

আমাকেও একবার সতর্ক করিয়া দিয়া ঔষধ ছটি শয্যাপার্শ্বর্তী টেবিলে রাখিয়া দিলেন। বিদায় লইবার সময় ভাক্তার তাঁহার কন্তাকে ডাকিলেন।

মনোরমা কহিলেন, "বাবা, আমি থাকি না কেন। সঙ্গে দ্বীলোক কেহ নাই, ইহাকে সেবা করিবে কে?"

আমার স্ত্রী ব্যস্ত হইয়া উঠিলেন; বলিলেন, "না, না, আপনি কট করিবেন না। পুরানো ঝি আছে, সে আমাকে মায়ের মতো যত্ন করে।"

ডাক্তার হাসিয়া বলিলেন, "উনি মা-লন্ধী, চিরকাল পরের সেবা করিয়া আসিয়াছেন, অক্সের সেবা সহিতে পারেন না।"

কন্তাকে লইয়া ডাক্তার গমনের উদ্যোগ করিতেছেন এমন সময় আমার স্ত্রী বলিলেন, "ডাক্তারবাব্, ইনি এই বন্ধঘরে অনেকক্ষণ বসিয়া আছেন, ইহাকে একবার বাহিরে বেড়াইয়া লইয়া আসিতে পারেন ?"

ভাক্তারবাব আমাকে কহিলেন, "আহ্বন-না, আপনাকে নদীর ধার হইয়া একবার বেড়াইয়া আনি।"

আমি ঈষং আপত্তি দেখাইয়া অনতিবিলম্বে সম্মত হইলাম। ডাক্তারবাব্ ষাইবার সময় তুই শিশি ঔষধ সম্বন্ধে আবার আমার স্ত্রীকে সতর্ক করিয়া দিলেন।

সেদিন ডাক্তারের বাড়িতেই আহার করিলাম। ফিরিয়া আসিতে রাত হইল। আসিয়া দেখি আমার স্থী ছট্ফট্ করিতেছেন। অস্থতাপে বিদ্ধ হইয়া জিজ্ঞাসা করিলাম, "তোমার কি ব্যথা বাড়িয়াছে।"

তিনি উত্তর করিতে পারিলেন না, নীরবে আমার মৃথের দিকে চাহিলেন। তথন তাঁহার কঠরোধ হইয়াছে।

আমি তৎক্ষণাং সেই রাত্রেই ডাক্তারকে ডাকাইয়া আনিলাম। ডাক্তার প্রথমটা আসিয়া অনেকক্ষণ কিছুই বৃঝিতে পারিলেন না। অর্থেষে खिळांना कतितन, "त्नहे गाथां। कि वाषित्रा উठित्राह्य। 'अवश्वी अकवात यानिन' कतितन हम ना ?"

विषया निनिधा टिविन इहेट्ड नहेबा दिश्लिन, त्में थिन।

আমার স্থীকে জিজ্ঞাসা করিলেন, আপনি কি ভূল করিয়া এই ওষ্ধটা থাইয়াছেন ?" আমার স্থী ঘাড় নাড়িয়া নীরবে জানাইলেন, "হা।"

ভাক্তার তৎক্ষণাৎ গাড়ি করিয়া তাঁহার বাড়ি হইতে পাস্প্ আনিতে ছুটিলেন। আমি অর্ধমূছিতের স্থায় আমার স্ত্রীর বিছানার উপর গিয়া পড়িলাম।

তথন, মাতা তাহার পীড়িত শিশুকে যেমন করিয়া সান্ধনা করে তেষনি করিয়া তিনি আমার মাথা তাঁহার বন্দের কাছে টানিয়া লইয়া হই হন্তের স্পর্শে আমাকে তাঁহার মনের কথা ব্ঝাইতে চেষ্টা করিলেন। কেবল তাঁহার সেই করুণ স্পর্শের ঘারাই আমাকে বারংবার করিয়া বলিতে লাগিলেন, "শোক করিয়ো না, ভালোই হইয়াছে, তুমি স্থী হইবে, এবং সেই মনে করিয়া আমি স্থথে মরিলাম।"

ডাক্তার যথন ফিরিলেন, তথন জীবনের সঙ্গে সঙ্গে আমার স্ত্রীর সকল যত্রণার অবসান হইয়াছে।

দক্ষিণাচরণ আর-একবার জল থাইয়া বলিলেন, "উ:, বড়ো গরম।" বলিয়া ক্রন্ড বাহির হইয়া বারকয়েক বারান্দায় পায়চারি করিয়া আসিয়া বসিলেন। বেশ বোঝা গেল, তিনি বলিতে চাহেন না কিন্তু আমি যেন জাত্ব করিয়া তাঁহার নিকট হইতে কথা কাড়িয়া লইতেছি। আবার আরম্ভ করিলেন—

यत्नात्रयां विवाद कतिया (मर्प्य कितिनाय।

মনোরমা তাহার পিতার সমতিক্রমে আমাকে বিবাহ করিল; কিন্ধ আমি যথন তাহাকে আদরের কথা বলিতাম, প্রেমালাপ করিয়া তাহার হৃদয় অধিকার করিবার চেটা করিতাম, সে হাসিত না, গন্তীর হইয়া থাকিত। তাহার মনের কোথায় কোন্থানে কী থটকা লাগিয়া গিয়াছিল, আমি কেমন করিয়া বৃথিব ?

এইসময় আমার মদ খাইবার নেশা অত্যন্ত বাড়িয়া উঠিল।

একদিন প্রথম শরতের সদ্ধায় মনোরমাকে মইয়া আমাদের বরানগরের বাগানে বেড়াইতেছি। ছম্ছমে অদ্ধকার হইয়া আসিয়াছে। পাথিদের বাসায় ডানা ঝাড়িবার শক্টুকুও নাই। কেবল বেড়াইবার পথের ছইধারে ঘনছায়ারত ঝাউগাছ বাতাসে সশব্দে কাঁপিতেছিল।

প্রাস্থি বোধ করিতেই মনোরমা সেই বক্লতলার শুদ্র পাথরের বেদীর উপর আসিয়া নিজের তুই বাহুর উপর মাথা রাথিয়া শয়ন করিল। আমিও কাছে আসিয়া বিলাম।

সেখানে অন্ধকার আরো ঘনীভূত; যতটুকু আকাশ দেখা যাইতেছে একেবারে তারায় আচ্ছন্ন; তরুতলের ঝিলিধ্বনি যেন অনস্কগগনবক্ষচ্যুত নিঃশব্দতার নিরপ্রাস্তে একটি শব্দের সরু পাড় বুনিয়া দিতেছে।

সেদিনও বৈকালে আমি কিছু মদ থাইয়াছিলাম, মনটা বেশ একটু তরলাবস্থায় ছিল। অন্ধকার যথন চোখে সহিয়া আসিল তখন বনচ্ছায়াতলে পাতৃর বর্ণে অন্ধিত সেই শিখিল-অঞ্চল প্রান্তকায় রমণীর আবছায়া মৃতিটি আমার মনে এক অনিবার্ণ আবেণের সঞ্চার করিল। মনে হইল, ও যেন একটি ছায়া, পুকে যেন কিছুতেই ছই বাছ দিয়া ধরিতে পারিব না।

এমন সময় অন্ধকার ঝাউগাছের শিখরদেশে ষেন আগুন ধরিয়া উঠিল; তাহার পরে রুফপক্ষের জীর্ণপ্রান্ত হলুদবর্ণ চাদ ধীরে ধীরে গাছের মাথার উপরকার আকাশে আরোহণ করিল; সাদা পাথরের উপর সাদা শাড়িপরা সেই প্রান্তশমান রমণীর ম্থের উপর জ্যোৎসা আসিয়া পড়িল। আমি আর থাকিতে পারিলাম না। কাছে আসিয়া হই হাতে তাহার হাতটি তুলিয়া ধরিয়া কহিলাম, "মনোরমা, তুমি আমাকে বিশাস কর না, কিছু তোমাকে আমি ভালোবাসি। তোমাকে আমি কোনোকালে ভুলিতে পারিব না।"

কথাটা বলিবামাত্র চমকিয়া উঠিলাম; মনে পড়িল, ঠিক এই কথাটা আর একদিন আর কাহাকেও বলিয়াছি! এবং সেই মূহুর্ভেই বকুলগাছের শাখার উপর দিয়া ঝাউগাছের মাথার উপর দিয়া, রুঞ্চপক্ষের পীতবর্ণ ভাঙা চাঁদের নীচে দিয়া গলার পূর্বপার হইতে গলার স্থান পশ্চিম পার পর্যন্ত হাহা— হাহা— হাহা— করিয়া অতি ক্রতবেগে একটা হাসি বহিয়া গেল। দেটা মর্মভেদী হাসি কি অন্তর্ভেদী হাহাকার, বলিতে পারি না। আমি তদ্দণ্ডেই পাথরের বেদীর উপর হইতে মূর্ছিত হইয়া নীচে পড়িয়া গেলাম।

মূর্ছাভকে দেখিলাম, আমার ঘরে বিছানায় শুইয়া আছি। স্থী জিজ্ঞানা করিলেন, "তোমার হঠাৎ এমন হইল কেন?"

আমি কাঁপিয়া উঠিয়া বলিলাম, "ভনিতে পাও নাই, সমস্ত আকাশ ভরিয়া হাহা করিয়া একটা হাসি বহিয়া গেল ?"

স্ত্রী হাসিয়া কহিলেন, "সে বৃঝি হাসি? সার বাঁধিয়া দীর্ঘ একঝাঁক পাঝি উড়িয়া গেল, তাহাদেরই পাথার শব্দ শুনিয়াছিলাম। তুমি এত অল্লেই ভন্ন পাও?" দিনের বেলার স্পষ্ট ব্ঝিতে পারিলাম, পাথির ঝাঁক উড়িবার লক্ষই বটে, এই সময়ে উত্তরদেশ হইতে হংসপ্রেণী নদীর চরে চরিবার জন্ত আসিতেছে। কিন্তু সন্ধ্যা হইলে সে বিশাস রাখিতে পারিভাম না। তখন মনে হইভ, চারি দিকে সমস্ত অন্ধ্যার ভরিয়া ঘন হাসি জমা হইয়া রহিয়াছে, সামান্ত একটা উপলক্ষে হঠাং আকাশ ভরিয়া অন্ধ্যার বিদীর্ণ করিয়া ধ্বনিত হইয়া উঠিবে। অবশেষে এমন হইল, সন্ধ্যার পর মনোরমার সহিত্ত একটা কথা বলিতে আমার সাহস হইত না।

তথন আমাদের বরানগরের বাড়ি ছাড়িয়া মনোরমাকে লইয়া বোটে করিয়া বাছির হইলাম। অগ্রহায়ণ মালে নদীর বাডালে দমন্ত ভর চলিয়া গেল। কয়দিন বড়ো হথে ছিলাম। চারি দিকের সৌন্দর্যে আরুষ্ট হইয়া মনোরমাও বেন ভাহার হদয়ের রুদ্ধ বার অনেকদিন পরে ধীরে ধীরে আমার নিকট খুলিতে লাগিল।

গঙ্গা ছাড়াইয়া খ'ড়ে ছাড়াইয়া অবশেষে পদায় আসিয়া পৌছিলাম। ভয়ংকরী পদা তথন হেমন্ডের বিবরলীন ভ্জকিনীর মতো ক্বল নির্জীবভাবে স্থদীর্ঘ শীতনিদ্রায় নিবিষ্ট ছিল। উত্তর পারে জনশৃত্য তৃণশৃত্য দিগন্তপ্রসারিত বালির চর ধৃ ধৃ করিতেছে, এবং দক্ষিণের উচ্চ পাড়ের উপর গ্রামের আমবাগানগুলি এই রাক্ষ্সী নদীর নিতান্ত মুপের কাছে কোড়হন্তে দাঁড়াইয়া কাঁপিতেছে; পদা ঘুমের ঘোরে এক-একবার পাশ ফিরিতেছে এবং বিদীর্গ ভটভূমি মুপ্ ঝাপ্ করিয়া ভাঙিয়া ভাঙিয়া পড়িতেছে।

**এইখানে বেড়াইবার স্থবিধা দেখিয়া বোট বাঁধিলাম**।

একদিন আমরা ত্ই জনে বেড়াইতে বেড়াইতে বহুদ্রে চলিয়া গোলাম। স্থান্তের ম্বর্গন্ধা মিলাইয়া যাইতেই শুরুপক্ষের নির্মল চন্দ্রালোক দেখিতে দেখিতে ফুটিয়া উঠিল। সেই অন্তহীন শুল্ল বালির চরের উপর যথন অজল্ল আবারিত উচ্চুদিত জ্যোৎলা একেবারে আকাশের সীমান্ত পর্যন্ত প্রসারিত হইয়া গোল, তখন মনে হইল বেন জনশৃন্ত চন্দ্রালোকের অসীম স্বপ্ররাজ্যের মধ্যে কেবল আমরা তই জনে ভ্রমণ করিতেছি। একটি লাল শাল মনোরমার মাথার উপর হইতে নামিয়া তাহার মুখখানি বেইন করিয়া তাহার শরীরটি আচ্ছন্ত করিয়া রহিয়াছে। নিজকতা যখন নিবিড় হইয়া আদিল, কেবল একটি সীমাহীন দিশাহীন শুল্লতা এবং শৃন্ততা ছাড়া যখন আর কিছুই রহিল না, তখন মনোরমা ধীরে ধীরে হাতটি বাহির করিয়া আমার হাত চাপিয়া ধরিল; অত্যন্ত কাছে আদিয়া সে যেন তাহার সমস্ত শরীরমন জীবনধৌবন আমার উপর বিক্তন্ত করিয়া নিতান্ত নির্ভর করিয়া দাঁড়াইল। পুলকিত উদ্বেলিত হদমে মনে করিলাম, মরের মধ্যে কি মথেই ভালোবাসা বায়। এইরপ অনাব্রত অবারিত অনস্ত আকাশ নহিলে কি ছটি মাহুষকে কোখাও ধরে। তখন মনে হইল, আমাদের ম্বর নাই, জোবাণ্ড ক্রিবার নাই, এমনি

করিয়া হাতে হাতে ধরিয়া গম্যহীন পথে উদ্দেশ্যহীন শ্রমণে চক্রালোকিত পৃক্ততার উপর দিয়া অবারিত ভাবে চলিয়া যাইব।

এইরপে চলিতে চলিতে এক জায়গায় আসিয়া দেখিলাম, সেই বালুকারাশির মাঝখানে অদ্রে একটি জলাশয়ের মতো হইয়াছে— পদ্মা সরিয়া যাওয়ার পর সেইখানে জল বাধিয়া আছে।

সেই মক্বালুকাবেষ্টিত নিন্তরঙ্গ নিষ্পু নিশ্চল জলটুকুর উপরে একটি স্থদীর্ঘ জ্যোৎস্নার রেখা মৃষ্টিতভাবে পড়িয়া আছে। সেই জায়গাটাতে আসিয়া আমরা ছই জনে দাঁড়াইলাম— মনোরমা কী ভাবিয়া আমার মৃথের দিকে চাহিল, তাহার মাধার উপর হইতে শালটা হঠাৎ থসিয়া পড়িল। আমি তাহার সেই জ্যোৎস্নাবিকশিত মৃথখানি তুলিয়া ধরিয়া চুম্বন করিলাম।

সেইসময় সেই জনমানবশৃশ্য নিঃসঙ্গ মরুভূমির মধ্যে গন্ধীরশ্বরে কে তিনবার বলিয়া উঠিল, "ও কে ? ও কে ? ও কে ?"

আমি চমকিয়া উঠিলাম, আমার স্থাও কাঁপিয়া উঠিলেন। কিন্তু পরক্ষণেই আমরা ছই জনেই বৃঝিলাম, এই শব্দ মাহুষিক নহে, অমাহুষিকও নহে— চরবিহারী জলচর পাথির ডাক। হঠাৎ এত রাত্রে তাহাদের নিরাপদ নিভৃত নিবাসের কাছে লোকসমাগম দেখিয়া চকিত হইয়া উঠিয়াছে।

সেই ভয়ের চমক থাইয়া আমরা হুই জনেই তাড়াতাড়ি বোটে ফিরিলাম। রাত্রে বিছানায় আসিয়া শুইলাম; প্রান্তশরীরে মনোরমা অবিলমে ব্যাইয়া পড়িল। তথন অন্ধকারে কে একজন আমার মশারির কাছে দাড়াইয়া স্বষ্প্ত মনোরমার দিকে একটিমাত্র দীর্ঘ শীর্ণ অন্থিসার অন্থলি নির্দেশ করিয়া বেন আমার কানে কানে অত্যন্ত চুপিচুপি অন্থটকঠে কেবলই জিজ্ঞাসা করিতে লাগিল, "ও কে ? ও কে ? ও কে গো?"

তাড়াতাড়ি উঠিয়া দেশালাই জালাইয়া বাতি ধরাইলাম। সেই মৃহুর্তেই ছায়ামৃতি
মিলাইয়া গিয়া, আমার মশারি কাঁপাইয়া, বোট ছলাইয়া, আমার সমস্ত ঘর্মাক্ত শরীরের
রক্ত হিম করিয়া দিয়া হাহা—হাহা—হাহা করিয়া একটা হাদি অন্ধকার রাত্রির ভিতর
দিয়া বহিয়া চলিয়া গেল। পদ্মা পার হইল, পদ্মার চর পার হইল, তাহার পরবর্তী
সমস্ত হপ্ত দেশ গ্রাম নগর পার হইয়া গেল— যেন তাহা চিরকাল ধরিয়া দেশদেশান্তর
লোকলোকান্তর পার হইয়া ক্রমশ কীণ ক্ষীণতর ক্ষীণতম হইয়া অসীম হৃদ্রে চলিয়া
যাইতেছে; ক্রমে যেন তাহা জয়য়য়ত্যুর দেশ ছাড়াইয়া গেল, ক্রমে তাহা যেন স্ফির
অগ্রভাগের য়ায় ক্ষীণতম হইয়া আসিল, এত ক্ষীণ শব্দ কথনো শুনি নাই, কয়না করি
নাই; আমার মাধার মধ্যে যেন অনস্ত আকাশ রহিয়াছে এবং দেই শব্দ ষতই দুরে

বাইতেছে কিছুতেই আমার মন্তিকের সীমা ছাড়াইতে পারিতেছে না; অবশেষে বখন একান্ত অসহ হইয়া আসিল তখন ভাবিলাম, আলো নিবাইয়া না দিলে ঘুমাইতে পারিব না। ধেমন আলো নিবাইয়া শুইলাম অমনি আমার মশারির পাশে, আমার কানের কাছে, অন্ধকারে আবার সেই অবক্রম শ্বর বলিয়া উঠিল, "ও কে, ও কে, ও কে গো।" আমার বুকের রক্তের ঠিক সমান ভালে ক্রমাগতই ধ্বনিত হইতে লাগিল, "ও কে, ও কে, ও কে, ও কে গো।" সেই গভীর রাত্রে নিস্তম্ধ বোটের মধ্যে আমার গোলাকার ঘড়িটাও সজীব হইয়া উঠিয়া তাহার ঘন্টার কাঁটা মনোরমার দিকে প্রসারিত করিয়া শেলফের উপর হইতে ভালে ভালে বলিতে লাগিল, "ও কে, ও কে, ও কে গো।"

বলিতে বলিতে দক্ষিণাবাবু পাংশুবর্ণ হইয়া আদিলেন, তাঁহার কণ্ঠস্বর ক্লম হইয়া আদিল। আমি তাঁহাকে স্পর্শ করিয়া কহিলাম, "একটু জল খান।" এমন সময় হঠাৎ আমার কেরোদিনের শিখাটা দপ দপ করিতে করিতে নিবিয়া গেল। হঠাৎ দেখিতে পাইলাম, বাহিরে আলো হইয়াছে। কাক ডাকিয়া উঠিল। দোয়েল শিশ দিতে লাগিল। আমার বাড়ির সম্মুখবর্তী পথে একটা মহিষের গাড়ির কাঁচি কাঁচি শব্দ জাগিয়া উঠিল। তখন দক্ষিণাবাবুর মৃথের ভাব একেবারে বদল হইয়া গেল। ভয়ের কিছুমাত্র চিহ্ন রহিল না। রাত্রির কৃহকে, কাল্পনিক শকার মন্তভায় আমার কাছে যে এত কথা বলিয়া ফেলিয়াছেন সেজ্জ্ব যেন অভাস্ক লক্ষিত এবং আমার উপর আন্তরিক ক্রম হইয়া উঠিলেন। শিষ্টসভাষণমাত্র না করিয়া অকমাৎ উঠিয়া ফ্রভবেগে চলিয়া গেলেন।

সেইদিনই অর্ধরাত্রে আবার আমার দ্বারে আসিয়া ঘা পড়িল, "ডাক্রার ! ডাক্রার !"
মাষ ১৩০১

#### আপদ

সন্ধার দিকে বড় ক্রমণ প্রবল হইতে লাগিল। বৃষ্টির ঝাপট, বজ্লের শব্দ এবং বিছ্যতের বিকমিকিতে আকাশে ধেন হ্রাহ্রের যুদ্ধ বাধিয়া গেল। কালো কালো মেদগুলো মহাপ্রলয়ের জয়পতাকার মতো দিগ্ বিদিকে উড়িতে আরম্ভ করিল, গন্ধার এপারে ওপারে বিশ্রোহী ঢেউগুলো কলশব্দে নৃত্য জুড়িয়া দিল, এবং বাগানের বড়ো বড়ো গাছগুলো সমস্ত শাবা ঝটুপটু করিয়া হাহতাশ সহকারে দক্ষিণে বামে লুটোপ্টি করিতে লাগিল।

তখন চন্দননগরের বাগানবাড়িতে একটি দীপালোকিত রুদ্ধ কক্ষে থাটের সমূধবর্জী নীচের বিছানায় বসিয়া স্ত্রী-পুরুষে কথাবার্তা চলিতেছিল।

শরংবাবু বলিতেছিলেন, "আর কিছুদিন থাকিলেই তোমার শরীর সম্পূর্ণ সারিয়া উঠিবে, তথন আমরা দেশে ফিরিতে পারিব।"

কিরণমন্নী বলিতেছিলেন, "আমার শরীর সম্পূর্ণ সারিন্না উঠিয়াছে, এখন দেশে ফিরিলে কোনো ক্ষতি হইবে না।"

বিবাহিত ব্যক্তিমাত্রেই বৃঝিতে পারিবেন, কথাটা ষত সংক্ষেপে রিপোর্ট করিলাম তত সংক্ষেপে শেষ হয় নাই। বিষয়টি বিশেষ ত্রহ নয়, তথাপি বাদপ্রতিবাদ কিছুতেই মীমাংসার দিকে অগ্রসর হইতেছিল না; কর্ণহীন নৌকার মতো ক্রমাগতই ব্রু থাইয়া মরিতেছিল; অবশেষে অঞ্রতরকে ভূবি হইবার সম্ভাবনা দেখা দিল।

শরং কহিলেন, "ডাক্তার বলিতেছে, আর কিছুদিন থাকিয়া গেলে ভালো হয়।" কিরণ কহিলেন, "তোমার ডাক্তার তো সব জানে!"

শরৎ কহিলেন, "জান তো, এই সময়ে দেশে নানাপ্রকার ব্যামোর প্রাত্তাব হয়, অতএব আর মাস হয়েক কাটাইয়া গেলেই ভালো হয়।"

কিরণ কহিলেন, "এখানে এখন বৃঝি কোথাও কাহারো কোনো ব্যামো হয় না!"

পূর্ব ইতিহাসটা এই। কিরণকে তাহার ঘরের এবং পাড়ার সকলেই ভালোবাসে, এমন-কি, শান্তভি পর্যন্ত। সেই কিরণের যথন কঠিন পীড়া হইল তথন সকলেই চিস্তিত হইয়া উঠিল, এবং ডাক্রার যথন বায়ুপরিবর্তনের প্রন্তাব করিল, তথন গৃহ এবং কাব্রুকর্ম ছাড়িয়া প্রবাদে যাইতে তাহার স্বামী এবং শান্তভি কোনো আপত্তি করিলেন না। যদিও গ্রামের বিবেচক প্রাক্ত ব্যক্তিমাত্রেই, বায়ুপরিবর্তনে আরোগ্যের আশা করা এবং স্বীর ক্রন্ত এতটা হুলমূল করিয়া তোলা, নব্য স্থেণতার একটা নির্লক্ষ আতিশয়্য বলিয়া হির করিলেন এবং প্রশ্ন করিলেন, ইতিপূর্বে কি কাহারো স্বীর কঠিন পীড়া হয় নাই, শরং ধেখানে যাওয়া হির করিয়াছেন দেখানে কি মাহুষরা অমর, এবং এমন কোনো দেশ আছে কি যে অদৃষ্টের লিপি সফল হয় না— তথাপি শরৎ এবং তাঁহার মা লে-সকল ক্যায় কর্ণণাত করিলেন না; তথন গ্রামের সমন্ত সমবেত বিজ্ঞতার অপেকা তাঁহাদের হৃদয়লন্দ্বী কিরণের প্রাণটুকু তাঁহাদের নিকট গুরুতর বোধ হইল। প্রিশ্বব্যক্তির বিপদে মাহুষের এরপ মোহ ঘটয়া থাকে।

শরং চন্দননগরের বাগানে আসিয়া বাস করিতেছেন, এবং কিরণও রোগম্জ্ঞ হইয়াছেন, কেবল শরীর এখনো সম্পূর্ণ সবল হয় নাই। তাঁহার মুখে চক্ষে একটি সকল্প রূপতা অন্ধিত হইয়া আছে, যাহা দেখিলে হৎকম্পদহ মনে উদয় হয়, আহা বড়ো রক্ষা পাইয়াছে !

কিছ কিরণের স্বভাবটা সক্ষপ্রিয়, আমোদপ্রিয়। এখানে একলা আর ভালো লাগিতেছে না; তাহার ঘরের কাজ নাই, পাড়ার সন্ধিনী নাই; কেবল সমস্ত দিন আপনার কর পরীরটাকে লইয়া নাড়াচাড়া করিতে মন যায় না। ঘণ্টায় ঘণ্টায় দাগ মাপিয়া ঔষধ থাও, তাপ দাও, পথ্য পালন করো, ইহাতে বিরক্তি ধরিয়া গিয়াছে; আজ অড়ের সন্ধ্যাবেলার ক্ষরগৃহে স্বামীস্ত্রীতে তাহাই লইয়া আন্দোলন উপস্থিত হইয়াছিল।

কিরণ যতক্ষণ উত্তর দিতেছিল ততক্ষণ উভয়পক্ষে সমকক্ষভাবে ঘল্বযুদ্ধ চলিতেছিল, কিন্তু অবশেষে কিরণ যথন নিক্তর হইয়া বিনা প্রতিবাদে শরতের দিক হইতে দ্বিং বিম্থ হইয়া বাড় বাঁকাইয়া বসিল তখন ত্র্বল নিক্ষণায় পুক্ষটির আর কোনো অস্ত্র রহিল না। পরাভব স্বীকার করিবার উপক্রম করিতেছে, এমন সময় বাহির হইতে বেহারা উচ্চৈ:স্বরে কী একটা নিবেদন করিল।

শরৎ উঠিয়া হার থুলিয়া শুনিলেন, নৌকাড়ুবি হইয়া একটি ব্রাহ্মণবালক সাঁতার দিয়া তাঁহাদের বাগানে আসিয়া উঠিয়াছে।

শুনিয়া কিরণের মান-অভিমান দ্র হইয়া গেল, তৎক্ষণাৎ আলনা হইতে শুক্ষবন্ত বাহির করিয়া দিলেন এবং শীব্র একবাটি ত্রধ গরম করিয়া ব্রাহ্মণের ছেলেকে অন্তঃপুরে ভাকিয়া পাঠাইলেন।

ছেলেটির লম্বা চূল, বড়ো বড়ো চোধ, গোঁফের রেখা এখনো উঠে নাই। কিরণ ভাহাকে নিজে থাকিয়া ভোজন করাইয়া তাহার পরিচয় জিজ্ঞানা করিলেন।

শুনিদেন, সে যাত্রার দলের ছোকরা, তাহার নাম নীলকাস্ত। তাহারা নিকটবর্তী শিংহবাবৃদের বাড়ি যাত্রার অন্ত আহ্ত হইয়াছিল; ইতিমধ্যে নৌকাড়বি হইয়া তাহাদের দলের লোকের কী গতি হইল কে জানে; সে ভালো সাঁতার জানিত, কোনোমতে প্রাণরক্ষা করিয়াছে।

ছেলেটি এইখানেই রহিয়া গেল। আর একটু হইলেই সে মারা পড়িত, এই মনে করিয়া তাহার প্রতি কিরণের অত্যন্ত দয়ার উত্তেক হইল।

শরৎ মনে করিলেন, হইল ভালো, কিরণ একটা নৃতন কাল হাতে পাইলেন, এখন কিছুকাল এইভাবেই কাটিয়া যাইবে। ব্রাহ্মণবালকের কল্যাণে পুণ্যসঞ্চয়ের প্রত্যাশায় শাশুড়িও প্রসন্মতা লাভ করিলেন। এবং অধিকারী মহাশয় ও যমরাজের হাত হইতে সহসা এই ধনীপরিবারের হাতে বদলি হইয়া নীলকান্ত বিশেষ আরাম বোধ করিল।

কিন্তু অনতিবিলম্বে শর্থ এবং তাহার মাতার মত পরিবর্তন হইতে লাগিল। তাঁহারা ভাবিলেন, আর আবশুক নাই, এখন এই ছেলেটাকে বিদায় করিতে পারিলে আপদ ধায়।

নীলকান্ত গোপনে শরতের গুড়গুড়িতে ফড়্ ফড়্ শব্দে তামাক টানিতে আরম্ভ করিল। বৃষ্টির দিনে অমানবদনে তাঁহার শথের সিন্ধের ছাতাটি মাথায় দিয়া নববদ্দক্ষ্ম- চেষ্টায় পল্লীতে পর্যটন করিতে লাগিল। কোথাকার একটা মলিন গ্রাম্য কুকুরকে আদর দিয়া এমনি স্পর্যিত করিয়া তুলিল যে, সে অনাহত শরতের স্থসজ্জিত ঘরের মধ্যে প্রবেশ করিয়া নির্মল জাজিমের উপর পদপল্লবচত্ইয়ের ধ্লিরেথায় আপন গুভাগমন-সংবাদ স্থায়ীভাবে মৃত্রিত করিয়া আসিতে লাগিল। নীলকান্তের চত্দিকে দেখিতে দেখিতে একটি স্বর্থ ভক্তশিশুসম্প্রদায় গঠিত হইয়া উঠিল, এবং সে-বংসর গ্রামের আমকাননে কচি আম পাকিয়া উঠিবার অবদর পাইল না।

কিরণ এই ছেলেটিকে বড়ো বেশি আদর দিতেন, তাহাতে সন্দেহ নাই। শরং এবং শরতের মা সে বিষয়ে তাঁহাকে অনেক নিষেধ করিতেন, কিন্তু তিনি তাহা মানিতেন না। শরতের প্রাতন জামা মোজা এবং নৃতন ধৃতি চাদর জুতা পরাইয়া তিনি তাহাকে বাবু সাজাইয়া তুলিলেন। মাঝে মাঝে যথন তখন তাহাকে ডাকিয়া লইয়া তাঁহার শ্বেহ এবং কৌতৃক উভয়ই চরিতার্থ হইত। কিরণ সহাস্তম্থে পানের বাটা পাশে রাখিয়া খাটের উপর বসিতেন, দাসী তাঁহার ভিজে এলোচুল চিরিয়া চিরিয়া ঘরিয়া ঘরিয়া ভকাইয়া দিত এবং নীলকান্ত নীচে দাঁড়াইয়া হাত নাড়িয়া নলদময়ন্তীর পালা অভিনয় করিত— এইরপে দীর্ঘ মধ্যাহ অত্যন্ত শীল্ল কাটিয়া ঘাইত। কিরণ শরংকে তাঁহার সহিত একাদনে দর্শকপ্রেণীভৃক্ত করিবার চেষ্টা করিতেন, কিন্তু শরং অত্যন্ত বিরক্ত হইতেন এবং শরতের সম্মুধে নীলকান্তের প্রতিভাও সম্পূর্ণ স্ফুতি পাইত না। শান্তড়ি এক একদিন ঠাকুর-দেবতার নাম ভনিবার আশায় আকৃষ্ট হইয়া আসিতেন কিন্তু অবিলম্বে তাঁহার চিরাভ্যন্ত মধ্যাহ্নকালীন নিদ্রাবেশ ভক্তিকে অভিভৃত এবং তাঁহাকে শব্যাশায়ী করিয়া দিত।

শরতের কাছ হইতে কান্মলা চড়টা চাপড়টা নীলকান্তের অদৃষ্টে প্রায়ই জুটিড; কিন্তু তদপেকা কঠিনতর শাসনপ্রণালীতে আজন্ম অভ্যন্ত থাকাতে সেটা তাহার নিকট অপমান বা বেদনাজনক বোধ হইত না। নীলকান্তের দৃঢ় ধারণা ছিল যে, পৃথিবীর জলস্ববিভাগের স্থায় মানবজন্মটা আহার এবং প্রহারে বিভক্ত; প্রহারের অংশটাই অধিক।

নীলকান্তের ঠিক কত বয়স নির্ণয় করিয়া বলা কঠিন; যদি চোদ-পনেরো হয় তবে

বন্ধসের অপেক্ষা মৃথ অনেক পাকিয়াছে বলিতে হইবে, বদি সভেরো আঠারো হয় তবে বন্ধসের অন্তর্মণ পাক ধরে নাই। হয় সে অকালপক, নয় সে অকাল-অপক।

আসল কথা এই, সে অতি অল্প বয়সেই বাজার দলে ঢুকিয়া রাধিকা, দময়ন্তী, সীতা এবং বিভার সধী সাজিত। অধিকারীর আবশুকমতো বিধাতার বরে থানিক দ্র পর্যন্ত বাড়িয়া তাহার বাড় থামিয়া গেল। তাহাকে সকলে ছোটোই দেখিত, আপনাকেও সে ছোটোই জ্ঞান করিত, বয়সের উপযুক্ত সম্মান সে কাহারো কাছে পাইত না। এই সকল মাভাবিক এবং অম্বাভাবিক কারণ-প্রভাবে সতেরো বৎসর বয়সের সময় তাহাকে অনতিপক সতেরোর অপেকা অভিপরিপক চোদর মতো দেখাইত। গোঁকের রেখা না উঠাতে এই ভ্রম আরো দৃঢ়মূল হইয়াছিল। তামাকের ধোঁয়া লাগিয়াই হউক, বা বয়সাম্বাচিত ভাষা প্রয়োগবশতই হউক, নীলকান্তের ঠোঁটের কাছটা কিছু বেশি পাকা বোধ হইত, কিছু তাহার বৃহৎ তারাবিশিষ্ট হইটি চক্ষের মধ্যে একটা সারল্য এবং তাকণ্য ছিল। অমুমান করি, নীলকান্তের ভিতরটা স্বভাবত কাঁচা, কিছু ধাত্রার দলের তা' লাগিয়া উপরিভাগে পকতার লক্ষণ দেখা দিয়াছে।

শরংবাবুর আশ্রয়ে চন্দননগরের বাগানে বাস করিতে করিতে নীলকাস্তের উপর স্বভাবের নিয়ম অব্যাহতভাবে আপন কান্ধ করিতে লাগিল। সে এতদিন যে একটা বন্ধ:সন্ধিস্থলে অস্বাভাবিকভাবে দীর্ঘকাল থামিয়া ছিল এখানে আসিয়া সেটা কখন একসময় নিঃশব্দে পার হইয়া গেল। তাহার সতেরো-আঠারো বংসরের বয়ঃক্রম বেশ সম্পূর্ণভাবে পরিণত হইয়া উঠিল।

তাহার সে পরিবর্তন বাহির হইতে কাহারো চোখে পড়িল না কিন্তু তাহার প্রথম লক্ষণ এই বে, ষথন কিরণ নীলকান্তের প্রতি বালকযোগ্য ব্যবহার করিতেন সে মনে মনে লক্ষিত এবং ব্যথিত হইত। একদিন আমোদপ্রিয় কিরণ তাহাকে স্ত্রীবেশে সধী সাজিবার কথা বলিয়াছিলেন, সে-কথাটা অকস্মাৎ তাহার বড়োই কট্টদায়ক লাগিল অথচ তাহার উপযুক্ত কারণ খুঁজিয়া পাইল না। আজকাল তাহাকে যাত্রার অঞ্করণ করিতে ডাকিলেই সে অদৃশ্য হইয়া যাইত। সে বে একটা লক্ষীছাড়া যাত্রার দলের ছোকরার অপেক্ষা অধিক কিছু নয় এ কথা কিছুতে তাহার মনে লইত না।

এমন-কি, সে বাড়ির সরকারের নিকট কিছু কিছু করিয়া লেখাপড়া শিখিবার সংকর্ম করিল। কিন্তু বউঠাকক্ষনের স্নেহভাজন বলিয়া নীলকাস্তকে সরকার ছই চক্ষে দেখিতে পারিত না, এবং মনের একাগ্রতা রক্ষা করিয়া পড়াশুনা কোনোকালে অভ্যাস না থাকাতে অক্ষরগুলো তাহার চোথের সামনে দিয়া ভাসিয়া যাইত। গঙ্গার ধারে চাঁপাতলায় গাছের গুঁড়িতে ঠেসান দিয়া কোলের উপর বই থুলিয়া সে দীর্ঘকাল বসিয়া

থাকিত; জল ছল্ ছল্ করিত, নৌকা ভালিয়া ঘাইত, শাধার উপরে চক্কা অক্তমনক্ষ
পাথি কিচ্মিচ্ শব্দে স্থাত উক্তি প্রকাশ করিত, নীলকান্ত বইয়ের পাতায় চক্ষ রাখিয়া
কী ভাবিত সেই জানে অথবা সেও জানে না। একটা কথা হইতে কিছুতেই আরএকটা কথায় গিয়া পৌছিতে পারিত না, অথচ বই পড়িতেছি মনে করিয়া ভাহার ভারি
একটা আত্মগৌরব উপন্থিত হইত। সামনে দিয়া যথন একটা নৌকা ঘাইত তথন সে
আরো অধিক আড়ম্বরের সহিত বইখানা তুলিয়া বিড়্ বিড়্ করিয়া পড়ার ভান
করিত; দর্শক চলিয়া গেলে সে আর পড়ার উৎসাহ রক্ষা করিতে পারিত না।

পূর্বে দে অভ্যন্ত গানগুলো যন্ত্রের মতো ষথানিয়মে গাহিয়া ষাইত, এখন সেই গানের স্থান্তরগুলো তাহার মনে এক অপূর্ব চাঞ্চল্য সঞ্চার করে। গানের কথা অতি ষৎসামান্ত, তুচ্ছ অমুপ্রাদে পরিপূর্ণ, তাহার অর্থণ্ড নীলকান্তের নিকট সম্যক বোধগম্য নহে, কিন্তু ষধন সে গাহিত—

ওরে রাজহংস, জন্মি দ্বিজবংশে এমন নৃশংস কেন হলি রে— বল্ কী জ্ঞান্তে, এ অরণ্যে, রাজকান্তের প্রাণসংশয় করিলি রে—

তথন সে যেন সহসা লোকান্তরে জ্মান্তরে উপনীত হইত; তথন চারি দিকের অভ্যন্ত জ্মংটা এবং তাহার তৃচ্ছ জীবনটা গানে তর্জমা হইয়া একটা নৃতন চেহারা ধারণ করিত। রাজহংস এবং রাজকন্মার কথা হইডে তাহার মনে এক অপরপ ছবির আভাস জাগিয়া উঠিত, সে আপনাকে কী মনে করিত স্পষ্ট করিয়া বলা যায় না, কিন্তু যাত্রার দলের পিতৃ-মাতৃহীন ছোকরা বলিয়া ভূলিয়া যাইত। নিতান্ত অকিঞ্চনের ঘরের হতভাগ্য মলিন শিশু যথন সন্ধ্যাশয়ার শুইয়া রাজপুত্র রাজকন্মা এবং সাত রাজার ধন মানিকের কথা শোনে, তথন সেই ক্ষীণদীপালোকিত জীর্ণ গৃহকোণের অন্ধন্মার তাহার মনটা সমস্ত দারিত্রা ও হীনতার বন্ধন হইতে মৃক্ত হইয়া এক সর্বসন্তব রূপকথার রাজ্যে একটা নৃতন রূপ, উজ্জল বেশ এবং অপ্রতিহত ক্ষমতা ধারণ করে; সেইরূপ গানের হ্রেরে মধ্যে এই যাজার দলের ছেলেটি আপনাকে এবং আপনার জগংটিকে একটি নবীন আকারে কজন করিয়া তৃলিত— জলের ধ্বনি, পাতার শন্ধ, পাথির ডাক এবং যে লক্ষী এই লক্ষীছাড়াকে আজার দিয়াছেন তাঁহার সহাত্ম স্বেহ্ম্পচ্ছবি, তাঁহার কল্যাণমন্তিত বলয়বেটিত বাছ ছইখানি এবং হর্গভ ক্ষমর পুস্পদলকোমল রক্তিম চরণমূপল কী এক মায়ামন্তবলে রাগিণীর মধ্যে রূপান্তরিত হইয়া ঘাইত। আবার একসমন্ধ এই গীতিমরীচিকা কোথায় অপসারিত হইত, যাজার দলের নীলকান্ধ ঝাঁকড়া

চুল লইয়া প্রকাশ পাইড, আমবাগানের অধ্যক্ষ প্রতিবেশীর অভিযোগক্রমে শরং আসিয়া তাহার গালে ঠাস ঠাস করিয়া চড় ক্যাইয়া দিতেন, এবং বালক-ভক্তমগুলীর অধিনায়ক হইয়া নীলকান্ত অলে হলে এবং তরুশাথাগ্রে নব নব উপত্রব সঞ্জন করিছে বাহির হইড।

ইতিমধ্যে শরতের তাই সতীশ কলিকাতা কলেজের ছুটিতে বাগানে আসিয়া আজ্রম লইল। কিরণ তারি থুশি হইলেন, তাঁহার হাতে আর-একটি কাল্ল জুটিল; উপবেশনে আহারে আচ্ছাদনে সমবয়স্ক ঠাকুরপোর প্রতি পরিহাসপাশ বিস্তার করিতে লাগিলেন। কখনো হাতে সিঁত্র মাথিয়া তাহার চোথ টিপিয়া ধরেন, কখনো তাহার জামার পিঠে বাঁদর লিখিয়া রাখেন, কখনো ঝনাৎ করিয়া বাহির হইতে ধার ক্ষম করিয়া হললিত উচ্চহাস্তে পলায়ন করেন। সতীশও ছাড়িবার পাত্র নহে; সে তাঁহার চাবি চুরি করিয়া, তাঁহার পানের মধ্যে লহা পুরিয়া, অলক্ষিতে থাটের থ্রার সহিত তাঁহার আঁচল বাঁধিয়া প্রতিশোধ তুলিতে থাকে। এইরপে উভয়ে সমস্তদিন তর্জন ধাবন হাস্ত, এমন-কি, মাঝে মাঝে কলহ, ক্রন্দন, সাধাসাধি এবং পুনরায় শান্তিয়াপন চলিতে লাগিল।

নীলকান্তকে কী ভূতে পাইল কে জানে। সে কী উপলক্ষ করিয়া কাহার সহিত বিবাদ করিবে ভাবিয়া পায় না, অথচ ভাহার মন তীত্র ভিক্তরসে পরিপূর্ণ হইয়া গেল। সে ভাহার ভক্ত বালকগুলিকে অন্তায়রূপে কাঁদাইতে লাগিল, ভাহার সেই পোষা দিশি কুকুরটাকে অকারণে লাখি মারিয়া কেঁই কেঁই শব্দে নভোমগুল ধ্বনিত করিয়া তুলিল, এমন-কি, পথে ভ্রমণের সময় সবেগে ছড়ি মারিয়া আগাছাগুলার শাখাচ্ছেদন করিয়া চলিতে লাগিল।

ষাহারা তালো খাইতে পারে, তাহাদিগকে সমূথে বিদিয়া খাওয়াইতে কিরণ অত্যন্ত ভালোবাদেন। ভালো খাইবার ক্ষমতাটা নীলকান্তের ছিল, স্থাছ দ্রব্য পুন:পুন: খাইবার ক্ষমতাটা নীলকান্তের ছিল, স্থাছ দ্রব্য পুন:পুন: খাইবার ক্ষমরোধ তাহার নিকট কদাচ ব্যর্থ হইত না। এই ক্ষ্ম কিরণ প্রায় তাহাকে ভাকিয়া লইয়া নিজে থাকিয়া থাওয়াইতেন, এবং এই ব্রাহ্মণবালকের তৃপ্তিপূর্বক আহার দেখিয়া তিনি বিশেষ স্থ অহুভব করিতেন। সতীশ আসার পরে অনবসরবশত নীলকান্তের আহারহলে প্রায় মাঝে মাঝে কিরণকে অহুপস্থিত থাকিতে হইত; পূর্বে এরপ ঘটনায় তাহার ভোজনের কিছুমাত্র ব্যাঘাত হইত না, সে সর্বশেষে হথের বাটি ধুইয়া তাহার ক্লম্বন্ধ খাইয়া তবে উঠিত— কিন্ধ আক্ষকাল কিরণ নিজে ভাকিয়া না থাওয়াইলৈ তাহার বক্ষ ব্যথিত, তাহার মুথ বিশ্বাদ হইয়া উঠিত, না থাইয়া উঠিয়া পঞ্চিত; বালাক্ষকণ্ঠে দাসীকে বলিয়া যাইত, আমার ক্ষ্মা নাই। মনে করিত, কিরণ সংবাদ পাইয়া এথনি অহুতপ্রচিত্তে তাহাকে ডাকিয়া পাঠাইবেন, এবং থাইবার ক্ষ্ম

বারংবার অন্থরোধ করিবেন, সে তথাপি কিছুতেই সে অন্থরোধ পালন করিবে না, বলিবে, আমার ক্ষা নাই। কিছু কিরণকে কেহ সংবাদও দেয় না, কিরণ তাহাকে ডাকিয়াও পাঠান না; খাবার ষাহা থাকে দাসী খাইয়া ফেলে। তথন সে আপন শয়নগৃহের প্রদীপ নিবাইয়া দিয়া অন্ধকার বিছানার উপর পড়িয়া ফুলিয়া ফুলিয়া ফাঁপিয়া ফাঁপিয়া মৃথের উপর সবলে বালিশ চাপিয়া ধরিয়া কাঁদিতে থাকে; কিছু কী তাহার নালিশ, কাহার উপরে তাহার দাবি, কে তাহাকে সান্ধনা করিতে আসিবে! যথন কেহই আসে না, তথন স্বেহময়ী বিশ্বধাত্রী নিদ্রা আসিয়া ধীরে ধীরে কোমলকরস্পর্শে এই মাতৃহীন ব্যথিত বালকের অভিমান শাস্ক করিয়া দেন।

নীলকান্তের দৃঢ় ধারণা হইল, সতীশ কিরণের কাছে তাহার নামে সর্বদাই লাগায়; বেদিন কিরণ কোনো কারণে গন্তীর হইয়া থাকিতেন সেদিন নীলকান্ত মনে করিত, সতীশের চক্রান্তে কিরণ তাহারই উপর রাগ করিয়া আছেন।

এখন হইতে নীলকান্ত একমনে তীব্র আকাজ্ঞার সঙ্গে সর্বদাই দেবতার নিকট প্রার্থনা করে, "আর-জন্মে আমি যেন সতীশ হই এবং সতীশ যেন আমি হয়।" সে জানিত, ব্রাহ্মণের একান্ত মনের অভিশাপ কখনো নিক্ষল হয় না, এই জন্তু সে মনে মনে সতীশকে ব্রহ্মতেজে দগ্ধ করিতে গিয়া নিজে দগ্ধ হইতে থাকিত, এবং উপরের তলা হইতে সতীশ ও তাহার বউঠাকুরানীর উচ্ছুদিত উচ্চহাশ্তমিপ্রিত পরিহাসকলরব শুনিতে পাইত।

নীলকান্ত স্পষ্টত সতীশের কোনোরূপ শক্রতা করিতে সাহস করিত না, কিছ স্থোগমতো তাহার ছোটোথাটো অস্থবিধা ঘটাইয়া প্রীতিলাভ করিত। ঘাটের সোপানে সাবান রাথিয়া সতীশ ধথন গন্ধায় নামিয়া ডুব দিতে আরম্ভ করিত তথন নীলকান্ত ফস্ করিয়া আসিয়া সাবান চুরি করিয়া লইত, সতীশ ধথাকালে সাবানের সন্ধানে আসিয়া দেখিত, সাবান নাই। একদিন নাহিতে নাহিতে হঠাৎ দেখিল তাহার বিশেষ শথের চিকনের-কান্ত-করা জামাটি গন্ধার জলে ভাসিয়া ঘাইতেছে; ভাবিল, হাওয়ায় উড়িয়া গেছে, কিছ হাওয়াটা কোন্ দিক হইতে বহিল তাহা কেছ জানে না।

একদিন সতীশকে আমোদ দিবার জন্ত কিরণ নীলকান্তকে ডাকিয়া তাহাকে যাত্রার গান গাহিতে বলিলেন, নীলকান্ত নিক্তর হইয়া রহিল; কিরণ বিশ্বিত হইয়া জিজ্ঞাসাকরিলেন, "তোর আবার কী হল রে।" নীলকান্ত তাহার অবাব দিল না। কিরণ পুনশ্চ বলিলেন, "সেই গানটা গা-না।" "সে আমি ভুলে গেছি" বলিয়া নীলকান্ত চলিয়া গেল।

অবশেষে কিরণের দেশে ফিরিবার সময় হইল। সকলেই প্রস্তুত হইতে লাগিল; সতীশও সঙ্গে ঘাইবে। কিন্তু নীলকান্তকে কেহ কোনো কথাই বলে না। সে সঙ্গে বাইবে কি থাকিবে, সে প্রশ্নমাত্র কাহারো মনে উদন্ম হয় না।

কিরণ নীলকান্থকে সঙ্গে লইবার প্রস্তাব করিলেন। তাহাতে শাশুড়ি শামী এবং দেবর সকলেই একবাক্যে আপত্তি করিয়া উঠিলেন, কিরণও তাঁহার সংকল্প ত্যাগ করিলেন। অবশেষে ঘাত্রার তুই দিন আগে ব্রাহ্মণবালককে ভাকিয়া কিরণ তাহাকে শ্বেহবাক্যে সদেশে যাইতে উপদেশ করিলেন।

সে উপরি উপরি কয়দিন অবহেলার পর মিষ্টবাক্য শুনিতে পাইয়া আর থাকিতে পারিল না, একেবারে কাঁদিয়া উঠিল। কিরণেরও চোখ ছল্ছল্ করিয়া উঠিল; যাহাকে চিরকাল কাছে রাখা যাইবে না তাহাকে কিছুদিন আদর দিয়া তাহার মায়া বসিতে দেওয়া ভালো হয় নাই বলিয়া কিরণের মনে বড়ো অহতাপ উপস্থিত হইল।

সতীশ কাছে উপস্থিত ছিল; সে অতবড়ো ছেলের কান্না দেখিয়া ভারি বিরক্ত হইয়া বলিয়া উঠিল, "আরে মোলো, কথা নাই বার্তা নাই, একেবারে কাঁদিয়াই অন্থির!"

কিরণ এই কঠোর উক্তির জন্য সতীশকে ভৎসনা করিলেন। সতীশ কহিল, "তুমি বোঝ না বউদিদি, তুমি সকলকেই বড়ো বেলি বিশ্বাস করো; কোথাকার কে তাহার ঠিক নাই, এথানে আসিয়া দিব্য রাজার হালে আছে। আবার পুনর্ম্ বিক হইবার আশকায় আজ মায়াকারা জুড়িয়াছে— ও বেশ জানে যে, হুফোঁটা চোথের জল ফেলিলেই তুমি গলিয়া যাইবে।"

নীলকাস্ত তাড়াতাড়ি চলিয়া গেল; কিন্তু তাহার মনটা সতীশের কাল্পনিক যুতিকে ছুরি হইয়া কাটতে লাগিল, ছুঁচ হইয়া বিঁধিতে লাগিল, আগুন হইয়া জালাইতে লাগিল, কিন্তু প্রকৃত সতীশের গায়ে একটি চিহ্নাত্র বসিল না, কেবল তাহারই মর্মন্থল হইতে রক্তপাত হইতে লাগিল।

কলিকাতা হইতে সতীশ একটি শৌখিন দোয়াতদান কিনিয়া আনিয়াছিল, তাহাতে ছই পাশে ছই ঝিহুকের নৌকার উপর দোয়াত বসানো এবং মাঝে একটা জর্মন্ রৌপ্যের হাঁস উত্মুক্ত চঞ্পুটে কলম লইয়া পাখা মেলিয়া বিসিয়া আছে, সেটির প্রতি সতীশের অত্যন্ত যত্ম ছিল; প্রায় সে মাঝে মাঝে সিঙ্কের ক্লমাল দিয়া অতি সমত্মে সেটি ঝাড়পোঁচ করিত। কিরণ প্রায়ই পরিহাস করিয়া সেই রৌপ্যহংসের চঞ্চু-অগ্রভাগে অঙ্গুলির আঘাত করিয়া বলিতেন "ওরে রাজহংস, জন্মি বিজ্বংশে এমন নৃশংস কেন হলি রে" এবং ইহাই উপলক্ষ করিয়া দেবরে তাঁহাতে হাস্তকৌতৃকে বাগমৃদ্ধ চলিত।

বদেশবাত্রার আগের দিন সকালবেলায় সে জিনিসটা খুঁজিয়া পাওয়া গেল না। কিরণ হাসিয়া কহিলেন, "ঠাকুরপো, তোমার রাজহংস তোমার দময়ন্তীর অন্বেশণে উড়িয়াছে।"

কিন্তু সতীশ অগ্নিশর্মা হইয়া উঠিল। নীলকান্তই বে সেটা চুরি করিয়াছে সে-বিষয়ে তাহার সন্দেহমাত্র রহিল না— গতকলা সন্ধার সময় তাহাকে সতীশের ঘরের কাছে যুর যুর করিতে দেখিয়াছে, এমন সাক্ষীও পাওয়া গেল।

সতীশের সম্মুখে অপরাধী আনীত হইল। সেখানে কিরণও উপস্থিত ছিলেন। সতীশ একেবারেই তাহাকে বলিয়া উঠিলেন, "তুই আমার দোয়াত চুরি করে কোথায় রেখেছিস, এনে দে।"

নীলকান্ত নানা অপরাধে এবং বিনা অপরাধেও শরতের কাছে অনেক মার খাইয়াছে এবং বরাবর প্রফুল্লচিত্তে তাহা বহন করিয়াছে। কিন্তু কিরণের সমুথে যথন তাহার নামে দোয়াত চুরির অপবাদ আসিল, তথন তাহার বড়ো বড়ো হই চোখ আগুনের মতো জলিতে লাগিল; তাহার বুকের কাছটা ফুলিয়া কণ্ঠের কাছে ঠেলিয়া উঠিল; সতীশ আর একটা কথা বলিলেই সে তাহার হই হাতের দশ নথ লইয়া জুদ্দ বিভালশাবকের মতো সতীশের উপর গিয়া পড়িত।

তথন কিরণ তাহাকে পাশের ঘরে ডাকিয়া লইয়া মৃত্নিষ্টশ্বরে বলিলেন, "নীলু, যদি সেই দোয়াতটা নিয়ে থাকিস আমাকে আন্তে আন্তে দিয়ে যা, তোকে কেউ কিছু বলবে না।"

তথন নীলকান্তের চোথ ফাটিয়া টস্ টস্ করিয়া জল পড়িতে লাগিল, **অবশেষে** সে মুখ ঢাকিয়া কাঁদিতে লাগিল।

কিরণ বাহিরে আসিয়া বলিলেন, "নীলকান্ত কথনোই চুরি করে নি।"

শরং এবং সতীশ উভয়েই বলিতে লাগিলেন, "নিশ্চয়, নীলকাস্ত ছাড়া **জার কেহই** চুরি করে নি।"

कित्र मराल विलालन, "कथानार ना।"

শরৎ নীলকাস্তকে ডাকিয়া সভয়াল করিতে ইচ্ছা করিলেন, কিরণ বলিলেন, "না, উহাকে এই চুরি সম্বন্ধে কোনো কথা জিজ্ঞাসা করিতে পারিবে না।"

সতীশ কহিলেন, "উহার ঘর এবং বান্ধ খুঁ জিয়া দেখা উচিত।"

কিরণ বলিলেন, "তাহা যদি কর, তাহা হইলে তোমার সঙ্গে আমার জন্মশোধ আড়ি হইবে। নির্দোষীর প্রতি কোনোরপ সন্দেহ প্রকাশ করিতে পাইবে না।"

বলিতে বলিতে তাঁহার চোথের পাতা হই ফোঁটা জলে ভিজিয়া উঠিল। ভাছার

পর সেই তুটি কক্ষণ চক্ষর অঞ্জেলের দোহাই মানিয়া নীলকান্তের প্রতি আর কোনোরপ হস্তক্ষেপ করা হইল না।

নিরীহ আজিত বালকের প্রতি এইরপ অত্যাচারে কিরণের মনে অত্যন্ত দয়ার সঞ্চার হইল। তিনি তালো হইজোড়া ফরাশডাঙার ধুতিচাদর, হইট জামা, একজোড়া নৃতন জুতা এবং একটি দশ টাকার নোট লইয়া সন্ধ্যাবেলায় নীলকান্তের খরের মধ্যে প্রবেশ করিলেন। তাঁহার ইচ্ছা ছিল, নীলকান্তকে না বলিয়া সেই স্নেহ-উপহারগুলি আন্তে আন্তে তাহার বান্ধর মধ্যে রাখিয়া আদিবেন। টিনের বান্ধটিও তাঁহার দত্ত।

আঁচল হইতে চাবির গোচ্ছা লইয়া নিঃশব্দে সেই বান্ধ খুলিলেন। কিন্ত তাঁহার উপহারগুলি ধরাইতে পারিলেন না। বান্ধর মধ্যে লাটাই, কঞ্চি, কাঁচা আম কাটিবার জন্ম ঘদা বিহক, ভাঙা মাসের তলা প্রভৃতি নানা জাতীয় পদার্থ ভূপাকারে রক্ষিত।

কিরণ ভাবিলেন, বাশ্বটি ভালো করিয়া গুছাইয়া তাহার মধ্যে সকল জিনিস ধরাইতে পারিবেন। সেই উদ্দেশে বাশ্বটি থালি করিতে লাগিলেন। প্রথমে লাটাই লাঠিম ছুরি ছড়ি প্রভৃতি বাহির হইতে লাগিল; তাহার পরে থানকয়েক ময়লা এবং কাচা কাপড় বাহির হইল, তাহার পরে সকলের নীচে হঠাৎ সতীশের সেই বহুষত্বের রাজহংসশোভিত দোয়াতদানটি বাহির হইয়া আসিল।

কিরণ আশ্চর্য হইয়া আরক্তিমম্থে অনেককণ সেটি হাতে করিয়া লইয়া ভাবিতে লাগিলেন।

ইতিমধ্যে কখন নীলকান্ত পশ্চাং হইতে ঘরে প্রবেশ করিল তিনি তাহা জানিতেও পারিলেন না। নীলকান্ত সমস্তই দেখিল, মনে করিল, কিরণ স্বন্ধং চোরের মতো তাহার চুরি ধরিতে আদিয়াছেন এবং তাহার চুরিও ধরা পড়িয়াছে। সে বে সামান্ত চোরের মতো লোভে পড়িয়া চুরি করে নাই, সে বে কেবল প্রতিহিংসাসাধনের জন্ত এ কাজ করিয়াছে, সে বে ঐ জিনিসটা গলার জলে ফেলিয়া দিবে বলিয়াই ঠিক করিয়াছিল, কেবল এক মৃহুর্তের তুর্বলতাবশত ফেলিয়া না দিয়া নিজের বাক্সর মধ্যে পুরিয়াছে, সে-সকল কথা সে কেমন করিয়া ব্রাইবে। সে চোর নয়, সে চোর নয়! তবে সে কী। কেমন করিয়া বলিবে সে কী। সে চুরি করিয়াছে কিন্তু সে চোর নহে। কিরণ বে ভাহাকে চোর বলিয়া সন্দেহ করিয়াছেন, এ নিষ্ঠ্র জন্তান্ব সে কিন্তুতেই ব্রাইতেও পারিবে না, বহন করিতেও পারিবে না।

কিরণ একটি দীর্ঘনিশাস ফেলিয়া সেই দোয়াতদানটা বান্ধর ভিতরে রাখিলেন। চোরের মতো তাহার উপরে ময়লা কাপড় চাপা দিলেন, তাহার উপরে বালকের লাটাই লাঠি লাঠিম ঝিমুক কাঁচের টুকরা প্রভৃতি সমস্তই রাখিলেন এবং সর্বোপরি তাঁহার উপহারগুলি ও দশ টাকার নোটটি সাজাইয়া রাখিলেন।

কিন্তু পরের দিন সেই ব্রাহ্মণবালকের কোনো উদ্দেশ পাওয়া গেল না। গ্রামের লোকেরা বলিল, তাহাকে দেখে নাই; পুলিস বলিল, তাহার সন্ধান পাওয়া যাইতেছে না। তখন শরং বলিলেন, "এইবার নীলকান্তের বাক্সটা পরীক্ষা করিয়া দেখা যাক্।"

কিরণ জেদ করিয়া বলিলেন, "সে কিছুতেই হইবে না।"

বলিয়া বাক্সটি আপন ঘরে আনাইয়া দোয়াতটি বাহির করিয়া গোপনে গন্ধার জলে ফেলিয়া আসিলেন।

শরং সপরিবারে দেশে চলিয়া গেলেন; বাগান একদিনে শৃশু হইয়া গেল। কেবল নীলকান্তের সেই পোষা গ্রাম্য কুকুরটা আহার ত্যাগ করিয়া নদীর ধারে ধারে ঘুরিয়া ঘুরিয়া খুঁজিয়া খুঁজিয়া কাঁদিয়া কাঁদিয়া বেড়াইতে লাগিল।

ফান্ধন ১৩০১

### मिमि

#### প্রথম পরিচ্ছেদ

পল্লীবাসিনী কোনো এক হতভাগিনীর অন্তায়কারী অত্যাচারী স্বামীর **চ্ছাতিসকল** সবিস্তারে বর্ণনপূর্বক প্রতিবেশিনী তারা অত্যন্ত সংক্ষেপে নিজের রায় প্রকাশ করিয়া কহিল, "এমন স্বামীর মৃথে আগুন।"

শুনিয়া জয়গোপালবাব্র স্ত্রী শশী অত্যন্ত পীড়া অমুভব করিলেন— স্বামীজাতিব মুখে চুরটের আগুন ছাড়া অন্ত কোনো প্রকার আগুন কোনো অবস্থাতেই কামনা করা স্ত্রীজাতিকে শোভা পায় না।

অতএব এ সম্বন্ধে তিনি কিঞ্চিং সংকোচ প্রকাশ করাতে কঠিনহাদয় তারা বিগুণ উৎসাহের সহিত কহিল, "এমন স্বামী থাকার চেয়ে সাতজন্ম বিধবা হওয়া ভালো।" এই বলিয়া সে সভাভন্ন করিয়া চলিয়া গেল।

শশী মনে মনে কহিল, স্বামীর এমন কোনো অপরাধ কল্পনা করিতে পারি না, যাহাতে তাঁহার প্রতি মনের ভাব এত কঠিন হইয়া উঠিতে পারে। এই কথা মনের মধ্যে আলোচনা করিতে করিতেই তাহার কোমল হদয়ের সমস্ত প্রীতিরস তাহার প্রবাসী স্বামীর অভিমুখে উচ্ছুসিত হইয়া উঠিল; শ্যাতলে তাহার স্বামী যে অংশে শয়ন করিত লেই অংশের উপর বাছ প্রসারণ করিয়া পড়িয়া শৃষ্য বালিশকে চূম্বন করিল, বালিশের
মধ্যে স্বামীর মাধার আদ্রাণ অমুভব করিল এবং বার ক্ষম করিয়া কাঠের বান্ধ হইতে
স্বামীর একথানি বছকালের পৃপ্তপ্রায় ফোটোগ্রাফ এবং হাতের লেখা চিঠিগুলি বাহির
করিয়া বসিল। সেদিনকার নিশুক মধ্যাহ্ন এইরপে নিভৃত কক্ষে নির্জন চিস্তায় প্রাতন
স্বৃতিতে এবং বিষাদের অঞ্জলে কাটিয়া গেল।

শশিকলা এবং জয়গোপালের যে নবদাম্পত্য তাহা নহে। বাল্যকালে বিবাহ হইয়াছিল, ইতিমধ্যে সন্তানাদিও হইয়াছে। উভয়ে বহুকাল একত্রে অবস্থান করিয়া নিতান্ত সহজ সাধারণ ভাবেই দিন কাটিয়াছে। কোনো পক্ষেই অপরিমিত প্রেমোচ্ছাসের কোনো লক্ষণ দেখা যায় নাই। প্রায় যোল বৎসর একাদিক্রমে অবিচ্ছেদে যাপন করিয়া হঠাৎ কর্মবশে তাহার স্বামী বিদেশে চলিয়া যাওয়ার পর শশীর মনে একটা প্রবল প্রেমাবেগ জাগ্রত হইয়া উঠিল। বিরহের নারা বন্ধনে যতই টান পড়িল কোমল হদয়ে প্রেমের ফাঁস ততই শক্ত করিয়া আঁটিয়া ধরিল; ঢিলা অবস্থায় যাহার অতিত্ব অম্বভব করিতে পারে নাই এখন তাহার বেদনা টন্টন্ করিতে লাগিল।

তাই আজ এতদিন পরে এত বয়দে ছেলের মা হইয়া শলী বসস্তমধ্যাহ্ন নির্দ্ধন ঘরে বিরহশযায় উন্মেষিত্যোবনা নববধ্র স্থবস্থ দেখিতে লাগিল। যে প্রেম অজ্ঞাতভাবে জীবনের সম্মৃথ দিয়া প্রবাহিত হইয়া গিয়াছে সহসা আজ তাহারই কলগীতিশকে জাগ্রত হইয়া মনে মনে তাহারই উজান বাহিয়া হই তীরে বহুদ্বে অনেক সোনার পুরী অনেক ক্ষরন দেখিতে লাগিল— কিছু সেই অতীত স্থবসম্ভাবনার মধ্যে এখন আর পদার্পণ করিবার হান নাই। মনে করিতে লাগিল, "এইবার যখন স্থামীকে নিকটে পাইব তখন জীবনকে নীরস এবং বসম্ভকে নিক্ষল হইতে দিব না।" কতদিন কতবার তৃচ্ছ তর্কে সামাত্য কলহে স্থামীর প্রতি সে উপদ্রব করিয়াছে; আজ অমুতপ্রচিত্তে একাস্ত মনে সংকল্প করিল, আর কখনোই সে অসহিষ্কৃতা প্রকাশ করিবে না, স্থামীর ইচ্ছায় বাধা দিবে না, স্থামীর আদেশ পালন করিবে, প্রীতিপূর্ণ নম্র হৃদ্ধয়ে স্থামীর ভালোমন্দ সমস্ত আচরণ সছ্ করিবে— কারণ, স্থামী সর্বস্থ, স্থামী প্রিয়ত্ম, স্থামী দেবতা।

অনেকদিন পর্যন্ত শশিকলা তাহার পিতামাতার একমাত্র আদরের কন্তা ছিল। সেই অক্স অরগোপাল যদিও সামান্ত চাকরি করিত, তব্ ভবিষ্যতের জন্ত তাহার কিছুমাত্র ভাবনা ছিল না। পলীগ্রামে রাজভোগে থাকিবার পক্ষে তাহার শশুরের যথেষ্ট সম্পত্তি ছিল।

এমন সময় নিতাস্ত অকালে প্রায় বৃদ্ধবয়সে শশিকলার পিতা কালীপ্রসয়ের একটি পুত্রসস্তান জন্মিল। সত্য কথা বলিতে কি, পিতামাতার এইরূপ অনপেক্ষিত অসংগত অস্তায় আচরণে শনী মনে মনে অত্যম্ভ ক্ষ হইয়াছিল; অয়গোপালও সবিশেষ প্রীতিলাভ করে নাই।

অধিক বন্ধসের ছেলেটির প্রতি পিতামাতার ক্ষেহ অত্যন্ত ঘনীভূত হইন্না উঠিল। এই নবাগত, ক্ষুদ্রকায়, স্বন্ধপিপাঞ্চ, নিদ্রাত্র শ্রালকটি অজ্ঞাতসারে হই হুর্বল হন্তের অতি ক্ষুদ্র বন্ধমৃষ্টির মধ্যে জন্মগোপালের সমস্ত আশাভন্নসা যথন অপহরণ করিয়া বিশিল, তখন শে আশামের চা বাগানে এক চাকরি লইল।

নিকটবর্তী স্থানে চাকরির সন্ধান করিতে সকলেই তাহাকে পীড়াপীড়ি করিয়াছিল—
কিন্তু সর্বসাধারণের উপর রাগ করিয়াই হউক অথবা চা-বাগানে ক্রত বাড়িয়া উঠিবার
কোনো উপায় জানিয়াই হউক, জন্মগোপাল কাহারো কথায় কর্ণপাত করিল না;
শনীকে সন্তানসহ তাহার বাপের বাড়ি রাথিয়া সে আসামে চলিয়া গেল। বিবাহিত
জীবনে স্বামী-স্রীর এই প্রথম বিচ্ছেদ।

এই ঘটনায় শিশু ভ্রাতাটির প্রতি শশিকলার ভারি রাগ হইল। যে মনের আক্ষেপ
মৃথ ফুটিয়া বলিবার জো নাই তাহারই আক্রোশটা সব চেয়ে বেশি হয়। ক্ষুদ্র ব্যক্তিটি
আরামে স্তনপান করিতে ও চক্ষ্ মৃদিয়া নিদ্রা দিতে লাগিল এবং তাহার বড়ো
ভগিনীটি— হধ গরম, ভাত ঠাণ্ডা, ছেলের ইম্বলে যাণ্ডয়ার দেরি প্রভৃতি নানা উপলক্ষে
নিশিদিন মান অভিমান করিয়া অম্বির হইল এবং অম্বির করিয়া তুলিল।

অল্প দিনের মধ্যেই ছেলেটির মার মৃত্যু হইল; মরিবার পূর্বে জননী তাঁহার কন্সার হাতে শিশুপুত্রটিকে সমর্পণ করিয়া দিয়া গেলেন।

তথন অনতিবিলয়েই সেই মাতৃহীন ছেলেটি অনায়াসেই তাহার দিদির হাদয় অধিকার করিয়া লইল। হুছংকার শব্দপূর্বক সে যথন তাহার উপর ঝাঁপাইয়া পড়িয়া পরম আগ্রহের সহিত দস্তহীন ক্র্ম মুখের মধ্যে তাহার মুখ চক্ষ্ নাসিকা সমন্তটা গ্রাল করিবার চেটা করিত, ক্র্ম মুষ্টির মধ্যে তাহার কেশগুল্ছ লইয়া কিছুতেই দখল ছাড়িতে চাহিত না, স্বর্যোদয় হইবার পূর্বেই জাগিয়া উঠিয়া গড়াইয়া তাহার গায়ের কাছে আসিয়া কোমল স্পর্শে তাহাকে প্লকিত করিয়া মহাকলরব আরম্ভ করিয়া দিত; যথন ক্রমে সে তাহাকে জিজি এবং জিজিমা বলিয়া ভাকিতে লাগিল, এবং কাজকর্ম ও অবসরের সময় নিবিদ্ধ কার্য করিয়া, নিবিদ্ধ খাছ খাইয়া, নিবিদ্ধ হানে গমনপূর্বক তাহার প্রতি বিধিমতো উপত্রব আরম্ভ করিয়া দিল, তথন শলী আর থাকিতে পারিল না। এই ক্রেছাচারী ক্রম অত্যাচারীর নিকটে সম্পূর্ণরূপে আত্মসমর্পণ করিয়া দিল। ছেলেটির মা ছিল না বলিয়া, তাহার প্রতি তাহার আধিপত্য তের বেশি হইল।

#### ৰিভীয় পরিচ্ছের

ছেলেটির নাম হইল নীলমণি। তাহার বন্ধস বধন ত্ই বৎসর তথন তাহার পিতার কঠিন পীড়া হইল। অতি শীঘ্র চলিয়া আসিবার জন্ত জয়গোপালের নিকট পত্র গেল। জয়গোপাল যখন বহু চেটায় ছুটি লইয়া আসিয়া পৌছিল তথন কালীপ্রসঙ্গের মৃত্যুকাল উপস্থিত।

মৃত্যুর পূর্বে কালীপ্রসন্ন নাবালক ছেলেটির তত্তাবধানের ভার জন্মগোপালের প্রতি অর্পণ করিয়া তাঁহার বিষয়ের সিকি অংশ কন্তার নামে লিখিয়া দিলেন।

স্তরাং বিষয়রক্ষার জন্ত জয়গোপালকে কাজ ছাড়িয়া দিয়া চলিয়া আসিতে হইল। অকটা জড়পদার্থ ভাঙিয়া গেলে আবার ঠিক তাহার থাঁজে থাঁজে মিলাইয়া দেওয়া যায়, কিন্ত ঘটি মান্ন্যকে বেখানে বিচ্ছিন্ন করা হয় দীর্ঘ বিচ্ছেদের পর আর ঠিক সেখানে রেখায় রেখায় মেলে না। কারণ, মন জিনিসটা সজীব পদার্থ, নিমেষে নিমেষে তাহার পরিণতি এবং পরিবর্তন।

শশীর পক্ষে এই নৃতন মিলনে নৃতন ভাবের সঞ্চার হইল। সে যেন তাহার স্বামীকে ফিরিয়া বিবাহ করিল। পুরাতন দাম্পভাের মধ্যে চিরাভ্যাসবশত যে এক অসাড়ভা জনিয়া গিয়াছিল, বিরহের আকর্ষণে তাহা অপস্ত হইয়া সে তাহার স্বামীকে যেন প্রাপেক্ষা সম্পূর্ণতর ভাবে প্রাপ্ত হইল; মনে মনে প্রতিজ্ঞা করিল, যেমন দিনই আহ্বক, যতদিনই যাক, স্বামীর প্রতি এই দীপ্ত প্রেমের উজ্জ্বলভাকে কথনাই মান হইতে দিব না।

ন্তন মিলনে জনগোপালের মনের অবন্ধাটা অক্তরপ। পূর্বে ধখন উভরে অবিচ্ছেদে একতে ছিল, যথন দ্রীর দহিত তাহার সমন্ত স্বার্থের এবং বিচিত্র অভ্যাদের ঐক্যবন্ধন ছিল, স্থ্রী তখন জীবনের একটি নিত্য সত্য হইয়াছিল— তাহাকে বাদ দিতে গেলে দৈনিক অভ্যাসজালের মধ্যে সহসা অনেকথানি ফাঁক পড়িত। এইজন্য বিদেশে গিয়া জনগোপাল প্রথম প্রথম অগাধ জলের মধ্যে পড়িয়াছিল। কিন্তু ক্রমে তাহার সেই অভ্যাসবিক্ষেদের মধ্যে নৃতন অভ্যাদের তালি লাগিয়া গেল।

কেবল তাহাই নহে। পূর্বে নিতাস্ক নিশ্চেষ্ট নিশ্চিম্বভাবে তাহার দিন কাটিয়া বাইত। মাঝে তুই বৎসর অবস্থা-উন্নতি-চেষ্টা তাহার মনে এমন প্রবলভাবে জাগিয়া উঠিয়াছিল বে, তাহার মনের সম্মুখে আর কিছুই ছিল না। এই নৃতন নেশার তীব্রতার তুলনায় তাহার পূর্বজীবন বস্থাইনি ছায়ার মতো দেখাইতে লাগিল। স্থীলোকের প্রকৃতিতে প্রধান পরিবর্তন ঘটায় প্রেম, এবং প্রকৃষের ঘটায় হস্কেষ্টা।

জয়গোপাল দুই বংসর পরে আসিয়া অবিকল তাহার পূর্ব স্ত্রীটিকে ফিরিয়া পাইল না। তাহার স্ত্রীর জীবনে শিশু খালকটি একটা নৃতন পরিসর বৃদ্ধি করিয়াছে। এই অংশটি তাহার পক্ষে সম্পূর্ণ অপরিচিত, এই অংশে স্ত্রীর সহিত তাহার কোনো যোগ নাই। স্ত্রী তাহাকে আপনার এই শিশুস্মেহের ভাগ দিবার অনেক চেষ্টা করিত, কিন্তু ঠিক কৃতকার্য হইত কি না বলিতে পারি না।

শনী নীলমণিকে কোলে করিয়া আনিয়া হাস্তম্থে তাহার স্বামীর সন্ম্থে ধরিত—
নীলমণি প্রাণপণে শনীর গলা জড়াইয়া ধরিয়া তাহার কাঁধে মৃথ লুকাইত, কোনো
প্রকার কুটুন্বিতার থাতির মানিত না। শনীর ইচ্ছা, তাহার এই ক্ষুত্র ভাতাটির যত
প্রকার মন ভুলাইবার বিহ্যা আয়ত্ত আছে, সবগুলি জয়গোপালের নিকট প্রকাশ হয়;
কিন্তু জয়গোপালও সেজন্য বিশেষ আগ্রহ জয়ভব করিত না এবং শিশুটিও বিশেষ
উৎসাহ দেখাইত না। জয়গোগাল কিছুতেই বৃঝিতে পারিত না, এই ক্লশকায়
বৃহৎমন্তক গলীরম্থ শ্যামবর্ণ ছেলেটার মধ্যে এমন কী আছে ষেজন্য তাহার প্রতি এতটা
স্মেহের অপব্যয় করা হইতেছে।

ভালোবাসার ভাবগতিক মেয়েরা খুব চট করিয়া বোঝে। শশী অবিলম্থেই বুঝিল, জয়গোপাল নীলমণির প্রতি বিশেষ অন্তরক্ত নহে। তথন ভাইটিকে সে বিশেষ সাবধানে আড়াল করিয়া রাখিত— স্বামীর স্নেহহীন বিরাগদৃষ্টি হইতে ভাহাকে ভফাতে রাখিতে চেষ্টা করিত। এইরপে ছেলেটি ভাহার গোপন ষরের ধন, ভাহার একলার স্নেহের সামগ্রী হইয়া উঠিল। সকলেই জানেন, স্নেহ যত গোপনের, যত নির্জনের হয় ততই প্রবল হইতে থাকে।

নীলমণি কাঁদিলে জন্মগোপাল অত্যন্ত বিরক্ত হইয়া উঠিত, এই জন্য শশী তাহাকে তাড়াতাড়ি বুকের মধ্যে চাপিয়া সমন্ত প্রাণ দিয়া, বুক দিয়া, তাহার কান্না থামাইবার চেষ্টা করিত— বিশেষত, নীলমণির কান্নায় যদি রাত্রে তাহার স্বামীর ঘুমের ব্যাঘাত হইত এবং বামী এই ক্রন্দনপরায়ণ ছেলেটার প্রতি অত্যন্ত হিংল্রভাবে ঘুণা প্রকাশপূর্বক জর্জর চিত্তেগর্জন করিয়া উঠিত তথন শশী যেন অপরাধিনীর মতো সংকৃচিত শশব্যন্ত হইন্না পড়িত; তৎক্ষণাৎ তাহাকে কোলে করিয়া দূরে লইন্না গিয়া একান্ত সাহ্বনয় স্বেহের ব্যরে 'সোনা আমার, ধন আমার, মানিক আমার' বলিয়া ঘুম পাড়াইতে থাকিত।

ছেলেতে ছেলেতে নানা উপলক্ষে ঝগড়া বিবাদ হইয়াই থাকে। পূর্বে এরপ স্থলে
শনী নিজের ছেলেদের দণ্ড দিয়া ভাইয়ের পক্ষ অবলম্বন করিত, কারণ, ভাহার মা
ছিল না। এখন বিচারকের সঙ্গে সঙ্গে দণ্ডবিধির পরিবর্তন হইল। এখন সর্বদাই
নিরপরাধে এবং অবিচারে নীলমণিকে কঠিন দণ্ড ভোগ করিতে হইত। সেই অক্সায়

শশীর বন্দে শেলের মতো বাজিত; তাই সে দণ্ডিত ভ্রাতাকে ঘরে সইয়া পিয়া তাহাকে মিষ্ট দিয়া, খেলেনা দিয়া, আদর করিয়া, চুমো থাইয়া শিশুর আহত হৃদয়ে বথাসাধ্য সান্ধনা-বিধান করিবার চেষ্টা করিত।

ফলত দেখা গেল, শশী নীলমণিকে যতই ভালোবাসে জয়গোপাল নীলমণির প্রতি ততই বিরক্ত হয়, আবার জয়গোপাল নীলমণির প্রতি যতই বিরাগ প্রকাশ করে শশী ভাহাকে ততই ক্ষেহস্থায় অভিষিক্ত করিয়া দিতে থাকে।

জয়গোপাল লোকটা কথনো তাহার স্ত্রীর প্রতি কোনোরূপ কঠোর ব্যবহার করে না এবং শশী নীরবে নম্রভাবে প্রীতির সহিত তাহার স্বামীর সেবা করিয়া থাকে; কেবল এই নীলমণিকে লইয়া ভিতরে ভিতরে উভয়ে উভয়কে অহরহ আঘাত দিতে লাগিল।

এইরপ নীরব দম্বের গোপন আঘাতপ্রতিঘাত প্রকাশ্য বিবাদের অপেক্ষা ঢের বেশি হঃসহ।

#### ভূঙীয় পরিচ্ছেদ

নীলমণির সমস্ত শরীরের মধ্যে মাথাটাই সর্বপ্রধান ছিল। দেখিলে মনে হইত, বিধাতা যেন একটা সরু কাঠির মধ্যে ফুঁ দিয়া তাহার ডগার উপরে একটা বড়ো বৃদ্বৃদ্ ফুটাইয়া তুলিয়াছেন। ডাব্রুগরাও মাঝে মাঝে আশহা প্রকাশ করিত, ছেলেটি এইরূপ বৃদ্বৃদ্বের মতোই ক্ষণভঙ্গুর ক্ষণস্থায়ী হইবে। অনেকদিন পর্যস্ত সে কথা কহিতে এবং চলিতে শেথে নাই। তাহার বিষয় গন্ধীর মুখ দেখিয়া বোধ হইত, ডাহার পিতামাতা তাঁহাদের অধিক বয়সের সমস্ত চিস্তাভার এই ক্ষ্মে শিশুর মাথার উপরে চাপাইয়া দিয়া গেছেন।

मिमित् यदा ও সেবায় নীলমণি তাহার বিপদের কাল উত্তীর্ণ হইয়া ছয় বৎসরে পা দিল।

কাতিক মাসে ভাইফোঁটার দিনে নৃতন জামা চাদর এবং একখানি লালপেড়ে ধৃতি পরাইয়া বাবু সাজাইয়া নীলমণিকে শশী ভাইফোঁটা দিতেছেন এমন সময়ে পূর্বোক্ত স্পষ্টভাবিণী প্রতিবেশিনী তারা আসিয়া কথায় কথায় শশীর সহিত ঝগড়া বাধাইয়া দিল।

সে কহিল, গোপনে ভাইয়ের সর্বনাশ করিয়া ঘটা করিয়া ভাইয়ের কপালে ফোঁটা দিবার কোনো ফল নাই।

শুনিয়া শশী বিশায়ে ক্রোধে বেদনায় বজ্ঞাহত হইল। অবশেষে শুনিতে পাইল, তাহারা স্বামীশ্রীতে পরামর্শ করিয়া নাবালক নীলমণির সম্পত্তি থাজনার দায়ে নিলাম করাইয়া তাহার স্বামীর পিসতৃতো ভাইয়ের নামে বেনামি করিয়া কিনিতেছে।

শুনিয়া শশী অভিশাপ দিল, যাহারা এতবড়ো মিথ্যা কথা রটনা করিতে পারে তাহাদের মুখে কুষ্ঠ হউক।

এই বলিয়া সরোদনে স্বামীর নিকট উপস্থিত হইয়া জনশ্রতির কথা তাহাকে জানাইল।

জয়গোপাল কহিল, "আজকালকার দিনে কাহাকেও বিশ্বাস করিবার জো নাই। উপেন আমার আপন পিসতৃতো ভাই, তাহার উপরে বিষয়ের ভার দিয়া আমি সম্পূর্ণ নিশ্চিম্ভ ছিলাম— সে কখন গোপনে থাজনা বাকি ফেলিয়া মহল হাসিলপুর নিজে কিনিয়া লইয়াছে, আমি জানিতেও পারি নাই।"

ननी आक्तर्य रहेशा किछाना कतिन, "नानिन कतित्व ना ?"

জয়গোপাল কহিল, "ভাইয়ের নামে নালিশ করি কী করিয়া। এবং নালিশ করিয়াও তো কোনো ফল নাই, কেবল অর্থ নষ্ট।"

ষামীর কথা বিশ্বাস করা শশীর পরম কর্তব্য, কিন্তু কিছুতেই বিশ্বাস করিতে পারিল না। তথন এই স্থথের সংসার, এই প্রেমের গার্হস্থা সহসা তাহার নিকট অত্যন্ত বিকট বীভংস আকার ধারণ করিয়া দেখা দিল। যে সংসারকে আপনার পরম আশ্রয় বলিয়া মনে হইত, হঠাং দেখিল, সে একটা নিষ্ঠুর স্বার্থের ফাঁদ— তাহাদের ছটি ভাইবোনকে চারি দিক হইতে ঘিরিয়া ধরিয়াছে। সে একা স্ত্রীলোক, অসহায় নীলমণিকে কেমন করিয়া রক্ষা করিবে ভাবিয়া ক্লকিনারা পাইল না। যতই চিন্তা করিতে লাগিল ততই ভয়ে এবং স্থণায় এবং বিপন্ন বালক ভাতাটির প্রতি অপরিসীম স্নেহে তাহার হৃদয় পরিপূর্ণ হইয়া উঠিল। তাহার মনে হইতে লাগিল, সে যদি উপায় জানিত তবে লাটসাহেবের নিকট নিবেদন করিয়া, এমন-কি, মহারানীর নিকট পত্র লিখিয়া তাহার ভাইয়ের সম্পত্তি রক্ষা করিতে পারিত। মহারানী কখনোই নীলমণির বার্ষিক সাত শো আটার টাকা মূনফার হাসিলপুর মহল বিক্রয় হইতে দিতেন না।

এইরপে শশী যথন একেবারে মহারানীর নিকট দরবার করিয়া তাহার পিসতুতো দেবরকে সম্পূর্ণ জব্দ করিয়া দিবার উপায় চিন্তা করিতেছে তথন হঠাৎ নীলমণির জ্বর আসিয়া আক্ষেপ-সহকারে মূছা হইতে লাগিল।

জয়গোপাল এক গ্রাম্য নেটিভ ডাক্তারকে ডাকিল। শশী ভালো ডাক্তারের জন্ত অহুরোধ করাতে জয়গোপাল বলিল, "কেন, মতিলাল মন্দ ডাক্তার কী!"

শনী তথন তাঁহার পায়ে পড়িল, মাথার দিব্য দিল; জয়গোপাল বলিল, "আছে।, শহর হইতে ডাক্তার ডাকিতে পাঠাইতেছি।"

শনী নীলমণিকে কোলে করিয়া, বুকে করিয়া পড়িয়া রহিল। নীলমণিও ভাহাকে

একদণ্ড চোখের আড়াল হইতে দেয় না; পাছে ফাঁকি দিয়া পালায় এই ভয়ে তাহাকে জড়াইয়া থাকে, এমন-কি, যুমাইয়া পড়িলেও আঁচলটি ছাড়ে না।

সমস্ত দিন এমনি ভাবে কাটিলে সন্ধ্যার পর জন্মগোপাল আসিয়া বলিল, "শহরে ডাক্তারবাবৃকে পাওয়া গেল না, তিনি দূরে কোথায় রোগী দেখিতে গিয়াছেন।" ইহাও বলিল, "মকদমা-উপলক্ষে আমাকে আজই জন্মত্ত হাইতে হইতেছে; আমি মতিলালকে বলিয়া গেলাম, সে নিয়মিত আসিয়া রোগী দেখিয়া ঘাইবে।"

রাত্রে নীলমণি ঘ্মের ঘোরে প্রলাপ বকিল। প্রাত্তংকালেই শনী কিছুমাত্র বিচার না করিয়া রোগী প্রাতাকে লইয়া নৌকা চড়িয়া একেবারে শহরে গিয়া ভাক্তারের বাড়ি উপস্থিত হইল। ডাক্তার বাড়িতেই আছেন, শহর ছাড়িয়া কোথাও যান নাই। ভদ্র-স্ত্রীলোক দেখিয়া তিনি তাড়াতাড়ি বাসা ঠিক করিয়া একটি প্রাচীনা বিধবার তত্ত্বাবধানে শনীকে প্রতিষ্ঠিত করিয়া দিলেন এবং ছেলেটির চিকিৎসা আরম্ভ করিলেন।

পরদিনই জয়গোপাল আসিয়া উপস্থিত। ক্রোধে অগ্নিমৃতি হইয়া স্ত্রীকে তৎক্ষণাৎ তাহার সহিত ফিরিতে অনুমতি করিল।

স্ত্রী কহিল, "আমাকে যদি কাটিয়া ফেল তবু আমি এখন ফিরিব না; তোমরা আমার নীলমণিকে মারিয়া ফেলিতে চাও; উহার মা নাই, বাপ নাই, আমি ছাড়া উহার আর কেহ নাই, আমি উহাকে রক্ষা করিব।"

জয়গোপাল রাগিয়া কহিল, "তবে এইখানেই থাকো, তুমি আর আমার ঘরে ফিরিয়ো না।"

শশী তথন প্রদীপ্ত হইয়া উঠিয়া কহিল, "দর তোমার কী! আমার ভাইয়েরই তো মর।"

खग्रागोभान कहिन, "षाच्हा, त्म तन्था शहित!"

পাড়ার লোকে এই ঘটনায় কিছুদিন খ্ব আন্দোলন করিতে লাগিল। প্রতিবেশিনী তারা কহিল, "স্বামীর দঙ্গে ঝগড়া করিতে হয় ঘরে বসিয়া কর্-না, বাপু; ঘর ছাড়িয়া যাইবার আবশ্রক কী। হাজার হউক, স্বামী তো বটে।"

দক্ষে যাহা টাকা ছিল সমস্ত থরচ করিয়া, গহনাপত্র বেচিয়া শশী ভাহার ভাইকে মৃত্যুম্থ হইতে রক্ষা করিল। তথন দে থবর পাইল, দ্বারিগ্রামে তাহাদের যে বড়ো জোত ছিল, যে জোতের উপরে তাহাদের বাড়ি, নানারূপে যাহার আয় প্রায় বার্ষিক দেড়হাজার টাকা হইবে, সেই জোতটি জমিদারের সহিত যোগ করিয়া জয়গোপাল নিজের নামে থারিজ করিয়া লইয়াছে। এখন বিষয়টি সমস্কই তাহাদের, তাহার ভাইরের নহে।

वार्या इहेट मातिया উठिया नीनमिन कक्ष्णश्रद वनिट नागिन, "पिपि, वाफि

চলো।" দেখানে তাহার দদী ভাগিনেয়দের জন্ম তাহার মন-কেমন করিতেছে। তাই বারংবার বলিল, "দিদি, আমাদের সেই ঘরে চলো-না, দিদি!" শুনিয়া দিদি কেবলই কাঁদিতে লাগিল। "আমাদের ঘর আর কোথায়!"

কিন্তু কেবল কাঁদিয়া কোনো ফল নাই, তথন পৃথিবীতে দিদি ছাড়া তাহার ভাইদ্বের আর কেহ ছিল না। ইহা ভাবিয়া চোথের জল মৃছিয়া শলী ডেপুটি ম্যাজিস্টেট তারিণীবাবুর অন্তঃপুরে গিয়া তাঁহার স্ত্রীকে ধরিল।

ডেপ্টিবাব্ জয়গোপালকে চিনিতেন। ভদ্রঘরের স্থী ঘরের বাহির হইয়া বিষয়সম্পত্তি লইয়া স্বামীর সহিত বিবাদে প্রবৃত্ত হইতে চাহে, ইহাতে শশীর প্রতি তিনি
বিশেষ বিরক্ত হইলেন। তাহাকে ভ্লাইয়া রাখিয়া তৎক্ষণাৎ জয়গোপালকে পত্র
লিখিলেন। জয়গোপাল খালকসহ তাহার স্থীকে বলপূর্বক নৌকায় তুলিয়া বাড়ি লইয়া
গিয়া উপস্থিত করিল।

স্বামিস্ত্রীতে দিতীয় বিচ্ছেদের পর পুনশ্চ এই দ্বিতীয়বার মিলন হইল। প্রজাপতির নির্বন্ধ।

অনেকদিন পরে ঘরে ফিরিয়া পুরাতন সহচরদিগকে পাইয়া নীলমণি বড়ো আনন্দে থেলিয়া বেড়াইতে লাগিল। তাহার সেই নিশ্চিস্ত আনন্দ দেখিয়া অস্তরে অস্তরে শশীর হৃদয় বিদীর্ণ হইল।

#### চভূর্থ পরিচ্ছেদ

শীতকালে ম্যাজিস্টেট সাহেব মফ: স্বল পর্যবেক্ষণে বাহির হইয়া শিকারসন্ধানে গ্রামের মধ্যে তাঁবু ফেলিয়াছেন। গ্রামের পথে সাহেবের সঙ্গে নীলমণির সাক্ষাৎ হয়। অন্ত বালকেরা তাঁহাকে দেখিয়া চাণক্যঞ্জোকের কিঞ্চিৎ পরিবর্তনপূর্বক নথী দন্তী শৃদ্দী প্রভৃতির সহিত সাহেবকেও যোগ করিয়া যথেই দূরে সরিয়া গেল। কিন্তু, স্থান্তীর-প্রকৃতি নীলমণি অটল কৌতুহলের সহিত প্রশান্তভাবে সাহেবকে নিরীক্ষণ করিয়া দেখিতে লাগিল।

সাহেব সকৌতুকে কাছে আসিয়া তাহাকে জিজাসা করিলেন, "তুমি পাঠশালায় পড় ?"

वानक नीतरव गांथा नाष्ट्रिया कानाहन, "हा।"

সাহেব জিজ্ঞাসা করিলেন, "তুমি কোন্ পুস্তক পড়িয়া থাক ?"

नीनगिन श्रुष्ठक मत्मित्र व्यर्थ ना वृत्यित्रा निष्ठक्रकात्व गाक्तिरहेते मृत्थत निरंक ठाहित्र।

ম্যাজিস্টেট সাহেবের সহিত এই পরিচয়ের কথা নীলমণি অত্যস্ত উৎসাহের সহিত তাহার দিদির নিকট বর্ণনা করিল।

মধ্যাহে চাপকান প্যাণ্টলুন পাগড়ি পরিয়া জয়গোপাল ম্যাজিস্টেটকে সেলাম করিতে গিয়াছে। অর্থী প্রত্যর্থী চাপরাশি কনস্টেবলে চারি দিক লোকারণ্য। সাহেব গরমের ভয়ে তাত্বর বাহিরে খোলা ছায়ায় ক্যাম্প টেবিল পাতিয়া বসিয়াছেন এবং জয়গোপালকে চৌকিতে বসাইয়া তাহাকে হানীয় অবহা জিজ্ঞাসা করিতেছিলেন। জয়গোপাল তাহার গ্রামবাসী সর্বসাধারণের সমক্ষে এই গৌরবের আসন অধিকার করিয়া মনে মনে ফীত হইতেছিল এবং মনে করিতেছিল, 'এই সময়ে চক্রবর্তীরা এবং নন্দীরা কেছ আসিয়া দেখিয়া যায় তো বেশ হয়!'

এমন সময় নীলমণিকে সঞ্চে করিয়া অবগুঠনারত একটি স্ত্রীলোক একেবারে ম্যাজিস্ট্রেটের সম্মুথে আসিয়া দাঁড়াইল। কহিল, "সাহেব, তোমার হাতে আমার এই অনাথ ভাইটিকে সমর্পণ করিলাম, তুমি ইহাকে রক্ষা করো।"

সাহেব তাঁহার সেই পূর্বপরিচিত বৃহৎমন্তক গম্ভীরপ্রকৃতি বালকটিকে দেখিয়া এবং স্বীলোকটিকে ভদ্রস্বীলোক বলিয়া অহুমান করিয়া তৎক্ষণাৎ উঠিয়া দাঁড়াইলেন, কহিলেন, "আপনি তাঁবৃতে প্রবেশ করুন।"

স্ত্রীলোকটি কহিল, "আমার যাহা বলিবার আছে আমি এইখানেই বলিব।"

জন্মগোপাল বিবর্ণমুখে ছট্ফট্ করিতে লাগিল। কৌতৃহলী গ্রামের লোকেরা পরম কৌতৃক অহতব করিয়া চারি দিকে ঘেঁ বিয়া আসিবার উপক্রম করিল। সাহেব বেড উচাইবামাত্র সকলে দৌড় দিল।

তথন শশী তাহার প্রতার হাত ধরিয়া সেই পিতৃমাতৃহীন বালকের সমস্ত ইতিহাস আত্যোপাস্ক বলিয়া গেল। জয়গোপাল মধ্যে মধ্যে বাধা দিবার উপক্রম করাতে ম্যাজিস্টেট রক্তবর্ণ মুখে গর্জন করিয়া বলিয়া উঠিলেন, "চুপ রও!" এবং বেত্রাগ্র দারা তাহাকে চৌকি ছাড়িয়া সমুখে দাড়াইতে নির্দেশ করিয়া দিলেন।

জয়গোপাল মনে মনে শশীর প্রতি গর্জন করিতে করিতে চুপ করিয়া দাঁড়াইয়া রহিল। নীলমণি দিদির অত্যম্ভ কাছে ঘেঁবিয়া অবাক হইয়া দাঁড়াইয়া শুনিতে লাগিল।

শলীর কথা শেষ হইলে ম্যাজিস্টেট জয়গোপালকে গুটিকতক প্রশ্ন করিলেন এবং তাহার উত্তর শুনিয়া জনেককণ চুপ করিয়া থাকিয়া শলীকে সংঘাধনপূর্বক কহিলেন, "বাছা, এ মকর্দমা যদিও আমার কাছে উঠিতে পারে না তথাপি তুমি নিশ্চিম্ভ থাকো—এ-সম্বন্ধে যাহা কর্তব্য আমি করিব। তুমি তোমার ভাইটিকে লইয়া নির্ভয়ে বাড়ি ফিরিয়া যাইতে পার।"

শনী কহিল, "সাহেব, যতদিন নিজের বাড়ি ও না ফিরিয়া পায়, ততদিন আমার ভাইকে বাড়ি লইয়া ঘাইতে আমি সাহস করি না। এখন নীলমণিকে তুমি নিজের কাছে না রাখিলে ইহাকে কেহ রক্ষা করিতে পারিবে না।"

সাহেব কহিলেন, "তুমি কোখায় ষাইবে ?"

শশী কহিল, "আমি আমার স্বামীর দরে ফিরিয়া যাইব, আমার কোনো ভাবনা নাই।" সাহেব ঈষৎ হাসিয়া অগত্যা এই গলায়-মাত্রলি-পরা ক্লশকায় শ্রামবর্ণ গম্ভীর প্রশাস্ত মৃত্যুভাব বাঙালির ছেলেটিকে সঙ্গে লইতে রাজি হইলেন।

তথন শনী বিদায় লইবার সময় বালক তাহার আঁচল চাপিয়া ধরিল। সাহেব কহিলেন, "বাবা, তোমার কোনো ভয় নেই— এসো।"

ঘোমটার মধ্য হইতে অবিরল অশ্র মোচন করিতে করিতে শশী কহিল, "লক্ষী ভাই, যা, ভাই— আবার তোর দিদির সঙ্গে দেখা হবে।"

এই বলিয়া তাহাকে আলিঙ্গন করিয়া তাহার মাথায় পিঠে হাত ব্লাইয়া কোনোমতে আপন অঞ্চল ছাড়াইয়া তাড়াতাড়ি সে চলিয়া গেল; অমনি সাহেব নীলমণিকে বাম হন্তের দ্বারা বেষ্টন করিয়া ধরিলেন, সে 'দিদি গো, দিদি' করিয়া উচ্চৈঃস্বরে ক্রন্দন করিতে লাগিল— শশী একবার ফিরিয়া চাহিয়া দূর হইতে প্রসারিত দক্ষিণ হন্তে তাহার প্রতি নীরবে সান্থনা প্রেরণ করিয়া বিদীর্ণ হদয়ে চলিয়া গেল।

আবার সেই বহুকালের চিরপরিচিত পুরাতন ঘরে স্বামীস্ত্রীর মিলন হুইল। প্রজাপতির নির্বন্ধ!

কিন্তু, এ মিলন অধিকদিন স্থায়ী হইল না। কারণ, ইহার অনতিকাল পরেই একদিন প্রাতঃকালে গ্রামবাসীগণ সংবাদ পাইল যে, রাত্রে শশী ওলাউঠা রোগে আক্রান্ত হইয়া মরিয়াছে এবং রাত্রেই তাহার দাহক্রিয়া সম্পন্ন হইয়া গেছে।

কেহ এ সম্বন্ধ কোনো কথা বলিল না। কেবল সেই প্রতিবেশিনী ভারা মাঝে মাঝে গর্জন করিয়া উঠিতে চাহিত, সকলে 'চুপ্চুপ্' করিয়া ভাহার মুখ বন্ধ করিয়া দিত।

বিদায়কালে শশী ভাইকে কথা দিয়া গিয়াছিল, আবার দেখা হইবে। সে কথা কোন্-খানে রক্ষা হইয়াছে জানি না।

टेम्ब १००१

# প্রবন্ধ

# জাপানযাত্ৰী

## উৎসর্গ শ্রীযুক্ত রামানন্দ চট্টোপাধ্যায় শ্রদ্ধাস্পদেষু





महिलाविण्याभीत्रे बवीक्तनाथ काक्रहेङाडया. हाथान, ३३३७

## का भागगावी

বোদাই থেকে বতবার যাত্রা করেছি জাহাজ চলতে দেরি করে নি। কলকাতার জাহাজে বাত্রার জাগের রাত্রে গিয়ে বলে থাকতে হয়। এটা ভালো লাগে না। কেননা, যাত্রা করবার মানেই মনের মধ্যে চলার বেশ সঞ্চয় করা। মন বখন চলবার মুখে তথন তাকে দাঁড় করিয়ে রাখা, তার এক শক্তির সাক্ষ তার আর-এক শক্তির লড়াই বাধানো। মাহ্ম্য যখন ঘরের মধ্যে জমিয়ে বলে আছে তখন বিদায়ের আয়োজনটা এইজন্তেই কটকর; কেননা, থাকার সঙ্গে যাওয়ার সন্ধিছলটা মনের পক্ষে মুশ্কিলের জায়গা— সেখানে তাকে তই উলটো দিক সামলাতে হয়, সে একরকমের কঠিন বাায়াম।

বাড়ির লোকেরা সকলেই জাহাজে চড়িয়ে দিয়ে বাড়ি ফিরে গেল, বন্ধুরা ফুলের মালা পলাদ্ব পরিয়ে দিয়ে বিদায় দিলে, কিন্তু জাহাজ চললো না। অর্থাৎ, যারা থাকবার তারাই সেল, আর যেটা চলবার সেটাই ছির হয়ে রইল; বাড়ি গেল সরে, আর তরী রইল দাঁড়িয়ে।

বিদায়নাজেরই একটা ব্যথা আছে; সে ব্যথাটার প্রধান কারণ এই, জীবনে বাকিছুকে সব-চেয়ে নির্দিষ্ট করে পাওয়া গেছে তাকে অনির্দিষ্টের আড়ালে সমর্পণ করে
বাওয়া। তার বদলে হাতে হাতে আর-একটা কিছুকে পাওয়া না গেলে এই
শৃক্তাটাই মনের মধ্যে বোঝা হয়ে দাঁড়ায়। সেই পাওনাটা হচ্ছে অনির্দিষ্টকে ক্রমে
ক্রমে নির্দিষ্টের ভাগ্তারের মধ্যে পেয়ে চলতে থাকা। অপরিচয়কে ক্রমে পরিচয়ের
কোঠার মধ্যে ভুক্ত করে নিতে থাকা। সেইজক্তে যাত্রার মধ্যে বে তৃঃথ আছে চলাটাই
হচ্ছে ডার ওর্ধ। কিছে, যাত্রা করলুম অথচ চললুম না, এটা সহু করা শক্ত।

শ্বচল জাহাজের ক্যাবিন হচ্ছে বন্ধনদশার বিগুণ-চোলাই-করা কড়া আরক। জাহাজ চলে বলেই তার কামরার সংকীর্ণতাকে আমরা ক্ষমা করি। কিন্তু, জাহাজ যখন হিন্ত থাকে তথন ক্যাবিনে ছির থাকা, মৃত্যুর ঢাকনাটার নীচে আবার গোরের ঢাকলার মডো। ডেকের উপরেই শোবার ব্যবস্থা করা গেল। ইতিপূর্বে অনেকবার জাহাজে চড়েছি, অনেক কাপ্টেনের পঞ্চে ব্যবহার করেছি। আমাদের এই জাপানি কাপ্টেনের একটু বিশেষত্ব আছে। মেলামেশায় ভালোমাছ্যিতে হঠাং মনে হয় ঘোরো লোকের মতো। মনে হয়, এঁকে অছরোধ করে ঘা-খূশি তাই করা যেতে পারে; কিছ কাজের বেলায় দেখা যায় নিয়মের লেশমাত্র নড়চড় হবার জো নেই। আমাদের সহযাত্রী ইংরেজ বদ্ধু ডেকের উপরে তাঁর ক্যাবিনের গদি আনবার চেষ্টা করেছিলেন, কিছ কর্তৃপক্ষের ঘাড় নড়ল, সে ঘটে উঠল না। সকালে ব্রেকফাস্টের সময় তিনি যে-টেবিলে বসেছিলেন সেখানে পাথা ছিল না; আমাদের টেবিলে জায়গা ছিল, সেই দেখে তিনি আমাদের টেবিলে বসবার ইচ্ছা জানালেন। অহুরোধটা সামান্ত, কিছ কাপ্টেন বললেন, এবলাকার মতো বন্দোবন্ড হয়ে গেছে, ডিনারের সময় দেখা যাবে। আমাদের টেবিলে চেটিকি থালি রইল, কিছ তব্ নিয়মের ব্যত্যয় হল না। বেশ বোঝা যাচেছ অতি অল্পমাত্রও টিলেটালা কিছু হতে পারবে না।

রাত্রে বাইরে শোগুয়া গেল, কিন্তু এ কেমনতরো বাইরে? জাহাজের মাল্কলে মাল্কলে আকাশটা যেন ভীম্মের মতো শরশযাায় শুয়ে মৃত্যুর অপেক্ষা করছে। কোথাও শৃত্যরাজ্যের ফাঁকা নেই। অথচ বস্তুরাজ্যের স্পষ্টতাও নেই। জাহাজের আলোগুলো মস্ত একটা আয়তনের স্চনা করেছে, কিন্তু কোনো আকারকে দেখতে দিচ্ছে না।

কোনো একটি কবিতায় প্রকাশ করেছিলুম যে আমি নিশীধরাত্রির সভাকবি।
আমার বরাবর এ কথাই মনে হয় যে, দিনের বেলাটা মর্তলোকের, আর রাত্রিবেলাটা
স্থরলোকের। মাত্র্য ভয় পায়, মাত্র্য কাজকর্ম করে, মাত্র্য তার পায়ের কাছের পর্যটা
স্পষ্ট করে দেখতে চায়, এইজন্তে এতবড়ো একটা আলো জালতে হয়েছে। দেবতার
ভয় নেই, দেবতার কাজ নিঃশব্দে গোপনে, দেবতার চলার সঙ্গে স্তন্ধতার কোনো
বিরোধ নেই, এইজন্তেই অসীম অন্ধকার দেবসভার আন্তরণ। দেবতা রাত্রেই আমাদের
বাতায়নে এসে দেখা দেন।

কিন্তু, মান্নবের কারখানা যখন আলো জালিয়ে সেই রাত্রিকেও অধিকার করতে চায় তখন কেবল যে মান্নবই ক্লিষ্ট হয় তা নয়, দেবতাকেও ক্লিষ্ট করে তোলে। আমরা যখন থেকে বাতি জেলে রাত জেগে এগ্জামিন পাস করতে প্রবন্ধ হয়েছি তখন থেকে সূর্বের আলোয় স্থলাষ্ট নিদিষ্ট নিজের সীমানা লজ্মন করতে লেগেছি, তখন থেকেই স্থর-মানবের যুদ্ধ বেধেছে। মান্নবের কায়খানা-মরের চিমনিগুলো ফ্রানিয়ে নিজের অন্তরের কালিকে ত্যলোকে বিস্তার করছে, সে অপরাধ তেমন গুরুতর নয়— কেননা, দিনটা মান্নবের নিজের, তার মূখে সে কালি মাখালেও দেবজা।

তা নিয়ে নালিশ করবেন না। কিন্ধ, রাত্রির অথগু অন্ধকারকে মান্ত্র যথন নিজের আলো দিয়ে কুটো করে দেয় তথন দেবতার অধিকারে সে হস্তক্ষেপ করে। সে যেন নিজের দথল অতিক্রম করে আলোকের খুঁটি গেড়ে দেবলোকে আপন শীমানা চিহ্নিত করতে চায়।

সেদিন রাত্রে গন্ধার উপরে সেই দেববিদ্রোহের বিপুল আয়োজন দেখতে পেলুম। তাই মাহ্যবের ক্লান্তির উপর হুরলোকের শান্তির আশীর্বাদ দেখা গেল না। মাহ্যব বলতে চাচ্ছে, আমিও দেবতার মতো, আমার ক্লান্তি নেই। কিন্তু সেটা মিথ্যা কথা, এইজ্বন্তে সে চারি দিকের শান্তি নষ্ট করছে। এইজ্বন্তে অন্ধকারকেও সে অশুচি করে তুলেছে।

দিন আলোকের দ্বারা আবিল, অন্ধকারই পরম নির্মল। অন্ধকার রাত্রি সম্বের মতো; তা অশ্বনের মতো কালো, কিন্তু তবু নিরশ্বন। আর দিন নদীর মতো; তা কালো নয়, কিন্তু পদ্বিল। রাত্রির সেই অতলম্পর্শ অন্ধকারকেও সেদিন সেই থিদির-পুরের জেটির উপর মলিন দেখলুম। মনে হল, দেবতা স্বয়ং মুখ মলিন করে রয়েছেন।

এমনি থারাপ লেগেছিল এডেনের বন্দরে। সেথানে মান্থবের হাতে বন্দী হয়ে সম্প্রপ্ত কল্ষিত। জলের উপরে তেল ভাসছে, মান্থবের আবর্জনাকে স্বয়ং সম্প্রপ্ত বিল্প্ত করতে পারছে না। সেই রাত্রে জাহাজের ডেকের উপর শুয়ে অসীম রাত্রিকেও যথন কলম্বিত দেখলুম তথন মনে হল, একদিন ইন্দ্রলোক দানবের আক্রমণে পীড়িত হয়ে ব্রহ্মার কাছে নালিশ জানিয়েছিলেন— আজ মানবের অত্যাচার থেকে দেবতাদের কোন্ ক্রপ্ত রক্ষা করবেন।

?

काशक एक एक मिला। यधूत विश्व वायू, एक एक विकास

কিছ্ক এর রন্ধটা কেবলমাত্র ভেসে চলার মধ্যেই নয়। ভেসে চলার একটি বিশেষ দৃষ্টি ও সেই বিশেষ দৃষ্টির বিশেষ রস আছে। যথন হেঁটে চলি তথন কোনো অথগু ছবি চোথে পড়ে না। ভেসে চলার মধ্যে তুই বিরোধের পূর্ণ সামঞ্জন্ম হয়েছে— বসেও আছি, চলছিও। সেইজন্মে চলার কাজ হচ্ছে, অথচ চলার কাজে মনকে লাগাতে হচ্ছে না। তাই মন যা সামনে দেখছে তাকে পূর্ণ করে দেখছে। জল-ছল-আকাশের সমস্তকে এক করে মিলিয়ে দেখতে পাচ্ছে।

ভেসে চলার মধ্যে দিয়ে দেখার আর একটা গুণ হচ্ছে এই ষে, তা মনোযোগকে জাগ্রত করে, কিন্তু মনোযোগকে বন্ধ করে না। না দেখতে পেলেও চলত, কোনো অস্থবিধে হত না, পথ ভূলতুম না, গঠয় পড়তুম না। এইজক্তে ভেসে চলার দেখাটা হচ্ছে নিভাস্তই দান্ত্রিবিহীন দেখা; দেখাটাই তার চরম লক্ষ্য, এইজন্তেই এই দেখাটা এমন বৃহৎ, এমন আনন্দময়।

এতদিনে এইটুকু বোঝা গেছে যে, মাসুষ নিজের দাসত্ব করতে বাধ্য, কিন্তু নিজের সম্বন্ধেও দায়ে-পড়া কাজে তার প্রীতি নেই। যখন চলাটাকেই লক্ষ্য করে পায়চারি করি তখন সেটা বেশ; কিন্তু যখন কোথাও পৌছবার দিকে লক্ষ্য করে চলতে হয় তখন সেই চলার বাধ্যতা থেকে মৃক্তি পাওয়ার শক্তিতেই মাসুষের সম্পদ প্রকাশ পায়। ধন জিনিসটার মানেই এই, তাতে মাসুষের প্রয়োজন কমায় না কিন্তু নিজের প্রয়োজন সম্বন্ধে তার নিজের বাধ্যতা কমিয়ে দেয়। খাওয়া-পরা দেওয়া-নেওয়ার দরকার তাকে মেটাতেই হয়, কিন্তু তার বাইরে যেখানে তার উদ্বৃত্ত সেইখানেই মাসুষ মৃক্ত, সেইখানেই সে বিশুদ্ধ নিজের পরিচয় পায়। সেইজন্তেই ঘটিবাটি প্রভৃতি দরকারি জিনিসকেও মাসুষ ক্ষমর করে গড়ে তুলতে চায়; কারণ, ঘটিবাটির উপযোগিতা মাসুষের প্রয়োজনের পরিচয় মাত্র কিন্তু তার সৌন্দর্যে মানুষের নিজেরই ক্ষচির, নিজেরই আনন্দের পরিচয়। ঘটিবাটির উপযোগিতা বলছে, মাসুষের দায় আছে; ঘটবাটির সৌন্দর্য বলছে, মাসুষের আত্মা আছে।

আমার না হলেও চলত, কেবল আমি ইচ্ছা করে করছি এই যে মুক্ত কণ্ঠত্বের ও মুক্ত ভোকৃত্বের অভিমান, যে অভিমান বিশ্বস্রপ্তার এবং বিশ্বরান্ধ্যেশ্বরের, সেই অভি-মানই মান্ত্বের সাহিত্যে এবং আর্টে। এই রাজ্যটি মুক্ত মান্ত্বের রাজ্য, এখানে জীবন-যাত্রার দায়িত্ব নেই।

আজ সকালে যে প্রকৃতি সবৃদ্ধ পাড়-দেওয়া গেরুয়া নদীর শাড়ি প'রে আমার সামনে দাড়িয়েছে আমি তাকে দেখছি। এখানে আমি বিশুদ্ধ প্রষ্টা। এই প্রষ্টা আমিটি বদি নিজেকে ভাষায় বা রেখায় প্রকাশ করত তা হলে সেইটেই হত সাহিত্য, সেইটেই হত আট। থামকা বিরক্ত হয়ে এমন কথা কেউ বলতে পারে, "তুমি দেখছ তাতে আমার গরজ কী। তাতে আমার পেটও ভরবে না, আমার ম্যালেরিয়াও ঘূচবে না, তাতে আমার ফসল-খেতে বেশি করে ফসল ধরবার উপায় হবে না।" ঠিক কথা। আমি যে দেখছি এতে তোমার কোনো গরজ নেই। অথচ আমি যে শুদ্ধমাত্র প্রষ্টা এ সব্বদ্ধে বস্তুতই বদি তুমি উদাসীন হও তা হলে জগতে আট এবং সাহিত্য-স্কৃষ্টির কোনো মানে থাকে না।

স্থামাকে তোমরা জিপ্সাসা করতে পার, "আন্ধ এতক্ষণ ধরে তুমি যে লেখাটা লিখছ ওটাকে কী বলবে। সাহিত্য, না তত্তালোচনা ?"

নাই বলন্ম তত্তালোচনা। তত্তালোচনায় যে-ব্যক্তি আলোচনা করে সে প্রধান নয়,

ভবটাই প্রধান। সাহিত্যে সেই ব্যক্তিটাই প্রধান, তবটা উপলক্ষ। এই বে সাদা মেদের ছিটে-দেওরা নীল আকাশের নীচে খ্রামল-ঐশর্যমরী ধরণীর আঙিনার সামনে দিরে সন্মাসী জলের প্রোভ উদাসী হয়ে চলেছে, তার মারখানে প্রধানত প্রকাশ পাচ্ছে দ্রষ্টা আমি। যদি ভূতত্ব বা ভূর্ত্তান্ত প্রকাশ করতে হত তা হলে এই আমিকে সরে দাঁড়াতে হত। কিন্তু, এক আমির পক্ষে আর-এক আমির অহেতৃক প্রয়োজন আছে, এইজক্স সময় পেলেই আমরা ভূতব্বকে সরিয়ে রেখে সেই আমির সন্ধান করি।

তেমনি করেই কেবলমাত্র দৃশ্যের মধ্যে নয়, ভাবের মধ্যেও বে ভেলে চলেছে সেও সেই দ্রষ্টা আমি। সেধানে বা বলছে সেটা উপলক্ষ, যে বলছে সেই লক্ষ্য। বাহিরের বিশের রূপধারার দিকেও আমি যেমন তাকাতে তাকাতে চলেছি, আমার অন্তরের চিন্তাধারা ভাবধারার দিকেও আমি তেমনি চিত্তদৃষ্টি দিয়ে তাকাতে তাকাতে চলেছি। এই ধারা কোনো বিশেষ কর্মের বিশেষ প্রয়োজনের হত্তে বিশ্বত নয়। এই ধারা প্রধানত লজিকের বারাও গাঁথা নয়, এর গ্রন্থনহত্ত ম্থাত আমি। সেইজন্তে আমি কেয়ারমাত্র করি নে, সাহিত্য সম্বদ্ধে বক্ষামাণ রচনাটিকে লোক পাকা কথা ব'লে গ্রহণ করবে কিনা। বিশ্বলোকে এবং চিত্তলোকে 'আমি দেখছি' এই অনাবক্ষক আনন্দের কথাটা বলাই হচ্ছে আমার কাজ। এই কথাটা যদি ঠিক করে বলতে পারি তা হলে অন্ত

উপনিবদে লিখছে, এক-ভালে তুই পাথি আছে, তার মধ্যে এক পাথি থায় আর-এক পাথি দেখে। ষে-পাথি দেখছে তারই আনন্দ বড়ো আনন্দ; কেননা, তার সে বিশুদ্ধ আনন্দ, মৃক্ত আনন্দ। মাহুষের নিজের মধ্যেই এই তুই পাথি আছে। এক পাথির প্রয়োজন আছে, আর-এক পাথির প্রয়োজন নেই। এক পাথি ভোগ করে, আর-এক পাথি দেখে। যে-পাথি ভোগ করে সে নির্মাণ করে, যে-পাথি দেখে সে সৃষ্টি করে। নির্মাণ করা মানে মাপে তৈরি করা, অর্থাৎ ষেটা তৈরি হচ্ছে সেইটেই চরম নয়, সেইটেকে অন্ত কিছুর মাপে তৈরি করা— নিজের প্রয়োজনের মাপে বা অন্তের প্রয়োজনের মাপে। আর, সৃষ্টি করা অন্ত কোনো-কিছুর মাপের অপেক্ষা করে না, সে হচ্ছে নিজেকে সর্জন করা, নিজেকেই প্রকাশ করা। এইজন্ত ভোগী পাথি যে সমন্ত উপকরণ নিয়ে কাজ করছে তা প্রধানত বাইরের উপকরণ, আর ত্রন্তা পাথির উপকরণ হচ্ছে আমি-পদার্থ। এই আমির প্রকাশই সাহিত্য, আর্ট। তার মধ্যে কোনো দায়ই নেই, কর্তব্যের দায়ও না।

পৃথিবীতে সব-চেয়ে বড়ো রহস্ত-- দেখবার বস্তটি নয়, বে দেখে সেই মাহ্যটি। এই রহস্ত আপনি আপনার ইয়তা পাচ্ছে না; হাজার হাজার অভিজ্ঞতার ভিতর দিয়ে আপনাকে দেখতে চেষ্টা করছে। যা-কিছু ঘটছে এবং যা-কিছু ঘটতে পারে, সমস্তর ভিতর দিয়ে নিজেকে বাজিয়ে দেখছে।

এই ষে আমার এক আমি, এ বছর মধ্যে দিয়ে চ'লে চ'লে নিজেকে নিতা উপলব্ধি করতে থাকে। বছর সঙ্গে মাহুষের সেই একের মিলনজাত রসের উপলব্ধিই হচ্ছে সাহিত্যের সামগ্রী। অর্থাৎ, দৃষ্ট বস্থা নয়, দ্রষ্টা আমিই তার লক্ষ্য।

তোদামাক জাহাজ

२० देवनाथ ५७२७

9

বৃহস্পতিবার বিকেলে সমৃদ্রের মোহানায় পাইলট নেবে গেল। এর কিছু আগে থাকতেই সমৃদ্রের রূপ দেখা দিয়েছে। তার ক্লের বেড়ি খসে গেছে। কিছ, এখনো তার মাটির রঙ ঘোচে নি। পৃথিবীর চেয়ে আকাশের সঙ্গেই যে তার আত্মীয়তা বেশি, সে-কথা এখনো প্রকাশ হয় নি; কেবল দেখা গেল জলে আকাশে এক-দিগস্তের মালা বদল করেছে। যে তেউ দিয়েছে নদীর তেউয়ের ছন্দের মতো তার ছোটো ছোটো পদ-বিভাগ নয়; এ যেন মন্দাক্রাস্তা, কিছু এখনো সমৃদ্রের শার্দ্ লবিক্রীড়িত ভক হয় নি।

আমাদের জাহাজের নীচের তলার ডেকে অনেকগুলি ডেক্-প্যাসেঞ্চার; তাদের অধিকাংশ মাদ্রাজি, এবং তারা প্রায় সকলেই রেঙ্গুনে যাক্তে। তাদের 'পরে এই জাহাজের লোকের ব্যবহারে কিছুমাত্র কঠোরতা নেই, তারা বেশ স্বচ্ছন্দে আছে। জাহাজের ভাগার থেকে তারা প্রত্যেকে একথানি করে ছবি আঁকা কাগজের পাখা পেয়ে ভারি খুশি হয়েছে।

এরা অনেকেই হিন্দু, স্তরাং এদের পথের কট ঘোচানো কারো সাধ্য নয়। কোনোমতে আথ চিবিয়ে, চিঁড়ে থেয়ে এদের দিন ঘাছে। একটা জিনিস ভারি চোথে লাগে,
সে হছে এই বে, এরা মোটের উপর পরিষার— কিন্তু সেটা কেবল বিধানের গণ্ডির
মধ্যে, বিধানের বাইরে এদের নোংরা হবার কোনো বাধা নেই। আথ চিবিয়ে ভার
ছিবড়ে অভি সহজেই সমুদ্রে ফেলে দেওয়া ঘায়, কিন্তু সেটুকু কট নেওয়া এদের বিধানে
নেই— বেধানে বসে খাছে ভার নেহাত কাছে ছিবড়ে ফেলছে, এমনি করে চারি দিকে
কত আবর্জনা বে জমে উঠছে ভাতে এদের ক্রক্ষেপ নেই; সব-চেয়ে আমাকে পীড়া
দেয় যথন দেখি থুণু ফেলা সম্বন্ধে এরা বিচার করে না। অথচ, বিধান অফুসারে শুচিভা
রক্ষা করবার বেলায় নিভান্ত সামান্ত বিষয়েও এরা অসামান্ত রক্ষম কট স্বীকার করে।

আচারকে শব্দ করে তুললে বিচারকে ঢিলে করতেই হয়। বাইরে থেকে মাহ্ম্যকে বাঁধলে মাহ্ম্য আপনাকে আপনি বাঁধবার শক্তি হারায়।

এদের মধ্যে কয়েকজন মুসলমান আছে ; পরিষার হওয়া সম্বন্ধে তারা যে বিশেষ সতর্ক তা নয়, কিন্তু পরিচ্ছন্নতা সম্বন্ধে তাদের ভারি সতর্কতা। ভালো কাপড়টি প'রে টুপিটি বাগিয়ে তারা সর্বদা প্রস্তুত থাকতে চায়। একটুমাত্র পরিচয় হলেই অথবা না হলেও তারা দেখা হলেই প্রসন্নমূথে সেলাম করে। বোঝা যায়, তারা বাইরের সংসারটাকে মানে। কেবলমাত্র নিজের জাতের গণ্ডির মধ্যে যারা থাকে তাদের কাছে সেই পণ্ডির বাইরেকার লোকালয় নিতান্ত ফিকে। তাদের সমস্ত বাঁধাবাঁধি জাতরক্ষার বন্ধন। মুসলমান জাতে বাঁধা নয় ব'লে বাহিরের সংসারের সঙ্গে তার ব্যবহারের বাঁধাবাঁধি चाहि। এই धरण चानवकायन। यूगनयात्नतः। चानवकायन। २००५ मयस्य याद्यवत সঙ্গে ব্যবহারের সাধারণ নিয়ম। মহুতে পাওয়া যায়, মা মাসি মামা পিসের সঙ্গে কী রকম ব্যবহার করতে হবে, গুরুজনের গুরুত্বের মাত্রা কার কতদূর, ব্রাহ্মণ ক্ষতিয় বৈশ্র শুদ্রের মধ্যে পরস্পরের ব্যবহার কী রকম হবে, কিন্তু সাধারণভাবে মাহুষের সঙ্গেমাহুষের ব্যবহার কী রকম হওয়া উচিত তার বিধান নেই। এইজন্তে সম্পর্কবিচার ও জাতি-বিচারের বাইরে মান্নবের সঙ্গে ভদ্রতা রক্ষার জন্যে, পশ্চিম-ভারত মুদলমানের কাছ থেকে সেলাম শিক্ষা করেছে। কেননা, প্রণাম-নমস্কারের সমস্ত বিধি কেবল জাতের मसाहे थार्छ। वाहिरतत मःमात्रहारक देखिशूर्य जामता जन्नीकात्र करत हरनिहन्म वरनदे সাজ্যজ্ঞ। সম্বন্ধে পরিচ্ছন্নতা, হয় আমরা মুসলমানের কাছ থেকে নিয়েছি নয় ইংরেজের কাছ থেকে নিচ্ছি; ওটাতে আমাদের আরাম নেই। সেইজন্মে ভদ্রতার সাজ সম্বন্ধে व्याक भर्गन्छ जामारम् अभिकाशिक किष्ट्रहे ठिक इन ना । वांडानि ভদ্রসভার সাক্ষসক্ষার ষে এমন অভুত বৈচিত্র্য, তার কারণই এই। সব সাজই আমাদের সাজ। আমাদের নিজের শাজ, মণ্ডলীর ভিতরকার শাজ; হুতরাং বাহিরের সংসারের হিসাবে সেটা विवनन वनम्बर रम् - ज्रष्टः भूत्रत याद्यापत वनने । त्यत्रक्य, ज्र्था पिन वनानत ज्यन्त्र অহকরণ। বাইরের লোকের সঙ্গে আমরা ভাই খুড়ো দিদি মাসি প্রভৃতি কোনো-একটা সম্পর্ক পাতাবার জন্মে ব্যস্ত থাকি; নইলে আমরা থই পাই নে। হয় অত্যস্ত ঘনিষ্ঠতা নয় অত্যম্ভ দূরত্ব, এর মাঝখানে যে একটা প্রকাণ্ড জায়গা আছে সেটা আজও আমাদের ভালো করে আয়ত্ত হয় নি। এমন-কি, সেখানকার বিধিবন্ধনকৈ আমরা श्रणात्र व्याप विकास कति। ध कथा जूल गाँहे, य-नव माञ्चरक श्रम प्र पिट পারি নে ভাদেরও কিছু দেবার আছে। এই দানটাকে আমরা ক্লঞিম বলে গাল দিই, কিন্তু জাতের কৃত্রিম থাঁচার মধ্যে মাহুষ ব'লেই এই সাধারণ আদ্বকায়দাকে আমাদের

কৃত্রিম বলে ঠেকে। বস্তুত, ঘরের মাহ্নকে আজীয় ব'লে এবং তার বাইরের মাহ্নকে আপন সমাজের ব'লে এবং তারও বাইরের মাহ্নকে মানবসমাজের ব'লে স্বীকার করা মাহ্নকের পক্ষে স্বাভাবিক। হৃদয়ের বন্ধন, শিষ্টাচারের বন্ধন, এবং আদবকারদার বন্ধন— এই তিনই মাহ্নকের প্রকৃতিগত।

কাপ্তেন বলে রেখেছেন, আজ সন্ধ্যাবেলায় ঝড় হবে, ব্যারোমিটার নাবছে। কিন্তু,
শাস্ত আকাশে সূর্য অন্ত গেল। বাতাদে যে পরিমাণ বেগ থাকলে তাকে মন্দপবন বলে,
অর্থাৎ যুবতীর মন্দগমনের দক্ষে কবিরা তুলনা করতে পারে, এ তার চেয়ে বেশি;
কিন্তু ঢেউগুলোকে নিয়ে কন্ততালের করতাল বাজাবার মতো আদর জমে নি, ষেটুকু
খোলের বোল দিচ্ছে তাতে ঝড়ের গৌরচন্দ্রিকা বলেও মনে হয় নি। মনে করলুম,
মান্থবের কৃষ্টির মতো বাতাদের কৃষ্টি গণনার দক্ষে ঠিক মেলে না, এ যাত্রা ঝড়ের ফাড়া
কেটে গেল। তাই পাইলটের হাতে আমাদের ডাঙার চিঠিপত্র সমর্পণ করে দিয়ে প্রেশয়
সম্প্রকে অভ্যর্থনা করবার জন্যে ডেক-চেয়ার টেনে নিয়ে পশ্চিমম্থো হয়ে বসলুম।

হোলির রাত্রে হিন্দুখানি দরোয়ানদের থচমচির মতো বাতাদের লয়টা ক্রমেই জ্রুত হয়ে উঠল। জলের উপর স্থান্তের আলপনা-আঁকা আসনটি আচ্ছন্ন ক'রে নীলাম্বরীর ঘোমটা-পরা সন্ধ্যা এদে বসল। আকাশে তখনো মেঘ নেই, আকাশসমুদ্রের ফেনার মতোই ছায়াপথ জল্জল্ করঁতে লাগল।

ডেকের উপর বিছানা করে যখন শুলুম তখন বাতাসে এবং জলে বেশ একটা কবির লড়াই চলছে; একদিকে সোঁ সোঁ শব্দে তান লাগিয়েছে, আর-একদিকে ছল্ ছল্ শব্দে জবাব দিক্তে, কিন্তু ঝড়ের পালা বলে মনে হল না। আকাশের তারাদের সঙ্গে চোখোচোখি করে কখন এক সময়ে চোখ বুজে এল।

রাত্রে স্বপ্ন দেখলুম, আমি যেন মৃত্যু সম্বন্ধে কোনো একটি বেদমন্ত্র আবৃত্তি করে সেইটে কাকে বৃঝিয়ে বলছি। আন্তর্য ভারে রচনা, যেন একটা বিপুল আর্ডস্বরের মতো, অথচ তার মধ্যে মরণের একটা বিরাট বৈরাগ্য আছে। এই মন্ত্রের মাঝখানে জেগে উঠে দেখি, আকাশ এবং জল তথন উন্মন্ত হয়ে উঠেছে। সমৃত্র চাম্ভার মতো ফেনার জিব মেলে প্রচণ্ড অট্টহাস্থে নৃত্যু করছে।

আকাশের দিকে তাকিয়ে দেখি, মেঘগুলো মরিয়া হয়ে উঠেছে, য়েন তাদের কাগুক্রান নেই— বলছে, যা থাকে কপালে। আর, জলে যে বিষম গর্জন উঠছে তাতে
মনের ভাবনাও যেন শোনা যায় না, এমনি বোধ হতে লাগল। মাল্লারা ছোটো ছোটো
লঠন হাতে ব্যস্ত হয়ে এদিকে ওদিকে চলাচল করছে, কিন্তু নিঃশন্দে। মাঝে মাঝে
এঞ্জিনের প্রতি কর্ণধারের সংকেত-ঘণ্টাধ্বনি শোনা যাচ্ছে।

এবার বিছানার শুরে ঘুমোবার চেষ্টা করন্ম। কিন্তু, বাইরে জন বাতাসের গর্জন আর আমার মনের মধ্যে সেই স্বপ্লব্ধ মরণমন্ত্র ক্রমাগত বাজতে লাগল। আমার ঘুমের সঙ্গে জাগরণ ঠিক যেন ওই ঝড় এবং ঢেউয়ের মতোই এলোমোলো মাতামাতি করতে থাকল, ঘুমোচ্ছি কি জেগে আছি বুঝতে পারছি নে।

এ-পর্যন্ত জাহাজের নিত্যক্রিয়া একরকম চলে যাচ্ছে, এমন-কি, আমাদের প্রাত-রাশেরও ব্যাঘাত হল না। কাপ্তেনের মূখে কোনো উদ্বেগ নেই। তিনি বললেন, এই সময়টাতে এমন একট্-আধট্ হয়ে থাকে; আমরা ষেমন যৌবনের চাঞ্চল্য দেখে বলে থাকি, ওটা বয়সের ধর্ম।

ক্যাবিনের মধ্যে থাকলে ঝুমঝুমির ভিতরকার কড়াইগুলোর মতো নাড়া থেতে ছবে, তার চেয়ে থোলাখুলি ঝড়ের সঙ্গে মোকাবিলা করাই ভালো। আমরা শাল কম্বল মৃড়ি দিয়ে জাহাজের ডেকের উপর গিয়েই বসলুম। ঝড়ের ঝাপট পশ্চিম দিক থেকে আসছে, সেইজন্মে পূর্বদিকের ডেকে বসা ত্ঃসাধ্য ছিল না।

ঝড় ক্রমেই বেড়ে চলল। মেঘের সঙ্গে টেউয়ের সঙ্গে কোনো ভেদ রইল না।
সমূদ্রের সে নীল রঙ নেই, চারি দিক ঝাপসা বিবর্ণ। ছেলেবেলার আরব্য-উপস্থাদে
পড়েছিলুম, জ্বেলের জালে যে ঘড়া উঠেছিল তার ঢাকনা খুলতেই তার ভিতর থেকে
ধোঁদ্বার মতো পাকিয়ে পাকিয়ে প্রকাণ্ড দৈত্য বেরিয়ে পড়ল। আমার মনে হল,
সমূদ্রের নীল ঢাকনাটা কে খুলে ফেলেছে, আর ভিতর থেকে ধোঁদ্বার মতো লাখাে
লাখাে দৈত্য পরস্পর ঠেলাঠেলি করতে করতে আকাশে উঠে পড়ছে।

জাপানি মাল্লারা ছুটোছুটি করছে কিন্তু তাদের মৃথে হাসি লেগেই আছে। তাদের ভাব দেখে মনে হয়, সমৃত্র ঘেন অট্টহাস্তে জাহাজটাকে ঠাটা করছে মাত্র; পশ্চিম দিকের ডেকের দরজা প্রভৃতি সমস্ত বন্ধ তবু সে-সব বাধা ভেদ করে এক একবার জলের তেওঁ হুড়মুড় করে এদে পড়ছে, আর তাই দেখে ওরা হো হো করে উঠছে। কাপ্তেন আমাদের বারবার বললেন, ছোটো ঝড়, সামাক্ত ঝড়। একসময় আমাদের

স্মার্ড এসে টেবিলের উপর আঙুল দিয়ে এঁকে ঝড়ের খাতিরে জাহাজের কী রকম পথ বদল হয়েছে, সেইটে ব্ঝিয়ে দেবার চেষ্টা করলে। ইতিমধ্যে বৃষ্টির ঝাপটা লেগে শাল কমল সমস্ত ভিজে শীতে কাঁপুনি ধরিয়ে দিয়েছে; আর কোথাও স্থবিধা না দেখে কাপ্তেনের ঘরে গিয়ে আগ্রয় নিলুম। কাপ্তেনের যে কোনো উৎকণ্ঠা আছে, বাইরে থেকে তার কোনো লক্ষণ দেখতে পেলুম না।

ঘরে আর বসে থাকতে পারন্ম না। ভিজে শাল মৃড়ি দিয়ে আবার বাইরে এসে বসন্ম। এত তুফানেও বে আমাদের ডেকের উপর আছড়ে আছড়ে ফেলছে না তার কারণ, জাহাজ আকণ্ঠ বোঝাই। ভিতরে যার পদার্থ নেই তার মতো দোলান্থিত অবহা আমাদের জাহাজের নয়। মৃত্যুর কথা অনেকবার মনে হল। চারি দিকেই তো মৃত্যু, দিগস্ত থেকে দিগস্ত পর্যন্ত মৃত্যু; আমার প্রাণ এর মধ্যে এতটুকু। এই অতি ছোটোটার উপরেই কি সমস্ত আহা রাধব, আর এই এতবড়োটাকে কিছু বিশাস করব না ?—বড়োর উপরে ভরসা রাধাই ভালো।

ডেকে বদে থাকা আর চলছে না। নীচে নাবতে গিয়ে দেখি সিঁড়ি পর্যন্ত ছুড়ে সমন্ত রান্তা ঠেনে ভতি করে ডেক-প্যাদেঞ্জার বদে। বহু কটে তাদের ভিতর দিয়ে পথ করে ক্যাবিনের মধ্যে গিয়ে শুয়ে পড়লুম। এইবার সমন্ত শরীর মন খুলিয়ে উঠল। মনে হল, দেহের দলে প্রাণের আর বনতি হচ্ছে না; হুধ মথন করলে মাখনটা বেরকম ছিন্ন হয়ে আলে প্রাণটা বেন তেমনি হয়ে এসেছে। জাহাজের উপরকার দোলা সহ্ত করা বান্ন, জাহাজের ভিতরকার দোলা সহ্ত করা শক্ত। কাকরের উপর দিয়ে চলা আর জুতার ভিতরে কাকর নিয়ে চলার যে তফাত, এ যেন তেমনি। একটাতে মার আছে বন্ধন নেই, আর একটাতে বেঁধে মার।

ক্যাবিনে শুয়ে শুরে শুনতে পেলুম, ডেকের উপর কী যেন ছড়ম্ড করে ভেঙে ভেঙে পড়ছে। ক্যাবিনের মধ্যে হাওয়া আসবার জ্বন্তে যে ফানেলগুলো ডেকের উপর হাঁ করে নিশাস নেয়, ঢাকা দিয়ে তাদের মুখ বন্ধ করে দেওয়া হয়েছে, কিন্তু ঢেউয়ের প্রবল চোটে তার ভিতর দিয়েও ঝলকে ঝলকে ক্যাবিনের মধ্যে জল এসে পড়ছে। বাইরে উনপঞ্চাশ বায়ুর নৃত্য, অথচ ক্যাবিনের মধ্যে গুমট। একটা ইলেকট্রিক পাখা চলছে তাতে তাপটা যেন গায়ের উপর বুরে বুরে লেজের ঝাপটা দিতে লাগল।

হঠাৎ মনে হয়, এ একেবারে অসহ। কিন্তু, মাহুষের মধ্যে পরীর-মন-প্রাণের চেয়েও বড়ো একটা সভা আছে। ঝড়ের আকাশের উপরেও বেমন শাস্ত আকাশ, তুফানের সমুদ্রের নীচে বেমন শাস্ত সমুদ্র, সেই আকাশ সেই সমুদ্রই বেমন বড়ো, মাহুষের অস্তরের গভীরে এবং সমুদ্ধে সেইরক্ষম একটি বিরাট শাস্ত পুরুষ আছে— বিপন্ন এবং তৃ:খের ভিতর দিয়ে তাকিয়ে দেখলে তাকে পাওয়া যায়— তৃ:খ তার পায়ের তলায়, মৃত্যু তাকে স্পর্শ করে না।

সন্ধ্যার সময় ঝড় থেমে গেল। উপরে গিয়ে দেখি, আহাজটা সম্জের কাছে এতক্ষণ ধরে যে চড়চাপড় থেয়েছে তার অনেক চিছ্ন আছে। কাপ্তেনের ময়ের একটা প্রাচীর ডেঙে গিয়ে তাঁর আসবাবপত্র সমস্ত ভিজে গেছে। একটা বাঁধা লাইফ-বোট অথম হয়েছে। ডেকে প্যাসেক্লারদের একটা ময় এবং ভাগুরের একটা অংশ ডেঙে পড়েছে। আপানি মালারা এমন-সকল কাজে প্রবৃত্ত ছিল যাতে প্রাণসংশন্ন ছিল। আহাজ যে বারবার আসল সংকটের সকে লড়াই করেছে তার একটা স্পষ্ট প্রমাণ পাওয়া গেল—আহাজের ডেকের উপর কর্কের তৈরি সাঁতার দেবার আমাগুলো সাআনো। এক-সময়ে এগুলো বের করবার কথা কাপ্তেনের মনে এসেছিল। কিছ, এই ঝড়ের পালার মধ্যে সব-চেয়ে স্পষ্ট করে আমার মনে পড়ছে জাপানি মালাদের হানি।

শনিবার দিনে আকাশ প্রসন্ন কিন্তু সমৃত্রের আক্ষেপ এখনো দোচে নি। আকর্ষ এই, ঝড়ের সমন্ন জাহাজ এমন দোলে নি ঝড়ের পর যেমন তার দোলা। কালকেকার উৎপাতকে কিছুতেই যেন সে ক্ষমা করতে পারছে না, ক্রমাগতই ফুঁপিয়ে ফুঁপিয়ে উঠছে। শরীরের অবহাটাও অনেকটা সেইরকম; ঝড়ের সমন্ন সে একরকম শক্ত ছিল কিন্তু পরের দিন ভূলতে পারছে না, তার উপর দিয়ে ঝড় গিয়েছে।

আজ রবিবার। জলের রঙ ফিকে হয়ে উঠেছে। এতদিন পরে আকাশে একটি
পাখি দেখতে পেলুম— এই পাখিগুলিই পৃথিবীর বাণী আকাশে বহন করে নিয়ে যায়;
আকাশ দেয় তার আলো, পৃথিবী দেয় তার মান। সম্ত্রের যা-কিছু গান সে কেবল
তার নিজের ঢেউয়ের— তার কোলে জীব আছে যথেষ্ট, পৃথিবীর চেয়ে অনেক বেশি,
কিছু তাদের কারো কঠে হয়ে নেই; সেই অসংখ্য বোবা জীবের হয়ে সম্ত্র নিজেই
কথা কছে। ডাঙার জীবেরা প্রধানত শব্দের ঘারাই মনের তাব প্রকাশ করে, জলচরদের
ভাষা হচ্ছে গতি। সম্ত্র হচ্ছে নৃত্যলোক, আর পৃথিবী হচ্ছে শন্দলোক।

আজ বিকেলে চারটে-পাঁচটার সময় রেন্থনে পৌঁছবার কথা। মন্দলবার থেকে
শনিবার পর্যন্ত পৃথিবীতে নানা থবর চলাচল করছিল, আমাদের জ্ঞান্তে সেগুলো সমস্ত
জ্ঞানে রয়েছে; বাণিজ্যের ধনের মতো নয় প্রতিদিন বার হিসাব চলছে, কোম্পানির
কাগজের মতো অগোঁচরে বার হৃদ জমছে।

8

২৪শে বৈশাথ অপরাহে রেন্স্নে এসে পৌছনো গেল।

চোধের পিছনে চেয়ে দেখার একটা পাকষন্ত্র আছে, সেইখানে দেখাগুলো বেশ করে ছক্তম হয়ে না গেলে সেটাকে নিজের করে দেখানো যায় না। তা নাই বা দেখানো গেল, এমন কথা কেউ বলতে পারেন। ষেখানে যাওয়া গেছে সেখানকার মোটাম্টি বিবরণ দিতে দোষ কী।

দোষ না থাকতে পারে, কিন্তু আমার অভ্যাস অন্তরকম। আমি টুকে ষেতে চিঁকে ষেতে পারি নে। কথনো কথনো নোট নিতে ও রিপোর্ট দিতে অহুরুদ্ধ হয়েছি, কিন্তু সে-সমস্ত টুকরো কথা আমার মনের মুঠোর ফাঁক দিয়ে গলে ছড়িয়ে পড়ে যায়। প্রত্যক্ষটা একবার আমার মনের নেপথ্যে অপ্রত্যক্ষ হয়ে গিয়ে তার পরে যখন প্রকাশের মঞ্চে এসে দাঁড়ায় তথনই তার সঙ্গে আমার ব্যবহার।

ছুটতে ছুটতে তাড়াতাড়ি দেখে দেখে বেড়ানো আমার পক্ষে ক্লান্তিকর এবং নিম্ফল। অতএব আমার কাছ থেকে বেশ ভদ্ররকম ভ্রমণবৃত্তান্ত তোমরা পাবে না। আদালতে সত্যপাঠ করে আমি সাক্ষী দিতে পারি যে রেক্সন নামক এক শহরে আমি এসেছিল্ম; কিন্তু যে আদালতে আরো বড়ো রকমের সত্যপাঠ করতে হয় সেধানে আমাকে বলতেই হবে, রেক্সনে এসে পৌছই নি।

এমন হতেও পারে, রেন্থন শহরটা খ্ব একটা সত্য বস্তু নয়। রাস্তাগুলি সোজা, চূওড়া, পরিষ্ণার; বাড়িগুলি তক্তক্ করছে; রাস্তায় ঘাটে মাদ্রাজ্ঞি, পাঞ্জাবি, গুলুরাটি ঘুরে বেড়াচ্ছে; তার মধ্যে হঠাৎ কোথাও যথন রঙিন রেশমের কাপড়-পরা ব্রহ্মদেশের পুক্ষ বা মেয়ে দেখতে পাই তথন মনে হয়, এরাই বৃঝি বিদেশী। আসল কথা, গঙ্গার পুলটা যেমন গঙ্গার নয় বরঞ্চ সেটা গঙ্গার গলার ফাঁসি, রেন্থন শহরটা তেমনি ব্রহ্মদেশের শহর নয়, ওটা যেন সমস্ত দেশের প্রতিবাদের মতো।

প্রথমত, ইরাবতী নদী দিয়ে শহরের কাছাকাছি যথন আসছি তথন ব্রহ্মদেশের প্রথম পরিচয়টা কী। দেখি, তীরে বড়ো বড়ো দব কেরোসিন তেলের কারথানা লম্বা লম্বা চিমনি আকাশে তুলে দিয়ে ঠিক বেন চিত হয়ে পড়ে বর্মা চুক্রট থাছে। তার পরে যত এগোতে থাকি, দেশ-বিদেশের জাহাজের ভিড়। তার পর যথন ঘাটে এসে পৌছই তথন তট বলে পদার্থ দেখা যায় না— সারি সারি জেটিগুলো যেন বিকটাকার লোহার জে ক্রের মতো ব্রহ্মদেশের গায়ে একেবারে হেঁকে ধরেছে। তার পরে আপিস-আদালত দোকাম-বাজারের মধ্যে দিয়ে আমার বাঙালি বন্ধুদের বাড়িতে গিয়ে উঠলুম; কোনো ফাক দিয়ে ব্রহ্মদেশের কোনো চেহারাই দেখতে পেলুম না। মনে হল, রেজুন ব্রহ্মদেশের ম্যাপে

আছে কিন্তু দেশে নেই। অর্থাৎ, এ শহর দেশের মাটি থেকে গাছের মতো ওঠে নি, এ শহর কালের স্রোতে ফেনার মতো ভেসেছে, স্করাং এর পক্ষে এ জাম্বগাও বেমন অস্তু জাম্বগাও তেমনি।

আরল কথা, পৃথিবীতে যে-সব শহর সভ্য তা মাহুষের মমতার বারা তৈরি হয়ে উঠেছে। দিল্লি বল, আগ্রা বল, কাশী বল, মাহুষের আনন্দ তাকে স্পষ্ট করে তুলেছে। কিন্তু বাণিজ্ঞালন্দ্রী নির্মম, তার পায়ের নীচে মাহুষের মানস-সরোবরের সৌন্দর্যশতদল ফোটে না। মাহুষের দিকে সে তাকায় না, সে কেবল প্রব্যকে চায়; বন্তু তার বাহন। গল্পা দিয়ে যখন আমাদের জাহাজ আসহিল তখন বাণিজ্ঞান্ত্রীর নির্লজ্ঞ নির্দয়তা নদীর ছই ধারে দেখতে দেখতে এসেছি। ওর মনে প্রীতি নেই ব'লেই বাংলাদেশের এমন স্থানর ধারকে এত অনায়ানে নষ্ট করতে পেরেছে।

আমি মনে করি, আমার পরম সৌভাগ্য এই ষে, কদর্যভার লৌহবক্সা বথন কলকাতার কাছাকাছি হুই জীরকে, মেটেবুরুজ থেকে হুগলী পর্যন্ত, গ্রাস করবার জক্তে ছুটে আসছিল আমি তার আগেই জন্মছি। তথনো গলার ঘাটগুলি গ্রামের স্লিশ্ধ বাহুর মতো গলাকে বুকের কাছে আপন ক'রে ধরে রেখেছিল, কুঠির নৌকাগুলি তথনো সন্ধ্যাবেলায় তীরে তীরে ঘাটে ঘাটে ঘরের লোকগুলিকে ঘরে ঘরে ফিরিয়ে আনত। একদিকে দেশের হাদয়ের ধারা, আর-একদিকে দেশের এই নদীর ধারা, এর মাঝখানে কোনো কঠিন কুৎসিত বিচ্ছেদ এসে দাঁড়ায় নি।

তথনো কলকাতার আলেপাশে বাংলাদেশের যথার্থ রূপটিকে ছই চোখ ভরে দেখবার কোনো বাধা ছিল না। সেইজন্তেই কলকাতা আধুনিক শহর হলেও কোকিলশিশুর মতো তার পালনকর্ত্রীর নীড়কে একেবারে রিক্ত করে অধিকার করে নি। কিন্তু তার পরে বাণিজ্ঞাসভ্যতা যতই প্রবল হয়ে উঠতে লাগল ততই দেশের রূপ আচ্ছর হতে চলল। এখন কলকাতা বাংলাদেশকে আপনার চারি দিক থেকে নির্বাসিত করে দিছে। দেশ ও কালের লড়াইয়ে দেশের শ্রামল শোভা পরাভূত হল, কালের করাল মৃতিই লোহার দাঁত নথ মেলে কালো নিশাস ছাড়তে লাগল।

এক সময়ে মাহ্ব বলেছিল, বাণিজ্যে বসতে লক্ষীঃ। তথন মাহ্ব লক্ষীর বে-পরিচয় পেয়েছিল সে তো কেবল ঐশর্যে নয়, তাঁয় সৌন্দর্যে। তার কারণ, বাণিজ্যের সঙ্গে তথন মহায়ত্বের বিচ্ছেদ ঘটে নি। তাঁতের সঙ্গে তাঁতির, কামারের হাতৃড়ির সঙ্গে কামারের হাতের, কারিগরের সঙ্গে তার কাক্ষকার্যের মনের মিল ছিল। এইজন্তে বাণিজ্যের ভিতর দিয়ে মাহ্যের হদয় আপনাকে ঐশর্যে বিচিত্র ক'রে হন্দর ক'রে ব্যক্ত করত। নইলে লক্ষী তার পদ্মাসন পেতেন কোখা থেকে। যথন থেকে কল হল

বাণিজ্যের বাহন তখন থেকে বাণিজ্য হল জীহীন। প্রাচীন ভেনিসের সঙ্গে আধুনিক ম্যাকেন্টরের তুলনা করলেই তফাতটা স্পষ্ট দেখতে পাওয়া যাবে। ভেনিসে সৌদর্বে এবং ঐশর্বে মাহ্র্য আপনারই পরিচয় দিয়েছে, ম্যাকেন্টরে মাহ্র্য দব দিকে আপনাকে ধর্ব করে আপনার কলের পরিচয় দিয়েছে। এইজয়্য কল-বাহন বাণিজ্য যেখানেই গেছে সেখানেই আপনার কালিমায় কদর্যতায় নির্মমতায় একটা লোলুপতার মহামারী সমস্ত পৃথিবীতে বিস্তীর্ণ করে দিছে। তাই নিয়ে কাটাকাটি-হানাহানির আর অস্ত নেই; তাই নিয়ে অসত্যে লোকালয় কলজিত এবং রক্তপাতে ধরাতল পঞ্চিল হয়ে উঠল। অয়পূর্ণা আজ হয়েছেন কালী; তাঁর অয়পরিবেশনের হাতা আজ হয়েছে রক্তপান করবার থর্পর। তাঁর শ্বিতহাম্য আজ অট্রহাম্যে ভীষণ হল। যাই হোক, আমার বলবার কথা এই যে, বাণিজ্য মানুষকে প্রকাশ করে না, মানুষকে প্রভঙ্গ করে।

তাই বলছি, রেশ্বন তো দেখলুম কিন্তু সে কেবল চোথের দেখা, সে দেখার মধ্যে কোনো পরিচয় নেই; সেথান থেকে আমার বাঙালি বন্ধুদের আতিথ্যের শ্বতি নিয়ে এসেছি, কিন্তু ব্রহ্মদেশের হাত থেকে কোনো দক্ষিণা আনতে পারি নি। কথাটা হয়তো একটু অত্যক্তি হয়ে পড়ল। আধুনিকতার এই প্রাচীরের মধ্যে দেশের একটা গবাক হঠাৎ একটু খোলা পেয়েছিলুম। সোমবার দিন সকালে আমার বন্ধুরা এখান-কার বিখ্যাত বৌদ্ধ মন্দিরে নিয়ে গেলেন।

এতক্ষণে একটা-কিছু দেখতে পেলুম। এতক্ষণ ধার মধ্যে ছিলুম সে একটা আ্যাব্সট্রাক্শন, সে একটা অবিভিন্ন পদার্থ। সে একটা শহর, কিন্তু কোনো-একটা শহরই নয়। এখন ধা দেখছি তার নিজেরই একটা বিশেষ চেহারা আছে। তাই সমস্ত মন খুলি হয়ে সজাগ হয়ে উঠল। আধুনিক বাঙালির ঘরে মাঝে মাঝে খুব ফ্যাশান ওয়ালা মেয়ে দেখতে পাই; তারা খুব গট্গট্ করে চলে, খুব চট্পট্ করে ইংরেজি কয়; দেখে মন্ত একটা অভাব মনে বাজে; মনে হয় ফ্যাশানটাকেই বড়ো করে দেখছি, বাঙালির মেয়েটিকে নয়; এমন সময় হঠাৎ ফ্যাশানজালম্ক্ত সরল স্কল্মর স্মিষ্ক বাঙালি-ঘরের কল্যাণীকে দেখলে তখনই ব্রুতে পারি, এ তো মরীচিকা নয়, স্বচ্ছ গভীর সরোবরের মতো এর মধ্যে একটি ত্বাহরণ পূর্ণতা আপন পদ্মবনের পাড়টি নিয়ে টলটল করছে। মন্দিরের মধ্যে চুকতেই আমার মনে তেমনি একটি আনন্দের চমক জাগজ; মনে হল, বাই হোক-না কেন, এটা ফাকা নয়, যেটুকু চোঝে পড়ছে এ তার চেয়ে আরম অনক বেশি। সমস্ত রেজুন শহরটা এর কাছে ছোটো হয়ে গেল; বছকালের বৃহৎ বক্ষদেশ এই মন্দিরটুকুর মধ্যে আপনাকে প্রকাশ করলে।

প্রথমেই বাইরের প্রথর আলোর থেকে একটি পুরাতন কালের পরিণত ছায়ার মধ্যে

अरम श्वादम कत्रम्म । श्वादम श्वास श्रमण्ड मि छि छो छ छलाइ ; छात्र छेम्दत चांकामन । यह मि छित छहे श्वाद क्रम क्रम वाछि, भूकात चर्चा विक्रि छलाइ । याता दिहाइ छात्रा चिश्वप्त इंद्रेश प्राप्त हां । क्र्या क्रम क्रम ताछि, भूकात प्राप्त दिला हां द्रिक हलाइ । याता दिहाइ प्राप्त क्रम प्राप्त हां । क्रम प्राप्त क्रम हां । हां । हां क्रम हां । हां । क्रम हां । क्रम हां । क्रम हां । हां । क्रम हां । क्र

সিঁড়ি বেম্বে উপরে ষেধানে গেলুম সেধানে খোলা জামগা, তারই নানা ছানে नानांतकरमत्र मन्दित । तम मन्दित शास्त्रीर्थ त्निहे, कांक्रकार्यंत्र र्छमार्छिन ভिড़, ममस्र বেন ছেলেমান্থবের খেলনার মতো। এমন অভুত পাঁচমিশালি ব্যাপার আর কোথাও দেখা যায় না- এ যেন ছেলে-ভূলোনো ছড়ার মতো; তার ছন্দটা একটানা বটে, কিছ তার মধ্যে ষা-খুন্দি-তাই এসে পড়েছে, ভাবের পরস্পর-সামগ্রস্তের কোনো দরকার নেই। বছকালের পুরাতন শিল্পের সঙ্গে এখনকার কালের নিভাস্ত সন্তাদরের তুচ্ছতা একেবারে গাম্বে গাম্বে সংলগ্ন। ভাবের অসংগতি বলে যে কোনো পদার্থ আছে, এরা তা ষেন একেবারে জানেই না। আমাদের কলকাতার বড়োমাহবের ছেলের বিবাহষাত্রার রান্তা দিয়ে ষেমন সকল রকমের অভুত অসামগুল্ডের বন্তা বয়ে যায়, কেবলমাত্র পুঞ্জীকরণটাই তার मक्का, मक्कीकर्त्रण नग्न, এও সেইরকম। এক দরে অনেকগুলো ছেলে থাকলে যেমন তারা গোলমাল করে, সেই গোলমাল করাতেই তাদের আনন্দ – এই মন্দিরের সাজসজা, প্রতিমা, নৈবেছ, সমস্ত ধেন সেইরকম ছেলেমামুষের উৎসব; তার মধ্যে অর্থ নেই, শব্দ আছে। যন্দিরের ওই সোনা-বাঁধানো পিতল-বাঁধানো कृषाक्षिण बक्तरमध्यत्र ह्रालर्भारमञ्जूषान्य ज्ञानस्मत्र जेक्कशच्चिमिखिक रहा रहा भक्ष- चाकार्थ एड थिनिया फेर्रा । अएमत स्थन विठांत कत्रवांत, शक्कीत श्वांत वस्रम श्रम नि । अथानकांत्र **धरे ब्रिडिन य्याब्रहार्डे नर-८० एक । क्रिडिन या क्रिडिन या क्रिडिन एक क्रिडिन क्रिड क्रिड क्रिड क्रिडिन क्रिडिन क्रिड क्रिड क्रिड क्रिड क्रिड क्रिड क्रिड क्रिड क्रिड क** 

ফুল ফুটে রয়েছে। ভূঁইটাপার মতো এরাই দেশের সমস্ত— আর কিছু চোখে। পড়ে না।

লোকের কাছে ভনতে পাই এখানকার প্রুষেরা অলস ও আরামপ্রিয়, অক্স দেশের প্রুষের কাজ প্রায় সমস্তই এখানে মেয়েরা করে থাকে। হঠাং মনে আসে, এটা ব্ঝি মেয়েদের উপরে জুলুম করা হয়েছে। কিন্তু, ফলে তো তার উলটোই দেখতে পাচ্ছি— এই কাজকর্মের হিল্লোলে মেয়েরা আরো যেন বেশি করে বিকশিত হয়ে উঠেছে। কেবল বাইরে বেরতে পারাই যে মুক্তি তা নয়, অবাধে কাজ করতে পাওয়া মাম্বের পক্ষে তার চেয়ে বড়ো মৃক্তি। পরাধীনতাই সব চেয়ে বড়ো বন্ধন নয়, কাজের সংকীর্ণতাই হচ্ছে সব চেয়ে কঠোর থাঁচা।

এখানকার মেয়েরা দেই খাঁচা থেকে ছাড়া পেয়ে এমন পূর্ণতা এবং আত্মপ্রতিষ্ঠা লাভ করেছে। তারা নিজের অন্তিম্ব নিয়ে নিজের কাছে সংকৃচিত হয়ে নেই; রমণীর লাবণ্যে যেমন তারা প্রেয়দী, শক্তির মৃক্তিগৌরবে তেমনি তারা মহীয়দী। কাজেই যে মেয়েদের বথার্থ শ্রী দেয়, সাঁওতাল মেয়েদের দেখে তা আমি প্রথম ব্রতে পেরেছিলুম। তারা কঠোর পরিশ্রম করে, কিন্তু কারিগর যেমন কঠিন আঘাতে যুতিটিকে হব্যক্ত করে তোলে তেমনি এই পরিশ্রমের আঘাতেই এই সাঁওতাল মেয়েদের দেহ এমন নিটোল, এখন হ্ব্যক্ত হয়ে ওঠে; তাদের সকল প্রকার গতিভিন্নতে এমন একটা মৃক্তির মহিমা প্রকাশ পায়। কবি কীটদ্ বলেছেন, সত্যই হৃদ্দর। অর্থাৎ, সত্যের বাধাম্ক হৃদ্দপূর্ণতাতেই সৌন্দর্য। সত্য মৃক্তি লাভ করলে আপনিই হৃদ্দর হয়ে প্রকাশ পায়। প্রকাশের পূর্ণতাই সৌন্দর্য, এই কথাটাই আমি উপনিষদের এই বাণীতে অহুভব করি— আনন্দরপমমৃতং বদ্বিভাতি; অনন্তম্বরূপ ষেখানে প্রকাশ পাছেন, সেইখানেই তাঁর অমৃতরূপ, আনন্দরূপ। মাহুষ ভয়ে লোভে দ্বায় মৃছভায় প্রয়োজনের সংকীর্বতায় এই প্রকাশকে আচ্ছন্ন করে, বিকৃত করে; এবং সেই বিকৃতিকেই অনেকসময় বড়ো নাম দিয়ে বিশেষ ভাবে আদের করে পাকে।

তোসামারু জাহাজ ২৭ বৈশাখ ১৩২৩

0

২০ বৈশাধ। বিকেলের দিকে ষধন পিনাঙের বন্দরে ঢুকছি, আমাদের সঙ্গে বে-বালকটি এসেছে, তার নাম মৃকুল, সে বলে উঠল, "ইম্বলে একদিন পিনাঙ সিঙাপুর মৃথস্ত করে মরেছি, এ সেই পিনাঙ।" তথন আমার মনে হল, ইম্বলের ম্যাপে পিনাঙ দেখা ষেমন সহজ ছিল, এ তার চেয়ে বেশি শক্ত নয়। তথন মাস্টার ম্যাপে আঙুল বুলিয়ে দেশ দেখাতেন, এ হচ্ছে জাহাজ বুলিয়ে দেখানো।

এরকম ভ্রমণের মধ্যে 'বস্তুতন্ততা' খুব সামান্ত। বসে বসে স্বপ্ন দেখবার মতো।
না করছি চেষ্টা, না করছি চিস্তা, চোখের সামনে আপনা-আপনি সব জেগে উঠছে।
এই-সব দেশ বের করতে, এর পথ ঠিক করে রাখতে, এর রাস্তাঘাট পাকা করে
তুলতে, অনেক মাহ্বকে অনেক ভ্রমণ এবং অনেক ছঃসাহস করতে হয়েছে;
আমরা সেই সমস্ত ভ্রমণ ও ছঃসাহসের বোতলে-ভরা মোরবা উপভোগ করছি যেন।
এতে কোনো কাঁটা নেই, খোসা নেই, আঁটি নেই; কেবল শাঁসটুকু আছে, আর তার
সঙ্গে যতটা সম্ভব চিনি মেশানো। অকূল সম্ভ ফুলে ফুলে উঠছে, দিগস্তের পর
দিগস্তের পর্দা উঠে উঠে যাচ্ছে, ছর্গমতার একটা প্রকাণ্ড মৃতি চোখে দেখতে পাচ্ছি;
অথচ আলিপুরে থাঁচার-সিংহটার মতো তাকে দেখে আমোদ বোধ করছি; ভীষণও
মনোহর হয়ে দেখা দিচ্ছে।

আরব্য উপস্থাদে আলাদিনের প্রদীপের কথা যথন পড়েছিলুম তথন সেটাকে ভারি লোভনীয় মনে হয়েছিল। এ তো সেই প্রদীপেরই মায়া। জলের উপরে হলের উপরে সেই প্রদীপটা ঘষছে, আর অদৃশ্য দৃশ্য হচ্ছে, দূর নিকটে এসে পড়ছে। আমরা এক জায়গায় বসে আছি, আর জায়গাগুলোই আমাদের সামনে এসে পড়ছে।

কিন্তু মাসুষ ফলটাকেই যে মৃখ্যভাবে চায় তা নয়, ফলিয়ে তোলানোটাই তার সবচেয়ে বড়ো জিনিস। সেইজন্তে, এই যে ভ্রমণ করছি এর মধ্যে মন একটা অভাব অন্থভব
করছে, সেটি হচ্ছে এই যে আমরা ভ্রমণ করছি নে। সমৃত্রপথে আসতে আসতে
মাঝে মাঝে দ্রে দ্রে এক-একটা পাহাড় দেখা দিচ্ছিল, আগাগোড়া গাছে ঢাকা; ঠিক
যেন কোন্ দানবলোকের প্রকাণ্ড জন্ত তার কোঁকড়া সবুজ রোয়া নিয়ে সমৃত্রের ধারে
ঝিমোতে ঝিমোতে রোদ পোয়াচ্ছে; মৃকুল তাই দেখে বললে, ওইখানে নেবে যেতে
ইচ্ছা করে। ওই ইচ্ছাটা হচ্ছে সত্যকার ভ্রমণ করবার ইচ্ছা। অন্ত কর্তৃক দেখিয়ে
দেওয়ার বন্ধন হতে মৃক্ত হয়ে নিজে দেখার ইচ্ছা। ওই পাহাড়ওয়ালা ছোটো ছোটো
দ্বীপগুলোর নাম জানি নে, ইস্কুলের ম্যাপে ওগুলোকে মৃখন্ত করতে হয় নি; দ্র থেকে
দেখে মনে হয়, ওরা একেবারে তাজা রয়েছে, সার্কুলেটিং লাইত্রেরির বইগুলোর মতো
মান্নবের হাতে হাতে ফিরে নানা চিক্তে চিহ্নিত হয়ে য়ায় নি; সেইজন্তে মনকে টানে।
অল্তের পরে মান্নবের বড়ো দ্বা। যাকে আর কেউ পায় নি মান্নয তাকে পেতে চায়।
ভাতে যে পাওয়ার পরিমাণ বাড়ে তা নয়, কিন্তু পাওয়ার অভিমান বাড়ে।

সূর্য যথন অন্ত যাচ্ছে তখন পিনাঙের বন্দরে জাহাজ এসে পৌছল। মনে হল,

বড়ো হন্দর এই পৃথিবী। জনের সঙ্গে ছলের ঘেন প্রেমের মিলন দেখলুম। ধরণী তার ছই বাছ মেলে সমৃত্রকে আলিঙ্গন করছে। মেঘের ভিতর দিয়ে নীলাভ পাহাড়-গুলির উপরে যে একটি হংকোমল আলো পড়েছে সে যেন অতি হন্দ্র সোনালি রঙের ওড়নার মতো; তাতে বধ্র মুখ ঢেকেছে না প্রকাশ করছে, তা বলা যায় না। জলে ছলে আকাশে মিলে এখানে সন্ধ্যাবেলাকার স্বর্গতোরণের থেকে স্বর্গীয় নহবত বাজতে লাগল।

পালতোলা সমৃদ্রের নৌকাগুলির মতো মাহ্নবের স্থলর সৃষ্টি অতি অক্সই আছে। বেখানে প্রকৃতির ছন্দে লয়ে মাহ্নবকে চলতে হয়েছে সেধানে মাহ্নবের সৃষ্টি স্থলর না হয়ে থাকতে পারে না। নৌকোকে জলবাতাসের সঙ্গে করতে হয়েছে, এইজন্তেই জল বাতাসের শ্রীটুকু লে পেয়েছে। কল যেখানে নিজের জোরে প্রকৃতিকে উপেক্ষা করতে পারে সেধানেই সেই ঔদ্ধতো মাহ্নবের রচনা কুন্তী হয়ে উঠতে লক্ষামাত্র করে না। কলের জাহাজে পালের জাহাজের চেয়ে স্থবিধা আছে, কিন্তু সৌন্দর্য নেই। জাহাজ বথন আতে আত্তে বন্দরের গা ঘে এল, যথন প্রকৃতির চেয়ে মাহ্নবের ছল্টো বড়ো হয়ে দেখা দিল, কলের চিমনিগুলো প্রকৃতির বাঁকা ভঙ্গিমার উপর তার সোজা আঁচড় কাটতে লাগল, তথন দেখতে পেলুম মাহ্নবের রিপু জগতে কী কুন্তীতাই সৃষ্টি করছে। সমৃদ্রের তীরে তীরে, বন্দরে বন্দরে, মাহ্নবের লোভ কদর্য ভঙ্গিতে স্বর্গকে ব্যক্ষ করছে— এমনি করেই নিজেকে স্বর্গ থেকে নির্বাসিত করে দিছে।

তোসামারু। পিনাঙ বন্দর

6

২রা জ্যৈষ্ঠ। উপরে আকাশ, নীচে সমৃদ্র। দিনে রাত্রে আমাদের তুই চক্দুর বরাদ্ধ এর বেশি নয়। আমাদের চোথতটো মা-পৃথিবীর আদর পেয়ে পেটুক হয়ে গেছে। তার পাতে নানা রকমের জোগান দেওয়া চাই। তার অধিকাংশই সে স্পর্শন্ত করে না, ফেলা যায়। কত যে নই হচ্ছে বলা যায় না, দেখবার জিনিস অতিরিক্ত পরিমাণে পাই বলেই দেখবার জিনিস সম্পূর্ণ করে দেখি নে। এইজন্তে মাঝে মাঝে আমাদের পেটুক চোথের পক্ষে এই রকমের উপবাস ভালো।

আমাদের সামনে মন্ত হুটো ভোজের থালা, আকাশ আর সাগর। অভ্যাসদোধে প্রথমটা মনে হয়, এ হুটো বৃঝি একেবারে খৃষ্ঠ থালা। তার পর ছুই-এক দিন সজ্জানের পর ক্থা একটু বাড়লেই তথন দেখতে পাই, যা আছে তা নেহাত কম নয়। মেঘ ক্রমাগত নতুন নতুন রঙে সরস হয়ে আসছে, আলো ক্লণে ফণে নতুন নতুন খাদে আকাশকে এবং জলকে পূর্ণ করে তুলছে।

আমরা দিনরাত পৃথিবীর কোলে কাঁথে থাকি বলেই আকাশের দিকে তাকাই নে,
আকাশের দিগ্রসনকে বলি উলজতা। যথন দীর্ঘকাল ওই আকাশের সলে ম্থোম্থি
করে থাকতে হয়, তথন তার পরিচয়ের বিচিত্রতায় অবাক হয়ে থাকি। ওখানে মেঘে
মেঘে রপের এবং রভের অহেতৃক বিকাল। এ যেন গানের আলাপের মতো, রপ-রভের
রাগরাগিনীর আলাপ চলছে— তাল নেই, আকার-আয়তনের বাঁধাবাঁধি নেই, কোনো
অর্থবিশিষ্ট বাণী নেই, কেবলমাত্র মৃক্ত হয়ের লীলা। সেইসলে সম্দ্রের অপ্ররন্ত্য ও
মৃক্ত ছল্দের নাচ। তার মৃদলে যে বোল বাজছে তার ছল্দ এমন বিপ্ল যে, তার লয়
য়্ব্রুলে পাওয়া য়ায় না। তাতে নৃত্যের উল্লাস আছে, অথচ নৃত্যের নিয়ম নেই।

এই বিরাট রক্ষণালায় আকাশ এবং সমৃত্রের যে-রক্ষ সেইটি দেখবার শক্তি ক্রমে আমাদের বেড়ে ওঠে। জগতে যা-কিছু মহান, তার চারি দিকে একটা বিরলতা আছে, তার পটভূমিকা (background) সাদাসিধে। সে আপনাকে দেখাবার জন্মে আর কিছুর সাহায্য নিতে চায় না। নিশীথের নক্ষত্রসভা অসীম অন্ধকারের অবকাশের মধ্যে নিজেকে প্রকাশ করে। এই সমৃত্র-আকাশের যে বৃহৎ প্রকাশ সেও বহু-উপকরণের ঘারা আপন মর্থাদা নপ্ত করে না। এরা হল জগতের বড়ো ওন্তাদ, ছলাকলায় আমাদের মন ভোলাতে এরা অবজ্ঞা করে। মনকে প্রকাপ্রক আপন হতে অগ্রসর হয়ে এদের কাছে যেতে হয়। মন যখন নানা ভোগে জীর্ণ হয়ে অলস এবং 'অক্তথারৃত্তি' হয়ে থাকে তথন এই ওম্ভাদের আলাপ তার পক্ষে অত্যন্ত ফাঁকা।

আমাদের স্থবিধে হয়েছে, সামনে আমাদের আর কিছু নেই। অন্তবারে ধখন বিলিতি ধাত্রী-জাহাজে সম্ভ্র পাড়ি দিয়েছি তথন ধাত্রীরাই ছিল এক দৃশ্য। তারা নাচে গানে থেলায় গোলেমালে অনস্তকে আচ্ছর করে রাখত। এক মৃহুর্তও তারা ফাঁকা ফেলে রাখতে চাইত না। তার উপরে সাজসক্ষা, কায়দাকাসনের উপসর্গ ছিল। এখানে জাহাজের ডেকের সঙ্গে সম্ভ্র-আকাশের কোনো প্রতিযোগিতা নেই। ধাত্রীর সংখ্যা অতি সামান্ত, আমরাই চারজন; বাকি ছ-তিনজন ধীর প্রকৃতির লোক। তার পরে, ঢিলাঢালা বেশেই ঘুমচ্ছি, জাগছি, থেতে ঘাচ্ছি, কারো কোনো আপত্তি নেই; তার প্রধান কারণ, এমন কোনো মহিলা নেই আমাদের অপরিক্ষরতায় যার অসম্বম হতে পারে।

এইন্দ্রেই প্রতিদিন আমরা ব্যতে পার্ছি, জগতে স্র্যোদয় ও স্থান্ত সামাগ্র ব্যাপার নয়, তার জভ্যর্থনার জন্মে স্বর্গে মর্তে রাজকীয় সমারোহ। প্রভাতে পৃথিবী ভার ঘোমটা খুলে দাড়ায়, ভার বাণী নানা হুরে জেগে ওঠে; সন্ধ্যায় স্বর্গলোকের ধবনিকা উঠে যায়, এবং ত্যুলোক আপন জ্যোভি-রোমাঞ্চিত নিঃশব্দভার ঘারা পৃথিবীর সম্ভাষণে উত্তর দেয়। স্বর্গমর্ভের এই মুখোমুখি আলাপ যে কত গম্ভীর এবং কত মহীয়ান, এই আকাশ ও সমুদ্রের মাঝখানে দাড়িয়ে তা আমরা ব্যুতে পারি।

দিগস্ত থেকে দেখতে পাই, মেঘগুলো নানা ভবিতে আকাশে উঠে চলেছে, যেন স্ষ্টেকর্তার আভিনার আকার-ফোয়ায়ার মৃথ খুলে গেছে। বন্ধ প্রায় কিছুই নেই, কেবল আকৃতি, কোনোটার দক্ষে কোনোটার মিল নেই। নানা রকমের আকার—কেবল সোজা লাইন নেই। সোজা লাইনটা মান্ত্র্যের হাতের কাজের। তার ঘরের দেওয়ালে, তার কারখানাঘরের চিমনিতে মান্ত্র্যের জয়ন্তম্ভ একেবারে সোজা খাড়া। বাঁকা রেখা জীবনের রেখা, মান্ত্র্য সহজে তাকে আয়ন্ত করতে পারে না। সোজা রেখা জড় রেখা, সে সহজেই মান্ত্র্যের শাসন মানে; সে মান্ত্র্যের বোঝা বন্ধ, মান্ত্র্যের আত্যাচার সন্ম।

যেমন আক্বতির হরির লুঠ, তেমনি রঙের। রঙ যে কত রকম হতে পারে, তার সীমা নেই। রঙের তান উঠছে, তানের উপর তান; তাদের মিলও যেমন, তাদের অমিলও তেমনি; তারা বিরুদ্ধ নয়, অথচ বিচিত্র। রঙের সমারোহেও যেমন প্রকৃতির বিলাস, রঙের শান্তিতেও তেমনি। হর্যান্তের মৃহুর্তে পশ্চিম আকাশ যেখানে রঙের ঐশর্য পাগলের মতো হই হাতে বিনা প্রয়োজনে ছড়িয়ে দিছেে সেও যেমন আর্ক্য, পূর্ব আকাশে যেখানে শান্তি এবং সংঘম, সেখানেও রঙের পেলবতা, কোমলতা, অপরিমেয় গভীরতা তেমনি আর্ক্য। প্রকৃতির হাতে অপর্যান্তও যেমন মহৎ হতে পারে, পর্যান্তও তেমনি। হর্যান্তে সংগোদয়ে প্রকৃতি আপনার ডাইনে বাঁয়ে একই কালে সেটা দেখিয়ে দেয়; তার থেয়াল আর গ্রুপদ একই সক্ষে বাজতে থাকে, অথচ কেউ কারো মহিমাকে আঘাত করে না।

তার পরে, রঙের আভায় আভায় জল যে কত বিচিত্র কথাই বলতে পারে তা কেমন করে বর্ণনা করব। সে তার জলতরক্ষে রঙের যে গং বাজাতে থাকে, তাতে হরের চেয়ে শ্রুতি অসংখ্য। আকাশ যে-সময়ে তার প্রশান্ত শুরুতার উপর রঙের মহতোমহীয়ানকে দেখায় সম্প্র সেইসময় তার ছোটো ছোটো লহরীর কম্পনে রঙের অণোরণীয়ানকে দেখাতে থাকে, তথন আশ্চর্যের অন্ত পাওয়া যায় না।

সম্ত্র-আকাশের গীতিনাটালীলায় কদ্রের প্রকাশ কী রকম দেখা গেছে, সে পূর্বেই বলেছি। আবার কালও তিনি তাঁর ডমক বাজিয়ে অট্রহাস্তে আর এক ভঙ্গিতে দেখা দিয়ে গেলেন। সকালে আকাশ জুড়ে নীল মেঘ এবং ধোঁয়ালো মেঘ স্তরে স্থরে পাকিয়ে পাকিয়ে ফ্লে ফ্লে উঠল। ম্বলধারে বৃষ্টি। বিত্যুৎ আমাদের আহাজের চার দিকে তার তলোয়ার থেলিয়ে বেড়াতে লাগল। তার পিছনে পিছনে বজ্জের গর্জন। একটা বজ্জ ঠিক আমাদের সামনে জলের উপর পড়ল, জল থেকে একটা বাষ্পরেধা সাপের মড়ো ফোল করে উঠল। আর-একটা বক্ত পড়ল আমাদের সামনেকার মাল্পলে। কর যেন স্ইট্জার্ল্যাতের ইতিহাসবিশ্রুত বীর উইলিয়ম টেলের মতো তাঁর অভ্ত ধহুবিভার পরিচয় দিয়ে গেলেন, মাল্পলের ডগাটায় তাঁর বাণ লাগল, আমাদের স্পর্শ করল না। এই ঝড়ে আমাদের সন্ধী আর-একটা জাহাজের প্রধান মাল্পল বজ্জে বিদীর্ণ হয়েছে ভনলুম। মাহ্র্য যে বাঁচে এই আশ্র্য।

٩

এই কয়দিন আকাশ এবং সম্দ্রের দিকে চোথ ভরে দেখছি আর মনে হচ্ছে, অনস্তের রঙ তো শুল্র নয়, তা কালো কিয়া নীল। এই আকাশ থানিক দ্র পর্যন্ত আকাশ অর্থাৎ প্রকাশ, ততটা সে সাদা। তার পরে সে অব্যক্ত, সেইখান থেকে সে নীল। আলো মতদ্র সীমার রাজ্য সেই পর্যন্ত; তার পরেই অসীম অন্ধকার। সেই অসীম অন্ধকারের বৃকের উপরে এই পৃথিবীর আলোকময় দিনটুকু যেন কৌস্কভ্রমণির হার তুলছে।

এই প্রকাশের জগং, এই গৌরাঙ্গী, তার বিচিত্র রঙের সাঞ্চ প'রে অভিসারে চলেছে— ওই কালোর দিকে, ওই অনির্বচনীয় অব্যক্তর দিকে। বাঁধা নিয়মের মধ্যে বাঁধা থাকাতেই তার মরণ— সে কুলকেই সর্বস্ব করে চুপ করে বদে থাকতে পারে না, সে কুল খুইয়ে বেরিয়ে পড়েছে। এই বেরিয়ে যাওয়া বিপদের যাত্রা; পথে কাঁটা, পথে সাপ, পথে ঝড় বৃষ্টি— সমস্তকে অতিক্রম করে, বিপদকে উপেক্ষা করে সে যে চলেছে, সে কেবল ওই অব্যক্ত অসীমের টানে। অব্যক্তর দিকে, 'আরো'র দিকে প্রকাশের এই কুল-খোয়ানো অভিসারযাত্রা— প্রলয়ের ভিতর দিয়ে, বিপ্লবের কাঁটাপথে পদে পদে রক্তের চিক্ত এঁকে।

কিন্তু কেন চলে, কোন্ দিকে চলে, ওদিকে তো পথের চিল্ন নেই, কিছু তো দেখতে পাওয়া ষায় না ? না, দেখা ষায় না, সব অব্যক্ত কিন্তু দৃষ্ঠ তো নয়; কেননা, ওই দিক থেকেই বাঁশির হার আসছে। আমাদের চলা, এ চোখে দেখে চলা নয়, এ হারের টানে চলা। যেটুকু চোখে দেখে চলি সে তো বৃদ্ধিমানের চলা, তার হিসাব আছে, তার প্রমাণ আছে; সে খুরে খুরে কুলের মধ্যেই চলা। সে চলায় কিছুই এগোয় না। আর যেটুকু বাঁশি ভানে পাগল হয়ে চলি, যে-চলায় ময়া-বাঁচা জ্ঞান থাকে না, সেই পাগলের

চলাতেই জগং এগিয়ে চলেছে। দেই চলাকে নিন্দার ভিতর দিয়ে, বাধার ভিতর দিয়ে চলতে হয়; কোনো নজির মানতে গেলেই তাকে থমকে দাঁড়াতে হয়। তার এই চলার বিরুদ্ধে হাজাররকম যুক্তি আছে, দে-যুক্তি তর্কের খারা খণ্ডন করা যায় না। তার এই চলার কেবল একটিমাত্র কৈফিয়ত আছে— দে বলছে, ওই অল্পকারের ভিতর দিয়ে বাঁশি আমাকে ডাকছে। নইলে কেউ কি দাধ করে আপনার সীমা ডিঙিয়ে বেতে পারে।

বে দিক থেকে ওই মনোহরণ অন্ধকারের বাঁশি বাজছে ওই দিকেই মান্ন্যের সমস্ত আরাধনা, সমস্ত কাব্য, সমস্ত শিল্পকলা, সমস্ত বীরত্ব, সমস্ত আত্মত্যাগ মৃথ ফিরিয়ে আছে; ওই দিকে চেয়েই মান্ন্য রাজ্যন্ত্রথ জলাঞ্জলি দিয়ে বিবাগি হয়ে বেরিয়ে গেছে, মরণকে মাথায় করে নিয়েছে। ওই কালোকে দেখে মান্ন্য ভূলেছে। ওই কালোর বাঁশিভেই মান্ন্যকে উত্তরমেক দক্ষিণমেকতে টানে, অনুবীক্ষণ দূরবীক্ষণের রাস্তা বেয়ে মান্ন্যের মন তর্গমের পথে ব্রে বেড়ায়, বারবার মরতে মরতে সম্দ্রপারের পথ বের করে, বারবার মরতে মরতে মরতে সাক্ষণারের পথ বের

মান্থবের মধ্যে যে-সব মহাজাতি কুলত্যাগিনী তারাই এগচ্ছে, ভয়ের ভিতর থেকে অভয়ে, বিপদের ভিতর দিয়ে সম্পদে। যারা সর্বনাশা কালোর বাঁশি শুনতে পেলে না তারা কেবল পুঁথির নজর জড়ো করে কুল আঁকড়ে বসে রইল, তারা কেবল শাসন মানতেই আছে। তারা কেন রথা এই আনন্দলোকে জন্মছে যেথানে সীমা কাটিয়ে অসীমের সকে নিভ্যলীলাই হচ্ছে জীবনযাত্রা, যেথানে বিধানকে ভাসিয়ে দিতে থাকাই হচ্ছে বিধি।

আবার উনটো দিক থেকে দেখলে দেখতে পাই, ওই কালো অনম্ভ আসছেন তাঁর আপনার ওছ জ্যোতির্যয়ী আনন্দমূতির দিকে। অসীমের সাধনা এই স্থন্দরীর জন্তে, সেইজন্তেই তাঁর বাঁণি বিরাট অন্ধকারের ভিতর দিয়ে এমন ব্যাকুল হয়ে বান্ধছে; অসীমের সাধনা এই স্থন্দরীকে নৃতন নৃতন মালায় নৃতন করে সাক্ষাচ্ছে। ওই কালো এই রূপসীকে এক মৃহূর্ত বৃকের থেকে নামিয়ে রাখতে পারেন না, কেননা, এ যে তাঁর পরমা সম্পদ। ছোটোর জন্মে বড়োর এই সাধনা বে কী অসীম, তা ফুলের পাপড়িতে পাপড়িতে পাথির পাথায় পাথায়, মেঘের রঙে রঙে মাছ্মের হৃদয়ের অপরপ লাবণ্যে মৃহূর্তে মৃহূর্তে ধরা পড়েছে। রেখায় রেখায়, রঙে রঙে, রসে বসে তৃপ্তির আর শেষ নেই। এই আনন্দ কিসের।— অব্যক্ত যে ব্যক্তর মধ্যে কেবলই আপনাকে প্রকাশ করছেন, আপনাকে ত্যাগ করে করে ফিরে পাছেছন।

धरे प्याक क्वनरे यि ना-मांक म्भ्रमांक रूकन का राम क्वारमा कारा

वर्ष है थोकछ ना, छ। हाम विद्धानित व्यक्ति कि तक्त थकि। वक्त विद्धानित हि विद्धानित वि

মাস্থ যখন জগংকে না-এর দিক থেকে দেখে, তখন তার রূপক একেবারে উলটে 
যায়। প্রকাশের একটা উলটো পিঠ আছে, সে হচ্ছে প্রলয়। মৃত্যুর ভিতর দিয়ে 
ছাড়া প্রাণের বিকাশ হতেই পারে মা। হয়ে-ওঠার মধ্যে হটো জিনিস থাকাই চাই—
যাওয়া এবং হওয়া। হওয়াটাই হচ্ছে মৃথ্য, যাওয়াটাই গৌণ।

কিন্তু মানুষ যদি উলটো পিঠেই চোখ রাখে, বলে, সবই যাছে, কিছুই থাকছে না; বলে, জগং বিনাশেরই প্রতিরূপ, সমন্তই মায়া, যা-কিছু দেখছি এ-সমন্তই 'না'; তা হলে এই প্রকাশের রূপকেই সে কালো ক'রে, ভয়ংকর ক'রে দেখে; তখন সে দেখে, এই কালো কোথাও এগকে না, কেবল বিনাশের বেশে নৃত্য করছে। আর, অনন্ত রয়েছেন আপনাতে আপনি নির্লিপ্ত, এই কালিমা তাঁর বৃকের উপর মৃত্যুর ছায়ার মতো চঞ্চল হয়ে বেড়াছে, কিন্তু তন্ধকে স্পর্শ করতে পারছে না। এই কালো দৃশ্যত আছে, কিন্তু বন্ধত নেই; আর ঘিনি কেবলমাত্র আছেন তিনি স্থির, ওই প্রলম্বরূপিণী না-থাকা তাঁকে লেশমাত্র বিক্রুক করে না। এখানে আলোর সঙ্গে কালোর সেই সমন্ধ, থাকার সঙ্গে না-থাকার যে সম্বন্ধ। কালোর সঙ্গে আলোর আনন্দের লীলা নেই; এখানে যোগের অর্থ হচ্ছে প্রেমের যোগ নম্ব, জ্ঞানের যোগ। তুইয়ের যোগে এক নম্ব, একের মধ্যেই এক। মিলনে এক নম্ব, প্রলম্বে এক।

কথাটাকে আর-একটু পরিষ্কার করবার চেষ্টা করি।

একজন লোক ব্যাবসা করছে। সে লোক করছে কী। তার মূলধনকে অর্থাৎ পাওয়া-সম্পদকে সে মূনফা অর্থাৎ না-পাওয়া সম্পদটা অসীম ও অব্যক্ত। পাওয়া-সম্পদ সমস্ত বিপদ খীকার করে না-পাওয়া সম্পদের অভিসারে চলেছে। না-পাওয়া সম্পদ অনৃত্য ও অলজ বটে কিন্তু তার বাঁশি বাজছে, সেই বাঁশি ভূমার বাঁশি। বে-বর্ণিক সেই বাঁশি শোনে সে আপন ব্যাক্ষ-জ্বানো কোম্পানি-কাগজের কুল ত্যাগ ক'রে লাগর পিরি ডিঙিয়ে বেরিয়ে পড়ে। এখানে কী দেখছি। না, পাওয়া-সম্পদের সঙ্গে না-পাওয়া সম্পদের একটি লাভের যোগ আছে। এই যোগে উভয়ত আনন্দ। কেননা, এই যোগে পাওয়া না-পাওয়াকে পাডেছ, এবং না-পাওয়া পাওয়ার মধ্যে ক্রমাগত আপনাকেই পাছে।

কিন্তু মনে করা যাক, একজন ভীতু লোক বণিকের থাতায় ওই থরচের দিকের হিসাবটাই দেখছে। বণিক কেবলই আপনার পাওয়া টাকা থরচ করেই চলেছে, তার অন্ত নেই। তার গা শিউরে ওঠে। সে বলে, এই তো প্রলয়! থরচের হিসাবের কালো অন্তওলো রজলোলপ রসনা ছলিয়ে কেবলই যে নৃত্য করছে। যা থরচ, অর্থাৎ বস্তুত যা নেই, তাই প্রকাণ্ড প্রকাণ্ড অন্ত-বস্তুর আকার ধরে থাতা জুড়ে বেড়ে বেড়েই চলেছে। একেই তো বলে মায়া। বণিক মৃদ্ধ হয়ে এই মায়া-অন্ধটির চির-দীর্ঘায়মান শৃন্ধল কাটাতে পারছে না। এ-স্থলে মৃক্তিটা কী। না, ওই সচল অন্তওলোকে একেবারে লোপ করে দিয়ে থাতার নিশ্চল নির্বিকার শুল্ল কাগজের মধ্যে নিরাপদ ও নিরঞ্জন হয়ে শ্বিরত্ব লাভ করা। দেওয়া ও পাওয়ার মধ্যে বে একটি আনন্দময় সম্বন্ধ আছে যে-সম্বন্ধ থাকার দক্ষন মাহ্যব হুংসাহসের পথে যাত্রা ক'রে মৃত্যুর মধ্য দিয়ে জয়লাভ করে, ভীতু মাহ্যব তাকে দেখতে পায় না। তাই বলে—

मात्रामग्रमिनमथिनः हिषा जन्मभनः अविनाख विनिष्ठा ।

চীন সম্ব্র। তোসামাক ৫ই জ্যৈষ্ঠ ১৩২৩

1

শুনেছিল্ম, পারস্তাের রাজা যথন ইংলতে গিয়েছিলেন তথন হাতে থাওয়ার প্রসঞ্জেলিন ইংরেজকে বলেছিলেন, "কাঁটাচামচ দিয়ে থেতে গিয়ে তােমরা থাওয়ার একটা আনন্দ থেকে বঞ্চিত হও।" যারা ঘটকের হাত দিয়ে বিয়ে করে তারা কোর্টশিপের আনন্দ থেকে বঞ্চিত হয়। হাত দিয়ে স্পর্শ করেই থাবারের সঙ্গে কোর্টশিপ আরম্ভ হয়। আঙুলের ডগা দিয়েই স্বাদ্গ্রহণের শুক্ন।

আমার তেমনি জাহাজ থেকেই জাপানের স্বাদ শুরু হয়েছে। যদি ফরাসি জাহাজে করে জাপানে যেতুম তা হলে আঙুলের ডগা দিয়ে পরিচয় আরম্ভ হত না।

এর আগে অনেকবার বিলিতি জাহাজে করে সমুদ্রযাত্রা করেছি, তার সঙ্গে এই জাহাজের বিস্তর তফাত। সে সব জাহাজের কাপ্তেন ঘোরতর কাপ্তেন। যাত্রীদের সঙ্গে খাওয়াদাওয়া হাসিতামাশা যে তার বন্ধ তা নয়; কিন্ত কাপ্তেনিটা খ্ব টক্টকে রাঙা। এত জাহাজে আমি গ্রেছি, তার মধ্যে কোনো কাপ্তেনকেই আমার মনে পড়ে না। কেননা, তারা কেবলমাত্র জাহাজের অল। জাহাজ-চালানোর মাঝখান দিয়ে তাদের সঙ্গে আমাদের সমন্ধ।

হতে পারে আমি বিদ মুরোপীয় হতুম তা হলে তারা বে কাপ্তেন ছাড়াও আর কিছু, তারা বে মাহব, এটা আমার অন্তত্তব করতে বিশেষ বাধা হত না। কিছু, এ জাহাজেও আমি বিদেশী; একজন যুরোপীয়ের পক্ষেও আমি যা একজন জাপানির পক্ষেও আমি তাই।

এ জাহাজে চড়ে অবধি দেখতে পাচ্ছি, আমাদের কাপ্তেনের কাপ্তেনিটা কিছুমাত্র লক্ষ্যগোচর নয়, একেবারেই সহজ মাছ্য। যারা তাঁর নিয়তর কর্মচারী তাঁদের সঙ্গে তাঁর কর্মের সম্বন্ধ এবং দ্রম্ব আছে, কিন্তু যাত্রীদের সঙ্গে কিছুমাত্র নেই। ঘোরতর ঝড়ঝাপটের মধ্যেও তাঁর ঘরে গেছি; দিব্যি সহজ ভাব। কথায় বার্তায় ব্যবহারে তাঁর সক্ষে আমাদের যে জ্বমে গিয়েছে, সে কাপ্তেন-হিসাবে নয়, মাছ্য-হিসাবে। এ যাত্রা আমাদের শেষ হয়ে যাবে, তাঁর সক্ষে জাহাজ-চলার সম্বন্ধ আমাদের ঘুচে যাবে, কিন্তু তাঁকে আমাদের মনে থাকবে।

আমাদের ক্যাবিনের বে স্টু রার্ড আছে সেও দেখি তার কান্ধকর্মের সীমাটুকুর মধ্যেই শক্ত হয়ে থাকে না। আমরা আপনাদের মধ্যে কথাবার্তা কচ্ছি তার মাঝথানে এসে সেও ভাঙা ইংরাজিতে যোগ দিতে বাধা বোধ করে না। মৃকুল ছবি আঁকছে, সে এসে থাতা চেয়ে নিয়ে তার মধ্যে ছবি আঁকতে লেগে গেল।

আমাদের জাহাজের যিনি থাজাঞ্চি তিনি একদিন এসে আমাকে বললেন, "আমার মনে অনেক বিষয়ে প্রশ্ন আনে, তোমার সঙ্গে তার বিচার করতে ইচ্ছে করি; কিন্তু আমি ইংরাজি এত কম জানি যে, মুথে মুথে আলোচনা করা আমার পক্ষে সম্ভব নয়। তুমি যদি কিছু না মনে কর তবে আমি মাঝে মাঝে কাগজে আমার প্রশ্ন লিখে এনে দেব, তুমি অবসরমতো সংক্ষেপে ত্-চার কথায় তার উত্তর লিখে দিয়ো।" তার পর থেকে রাষ্ট্রের সঙ্গে সমাজের সম্বন্ধ কী, এই নিয়ে তাঁর সঙ্গে আমার প্রশ্নোত্তর চলছে।

অন্ত কোনো জাহাজের থাজাঞ্চি এই সব প্রশ্ন নিয়ে যে মাথা বকার, কিয়া নিজের কাজকর্মের মাঝখানে এরকম উপদর্গের সৃষ্টি করে, এরকম আমি মনে করতে পারি নে। এদের দেখে আমার মনে হয়, এরা নৃতনজাগ্রত জাতি— এরা সমস্তই নৃতন করে জানতে, নৃতন করে ভাবতে উৎস্কক। ছেলেরা নতুন জিনিস দেখলে যেমন ব্যগ্র হয়ে ওঠে, আইডিয়া সহক্ষে এদের যেন সেইরকম ভাব।

ভা ছাড়া আর-একটা বিশেষত্ব এই ষে, এক পক্ষে জাহাজের যাত্রী আর-এক পক্ষে জাহাজের কর্মচারী, এর মাঝখানকার গণ্ডিটা তেমন শব্দু নয়। আমি বে এই খাজান্দির প্রশ্নের উত্তর লিখতে বসব, এ কথা মনে করতে তার কিছু বাধে নি— আমি ছটো কথা শুনতে চাই, তুমি ছটো কথা বলবে; এতে বিম্ন কী আছে। মাম্ববের উপর মাম্ববের যে একটি দাবি আছে সেই দাবিটা সরলভাবে উপস্থিত করলে মনের মধ্যে আপনি সাড়া দেয়, তাই আমি খুলি হয়ে আমার সাধ্যমতো এই আলোচনার যোগ দিরেছি।

আর-একটা জিনিস আমার বিশেষ করে চোথে লাগছে। মৃকুল বালকমাত্র, সে ছেকের প্যাদেশ্বার। কিন্তু, জাহাজের কর্মচারীরা তার সঙ্গে অবাধে বন্ধুত্ব করছে। কী করে জাহাজ চালায়, কী করে সমৃত্রে পথ নির্ণয় করে, কী করে গ্রহনকত্র পর্যবেক্ষণ করতে হয়, কাজ করতে করতে তারা এই সমস্ত তাকে বোঝায়। তা ছাড়া নিজেদের কাজকর্ম আশাভরসার কথাও ওর সঙ্গে হয়। মৃকুলের শথ গেল, জাহাজের এজিনের ব্যাপার দেখবে। ওকে কাল রাত্রি এগারোটার সময় জাহাজের পাতালপুরীর মধ্যে নিয়ে গিয়ে এক ঘণ্টা ধরে সমস্ত দেখিয়ে আনলে।

কাজের সম্বন্ধের ভিতর দিয়েও মান্তবের সঙ্গে আত্মীয়তার সম্বন্ধ, এইটেই বোধ হয় আমাদের পূর্বদেশের জিনিস। পশ্চিমদেশ কাজকে খুব শব্দ করে থাড়া করে রাখে, সেথানে মানবসম্বন্ধের দাবি ঘেঁষতে পারে না। তাতে কাজ খুব পাকা হয় সন্দেহ নেই। আমি ভেবেছিলুম, জাপান তো মুরোপের কাছ থেকে কাজের দীক্ষা গ্রহণ করেছে, অতএব তার কাজের গণ্ডিও বোধ হয় পাকা। কিন্তু, এই জাপানি জাহাজে কাজ দেখতে পাল্ছি, কাজের গণ্ডিগুলোকে দেখতে পাল্ছি নে। মনে হচ্ছে, যেন আপনার বাড়িতে আছি, কোপানির জাহাজে নেই। অথচ, ধোওয়া মাজা প্রভৃতি জাহাজের নিত্যকর্মের কোনো খুঁত নেই।

প্রাচ্যদেশে মানবসমাজের সম্বন্ধগুলি বিচিত্র এবং গভীর। পূর্বপুক্ষ যারা মারা গিয়েছেন তাঁদের সন্ধেও আমাদের সম্বন্ধ ছির হয় না। আমাদের আত্মীয়তার আল বহুবিস্থত। এই নানা সম্বন্ধের নানা দাবি মেটানো আমাদের চিরাভ্যন্ত, সেইজক্তে তাতে আমাদের আনন্দ। আমাদের ভৃত্যেরাও কেবল বেতনের নয়, আত্মীয়তার দাবি করে। সেইজক্তে যেখানে আমাদের কোনো দাবি চলে না, যেখানে কাল অত্যন্ত থাড়া, সেখানে আমাদের প্রকৃতি কট পায়। অনেক সময়ে ইংরেজ মনিবের সঙ্গে বাঙালি কর্মচারীর যে বোঝাপড়ার অভাব ঘটে তার কারণ এই— ইংরেজ কর্তা বাঙালি কর্মচারীর দাবি ব্রুতে পারে না, বাঙালি কর্মচারী ইংরেজ কর্তার কালের কড়া শাসন ব্রুতে

পারে না। কর্মণালার কর্তা যে কেবলমাত্র কর্তা হবে তা নয়, য়া-বাপ হবে, বাঙালি কর্মচারী চিরকালের অভ্যাসবশত এইটে প্রভ্যাশা করে; যথন বাধা পায় তথন আশ্চর্য হয়, এবং মনে মনে মনিবকে দোষ না দিয়ে থাকতে পারে না। ইংরেজ কাজের দাবিকে মানতে অভ্যন্ত, বাঙালি মাছ্যের দাবিকে মানতে অভ্যন্ত; এইজক্তে উভয় পক্ষে ঠিকমতো মিটমাট হতে চায় না।

কিন্তু, কাজের সম্বন্ধ এবং মান্থবের সম্বন্ধ এ তৃইরের বিচ্ছেদ না হয়ে সামঞ্জত হওরাটাই দরকার, এ কথা না মনে করে থাকা বায় না। কেমন করে সামঞ্জত হতে পারে, বাইরে থেকে তার কোনো বাঁধা নিয়ম ঠিক করে দেওয়া বায় না। সত্যকার সামঞ্জত প্রকৃতির ভিতর থেকে ঘটে। আমাদের দেশে প্রকৃতির এই ভিতরকার সামঞ্জত ঘটে ওঠা কঠিন, কেননা, বারা আমাদের কাজের কর্তা তাঁদের নিয়ম অফুসারেই আমরা কাজ চালাতে বাধ্য।

জাপানে প্রাচ্যমন পাশ্চাত্যের কাছ থেকে কাজের শিক্ষালাভ করেছে, কিন্তু কাজের কর্তা তারা নিজেই। এইজন্তে মনের ভিতরে একটা আশা হয় যে, জাপানে হয়তো পাশ্চাত্য কাজের দক্ষে প্রাচ্যভাবের একটা দামঞ্জন্ম ঘটে উঠতে পারে। যদি দেটা ঘটে, তবে দেইটেই পূর্ণতার আদর্শ হবে। শিক্ষার প্রথম অবস্থায় অমুকরণের ঝাঁজটা যথন কড়া থাকে তথন বিধিবিধান সম্বন্ধে ছাত্র গুরুর চেয়ে আরো কড়া হয়়; কিন্তু ভিতরকার প্রকৃতি আন্তে আন্তে আপনার কাজ করতে থাকে, এবং শিক্ষার কড়া অংশগুলোকে নিজের জারক রেদে গলিয়ে আপন করে নেয়। এই জীর্ণ করে নেওয়ার কাজটা একটু সময়সাধ্য। এইজন্তেই পশ্চিমের শিক্ষা জাপানে কী আকার ধারণ করবে, দেটা স্পন্ত করে দেখবার সময় এখনো হয় নি। সম্ভবত, এখন আমরা প্রাচ্যপাশ্চাত্যের বিস্তর অসামঞ্জন্ম দেখতে পাব, যেটা কুন্ত্রী। আমাদের দেশেও পদে পদে তা দেখতে পাওয়া যায়। কিন্তু, প্রকৃতির কাজই হচ্ছে অসামঞ্জন্মগুলোকে মিটিয়ে দেওয়া। জাপানে সেই কাজ চলছে সন্দেহ নেই। অস্তত, এই জাহাজটুকুর মধ্যে আমি তো এই ছই ভাবের মিলনের চিহ্ন দেখতে পাচ্ছি।

3

বরা জাঠে আমাদের জাহাজ সিঙাপুরে এসে পৌছল। অনতিকাল পরেই একজন জাপানি যুবক আমার সঙ্গে দেখা করতে এলেন; তিনি এখানকার একটি জাপানি কাগজের সম্পাদক; তিনি আমাকে বললেন, তাঁদের জাপানের সব-চেয়ে বড়ো দৈনিকপত্রের সম্পাদকের কাছ থেকে তাঁরা তার প্রেছেন বে আমি জাপানে বাজিঃ; সেই সম্পাদক আমার কাছ থেকে একটি বক্তৃতা আদায় করবার জন্তে অন্থ্রোধ করেছেন। আমি বললুম, জাপানে না পৌছে আমি এ বিষয়ে আমার সন্ধতি জানাতে পারব না। তখনকার মতো এইটুকুতেই মিটে গেল। আমাদের যুবক ইংরেজ বন্ধু পিয়ার্সন এবং মুকুল শহর দেখতে বেরিয়ে গেলেন। জাহাজ একেবারে ঘাটে লেগেছে। এই জাহাজের ঘাটের চেয়ে কুঞ্জী বিভীষিকা আর নেই— এরই মধ্যে ঘন মেঘ করে বাদলা দেখা দিলে। বিকট ঘড়্ ঘড়্ শব্দে জাহাজ থেকে মাল ওঠানো নাবানো চলতে লাগল। আমি কুঁড়ে মামুষ, কোমর বেঁধে শহর দেখতে বেরনো আমার ধাতে নেই। আমি দেই বিষম গোলমালের সাইকোনের মধ্যে ডেক-এ বদে মনকে কোনোমতে শাস্ত করে রাখবার জন্তে লিখতে বসে গেলুম।

ধানিক বাদে কাপ্তেন এসে থবর দিলেন যে, একজন জাপানি মহিলা আমার সংশ্ব দেখা করতে চান। আমি লেখা বন্ধ ক'রে একটি ইংরাজ্বি-বেশ পরা জাপানি মহিলার সঙ্গে আলাপে প্রবৃত্ত হলুম। তিনিও সেই জাপানি সম্পাদকের পক্ষ নিয়ে বক্তৃতা করবার জল্পে আমাকে অমুরোধ করতে লাগলেন। আমি বহু কটে সে অমুরোধ কাটালুম। তথন তিনি বললেন, "আপনি যদি একটু শহর বেড়িয়ে আসতে ইচ্ছা করেন তো আপনাকে দব দেখিয়ে আনতে পারি।" তথন সেই বস্তা তোলার নিরস্কর শব্দ আমার মনটাকে জাতার মতো পিষছিল, কোথাও পালাতে পারলে বাঁচি; স্তরাং আমাকে বেশি পীড়াপীড়ি করতে হল না। সেই মহিলাটির মোটর গাড়িতে ক'রে শহর ছাড়িয়ে রবার গাছের আবাদের ভিতর দিয়ে, উচ্-নিচ্ পাহাড়ের পথে অনেকটা দ্র ঘুরে এলুম। জমি ঢেউ-খেলানো, ঘাস ঘন সবৃজ, রাস্তার পাশ দিয়ে একটি ঘোলা জলের স্রোত কল্কল্ করে এঁকে বেঁকে ছুটে চলেছে, জলের মাঝে মাঝে আঁটিবাঁধা কাটা বেত ভিছতে। রাস্তার হই ধারে সব বাগানবাড়ি। পথে ঘাটে চীনেই বেশি; এখানকার সকল কাজেই তারা আছে।

গাড়ি শহরের মধ্যে ধখন এল, মহিলাটি তাঁর জাপানি জিনিসের দোকানে আমাকে নিয়ে গেলেন। তখন সন্ধ্যা হয়ে এসেছে; মনে মনে ভাবছি, জাহাজে আমাদের সন্ধ্যাবেলাকার খাবার সময় হয়ে এল; কিন্তু সেখানে সেই শব্দের ঝড়ে বন্তা তোলপাড় করছে কল্পনা ক'রে কোনোমতেই ফিরতে মন লাগছিল না। মহিলাটি একটি ছোটো ঘরের মধ্যে বিদিয়ে, আমাকে ও আমার সন্ধী ইংরাজটিকে থালায় ফল সাজিয়ে খেতে অন্থরোধ করলেন। ফল খাওয়া হলে পর তিনি আন্তে আন্তে অন্থরোধ করলেন, ধিদ আপত্তি না থাকে তিনি আমাদের হোটেলে খাইয়ে আনতে ইচ্ছা করেন। তাঁর এ অন্থরোধও আমরা লজ্মন করি নি। রাত্রি প্রায় দশটার সময় তিনি আমাদের জাহাজে পৌছিয়ে দিয়ে বিদায় নিয়ে গেলেন।

এই রমণীর ইতিহাসে কিছু বিশেষত্ব আছে। এঁর স্বামী জাপানে আইনব্যবদারী ছিলেন। কিন্তু সে ব্যবদার যথেষ্ট লাভজনক ছিল না। তাই আরব্যয়ের সামঞ্জত হাওয়া কঠিন হয়ে উঠছিল। স্ত্রীই স্বামীকে প্রস্তাব করলেন, "এসো আমরা একটা কিছু ব্যাবদা করি।" স্বামী প্রথমে ভাতে নারাজ ছিলেন। তিনি বললেন, "আমাদের বংশে ব্যাবদা তো কেউ করে নি, ওটা আমাদের পক্ষে একটা হীন কাজ।" শেবকালে স্ত্রীর অন্থরোধে রাজি হয়ে জাপান থেকে তৃজনে মিলে সিগ্রাপুরে এসে দোকান খুললেন। সে আক্র আঠারো বংদর হল। আন্ত্রীয়বদ্ধু সকলেই একবাক্যে বললে, এইবার এরা মজল। এই স্থীলোকটির পরিপ্রমে, নৈপুণো এবং লোকের সঙ্গে ব্যবহারকুশলতার, ক্রমশই ব্যবদায়ের উন্নতি হডে লাগল। গত বংদরে এঁর স্বামীয় মৃত্যু হয়েছে; এখন এঁকে একলাই সমস্ত কাজ চালাতে হচ্ছে।

বস্তুত, এই ব্যবসাটি এই স্ত্রীলোকেরই নিজের হাতে তৈরি। আমি বে-কথা বলছিলুম এই ব্যবসায়ে তারই প্রমাণ দেখতে পাই। মাহ্নবের মন বোঝা এবং মাহ্নবের মঙ্গে সম্বন্ধ রক্ষা করা স্ত্রীলোকের স্বভাবসিদ্ধ; এই মেয়েটির মধ্যে আমরাই তার পরিচয় পেয়েছি। তার পরে, কর্মকুশলতা মেয়েদের স্বাভাবিক। পুরুষ স্বভাবত কুঁড়ে, দায়ে পড়ে তাদের কাজ করতে হয়। মেয়েদের মধ্যে একটা প্রাণের প্রাচূর্য আছে যার স্বাভাবিক বিকাশ হচ্ছে কর্মপরতা। কর্মের সমস্ত খুঁটিনাটি বে কেবল ওরা সহ্থ করতে পারে তা নয়, তাতে ওরা আনন্দ পায়। তা ছাড়া দেনাপাওনা সম্বন্ধে ওরা সাবধানী। এইজ্ঞে, বে-সব কাজে দৈহিক বা মানসিক সাহসিকতার দরকার হয় না সে-সব কাজ মেয়েরা পুরুষের চেয়ে তের ভালো করে করতে পারে, এই আমার বিশ্বাস। স্বামী ধেখানে সংসার ছারধার করেছে সেখানে স্বামীর অবর্তমানে স্ত্রীর হাতে সংসার পড়ে সমস্ত স্বশৃত্র্যায় রক্ষা পেয়েছে, আমাদের দেশে তার বিস্তর প্রমাণ আছে। শুনেছি, ক্রান্দের মেয়েরাও ব্যবসায়ে আপনাদের কর্মনৈপ্রোর পরিচয় দিয়েছে। বে-সব কাজে উদ্ভাবনার দরকার নেই, বে-সব কাজে পটুতা পরিক্রম ও লোকের সক্ষে ব্যবহারই সব-চয়ের দরকার, সে-সব কাজ মেয়েদের।

ুপরা জৈ দিকালে আমাদের জাহাজ ছাড়লে। ঠিক এই ছাড়বার সময় একটি বিড়াল জলের মধ্যে পড়ে গেল। তথন সমস্ত ব্যস্ততা বুচে গিয়ে, এই বিড়ালকে বাঁচানোই প্রধান কাজ হয়ে উঠল। নানা উপায়ে নানা কৌশলে তাকে জল থেকে উঠিয়ে তবে জাহাজ ছাড়লে। এতে জাহাজ ছাড়ার নিদিষ্ট সময় পেরিয়ে গেল। এইটিতে আমাকে বড়ো আনন্দ দিয়েছে।

চীন সমূত্র তোসামারু জাহাজ ৮ই জ্যৈষ্ঠ ১৩২৩ 30

শম্বের উপর দিয়ে আমাদের দিনগুলি ভেদে চলেছে পালের নৌকার মতো। সেনৌকা কোনো ঘাটে যাবার নৌকা নয়, তাতে কোনো বোঝাই নেই। কেবলমাত্র টেউরের সঙ্গে, বাতাসের সঙ্গে, আকাশের সঙ্গে কোলাকুলি করতে তারা বেরিয়েছে। মাছ্যের লোকালয় মাছ্যের বিশ্বের প্রতিষন্দী। সেই লোকালয়ের দাবি মিটিয়ে সময় পাওয়া যায় না, বিশ্বের নিমন্ত্রণ আর রাথতেই পারি নে। চাদ যেমন তার একটা মৃথ স্থের দিকে ফিরিয়ে রেখেছে, তার আর-একটা মৃথ অন্ধকার, তেমনি লোকালয়ের প্রচণ্ড টানে মাছ্যের সেই দিকের পিঠটাতেই চেতনার সমস্ত আলো থেলছে, অন্ত একটা দিক আমরা ভূলেই গেছি; বিশ্ব যে মাছ্যের কতথানি, সে আমাদের থেয়ালেই আসে না।

সভ্যকে ষেদিকে ভূলি কেবল যে সেই দিকেই লোকসান তা নয়, সে লোকসান সকল দিকেই। বিশ্বকে মান্ন্যৰ যে পরিমাণে যতথানি বাদ দিয়ে চলে তার লোকালয়ের তাপ এবং কল্ম সেই পরিমাণে ততথানি বেড়ে ওঠে। সেইজ্বন্তেই ক্ষণে ক্ষণে মান্ন্যরে একেবারে উলটোদিকে টান আদে। সে বলে, "বৈরাগ্যমেবাভয়ং"— বৈরাগ্যের কোনো বালাই নেই। সে ব'লে বদে, সংসার কারাগার; মৃক্তি খুঁজতে, শাস্তি খুঁজতে সে বনে পর্বতে সম্মতীরে ছুটে যায়। মান্ন্য সংসারের সঙ্গে বিশ্বের বিক্রেদ ঘটিয়েছে বলেই বড়ো করে প্রাণের নিশ্বাস নেবার জন্মে তাকে সংসার ছেড়ে বিশ্বের দিকে যেতে হয়। এতবড়ো অন্থত কথা তাই মান্ন্যকে বলতে হয়েছে— মান্ন্যের মৃক্তির রান্তা মান্ন্যের কাছ থেকে দ্রে।

লোকালয়ের মধ্যে যথন থাকি অবকাশ জিনিসটাকে তথন ডরাই। কেননা, লোকালয় জিনিসটা একটা নিরেট জিনিস, তার মধ্যে ফাঁকমাত্রই ফাঁকা। সেই ফাঁকটাকে কোনোমতে চাপা দেবার জন্মে আমাদের মদ চাই, তাস পাশা চাই, রাজা-উজির মারা চাই— নইলে সময় কাটে না। অর্থাৎ সময়টাকে আমরা চাই নে, সময়টাকে আমরা বাদ দিতে চাই।

কিন্তু, অবকাশ হচ্ছে বিরাটের সিংহাসন। অসীম অবকাশের মধ্যে বিশ্বের প্রতিষ্ঠা। বৃহৎ যেখানে আছে অবকাশ সেখানে ফাঁকা নয়, একেবারে পরিপূর্ণ। সংসারের মধ্যে যেখানে বৃহৎকে আমরা রাখি নি সেখানে অবকাশ এমন ফাঁকা; বিশ্বে যেখানে বৃহৎ বিরাজমান সেখানে অবকাশ এমন গভীরভাবে মনোহর। গায়ে কাপড় না থাকলে মান্থবের যেমন লক্ষা সংসারে অবকাশ আমাদের তেমনি লক্ষা দেয়; কেননা,

ওটা কিনা শৃষ্ণ তাই ওকে আমরা বলি জড়তা, আলজ— কিন্তু, সত্যকার সন্ন্যাসীর পক্ষে অবকাশে লজ্জা নেই, কেননা, তার অবকাশ পূর্ণতা, সেখানে উলম্বতা নেই।

এ কেমনতরো? যেমন প্রবদ্ধ এবং গান। প্রবদ্ধে কথা বেখানে থামে সেখানে কেবলমাত্র ফাঁকা। গানে কথা যেখানে থামে সেখানে ক্ষরে ভরাট। বন্ধত, ক্ষর ঘতই বৃহৎ হয়, তভই কথার অবকাশ বেশি থাকা চাই। গায়কের সার্থকতা কথার ফাঁকে, লেখকের সার্থকতা কথার ঝাঁকে।

আমরা লোকালয়ের মাছ্র্য এই যে জাহাজে করে চলছি, এইবার আমরা কিছুদিনের জন্মে নিখের দিকে মৃথ ফেরাতে পেরেছি। স্প্রির যে পিঠে অনেকের ঠেলাঠেলি
ভিড় সেদিক থেকে যে-পিঠে একের আসন সেদিকে এসেছি। দেখতে পাচ্ছি, এই যে
নীল আকাশ এবং নীল সমৃদ্রের বিপুল অবকাশ এ যেন অমৃতের পূর্ণ ঘট।

অমৃত— সে যে শুল্র আলোর মতো পরিপূর্ণ এক। শুল্র আলোর বছর্গচ্ছটা একে মিলেছে, অমৃতরসের তেমনি বছরস একে নিবিড়। অগতে এই এক আলো ষেমন নানাবর্ণে বিচিত্র, সংসারে তেমনি এই এক রসই নানা রসে বিভক্ত। এইজন্মে, আনেককে সত্য করে জানতে হলে সেই এককে সঙ্গে সঙ্গে জানতে হয়। গাছ থেকে বে-ডাল কাটা হয়েছে সে-ডালের ভার মাহ্ম্যকে বইতে হয়; গাছে যে-ডাল আছে সে ডাল মাহ্ম্যের ভার বইতে পারে। এক থেকে বিচ্ছির যে অনেক ভারই ভার মাহ্ম্যের পক্ষে বোঝা; একের মধ্যে বিশ্বত যে জনেক সেই তো মাহ্ম্যকে সম্পূর্ণ আশ্রয় দিতে পারে।

সংসারে একদিকে আবশুকের ভিড়, অক্সদিকে অনাবশুকের। আবশুকের দায়
আমাদের বহন করতেই হবে, তাতে আপন্তি করলে চলবে না। ধেমন ঘরে থাকতে
হলে দেয়াল না হলে চলে না, এও তেমনি। কিন্তু সবটাই তো দেয়াল নয়। অন্তত
থানিকটা করে জানলা থাকে, সেই ফাঁক দিয়ে আমরা আকাশের সজে আত্মীয়তা
রক্ষা করি। কিন্তু, সংসারে দেখতে পাই, লোকে ওই জানলাটুকু সইতে পারে না। ওই
ফাঁকটুকু ভরিয়ে দেবার জল্পে যতরকম সাংসারিক অনাবশুকের স্ষ্টি। ওই জানলাটার
উপর বাজে কাজ, বাজে চিঠি, বাজে সভা, বাজে বক্তৃতা, বাজে হাঁসফাঁস্ মেরে দিয়ে
দশে মিলে ওই ফাঁকটাকে একেবারে বৃজিয়ে ফেলা হয়। নারকেলের ছিবড়ের মতো, এই
অনাবশুকের পরিমাণটাই বেশি। ঘরে বাইরে, ধর্মে কর্মে, আমোদে আফ্লাদে, সকল
বিষয়েই এরই অধিকার সব-চেরে বড়ো; এর কাজই হচ্ছে কাঁক বৃজিয়ে বেড়ানো।

কিন্তু, কথা ছিল ফাঁক বোজাব না, কেননা, ফাঁকের ভিতর দিয়ে ছাড়া পূর্ণকে পাওয়া যায় না। ফাঁকের ভিতর দিয়েই আলো আলে, হাওয়া আলে। কিন্তু, আলো হাওয়া আকাশ যে মাহুষের তৈরি জিনিস নয়, তাই লোকালয় পারতপক্ষে তাদের জন্তে জায়গা রাখতে চায় না— তাই আবশুক বাদে ধেটুকু নিরালা থাকে সেটুকু অনাবশুক দিয়ে ঠেসে ভরতি করে দেয়। এমনি করে মাহুষ আপনার দিনগুলোকে তো নিরেট করে তুলেইছে, রাজিটাকেও যতথানি পারে ভরাট করে দেয়। ঠিক যেন কলকাতার ম্যুনিসিপ্যালিটির আইন। যেখনে যত পুকুর আছে বুজিয়ে ফেলতে হবে, রাবিশ দিয়ে হোক, যেমন করে হোক। এমন-কি, গঙ্গাকেও যতথানি পারা যায় পুল-চাপা, জেটি-চাপা, জাহাজ-চাপা দিয়ে গলা টিপে মারবার চেটা। ছেলেবেলাকার কলকাতা মনে পড়ে; ওই পুকুরগুলোই ছিল আকাশের স্থাঙাত, শহরের মধ্যে ওইথানটাতে ঘ্যুলোক এই ভূলোকে একটুথানি পা ফেলবার জায়গা পেত, ওইথানেই আকাশের আলোকের আতিথা করবার জন্ত পৃথিবী আপন জলের আদনগুলি পেতে রেথেছিল।

আবশুকের একটা স্থবিধা এই যে তার একটা সীমা আছে। সে সম্পূর্ণ বেতালা হতে পারে না; সে দশটা-চারটেকে স্বীকার করে, তার পার্বণের ছুটি আছে, সেরবিবারকে মানে, পারতপক্ষে রাত্রিকে সে ইলেকট্রিক লাইট দিয়ে একেবারে হেসে উড়িয়ে দিতে চায় না। কেননা, সে ষেটুকু সময় নেয় আয়ু দিয়ে, অর্থ দিয়ে তার দাম চুকিয়ে দিতে হয়; সহজে কেউ তার অপব্যয় করতে পারে না। কিন্তু, অনাবশুকের তালমানের বোধ নেই; সে সময়কে উড়িয়ে দেয় অসময়কে টিকতে দেয় না। সে সদর রাস্তা দিয়ে ঢোকে, থিরকির রাস্তা দিয়ে ঢোকে, আবার জানালা দিয়ে ঢুকে পড়ে। সে কাজের সময় দরজায় ঘা মারে, ছুটির সময় হুড় নৃড় করে আসে, রাত্রে ঘুম ভাঙ্তিয়ে দেয়। তার কাজ নেই ব'লেই তার ব্যস্ততা আরো বেশি।

আবশুক কাজের পরিমাণ আছে, অনাবশুক কাজের পরিমাণ নেই; এইজন্তে অপরিমেয়ের আসনটি ওই লক্ষীছাড়াই জুড়ে বসে, ওকে ঠেলে ওঠানো দায় হয়। তথনই মনে হয়, দেশ ছেড়ে পালাই, সন্মাসী হয়ে বেরই, সংসারে আর টে কা যায় না!

যাক্, যেমনি বেরিয়ে পড়েছি অমনি ব্রুতে পেরেছি, বিরাট বিশ্বের সঙ্গে আমাদের যে আনন্দের দয়ন দেউাকে দিনরাত অস্বীকার করে কোনো বাহাছরি নেই। এই যে ঠেলাঠেলি ঠেলাঠেদি নেই অথচ দমন্ত কানায় কানায় ভরা, এইখানকার দর্পণটিতে যেন নিজের মুথের ছায়া দেখতে পেলুম। 'আমি আছি' এই কথাটা গলির মধ্যে, য়রবাড়ির মধ্যে ভারি ভেঙে চুরে বিক্বত হয়ে দেখা দেয়। এই কথাটাকে এই সমুক্রের উপর আকাশের উপর সম্পূর্ণ ছড়িয়ে দিয়ে দেখলে তবে তার মানে ব্রুতে পারি; তখন আবশ্রককে ছাড়িয়ে, অনাবশ্রককে পেরিয়ে আনন্দলোকে তার অভ্যর্থনা দেখতে পাই; তখন ম্পাই করে বৃঝি, ঝিষ কেন মাছমদের অমৃতস্ম প্রোঃ ব'লে আহ্বান করেছিলেন।

সেই থিদিরপুরের ঘাট থেকে আরম্ভ করে আর এই হংক্ভের ঘাট পর্বস্ক, বন্দরে বাণিজ্যের চেহারা দেখে আসছি। সে যে কী প্রকাণ্ড, এমন ক'রে তাকে চোখে না দেখলে বোঝা যায় না। শুধু প্রকাণ্ড নয়, সে একটা অবড়জক ব্যাপার। কবিকরণ-চণ্ডীতে ব্যাধের আহারের যে বর্ণনা আছে – সে এক-এক গ্রাসে এক-এক তাল গিলছে, তার ভোজন উৎকট, তার শব্দ উৎকট, এও সেইরকম; এই বাণিজ্যব্যাধটাণ্ড হাস্ফাস করতে করতে এক-এক পিণ্ড মুখে যা পুরছে, সে দেখে ভয় হয়। তার বিরাম নেই, আর তার শব্দই বা কী। লোহার হাত দিয়ে মুখে তুলছে, লোহার দাঁত দিয়ে চিবক্তে, লোহার পাকষম্রে চিরপ্রদীপ্ত ক্র্যরানলে হক্তম করছে এবং লোহার শিরা উপ-শিরার ভিতর দিয়ে তার জগৎজাড়া কলেবরের স্ব্র সোনার রক্তজোত চালান করে দিছে।

একে দেখে মনে হয় যে, এ একটা জন্ত, এ যেন পৃথিবীর প্রথম যুগের দানবজন্ত লোর মতো। কেবলমাত্র তার লেজের আয়তন দেখলেই শরীর আঁতকে ওঠে।
তার পরে, দে জলচর হবে, কি স্থলচর হবে, কি পাথি হবে, এখনো তা স্পষ্ট ঠিক হয়
নি; দে খানিকটা সরীস্পের মতো, খানিকটা বাহুড়ের মতো, খানিকটা গণ্ডারের
মতো। অঙ্গুলোচিব বলতে যা বোঝায় তা তার কোথাও কিছুমাত্র নেই। তার গায়ের
চামড়া ভন্নংকর স্থল; তার থাবা যেখানে পড়ে সেখানে পৃথিবীর গায়ের কোমল সব্জ্
চামড়া উঠে গিয়ে একেবারে তার হাড় বেরিয়ে পড়ে; চলবার সময় তার বৃহৎ বিরপ
লেজটা যখন নড়তে থাকে তখন তার গ্রন্থিতে গ্রন্থিতে সংঘর্ষ হয়ে এমন আওয়াজ হতে
থাকে যে, দিগঙ্গনারা মৃহিত হয়ে পড়ে। তার পরে, কেবলমাত্র তার এই বিপুল দেহটা
রক্ষা করবার জন্তে এত রাশি রাশি খাত্য তার দরকার হয় যে, ধরিত্রী ক্লিষ্ট হয়ে ওঠে।
সে যে কেবলমাত্র থাবা থাবা জিনিস খাক্ছে তা নয়, সে মাছ্য খাচ্ছে— ত্লী পৃক্ষ ছেলে
কিছুই দে বিচার করে না।

কিন্তু, জগতের সেই প্রথম যুগের দানব-ক্ষপ্তলো টি কল না। তাদের অপরিমিত বিপুলতাই পদে পদে তাদের বিরুদ্ধে নাক্ষি দেওয়াতে, বিধাতার আদালতে তাদের প্রাণদণ্ডের বিধান হল। সৌষ্ঠব জিনিসটা কেবলমাত্র সৌন্দর্ধের প্রমাণ দেয় না, উপযোগিতারও প্রমাণ দেয়। হাঁন্টান্টা যথন অত্যন্ত বেশি চোখে পড়ে, আয়তনটার মধ্যে যথন কেবলমাত্র শক্তি দেখি, শ্রী দেখি নে, তথন বেশ বুঝতে পারা যায়, বিশের সঙ্গে তার সামঞ্জন্ত নেই; বিশ্বশক্তির সঙ্গে তার শক্তির নিরন্তর সংঘর্ষ হতে হতে একদিন তাকে হার মেনে হাল ছেড়ে তলিয়ে যেতে হবেই। প্রস্কৃতির গৃহিণীপনা

কথনই কদর্য অমিতাচারকে অধিক দিন সইতে পারে না; তার ঝাঁটা এসে পড়ল বলে। বাণিজ্যদানবটা নিজের বিরূপতায়, নিজের প্রকাণ্ড ভারের মধ্যে নিজের প্রাণদণ্ড বছন করছে। একদিন আসছে যখন তার লোহার কছালগুলোকে আমাদের যুগের ভরের মধ্যে থেকে আবিষ্কার ক'রে পুরাতত্ববিদ্রা এই সর্বভ্ক দানবটার অভুত বিষমতা নিয়ে বিশ্বয় প্রকাশ করবে।

প্রাণীজগতে মাহ্বের যে যোগ্যতা, সে তার দেহের প্রাচুর্য নিয়ে নয়। মাহ্বের চামড়া নরম, তার গায়ের জোর অয়, তার ইন্দ্রিয়শক্তিও পশুদের চেয়ে কম বই বেশি নয়। কিয়, সে এমন একটি বল পেয়েছে যা চোধে দেখা যায় না, যা জায়গা জোড়ে না, যা কোনো ছানের উপর ভর না করেও সমস্ত জগতে আপন অধিকার বিস্তার করছে। মাহ্বের মধ্যে দেহপরিধি দৃশুজগং থেকে সরে গিয়ে অদৃশ্রের মধ্যে প্রবল হয়ে উঠেছে। বাইবেলে আছে, যে নয় সেই পৃথিবীকে অধিকার করবে; তার মানেই হক্তে, নয়তার শক্তি বাইরে নয়, ভিতরে— সে যত কম আঘাত দেয় ততই সে জয়ী হয়। সে রণক্ষেত্রে লড়াই করে না; অদ্প্রলোকে বিশ্বশক্তির সঙ্গে সদ্ধি করে সে জয়ী হয়।

বাণিজ্যদানবক্তেও একদিন তার দানবলীলা সংবরণ করে মানব হতে হবে। আজ এই বাণিজ্যের স্বস্তিষ্ক কম, ওর হৃদয় তো একেবারেই নেই; সেইজক্তে পৃথিবীতে ও কেবল আপনার ভার বাড়িয়ে চলেছে। কেবলমাত্র প্রাণপণ শক্তিতে আপনার আয়তনকে বিন্তীর্ণতের করে করেই ও জিততে চাচ্ছে। কিন্তু, একদিন যে জয়ী হবে তার আকার ছোটো, তার কর্মপ্রণালী সহজ; মান্তুষের হৃদয়কে, সৌন্দর্যবোধকে, ধর্মবৃদ্ধিকে সে মানে; সে নম্র, সে স্ঞ্রী, সে কদর্যভাবে লুব্ধ নম্ন; তার প্রতিষ্ঠা অস্তরের স্ব্যবস্থায়, বাইরের আয়তনে না; সে কাউকে বঞ্চিত ক'রে বড়ো নয়, সে সকলের मक्ष क'रत रए।। आंअरकत मित्न शृथिवीर्ट याञ्चरवत मकल अञ्चीत्नत यर्था अहे বাণিজ্যের অমুষ্ঠান সব চেয়ে কুত্রী; আপন ভারের ঘারা পৃথিবীকে সে ক্লাস্ত করছে, আপন শব্দের দ্বারা পৃথিবীকে বধির করছে, আপন আবর্জনার দ্বারা পৃথিবীকে মঞ্জিন করছে, আপন লোভের দ্বারা পৃথিবীকে আহত করছে। এই যে পৃথিবীব্যাপী কুঞ্জীতা, **এই यে विद्धांश- क्रथ क्रम सम गन्न न्मर्स अवः मानवश्रमस्त्रत विक्रान- अहे या** লোভকে বিশ্বের রাজিসিংহাসনে বসিয়ে তার কাছে দাস্থত লিখে দেওয়া, এ প্রতিদিনই মাহবের শ্রেষ্ঠ মহয়ত্বকে আঘাত করছেই, তার দন্দেহ নেই। মুনফার নেশায় উন্মন্ত হয়ে এই বিশ্ববাপী দূতক্ৰীড়ায় মাহুষ নিজেকে পণ ব্লেখে কতদিন খেলা চালাবে ? এ থেলা ভাঙতেই হবে। যে-থেলায় মাত্রুষ লাভ করবার লোভে নিজেকে লোক্সান करत्र करनार्छ, रम कथरनार्ड कनरव ना।

ু জ্যৈষ্ঠ। মেঘ বৃষ্টি বাদল কুমাশার আকাশ ঝাপসা হয়ে আছে; হংকং বন্দরের পাহাড়গুলো দেখা দিয়েছে, তাদের গা বেয়ে বেয়ে ঝরনা ঝরে পড়ছে। মনে হচ্ছে, দৈত্যের দল সম্দ্রে ড্ব দিয়ে তাদের ভিজে মাথা জলের উপর তুলেছে, তাদের জটা বেয়ে দাড়ি বেয়ে জল ঝরছে। এগুল সাহেব বলছেন, দৃষ্টটা ষেন পাহাড়-ঘেরা মট্ল্যাণ্ডের ছদের মতো; তেমনিতরো ঘন সব্ল বেটে বেটে পাহাড়, তেমনিতরো ভিজে কম্বলের মতো আকাশের মেঘ, তেমনিতরো কুমাশার গ্রাতা বৃলিয়ে অয় অয় ম্ছে ফেলা জলম্বলের মৃতি। কাল সমস্ত রাত বৃষ্টি বাতাস গিয়েছে; কাল বিছানা আমার ভার বহন করে নি, আমিই বিছানাটাকে বহন করে ডেকের এধার থেকে ওধারে আর্ম্ম খুঁজে খুঁজে ফিরেছি। রাত যথন সাড়ে তুপুর হবে, তথন এই বাদলের সঙ্গে মিথ্যা বিরোধ করবার চেষ্টা না করে তাকে প্রসন্ম মনে মেনে নেবার জল্তে প্রস্তুত হলুম। একধারে দাঁড়িয়ে ওই বাদলার সঙ্গে তান মিলিয়েই গান ধরল্ম— প্রাবণের ধারার মতো পড়ুক ঝরে। এমনি করে ফিরে ফিরে অনেকগুলো গান গাইলুম, বানিয়ে বানিয়ে একটা নতুন গানও তৈরি করলুম, কিন্তু বাদলের সঙ্গে কবির লড়াইয়ে এই মর্তনাসীকেই হার মানতে হল। আমি অতো দম পাব কোথায়, আর আমার কবিছের বাতিক যড়ই প্রবল হোক-না, বাযুবলে আকশের সঙ্গে পেরে উঠব কেন।

কাল রাত্রেই জাহাজের বন্দরে পৌছবার কথা ছিল, কিন্তু এইখানটায় সম্প্রবাহী জলের স্রোত প্রবল হয়ে উঠল এবং বাতাসও বিরুদ্ধ ছিল, তাই পদে পদে দেরি হতে লাগল। জায়গাটাও সংকীর্ণ ও সংকটময়। কাপ্তেন সমস্ত রাত জাহাজের উপরতলায় গিয়ে সাবধানে পথের হিসাব করে চলেছেন। আজ সকালেও মেঘর্টির বিরাম নেই। স্র্য দেখা দিল না, তাই পথ ঠিক করা কঠিন। মাঝে মাঝে ঘটা বেজে উঠছে, এঞ্জিন খেমে ঘাছে, নাবিকের দ্বিধা স্পষ্ট বোঝা যাছে। আজ সকালে আহারের টেবিলে কাপ্তেনকে দেখা গেল না। কাল রাত তুপুরের সময় কাপ্তেন একবার কেবল বর্ষাতি পরে নেমে এসে আমাকে বলে গেলেন, ভেকের কোনো দিকেই শোবার স্থবিধা হবে না, কেননা, বাতাসের বদল হছে।

এর মধ্যে একটি ব্যাপার দেখে আমার মনে বড়ো আনন্দ হয়েছিল। জাহাজের উপর থেকে একটা দড়িবাঁধা চামড়ার চোঙে করে মাঝে মাঝে সমৃত্রের জল তোলা হয়। কাল বিকেলে এক সময় মৃকুলের হঠাৎ জানতে ইচ্ছা হল, এর কারণটা কী। সেতথনই উপরতলায় উঠে গেল। এই উপরতলাতেই জাহাজের হালের চাকা, এবং এথানেই পথনির্ণয়ের সমস্ত যয়। এথানে যাত্রীদের যাওয়া নিষেধ। মৃকুল যখন গেল তথন তৃত্তীয় অফিসর কাজে নিযুক্ত। মৃকুল তাঁকে প্রশ্ন করতেই তিনি ওকে বোঝাতে

ভক্ত করলেন। সমৃদ্রের মধ্যে অনেকগুলি স্রোতের ধারা বইছে, তাদের উত্তাপের পরিমাণ স্বতন্ত্র। মাঝে মাঝে সমৃদ্রের জল তুলে তাপমান দিয়ে পরীক্ষা করে সেই ধারাপথ নির্ণয় করা দরকার। সেই ধারার ম্যাপ বের করে তাদের গতিবেগের সঙ্গে জাহাজের গতিবেগের কী রকম কাটাকাটি হচ্ছে, তাই তিনি মৃকুলকে বোঝাতে লাগলেন। তাতেও যখন স্থবিধা হল না, তখন বোর্ডে খড়ি দিয়ে এ কৈ ব্যাপারটাকে যথাসম্ভব সরল করে দিলেন।

কোনো বিলিতি জাহাজে মৃকুলের পক্ষে এটা কোনোমতেই সম্ভবপর হত না; সেথানে মৃকুলকে অত্যস্ত সোজা করেই বৃঝিয়ে দিত ষে, ও জায়গায় তার নিষেধ। মোটের উপরে জাপানি অফিসরের সৌজন্ত, কাজের নিয়মবিকক। কিন্তু প্রেই বলেছি, এই জাপানি জাহাজে কাজের নিয়মের ফাঁক দিয়ে মান্তুষের গতিবিধি আছে। অথচ নিয়মটা চাপা পড়ে যায় নি, তাও বারবার দেখেছি। জাহাজ যথন বন্দরে ছির ছিল, যথন উপরতলার কাজ বন্ধ, তথন সেথানে বসে কাজ করবার জন্তে আমি কাপ্তেনের সম্মতি পেয়েছিলুম। সেদিন পিয়ার্গন সাহেব তৃজন ইংরেজ আলাপীকে জাহাজে নিমন্ত্রণ করলেন। ডেকের উপর মাল তোলার শব্দে এণ্ডুজ সাহেব বিরক্ত হয়ে হঠাৎ প্রস্তাব করলেন, উপরের তলায় যাওয়া যাক। আমি সম্মতির জন্ত প্রধান অফিসরকে জিজ্ঞাসা করলুম; তিনি তথনই বললেন, "না।" নিয়ে গেলে কাজের ক্ষতি হত না, কেননা, কাজ তথন বন্ধ ছিল। কিন্তু নিয়মভক্ষের একটা সীমা আছে, সে সীমা বন্ধুর পক্ষে বেখানে অপরিচিতের পক্ষে সেখানে না। উপরের তলা ব্যবহারের সম্মতিতেও আমি ধেমন খুলি হয়েছিলুম, তার বাধাতেও তেমনি খুলি হলুম। স্পষ্ট দেখতে পেলুয়, এর মধ্যে দাক্ষিণ্য আছে, কিন্তু হর্বলতা নেই।

বন্দরে পৌছবামাত্র জাপান থেকে কয়েকখানি অভার্থনার টেলিগ্রাম ও পত্র পাওয়া গেল। কিছুক্ষণ পরে প্রধান অফিসর এসে আমাকে বললেন, এ-যাত্রায় আমাদের সাজ্যাই যাওয়া হল না, একেরারে এখান থেকে জাপান যাওয়া হবে। আমি জিল্লাসা করলুম, কেন। তিনি বললেন, জাপানবাসীরা আপনাকে অভার্থনা করবার জন্মে প্রস্তুত হয়েছে, তাই আমাদের সদর আপিস থেকে টেলিগ্রামে আদেশ এসেছে, অন্ত বন্দরে বিলম্ব না করে চলে যেতে। সাজ্যাইয়ের সমন্ত মাল আমরা এইখানেই নামিয়ে দেব, অন্ত জাহাজে করে সেখানে যাবে।

এই খবরটি আমার পক্ষে যতই গৌরবজনক হোক, এখানে লেখবার দরকার ছিল না। কিন্তু আমার লেখবার কারণ হচ্ছে এই যে, এই ব্যাপারের একটু বিশেষত্ব আছে; সেটা আলোচ্য। সেটা পুনশ্চ ওই একই কথা। অর্থাৎ ব্যাবসার দাবি সচরাচর যে-পাথরের পাঁচিল খাড়া করে আত্মরক্ষা করে, এথানে তার মধ্যে দিয়েও মানবসম্বদ্ধের আনাগোনার পথ আছে। এবং সে পথ কম প্রশস্ত নয়।

জাহাজ এখানে দিন ত্য়েক থাকবে। সেই তুদিনের জক্তে শহরে নেবে হোটেলে থাকবার প্রস্তাব আমার মনে নিলে না। আমার মতো কুঁড়ে মাহুষের পক্ষে আরামের চেম্বে বিরাম ভালো; আমি বলি, হুথের ল্যাঠা অনেক, সোয়ান্তির বালাই নেই। আমি মাল ভোলা-নামার উপত্রব স্বীকার করেও জাহাজে রয়ে গেলুম। সেজতে আমার বে বক্ষণির মেলে নি, তা নয়।

প্রথমেই চোথে পড়ল জাহাজের ঘাটে চীনা মজুরদের কাব্দ। তাদের একটা করে नीन भात्रकामा भरा वरः गा शाना। वमन भरीत्र किशान एकि नि, वमन कांकल না। একেবারে প্রাণদার দেহ, লেশমাত্র বাছল্য নেই। কাব্দের তালে তালে সমস্ত भहीरतत्र माः मरभमी क्वनंहे एउँ रथनाटक । এता वर्षा वर्षा वाबाक असन महस्क अवः এমন ক্রত আয়ত্ত করছে যে সে দেখে আনন্দ হয়। মাথা থেকে পা পর্যন্ত কোথাও অনিচ্ছা, অবসাদ বা জড়ত্বের লেশমাত্র লকণ দেখা গেল না। বাইরে থেকে তাদের তাড়া দেবার কোনো দরকার নেই। তাদের দেহের বীণাষম্ভ থেকে কান্ধ যেন সংগীতের মতো বেন্দে উঠছে। জাহাজের ঘাটে মাল তোলা-নামার কান্ধ্র দেখতে যে আমার এত আনন্দ হবে, এ কথা আমি পূর্বে মনে করতে পারতুম না। পূর্ণ শক্তির কাজ বড়ো স্থনর; তার প্রত্যেক আঘাতে আঘাতে শরীরকে স্থনর করতে থাকে, এবং সেই শরীরও কান্তকে স্থন্দর করে তোলে। এইখানে কান্তের কাব্য এবং মাহুষের শরীরের ছন্দ আমার দামনে বিস্তীর্ণ হয়ে দেখা দিলে। এ কথা জ্ঞার করে বলতে পারি, ওদের দেহের চেয়ে কোনো স্ত্রীলোকের দেহ স্থনর হতে পারে না, কেননা, শক্তির সঙ্গে স্ব্যার এমন নিখু ত সংগতি মেয়েদের শরীরে নিশ্চয়ই তুর্লভ। আমাদের জাহাজের ঠিক শামনেই আর-একটা জাহাজে বিকেল বেলায় কাজকর্মের পর সমস্ত চীনা মাল্লা জাহাজের ডেকের উপর কাপড় খুলে ফেলে স্থান করছিল; মাতুষের শরীরের যে কী স্বর্গীয় শোভা তা আমি এমন করে আর কোনোদিন দেখতে পাই নি।

কাজের শক্তি, কাজের নৈপুণা এবং কাজের আনন্দকে এমন পুঞ্জীভূতভাবে একত্র দেখতে পেয়ে আমি মনে মনে ব্যতে পারল্ম, এই বৃহৎ জাতির মধ্যে কতথানি ক্ষমতা দমন্ত দেশ জুড়ে সঞ্চিত হচ্ছে। এথানে মাহ্য পূর্ণপরিমাণে নিজেকে প্রয়োগ করবার জন্মে বহুকাল থেকে প্রস্তুত হচ্ছে। যে সাধনায় মাহ্য আপনাকে আপনি যোলো-আনা ব্যবহার করবার শক্তি পায়, তার ক্লপণতা ঘুচে যায়, নিজেকে নিজে কোনো অংশে ফাঁকি দেয় না, সে যে মন্ত সাধনা। চীন স্থদীর্ঘকাল সেই সাধনায় পূর্ণভাবে কাজ করতে শিখেছে, সেই কাজের মধ্যেই তার নিজের শক্তি উদারভাবে আপনার মৃতি এবং আনন্দ পাচ্ছে—এ একটি পরিপূর্ণতার ছবি। চীনের এই শক্তি আছে বলেই আমেরিকা চীনকে ভয় করেছে; কাজের উভ্যমে চীনকে সে জিভতে পারে না, গায়ের জোরে তাকে ঠেকিয়ে রাখতে চায়।

এই এতবড়ো একটা শক্তি যখন আপনার আধুনিক কালের বাহনকে পাবে, অর্থাৎ যখন বিজ্ঞান তার আয়ত্ত হবে, তখন পৃথিবীতে তাকে বাধা দিতে পারে এমন কোন্ শক্তি আছে? তখন তার কর্মের প্রতিভার সঙ্গে তার উপকরণের যোগসাধন হবে। এখন বে-সব জাতি পৃথিবীর সম্পদ ভোগ করছে তারা চীনের সেই অভ্যুখানকে ভয় করে, সেই দিনকে তারা ঠেকিয়ে রাখতে চায়। কিন্ধু, যে জাতির যেদিকে যতখানি বড়ো হবার শক্তি আছে, সেদিকে তাকে ততখানি বড়ো হয়ে উঠতে দিতে বাধা দেওয়া বে-স্কাতিপূজা থেকে জন্মছে তার মতো এমন সর্বনেশে পূজা জগতে আর কিছুই নেই। এমন বর্বর জাতির কথা শোনা যায় যারা নিজের দেশের দেবতার কাছে পরদেশের মাহায়কে বলি দেয়; আধুনিক কালের স্বজাতীয়তা তার চেয়ে অনেক বেশি ভয়ানক জিনিস, সে নিজের ক্ষ্ণার জন্মে এক-একটা জাতিকে-জাতি দেশকে-দেশ দাবি করে।

আমাদের জাহাজের বাঁ পাশে চানের নৌকার দল। সেই নৌকাগুলিতে স্বামী স্ত্রী এবং ছেলেমেয়ে দকলে মিলে বাদ করছে এবং কাল্ল করছে। কাজের এই ছবিই আমার কাছে দকলের চেয়ে স্থলর লাগল। কাজের এই মৃতিই চরম মৃতি, একদিন এরই জয় হবে। না বদি হয়, বাণিজ্যদানব বদি মামুষের ঘর-কর্না স্বাধীনতা দমন্তই গ্রাদ ক'রে চলতে থাকে, এবং রহং এক দাসসম্প্রদায়কে স্বষ্টি করে তুলে তারই সাহাধ্যে অল্প কয়জনের আরাম এবং স্বার্থ সাধন করতে থাকে, তা হলে পৃথিবী রসাতলে বাবে। এদের মেয়ে পুরুষ ছেলে দকলে মিলে কাল্প করবার এই ছবি দেখে আমার দীর্ঘনিশ্বাদ পড়ল। ভারতবর্ধে এই ছবি কবে দেখতে পাব ? সেধানে মামুষ আপনার বারো-আনাকে ফাঁকি দিয়ে কাটাছে। এমন দব নিয়মের জাল, যাতে মামুষ কেবলই বেধে-বেধে গিয়ে জড়িয়ে জড়িয়ে পড়েই নিজের অধিকাংশ শক্তির বাজে থরচ করে এবং বাকি অধিকাংশকে কাল্পে থাটাতে পারে না— এমন বিপুল আটলতা এবং জড়তার সমাবেশ পৃথিবীর আর কোথাও নেই। চারি দিকে কেবলই জাতির সঙ্গে জাতির বিছেদ, নিয়মের সঙ্গে কাজের বিরোধ, আচারধর্মের সঙ্গে কালধর্মের বন্ধ।

চীন সম্দ্র তোসামাক জাহাজ ১৬ই জার্চ। আরু জাহাজ জাপানের 'কোবে' বন্দরে পৌছবে। কয়দিন বৃষ্টিবাদলের বিরাম নেই। মাঝে মাঝে জাপানের ছোটো ছোটো দ্বীপ আকাশের দিকে
পাহাড় তুলে সম্প্রধাত্রীদের ইপারা করছে, কিন্তু বৃষ্টিতে কুয়াপাতে সমস্ত ঝাপসা;
বাদলার হাওয়ায় সদিকাশি হয়ে গলা ভেঙে গেলে তার আওয়াজ ধেরকম হয়ে থাকে,
ওই দ্বীপগুলোর সেইরকম ঘোরতর সদির আওয়াজের চেহারা। বৃষ্টির ছাঁট এবং ভিজে
হাওয়ায় তাড়া এড়াবার জন্যে ডেকের এধার থেকে ওধারে চৌকি টেনে নিয়ে
নিয়ে বেড়াচ্ছি।

আমাদের দকে যে জাপানি যাত্রী দেশে ফিরছেন তিনি আজ ভোরেই তাঁর ক্যাবিন ছেড়ে একবার ডেকের উপর উঠে এসেছেন, জাপানের প্রথম অভার্থনা গ্রহণ করবার জন্তে। তথন কেবল একটি মাত্র ছোটো নীলাভ পাহাড় মানসসরোবরের মন্ত একটি নীল পদ্মের কুঁড়িটির মতো জলের উপরে জেগে রয়েছে। তিনি স্থির নেত্রে এইটুক্ কেবল দেখে নীচে নেবে গেলেন; তাঁর সেই চোখে ওই পাহাড়টুক্কে দেখা আমাদের শক্তিতে নেই— আমরা দেখছি ন্তনকে, তিনি দেখছেন তাঁর চিরন্তনকে; আমরা অনেক তৃচ্ছকে বাদ দিয়ে দিয়ে দেখছি, তিনি ছোটো বড়ো সমন্তকেই তাঁর এক বিরাটের অক্ত করে দেখছেন; এইজন্তেই ছোটোও তাঁর কাছে বড়ো, ভাঙাও তাঁর কাছে জোড়া, অনেক তাঁর কাছে এক। এই দৃষ্টিই সত্য দৃষ্টি।

জাহাজ ষথন একেবারে বন্দরে এসে পৌছল তথন মেঘ কেটে গিয়ে সূর্য উঠেছে।
বড়ো বড়ো জাপানি জন্সরা নৌকা আকাশে পাল উড়িয়ে দিয়ে, ষেথানে বন্ধণদেবের
সভাপ্রান্থণে সূর্যদেবের নিমন্ত্রণ হয়েছে, সেইখানে নৃত্য করছে। প্রকৃতির নাট্যমঞ্চে
বাদলার ষবনিকা উঠে গিন্ধেছে; ভাবলুম, এইবার ডেকের উপরে রাজার হালে বসে
সম্জের তীরে জাপানের প্রথম প্রবেশটা ভালো করে দেখে নিই।

কিন্ধ, সে কি হ্বার জো আছে। নিজের নামের উপমা গ্রহণ করতে যদি কোনো অপরাধ না থাকে তা হলে বলি, আমার আকাশের মিতা যখন খালাস পেয়েছেন তথন আমার পালা আরম্ভ হল। আমার চারি দিকে একটু কোথাও ফাঁক দেখতে পেলুম না। খবরের কাগজের চর তাদের প্রশ্ন এবং তাদের ক্যামেরা নিয়ে আমাকে আছের করে দিলে।

কোবে শহরে অনেকগুলি ভারতবর্ষীয় বণিক আছেন, তার মধ্যে বাঙালির ছিটে-ফোটাও কিছু পাওয়া যায়। আমি হংকং শহরে পৌছেই এই ভারতবাদীদের টেলিগ্রাম পেয়েছিল্ম, তাঁরাই আমার আতিখ্যের ব্যবহা করেছেন। তাঁরা ভাহাতে গিয়ে আমাকে

ধরলেন। ওদিকে জাপানের বিখ্যাত চিত্রকর টাইকন এসে উপস্থিত। ইনি ষধন ভারতবর্ষে গিয়েছিলেন, আমাদের বাড়িতে ছিলেন। কাট্স্টাকেও দেখা গেল, ইনিও আমাদের চিত্রকর বন্ধু। সেই সঙ্গে সানো এসে উপস্থিত, ইনি এককালে আমাদের শান্তিনিকেত্ন আশ্রমে জুজুংস্থ ব্যায়ামের শিক্ষক ছিলেন। এর মধ্যে কাভয়াগুচিরও দর্শন পাওয়া গেল। এটা বেশ স্পষ্ট বুঝতে পারলুম, আমাদের নিজের ভাবনা আর ভাবতে হবে না। কিন্তু দেখতে পেলুম, সেই ভাবনার ভার অনেকে মিলে যখন গ্রহণ করেন তথন ভাবনার আর অন্ত থাকে না। আমাদের প্রয়োজন অল্ল, কিন্তু আয়োজন তার **टिया व्यानक दिन इस्म डिर्जन।** जाशीनि शक एथरक डाँए से घरत निया यादात जाला আমাকে টানাটানি করতে লাগলেন, কিন্তু ভারতবাসীর আমন্ত্রণ আমি পূর্বেই গ্রহণ করেছি। এই নিয়ে বিষম একটা সংকট উপস্থিত হল। কোনো পক্ষই হার মানতে চান না। বাদ বিভগ্রা বচসা চলতে লাগল। আবার, এরই সঙ্গে সঙ্গে সেই খবরের কাগজের চরের দল আমার চারি দিকে পাক থেয়ে বেড়াতে লাগল। দেশ ছাড়বার মুথে বঙ্গাগরে পেয়েছিলুম বাতাদের সাইক্লোন, এখানে জাপানের ঘাটে এসে পৌছেই পেলুম মানুষের সাইক্লোন। ঘটোর মধ্যে যদি বাছাই করতেই হয়, আমি প্রথমটাই পছন্দ করি। থ্যাতি জিনিসের বিপদ এই যে, তার মধ্যে যভটুকু আমার দরকার কেবলমাত্র সেইটুকু গ্রহণ করেই নিম্বৃতি নেই, তার চেয়ে অনেক বেশি নিতে হয়; সেই বেশিটুকুর বোঝা বিষম বোঝা। অনাবৃষ্টি এবং অভিবৃষ্টর মধ্যে কোন্টা যে ফসলের পক্ষে বেশি মুশকিল कानि तन ।

এথানকার একজন প্রধান গুজরাটি বণিক মোরারজি, তাঁরই বাড়িতে আশ্রয় পেয়েছি। সেই সব থবরের কাগজের অন্নচররা এথানে এসেও উপস্থিত। বহুকষ্টে বৃাহ্ ভেদ করে বেরোতে পেরেছি।

এই উৎপাতটা আশা করি নি। জাপান ষে নতুন মদ পান করেছে এই খবরের কাগজের ফেনিলতা তারই একটা অঙ্গ। এত ফেনা আমেরিকাতেও দেখি নি। এই জিনিসটা কেবলমাত্র কথার হাওয়ার বৃদ্বৃদপ্ত — এতে কারো সত্যকার প্রয়োজনও দেখি নে, আমোদও বৃঝি নে; এতে কেবলমাত্র পাত্রটার মাথা শৃহ্যতায় ভরতি করে দেয়, মাদকতার ছবিটাকে কেবল চোখের সামনে প্রকাশ করে। এই মাতলামিটাই আমাকে সব-চেয়ে পীড়া দেয়। যাক্গে।

মোরারজির বাড়িতে আহারে আলাপে অভ্যর্থনায় কাল রান্তিরটা কেটেছে।
এথানকার ঘরকন্নার মধ্যে প্রবেশ করে দব-চেম্নে চোথে পড়ে জাপানি দাসী! মাথায়
একথানা ফুলে-ওঠা খোঁপা, গালহটো ফুলো ফুলো, চোধহটো ছোটো, নাক্ষের একটুথানি
অপ্রত্লতা, কাপড় বেশ স্থদর, পায়ে থড়ের চটি— কবিরা সৌন্দর্বের যে-রক্ষ বর্ণনা

করে থাকেন তার সঙ্গে অনৈক্য ঢের, অথচ মোটের উপর দেখতে ভালো লাগে; ষেন মাহুষের সঙ্গে পুতুলের সঙ্গে, মাংসের সঙ্গে মোমের সঙ্গে মিশিয়ে একটা পদার্থ; আর সমন্ত শরীরে ক্ষিপ্রতা, নৈপুণা, বলিষ্ঠতা। গৃহস্বামী বলেন, এরা ষেমন কাঞ্চের, তেমনি এরা পরিকার পরিক্ষন। আমি আমার অভ্যাসবশত ভোরে উঠে জানলার বাইরে চেয়ে দেখলুম, প্রতিবেশীদের বাড়িতে ঘরকশার হিল্লোল তপন জাগতে আরম্ভ করেছে— **म्हिलान प्राप्तान हिल्लान। घरत मरत এই प्राप्तान कार्यात एडे अपन विठिख** বৃহৎ এবং প্রবল ক'রে সচরাচর দেখতে পাওয়া যায় না। কিন্তু, এটা দেখলেই বোঝা ধায়, এমন স্বাভাবিক আর কিছু নেই। দেহযাত্রা জিনিসটার ভার আদি থেকে অন্ত পর্যস্ত মেয়েদেরই হাতে; এই দেহযাত্রার আয়োজন উত্যোগ মেয়েদের পক্ষে স্বাভাবিক এবং হৃন্দর। কান্ধের এই নিয়ত তৎপরতায় মেয়েদের স্বভাব ঘথার্থ মৃক্তি পায় ব'লে শ্রীলাভ করে। বিলাসের জড়তায় কিম্বা ষে-কারণেই হোক, মেয়েরা ষেখানে এই কর্মপরতা থেকে বঞ্চিত সেখানে তাদের বিকার উপস্থিত হয়, তাদের দেহমনের সৌন্দর্য-হানি হতে পাকে, এবং তাদের ঘথার্থ আনন্দের ব্যাঘাত ঘটে। এই যে এখানে সমস্তক্ষণ ঘরে ঘরে ক্ষিপ্রবেগে মেয়েদের হাতের কাব্জের স্রোত অবিরত বইছে এ আমার দেখতে ভারি হুন্দর লাগছে। মাঝে মাঝে পাশের ঘর থেকে এদের গলার ভাওয়াজ এবং হাসির শব্দ শুনতে পাচ্ছি, আর মনে মনে ভাবছি, মেয়েদের কথা ও হাসি সকল দেশেই সমান। অর্থাৎ সে যেন স্রোতের জলের উপরকার আলোর মতো একটা ঝিকিমিকি ব্যাপার, জীবনচাঞ্ল্যের অহেতুক লীলা।

কোবে

30

নতুনকে দেখতে হলে, মনকে একটু বিশেষ করে বাতি জ্বালাতে হয়। পুরোনোকে দেখতে হলে, ভালো করে চোখ মেলতেই হয় না। সেইজন্মে নতুনকে যত শীদ্র পারে দেখে নিয়ে, মন আপনার অতিরিক্ত বাতিগুলো নিবিয়ে ফেলে। থরচ বাঁচাতে চায়, মনোযোগকে উসকে রাখতে চায় না।

মৃকুল আমাকে জিজ্ঞাসা করছিল, "দেশে থাকতে বই প'ড়ে, ছবি দেখে জাপানকৈ বেরকম বিশেষভাবে নতুন বলে মনে হত, এখানে কেন তা হচ্ছে না।" তার কারণই এই। রেজুন থেকে আরম্ভ করে সিঙাপুর, হংকং দিয়ে আসতে আসতে মনের নতুন দেখার বিশেষ আয়োজনটুকু ক্রমে ক্রমে ফুরিয়ে আসে। যখন বিদেশী সমৃত্রের এ কোণে ও কোণে স্থাড়া স্থাড়া পাহাড়গুলো উকি মারতে থাকে তথন বলতে থাকি বাং! তথন

म्क्न राम, अहेथात तारा शिरा शिका राम आ ! अ मान करत, अहे नज्न कार्यम राम स्था हिति हिन है शिकार ; अथात अहे ह्यां हिति हिन है शिकार ; अथात अहे ह्यां हिति हिन है अहे नज्न जाया मान कार्यम कार कार्यम का

হপ্তাথানেক জাপানে আছি কিন্তু মনে হচ্ছে, যেন অনেক দিন আছি। তার মানে, পথঘাট, গাছপালা, লোকজনের ষেটুকু নতুন সেটুকু তেমন গভীর নয়, তাদের মধ্যে ষেটা পুরোনো সেইটেই পরিমাণে বেশি। অফুরান নতুন কোথাও নেই; অর্থাং, ষার সক্ষে আমাদের চিরপরিচিত থাপ থায় না, জগতে এমন অসংগত কিছুই নেই। প্রথমে ধা করে চোথে পড়ে, যেগুলো হঠাং আমাদের মনের অভ্যাদের সক্ষে মেলে না। তার পরে পুরোনোর সক্ষে নতুনের যে যে অংশের রঙে মেলে, চেহারায় কাছাকাছি আসে, মন তাড়াতাড়ি সেইগুলোকে পাশাপাশি সাজিয়ে নিয়ে তাদের সক্ষে ব্যবহারে প্রবৃত্ত হয়। তাস থেলতে বদে আমরা হাতে কাগজ্ঞ পেলে রঙ এবং মূল্য -অমুসারে তাদের পরে পরে সাজিয়ে নিই; এও সেইরকম। শুধু তো নতুনকে দেখে যাওয়া নয়, তাঁর সঙ্গে যে ব্যবহার করতে হবে; কাজেই মন তাকে নিজের পুরোনো কাঠামোর মধ্যে যত শীদ্র পারে গুছিয়ে নেয়। যেই গোছানো হয় তথন দেখতে পাই, তত বেশি নতুন নয় যতটা গোড়ায় মনে হয়েছিল; আসলে পুরোনো, ভিন্ধটাই নতুন।

তারপরে আর-এক মৃশকিল হয়েছে এই বে, দেখতে পাচ্ছি, পৃথিবীর সকল সভ্য জাতই বর্তমান কালের ছাঁচে ঢালাই হয়ে একই রকম চেহারা অথবা চেহারার অভাব ধারণ করেছে। আমার এই জানলায় বদে কোবে শহরের দিকে তাকিয়ে এই যা দেখছি এ তোলোহার জাপান, এ তো রক্তমাংলের নয়। একদিকে আমার জানলা, আর-একদিকে সমৃদ্র, এর মাঝখানে প্রকাণ্ড একটা শহর। চীনেরা বেরকম বিকটমৃতি ভ্যাগন আঁকে—লেইরকম। আঁকাবাঁকা বিপুল দেহ নিয়ে দে বেন সব্জ পৃথিবীটিকে খেয়ে ফেলেছে। গায়ে গায়ে ঘেঁ বাঘেঁ যি লোহার চালগুলোঁ ঠিক বেন তারই পিঠের আঁশের মতো রৌজে ঝক্ষক্ করছে। বড়ো কঠিন, বড়ো কৃৎসিৎ— এই দরকার-নামক দৈতাটা। প্রকৃতির মধ্যে মাহুবের বে অর আছে তা ফলে শস্তে বিচিত্র এবং স্কর; কিন্তু সেই অরকে যথন

গ্রাস করতে ঘাই তথন তাকে তাল পাকিয়ে একটা পিগু করে তুলি; তথন বিশেষত্বকে দরকারের চাপে পিষে ফেলি। কোবে শহরের পিঠের দিকে তাকিয়ে ব্রুতে পারি, মাহুষের দরকার পদার্থ টা স্বভাবের বিচিত্রতাকে একাকার করে দিয়েছে। মাহুষের দরকার আছে, এই কথাটাই ক্রমাগত বাড়তে বাড়তে, হাঁ করতে করতে, পৃথিবীর অধিকাংশকে গ্রাস করে ফেলছে। প্রকৃতিও কেবল দরকারের সামগ্রী, মাহুষও কেবল দরকারের মাহুষ হয়ে আসছে।

ষেদিন থেকে কলকাতা ছেড়ে বেরিয়েছি, ঘাটে ঘাটে দেলে দেলে এইটেই খুব বড়ো করে দেখতে পাচ্ছি। মাহুষের দরকার মাহুষের পূর্ণতাকে যে কতথানি ছাড়িয়ে যাচ্ছে, এর আগে কোনো দিন আমি সেটা এমন স্পষ্ট করে দেখতে পাই নি। এক সময়ে মাত্রুষ এই দরকারকে ছোটো করে দেখেছিল। ব্যাবসাকে তারা নীচের জায়গা দিয়েছিল; টাকা রোজগার করাটাকে সমান করে নি। দেবপূজা ক'রে, বিভাদান ক'রে, আনন্দ দান ক'রে याता টাকা निয়েছে মাহ্য তাদের ঘুণা করেছে। किন্তু আজকাল জীবনযাত্রা এতই বেশি ত্ব:সাধ্য, এবং টাকার আয়তন ও শক্তি এতই বেশি বড়ো হয়ে উঠেছে যে, দরকার এবং দরকারের বাহনগুলোকে মানুষ আর দ্বণা করতে সাহস করে না। এখন মানুষ আপনার সকল জিনিসেরই মূল্যের পরিমাণ টাকা দিয়ে বিচার করতে লজ্জা করে না। এতে করে মামুষের প্রকৃতির বদল হয়ে আসছে— জীবনের লক্ষ্য এবং গৌরব, অস্তর থেকে বাইরের দিকে, আনন্দ থেকে প্রয়োজনের দিকে অত্যন্ত ঝুঁকে পড়ছে। মামুষ ক্রমাগত নিজেকে বিক্রি করতে কিছুমাত্র সংকোচ বোধ করছে না। ক্রমশই সমাজের थमन थको वनन राम्र जामरह रम, ठोकाई मासूरमत रमागाजांकरूप श्रकाम भाष्टि। অপচ, এটা কেবল দায়ে পড়ে ঘটছে, প্রস্কুতপক্ষে এটা সত্য নয়। তাই, এক সময়ে যে-মাত্র্য মহয়ত্বের থাতিরে টাকাকে অবজ্ঞা করতে জানত এখন সে টাকার থাতিরে মন্থ্যত্তকে অবজ্ঞা করছে। রাজাতন্ত্রে, সমাজতন্ত্রে, ঘরে বাইরে, সর্বত্রই তার পরিচয় কুংসিত হয়ে উঠছে। কিন্তু, বীভংসতাকে দেখতে পাচ্ছি নে, কেননা, লোভে তুই চোখ অ চিহুয়া

ভাগানে শহরের চেহারায় জাপানিত্ব বিশেষ নেই, মাহুষের সাজসজ্জা থেকেও জাপান ক্রমণ বিদায় নিচ্ছে। অর্থাৎ, জাপান ঘরের পোশাক ছেড়ে আপিসের পোশাক ধরেছে। আজকাল পৃথিবী জোড়া একটা আপিস-রাজ্য বিস্তীর্ণ হয়েছে, সেটা কোনো বিশেষ দেশ নয়। যেহেতু আপিসের স্থাই আইুনিক মুরোপ থেকে, সেইজন্মে এর বেশ আধুনিক মুরোপের। কিন্তু, প্রকৃতপক্ষে এই বেশে মাহুষের বা দেশের পরিচয় দেয় না, আপিস-রাজ্যের পরিচয় দেয়। আমাদের দেশেও ডাক্টার বলছে, "আমার ওই হ্যাট- কোটের দরকার আছে।" আইনজীবীও তাই বলছে, বণিকও তাই বলছে। এমনি করেই দরকার জিনিসটা বেড়ে চলতে চলতে সমস্ত পৃথিবীকে কুৎসিৎভাবে একাকার করে দিচ্ছে।

এইজন্তে জাপানের শহরের রান্তায় বেরলেই প্রধানভাবে চোধে পড়ে জাপানের মেয়েরা। তথন ব্রতে পারি, এরাই জাপানের ঘর, জাপানের দেশ। এরা আপিসের নয়। কারো কারে কাছে শুনতে পাই, জাপানের মেয়েরা এখানকার পুরুষের কাছ থেকে সমান পায় না। সে-কথা সভ্য কি মিথ্যা জানি নে, কিন্তু একটা সম্মান আছে সেটা বাইরে থেকে দেওয়া নয়, সেটা নিজের ভিতরকার। এখানকার মেয়েরাই জাপানের বেশে জাপানের সম্মানরকার ভার নিয়েছে। ওরা দরকারকেই সকলের চেয়ে বড়ো করে থাতির করে নি, সেইজন্তেই ওরা নয়নমনের আনন।

একটা জিনিস এখানে পথে ঘাটে চোথে পড়ে। রান্ডায় লোকের ভিড় আছে, কিন্তু গোলমাল একেবারে নেই। এরা যেন চেঁচাতে জানে না, লোকে বলে জাপানের ছেলেরা হ্রন্ধ কাঁদে না। আমি এপর্যন্ত একটি ছেলেকেও কাঁদতে দেখি নি। পথে মোটরে করে যাবার সময়ে মাঝে মাঝে যেখানে ঠেলাগাড়ি প্রভৃতি বাধা এসে পড়ে, সেখানে মোটরের চালক শান্তভাবে অপেকা করে; গাল দেয় না, হাঁকাহাঁকি করে না। পথের মধ্যে হঠাৎ একটা বাইসিক্ল্ মোটরের উপরে এসে পড়বার উপক্রম করলে, আমাদের দেশের চালক এ অবস্থায় বাইসিক্ল্-আরোহীকে অনাবশ্রক গাল না দিয়ে থাকতে পারত না। এ লোকটা জক্ষেপমাত্র করলে না। এখানকার বাঙালিদের কাছে শুনতে পেল্ম যে, রান্ডায় ছই বাইসিক্লে, কিন্তা গাড়ির সঙ্গে বাইসিক্লের ঠোকাঠুকি হয়ে যখন রক্তপাত হয়ে যায়, তখনো উভয় পক্ষ চেঁচামেচি গালমন্দ না করে গায়ের ধুলো ঝেড়ে চলে যায়।

আমার কাছে মনে হয়, এইটেই জাপানের শক্তির মূল কারণ। জাপানি বাজে চেঁচামেচি ঝগড়াঝাঁটি করে নিজের বলক্ষয় করে না। প্রাণশক্তির বাজে ধরচ নেই ব'লে প্রয়োজনের সময় টানাটানি পড়ে না। শরীর মনের এই শাস্তি ও সহিষ্ণুতা ওদের স্বজাতীয় সাধনার একটা অন্ধ। শোকে তঃখে আঘাতে উত্তেজনায়, ওরা নিজেকে সংযত করতে জানে। সেইজন্মেই বিদেশের লোকেরা প্রায় বলে, জাপানিকে বোঝা যায় না, ওরা অত্যন্ত বেশি গৃঢ়। এর কারণই হচ্ছে, এরা নিজেকে সর্বদা ফুটো দিয়ে ফাঁক দিয়ে গ'লে পড়তে দেয় না।

এই যে নিজের প্রকাশকে অত্যন্ত সংক্ষিপ্ত করতে থাকা, এ ওদের কবিতাতেও দেখা যায়। তিন লাইনের কাব্য জগতের আর কোথাও নেই। এই তিন লাইনই গুদের কবি, পাঠক, উভয়ের পক্ষেই যথেই। সেইজন্মেই এখানে এলে অবিধি, রান্ডায় কেউ গান গাচ্ছে, এ আমি শুনি নি। এদের হাদয় ঝরনার জলের মতো শব্দ করে না, সরোবরের জলের মতো শুরু। এপর্যস্ত ওদের যত কবিতা শুনেছি সবগুলিই হচ্ছে ছবি দেখার কবিতা, গান গাওয়ার কবিতা নয়। হাদয়ের দাহ এবং ক্ষোভ প্রাণকে থরচ করে, এদের সেই থরচ কম। এদের অস্তরের সমস্ত প্রকাশ সৌন্দর্যবোধে। সৌন্দর্যবোধ জিনিসটা স্বার্থনিরপেক্ষ। ফুল, পাধি, চাদ, এদের নিয়ে আমাদের কাঁদাকাটা নেই। এদের সক্ষে আমাদের নিছক সৌন্দর্যভোগের সম্বন্ধ— এরা আমাদের কোথাও মারে না, কিছু কাড়ে না, এদের হারা আমাদের জীবনে কোথাও কয় ঘটে না। সেইজক্তেই তিন লাইনেই এদের কুলোয়, এবং কয়নাটাতেও এরা শান্তির ব্যাঘাত করে না।

এদের হুটো বিখ্যাত পুরোনো কৰিতার নমুনা দেখলে আমার কথাটা স্পষ্ট হবে:

পুরোনো পুক্র,

वार्डित नांक,

### सरमत्र भंका

বাস! আর দরকার নেই। জাপানি পাঠকের মনটা চোথে ভরা। পুরোনো পুকুর মাহ্মধের পরিত্যক্ত, নিশুর, অন্ধকার। তার মধ্যে একটা ব্যাঙ লাফিয়ে পড়তেই শব্দটা শোনা গেল। শোনা গেল— এতে বোঝা যাবে পুকুরটা কী রকম শুরু। এই পুরোনো পুকুরের ছবিটা কী ভাবে মনের মধ্যে এ কৈ নিতে হবে সেইটুকু কেবল কবি ইশারা করে দিলে; তার বেশি একেবারে অনাবশ্যক।

আর-একটা কবিতা:

পচা ডাল,

একটা কাক.

### শরৎকাল :

আর বেশি না! শরংকালে গাছের ডালে পাতা নেই, চুই-একটা ডাল পচে গেছে, তার উপরে কাক ব'দে। শীতের দেশে শরংকালটা হচ্ছে গাছের পাতা ঝরে ঘাবার, ফুল পড়ে ঘাবার, কুয়াশায় আকাশ য়ান হবার কাল— এই কালটা মৃত্যুর ভাব মনে আনে। পচা ডালে কালো কাক বলে আছে, এইটুকুডেই পাঠক শরংকালের সমস্ত রিক্ততা ও য়ানতার ছবি মনের সামনে দেখতে পায়। কবি কেবল স্ত্রপাত করে দিয়েই সরে দাঁড়ায়। তাকে যে অত অল্লের মধ্যেই সরে বেতে হয় তার কারণ এই যে, জাপানি পাঠকের চেহারা দেখার মানসিক শক্তিটা প্রবল।

এইখানে একটা কবিতার নম্না দিই, ষেটা চোখে দেখার চেয়ে বড়ো:

वर्ग এवः मर्ज शब्द क्ल,

দেবতারা এবং বৃদ্ধ হচ্ছেন ফুল---

মামুষের হানর হচ্ছে ফুলের অন্তরাস্থা।

আমার মনে হয়, এই কবিতাটিতে জাপানের সঙ্গে ভারতবর্ধের মিল হয়েছে।
জাপান স্বর্গমর্ভকে বিকশিত ফুলের মতো স্থলর করে দেখছে; ভারতবর্ধ বলছে, এই
যে এক বৃত্তে হুই ফুল, স্বর্গ এবং মর্ড, দেবতা এবং বৃদ্ধ— মাহুষের হৃদয় যদি না থাকত
তবে এ ফুল কেবলমাত্র বাইরের জিনিস হত— এই স্থলরের সৌল্পটিই হচ্ছে মাহুষের
হৃদয়ের মধ্যে।

ষাই হোক, এই কবিতাগুলির মধ্যে কেবল যে বাক্সংষম তা নয়, এর মধ্যে ভাবের সংযম। এই ভাবের সংযমকে হৃদয়ের চাঞ্চল্য কোথাও ক্ষ্ম করছে না। আমাদের মনে হয়, এইটেতে জাপানের একটা গভীর পরিচয় আছে। এক কথায় বলতে গেলে, একে বলা যেতে পারে হৃদয়ের মিতব্যয়িতা।

মাহুষের একটা ইন্দ্রিয়শক্তিকে ধর্ব করে আর-একটাকে বাড়ানো চলে, এ আমরা দেখেছি। সৌন্দর্যবাধ এবং হৃদয়াবেগ, এ হুটোই হৃদয়রুত্তি। আবেগের বোধ এবং প্রকাশকে ধর্ব ক'রে সৌন্দর্যের বোধ এবং প্রকাশকে প্রভৃত পরিমাণে বাড়িয়ে তোলা যেতে পারে— এখানে এসে অবধি এই কথাটা আমার মনে হয়েছে। হৃদয়োচ্ছাস আমাদের দেশে এবং অন্তর্ত্ত বিশুর দেখেছি, সেইটে এখানে চোখে পড়ে না। সৌন্দর্যের অন্তর্ভূতি এখানে এত বেশি করে এবং এমন সর্বত্ত দেখতে পাই যে স্পষ্টই বৃঝতে পারি যে, এটা এমন একটা বিশেষ বোধ যা আমরা ঠিক বৃঝতে পারি নে। এ যেন কুকুরের জ্ঞাপশক্তি ও মৌমাছির দিক্বোধের মতো, আমাদের উপলব্ধির অতীত। এখানে যে-লোক অত্যন্ত গরিব সেও প্রতিদিন নিজের পেটের ক্ষ্ণাকে বঞ্চনা ক'রেও এক-আধ পয়সার ফুল না কিনে বাঁচে না। এদের চোথের ক্ষ্ণা এদের পেটের ক্ষ্ণার চেয়ে কম নয়।

কাল হজন জাপানি মেয়ে এসে আমাকে এ দেশের ফুল সাজানোর বিদ্যা দেখিয়ে গেল। এর মধ্যে কত আয়োজন, কত চিস্তা কত নৈপুণ্য আছে, তার ঠিকানা নেই। প্রত্যেক পাতা এবং প্রত্যেক ডালটির উপর মন দিতে হয়। চোধে দেখার ছন্দ এবং সংগীত যে এদের কাছে কত প্রবলভাবে স্থগোচর, কাল আমি ওই হজন জাপানি মেয়ের কাজ দেখে ব্রতে পার্ছিলুম।

একটা বইয়ে পড়ছিলুম, প্রাচীনকালে বিখ্যাত যোদ্ধা যারা ছিলেন, তাঁরা অবকাশ-কালে এই ফুল সাজাবার বিছার আলোচনা করতেন। তাঁদের ধারণা ছিল, এড়ে তাঁদের রণদক্ষতা ও বীরত্বের উরতি হয়। এর থেকেই বৃষতে পারবে, জাপানি নিজের এই সৌন্দর্য-জ্বস্থৃতিকে শৌথিন জিনিস বলে মনে করে না; ওরা জানে, গভীরভাবে এতে মাহ্যবের শক্তিবৃদ্ধি হয়। এই শক্তিবৃদ্ধির মূল কারণটা হচ্ছে শাস্তি; ষে-সৌন্দর্যের জানন্দ নিরাসক্ত আনন্দ তাতে জীবনের ক্ষয় নিবারণ করে, এবং ষে-উত্তেজনা-প্রবণতায় মাহ্যবের মনোবৃত্তি ও হাদয়বৃত্তিকে মেখাচ্ছয় করে তোলে এই সৌন্দর্যবোধ তাকে পরিশাস্ত করে।

শেদিন একজন ধনী জাপানি তাঁর বাড়িতে চা-পান-জহুষ্ঠানে আমাদের নিমন্ত্রণ করেছিলেন। তোমরা ওকাকুরার Book of Tea পড়েছ, তাতে এই অহুষ্ঠানের বর্ণনা আছে। শেদিন এই অহুষ্ঠান দেখে স্পষ্ট বৃষতে পারল্ম, জাপানির পক্ষে এটা ধর্মাহুষ্ঠানের তুলা। এ ওদের একটা জাতীয় সাধনা। ওরা কোন্ আইডিয়ালকে লক্ষ্য করছে, এর থেকে তা বেশ বোঝা যায়।

কোবে থেকে দীর্ঘ পথ মোটরয়ানে করে গিয়ে প্রথমেই একটি বাগানে প্রবেশ করলুম— সে বাগান ছায়াতে সৌন্দর্যে এবং শাস্তিতে একেবারে নিবিড়ভাবে পূর্ণ। বাগান জিনিসটা যে কী, তা এরা জানে ; কতকগুলো কাঁকর ফেলে আর গাছ পুঁতে মাটির উপরে জিয়োমেট্র ক্যাকেই যে বাগান করা বলে না, তা জাপানি-বাগানে ঢুকলেই বোঝা ষায়; জাপানি চোখ এবং হাত হুই-ই প্রকৃতির কাছ থেকে সৌন্দর্যের দীক্ষালাভ করেছে, ষেমন ওরা দেখতে জানে তেমনি ওরা গড়তে জানে। ছায়াপথ দিয়ে গিয়ে এক জায়গায় গাছের তলায় গর্ত-করা একটা পাথরের মধ্যে স্বচ্ছ জল আছে, সেই জলে আমরা প্রত্যেকে হাত মুখ ধুলুম। তার পরে, একটি ছোট্ট ঘরের মধ্যে নিয়ে গিয়ে বেঞ্চির উপরে ছোটো ছোটো গোল গোল খড়ের আসন পেতে দিলে তার উপরে আমরা বসনুম। নিম্নম হচ্ছে এইখানে কিছুকাল নীরব হয়ে বসে থাকতে হয়। গৃহস্বামীর সঙ্গে বাবামাত্রই দেখা হয় না। মনকে শাস্ত করে স্থির করবার জ্বস্তে ক্রমে ক্রমে নিমন্ত্রণ ঘরে নিয়ে যাওয়া হয়। আন্তে আন্তে হুটো তিনটে ঘরের মধ্যে বিপ্রাম করতে করতে, শেষে আসল জায়গায় ষাওয়া গেল। সমস্ত ঘরই নিন্তন, ষেন চিরপ্রাদোষের ছায়াবৃত; কারো মুখে কথা নেই। মনের উপর এই ছায়াঘন নিঃশব্দ নিস্তন্ধতার সম্মোহন ঘনিয়ে উঠতে থাকে। অবশেষে ধীরে ধীরে গৃহস্বামী এসে নমস্কারের দ্বারা আমাদের অভ্যর্থনা क्रद्राम् ।

ষরগুলিতে আসবাব নেই বললেই হয়, অথচ মনে হয় যেন এ-সমস্ত ঘর কী একটাতে পূর্ণ, গম্গম্ করছে। একটিমাত্র ছবি কিছা একটিমাত্র পাত্র কোথাও আছে। নিমন্ত্রিতেরা সেইটি বছষত্বে দেখে দেখে নীরবে ভৃপ্তিলাভ করেন। যে-জিনিস ষ্থার্থ স্থান তার চারি দিকে মন্ত একটি বিরলতার অবকাশ থাকা চাই। ভালো জিনিসগুলিকে ঘেঁ ঘাঘেঁ যি করে রাখা তাদের অপমান করা— সে যেন সতী স্থীকে সতীনের ঘর করতে দেওয়ার মতো। ক্রমে ক্রমে অপেকা ক'রে ক'রে, হুরুতা ও নিঃশক্তার হারা মনের ক্ষাকে জাগ্রত ক'রে তুলে, তার পরে এইরকম ঘটি-একটি ভালো জিনিস দেখালে সে যে কী উজ্জ্বল হয়ে ওঠে, এখানে এসে তা স্পষ্ট ব্রুতে পারলুম। আমার মনে পড়ল, শান্তিনিকেতন আশ্রমে যথন আমি এক-একদিন এক-একটি গান তৈরি করে সকলকে শোনাতৃম, তথন সকলেরই কাছে সেই গান তার হৃদয় সম্পূর্ণ উদ্ঘাটিত করে দিত। অথচ সেই সব গানকেই তোড়া বেঁধে কলকাতায় এনে যথন বাদ্ধবসভায় ধরেছি, তখন তারা আপনার যথার্থ শ্রীকে আরুড করে রেথেছে। তার মানেই কলকাতার বাড়িতে গানের চারি দিকে ফাঁকা নেই— সমন্ত লোকজন, ঘরবাড়ি কাজকর্ম, গোলমাল, তার ঘাড়ের উপর গিয়ে পড়েছে। যে-আকাশের মধ্যে তার ঠিক অর্থটি বোঝা যায়, সেই আকাশ নেই।

তার পরে গৃহস্বামী এসে বললেন, চা তৈরি এবং পরিবেশনের ভার বিশেষ কারণে তিনি তাঁর মেয়ের উপরে দিয়েছেন। তাঁর মেয়ে এসে নমস্কার ক'রে চা তৈরিতে প্রবৃত্ত হলেন। তাঁর প্রবেশ থেকে আরম্ভ করে চা তৈরির প্রত্যেক অঙ্গ যেন কবিতার ছন্দের মতো। ধোওয়া মোছা, আগুনজালা, চা-দানির ঢাকা খোলা, গরম জলের পাত্র নামানো, পেয়ালায় চা ঢালা, অতিথির সম্মুখে এগিয়ে দেওয়া, সমস্ত এমন সংযম এবং সৌন্দর্যে মণ্ডিত যে, সে না দেখলে বোঝা যায় না। এই চা-পানের প্রত্যেক আসবাবটি তুর্গভ এবং স্থন্দর। অতিথির কর্তব্য হচ্ছে, এই পাত্রগুলিকে ঘুরিয়ে ঘুরিয়ে একাস্ত মনোযোগ দিয়ে দেখা। প্রত্যেক পাত্রের স্বতম্ব নাম এবং ইতিহাস। কত যে তার যয়, সে বলা য়ায় না।

সমস্ত ব্যাপারটা এই। শরীরকে মনকে একান্ত সংযত করে নিরাসক্ত প্রশান্ত মনে সৌন্দর্যকে নিজের প্রকৃতির মধ্যে গ্রহণ করা। ভোগীর ভোগোন্মাদ নয়; কোথাও লেশমাত্র উচ্ছুখলতা বা অমিতাচার নেই; মনের উপরতলায় সর্বদা ষেথানে নানা স্বার্থের আঘাতে, নানা প্রয়োজনের হাওয়ায়, কেবলই তেউ উঠছে, তার থেকে দ্রে সৌন্দর্যের গভীরতার মধ্যে নিজেকে সমাহিত করে দেওয়াই হচ্ছে এই চা-পান অহুষ্ঠানের তাৎপর্য।

এর থেকে বোঝা যায়, জাপানের যে-সৌন্দর্যবোধ সে তার একটা সাধনা, একটা প্রবল শক্তি। বিলাস জিনিসটা অন্তরে বাহিরে কেবল খরচ করায়, তাতেই তুর্বল করে। কিন্তু, বিশুদ্ধ সৌন্দর্যবোধ মাহুষের মনকে স্বার্থ এবং বস্তুর সংঘাত থেকে রক্ষা করে। সেইজন্তেই জাপানির মনে এই সৌন্দর্যরসবোধ পৌরুষের সঙ্গে মিলিত হতে পেরেছে।

এই উপলক্ষে আর-একটি কথা বলবার আছে। এখানে মেয়ে-পুরুষের সামীপ্যের মধ্যে কোনো গ্লানি দেখতে পাই নে; অন্তন্ধ্র মেয়ে-পুরুষের মাঝখানে যে একটা লজ্জা-সংকোচের আবিলতা আছে, এখানে তা নেই। মনে হয়, এদের মধ্যে মোহের একটা আবরণ যেন কম। তার প্রধান কারণ, জাপানে স্ত্রী-পুরুষেরা একত্ত্রে বিবস্তা হয়ে স্থান করার প্রধা আছে। এই প্রধার মধ্যে যে লেশমাত্র কল্ম নেই তার প্রমাণ এই—নিকটতম আত্মীয়েরাও এতে মনে কোনো বাধা অন্থভব করে না। এমনি ক'রে এখানে স্ত্রী পুরুষের দেহ পরস্পরের দৃষ্টিতে কোনো মায়াকে পালন করে না। দেহ সম্বন্ধে উভয় পক্ষের মন খুব স্বাভাবিক। অন্ত দেশের কল্মদৃষ্টি ও ঘটরুদ্ধির থাতিরে আন্ধকাল শহরে এই নিয়ম উঠে যাচ্ছে। কিন্তু, পাড়াগায়ে এখনো এই নিয়ম চলিত আছে। প্রিবীতে যত সভ্য দেশ আছে তার মধ্যে কেবল জাপান মান্থবের দেহ সম্বন্ধে যে মোহমুক্ত, এটা আমার কাছে খুব একটা বড়ো জিনিস বলে মনে হয়।

অথচ আশ্চর্য এই ষে, জাপানের ছবিতে উলঙ্গ স্ত্রীমৃতি কোথাও দেখা যায় না। উলঙ্গতার গোপনীয়তা ওদের মনে রহস্তজাল বিন্তার করে নি ব'লেই এটা সম্ভবপর হয়েছে। আরো একটা জিনিস দেখতে পাই। এখানে মেয়েদের কাপড়ের মধ্যে নিজেকে স্ত্রীলোক বলে বিজ্ঞাপন দেবার কিছুমাত্র চেষ্টা নাই। প্রায় সর্বত্রই মেয়েদের বেশের মধ্যে এমন কিছু ভঙ্গি থাকে যাতে বোঝা যায়, তারা বিশেষভাবে পুরুষের মোহদৃষ্টির প্রতি দাবি রেথেছে। এখানকার মেয়েদের কাপড় স্থলর, কিন্তু সে কাপড়ে দেহের পরিচয়কে ইঙ্গিতের ছারা দেখাবার কোনো চেষ্টা নেই। জাপানিদের মধ্যে চরিত্রদৌর্বল্য যে কোথাও নেই তা আমি বলছি নে, কিন্তু স্থীপুরুষের সম্বন্ধকে ছিরে তুলে প্রায় স্কল সভ্যদেশেই মাহ্রষ যে একটা কৃত্রিম মোহপরিবেষ্টন রচনা করেছে জাপানির মধ্যে অস্তত তার একটা আয়োজন কম বলে মনে হল এবং অস্তত সেই পরিমাণে এখানে স্ত্রীপুরুষের সম্বন্ধ স্বাভাবিক এবং মোহমৃক্ত।

আর একটি জিনিস আমাকে বড়ো আনন্দ দেয়, সে হচ্ছে জাপানের ছোটো ছোটো ছেলেমেয়ে। রাস্তায় ঘাটে সর্বত্র এত বেশি পরিমাণে এত ছোটো ছেলেমেয়ে আমি আর কোথাও দেখি নি। আমার মনে হল, ষে-কারণে জাপানিরা ফুল ভালোবাসে সেই কারণেই ওরা শিশু ভালোবাসে। শিশুর ভালোবাসায় কোনো রুত্তিম মোহ নেই— আমরা ওদের ফুলের মতোই নিংসার্থ নিরাসক্তভাবে ভালোবাসতে পারি।

कान नकारनहे ভाরতবর্ষের ডাক ধাবে, এবং আমরাও টোকিও ধাতা করব।

একটি কথা তোমরা মনে রেখো— আমি ষেমন ষেমন দেখছি তেমনি তেমনি লিখে চলেছি। এ কেবল একটা নতুন দেশের উপর চোখ বুলিয়ে যাবার ইতিহাস মাত্র। এর মধ্যে থেকে তোমরা কেউ যদি অধিক পরিমাণে, এমন-কি, অল্প পরিমাণেও 'বস্তুতন্তা' দাবি কর তো নিরাশ হবে। আমার এই চিঠিগুলি জাপানের ভ্রুতাস্তরূপে পাঠ্যসমিতি নির্বাচন করবেন না, নিশ্চয় জানি। জাপান সম্বন্ধে আমি যা কিছু মতামত প্রকাশ করে চলেছি তার মধ্যে জাপান কিছু পরিমাণে আছে, আমিও কিছু পরিমাণে আছি, এইটে তোমরা যদি মনে নিয়ে পড় তা হলেই ঠকবে না। ভূল বলব না, এমন আমার প্রতিজ্ঞা নয়; যা মনে হচ্ছে বলব, এই আমার মতলব।

२२८म टेकार्ष ५७२७

কোবে

18

যেমন দেখছি তেমনি তেমনি লিখে যাওয়া আর সম্ভব নয়। পূর্বেই লিখেছি, জাপানিরা বেশি ছবি দেয়ালে টাঙায় না, গৃহসজ্জায় ঘর ভরে ফেলে না। যা তাদের কাছে রমণীয় তা তারা অল্প করে দেখে; দেখা সম্বন্ধে এরা ষথার্থ ভোগী বলেই দেখা সম্বন্ধে এদের পেটুকতা নেই। এরা জানে, অল্প করে না দেখলে পূর্ণ পরিমাণে দেখা হয় না। জাপান-দেখা সম্বন্ধেও আমার তাই ঘটছে; দেখবার জিনিস একেবারে হুড়মুড় করে চার দিক থেকে চোখের উপর চেপে পড়ছে, তাই প্রত্যেকটিকে স্কম্পট করে দেখা এখন আর সম্ভব হয় না। এখন, কিছু রেখে কিছু বাদ দিয়ে চলতে হবে।

এখানে এসেই আদর অভ্যর্থনার সাইক্লোনের মধ্যে পড়ে গেছি; সেই সঙ্গে ধবরের কাগজের চরেরা চারি দিকে তৃফান লাগিয়ে দিয়েছে। এদের ফাঁক দিয়ে যে জাপানের আর কিছু দেখব, এমন আশা ছিল না। জাহাজে এরা ছেঁকে ধরে, রান্তায় এরা দকে দক্ষে চলে, ঘরের মধ্যে এরা চুকে পড়তে সংকোচ করে না।

এই কৌতৃহলীর ভিড় ঠেলতে ঠেলতে, অবশেষে টোকিও শহরে এসে পৌছনো গেল। এখানে আমাদের চিত্রকর বন্ধু য়োকোয়ামা টাইকানের বাড়িতে এসে আত্তায় পেলুম। এখন থেকে ক্রমে জাপানের অন্তরের পরিচয় পেতে আরম্ভ করা গেল।

প্রথমেই জুতো জোড়াটাকে বাড়ির দরজার কাছে ত্যাগ করতে হল। বুঝানুষ, জুতো জোড়াটা রাস্তার, পা জিনিসটাই ঘরের। ধুলো জিনিসটাও দেখানুষ এদের ঘরের নয়, সেটা বাইরের পৃথিবীর। বাড়ির ভিতরকার সমস্ত ঘর এবং পথ মাত্রর

দিয়ে মোড়া, সেই মাত্রের নীচে শক্ত থড়ের গদি; তাই এদের ঘরের মধ্যে যেমন পায়ের ধূলো পড়ে না তেমনি পায়ের শব্দও হয় না। দরজাগুলো ঠেলা দরজা, বাতাসে যে ধড়াধ্বড় পড়বে এমন সম্ভাবনা নেই।

আর-একটা ব্যাপার এই— এদের বাড়ি জিনিসটা অত্যস্ত অধিক নয়। দেয়াল, কড়ি, বরগা, জানলা, দরজা, ষতদ্র পরিমিত হতে পারে তাই। অর্থাৎ, বাড়িটা মাহ্যকে ছাড়িয়ে যায় নি, সম্পূর্ণ তার আয়ত্তের মধ্যে। একে মাজা-ঘবা ধোওয়া-মোছা হঃসাধ্য নয়।

তার পরে, ঘরে যেটুকু দরকার তা ছাড়া আর কিছু নেই। ঘরের দেরাল-মেঝে সমস্ত ষেমন পরিষ্কার তেমনি ঘরের ফাঁকটুকুও ষেন তক্তক্ করছে; তার মধ্যে বাজে खिनित्मत्र हिरूमांक পড़ে नि। यस स्वित्ध थहे त्य, अत्मत्र मत्या यात्मत्र मात्वक होन षाष्ट्र छात्रा क्रोंकि छिविन এक्वारत वावशत करत ना। नक्लरे कांत्न, क्रोंकि টেবিলগুলো জীব নয় বটে কিন্তু তারা হাত-পা-ওয়ালা। যথন তাদের কোনো দরকার নেই তথনো তারা দরকারের অপেক্ষায় হাঁ করে দাড়িয়ে থাকে। অতিথিরা আসছে যাচ্ছে, কিন্তু অতিথিদের এই বাপগুলি জায়গা জুড়েই আছে। এখানে দরের মেঝের উপরে মাহ্য বসে, স্তরাং যথন তারা চলে যায় তথন ঘরের আকাশে তারা কোনো বাধা রেখে যায় না। ঘরের একধারে মাত্র নেই, সেখানে পালিশ-করা কার্চখণ্ড ঝক-बक् कब्राइ, म्येमिक्व प्रयोज এकि इवि बूलाइ, এवः मिरे इवित्र माम्राज मिरे তক্তাটির উপর একটি ফুলদানির উপরে ফুল সান্ধানো। ওই যে ছবিটি আছে ওটা আড়মরের জন্তে নয়, ওটা দেখবার জন্তে। সেইজন্তে যাতে ওর গা ঘেঁষে কেউ না বসতে পারে, যাতে ওর দামনে যথেষ্ট পরিমাণে অব্যাহত অবকাশ থাকে, তারই ব্যবস্থা রয়েছে। স্বন্দর জিনিসকে যে এরা কত প্রদা করে, এর থেকেই তা বোঝা যায়। ফুল-সাঞ্চানোও তেমনি। অক্তর নানা ফুল ও পাতাকে ঠেলে একটা তোড়ার মধ্যে বেঁধে ফেলে— ঠিক যেমন করে বারুণীযোগের সময় তৃতীয়প্রেণীর যাত্রীদের এক গাড়িতে ভরতি করে দেওয়া হয়, তেমনি— কিন্তু এখানে ফুলের প্রতি সে অত্যাচার হ্বার জো तिहै ; अरम् अरम् थार्कक्रारम् गाफि नम् , अरम् व अरम् विकार्क-कन्ना रमन्न । कूरमत मत्य रावशात्त अत्मत्र ना चाष्ड म्हामिष, ना चाष्ड र्ठनार्ठिन, ना चाष्ड र्वेतशान।

ভোরের বেলা উঠে জানলার কাছে আসন পেতে যখন বসল্ম তথন ব্যাল্ম, জাপানিরা কেবল যে শিল্পকলায় ওন্তাদ তা নয়, মাহুষের জীবনযাত্রাকে এরা একটি কলাবিদ্যার মতো আয়ত্ত করেছে। এরা এটুকু জানে যে-জিনিসের মূল্য আছে, গৌরব আছে, ভার জক্তে যথেষ্ট জায়গা ছেড়ে দেওয়া চাই। পূর্ণতার জক্তে রিক্ততা সব-চেয়ে

দরকারি। বস্তবাহুল্য জীবনবিকাশের প্রধান বাধা। এই সমস্ত বাড়িটির মধ্যে কৌথাও একটি কোণেও একটু অনাদর নেই, অনাবশুকতা নেই। চোখকে মিছিমিছি কোনো জিনিস আঘাত করছে না, কানকে বাজে কোনো শব্দ বিরক্ত করছে না। মাহ্মবের মন নিজেকে যতথানি ছড়াতে চায় ততথানি ছড়াতে পারে, পদে পদে জিনিসপত্তের উপরে ঠোকর থেয়ে পড়ে না।

যে প্রতি মৃহর্তেই আমাদের জীবনের এবং মনের শক্তিক্ষয় হচ্ছে সে আমরা জভাসবশত ব্রুতে পারি নে। আমাদের চারি দিকে যা-কিছু আছে সমস্তই আমাদের প্রাণমনের কাছে কিছু-না-কিছু আদায় করছেই। যে-সব জিনিস অদরকারি এবং অস্থলর তারা আমাদের কিছুই দেয় না, কেবল আমাদের কাছে থেকে নিতে থাকে। এমনি করে নিশিদিন আমাদের যা ক্ষয় হচ্ছে, সেটাতে আমাদের শক্তির কম অপব্যয় হচ্ছে না।

मिन मकानदनाम यान इन, जायात यन एयन कानाम कानाम जात छेट्टि । এতদিন যেরকম করে মনের শক্তি বহন করেছি সে যেন চালুনিতে জল ধরা, কেবল গোলমালের ছিদ্র দিয়ে সমস্ত বেরিয়ে গেছে; আর, এখানে এ যেন ঘটের বাবস্থা। আমাদের দেশের ক্রিয়াকর্মের কথা মনে হল। কী প্রচুর অপব্যয়। কেবলমাত্র জিনিসপত্রের গণ্ডগোল নয়— মাহুষের কী চেচামেচি, ছুটোছুটি, গলা-ভাঙাভাঙি। আমাদের নিজের বাড়ির কথা মনে হল। বাঁকাচোরা উচুনিচু রাস্তার উপর দিয়ে গোরুর গাড়ি চলার মতো দেখানকার জীবনযাত্রা। যতটা চলছে তার চেয়ে আওয়াজ হচ্ছে ঢের বেশি। দরোয়ান হাঁক দিচ্ছে, বেহারাদের ছেলেরা চেঁচামেচি করছে, মেথরদের মহলে ঘোরতর ঝগড়া বেধে গেছে, মারোয়াড়ি প্রতিবেশিনীরা চীৎকার শব্দে একঘেয়ে গান ধরেছে, তার আর অন্তই নেই। আর, ঘরের ভিতরে নানা জিনিসপত্তের ব্যবস্থা এবং অব্যবস্থা — তার বোঝা কি কম। সেই বোঝা কি কেবল ঘরের মেঝে বহন করছে। তা নয়, প্রতি ক্ষণেই আমাদের মন বহন করছে। যা গোছালো তার বোঝা কম, যা অগোছালো তার বোঝা আরো বেশি, এই যা তফাত। বেখানে একটা দেশের সমস্ত লোকই কম চেঁচায়, কম জিনিস ব্যবহার করে, ব্যবস্থাপুর্বক কাজ করতে যাদের আশ্চর্য দক্ষতা, সমস্ত দেশ জুড়ে তাদের যে কতথানি শক্তি জমে উঠছে তার কি হিসেব আছে।

জাপানিরা যে রাগ করে না তা নয়, কিন্তু সকলের কাছেই একবাক্যে শুনেছি, এরা ঝগড়া করে না। এদের গালাগালির অভিধানে একটিমাত্র কথা আছে—বোকা— তার উর্ধে এদের ভাষা পৌছয় না! ঘোরতর রাগারাগি মনাস্তর হয়ে গেল, পাশের ষরে তার টু শব্দ পৌছল না, এইটি হচ্ছে জাপানি রীতি। শোকত্বংথ সম্বন্ধেও এই-রকম স্বন্ধতা।

এদের জীবনদাত্রায় এই রিক্ততা, বিরলতা, মিতাচার কেবলমাত্র ধদি অভাবাত্মকহত তা হলে সেটাকে প্রশংসা করবার কোনো হেতু থাকত না। কিন্ধ, এই তো
দেখছি— এরা ঝগড়া করে না বটে অথচ প্রয়োজনের সময় প্রাণ দিতে, প্রাণ নিতে এরা
পিছপাও হয় না। জিনিসপত্রের ব্যবহারে এদের সংযম, কিন্তু জিনিসপত্রের প্রতি
প্রভূত্ম এদের তো কম নয়। সকল বিষয়েই এদের বেমন শক্তি তেমনি নৈপুণ্য, তেমনি
সৌন্দর্যবাধ।

এ সম্বন্ধে যথন আমি এদের প্রশংসা করেছি, তথন এদের অনেকের কাছেই শুনেছি যে, "এটা আমরা বৌদ্ধর্মের প্রসাদে পেয়েছি। অর্থাৎ, বৌদ্ধর্মের একদিকে সংষম আর-একদিকে মৈত্রী, এই যে সামঞ্চস্থের সাধনা আছে এতেই আমরা মিতাচারের ঘারাই অমিত শক্তির অধিকার পাই। বৌদ্ধর্ম যে মধ্যপথের ধর্ম।"

শুনে আমার লজ্জা বোধ হয়। বৌদ্ধর্ম তো আমাদের দেশেও ছিল, কিন্তু আমাদের জীবনধাত্রাকে তো এমন আশুর্য ও স্থানর সামগ্রুত্যে বেঁধে তুলতে পারে নি। আমাদের কল্পনায় ও কাব্দে এমনতরো প্রভূত আডিশয়, উদাসীস্ত, উচ্চুন্দলতা কোথা থেকে এল।

একদিন জাপানি নাচ দেখে এলুম। মনে হল, এ যেন দেহভঙ্গির সংগীত। এই সংগীত আমাদের দেশের বীণার আলাপ। অর্থাং, পদে পদে মীড়। ভঙ্গিবৈচিত্রোর পরস্পরের মাঝখানে কোনো ফাঁক নেই কিন্বা কোথাও জ্ঞাড়ের চিহ্ন দেখা বায় না; সমস্ত দেহ পুলিত লতার মতো একসঙ্গে তুলতে তুলতে সৌন্দর্যের পুলার্ষ্টি করছে। থাঁটি মুরোপীয় নাচ অর্ধনারীশ্বরের মতো, আধখানা ব্যায়াম, আধখানা নাচ; তার মধ্যে লক্ষরম্প, ঘূরপাক, আকাশকে লক্ষ্য করে লাখি-ছোঁড়াছুঁড়ি আছে। জাপানি নাচ একেবারে পরিপূর্ণ নাচ। তার সজ্জার মধ্যেও লেশমাত্র উলঙ্গতা নেই। অন্ত দেশের নাচে দেহের সৌন্দর্যলীলার সঙ্গে দেহের লালসা মিপ্রিত। এখানে নাচের কোনো ভঙ্গির মধ্যে লালসার ইশারামাত্র দেখা গেল না। আমার কাছে তার প্রধান কারণ এই বোধ হয় বে, সৌন্দর্যপ্রিয়তা জাপানির মনে এমন সত্য বে তার মধ্যে কোনোরকমের মিশল তাদের দরকার হয় না এবং সহা হয় না।

কিন্তু, এদের সংগীতটা আমার মনে হল বড়ো বেশি দূর এগোয় নি। বোধ হয় চোধ আর কান, এই ছইয়ের উৎকর্ষ একসঙ্গে ঘটে না। মনের শক্তিস্রোত যদি এর কোনো একটা রাস্তা দিয়ে অত্যন্ত বেশি আনাগোনা করে তা হলে অক্স রাস্তাটায় তার ধারা অগভীর হয়। ছবি জিনিসটা হচ্ছে অবনীর, গান জিনিসটা গগনের। অসীম যেখানে সীমার মধ্যে সেখানে ছবি; অসীম যেখানে সীমাহীনতায় সেখানে গান। রূপরাজ্যের কলা ছবি, অপরূপ রাজ্যের কলা গান। কবিতা উভচর, ছবির মধ্যেও চলে, গানের মধ্যেও ওড়ে। কেননা, কবিতার উপকরণ হচ্ছে ভাষা। ভাষার একটা দিকে অর্থ, আর-একটা দিকে হুর; এই অর্থের ষোণে ছবি গড়ে ওঠে, হুরের যোগে গান।

জাপানি রূপরাজ্যের সমস্ত দথল করেছে। যা-কিছু চোথে পড়ে তার কোথাও জাপানির আলস্য নেই, অনাদর নেই; তার সর্বত্রই সে একেবারে পরিপূর্ণতার সাধনা করেছে। অন্য দেশে গুণী এবং রসিকের মধ্যেই রূপরসের যে-বোধ দেখতে পাওয়া ষায় এ দেশে সমস্ত জাতের মধ্যে তাই ছড়িয়ে পড়েছে। য়ুরোপে সর্বজনীন বিভা-শিক্ষা আছে, সর্বজনীন সৈনিকতার চর্চাও সেখানে অনেক জায়গায় প্রচলিত, কিছু এমনতরো সর্বজনীন রসবোধের সাধনা পৃথিবীর আর কোথাও নেই। এখানে দেশের সমস্ত লোক স্থন্দরের কাছে আত্মসমর্পণ করেছে।

তাতে কি এরা বিলাসী হয়েছে। অকর্মণ্য হয়েছে ? জীবনের কঠিন সমস্থা ভেদ করতে এরা কি উদাসীন কিয়া অক্ষম হয়েছে।— ঠিক তার উলটো; এরা এই সৌন্দর্যসাধনা থেকেই মিতাচার শিথেছে; এই সৌন্দর্যসাধনা থেকেই এরা বীর্য এবং কর্মনৈপুণ্য লাভ করেছে। আমাদের দেশে একদল লোক আছে তারা মনে করে, শুষ্কতাই বৃঝি পৌরুষ, এবং কর্তব্যের পথে চলবার সত্পায় হচ্ছে রসের উপবাস—তারা জগতের আনন্দকে মৃড়িয়ে ফেলাকেই জগতের ভালো করা মনে করে।

যুরোপে যখন গেছি তখন তাদের কলকারখানা, তাদের কাজের ভিড়, তাদের 
ক্রীর্য এবং প্রতাপ খুব করে চোখে পড়েছে এবং মনকে অভিভূত করেছে। তবু, "এহ
বাহা"। কিন্তু, জাপানে আধুনিকতার ছদ্মবেশ ভেদ করে যা চোখে পড়ে, সে হচ্ছে
মান্থযের হৃদয়ের সৃষ্টি। সে অহংকার নয়, আড়ম্বর নয়, সে পূজা। প্রতাপ নিজেকে
প্রচার করে; এইজন্তে যতদূর পারে বস্তুর আয়তনকে বাড়িয়ে তুলে আর-সমস্তকে তার
কাছে নত করতে চায়। কিন্তু, পূজা আপনার চেয়ে বড়োকে প্রচার করে; এইজন্তে তার
আয়োজন স্থলর এবং খাঁটি, কেবলমাত্র মন্ত এবং অনেক নয়। জাপান আপনার
ঘরে বাইরে সর্বত্র স্থলরের কাছে আপন অর্য্য নিবেদন করে দিছে। এ দেশে আস্বান
মাত্র সকলের চেয়ে বড়ো বাণী যা কানে এসে পৌছয় সে হচ্ছে, "আমার ভালো লাগল,
আমি ভালোবাসল্ম।" এই কথাটি দেশস্ক সকলের মনে উদয় হওয়া সহজ্ব নয়,
এবং সকলের বাণীতে প্রকাশ হওয়া আরো শক্ত। এখানে কিন্তু প্রকাশ হয়েছে।

প্রত্যেক ছোটো জিনিসে, ছোটো ব্যবহারে সেই আনন্দের পরিচয় পাই। সেই আনন্দ ভোগের আনন্দ নয়, পূজার আনন্দ। স্থলরের প্রতি এমন আন্তরিক সম্ম অন্ত কোথাও দেখি নি। এমন সাবধানে, ষয়ে, এমন শুচিতা রক্ষা ক'রে সৌন্দর্যের সক্ষে ব্যবহার করতে অন্ত কোনো জাতি শেথে নি। যা এদের ভালো লাগে তার সামনে এরা শব্দ করে না। সংযমই প্রচুরতার পরিচয় এবং শুক্কতাই গভীরতাকে প্রকাশ করে, এরা সেটা অন্তরের ভিতর থেকে ব্ঝেছে। এবং এরা বলে, সেই আন্তরিক বোধশক্তি এরা বৌদ্ধর্মের সাধনা থেকে পেয়েছে। এরা স্থির হয়ে শক্তিকে নিরোধ করতে পেরেছে বলেই সেই অক্র শক্তি এদের দৃষ্টিকে বিশুদ্ধ এবং বোধকে উজ্জ্বল করে তুলেছে।

পূর্বেই বলেছি, প্রতাপের পরিচয়ে মন অভিভূত হয়, কিন্তু এখানে যে পূজার পরিচয় দেখি তাতে মন অভিভবের অপমান অমুভব করে না। মন আনন্দিত হয়, ঈয়ায়িত হয় না। কেননা, পূজা যে আপনার চেয়ে বড়োকে প্রকাশ করে, সেই বড়োর কাছে সকলেই আনন্দমনে নত হতে পারে, মনে কোথাও বাজে না। দিল্লিতে যেখানে প্রাচীন হিন্দুরাজার কীতিকলার বুকের মাঝখানে কুতুবমিনার অহংকারের ম্যনের মতো খাড়া হয়ে আছে সেখানে দেই ঔদ্ধতা মায়ুষের মনকে পীড়া দেয় ; কিয়া কাশীতে যেখানে হিন্দুর পূজাকে অপমানিত করবার জন্মে আরঙজীব মসজিদ য়াপন করেছে সেখানে না দেখি শ্রীকে, না দেখি কল্যাণকে। কিন্তু, য়খন তাজমহলের সামনে গিয়ে দাড়াই তথন এ তর্ক মনে আসে না যে, এটা হিন্দুর কীতি না ম্সলমানের কীতি। তথন একে মায়ুষের কীতি বলেই হদয়ের মধ্যে অমুভব করি।

জাপানের যেটা জ্রেষ্ঠ প্রকাশ সেটা অহংকারের প্রকাশ নয়, আয়নিবেদনের প্রকাশ, সেইজন্তে এই প্রকাশ মাম্বকে আহ্বান করে, আঘাত করে না। এইজন্তে জাপানে যেথানে এই ভাবের বিরোধ দেখি সেথানে মনের মধ্যে বিশেষ পীড়া বোধ করি। চীনের সঙ্গে নৌযুদ্ধে জাপান জয়লাভ করেছিল— সেই জয়ের চিহ্নগুলিকে কাঁটার মতো দেশের চার দিকে পুঁতে রাখা যে বর্বরতা, সেটা যে অহন্দর, সে-কথা জাপানের বোঝা উচিত ছিল। প্রয়োজনের থাতিরে অনেক ক্রুর কর্ম মাম্বিকে করতে হয়, কিছু সেগুলোকে ভ্লতে পারাই মহয়েত। মাহ্রেরে যা চিরশ্মরণীয়, যার জন্তে মাহ্রুষ মন্দির করে, মঠ করে, সে তো হিংসা নয়।

আমরা অনেক আচার, অনেক আসবাব য়ুরোপের কাছ থেকে নিয়েছি— সব সময়ে প্রয়োজনের থাতিরে নয়, কেবলমাত্র সেগুলো য়ুরোপীয় বলেই। য়ুরোপের কাছে আমাদের মনের এই যে পরাভব ঘটেছে অভ্যাসবশত সেজন্যে আমরা লজ্জা করতেও ভূলে গেছি। যুরোপের ষত বিছা আছে সবই যে আমাদের শেখবার, এ কথা মানি; কিছ যত ব্যবহার আছে সবই যে আমাদের নেবার, এ কথা আমি মানি নে। তব্, যা নেবার যোগ্য জিনিস তা সব দেশ থেকেই নিতে হবে, এ কথা বলতে আমার আপত্তি নেই। কিছু সেইজন্মেই, জাপানে যে-সব ভারতবাসী এসেছে তাদের সম্বন্ধে একটা কথা আমি ব্যতে পারি নে। দেখতে পাই, তারা তো যুরোপের নানা অনাবশুক নানা কুশ্রী জিনিসত্ত নকল করেছে; কিছু তারা কি জাপানের কোনো জিনিসই চোথে দেখতে পায় না। তারা এখান থেকে যে-সব বিছা শেখে সেও যুরোপের বিছা, এবং যাদের কিছুমাত্র আথিক বা অন্থ-রকম স্থবিধা আছে তারা কোনোমতে এখান থেকে আমেরিকায় দৌড় দিতে চায়। কিছু যে-সব বিছা এবং আচার ও আসবাব জাপানের সম্পূর্ণ নিজের, তার মধ্যে কি আমরা গ্রহণ করবার জিনিস কিছুই দেখি নে।

আমি নিজের কথা বলতে পারি, আমাদের জীবনযাত্রার উপযোগী জিনিদ আমরা এখান থেকে যত নিতে পারি এমন যুরোপ থেকে নয়। তা ছাড়া জীবনযাত্রার রীতি যদি আমরা অসংকাচে জাপানের কাছ থেকে শিথে নিতে পারতুম, তা হলে আমাদের ঘরতুয়ার এবং ব্যবহার শুচি হত, স্থলর হত, সংযত হত। জাপান ভারতবর্ষ থেকে যা পেয়েছে তাতে আজ ভারতবর্ষকে লজ্জা দিচ্ছে; কিছু ত্বংথ এই যে, সেই লজ্জা অমুভব করবার শক্তি আমাদের নেই। আমাদের যত লজ্জা সমস্ত কেবল যুরোপের কাছে; তাই যুরোপের হেঁড়া কাপড় কুড়িয়ে কুড়িয়ে তালি-দেওয়া অভুত আবরণে আমরা লজ্জা রক্ষা করতে চাই। এদিকে জাপানপ্রবাসী ভারতবাসীরা বলে, জাপান আমাদের এসিয়াবাসী ব'লে অবজ্ঞা করে; অথচ আমরাও জাপানকে এমনি অবজ্ঞা করি যে, তার আতিথ্য গ্রহণ করেও প্রকৃত জাপানকে চক্ষেও দেখি নে; জাপানের ভিতর দিয়ে বিকৃত যুরোপকেই কেবল দেখি। জাপানকে যদি দেখতে পেতুম তা হলে আমাদের ঘর থেকে অনেক কুশ্রীতা, অশুচিতা, অব্যবহা, অসংযম আজ দ্রে চলে যেত।

বাংলাদেশে আজ শিল্পকলার নৃতন অভ্যাদয় হয়েছে, আমি সেই শিল্পীদের জাপানে আহ্বান করছি। নকল করবার জন্যে নয়, শিক্ষা করবার জন্যে। শিল্প জিনিসটা ষে কত বড়ো জিনিস, সমস্ত জাতির সেটা ষে কত বড়ো সম্পদ, কেবলমাত্র শৌথিনতাকে সে যে কতদূর পর্যন্ত ছাড়িয়ে গেছে— তার মধ্যে জ্ঞানীর জ্ঞান, ভক্তের ভক্তি, রসিকের রসবোধ যে কত গভীর শ্রন্ধার সঙ্গে আপনাকে প্রকাশ করবার চেষ্টা করেছে, তা এখানে এলে তবে স্পষ্ট বোঝা যায়।

টোকিওতে আমি যে-শিল্পীবন্ধুর বাড়িতে ছিলুম সেই টাইক্বানের নাম পূর্বেই বলেছি; ছেলেমাহুষের মতো তাঁর সরলতা, তাঁর হাসি তাঁর চারি দিককে হাসিয়ে রেখে

দিয়েছে। প্রানম ভাঁর মুখ, উদার ভাঁর হৃদয়, মধুর ভাঁর স্বভাব। খতদিন ভাঁর বাড়িতে ছিল্ম, আমি জানতেই পারি নি তিনি কত বড়ো শিল্পী। ইতিমধ্যে য়োকোহামায় একজন ধনী এবং রসজ্ঞ ব্যক্তির আমরা আতিথ্য লাভ করেছি। তাঁর এই বাগানটি তাঁর কাছে শুনলুম, য়োকোয়ামা টাইকান এবং তানজান শিমোমুরা আধুনিক জাপানের ত্ই সর্বন্তেষ্ঠ পিল্লী। তাঁরা আধুনিক মুরোপের নকল করেন না, প্রাচীন ভাপানেরও না। তাঁরা প্রথার বন্ধন থেকে জাপানের শিল্পকে মৃক্তি দিয়েছেন। হারার বাড়িতে টাইকানের ছবি যথন প্রথম দেখলুম, আশ্চর্য হয়ে গেলুম। তাতে না আছে বাহল্য, না আছে শৌধিনতা। তাতে যেমন একটা জোর আছে তেমনি সংযম। বিষয়টা এই— চীনের একজন প্রাচীন কালের কবি ভাবে ভোর হয়ে চলেছে; ভার পিছনে একজন বালক একটি বীণাযন্ত্র বহু ষত্নে বহুন করে নিম্নে যাচ্ছে, তাতে তার নেই; তার পিছনে একটি বাঁকা উইলো গাছ। জাপানে তিনভাগওয়ালা যে খাড়া পর্দার প্রচলন আছে সেই রেশমের পর্দার উপর আঁকা; মন্ত পর্দা এবং প্রকাণ্ড ছবি। প্রত্যেক রেখা প্রাণে ভরা। এর মধ্যে ছোটোখাটো কিম্বা জবড়জন কিছুই নেই; যেমন উদার তেমনি গভীর, তেমনি আয়াসহীন। নৈপুণ্যের কথা একেবারে মনেই হয় না; नोना ब्रंड नोना दिशोद नमादिन तिहै; प्रिश्तामां मति हम श्रूव वर्ष्ण विदः श्रूव সতা। তার পরে তাঁর ভূদৃশ্চতিত্র দেখলুম। একটি ছবি— পটের উচ্চপ্রাস্তে वक्थानि पूर्व bir, मांबर्थान वकि नोका, नीटित প্রান্তে ছটো দেওদার গাছের ডাল দেখা যাচেছ; আর কিছু না, জলের কোনো রেখা পর্যস্ত নেই। জ্যোৎস্মার আলোয় হির জল কেবলমাত্র বিস্তীর্ণ শুভ্রতা— এটা যে জল সে क्विमां प्रें निका पाइ विने विद्या शिक्ट ; पात्र, परे मर्वगानी विभून জ্যোৎস্বাকে ফলিয়ে তোলবার জন্মে যত কিছু কালিমা সে কেবলই ওই হুটো পাইন গাছের ভালে। ওন্তাদ এমন একটা জিনিসকে আঁকতে চেয়েছেন যার রূপ নেই, যা বুহুৎ এবং নিস্তৰ্ক জ্যাৎস্নারাত্রি অতলম্পর্শ তার নিঃশবতা। কিন্ত, আমি যদি তাঁর সব ছবির বিস্তারিত বর্ণনা করতে ধাই তা হলে আমার কাগজও ফুরোবে, সময়েও कूलांदि ना। श्रांता जीन जवस्थर निष्त्र शिलन এकिए नम्न जिल्ली पदत राज्यांन এक-দিকের প্রায় সমস্ত দেয়াল জুড়ে একটি খাড়া পর্দা দাঁড়িয়ে। এই পর্দায় শিমোম্রার আঁকা একটি প্রকাণ্ড ছবি। শীতের পরে প্রথম বসন্ত এসেছে; প্রাম গাছের ডালে একটাও পাতা निर्दे, माना माना कून शरतह, कूरनत পाপि अरत अरत अएह ; तूर भिन्न अक প্রান্তে দিগন্তের কাছে রক্তবর্ণ সূর্য দেখা দিয়েছে, পদার অপর প্রান্তে প্রাম গাছের রিক্ত

ভালের আড়ালে দেখা যাল্ছে একটি অন্ধ হাতজাড় করে সূর্যের বন্দনার রত। একটি
অন্ধ, এক গাছ, এক সূর্য, আর সোনায়-ঢালা এক সূর্হৎ আকাশ; এমন ছবি আমি
কখনো দেখি নি। উপনিষদের সেই প্রার্থনাবাণী যেন রূপ ধরে আমার কাছে দেখা
দিলে— তমসো মা জ্যোতির্গময়। কেবল অন্ধ মানুষের নয় অন্ধ প্রকৃতির এই প্রার্থনা,
তমসো মা জ্যোতির্গময়— সেই প্লাম গাছের একাগ্র প্রসারিত শাখাপ্রশাধার ভিতর
দিয়ে জ্যোতির্লোকের দিকে উঠছে। অথচ, আলোয় আলোময়— তারি মাঝখানে
অন্ধের প্রার্থনা।

কাল শিমোম্রার আর-একটা ছবি দেখল্ম। পটের আয়তন তো ছোটো, অথচ ছবির বিষয় বিচিত্র। সাধক তার ঘরের মধ্যে বদে ধ্যান করছে; তার সমস্ত রিপুগুলি তাকে চারি দিকে আক্রমণ করেছে। অর্ধেক মামূষ অর্ধেক জন্তুর মতো তাদের আকার, অত্যন্ত কুংসিত, তাদের কেউ বা খুব সমারোহ করে আসছে, কেউ বা আড়ালে আবভালে উকিযুঁকি মারছে। কিন্তু, তবু এরা সবাই বাইরেই আছে; ঘরের ভিতরে তার সামনে সকলের চেয়ে তার বড়ো রিপু বসে আছে; তার মৃতি ঠিক বৃন্ধের মতো। কিন্তু, লক্ষ্য করে দেখলেই দেখা যায়, সে সাঁচচা বৃদ্ধ নয়— স্থুল তার দেহ, মুখে তার বাঁকা হাসি। সে কপট আত্মন্তরিতা, পবিত্র রূপ ধরে এই সাধককে বন্ধিত করছে। এ হচ্ছে আধ্যাত্মিক অহমিকা, শুচি এবং হুগন্তীর মৃক্তস্বরূপ বৃন্ধের ছন্মবেশ ধরে আছে; একেই চেনা শক্ত, এই হচ্ছে অন্তর্গতম রিপু, অন্য কদর্য রিপুরা বাইরের। এইখানে দেবতাকে উপলক্ষ করে মামূষ আপনার প্রবৃত্তিকে পূজা করছে।

আমরা গাঁর আপ্রয়ে আছি, সেই হারা সান গুণী এবং গুণজ্ঞ। তিনি রুসে হাস্থে শ্রদার্যে পরিপূর্ণ। সম্বের ধারে, পাহাড়ের গায়ে, তাঁর এই পরম স্থলর বাগানটি সর্ব-সাধারণের জন্মে নিতাই উল্থাটিত। মাঝে মাঝে বিপ্রামগৃহ আছে; বে-থুলি সেধানে এসে চা থেতে পারে। একটা খুব লম্বা দর আছে, সেধানে যারা বনভোজন করতে চাম তাদের জন্মে ব্যবস্থা আছে। হারা সানের মধ্যে কুপণতাও নেই, আড়ম্বরও নেই, অওচ তাঁর চার দিকে সমারোহ আছে। মৃঢ় ধনাভিমানীর মতো তিনি মূল্যবান জিনিসকে কেবলমাত্র সংগ্রহ করে রাধেন না; তার মূল্য তিনি বোঝেন, তার মূল্য তিনি দেন, এবং তার কাছে তিনি সম্বমে আপনাকে নত করতে জানেন।

26

এশিয়ার মধ্যে জাপানই এই কথাটি একদিন হঠাৎ জহুভব করলে যে, মুরোপ যে-শক্তিতে পৃথিবীতে সর্বজয়ী হয়ে উঠেছে একমাত্র সেই শক্তির জারাই তাকে ঠেকানো ষায়। নইলে তার চাকার নীচে পড়তেই হবে এবং একবার পড়লে কোনোকালে আর ওঠবার উপায় থাকবে না।

এই কথাটি বেমনি তার মাথার চুকল অমনি সে আর এক মৃহুর্ত দেরি করলে না। করেক বৎসরের মধ্যেই মুরোপের শক্তিকে আত্মলাৎ করে নিলে। মুরোপের কামান বন্দুক, কুচ-কাওয়াল, কল-কারথানা, আপিস-আদালত, আইন-কাহ্মন বেন কোন্ আলাদিনের প্রাদীপের জাত্তে পশ্চিমলোক থেকে পূর্বলোকে একেবারে আন্ত উপড়ে এনে বসিয়ে দিলে। নতুন শিক্ষাকে ক্রমে ক্রমে সইয়ে নেওয়া, বাড়িয়ে তোলা নয়; তাকে ছেলের মতো শৈশব থেকে থৌবনে মাহ্মর করে তোলা নয়— তাকে জামাইয়ের মতো একোবারে পূর্ণ যৌবনে বরের মধ্যে বরণ করে নেওয়া। বৃদ্ধ বনস্পতিকে এক জায়গা থেকে তুলে আর-এক জায়গায় রোপণ করবার বিভা জাপানের মালীরা জানে; মুরোপের শিক্ষাকেও তারা তেমনি করেই তার সমস্ত জটিল শিকড় এবং বিপুল ডালপালা সমেত নিজের দেশের মাটিতে এক রাত্তির মধ্যেই থাড়া করে দিলে। তথু যে তার পাতা বরে পড়ল না তা নয়, পরদিন থেকেই তার ফল ধরতে লাগল। প্রথম কিছুদিন ওরা মুরোপ থেকে শিক্ষকের দল ভাড়া করে এনেছিল। অতি অল্পকালের মধ্যেই তাদের প্রায় সমস্ত সরিয়ে দিয়ে, হালে এবং দাড়ে নিজেরাই বনে গেছে—কেবল পালটা এমন আড় ক'য়ে ধরেছে যাতে পশ্চিমের হাওয়াটা তার উপরে পূরো

ইতিহাসে এতবড়ো আন্তর্ম ঘটনা আর কখনো হয় নি। কারণ, ইতিহাস তো যাত্রার পালা গান করা নয় যে, যোলো বছরের ছোকরাকে পাকা গোঁপদাড়ি পরিয়ে দিলেই সেই মৃহুর্তে তাকে নারদমূনি করে ভোলা যেতে পারে। শুধু যুরোপের অশ্ব ধার করলেই যদি যুরোপ হওয়া যেত, তা হলে আফগানিয়ানেরও ভাবনা ছিল না। কিন্তু, যুরোপের আসবাবগুলো ঠিকমতো ব্যবহার করবার মতো মনোর্ত্তি জাপান এক নিমেষেই কেমন করে গড়ে তুললে, সেইটেই বোঝা শক্ত।

স্থা থ-কথা মানতেই হবে, এ জিনিস তাকে গোড়া থেকে গড়তে হন্ন নি, ওটা তার একরকম গড়াই ছিল। সেইজন্মেই যেমনি তার চৈতন্ম হল অমনি তার প্রস্তুত হতে বিলম্ব হল না। তার যা-কিছু বাধা ছিল সেটা বাইরের; ক্ষর্থাৎ, একটা নতুন জিনিসকে বুবে পড়ে আয়ন্ত করে নিতে যেটুকু বাধা সেইটুকু মাত্র; তার নিজের ক্ষরে কোনো বিরোধের বাধা ছিল না।

পৃথিবীতে মোটাম্টি ত্রকম জাভের মন আছে— এক ছাবর, আর-এক জলম। এই মানসিক ছাবর-জলমতার মধ্যে একটা ঐকান্তিক ভেদ আছে, এমন কথা বলতে চাই নে। স্থাবরকেও দায়ে পড়ে চলতে হয়, জঙ্গমকেও দায়ে পড়ে দাঁড়াতে হয়। কিন্তু স্থাবরের লয় বিলম্বিত, আর জঙ্গমের লয় ক্রত।

জাপানের মনটাই ছিল স্বভাবত জন্ম; লম্বা লম্বা দশকুশি তালের গাস্তারি চাল তার নয়। এইজন্যে সে এক দৌড়ে ছ-তিন শো বছর ছ ছ করে পেরিয়ে গেল। আমাদের মতো যারা হুর্ভাগ্যের বোঝা নিয়ে হাজার বছর পথের ধারে বটতলায় ভয়ে গড়িয়ে কাটিয়ে দিচ্ছে, তারা অভিমান করে বলে, "ওরা ভারি হালকা, আমাদের মতো গাস্তীর্য থাকলে ওরা এমন বিশ্রীরকম দৌড়ধাপ করতে পারত না। সাঁচ্চা জিনিস কথনো এত শীদ্র গড়ে উঠতে পারে না।"

আমরা যাই বলি-না কেন, চোথের সামনে স্পষ্ট দেখতে পাচ্ছি, এশিয়ার এই প্রান্তবাসী জাত যুরোপীয় সভ্যতার সমস্ত জটিল ব্যবস্থাকে সম্পূর্ণ জোরের সঙ্গে এবং নৈপুণ্যের সঙ্গে ব্যবহার করতে পারছে। এর একমাত্র কারণ, এরা ধে কেবল ব্যবস্থা-টাকেই নিয়েছে তা নয়, সঙ্গে সন্দাকেও পেয়েছে। নইলে পদে পদে অস্ত্রের সঙ্গে অস্ত্রীর বিষম ঠোকাঠুকি বেধে যেত; নইলে ওদের শিক্ষার সঙ্গে দীক্ষার লড়াই কিছুতেই মিটত না, এবং বর্ম ওদের দেহটাকে পিয়ে দিত।

মনের যে-জ্বন্ধতার জোরে ওরা আধুনিক কালের প্রবল প্রবাহের সঙ্গে নিজের গতিকে এত সহজে মিলিয়ে দিতে পেরেছে সেটা জাপানি পেয়েছে কোথা থেকে।

জাপানিদের মধ্যে একটা প্রবাদ আছে যে, ওরা মিগ্র জাতি। ওরা একেবারে গাস মন্দোলীয় নয়। এমন-কি, ওদের বিশ্বাস ওদের সঙ্গে আর্যরক্তেরও মিগ্রণ ঘটেছে। জাপানিদের মধ্যে মন্দোলীয় এবং ভারতীয় হুই ছাঁদেরই মুখ দেখতে পাই, এবং ওদের মধ্যে বর্ণেরও বৈচিত্র্য যথেষ্ট আছে। আমার চিত্রকর বন্ধু টাইকানকে বাঙালি কাপড় পরিয়ে দিলে, তাঁকে কেউ জাপানি বলে সন্দেহ করবে না। এমন আরো জনেককে দেখেছি।

ষে-জাতির মধ্যে বর্ণসংকরতা খুব বেশি ঘটেছে তার মনটা এক ছাঁচে ঢালাই হয়ে ষায় না। প্রস্কৃতিবৈচিত্ত্যের সংঘাতে তার মনটা চলনশীল হয়ে থাকে। এই চলনশীলতায় মাসুষকে অগ্রসর করে, এ কথা বলাই বাহুল্য।

রক্তের অবিমিপ্রতা কোথাও যদি দেখতে চাই, তা হলে বর্বর জাতির মধ্যে যেতে হয়। তারা পরকে ভয় করেছে, তারা অলপরিসর আপ্রয়ের মধ্যে লুকিয়ে নিজের জাতকে স্বতন্ত্র রেখেছে। তাই, আদিম অস্ট্রেলিয় জাতির আদিমতা আর বুচল না; আফ্রিকার মধ্যদেশে কালের গতি বন্ধ বললেই হয়।

किन्छ, श्रीम পৃথিবীর এমন একটা জায়গায় ছিল ষেখানে একদিকে এশিয়া, একদিকে

ইঞ্জিণ্ট, একদিকে মুরোপের মহাদেশ তার সঙ্গে সংলগ্ন হয়ে তাকে আলোড়িত করেছে। গ্রীকেরা অবিমিপ্ত জাতি ছিল না, রোমকেরাও না। ভারতবর্ষেও অনার্যে আর্থে যে মিপ্তাপ ঘটেছিল সে সম্বন্ধে কোনো সন্দেহ নেই।

জাপানিকেও দেখলে মনে হয়, তারা এক ধাতুতে গড়া নয়। পৃথিবীর অধিকাংশ জাতিই মিথ্যা করেও আপনার রক্তের অবিমিপ্রতা নিয়ে গর্ব করে; জাপানের মনে এই অভিমান কিছুমাত্র নেই। জাপানিদের সঙ্গে ভারতীয় জাতির মিপ্রণ হয়েছে, এ কথার আলোচনা তাদের কাগজে দেখেছি এবং তা নিয়ে কোনো পাঠক কিছুমাত্র বিচলিত হয় নি। তথু তাই নয়, চিত্রকলা প্রভৃতি সম্বন্ধে ভারতবর্ধের কাছে তারা বে ঋণী সে কথা আমরা একেবারেই ভূলে গেছি, কিন্তু জাপানিরা এই ঋণ স্বীকার করতে কিছুমাত্র কৃষ্ঠিত হয় না।

বস্তুত, ঋণ তারাই গোপন করতে চেষ্টা করে— ঋণ যাদের হাতে ঋণই রয়ে গেছে, ধন হয়ে ওঠে নি। ভারতের কাছ থেকে জাপান যদি কিছু নিয়ে থাকে সেটা সম্পূর্ণ তার আপন সম্পত্তি হয়েছে। যে-জাতির মনের মধ্যে চলন-ধর্ম প্রবল সেই জাতিই পরের সম্পদকে নিজের সম্পদ করে নিভে পারে। যার মন ছাবর বাইরের জিনিস তার পক্ষে বিষম ভার হয়ে ওঠে; কারণ, তার নিজের অচল অন্তিথই তার পক্ষে প্রকাণ্ড একটা বোঝা।

কেবলমাত্র জাতিসংকরতা নয়, স্থানসংকীর্ণতা জাপানের পক্ষে একটা মস্ত স্থবিধা হয়েছে। ছোটো জায়গাটি সমস্ত জাতির মিলনের পক্ষে প্টপাকের কাজ করেছে। বিচিত্র উপকরণ ভালোরকম করে গলে মিশে বেশ নিবিড় হয়ে উঠেছে। চীন বা ভারতবর্ষের মতো বিস্তীর্ণ জায়গায় বৈচিত্র্য কেবল বিভক্ত হয়ে উঠতে চেষ্টা করে, সংহত হতে চায় না।

প্রাচীনকালে গ্রীস রোম এবং আধুনিক কালে ইংলগু সংকীর্ণ স্থানের মধ্যে সম্মিলিত হয়ে বিত্তীর্ণ স্থানকে অধিকার করতে পেরেছে। আজকের দিনে এশিয়ার মধ্যে জ্ঞাপানের সেই স্থবিধা। একদিকে তার মানসপ্রকৃতির মধ্যে চিরকালই চলনধর্ম আছে, বে জ্ঞা চীন কোরিয়া প্রভৃতি প্রতিবেশীর কাছ থেকে জ্ঞাপান তার সভ্যতার সমস্ত উপকরণ অনায়াসে আত্মসাৎ করতে পেরেছে; আর-একদিকে অল্পরিসর জায়গায় সমস্ত জাতি অতি সহজেই এক ভাবে ভাবিত, এক প্রাণে অস্থ্রাণিত হতে পেরেছে। তাই বে-মৃহুর্তে জ্ঞাপানের মন্তিজের মধ্যে এই চিস্তা স্থান পেলে বে আত্মন্তর্মার জন্মে মুরোপের কাছ থেকে তাকে দীক্ষা গ্রহণ করতে হবে সেই মৃহুর্তে জ্ঞাপানের সমস্ত কলেবরের মধ্যে অম্কৃল চেষ্টা জাগ্রত হয়ে উঠল।

ধুরোপের সভ্যতা একাস্কভাবে অসম মনের সভ্যতা, তা ছাবর মনের সভ্যতা নয়। এই সভ্যতা ক্রমাগতই নৃতন চিস্তা, নৃতন চেষ্টা, নৃতন পরীক্ষার মধ্যে দিয়ে বিপ্লবতরক্ষের চৃড়ায় চৃড়ায় পক্ষবিন্তার করে উড়ে চলেছে। এশিয়ার মধ্যে একমাত্র আপানের 
মনে সেই স্বাভাবিক চলনধর্ম থাকাতেই জাপান সহজেই মুরোপের ক্ষিপ্রতালে চলতে পরেছে এবং তাতে করে তাকে প্রলম্পের আঘাত সইতে হয় নি। কারণ, উপকরণ 
সে বা-কিছু পাচ্ছে তার ভারা সে স্পষ্ট করছে; স্বতরাং নিজের বর্ধিষ্ণু জীবনের সঙ্গে 
এ-সমন্তকে সে মিলিয়ে নিতে পারছে। এই সমন্ত নতুন জিনিস যে তার মধ্যে কোথাও 
কিছু বাধা পাচ্ছে না, তা নয়, কিন্ত সচলতার বেগেই সেই বাধা ক্ষয় হয়ে চলেছে। 
প্রথম প্রথম হা অসংগত অভুত হয়ে দেখা দিছে ক্রমে ক্রমে তার পরিবর্তন ঘটে 
স্বদংগতি জেগে উঠছে। একদিন যে-অনাবশ্যককে সে গ্রহণ করেছে আর-একদিন 
সেটাকে ত্যাগ করছে; একদিন যে আপন জিনিসকে পরের হাটে সে খুইয়েছে 
আর-একদিন সেটাকে আবার ফিরে নিজে। এই তার সংশোধনের প্রক্রিয়া 
এখনো নিত্য তার মধ্যে চলছে। যে-বিকৃতি মৃত্যুর তাকেই ভয় করতে হয়; 
যে-বিকৃতি প্রাণের লীলাবৈচিত্র্যে হঠাৎ এক-এক সময়ে দেখা দেয় প্রাণ আপনি তাকে 
সামলে নিয়ে নিজের সমে এসে গাড়াতে পারে।

আমি যখন জাপানে ছিলুম তখন একটা কথা বারবার আমার মনে এসেছে।
আমি অন্নতব করছিলুম, ভারতবর্ষের মধ্যে বাঙালির সঙ্গে জাপানির এক জায়গায় যেন
মিল আছে। আমাদের এই বৃহৎ দেশের মধ্যে বাঙালিই সব প্রথমে নৃতনকে গ্রহণ
করেছে, এবং এখনে। নৃতনকে গ্রহণ ও উদ্ভাবন করবার মতো তার চিত্তের
নমনীয়তা আছে।

তার একটা কারণ, বাঙালির মধ্যে রক্তের অনেক মিশল ঘটেছে; এমন মিঞাণ ভারতের আর কোথাও হয়েছে কিনা সন্দেহ। তার পরে, বাঙালি ভারতের যে প্রাস্থে বাস করে সেথানে বহুকাল ভারতের অন্ত প্রদেশ থেকে বিচ্ছিন্ন হয়ে আছে। বাংলা ছিল পাণ্ডবর্ষজ্ঞত দেশ। বাংলা একদিন দীর্ঘকাল বৌদ্ধপ্রভাবে অথবা অক্ত যে কারণেই হোক আচারভ্রষ্ট হয়ে নিতান্ত একঘরে হয়েছিল, তাতে করে তার একটা সংকীর্ণ আত্রা ঘটেছিল; এই কারণেই বাঙালির চিত্ত অপেক্ষাক্তত বন্ধনম্ক্ত, এবং নৃত্তন শিক্ষা গ্রহণ করা বাঙালির পক্ষে যত সহজ্ঞ হয়েছিল এমন ভারতবর্ষের অন্ত কোনো দেশের পক্ষে হয় নি। য়রোপীয় সভ্যতার পূর্ণ দীক্ষা জাপানের মতো আমাদের পক্ষে অবাধ নয়; পরের ক্রপণ হস্ত থেকে আমরা ষেটুকু পাই তার বেশি আমাদের পক্ষে ত্র্লভ। কিন্তু, য়ুরোপীয় শিক্ষা আমাদের দেশে যদি সম্পূর্ণ স্থাম হত তা হলে কোনো

সন্দেহ নেই, বাঙালি সকল দিক থেকেই তা সম্পূর্ণ আয়ন্ত কয়ত। আল নানা দিক থেকে বিভালিকা আমাদের পক্ষে ক্রমণই ছুম্লা হয়ে উঠছে, তবু বিশ্ববিভালয়ের সংকীর্ণ প্রবেশঘারে বাঙালির ছেলে প্রতিদিন মাথা থোঁড়াখুঁড়ি করে মরছে। বন্ধত, ভারতের অন্ত সকল প্রদেশের চেয়ে বাংলাদেশে বে-একটা অসন্ভোষের লক্ষ্ণ অত্যন্ত প্রবল দেখা যায় তার একমাত্র কারণ, আমাদের প্রতিহত গতি। যা কিছু ইংরেজি তার দিকে বাঙালির উদ্বোধিত চিন্ত একান্ত প্রবলবেণে ছুটেছিল; ইংরেজের অত্যন্ত কাছে যাবার জন্তে আমরা প্রন্তত হয়েছিল্ম— এ সম্বে সকলরকম সংস্থারের বাধা লজ্মন করবার জন্তে বাঙালিই সর্বপ্রথমে উন্নত হয়ে উঠেছিল। কিন্তু, এইখানে ইংরেজের কাছেই যথন বাধা পেল তখন বাঙালির মনে যে প্রচণ্ড অভিমান জেগে উঠল সেটা হচ্ছে তার অনুরাগেরই বিকার।

এই অভিযানই আত্ত নবযুগের শিক্ষাকে গ্রহণ করবার পক্ষে বাঙালির মনে সকলের চেয়ে বড়ো অন্তরায় হয়ে উঠেছে। আত্ত আমরা বে-সকল কৃটতর্ক ও মিথ্যা যুক্তি দারা পশ্চিমের প্রভাবকে সম্পূর্ণ অস্বীকার করবার চেষ্টা করিছি সেটা আমাদের স্বাভাবিক নয়। এইজস্তেই সেটা এমন স্থতীব্র, সেটা ব্যাধির প্রকোপের মতো পীড়ার দারা এমন করে আমাদের সচেতন করে তুলেছে।

বাঙালির মনের এই প্রবল বিরোধের মধ্যেও তার চলনধর্মই প্রকাশ পায়। কিন্তু, বিরোধ কথনো কিছু সৃষ্টি করতে পারে না। বিরোধে দৃষ্টি কল্যিত ও শক্তি বিক্বত হয়ে যায়। যত বড়ো বেদনাই আমাদের মনে থাক্, এ কথা আমাদের ভূললে চলবে না বে, পূর্ব ও পশ্চিমের মিলনের সিংহ্ দার উদ্ঘাটনের ভার বাঙালির উপরেই পড়েছে। এই জ্বন্থেই বাংলার নবযুগের প্রথম পথপ্রবর্তক রামমোহন রায়। পশ্চিমকে সম্পূর্ণ গ্রহণ করতে তিনি ভীকতা করেন নি, কেননা, পূর্বের প্রতি তাঁর প্রদ্ধা অটল ছিল। তিনি বে-পশ্চিমকে দেখতে পেয়েছিলেন সে তো শস্ত্রধারী পশ্চিম নয়, বাণিজ্যজীবী পশ্চিম নয়, সে হচ্ছে জ্ঞানে-প্রাণে-উদ্থাসিত পশ্চিম।

ভাপান যুরোপের কাছ থেকে কর্মের দীক্ষা আর অন্তের দীক্ষা গ্রহণ করেছে। তার কাছ থেকে বিজ্ঞানের শিক্ষাও সে লাভ করতে বসেছে। কিন্তু, আমি ষতটা দেখেছি ভাতে আমার মনে হয়, যুরোপের সভে ভাপানের একটা অন্তরতর ভায়গায় অনৈক্য আছে। বে গৃঢ় ভিত্তির উপরে যুরোপের মহন্ত প্রতিষ্ঠিত সেটা আধ্যাত্মিক। সেটা কেবলমাত্র কর্মনৈপুণ্য নয়, সেটা তার নৈতিক আদর্শ। এইথানে জাপানের সভে যুরোপের মৃলগত প্রভেদ। মহায়ত্বে যে-সাধনা অমৃতলোককে মানে এবং সেই অভিমুখে চলতে থাকে, যে-সাধনা কেবলমাত্র সামাজিক ব্যবহার অল নয়, ষে-সাধনা

সাংসারিক প্রয়োজন বা স্বজাতিগত স্বার্থকেও অতিক্রম ক'রে আপনার লক্ষ্য স্থাপন করেছে, সেই সাধনার ক্ষেত্রে ভারতের সঙ্গে যুরোপের মিল যত সহজ জাপানের সঙ্গে তার মিল তত সহজ নয়। জাপানি সভ্যতার সৌধ এক-মহলা— সেই হচ্ছে তার সমস্ত শক্তি এবং দক্ষতার নিকেতন। সেখানকার ভাণ্ডারে সব-চেয়ে বড়ো জিনিস যা সঞ্চিত হয় সে হচ্ছে কৃতকর্মতা; সেধানকার মন্দিরে সব-চেয়ে বড়ো দেবতা স্বাদেশিক স্বার্থ। জাপান তাই সমস্ত যুরোপের মধ্যে সহজেই আধুনিক জর্মনির শক্তি-উপাসক নবীন দার্শনিকদের কাছ থেকে মন্ত্র গ্রহণ করতে পেরেছে; নীট্ঝের গ্রন্থ তাদের কাছে স্ব-চেয়ে সমাদৃত। তাই আজ পর্যন্ত জাপান ভালো করে দ্বির করতেই পারলে না— কোনো ধর্মে তার প্রয়োজন আছে কিনা, এবং ধর্মটা কী। কিছুদিন এমনও তার সংকল্প ছিল যে, সে খৃদ্যানধর্ম গ্রহণ করবে। তথন তার বিখাস ছিল যে, যুরোপ যে ধর্মকে আধ্রয় করেছে দেই ধর্ম হয়তো তাকে শক্তি দিয়েছে, অতএব খৃদ্যানিকে কামান-বন্দুকের সঙ্গে সঙ্গেই সংগ্রহ করা দরকার হবে। কিন্তু, আধুনিক যুরোপে শক্তি-উপাসনার সঙ্গে সঙ্গে কিছুকাল থেকে এই কথাটা ছড়িয়ে পড়েছে যে, খুস্টানধর্ম স্বভাব-ত্র্বলের ধর্ম, তা বীরের ধর্ম নয়। য়ুরোপ বলতে শুক্ করেছিল, ষে-মানুষ ক্ষীণ তারই স্বার্থ নম্রতা ক্ষমা ও ত্যাগধর্ম প্রচার করা। সংসারে ধারা পরাজিত সে-ধর্মে তাদেরই স্থবিধা; সংসারে যারা জয়শীল সে-ধর্মে তাদের বাধা। এই কথাটা জাপানের মনে मराज्य लार्गाह । এই জন্ম জাপানের রাজশক্তি আজ মামুষের ধর্মবৃদ্ধিকে অবজ্ঞা করছে। এই অবজ্ঞা আর-কোনো দেশে চলতে পারত না; কিন্তু জাপানে চলতে পারছে তার কারণ জাপানে এই বোধের বিকাশ ছিল না এবং সেই বোধের অভাব নিয়েই জাপান আজ গর্ব বোধ করছে— সে জানছে, পরকালের দাবি থেকে সে মুক্ত, **এই ष**न्ग हे रहकारन रम बग्नी रूर ।

জাপানের কর্তৃপক্ষেরা যে ধর্মকে বিশেষরূপে প্রশ্রম দিয়ে থাকেন সে হচ্ছে শিস্তো ধর্ম। তার কারণ, এই ধর্ম কেবলমাত্র সংস্কারমূলক, আধ্যাত্মিকতামূলক নম। এই ধর্ম রাজাকে এবং পূর্বপুরুষদের দেবতা ব'লে মানে। স্থতরাং স্বদেশাসক্তিকে স্থতীত্র করে তোলবার উপায়-রূপে এই সংস্কারকে ব্যবহার করা যেতে পারে।

কিন্তু, যুরোপীয় সভ্যতা মন্ধোলীয় সভ্যতার মতো এক-মহলা নয়। তার একটি অন্তর্মহল আছে। সে অনেক দিন থেকেই কিংড্র্ম্ অব্ হেড্ন্কে স্বীকার করে আসছে। সেধানে নম্র যে সে জয়ী হয়; পর যে সে আপনার চেয়ে বেলি হয়ে ওঠে। ক্লুকর্মতা নয়, পরমার্থ ই সেধানে চরম সম্পদ। অনন্তের ক্লেত্রে সংসার সেধানে আপনার সত্য যুল্য লাভ করে।

যুরোপীয় সভ্যতার এই অস্তরমহলের দার কখনো কখনো বন্ধ হয়ে যায়, কখনো কখনো সেখানকার দীপ জলে না। তা হোক, কিন্তু এ মহলের পাকা ভিত; বাইরের কামান গোলা এর দেয়াল ভাঙতে পারবে না; শেষ পর্যন্তই এ টি কৈ থাকবে এবং এইখানেই সভ্যতার সমস্ত সমস্তার সমাধান হবে।

আমাদের সঙ্গে যুরোপের আর-কোথাও ধদি মিল না থাকে, এই বড়ো জায়গায় মিল আছে। আমরা অন্তর্তর মান্ত্যকে মানি— তাকে বাইরের মান্ত্যের চেয়ে বেশি মানি। যে জন্ম মান্ত্যের দিতীয় জন্ম, তার মৃক্তির জন্ম, তার জন্মে আমরা বেদনা অন্তব করি। এই জায়গায়, মান্ত্যের এই অন্তর্মহলে যুরোপের সঙ্গে আমাদের যাতায়াতের একটা পথচিহ্ন দেখতে পাই। এই অন্তর্মহলে মান্ত্যের যে-মিলন সেই মিলনই সত্য মিলন। এই মিলনের দার উদ্ঘাটন করবার কাজে বাঙালির আহ্বান আছে, তার জনেক চিহ্ন জনেকদিন থেকেই দেখা যাচ্ছে।

# যাত্ৰী

## निध्ययानीत पाराति

### পশ্চিম্যাত্রীর ডায়ারি

হারুনা-মারু জাহাজ ২৪শে সেপ্টেম্বর ১৯২৪

সকলি আটটা। আকাশে ঘন মেঘ, দিগন্ত বৃষ্টিতে ঝাপসা, বাদলার হাওয়া খুঁতথুঁতে ছেলের মতো কিছুতেই শান্ত হতে চাচ্ছে না। বন্দরের শানবাঁধানো বাঁধের ওপারে হরন্ত সম্প্র লাফিয়ে লাফিয়ে গর্জে উঠছে, কাকে যেন ঝুঁটি ধরে পেড়ে ফেলতে চায়, নাগাল পায় না। স্বপ্নের আকোশে সমস্ত মনটা যেমন বৃক্রের কাছে গুমরে ঠেলে ঠেলে উঠতে থাকে, আর ক্ষকতঠের বন্ধবাণী কালা হয়ে হা হা করে ফেটে পড়তে চায়, গুই ফেনিয়ে-গুঠা বোবার গর্জন শুনে বৃষ্টিধারায়-পাতৃবর্ণ সম্প্রকে তেমনি বোধ হচ্ছে একটা অতলম্পর্শ অক্ষম ক্ষোভের হঃস্বপ্ন।

ষাত্রার মৃথে এইরকম তুর্যোগকে কুলক্ষণ বলে মনটা ব্লান হয়ে যায়। আমাদের বৃদ্ধিটা পাকা, সে একেলে, লক্ষণ-অলক্ষণ মানে না ; আমাদের রক্তটা কাঁচা, সে আদিমকালের— তার ভয়ভাবনাগুলো তর্কবিচারকে ডিঙিয়ে ডিঙিয়ে ঝেঁকে ওঠে, ওই পাথরের বেড়ার ওপারের অবৃশ্ধ টেউগুলোরই মতো। বৃদ্ধি আপন যুক্তির কেলার মধ্যে বিশ্ব-প্রকৃতির ষতরকম ভাষাহীন আভাস-ইঙ্গিতের স্পর্শ থেকে সরে বসে থাকে। রক্ত থাকে আপন বৃদ্ধির বেড়ার বাইরে; তার উপর মেঘের ছায়া পড়ে, টেউয়ের দোলা লাগে; বাতাসের বাঁশিতে তাকে নাচায়, আলো-আধারের ইশারা থেকে সে কত কী মানে বের করে; আকাশে যথন অপ্রসম্বতা তথন তার আর লাস্তি নেই।

অনেকবার দ্রদেশে যাত্রা করেছি, মনের নোঙরটা তুলতে খুব বেশি টানাটানি করতে হয় নি। এবার সে কিছু যেন জোরে ডাঙা আঁকড়ে আছে। তার থেকে বোধ হচ্ছে, এতদিন পরে আমার বয়স হয়েছে। না-চলতে চাওয়া প্রাণের রূপণতা, সঞ্চয় কম হলে থরচ করতে সংকোচ হয়।

তব্ মনে জানি, ঘাটের থেকে কিছু দ্রে গেলেই এই পিছুটানের বাঁধন খদে ঘাবে। তরুণ পথিক বেরিয়ে আসবে রাজপথে। এই তরুণ একদিন গান গেয়েছিল, "আমি চঞ্চল হে, আমি স্নদূরের পিয়াসী।" আজই সেই গান কি উজান হাওয়ায় ফিরে গেল। সাগরপারে যে-অপরিচিতা আছে তার অবগুঠন মোচন করবার জ্বগ্রে কি কোনো উৎকণ্ঠা নেই।

কিছুদিন আগে চীন থেকে আমার কাছে নিমন্ত্রণ এসেছিল। সেধানকার লোকে আমার কাছ থেকে কিছু শুনতে চেয়েছিল— কোনো পাকা কথা। অর্থাৎ, সে নিমন্ত্রণ প্রবীণকে নিমন্ত্রণ।

দক্ষিণ আমেরিকা থেকে এবার আমার নিমন্ত্রণ এল, তাদের শতবার্ষিক উৎসবে যোগ দেবার জন্মে। তাই হালকা হয়ে চলেছি, আমাকে প্রবীণ সাজতে হবে না। বক্তৃতা যত করি তার কুয়াশার মধ্যে আমি আপনি ঢাকা পড়ে যাই। সে তো আমার কবির পরিচয় নয়।

গুটির থেকে প্রজাপতি বেরয় তার নিজের স্বভাবে। গুটির থেকে রেশমের স্থতো বেরতে থাকে বস্তুতত্ত্ববিদের টানাটানিতে। তথন থেকে প্রজাপতির অবয়া শোকাবহ। আমার মাঝবয়দ পেরিয়ে গেলে পর আমি আমেরিকার যুক্তরাজ্যে গেল্ম; সেথানে আমাকে ধরে-বেঁধে বক্তৃতা করালে, তবে ছাড়লে। তার পর থেকে হিতকথার আসরে আমার আনাগোনার আর অস্তু নেই। আমার কবির পরিচয়টা গৌণ হয়ে গেল। পঞ্চাশ বছর কাটিয়েছিল্ম সংসারের বেদরকারি মহলে বেসরকারি ভাবে; মহুর মতে যথন বনে যাবার সময় তথন হাজির হতে হল দরকারের দরবারে। সভা সমিতি আমার কাছে সরকারি কাজ আদায় করতে লেগে গেল। এতেই বোধ হচ্ছে, আমার শনির দশা।

কবি হন বা কলাবিং হন তাঁরা লোকের ফরমাশ টেনে আনেন— রাজার ফরমাশ, প্রভ্র ফরমাশ, বছপ্রভ্র সমাবেশর পী সাধারণের ফরমাশ। ফরমাশের আক্রমণ থেকে তাঁদের সম্পূর্ণ নিষ্কৃতি নেই। তার একটা কারণ, অন্দরে তাঁরা মানেন সরস্বতীকে, সদরে তাঁদের মেনে চলতে হয় লক্ষীকে। সরস্বতী ডাক দেন অয়ভভাগ্রারে, লক্ষী ডাক দেন অরের ভাগ্রারে। খেতপদ্মের অমরাবতী আর সোনার পদ্মের অলকাপুরী ঠিক পাশাপাশি নেই। উভয়ত্রই যাদের ট্যাক্ষো দিতে হয়, এক জায়গায় খুশি হয়ে, আরেক জায়গায় দায়ে প'ড়ে, তাদের বড়ো মৃশকিল। জীবিকা অর্জনের দিকে সময় দিলে ভিতরমহলের কাজ চলে না। যেখানে ট্রামের লাইন বসাতে হবে সেখানে ফুলের বাগানের আশা করা মিথ্যে। এই কারণে ফুলবাগানের সঙ্গে আপিসের রান্তার একটি আপস হয়েছে এই যে, মালি জোগাবে ফুল আর ট্রামলাইনের মালেক জোগাবে অয়। হর্ডাগ্যক্রমে যে-মাহায় অয় জোগায় মর্তলোকে তার প্রতাপ বেশি। কারণ, ফুলের শথ পেটের জালার সঙ্গে জবরদন্তিতে সমকক্ষ নয়।

শুর্ কেবল অন্ন-বন্ধ আশ্রায়ের ক্ষ্যোগটাই বড়ো কথা নয়। ধনীদের বে-টাকা তার অক্তে তাদের নিজের ঘরেই লোহার সিন্দুক আছে, কিন্তু গুণীদের বে-কীর্তি তার থনি যেখানেই থাক্ তার আধার তো তাদের নিজের মনের মধ্যেই নয়। সে-কীর্তি সকল কালের, সকল মান্ত্যের। এইজন্ম তার এমন একটি জাগয়া পাওয়া চাই যেখান থেকে সকল দেশকালের সে গোচর হতে পারে। বিক্রমাদিত্যের রাজ্যভার মঞ্চের উপর যে-কবি ছিলেন সেদিনকার ভারতবর্ষে তিনি সকল রিসকমগুলীর সামনে দাঁড়াতে পেরেছিলেন; গোড়াতেই তাঁর প্রকাশ আছেন্ন হন্ন নি। প্রাচীনকালে অনেক ভালো কবির ভালো কাব্যও দৈবক্রমে এইরক্ম উচু ডাঙাতে আশ্রম্ম পান্ন নি ব'লে কালের বন্ধান্তোতে ভেনে গেছে, তাতে কোনো সন্দেহ নেই।

এ কথা মনে রাখতে হবে, হাঁরা যথার্থ গুণী তাঁরা একটি সহন্ত কবচ নিয়ে পৃথিবীতে আসেন। ফরমাশ তাঁদের গায়ে এসে পড়ে, কিন্তু মর্মে এসে বিদ্ধ হয় না। এইজক্রেই তাঁরা মারা যান না, ভাবীকালের জক্রে টি কে থাকেন। লোভে প'ড়ে ফরমাশ যারা সম্পূর্ণ স্বীকার করে নেয় ভারা তথনই বাঁচে, পরে মরে। আন্ধ বিক্রমাদিত্যের নবরত্বের অনেকগুলিকেই কালের ভাঙাকুলো থেকে খুঁটে বের করবার জ্যো নেই। তাঁরা রাজার ফরমাশ প্রোপ্রি থেটেছিলেন, এইজক্রে তথন হাতে হাতে তাঁদের নগদ পাওনা নিশ্চয়ই আর-সকলের চেয়ে বেশি ছিল। কিন্তু, কালিদাস ফরমাশ থাটতে অপটু ছিলেন বলে দিঙ্নাগের স্থল হত্তের মার তাঁকে বিন্তর থেতে হয়েছিল। তাঁকেও দায়ে পড়ে মাঝে মাঝে ফরমাশ থাটতে হয়েছে, তার প্রমাণ পাই মালবিকাগ্রিমিত্রে। যে ছই তিনটি কাব্যে কালিদাস রাজাকে মুথে বলেছিলেন "যে আদেশ, মহারাজ। যা বলছেন তা-ই করব" অথচ সম্পূর্ণ আরেকটা কিছু করেছেন, সেইগুলির জোরেই সেদিনকার রাজসভার অবসানে তাঁর কীর্ভিকলাপের অন্ত্যেষ্টিসংকার হয়ে যায় নি— চিরদিনের রসিকসভায় তাঁর প্রবেশ অবারিত হয়েছে।

মাহ্নবের কাজের হুটো ক্ষেত্র আছে— একটা প্রয়োজনের, আর-একটা লীলার। প্রয়োজনের তাগিদ সমস্তই বাইরের থেকে, অভাবের থেকে; লীলার তাগিদ ভিতর থেকে, ভাবের থেকে। বাইরের ফরমাশে এই প্রয়োজনের আসর সরগরম হয়ে প্রঠে, ভিতরের ফরমাশে লীলার আসর জমে। আজকের দিনে জনসাধারণ জেগে উঠেছে; তার ক্ষ্মা বিরাট, তার দাবি বিন্তর। সেই বহুরসনাধারী জীব তার বহুতরো ফরমাশে মানবসংসারকে রাত্রিদিন উত্তত করে রেখেছে; কত তার আস্বাব আয়োজন, পাইক বরকনাজ, কাড়া-নাকড়া-ঢাকঢোলের তুম্ল কলরব— তার চাই চাই" শব্দের গর্জনে স্বর্গমর্ত বিক্ষুর হয়ে উঠল। এই গর্জনটা লীলার আসরেও প্রবেশ করে দাবি প্রচার

করতে থাকে বে, "তোমাদের বীণা, তোমাদের মৃদদ্ধ আমাদের জয়য়ায়ার ব্যাত্তের সদ্দে মিলে আমাদের কলোলকে ঘনীভূত করে তুলুক।" সেজতো সে খুব বড়ো মজুরি আর জাকালো শিরোপা দিতেও রাজি আছে। আগেকার রাজসভার চেয়ে সে হাঁকও দেয় বেশি দামও দেয় বেশি। সেইজতো ঢাকির পক্ষে এ সময়টা স্বসময়, কিন্তু বীণকারের পক্ষে নয়। ওতাদ হাত জোড় করে বলে, "তোমাদের হটুগোলের কাজে আমার স্থান নেই; অতএব বরঞ্চ আমি চুপ করে থাকতে রাজি আছি, বীণাটা গলায় বেঁধে জলে ঝাঁপ দিয়ে পড়ে মরতেও রাজি আছি, কিন্তু আমাকে তোমাদের সদররান্তায় গড়ের বাছ্যের দলে ডেকো না। কেননা, আমার উপরওয়ালার কাছ থেকে তাঁর গানের আসরের জত্যে পূর্ব হতেই বায়না পেয়ে বসে আছি।" এতে জনসাধারণ নানাপ্রকার কটু সন্তামণ করে, সে বলে, "তুমি লোকহিত মান না, দেশহিত মান না, কেবল আপন থেয়ালকেই মান।" বীণকার বলতে চেষ্টা করে, "আমি আমার থেয়ালকেও মানি নে, তোমার গরজকেও মানি নে, আমার উপরওয়ালাকে মানি।" সহত্ররসনাধারী গর্জন করে বলে ওঠে, "চুপ।"

জনসাধারণ বলতে যে প্রকাণ্ড জীবকে বোঝায় স্বভাবতই তার প্রয়োজন প্রবল এবং প্রস্তুত। এইজন্মে স্বভাবতই প্রয়োজনসাধনের দাম তার কাছে অনেক বেশি, লীলাকে সে অবজ্ঞা করে। ক্ষ্ধার সময়ে বকুলের চেয়ে বার্তাকুর দাম বেশি হয়। সেজত্যে ক্ষ্ধাতুরকে দোষ দিই নে; কিন্তু বকুলকে যথন বার্তাকুর পদ গ্রহণ করবার জত্যে করমাশ আসে তথন সেই ফরমাশকেই দোষ দিই। বিধাতা ক্ষ্ধাতুরের দেশেও বকুল ফ্টিয়েছেন, এতে বকুলের কোনো হাত নেই। তার একটিমাত্ত দায়িত্ব আছে এই যে, যেখানে যা-ই ঘটুক, তাকে কারো দরকার থাক্ বা না থাক্, তাকে বকুল হয়ে উঠতেই হবে; ঝরে পড়ে তো পড়বে, মালায় গাঁথা হয়তো তা-ই সই। এই কথাটাকেই গীতা বলেছেন, "স্বধর্মে নিধনং প্রেয়ং পরধর্মো ভয়াবহং।" দেখা গেছে, স্বধর্মে জগতে খুব মহৎ লোকেরও নিধন হয়েছে, কিন্তু সে নিধন বাইরের, স্বধ্ম ভিতরের দিক থেকে তাঁকে বাঁচিয়েছে। আর এও দেখা গেছে, পরধর্মে খুব ক্ষ্ম লোকেও হঠাৎ বড়ো হয়ে উঠেছে, কিন্তু তার নিধন ভিতরের থেকে, যাকে উপনিষদ্ বলেন "মহতী বিনষ্টিং"।

ষে-ব্যক্তি ছোটো তারও স্বধর্ম বলে একটি দম্পদ আছে। তার সেই ছোটো কৌটোটর মধ্যেই সেই স্বধর্মের দম্পদটিকে রক্ষা করে সে পরিক্রাণ পায়। ইতিহাসে তার নাম থাকে না, হয়তো তার বদনাম থাকতেও পারে, কিন্তু তার অন্তর্যামীর ধাস-দরবারে তার নাম থেকে যায়। লোভে পড়ে স্বধর্ম বিকিয়ে দিয়ে সে যদি পরধর্মের ভঙ্কা বাজাতে যায় তবে হাটে বাজারে তার নাম হবে। কিন্তু, তার প্রভুর দরবার থেকে তার নাম ধোওয়া যাবে।

এই ভূমিকার মধ্যে আমার নিজের কৈফিয়ত আছে। কথনো অপরাধ করি নি তা নয়। সেই অপরাধের লোকসান ও পরিতাপ তীত্র বেদনায় অহতব করেছি ব'লেই সাবধান হই। ঝড়ের সময় ধ্রুবতারাকে দেখা যায় না ব'লে দিক্ত্রম হয়। এক এক সময়ে বাহিরের করোলে উদ্প্রান্ত হয়ে স্বধর্মের বাণী স্পষ্ট করে শোনা য়ায় না। তখন 'কর্তব্য' নামক দশম্থ-উচ্চারিত একটা শব্দের হুলারে মন অভিভূত হয়ে য়ায় ; ভূলে য়াই বে, কর্তব্য বলে একটা অবচ্ছিল্ল পদার্থ নেই, আমার 'কর্তব্য'ই হচ্ছে আমার পক্ষেত্র । গাড়ির চলাটা হচ্ছে একটা সাধারণ কর্তব্য, কিন্তু ঘোরতার প্রয়োজনের সময়েও ঘোড়া বদি বলে "আমি সার্থির কর্তব্য কর্ব", বা চাকা বলে "ঘোড়ার কর্তব্য কর্ব", তবে সেই কর্তব্যই ভয়াবহ হয়ে ওঠে। ডিমক্রেসির য়ুগে এই উড়ে-পড়া পড়ে-পাওয়া কর্তব্যের ভয়াবহতা চারি দিকে দেখতে পাই। মানবদংসার চলবে, তার চলাই চাই ; কিন্তু তার চলার রথের নানা অন্ধ— কর্মীরাও একরকম করে তাকে চালাচ্ছে, গুণীরাও একরকম করে তাকে চালাচ্ছি, গুণীরাও একরকম করে তাকে চালাচ্ছি, গুণীরাও একরকম করে চাকের সহান্ত্রতা এবং সমগ্র রথের গতিবেগ , উভরের কর্ম একাকার হয়ে গেলেই মোট কর্মটাই পন্ধু হয়ে য়ায় ।

এই উপলক্ষে একটি কথা আমার মনে পড়ছে। তথন লোকমান্ত টিলক বেঁচে ছিলেন। তিনি তাঁর কোনো এক দৃতের ষোগে আমাকে পঞ্চাশ হাজার টাকা দিয়ে বলে পাঠিয়েছিলেন, আমাকে মুরোপে যেতে হবে। সে সময়ে নন্-কো-অপারেশন আরম্ভ হয় নি বটে কিন্ধ পোলিটিকাল আন্দোলনের তৃফান বইছে। আমি বলল্ম, "রাষ্ট্রিক আন্দোলনের কাজে যোগ দিয়ে আমি মুরোপে যেতে পারব না।" তিনি বলে পাঠালেন, আমি রাষ্ট্রিক চর্চায় থাকি, এ তাঁর অভিপ্রায়বিক্ষম। ভারতবর্ষের বে-বাণী আমি প্রচার করতে পারি সেই বাণী বহন করাই আমার পক্ষে সত্য কাজ, এবং সেই সত্য কাজের ঘারাই আমি ভারতের সত্য সেবা করতে পারি। আমি জানতৃম, জনসাধারণ টিলককে পোলিটিকাল নেতারপেই বরণ করেছিল এবং সেই কাজেই তাঁকে টাকা দিয়েছিল। এইজন্ত আমি তাঁর পঞ্চাশহাজার টাকা গ্রহণ করতে পারি নি। তার পরে, বোলাই-শহরে তাঁর সজে আমার দেখা হয়েছিল। তিনি আমাকে প্রক্ত বললেন, "রাষ্ট্রনীতিক ব্যাপার থেকে নিজেকে পৃথক রাখলে তবেই আপনি নিজের কাজ স্থতরাং দেশের কাজ করতে পারবেন; এর চেয়ে বড়ো আর কিছু আপনার কাছে প্রত্যাশাই করি নি।" আমি ব্রুতে পারল্ম, টিলক বে গীতার ভাস্থ করেছিলেন সে কাজের অধিকার উার ছিল; সেই অধিকার মহৎ অধিকার।

অনেক ধনী আছে যারা নিজের ভোগেই নিজের অর্থের ব্যয় ও অপব্যয় করে থাকে। সাধারণের দাবি তাদের ভোগের তহবিলে যদি ভাঙন ধরাতে পারে তাতে फ्: रथत कथा कि हू हे तह । **अवकाम भागर्य है। इट्ट मग्र**यसन— मः मात्री अहे सनहारक নিজের দরসংসারের চিন্তায় ও কাজে লাগায়, আর কুঁড়ে যে কে কোনো কাজেই লাগায় দোষের হয় না। আমার অবকাশের অনেকটা অংশ আমি কুঁড়েমিতেই খাটাই, বাইরে থেকে কেউ কেউ এমন সন্দেহ করে। এ কথাটা জানে না যে, কুঁড়েমিটাই আমার কাব্দের প্রধান অন্ধ। পেয়ালার যতটা চীনেমাটি দিয়ে গড়া ততটাই তার প্রধান অংশ নয়, বস্তুত সেটাই তার গৌণ; ষতটা তার ফাঁক ততটাই তার মুখ্য অংশ। এই ফাঁকটাই রসে ভরতি হয়, পোড়া চীনেমাটি উপলক্ষ মাত্র। ঘরের খুঁটিটা ষেমন, গাছ ঠিক তেমন জিনিস নয়। অর্থাৎ, সে কেবলমাত্র নিজের তলাটার মাটিতেই দাঁড়িয়ে থাকে না। তার দৃশ্যমান গুঁড়ি ষতটুকু মাটি জুড়ে থাকে তার অদৃশ্য শিকড় তার চেয়ে অনেক বেশি মাটি অধিকার করে ব'লেই গাছটা রসের জোগান পায়। আমাদের কাজও সেই গাছের মতো; ফাঁকা অবকাশের তলা থেকে গোপনে সে রস আদায় করে নেয়। দশে মিলে তার সেই বিধিদত্ত অবকাশের লাখেরাজের উপর যদি খাজনা বসায় তা হলে তার সেই কাজটাকেই নিঃম্ব করা হতে থাকে। এইজন্মেই দেশের সমস্ত সাময়িক পত্রে হরির লুঠের জোগান দেবার জ্বন্যে অক্ত কোনো দেশেই কবিকে নিয়ে এমনতরো টানাহেঁচড়া করে না।

আমাদের দেশের গার্হয়া ব্যাকরণে যারা কর্তা তাঁদের প্রধান পরিচয় ক্রিয়াকর্মে।
লোকে তাঁদের দশকর্মা বলে। সেই গার্হয়ো আবার এমন সব লোক আছে যারা
অকর্মা; তারা কেবল ফাইফরমাশ খাটে। কাজের চেয়ে অকাজে তাদের বেশি
দরকার। অর্থাৎ, তাল খেলবার যখন জুড়ি না জোটে তখন তাদের ভাক পড়ে, আর
দ্র-সম্পর্কের জ্যাঠাইমার গকাযাত্রার সময় তারাই প্রধান সহায়।

আমাদের শাস্ত্রে গৃহস্থ-আশ্রমের উপর আরণ্য-আশ্রমের বিধি। বর্তমানকালে এই শেষের আশ্রম বাদ পড়েছে; আরণ্য-আশ্রম নেই, কিন্তু তার জায়গা জুড়েছে সাধারণ্য-আশ্রম। এখন দেশে আরণ্যক পাওয়া যায় না, কিন্তু সাধারণ্যকের সংখ্যা কম নয়। তাঁরা পারিক নামক বৃহৎ সংসারের ছোরতর সংসারী।

শেষোক্ত সংসারেও ছই দলের লোক আছেন। একদল দশকর্মা, আর-একদল অকর্মা; যাদের ইংরেজিতে লীডার বলে আমি তাঁদের বলতে চাই কর্তাব্যক্তি। কেউ বা বড়ো-কর্তা, কেউ বা মেজো-কর্তা, কেউ বা ছোটো-কর্তা। এই কর্তারা নিত্য-সভা,

নৈমিন্তিক-সভা, যুদ্ধ-সভা, প্রান্ধ-পভা প্রভৃতিতেই সর্বদাই ব্যন্ত; তা ছাড়া আছে সাময়িক পত্র, অসাময়িক পত্র, চাঁদার থাতা, বার্ষিক বিবরণী। আর, যাঁরা এই সাধারণ্য আপ্রমের কর্তাব্যক্তি নন, ক্রিয়াকর্ম তাঁদের অধীন নয়, তাঁরা থাকেন চ-বৈ-তৃ-হি নিয়ে; যত রক্ষ ক্রোড়াতাড়া দেওয়ার কাজে তাঁদের ডাক; হঠাৎ ফাঁক পড়লে সেই ফাঁক উপন্থিতমতো তাঁরা প্রণ করে থাকেন। তাঁরা ভলানীয়ারি করেন, চৌকি সান্ধান, চাঁদা সাধেন, করতালিঘাতে সভার উৎসাহবৃদ্ধি করেন, কথনো বা অপঘাতে সভার অকাল-সমাপ্তি-সাধনেও যোগ দেন।

পাব্লিক শহরে কর্ত্পদ হাটে ঘাটে মেলে না, আর সাবধানে তাদের ব্যবহার করতে হয়। কিন্তু অব্যয় পদের ছড়াছড়ি— এই জ্বন্তে অব্যয়ের অপব্যয় সর্বদাই ঘটে। কোথাও কিছু নেই, হঠাং ছন্দপ্রণের কাজে তাদের অহানে তলব পড়ে; তাতে মাত্রা রক্ষা হয় এই মাত্র, তার বেশি কিছু না; যেন কুলীনকন্তার কলাগাছের সঙ্গে বিবাহ দেওয়া।

বর্তমান বন্ধদে আমার জীবনের প্রধান সংকট এই ষে, যদিচ স্বভাবত আমি আরণ্যক তব্ আমার কর্মহানের কুগ্রহ সকৌতৃকে আমাকে সাধারণ্যক করে দাঁড় করিয়েছেন। দীর্ঘকাল আমার জীবন কেটেছে কোণে, কাব্যরচনায়; কথন একসময় বিধাতার খেরালের থেয়া আমাকে পৌছে দিয়েছে জনতার ঘাটে— এথন অকাব্যসাধনে আমার দিন কাটছে। এখন আমি পাব্লিকের কর্মক্ষেত্রে। কিন্তু হাঁস যথন চলে তখন তার নড়বড়ে চলন দেখেই বোঝা যায় তার পাশ্বের তেলো ডাঙায় চলবার জল্তে নয়, জলে সাঁতার দেবার জল্তেই। তেমনি পাব্লিক ক্ষেত্রে আমার পদচারণভঙ্গি আমার অভ্যাস-লোবে অথবা বিধাতার রচনাগুণে আজ্ব পর্যন্ত বেশ স্কুসংগত হয় নি।

এখানে কর্তৃপদে আমার যোগ্যতা নেই, যাকে অব্যয়পদ বলেছি তার কাজেও পদে পদে বিপদ ঘটে। ভলানীয়ারি করবার বয়স গেছে ; ছদিনের তাড়নায় চাদার থাতা নিয়ে ধনপতিদের অর্গলবন্ধ ঘারে অনর্গল ঘূরে বেড়াতে হয়, তাতে অক্ষপাত যা হয় তার চেয়ে অক্ষপাত হয় অনেক বেশি। তার পরে, গ্রন্থের ভূমিকা লেখবার জন্তে অক্সরোধ আসে ; গ্রন্থকার অভিমতের দাবি করে গ্রন্থ পাঠান ; কেউ বা অনাবশুক পত্র লেখেন, ভিতরে মান্তল দিয়ে দেন জ্বাব লেখবার জন্তে আমাকে দায়ী করবার উদ্দেশ্তে ; নবপ্রস্থত কুমারকুমারীদের পিতামাতারা তাঁদের সন্তানদের জন্তে অভ্তপূর্ব নৃতন নাম চেয়ে পাঠান ; সম্পাদকের তাগিদ আছে ; পরিণয়োৎস্ক যুবকদের জন্তে নৃতন-রচিত গান চাই ; কী উপায়ে নোবেলপ্রাইজ অর্জন করতে হয় সে সম্বন্ধে পরামর্শের আবেদন আদে, দেশের হিতচেটায় পত্রলেখকের সঙ্গে কেন আমার মতের কিছুমাত্র পার্থকা

ঘটে তার জ্বাবদিহির জন্মে সাকোশ তলব পড়ে। এই-সমন্ত উত্তেজনায় প্রতিনিয়ত বে সকল কর্ম জমিয়ে তুলছি আবর্জনামোচনে কালের সমার্জনী মুপটু বলেই বিধাতার কাছে সেজক্রে মার্জনা আশা করি। সভাকত ত্বের কাজেও মাঝে মাঝে আমার ভাক পড়ে। যথন একান্ত কাব্যরসে নিময় ছিল্ম তথন এ বিপদ আমার ছিল না। রাধালকে কেউ তুলেও রাজসিংহাসনে আমন্ত্রণ করে না, এইজন্তেই বটতলায় সে বাঁশি বাজাবার সময় পায়। কিন্তু, যদি দৈবাং কেউ করে বসে, তা হলে পাঁচনিকে রাজদণ্ডের কাজে লাগাতে গিয়ে রাধালি এবং রাজত্ব হুয়েরই বিদ্ব ঘটে। কাব্যসরস্বতীর সেবক হয়ে গোলেমালে আদ্ধ গণপতির দরবারের তকমা পরে বসেছি; তার ফলে কাব্যসরস্বতী আমাকে প্রায় জ্বাব দিয়েছেন, আর গণপতির বাহনটি আমার সকল কাজেরই ছিল্র অন্তেখণ করছেন।

ফরমাশের শরশযাশায়ী হবার ইচ্ছা আমার কেন নেই, সেই কথাটা এই উপলক্ষে জানালুম। যেথানে দশে মিলে কাজ সেথানে আমার অবকাশের সব গোরু বাছের বেচে থাজনা জোগাবার তলবে কেন আমি সিভিল অথবা আন্সিভিল ডিস্-ওবিডিয়েন্সের নীতি অবলম্বন করতে চেষ্টা করি তার একটা কৈফিয়ত দেওয়া গেল। সব সময়ে অহুরোধ উপরোধ এড়িয়ে উঠতে পারি নি, তার কারণ আমার স্থভাব হুর্বল। পৃথিবীতে ধারা বড়োলোক তাঁরা রাশভারি শক্তলোক; মহৎ সম্পদ অর্জন করবার লক্ষ্যপথে ধথাযোগ্য স্থানে যথোচিত দৃঢ়তার সঙ্গে "না" বলবার ক্ষমতাই তাঁদের পাথেয়। মহৎ সম্পদকে রক্ষা করবার উপলক্ষে রাশভারি লোকেরা "না"-ময়ের গণ্ডিটা নিজের চারি দিকে ঠিক জায়গায় মোটা করে টেনে দিতে পারেন। আমার দে মহন্ত নেই, পেরে উঠি নে; হাঁ-না ছুই নৌকার উপর পা দিয়ে ছলতে ছলতে হুঠাৎ অগাধ জলের মধ্যে গিয়ে পড়ি। তাই একান্ত মনে আজ প্রার্থনা করি, "ওগো না-নৌকোর নাবিক, আমাকে জারের সঙ্গে তোমার নৌকোয় টেনে নিয়ে একেবারে মাঝদরিয়ায় পাড়ি দাও— অকাজের ঘাটে আমার তলব আছে, দোটানায় পড়ে যেন বেলা বয়ে না যায়।"

## २०८७ (मर्ल्डिश्वत ) ३२ 8

কাল সমস্ত দিন জাহাজ মাল বোঝাই করছিল। রাত্রে যথন ছাড়ল তথন বাতাসের আক্ষেপ কিছু শাস্ত। কিন্তু, তথনো মেদগুলো দল পাকিয়ে বুক ফুলিয়ে বেড়াচ্ছে। আজ সকালে একথানা ভিজে অন্ধকারে আকাশ ঢাকা। এবার আলোকের অভিনন্দন পেলুম না। শরীরমনও ক্লাস্ত।

জাহাজটা তীর থেকে যেন একটুকরো সংসার ছিন্ন করে নিয়ে ভেসে চলেছে।

ডাঙায় মাহুষে মাহুষে কাঁক থাকবার অবকাশ আছে; এথানে জারগা জ্ঞা, ঘেঁ বার্ঘে বি করে থাকতে হয়। কিন্তু, তবু পরস্পর পরিচয় কত কঠিন। প্রত্যেকবার জাহাজে ওঠবার আগে এই চিন্তাটি মনকে পীড়া দেয়, এই নৈকট্যের দূর্ঘ, এই সঙ্গবিহীন সাহচর্য।

আদিম অবস্থায় মাহ্রষ যে-বাসা বাঁধে তার দেয়াল পাতলা; তার ছিটে বেড়ায় যথেষ্ট ফাঁক, ঝাঁপটা ঠেলে ফেলে ঘরে ঢোকা সহজ। কালক্রমে বাসা বাঁধবার নৈপুণ্য তার যতই বেড়ে ওঠে, ততই ইটকাঠ লোহাপাথরে ঘরের দেয়াল পাকা হয়ে ওঠে, দরজা হয় মজবৃত। তার মধ্যে মনের অভ্যেসগুলো হয়ে যায় পাঁচিলে ঘেরা। খাওয়া-পরা শোওয়া-বসা সব-কিছুর জন্মই আড়ালের দরকার হয়। এই আড়ালটা সভ্যতার সর্বপ্রধান অক। এইটেকে রচনা ও রক্ষা করতে বিস্তর বরচ লাগছে। ঘর-বাহিরের মার্যথানে মাহ্র্যের সহজ-চলাচলের রাস্তায় পদে-পদে নিষেধ।

প্রত্যেক মাহ্নবের একটা সহজ বেড়ার দরকার আছে, নইলে ভিড়ের টানে দশের সঙ্গে মিশে গেলে নিজের বিশেষত্বের সম্পদ ব্যর্থ হয়ে যায়। নিজেকে বিচ্ছিন্ন না করলে নিজেকে প্রকাশ করাই যায় না। বীজ আপনাকে প্রকাশ করবার জন্মই মাটির ভিতরে আড়াল থোঁজে; ফল আপনাকে পরিণত করবার জন্মই বাহিরের দিকে একটা খোসার পর্দা টেনে দেয়। বর্ণর অবস্থায় মাহ্নবের ব্যক্তিগত বিশেষত্বের জ্ঞার থাকে না, তার কাজও থাকে কম। এইজন্মেই ব্যক্তি বিশেষের গোপনভার পরিবেষ্টন স্পষ্ট হয়ে ওঠে তার সভ্যতার উৎকর্ষের সঙ্গে সঙ্গে।

কিন্ধ, এই বেড়া জিনিসটার আত্মপ্রাধান্তবোধ ক্রমেই অতিমাত্র বাড়তে থাকে। তথন মাহুষের সঙ্গে মাহুষের মিলনে যে একান্ত প্রয়োজন আছে, সেটা বাধাগ্রন্ত হয়ে অনভ্যন্ত হয়ে ওঠে। সেই আতিশ্যাটাই হল বিপদ।

এই মারাত্মক বিপদটা কোন্ অবস্থায় ঘটে। ভোগের আদর্শ অপরিমিত বেড়ে উঠে মাহ্যের যথন বিস্তর উপকরণের প্রয়োজন, যথন অক্তের জত্মে তার সময় ও সমন থরচ করবার বেলায় বিস্তর হিসেব করা অনিবার্য, যথন তার জীবিকার উপাদান উৎপাদন করবার জল্পে প্রভৃত আয়োজন চাই, তথন তার সভ্যতার বাহনবাহিনীর বিপ্লতায় তার লোকালয় অতি প্রকাশু হয়ে ওঠে। জনতার পরিমিত আয়তনেই মাহ্যের মধ্যে আত্মীয়তার ঐক্য সম্ভবপর। তাই পল্লীর অধিবাসীরা কেবল যে একত্র হয় তা নয়, তারা এক হয়। শহরের অতিরহৎ জনসমাবেশ আপন অতিবিস্তীর্ণ অক্ত্রতাক্ষের মধ্যে এক-আত্মীয়তার রক্ত্রশ্রেত সঞ্চারিত করবার উপযুক্ত হৎপিও তৈরি করে উঠতে পারে না। প্রকাশু জনসক্ষ্য কান্ধ চালাবারই যোগ্য, আত্মীয়তা

চালাবার নয়। কারখানা ঘরে হাজার লোকের মজুরি দরকার, পরিবারের মধ্যে হাজার লোকের জটলা হলে তাকে আর গৃহ বলে না। যন্তের মিলন ষেখানে সেখানে আনক লোক, আর অন্তের মিলন ষেখানে সেখানে লোকসংখ্যা কম। তাই শহর মানুষকে বাহিরের দিকে কাছে টানে, অন্তরের দিকে ফাক ফাক করে রাখে।

আমরা আজনকাল সেই দেয়াল-কোটরে ভাগে ভাগে বিভক্ত সভ্য মান্তব। হঠাৎ এসে ঠেসাঠেসি করে মিলেছি এক জাহাজে। মেলবার অভ্যেস মনের মধ্যে নেই। তীর্থে ধারা দল বেঁধে রাস্তায় চলে মিলতে তাদের সময় লাগে না; তারা গাঁয়ের লোক, মেলাই তাদের অভ্যেস। সার্থবাহ ধারা মকর মধ্য দিয়ে উটে চড়ে চলে তারাও মনকে নীরব আড়ালের বৃর্ধা দিয়ে ঢেকে চলে না; তাদের সভ্যতা ইট-পাথরে অমিলকে পাকা করে গেঁথে তোলে নি। কিন্তু, স্তীমারের যাত্রী, রেলগাড়ির প্যাসেঞ্চার বাড়ি থেকে ধধন বেরিয়ে আদে তাদের দেয়ালগুলোর স্ক্র শরীর তাদের সঙ্গেই চলতে থাকে।

তাই দেখি, শহরের কলেজে-পড়া ছেলে হঠাং দেশাত্মবোধের তাড়ায় যথন খামকা পল্লীর উপকার করতে ছোটে তথন তারা পল্লীবাসীর পাশে এসেও কাছে আসতে পারে না। তারা বেড়ার ভিতর দিয়ে কথা কয়, পল্লীর কানে বাজে যেন আরবি আওড়াচ্ছে।

যা হোক, যদিও শহরে সভ্যতার পাকে আমাদেরকেও খুব কষে টান দিয়েছে, তবু
মনের গ্রাম্য অভ্যেস এখনো যায় নি। সময়কে বলতে আরম্ভ করেছি, মূল্যবান, কিন্তু
কেউ যদি সে-মূল্য গ্রাহ্ম না করে তাকে ঠেকিয়ে রাধবার কোনো ব্যবহা আন্তও তৈরি
হয় নি। আমাদের আগন্তকবর্গ অভিমন্থার মতো অভি সহক্রেই ঘরে প্রবেশ করতে
জানেন, কিন্তু নির্গমনের পথ যে তাঁরা জানেন সে তাঁদের ব্যবহারে বোঝা যায় না।
অভ্যন্ত বেগার লোককেও যদি বলা যায়, "কান্ত আছে", সে বলে "ইস! লোকটা ভারি
অহংকারী"। অর্থাৎ, তোমার কান্সটা আমাকে দেখা দেওয়ার চেয়েও মহার্য, এ কথা
মনে করা স্পর্ধা।

অন্ত গরীরে একদিন আমার তিন-তলার ঘরে অর্ধশয়ান অবস্থায় একটা লেথায়
নিযুক্ত আছি। আমি নিতাস্তই মৃত্বভাবের মান্ত্রষ ব'লেই আমার সেই অন্তরের
ঘরটাকেও আমার বন্ধু, অনতিবন্ধু ও অবন্ধুরা তুর্গম বলে গণ্য করেন না। এইটুকুমাত্র
স্থবিধা যে, পথটা পুরবাসীদের সকলেরই জানা নেই। থবর এল, একটি ভদ্রলোক
দেখা করতে এসেছেন। অস্বাস্থ্য বা ব্যস্ততার ওজরকে আমাদের ভদ্রলোকেরা শ্রদ্ধা
করেন না, তাই দীর্ঘনিশ্বাদ ফেলে লেখা বন্ধ করে নীচে গেলুম। দেখি, একজন কাঁচা-

বন্ধশের যুবক; হঠাৎ তার চাদরের অক্কাতবাস থেকে একটা মোটা-গোছের থাতা বেরল। বুঝলুম, আমারই আপন সম্প্রদায়ের লোক। কবিকিশোর একটুথানি হেসে আমাকে বললে, "একটা অপেরা লিথেছি।" আমার মুখে বোধ হয় একটা পাংশুবর্ণ ছায়া পড়ে থাকবে, তাই হয়তো আশাস দেবার জন্তে বলে উঠল, "আপনাকে আর কিছুই করতে হবে না, কেবল গানের কথাগুলোতে হুর বসিয়ে দেবেন, সবহুদ্ধ পঁচিদটা গান।" কাতর হয়ে বললুম, "সময় কই!" কবি বললে, "আপনার কতটুকুই বা সময় লাগবে। গান-পিছু বড়ো-জোর আধ ঘণ্টাই হোক।" সময় সম্বন্ধে এর মনের শুলার্থ দেখে হতাশ হয়ে বললুম, "আমার শরীর অহুদ্ধ।" অপেরা-রচয়িতা বললে, "আপনার শরীর অহুদ্ধ, এর উপরে আর কী বলব! কিছু বদি—"। বুঝলুম প্রবীণ ডাক্তারের সাটিফিকেট আনলেও নবীন কবি বিচলিত হবে না। কোনো একজন ইংরেজ গ্রন্থকারের ঘরে এই নাট্যের অবতারণা হলে কোন্ ফৌজ্লারিতে তার ঘ্রনিকাপতন হত, সে-কথা মনে করলেও শরীর রোমাঞ্চিত হয়।

মাহ্যের ঘরে "দর ওয়াজা বন্ধ্ " এ কথাটিও কটু, আর তার ঘরে কোথাও পর্দা নেই এটাও বর্বরতা। মধ্যম পদ্ধাটাই দেখি সহজে খুঁজে পাওয়া যায় না। ছই বিরুদ্ধ শক্তির সমন্বয়েই সৃষ্টি, তাদের একাস্ত বিচ্ছেদেই প্রলম্ম, মাহ্য নিজের ব্যবহারক্ষেত্রে এইটেই কেবলই ভোলে আর মার খেয়ে মরে।

স্থের উদয়ান্ত আত্মও বাদলার ছায়ায় ঢাকা পড়ে রইল। মেঘের থলিটার মধ্যে স্থপণ আকাশ তার সমন্ত সোনার আলো এ টে বন্ধ করে রেখেছে।

২৬শে সেপ্টেম্বর ১৯২৪

আজ ক্ষণে ক্ষণে রৌদ্র উকি মারছে, কিছু সে ধেন তার গারদের গরাদের ভিতর থেকে। তার সংকোচ এখনো ঘূচল না। বাদল-রাজের কালো-উদি-পরা মেঘগুলো দিকে দিকে টহল দিয়ে বেড়াচ্ছে।

আছের স্থের আলোয় আমার চৈতন্তের শ্রোতিমিনীতে যেন ভাঁটা পড়ে গেছে। জোয়ার আসবে রৌদ্রের সঙ্গে সঙ্গে।

পশ্চিমে, বিশেষত আমেরিকায় দেখেছি, বাপমায়ের সঙ্গে অধিকাংশ বয়স্ক ছেলে-মেয়ের নাড়ীর টান ঘূচে গেছে। আমাদের দেশে শেষ পর্যস্তই সেটা থাকে। তেমনিই দেখেছি, সূর্যের সঙ্গে মাস্কুষের প্রাণের যোগ সে-দেশে তেমন যেন অন্তরক্ষভাবে অন্তর্ভব করে না। সেই বিরলরোক্রের দেশে ভারা ঘরে সূর্যের আলো ঠেকিয়ে রাখবার জন্তে যথন পর্দা, কখনো বা অর্থেক কখনো বা সম্পূর্ণ নামিয়ে দেয় তখন সেটাকে আমি উদ্ধৃত্য বলে মনে করি।

প্রাণের খোগ নয়তো কী। সুর্যের আলোর ধারা তো আমাদের নাড়ীতে নাড়ীতে বইছে। আমাদের প্রাণমন, আমাদের রূপরস, সবই তো উৎসরপে রয়েছে ওই মহাজ্যাতিক্বের মধ্যে। সৌরজগতের সমস্ত ভাবীকাল একদিন তো পরিকীর্ণ হয়ে ছিল ওরই বহ্নিবাম্পের মধ্যে। আমার দেহের কোষে কোষে ওই তেজই তো শরীরী, আমার ভাবনার তরকে তরকে ওই আলোই তো প্রবহমান। বাহিরে ওই আলোরই বর্ণচ্ছটায় মেঘে মেঘে পত্রে পূম্পে পৃথিবীর রূপ বিচিত্র; অন্তরে ওই তেজই মানসভাব ধারণ করে আমাদের চিস্তায় ভাবনায় বেদনায় রাগে অন্তরগে রঞ্জিত। সেই এক জ্যোতিরই এত রঙ, এত রূপ, এত ভাব, এত রস। ওই যে-জ্যোতি আঙ্রুরের গুচ্ছে গুচ্ছে এক-এক চুমুক মদ হয়ে সঞ্চিত সেই জ্যোতিই তো আমার গানে গানে স্থর হয়ে পৃঞ্জিত হল। এখনই আমার চিন্ত হতে এই যে চিন্তা ভাষার ধারায় প্রবাহিত হয়ে চলেছে, সে কি সেই জ্যোতিরই একটি চঞ্চল চিন্ময়ম্বরূপ নয় যে-জ্যোতি বনম্পতির শাধায় শাধায় শুরু ওয়ারধ্বনির মতো সংহত হয়ে আছে।

হে স্থা, তোমারই তেজের উৎসের কাছে পৃথিবীর অন্তর্গৃত প্রার্থনা ঘাস হয়ে, গাছ হয়ে আকাশে উঠছে, বলছে, জয় হোক! বলছে, অপার্ণু, ঢাকা খুলে দাও! এই ঢাকা-খোলাই তার প্রাণের লীলা, এই ঢাকা-খোলাই তার ফুলফলের বিকাশ। অপার্ণু, এই প্রার্থনারই নিঝ্রধারা আদিম জীবাণু থেকে যাত্রা করে আজ্ব মাম্বরের মধ্যে এসে উপস্থিত, প্রাণের ঘাট পেরিয়ে চিত্তের ঘাটে পাড়ি দিয়ে চলল। আমি তোমার দিকে বাহু তুলে বলছি, হে প্যন্, হে পরিপূর্ণ, অপার্ণু, তোমার হিরণ্য় পাত্রের আবরণ খোলো, আমার মধ্যে যে গুহাহিত সত্য তোমার মধ্যে তার অবারিত জ্যোতিঃস্বরূপ দেখে নিই। আমার পরিচয় আলোকে আলোকে উদ্ঘাটিত হোক।

২৭শে সেপ্টেম্বর ১৯২৪

আজ মেঘ সম্পূর্ণ কেটে গেছে। আলোকের দাক্ষিণ্য আজ্ঞ আকাশে বিস্তীর্ণ, রৌদ্রচকিত সমৃদ্রের তরকে তরকে আজ্ঞ আমন্ত্রণের ইন্ধিত। স্থরলোকের আতিথ্য থেকে আজ্ঞ একটুও বঞ্চিত হতে ইচ্ছা করছে না।

আজকের দিনে কি ভায়ারি লিখতে একটুও মন সরে। ভায়ারি লেখাটা ক্বপণের কাজ। প্রতিদিন থেকে ছোটোবড়ো কিছুই নষ্ট না হোক, সমস্তই কুড়িয়ে-কুড়িয়ে রাখি, এই ইচ্ছে ওতে প্রকাশ পায়। ক্বপণ এগতে চায় না। আগলাতে চায়।

বিধাতা আমাকে মন্ত একটি বর দিয়েছেন, সে হচ্ছে আমার অসামান্ত বিশ্বরণ-শক্তি। সংবাদের ভাণ্ডার্মরের জিম্মে তিনি আমার হাতে দেন নি। প্রহ্রীর কাজ আমার নয়; আমাকে আমার মনিব প্রহরে প্রহরে ভূলে ধাবার অধিকার দিয়েছেন।

ভূলে যেতে দেওয়া যদি হারিয়ে যেতে দেওয়া হত তা হলে তিনি তেমন বিষম ভূল করতেন না। বসস্ত বারে বারেই তার ফুলের সমারোহ ভুলে গিয়ে শৃগুসাঞ্জি হাতে ष्मग्रमन्य হয়ে উত্তরের দিকে চলে যায়; সেই ভুলের ফাঁকা রাস্তা দিয়েই ফুলের দল তাদের নবজন্মের সিংহ্নার খোলা পায়। আমার চৈতন্তের উপরের তলায় আমি এত বেশি ভুলি যে, তাতে আমার প্রতিদিনের জীবনধাত্রায় ভারি অম্ববিধা হয়। কিন্তু, আমার ভোলা সামগ্রীগুলো চৈতন্তের রঙ্গমঞ্চ ছেড়ে নীচের তলায় নেপথ্যে এশে জড়ো হয়; সেখানে নতুন-নতুন বেশপরিবর্তনের স্থযোগ ঘটে। আমার মনটাকে বিধাতা নাট্যশালা করতে ইচ্ছা করেছেন, তাকে তিনি জাত্বর বানাতে চান না। তাই, জ্মা করে পাওয়া আমার লোকদান, হারিয়ে হারিয়ে পাওয়াই আমার লাভ। এই হারিয়ে-ষাওয়ার ভিতর দিয়ে এক ষখন আর সেক্তে এসে হাজির হয় তখন তীক্ষ শ্মরণশক্তি-ওয়ালা বৈজ্ঞানিক যদি সওয়ালজবাব করতে শুরু করে, তা হলে মুশকিল। বিশ্লেষণের চোটে বেরিয়ে পড়তে পারে, যেটাকে নতুন বলছি সেটা পুরোনো, ষেটাকে আমার বলছি সেটা আর-কারো। কিন্তু, সৃষ্টির তো এই লীলা, এই জন্মেই তো তাকে भागा वर्ल। कड़ा भाराता विभिन्न विभिन्न विभूत यि काँ एन आड़ा ए अप्रा यात्र छ। रूल বেরিয়ে পড়বে হটো অদ্ভুত বাষ্প, তাদের নাম যেমন কর্মশ তাদের মেজাজও তেমনি রাগী। কিন্তু, শিশির তবুও প্লিগ্ধ শিশির, তবুও সে মিলনের অঞ্জলের মতোই মধুর।

কথায় কথায় কথা বেড়ে যায়। বলতে যাচ্ছিল্ম, ডায়ারি লেখাটা আমার স্বভাব-সংগত নয়। আমি ভোলানাথের চেলা, ঝুলি বোঝাই করে আমি তথ্য সংগ্রহ করি নে। আমার জলাশয়ের যে-জলটাকে অন্তমনস্ব হয়ে উবে যেতে দিই সেইটেই অদৃশ্য শ্রুপথে মেঘ হয়ে আকাশে জমে, নইলে আমার বর্ষণ বন্ধ।

তা ছাড়া, আমার ব্যক্তিগত জীবনের সব সত্যকেই আমি একটিমাত্র সরকারি বাটখারা দিয়ে ওজন করতে চাই নে। কিন্তু, বিশেষ ঘটনার বিশেষ তুলাদণ্ড তৈরি হয়ে উঠতে সময় লাগে। ঘটনা যখনই ঘটে তখনই সেটাকে পাওয়া যায় না। তখন সরকারি পরিমাপের আদর্শ যেটাকে দেখায় ভারী সেটাই হয়তো হালকা, যেটাকে বৃঝি হালকা সেটাই হয়তো ভারী। দীর্ঘকালে আহুষ্টিক অনেক বাজে জিনিস ভুলে যাওয়ার ভিতর দিয়েই বিশেষ জিনিসের বিশেষ ওজন পাওয়া যায়।

ষারা জীবনচরিত লেখে তারা সমসাময়িক থাতাপত্র থেকে অতিবিশ্বাসযোগ্য তথ্য সংগ্রহ করে লেখে; সেই অচল সংবাদগুলো নিজেকে না কমাতে না বাড়াতে পারে। অথচ, আমাদের প্রাণপুরুষ তার তথ্যগুলোকে পদে পদে বাড়িয়ে-কমিয়েই এগিয়ে চলেছে। অতিবিশ্বাসযোগ্য তথ্য স্থূপাকার করে তা দিয়ে শারণগুদ্ধ হতে পারে, কিছু জীবনচরিত হবে কী করে। জীবনচরিত থেকে যদি বিশারণধর্মী জীবনটাই বাদ পড়ে তা হলে মৃতচরিতের কবরটাকে নিয়ে হবে কী। আমি যদি বোকামি করে প্রতিদিনের ভায়ারি লিখে ষেত্ম তা হলে তাতে করে হত আমার নিজের স্বাক্ষরে আমার নিজের জীবনের প্রতিবাদ। তা হলে আমার দৈনিক জীবনের সাক্ষ্য আমার সমগ্র-জীবনের সত্যকে মাটি করে দিত।

ষোবার স্বাভাবিক শক্তি কোনো কৃত্রিম বাধা পেত না। তাই তথনকার কালের মধ্যে থেকেই মামুষ আপন চিরশ্বরণীয় মহাপুরুষদের পেয়েছে। এখন হতে আমরা তথ্য কুডুনে তীক্ষবৃদ্ধি বিচারকদের হাত থেকে প্রতিদিনের মামুষকে পাব, চিরদিনের মামুষকে সহজে পাব না। বিশ্বরণের বৃহৎ ভিতরের উপর স্থাপিত মহাসিংহাসনেই কেবল বাদের ধরে, সর্বসাধারণের ঠাসাঠাসি ভিড়ে তাঁদের জন্মে জায়গা হবে না। এখন ক্যামেরাওয়ালা, ভায়ারিওয়ালা, নোটটুক্নেওয়ালা অত্যন্ত সতর্ক হয়ে চারি দিকেই মাচা বেঁধে ব'সে।

ছেলেবেলায় আমাদের অন্তঃপুরের দে-বাগানে বিশ্বপ্রকৃতি প্রত্যহই এক-একটি স্র্যোদয়কে তার নীল থালায় সাজিয়ে এক-একটি বিশেষ উপহারের মতো আমার পুলকিত হৃদয়ের মাঝখানে রেখে দিয়ে আমার মুখের দিকে চেয়ে হাসত, ভয় আছে, একদিন আমার কোনো ভাবী চরিতকার ক্যামেরা হাতে সেই বাগানের ফোটোগ্রাফ নিতে আসবে। সে অরসিক জানবেই না, সে-বাগান সেইখানেই ষেখানে আছে ইদেনের আদিম স্বর্গোগ্যান। বিশ্বাস্থাগ্য তথ্যের প্রতি উদাসীন আর্টিস্ট সেই স্বর্গে যেতেও পারে, কিন্তু কোনো ক্যামেরাওয়ালার সাধ্য নেই সেখানে প্রবেশ করে— ছারে দেবদৃত দাঁড়িয়ে আছে জ্যোতির্যয় ধড়া হাতে।

এত বৃদ্ধি যদি আমার, আর এত ভয়, তবে কেন ডায়ারি লিখতে বসেছি। সে-কথা কাল বলব।

### ২৮শে সেপ্টেম্বর ১৯২৪

যখন কলম্বোতে এসে পৌছলুম রৃষ্টতে দিগদিগন্তর ভেসে যাচ্ছে। গৃহদ্বের ঘরে ধেদিন শোকের কান্না, ধেদিন লোকসানের আলোড়ন, সেদিন ভার বাড়িতে আগস্ককদের অধিকার থাকে না। কলম্বোর অশান্ত আকাশের আভিথ্য সেদিন আমার কাছে ভেমনি সংকৃচিত হয়ে গিয়েছিল, মনটা নিজেকে বেশ মেলে দিয়ে বসবার জায়গা পাজিল না। বাহির জগতের প্রথম গেটটার কাছেই অভ্যর্থনায় উদার্যের অভাব দেখে মনে

ছল, আমার নিমন্ত্রণের ভূমিকাতেই কোন্ কুগ্রহ এমন করে কালি ঢেলে দিলে। দরজাটা খোলা থাকলে হবে কী, নিমন্ত্রণকর্তার মুখে যে হাসি নেই।

এমন সময়ে এই বিমর্থ দিনের বিম্থতার মধ্যে একটি বাঙালি বরের বালিকার একখানি চিঠি পাওয়া গেল। এই বালিকাই কিছুকাল পূর্বে আমার শিলঙবাসের একটি পছময় বর্ণনার জকরি দাবি করে তাড়া দিয়েছিল। সে দাবি আমি অগ্রাহ্ম করি নি। এবার সে আমার এই প্রবাসধাত্রায় মঙ্গলকামনা জানিয়েছে। মনে হল, বাঙালি মেয়ের এই শুভ-ইচ্ছা আমার আক্রকের দিনের এই বদ্মেজাজি ভাগ্যটাকে অসুকৃল করে তুলবে।

পুরুষের আছে বীর্য আর মেয়েদের আছে মাধুর্য, এ কথাটা সব দেশেই প্রচলিত।
আমরা তার সঙ্গে আরো একটা কথা যোগ করেছি, আমরা বলি মেয়েদের মধ্যে মঞ্চল।
অন্নষ্ঠানের যে সকল আয়োজন, যে সকল চিহ্ন শুভ স্চনা করে, আমাদের দেশে তার
ভার মেয়েদের উপর। নারীশক্তিতে আমরা মধুরের সঙ্গে মঞ্চলের মিলন অন্নভব
করি। প্রবাসে যাত্রায় বাপের চেয়ে মায়ের আশীর্বাদের জাের বেশি ব'লে জানি। মনে
হয়, যেন ঘরের ভিতর থেকে মেয়েদের প্রার্থনা নিয়ভ উঠছে দেবতার কাছে, ধৃপপাত্র
থেকে হুগদ্ধি ধৃপের ধােয়ার মতাে। সে-প্রার্থনা তাদের সিঁছরের ফোঁটায়, তাদের
কয়ণে, তাদের উলুধ্বনি-শন্ধ্বনিতে, তাদের ব্যক্ত এবং অব্যক্ত ইচ্ছায়। ভাইয়ের
কপালে মেয়েরাই দেয় ভাইফোঁটা। আমরা জানি, সাবিত্রীই মৃত্যুর হাত থেকে স্বামীকে
ফিরিয়েছিল। নারীর প্রেমে পুরুষের কেবল যে আনন্দ তা নয়, তার কল্যাণ।

তার মানে, আমরা একরকম ক'রে এই বৃঝেছি, প্রেম জিনিসটা কেবল যে একটা ফাদেরের ভাব তা নয়, সে একটা শক্তি, যেমন শক্তি বিশ্বের ভারাকর্ষণ। সর্বত্রেই সে আছে। মেয়েদের প্রেম সেই বিশ্বপক্তিকে সহজে নাড়া দিতে পারে। বিফুর প্রকৃতিতে বে প্রেমের শক্তি বিশ্বকে পালন করছে সেই শক্তিই তো লক্ষ্মী, বিষ্ণুর প্রেয়সী। লক্ষ্মী সম্বন্ধে আমাদের মনে যে ভাবকলনা আছে তাকে আমরা প্রত্যক্ষ দেখি নারীর আদর্শে।

লক্ষীতে সৌন্দর্য হচ্ছে পরিপূর্ণতার লক্ষণ। স্বষ্টতে যতক্ষণ দিধা থাকে ততক্ষণ স্থান্দর দেখা দেয় না। সামঞ্জু যখন সম্পূর্ণ হয় তখনই স্থানরের আবির্ভাব।

পুরুষের কর্মপথে এখনো তার সন্ধানচেষ্টার শেষ হয় নি। কোনো কালেই হবে না। অঞ্চানার মধ্যে কেবলই সে পথ খনন করছে, কোনো পরিণামের প্রান্তে এসে আজও সে অবকাশ পেলে না। পুরুষের প্রকৃতিতে স্পষ্টকর্তার তুলি আপন শেষ রেখাটা টানে নি। পুরুষকে অসম্পূর্ণই থাকতে হবে।

নারীপ্রকৃতি আপনার হিতিতে প্রতিষ্ঠ। সার্থকভার সন্ধানে তাকে ঘূর্গম পথে ১৯॥২৫ ছুটতে হয় না। জীবপ্রকৃতির একটা বিশেষ অভিপ্রায় তার মধ্যে চরম পরিণজি পেয়েছে। সে জীবধাত্রী, জীবপালিনী; তার সম্বদ্ধে প্রকৃতির কোনো দ্বিধা নেই। প্রাণস্ঞ প্রাণপালন ও প্রাণতোষণের বিচিত্র ঐশর্ষ তার দেহে মনে পর্যাপ্ত। এই প্রাণস্ঞ নিভাগে পুরুষের প্রয়োজন অভ্যয়, এইজন্তে প্রকৃতির একটা প্রবল তাগিদ থেকে পুরুষ মৃক্ত। প্রাণের ক্ষেত্রে ছুটি পেয়েছে ব'লেই চিত্তক্ষেত্রে সে আপন স্ঞ কার্যের পত্তন করতে পারলে। সাহিত্যে কলায় বিজ্ঞানে দর্শনে ধর্মে বিধিব্যবস্থায় মিলিয়ে যাকে আমরা সভ্যতা বলি সে হল প্রাণপ্রকৃতির পালাতক ছেলে পুরুষের স্পষ্টি।

তানের বেগে চঞ্চল গান তার স্থরসজ্যের প্রবাহ বহন করে ছোটবার সময় বেমন
নিজের কল্যাণের জন্মেই একটা মূল লয়ের মূল স্থরের দ্বিতির দিকে সর্বদাই ভিতরে
ভিতরে লক্ষ্য রাখে, তেমনি গতিবেগমত্ত পুরুষের চলমান স্বাষ্ট সর্বদাই দ্বিতির একটা
মূল স্থরকে কানে রাখতে চায়; পুরুষের শক্তি তার অসমাপ্ত সাধনার ভার বহন ক'রে
চলবার সময় স্থলরের প্রবর্তনার অপেক্ষা রাখে। সেই দ্বিতির ফুলই হচ্ছে নারীর
মাধুর্য, সেই দ্বিতির ফলই হচ্ছে নারীর মাঙ্গল্য, সেই দ্বিতির স্থরই হচ্ছে নারীর
শীসৌন্দর্য।

নারীর ভিতর দিয়ে বিচিত্র রসময় প্রাণের প্রবর্তনা যদি পুরুষের উচ্চমের মধ্যে সঞ্চারিত হবার বাধা পায় তা হলেই তার স্পষ্টতে যদ্ধের প্রাধান্ত ঘটে। তথন মাছ্রুষ আপনার স্পষ্ট যদ্ধের আঘাতে কেবলই পীড়া দেয়, পীড়িত হয়।

এই ভাবটা আমার রক্তকরবী নাটকের মধ্যে প্রকাশ পেয়েছে। যক্ষপুরে পুরুষের প্রবল শক্তি মাটির তলা থেকে দোনার সম্পদ ছিন্ন করে আনছে। নিষ্ঠুর সংগ্রহের লুব্ধ চেষ্টার তাড়নায় প্রাণের মাধুর্য সেখান থেকে নির্বাসিত। সেখানে জটিলতার জালে আপনাকে আপনি জড়িত করে মাহ্যষ বিশ্ব থেকে বিচ্ছিন্ন। তাই সে ভূলেছে সোনার চেয়ে আনন্দের দাম বেশি; ভূলেছে, প্রতাপের মধ্যে পূর্ণতা নেই, প্রেমের মধ্যেই পূর্ণতা। সেখানে মাহ্যুষকে দাস করে রাখবার প্রকাণ্ড আয়োজনে মাহ্যুষ নিজেকেই নিজে বন্দী করেছে।

এমন সময়ে সেধানে নারী এল, নন্দিনী এল; প্রাণের বেগ এসে পড়ল ষদ্রের উপর; প্রেমের আবেগ আঘাত করতে লাগল লুব্ধ হন্দেষ্টার বন্ধনজালকে। তথন সেই নারী-শক্তির নিগৃঢ় প্রবর্তনার কী করে পুরুষ নিজের রচিত কারাগারকে ভেঙে ফেলে প্রাণের প্রবাহকে বাধাযুক্ত করবার চেষ্টায় প্রবৃত্ত হল, এই নাটকে তাই বণিত আছে।

(य कथांछ। रलाउ एक करति छन्म तम इटाइ अहे त्य श्रूकरयत व्यथा रमाया क्यांथा छ।

শমাণ্ডি নেই, এইজন্তেই স্থানি স্থারনের জন্তে তার অধ্যবদায়ের মধ্যে একটা প্রবল তৃষ্ণা আছে। মেয়েদের হাদয়ের মাধ্র্য এই রসই তাকে পান করায়। প্রথবের সংসারে কেবলই চিন্তার ঘন্দ, সংশয়ের দোলা, তর্কের সংঘাত, ভাঙাগড়ার আবর্তন— এই নিরস্তর প্রয়াসে তার ক্ষ্ম দোলায়িত চিন্ত প্রাণলোকের সরল পরিপূর্ণতার জন্তে ভিতরে ভিতরে উৎস্ক হয়ে থাকে। মেয়েদের মধ্যে সেই প্রাণের লীলা। বাতাসে লতার আন্দোলনের মতো, বসন্তের নিকৃষ্ণে ক্ল ফোটবার মতোই এই লীলা সহন্দ, স্বতংক্ত্ ; চিন্তার্লিষ্ট চিন্তের পক্ষে পূর্ণতার এই প্রাণময়ী মূতি নিরতিশন্ধ রমণীয়। এই স্থসমাপ্তির সৌন্দর্য, এই প্রাণের সহন্দ বিকাশ পূরুষের মনে কেবল যে তৃপ্তি আনে তা নয়, তাকে বল দেয়, তার স্পট্টকে অভাবনীয় রূপে উদ্ঘাটিত করে দিতে থাকে। আমাদের দেশে এইজন্তে পৃরুষের সাধনায় মেয়েকে শক্তি বলে স্বীকার করে। কর্মের প্রকাশ্ত ক্লেরে এই শক্তিকে দেখি নে; ফুলকে দেখি প্রত্যক্ষ কিন্তু যে গৃঢ় শক্তিতে সেয়ের শক্তি ফোটায় তাকে কোথাও ধরা-ছোঁওয়া যায না। পৃরুষের কীর্তিতে মেয়ের শক্তি তেমনি নিগৃঢ়।

### २२८म (म्राल्टेश्व >३२८

যে মেয়েটি আমাকে শুভ-ইচ্ছা জানিয়ে চিঠি লিখেছিল তার চিঠিতে একটি অমুরোধ ছিল, "আপনি ডায়ারি লিখবেন।" তখনই জ্বাব দিলুম, "না, ডায়ারি লিখব না।" কিছ, মুখ দিয়ে একটা কথা বেরিয়ে গেছে ব'লেই যে সেই কথাটা অটল সত্যের গৌরব লাভ করবে এতবড়ো অহংকার আমার নেই।

তার পর চিক্সিশে তারিখে জাহাজে উঠলুম। বাদলার হাওয়া জারো ফেন রেগে উঠল; সে ঘেন একটা অনুশ্র প্রকাণ্ড সাপের মতো জাহাজটার উপর ক্ষণে-ক্ষণে-ছোবল মেরে কোঁস কোঁস করতে লাগল। যথন দেখলুম তুর্দিবের ধাক্কায় মনটা হার মানবার উপক্রম করছে তথন তেড়ে উঠে বললুম, "না, ভায়ারি লিখবই।" কিন্তু, লেখবার জাছে কী। কিছুই না, যা-তা লিখতে হবে। সকল লেখার সেরা হচ্ছে যা-তা লেখা। যথেচ্ছাচারের অধিকার রাজার অধিকার।

বিশেষ কোনো-একজনকে চিঠি লেখবার একটা প্রচ্ছন্ন বীথিকা যদি সামনে পাওয়া বেত তা হলে তারই নিভূতছায়ার ভিতর দিয়ে আমার নিক্দেশ বাণীকে অভিসারে পাঠাতুম। কিন্তু সে বীথিকা আজ নেই। তাই অপরিচিত ক্যাবিনে আলো জেলে নিজের কাছেই নিজে বকতে বসন্ম। আলাপের এই অবৈতরপ আমার পছন্দসই নয়। সংসারে যথন মনের মতো বৈত তুর্গভ হয়ে ওঠে তখনই মাহ্য অবৈতসাধনায় মনকে ভূলিয়ে রাখতে চায়। কারণ, সকলের চেয়ে ছবিপাক হচ্ছে অ-মনের মতো দৈত।

> হাক্না-মাক্ত জাহাজ ৩০লে সেপ্টেম্বর ১৯২৪

আমার ডায়ারিতে মেয়ে-পুরুষের কথা নিয়ে যে আলোচনা ছিল সে সম্বন্ধ প্রশ্ন উঠেছে এই যে, "আক্রা বোঝা গেল যে, প্রাণের টানে মেয়ে আটকা পড়েছে আর পুরুষ ছুটেছে মনের তাড়ায়। তার পরে, তারা যে প্রেমে মেলে সেটা কি ঠিক একজাতের।"

গোড়াতেই বলে রাথা ভালো ষে, প্রাণই বল আর মনই বল, মেয়ে কিম্বা পুরুষের একেবারে নিজম্ব দথলে নেই। অবহাগতিকে পক্ষভেদে একটা মুখ্য, অক্টা গৌণ।

মন জিনিসটা প্রাণের ঘরেই মাহুষ, প্রাণের অন্ন খেয়ে; সেই জন্মেই অন্তরে অন্তরে তার একটা অক্বতজ্ঞতা আছে। প্রাণের আহুগত্য ছাড়িয়ে একাধিপত্য করবার জন্মে সে প্রায় মাঝে মাঝে আফালন করে। এই বিদ্রোহটা ভিতরে ভিতরে কম বেশি পরিমাণে প্রায় সব পুরুষের মধ্যেই আছে। প্রাণের বিরুদ্ধে লড়াইয়ের জন্মে তার কিছু-না-কিছু কসরত এবং কুচকাওয়াজ চলছেই। থামকা প্রাণটাকে ক্লিষ্ট করবার, বিপন্ন করবার লোভ পুরুষের। ঘরের খেয়ে বনের মোষ তাড়াবার শর্থটা পুরুষের; তার একষাত্র কারণ ঘরের থাওয়াতে তাকে প্রাণের শাসন মানতে হয় কিন্তু বনের মোষ তাড়ানোতে, প্রাণের প্রতি তার যে রাজভক্তি নেই, এইটে প্রচার করবার একটা উপলক্ষ কোটে— সেটাকে সে পৌক্ষ মনে করে। পুরুষ যুদ্ধ করে এসেছে সব সময়ে ষে প্রয়োজন আছে বলে তা নয়, কেবল স্পধা ক'রে এইটে দেখাবার জন্তে যে, প্রাণের তাগিদকে লে গ্রাহাই করে না। এই জন্তে যুদ্ধ করার মতো এত বড়ো একটা গোঁয়ারের কাজকে পুরুষ চিরকালই অত্যন্ত বেশি সমাদর করেছে; তার কারণ এ নয় যে, হিংসা করাটাকে সে ভালো মনে করে; তার কারণ এই ষে, নানাপ্রকার লোভের ও ভয়ের বন্ধনে প্রাণ তাঁকে বেঁধে রাখবার যে বিস্তৃত আম্নোজন করে রেখেছে সেইটেকে সে বিনা প্রয়োজনেও অস্বীকার করতে পারলে গর্ব বোধ করে। আমার ভ্রাতৃপুত্তের একটি শিশু বালক আছে, তাকে দেখি, আমাদের বাড়িতে যে জায়গাটা হিতির পক্ষে স্বচেয়ে অযোগ্য, পৃথিবীর ভারাকর্ষণশক্তিটাকে অঞ্চন্ধা জানানো ছাড়া যেখানে ওঠবার জার কোনো হেতুই নেই, সেইথানেই সে চড়ে বসে আছে। মাঝে মাঝে ভারাকর্ষণশক্তিও তাকে ছেড়ে কথা কয় নি, কিন্তু তবু তাকে দমিয়ে দিতে পারলে না। এমনি করে विखार रम रांज भाका क बात कि।

মনে আছে, ছেলেবেলায় আমাদের তেতালার ছাদের সংকীর্ণ কার্নিসটার উপর দিয়ে চলে যাওয়াটাকে উচ্দরের খেলা বলে মনে করতুম। ভয় করত না বলে নয়, ভয় করত বলেই। ভয় নামক প্রাণের পাহারাওয়ালাটা ঠিক সেই মোড়ের মাধায় দেখা দিত বলেই তাকে ব্যক্ত করাটা মজা বলে মনে হত।

পৃক্ষবের মধ্যে এই যে কাণ্ডটা হয়, এ সমস্তই মনের চক্রাস্কে। সে বলে, "প্রাণের সঙ্গে আমার নন্-কো-অপারেশন ষতই পাকা হবে ততই আমার মৃক্তি হবে সহজ্ব।" কেন রে বাপু, প্রাণ তোমার কী অপরাধটা করেছে, আর এই মৃক্তি নিয়েই বা করবে কী। মন বলে, "আমি অশেবের রাজ্যে সন্ধান করতে বেরব, আমি হংসাধ্যের সাধনা করব, হুর্গমের বাধা কাটিয়ে দিয়ে হুর্লভকে উদ্ধার করে আনব। আমি একটু নড়ে বসতে গেলেই যে-হুংশাসন নানারকম ভয় দেখিয়ে আমাকে পিছমোড়া করে বাঁধতে আসে তাকে আমি সম্পূর্ণ হার মানাব তবে ছাড়ব।" তাই পুরুষ তপস্বী বলে বসে, "না খেয়েই বা বাঁচা যাবে না কেন। নিশাস বন্ধ করলেই বে মরতে হবে, এমন কী কথা আছে।" ভারু তাই নয়, এর চেয়েও শক্ত কথা বলে; বলে, "মেয়েদের মৃথ দেখব না। তারা প্রকৃতির গুপ্তচর, প্রাণরাজত্বের যতস্বে দাস সংগ্রহ করবার তারাই আড়কাঠি।" যে সব পুরুষ তপস্বী নয় শুনে তারাও বলে, "বাহবা।"

প্রকৃতিয় অবয়ায় সাধারণত কোনো মেয়ের দল বলে না, পুরুষকে সম্পূর্ণ বর্জন করাটাই তাদের জীবনের চরম এবং মহোচ্চ লক্ষ্য। সম্প্রতি কোথাও কোথাও কথনো এমন কথার আভাস শোনা যায়, কিন্ধ সেটা হল আফালন। প্রাণের রাজ্যে মেয়েদের যে চিরকেলে য়ান আছে সেখানকার বন্দরের নোঙর ছিঁড়ে মনটাকে নিয়ে তারা নিক্তদেশ হয়ে যাবে, এমন কথা ত্ই-একজন মেয়ে বলতেও পারে; কারণ, যাত্রারজে ভাগ্যদেবতা যখন জীবনের সম্বল স্ত্রীপুরুষের মধ্যে বাঁটোয়ারা করে দেয় তথন প্যাক করবার সময় কিছু যে উলটোপালটা হয় না, তা নয়।

আসল কথা হচ্ছে, প্রকৃতির ব্যবস্থায় মেয়েরা একটা জায়গা পাকা করে পেয়েছে, পুরুষরা তা পায় নি। পুরুষকে চিরদিন জায়গা খুঁজতে হবে। খুঁজতে খুঁজতে সে কত নতুনেরই সন্ধান পাচ্ছে কিন্তু চরমের আহ্বান তাকে থামতে দিচ্ছে না, বলছে, "আরো এগিয়ে এসো।"

একজারগার এসে বে পৌচেছে তার একরকমের আরোজন, আর বাকে চলতে হবে তার আর-একরকমের। এ তো হওয়াই চাই। দ্বিতি বে পেয়েছে বসে বসে কমে ক্রমে চারি দিক্রের সঙ্গে আপন সম্বদ্ধকে সে সত্য করতে, পূর্ণ করতে চেষ্টা করে। কেননা, সম্বদ্ধ সত্য হলে তবেই তার মধ্যে মৃক্তি পাওরা দার। দার সঙ্গে দর করতে হচ্ছে তার সঙ্গে যদি কেবলই থিটিমিটি বাধতে থাকে তা হলে ভার মতো জীবনের বাধা জার কিছু নেই। যদি ভালোবাসা হয় তা হলেই তার সঙ্গে সমস্কের মধ্যে মৃক্তি ঘটে। শে মৃক্তি বাইরের সমস্ক তঃখ-অভাবের উপর জয়ী হয়। এইজন্মেই মেয়ের জীবনে সকলের চেয়ে বড়ো সার্থকতা হচ্ছে প্রেমে। এই প্রেমে সে হিতির বন্ধনরূপ যুচিয়ে দেয়; বাইরের অবস্থার সমস্ক শাসনকে ছাড়িয়ে ষেতে পারে।

মৃক্তি না হলে কর্ম হতে পারে কিন্তু সৃষ্টি হতে পারে না। মান্থবের মধ্যে সকলের চেয়ে চরমশক্তি হচ্ছে সৃষ্টিশক্তি। মান্থবের সত্যকার আশ্রায় হচ্ছে আপনার সৃষ্টির মধ্যে; তার থেকে দৈশ্রবশত বে বঞ্চিত সে 'পরাবসথশায়ী'। মেয়েকেও সৃষ্টি করতে হবে, তবে সে আপনার বাসা পাবে। তার পক্ষে এই সৃষ্টি প্রেমের ঘারাই সম্ভব। বে-পুরুষসন্মাসী নিজের ক্লুকুসাধনের প্রবল দম্ভে মনে করে বে, বেহেতু মেয়েরা সংসারে থাকে এই জন্মে তাদের মৃক্তি নেই, সে সত্যকে জানে না। বে মেয়ের মধ্যে সত্য আছে সে আপন বন্ধনকে স্বীকার করেই প্রেমের ঘারা তাকে অতিক্রম করে; বন্ধনকে ত্যাগ করার চেয়ে এই মৃক্তি বড়ো। সব মেয়েই বে তার জীবনের সার্থকতা পায় তা নয়; সব পুরুষই কি পায়। অনুরাগের সত্যশক্তি সব মেয়ের নেই, বৈরাগ্যের সত্যশক্তি সব পুরুষে মেলে না।

কিন্তু, অন্তত আমাদের দেশে দেখা যায়, পুক্ষ সাধক সংসারকে বন্ধনশালা বলেই জানে; তার থেকে উর্জ্বাসে বহুদ্রে পালিয়ে যাওয়াকেই মৃক্তির উপায় মনে করে। তার মানে, আমরা যাকে সংসার বলি স্বভাবত সেটা পুক্ষের স্পষ্টক্ষেত্র নয়। এইজন্তে সেথানে পুক্ষের মন ছাড়া পায় না। মেয়েরা যথনই মাতৃত্বের অধিকার পেয়েছে তথনই এমন-সকল ক্ষয়বৃত্তি পেয়েছে যাতে করে সংসারের সঙ্গে সম্বন্ধস্থাপন তাদের পক্ষে সহজ্ব হতে পারে। এই জ্বল্র যে-মেয়ের মধ্যে সেই ক্ষয়বৃত্তির উৎকর্ষ আছে সে আপনার মরসংসারকে স্পষ্ট করে তোলে। এ স্পষ্ট তেমনই যেমন স্পষ্ট কাব্য, যেমন স্পষ্ট সংগীত, যেমন স্পষ্ট রাজ্যসামাজ্য। এতে কত স্বর্দ্ধি, কত নৈপুণ্য, কত ত্যাগ, কত আত্মসংযম পরিপূর্ণভাবে সম্মিলিত হয়ে অপরপ স্বসংগতি লাভ করেছে। বিচিত্তের এই সম্মিলন একটি অথওরপের ঐক্য পেয়েছে; তাকেই বলে স্পষ্ট। এই কারণেই মরক্ষায় মেয়েদের এত একান্ত প্রয়োজম; নির্ভরের জন্তে নয়, আরামের জন্তে নয়, ভোগের জন্তে নয়— মৃক্তির জন্তে। কেননা, আত্মপ্রকাশের পূর্ণতাতেই মৃক্তি।

পূর্বেই বলেছি, মেয়েদের এই স্মষ্টির কেন্দ্রগত জ্যোতির উৎস হচ্ছে প্রোম। এই প্রোম নিজের স্ফৃতির জন্তে, দার্থকতার জন্তে, ঘাকে চায় সেই জিনিসটি হচ্ছে মাহুষের সঙ্গ। প্রেমের স্মষ্টিক্ষেত্র নিঃসঙ্গ নির্জনে হতেই পারে না, সে ক্ষেত্র সংসারে। ব্রহ্মার স্টান্দেত্র হতে পারে খৃন্তে, কিন্তু বিষ্ণুর শক্তি থাটে লোকজগতে। নারী সেই বিষ্ণুর শক্তি, তার স্টাতে ব্যক্তিবিশেষের প্রাধান্ত ; ব্যক্তিবিশেষের তৃচ্ছতাও প্রেমের কাছে মৃল্যবান। ব্যক্তিবিশেষের ছোটোবড়ো বিচিত্র দাবির সমন্ত খুঁটিনাটিতে সেই প্রেমের আন্ধানশক্তি নিজেকে বহুধারায় উন্মুক্ত করে। ব্যক্তিবিশেষের সেই নানা ক্ষ্ধার নানা চাঙ্য়া মেয়ের প্রেমের উন্মনেক কেবলই জাগিয়ে রেখে দেয়। যে পুরুষ আপন দাবিকে ছোটো করে সে খ্ব ভালো লোক হতে পারে, কিন্তু মেয়েকে সে পীড়া দেয়, অপূর্ণ করে রাখে। এই জন্মে দেখা যায়, যে পুরুষ দৌরাত্ম্য করে বেশি মেয়ের ভালোবাসা সেই পায় বেশি।

নারীর প্রেম যে পুরুষকে চায় তাকে প্রত্যক্ষ চায়, তাকে নিরম্ভর নানা আকারে বেষ্টন করবার জন্মে সে ব্যাকুল। মাঝখানে ব্যবধানের শৃত্যতাকে সে সইতে পারে না। মেয়েরাই ষথার্থ অভিসারিকা। যেমন করেই হোক, যত তুর্গমই হোক, বিচ্ছেদ পার হবার জন্ম তাদের সমস্ত প্রাণ ছটফট করতে থাকে। এই জন্মেই সাধনারত পুরুষ মেয়ের এই নিবিড় সক্ষবন্ধনের টান এড়িয়ে অতি নিরাপদ দ্রত্বের মধ্যে পালাতে ইচ্ছা করে।

পূর্বেই বলেছি, আপন পূর্ণতার জন্মে প্রেম ব্যক্তিবিশেষকে চায়। এই ব্যক্তিবিশেষ জিনিসটি অত্যন্ত বান্তব জিনিস। তাকে পেতে গেলে তার সমন্ত তুচ্ছ খুঁটিনাটির কোনোটাকে বাদ দেওয়া চলে না, তার দোষ ক্রটিকেও মেনে নিতে হয়। ব্যক্তিরূপের উপর ভাবের আবরণ টেনে দিয়ে তাকে অপরপ করে তোলা প্রেমের পক্ষে অনাবশুক। অভাবকে অসম্পূর্ণতাকে প্রেম কামনা করে, নইলে তার নিজের সম্পূর্ণতা সফল হবে কিসে।

দেবতার মনের ভাব ঠিকমতো জানি বলে অভিমান রাখি নে কিন্তু আমার দৃচ্
বিশ্বাস, কাভিকের চেয়ে গণেশের 'পরে তুর্গার স্বেহ বেশি। এমন-কি, লম্বোদরের অভি
অবোগ্য ক্ষুত্র বাহনটার 'পরে কাভিকের থোশপোশাকি ময়ুর লোভদৃষ্টি দেয় বলে তার
পেখনের অপরূপ সৌন্দর্য সব্বেও তার উপরে তিনি বিরক্ত; ওই দীনাত্মা ইত্রটা যখন
তার ভাগুরে চুকে তাঁর ভাঁড়গুলোর গায়ে সিঁধ কাটতে থাকে তথন হেসে তিনি তাকে
ক্ষা করেন। শাস্ত্রনীতিজ্ঞ পুরুষবর নন্দী বলে, "মা, তুমি ওকে শাসন কর না, ও
বড়ো প্রত্যের পাছে।" দেবী স্মিশ্বর্যে বলেন, "আহা, চুরি করে খাওয়াই যে ওর
স্বর্ধ্য, তা ওর দোষ কী! ও যে চোরের দাঁত নিয়েই জন্মেছে, সে কি বুথা হবে।"

বাক্যের অপূর্ণতাকে সংগীত যেমন আপন রসে পূর্ণ করে তোলে, প্রেম তেমনি স্থযোগ্যতার অপেক্ষা করে না, অযোগ্যতার ফাঁকের মধ্যে সে নিজেকে ঢেলে দেবার স্থযোগ পায়।

মেরেদের স্টের জালো যেমন এই প্রেম তেমনি পুরুষের স্টের জালো কল্পনাবৃত্তি।

পুরুষের চিত্ত আপন ধ্যানের দৃষ্টি দিয়ে দেখে, আপন ধ্যানের শক্তি দিয়ে গড়ে তোলে।

We are the dreamers of dreams— এ কথা পুরুষের কথা। পুরুষের ধ্যানই
মান্থ্যের ইতিহাসে নানা কীতির মধ্যে নিরস্তর রূপপরিগ্রহ করছে। এই ধ্যান সমগ্রকে
দেখতে চায় বলেই বিশেষের অতিবাহুল্যকে বর্জন করে; যে সমস্ত বাজে খুঁটিনাটি নিয়ে
বিশেষ সেইগুলো সমগ্রতার পথে বাধার মতো জমে ওঠে। নারীর স্পষ্ট মরে, এই জক্তে
সব-কিছুকেই সে মত্ব করে জমিয়ে রাখতে পারে; তার ধৈর্ম বেশি কেননা, তার ধারণার
জায়গাটা বড়ো। পুরুষের স্পষ্ট পথে পথে, এই জক্তে সব-কিছুর ভার লাঘব করে
দিয়ে সমগ্রকে সে পেতে ও রাখতে চায়। এই সমগ্রের তৃঞ্চা, এই সমগ্রের দৃষ্টি, নির্মম
পুরুষের কত শত কীতিকে বহুবায়, বহুত্যাগ, বহু পীড়নের উপর স্থাপিত করেছে।
পুরুষ অমিতবায়ী, সে তৃঃসাহসিক লোকসানের ভিতর দিয়ে লাভ করতে কৃষ্টিত হয় না।
কারণ, তার ধ্যান সমস্ত লোকসানকে পেরিয়ে সমগ্র লাভটাকে স্কুম্পষ্ট দেখে; ছোটো
ছোটো ক্ষতি তার কাছে নগণ্য হয়ে যায়। পুরুষের কল্পনার্ত্তির দাহস এত অত্যম্ভ
বেশি তার কারণ, স্থিতির ক্ষেত্রে স্থির হয়ে বসে বিচিত্রের সহস্র খুঁটিনাটিকে মমত্বের
আঁকড়ি দিয়ে জড়িয়ে ধরবার দীর্ঘ সময় তার কথনো ছিল না। এই জক্তে স্পষ্টির
প্রয়োজনে প্রলম্ব করতে তার হিধা নেই।

মোট কথা বাস্তবের মধ্যে ষেসব বিশেষের বাহল্য আছে তাকে বাদ দিয়ে পুরুষ একের সম্পূর্ণতা থোঁজে। এই জন্মেই অধ্যাত্মরাজ্যে পুরুষেরই তপস্থা; এই জন্মে সম্মাসের সাধনায় এত পুরুষের এত আগ্রহ। এবং এই জন্মেই ভাবরাজ্যে পুরুষের স্বাচ্চ এত বেশি উৎকর্ষ এবং জ্ঞানরাজ্যে এত বেশি সম্পদ লাভ করেছে।

পুরুষের এই সমগ্রতার পিপাসা তার প্রেমেও প্রকাশ পায়। সে বধন কোনো মেয়েকে ভালোবাসে তথন তাকে একটি সম্পূর্ণ অথগুতায় দেখতে চায় আপনার চিন্তের দৃষ্টি দিয়ে, ভাবের দৃষ্টি দিয়ে। পুরুষের কাব্যে বারবার তার পরিচয় পাওয়া ষায়। শেলির এপিসিকীডিয়ন্ পড়ে দেখো। মেয়েরা এ কথা জানে। পুরুষের এই প্রার্থনা মেয়েদের বিশেষ করে স্বষ্টী করতে থাকে। কেননা, প্রার্থনার বেগ, প্রার্থনার তাপ, মাছষের সংসারে স্বান্টীর একটা প্রধান শক্তি। আমরা কী চাইব সেটা যদি ঠিকমতো ধরতে পারি তা হলে আমরা কী পাব সেটা নিয়ে ভাবতে হয় না। পুরুষেরা একরকম ক'রে চেয়ে চেয়ে মেয়েদের একরকম করে গড়ে তুলেছে। মেয়েরা আপনার জীবনে এত জায়গায় এত পদা খাটায় এই জক্তে; আপনার থেকে সে কত কী বাদ দিয়ে চলে। আমরা বলি লজ্জা স্ত্রীলোকের ভূষণ। তার মানে, লজ্জা হচ্ছে সেই বৃত্তি যাতে করে মেয়েরা আপনার বাস্তবের বাহল্যকে সরিয়ে রাঝে; মেয়ের য়াজ্যে এই

জন্তে মন্ত একটা অগোচরভার ব্যবস্থা আছে। সে আপনার এতথানি বাকি রেখেছে যা পুরুষ আপনার মন দিয়ে পুরিয়ে নিতে পারে। সে আপনার থাওয়া-শোওয়া, চাল-চলন, বাসনা-সাধনা, সমস্ত থেকেই অতিবান্তবের প্রত্যক্ষতা এতটা পরিমাণে ঢাকা দেয় যাতে পুরুষের ভাবের মধ্যে ভার ছবি সম্পূর্ণ হয়ে উঠতে বাধা না পার।

মেরেদের সঙ্গে প্রথমের ব্যবহারে সম্পূর্ণ এর উলটো দিকটাও দেখা ধার। প্রকাষ কথনো কথনো এমন কাও করে ধেন নারীর মধ্যে অনির্বচনীয়তার কোনো আভাস নেই, ধেন তার মাটির প্রদীপে কোনো আলোই জলে নি; তথন লুক দাত দিয়ে তাকে সে আথের মতো চিবিয়ে আবর্জনার মধ্যে ফেলে দেয়। সান্তিকের ঠিক উলটোপিঠেই থাকে তামসিক, পূর্ণিমারই অক্ত পারে অমাবস্থা। রান্তার এ দিকটাতে বে সত্য থাকে ঠিক তার সামনের দিকেই তার বিপরীতের বাসা। ফেউ সাক্ষ্য দেয় বাবেরই অন্তিকের। সেই একই কারণে মেয়ে সংসারম্বিতির লক্ষ্মী, আবার সংসার ছারধার করবার প্রলম্মংকরীও তার মতো কেউ নেই।

যা হোক, এটা দেখা যাচে, সর্বত্রই সর্বকালেই মেয়ে নিজের চার দিকেই একটা বিচিত্র চিত্রখচিত বেড়ার দূরত্ব তৈরি করে রেখেছে। হুর্গমকে পার হবার জন্তে পুরুষের যে স্বাভাবিক অধ্যবসায় আছে সেইটেকে যতটা পারে সে জাগরুক করে রাখে। পড়ে-পাওয়া জিনিস মৃল্যবান হলেও তাতে পুরুষের তৃপ্তি নেই; যাকে সে জয় করে পায় তাকেই সে যথার্থ পায় বলে জানে; কেননা, জয় করে পাওয়া হচ্ছে মন দিয়ে পাওয়া। এই জক্তে অনেক ছল-যুদ্ধের আয়োজনে মেয়েদের সময় কাটে।

নীতিনিপুণ বলে বদবে, এই মায়া তো ভালো নয়। পুরুষ নিজেই চিরকাল ধরে দাবি করলে এই মায়াকে; এই মায়াকটির বড়ো বড়ো উপকরণ দে জুগিয়ে দিলে নিজের কর্মাজা থেকে; কবিরা চিত্রীরা মিলে নারীর চার দিকে রঙবেরঙের মায়ামগুল জ্বাপন ইচ্ছায় বানিয়ে দিলে— অবশেষে এই মায়ার কাছে পরাভবশক্ষায় জন্ত সাধুসজ্জন মেয়েজাতকে মায়াবিনী বলে গাল দিতে লেগেছে; তার মায়াত্রর্গের উপরে বহুকাল থেকে তারা নীরস শ্লোকের শতন্থী বর্ষণ করছে, কোথাও দাগ পড়ছে না।

যারা বান্তবের উপাসক তারা অনেকে বলে, মেয়েরা অবান্তবের কুয়াশা দিয়ে নিজেকে ঢেকে কেলেছে— এ-সমন্তর ভিতর থেকে একেবারে খাঁটি সত্য মেয়েটিকে উদার করা চাই। তাদের মতে, সাহিত্যে শিল্পে সব জায়গাতেই এই অবান্তব মেয়ের ভূতের উপত্রব অত্যন্ত বেশি। এরা মনে করে, মায়া থেকে ছাড়িয়ে নিলেই বান্তব সত্যক্ত পাওয়া যাবে।

কিছ, বান্তব সভা বলে কোনো জিনিস কি স্ষ্টিতে আছে। সে সভা বদি বা

থাকে তবে এমন সম্পূর্ণ নির্বিকার মন কোথায় পাওয়া যাবে যার মধ্যে তার বিশুদ্ধ প্রতিবিশ্ব পড়তে পারে! মায়াই তো সৃষ্টি; সেই সৃষ্টিকেই যদি অবাস্তব বল তা হলে অনাস্টি আছে কোন্ চুলোয়? তার নাগাল পাবে কোন্ পণ্ডিত?

নানা ছলা কলায় হাবে ভাবে সাজে-সজ্জায় নারী নিজের চার দিকে যে একটি রঙিন রহস্ত সৃষ্টি করে তুলেছে সেই আবরণটা ছাড়িয়ে নিমে দেখাই তাকে সত্য দেখা, এ কথা মানি নে। গোলাপ ফুলের মায়ার পর্দাটা তুলে ফেলে তাকে কার্বন নাইটোজেন বলে দেখা ষেমন সত্য দেখা নয়, এও তেমনি। তুমি বাস্তববাদী বলবে, গোলাপ ফুলের মায়া অকুত্রিম, মেয়ের মায়া কুত্রিম। একেবারেই বাজে কথা। মেয়ে নিজের হাতে রং বেঁটে ষধন তার কাপড় রাঙায় তখন তার হাতের গোপনে সেই প্রকৃতিই থাকে যে প্রকৃতি সকলের অগোচরে প্রজাপতির পাথায় নিজের অদৃশ্য তুলি বুলিয়ে দেয়। প্রাণের রাজ্যে মায়ার থেলা কত বর্ণে গন্ধে রসে, কত লুকোচুরিতে, আভাসে ইশারায় দিনরাত প্রকাশ পাচ্ছে। প্রকৃতির সেই-সকল নিত্য অথচ অনিত্য চঞ্চলতায়, সেই-সব নিরর্থক হাব-ভাবেই তো বিশ্বের সৌন্দর্য। চিরপলাতকের এই চিরপরিবর্তনশীল লীলা থেকে বাদ দিয়ে যে অতি সারবান ভারবান নিশ্চল ধুলোমাটি লোহাপাথরের পিওটা বাকি থাকে তাকেই তুমি বাস্তবসত্য বল না-কি। বসনে ভূষণে, আড়ালে আবডালে, দ্বিধায় দক্ষে, ভাবে ভঙ্গীতে মেয়ে তো মায়াবিনীই বটে। তার মায়ার জগতে সে ইন্দ্রজাল বিস্তার করেছে— ষেমন মায়া ষেমন ইন্দ্রজাল জলে স্থলে, ফুলে ফলে, সমূত্র পর্বতে, ঝড়ে ব্যায়। यारे ट्रांक, এই মায়াবিনীই চাঁদের দঙ্গে, ফুলের সঙ্গে, নববর্ধার মেঘের সঙ্গে, कनन्जा जिन्नी ननीत मक्न भिल श्रक्षत माभार था में प्रांत । थहे नांत्री थक्छ। বাস্তবের পিওমাত্র নয়; এর মধ্যে কলাস্ষ্টির একটা তত্ত্ব আছে; অগোচর একটি নিম্নের বাঁধনে ছন্দের ভঙ্গীতে দে রচিত; দে একটি অনির্বচনীয় স্থসমাপ্তির মৃতি। नाना वाटक थ्राँगिनांगिक त्म मधूत निश्राला मतिया नियाह ; माटक-मञ्जाय हात्म हमतन নানা ব্যঞ্জনা দিয়ে নিজেকে সে বস্তলোকের প্রত্যস্তদেশে রসলোকের অধিবাসিনী করে দাঁড় করিয়েছে। "কান্ধ করে থাকি" এই কথাটা জানিয়ে পুরুষ হাত থালি রেখেছে; মেয়ে সেই হাতে কাঁকন পরে জানিয়েছে, "আমি তো কাজ করি নে, আমি সেবা করি।" ম্পষ্ট করে নিরীক্ষণ করবার জন্মে পুরুষ তার চোখছটো খুলে রেখেছে, ওটাকে সে গঞ্জীর ভাষার বলে দর্শনে দ্রিয়। মেয়ে সেই চোখে একটু কাঞ্জনের রেখা টেনে দিয়ে বলেছে, চোথ দিয়ে বাইরের জিনিস দেখা যায় এইটেই চরম কথা নয়— চোখের

ভিভরেও দেখবার জিনিস আছে, হৃদয়ের বিচিত্র মায়া।

অন্তরে বাহিরে হাদয়ের রাগরঞ্জিত লীলা নিয়ে পুরুষের অগতে নারী মৃতিয়তী কলালালী হয়ে এল। রল ধেখানে রপ গ্রহণ করে সেই কলামৃতির গুণ হচ্ছে এই যে, তার রূপ তাকে অচল বাঁখনে বাঁধে না। খবরের কাগজের সংবাদ-লেখা প্যারাগ্রাফে হন্দ নেই, রল নেই, সেই জল্মে সে একেবারে নিরেট, সে যা সে তাই মাত্র। মন তার মধ্যে ছটি পায় না। ভালো কবিতা যে রপ গ্রহণ করে সে রপ নির্দিষ্ট হয়েও অনির্দিষ্ট, পাঠকের স্বাতয়্রাকে সে হাঁকিয়ে দেয় না। মনে আছে, বহুকাল হল, রোগশয়ায় কালিদাসের কাব্য আগাগোড়া সমস্ত পড়েছিলুম। যে আনন্দ পেলুম সে তো আরুত্তির আনন্দ নয়, স্পাইর আনন্দ। সেই কাব্যে আমার মন আপন বিশেষ স্বস্থ উপলব্ধি করবার বাধা পেল না। বেশ ব্রুলুম, এ সব কাব্য আমি যে রক্ষম করে পড়লুম খিতীয় আর-কেউ তেমন করে পড়ে নি।

মেয়ের মধ্যেও পুরুষের কল্পনা তেমনি করেই আপন মৃক্তি পায়। নারীর চারি দিকে বে-পরিমণ্ডল আছে তা অনিব্চনীয়তার ব্যঞ্জনা দিয়ে তৈরি; পুরুষের কল্পনা সেধানে আপনার রসের রং, আপনার ভাবের রূপ মিলিয়ে দিতে কঠিন বাধা পায় না। অর্থাৎ, সেধানে তার নিজের স্পষ্টি চলে, এই জল্ঞে তার বিশেষ আনন্দ। মোহমুক্ত মাহ্রষ তাই দেখে হাসে; কিন্তু মোহমুক্ত মাহ্রষের কাছে স্পষ্ট ব'লে কোনো বালাই নেই, সেপ্রসায়ের মধ্যে বাস করে।

পূর্বেই বলেছি, মেয়ের প্রেম পুরুষের সমস্ত খুঁটিনাটি দোষক্রটি সমেত বিশেষত্বকে প্রত্যক্ষ করে পেতে চায়। সক্ষ তার নিতাস্তই চাই। পুরুষও আপনাকে লুকিয়ে রাথে নি, ঢেকে রাথে নি; সে অত্যন্ত অসক্ষিত এলোমেলো আটপৌরে ভাবেই মেয়ের ভালোবাসার কাছে আগাগোড়া নিজেকে ফেলে রেথে দিয়েছে, এতেই মেয়ে ষথার্থ সঙ্গ পায়, আনন্দ পায়।

কিছ, প্রুবের পক্ষে মেয়ে আপনার সঙ্গে সঙ্গেই একটা দূরত্ব নিয়ে আসে; তার মধ্যে ধানিকটা পরিমাণে নিষেধ আছে, ঢাকা আছে। ফোটোগ্রাফের মধ্যে সব আছে, কিছ আর্টিস্টের ছবির মধ্যে সব নেই; এই জন্তে তাতে যে ফাকা থাকে সেইধানে রসজ্ঞের মন কাজ করতে পারে। সেইরকমের ফাকাটুকু মেয়েদের একটা সম্পদ, সেটা সম্পূর্ণ লুপ্ত করতে নেই। বিয়াত্রিচে দাস্তের কল্পনাকে যেধানে তরন্ধিত করে তুলেছে সেধানে বন্ধত একটি অসীম বিরহ। দাস্তের হৃদয় আপনার পূর্ণচক্রকে পেয়েছিল বিচ্ছেদের দূর আকাশে। চতীদাসের সঙ্গে রজকিনী রামীর হয়তো বাইরের বিচ্ছেদ ছিল না, কিছ কবি যেধানে তাকে ডেকে বলছে,

ভূমি বেদবাদিনী, হরের ঘরনী, ভূমি সে নয়নের ভারা— সেধানে রক্ষকিনী রামী কোন্ দ্রে চলে গেছে তার ঠিক নেই। হোক-না সে নয়নের তারা তবুও বে নারী বেদবাদিনী, হরের ঘরনী, সে আছে বিরহলোকে। সেধানে তার সক্ষ নেই, ভাব আছে। নারীর প্রেমে মিলনের গান বাজে, পুরুষের প্রেমে বিচ্ছেদের বেছনা।

### २ता व्यक्तिवत ३२२8

व्यामि वनिष्ट्रिम्, भारत्रता भार्मानिन। य क्रिकिम भार्मा मिरा क्रुभेष भूक्ष जारमत व्यमुख করে লুকিয়ে রাখে আমি সেই বর্বর পর্দাটার কথা বলছি নে; নিজেকে স্থলমাগুভাবে প্রকাশ করবার জন্মেই তারা যে সব আবরণকে সহজ্পটুত্বে আভরণ করে তুলেছে व्यामि छात कथारे वनि । এर य निष्कत एक्टक, शृश्क, व्याहत्रवरक, मनक नाना वर्ष मिरा, जन्मी मिरा, नःयम मिरा, जर्षान मिरा, निर्मत विष्ठित এकि विष्टेनक जाता স্পক্ষিত করতে পেরেছে, এর কারণ, তারা স্থিতির অবকাশ পেয়েছে। স্থিতির মূলাই হচ্ছে তার আবরণের ঐশ্বর্যে, তার চারি দিকের দাক্ষিণ্যে, তার আভাসে, ব্যঞ্চনায়, তার হাতে যে সময় আছে সেই সময়টার মনোহর বৈচিত্যো। সবুরে মেওরা ফলে, কেননা, মেওয়া যে প্রাণের জ্বিনিস, কলের ফরমাশে তাকে তাড়াহুড়ো করে গড়ে তোলা যায় না। সেই বছমূল্য সবুরটা হচ্ছে ম্বিভির ঘরের জিনিস। এই সবুরটাকে যদি সরস এবং সফল করতে না পারা গেল তবে তার মতো আপদ আর নেই। মকভূমি অনাবৃত, তার অবকাশের অভাব নেই অথচ সেই অবকাশ রিক্ত; এই কঠিন নগ্নতা পীড়া দেয়। কিছ, বেখানে পোড়ো জমি পোড়ো হয়ে নেই সেখানে সে ফসলে ঢাকা, ফুলে বিচিত্র; সেখানে তার সবুজ ওড়না বাতাসে ছলে উঠছে। যে পথিক পথে চলে সেখানেই সে পায় তার তৃষ্ণার জল, ক্ষার অন্ন, তার আরামের ছায়া, ক্লান্তির ভশ্রষা। সেথানকার হিতির পূর্ণতাই তার গতির সহায়; অবারিত মঙ্গভূমি স্বচেয়ে বাধা। নারী স্বভাবতই যে স্থিতি পেয়েছে বলে বলে ধীরে ধীরে সেই স্থিতিকে রাঙিয়ে তুলে আপন হৃদয়রলে রসিয়ে নিয়ে তাই দিয়ে আপন বুকের কাঁচলি আপন মুখের ছোমটা বানিয়েছে। এই ঢাকাতেই সে আপনার ঐশ্বর্য প্রকাশ করেছে পুশাপল্লবের আবরণেই যেমন লতার अन्वर्ध।

কিন্তু হঠাৎ আজকাল পাশ্চাত্যসমাজে শুনতে পাচ্ছি, নারী বলছে, "আমি মায়ার আবরণ রাথব না, পুরুষের সঙ্গে ব্যবধান ঘুচিয়ে দেব। আমি হব বিজ্ঞানের চাঁদ; তার চারি দিকে বায়্মগুল নেই, মেঘ নেই, রং নেই, কোমল শ্রামলের চঞ্চল বিচিত্রতা

নেই, তার কালো কালো ক্ষডগুলোর উপরে পর্দা নেই, আমিও হব তেমনি। এতদিন যাকে বলে এসেছি লক্ষা, যাকে বলে এসেছি শ্রী, আন্ধ তাতে আমার পরাভব ঘটছে; সে সব বাধা বর্জন করব। পুরুষের চালে তার সমান তালে পা ফেলে তার সমান রাত্তায় চলব।" এমন কথা বে একদল স্বীলোকের মুধ দিয়ে বের হল, এটা সম্ভব হল কী করে। এতে বোঝা যায়, পুরুষের প্রকৃতির মধ্যে একটা পরিবর্তন এসেছে। মেয়েকে সে চাছে না। এমন নয় যে সে হঠাৎ সয়্যাসী হয়ে উঠেছে; ঠিক তার উলটো— সে হয়েছে বিষয়ী; মেয়েকে সে কড়ায় গণ্ডায় বুঝে নিতে চায়; কড়ায় গণ্ডায় যায় হিসাব মেলে না তাকে সে মনে করে বাচ্ছে জিনিস, তাকে সে মনে করে ঠকা। সে বলে, "আমি চোখ খুলে সব স্পাষ্ট করে তয় তয় করে দেখব।" অর্থাৎ, ধ্যানের দেখায় যা মনকে ভরিয়ে তোলে সেটাকে সে জানে ফাঁকি। কিন্ধ, পুরুষের সংসারে সত্যকার মেয়ে তো কেবলমাত্র চোথের দেখায় নয়, সে তো ধ্যানের জ্বিনসও বটে। সে যে নারীয় অলরীরী তু'য়ে মিলিয়ে, পৃথিবী যেমন নিজের মাটি ধুলো এবং নিজের চায় দিকের অসীম আকাশ ও বায়মগুল মিলয়ে। মেয়ের যা অলরীরী তা যে শরীরী মেয়েকে দিয়ে আছে; তার ওজন নেই, কিন্তু তার বর্ণ আছে, ভঙ্গী আছে; তা ঢাকে অর্থচ তা প্রকাশ করে।

পাশ্চাত্য সভ্যতায় যার। উন্নতির বড়াই করে, তারা বলবে, এই মেরেলির প্রতি অসহিফুতায় চলার উৎসাহ প্রকাশ পায়। আমার মনে হয়, এটাই থামবার পূর্বলক্ষণ। চলার ছন্দই থাকে না যদি শ্বিতির সঙ্গে তার সমস্ত আপস একেবারে মিটে যায়। গাড়িটার ঘোড়াও চলছে, সায়িও চলছে, যাত্রীরাও চলছে, গাড়িয় জ্বোড় খুলে গিয়ে তার অংশপ্রত্যংশগুলোও চলছে, একে তো চলা বলে না; এ হচ্ছে মরণোন্ম্থ চলার উন্মত্ত প্রনাপ, সাংঘাতিক থামার ভূমিকা। মেয়েরা সমাজের চলাকেই শ্বিতির ছন্দ দেয়— সে ছন্দ স্থন্দর।

একদল মেয়ে বলতে শুক করেছে যে, "মেয়ে হওয়াতে আমাদের অগৌরব, আমাদের ক্ষতি। অর্থাৎ, আমাদের আত্মপ্রকাশের ধারায় পুরুষের সঙ্গে প্রভেদটাতে পীড়া পাছিছ।" এর থেকে বোধ হচ্ছে, একদিন যে পুরুষ সাধক ছিল এখন সে হয়েছে বণিক। বণিক বাইরের দিকে বদিবা চলে, অন্তরের দিকে আপনার সঞ্চয়ের বোঝার কাছে সতর্ক হয়ে পড়ে আছে। তার স্থিতি সারবান কিন্তু স্থন্দর নয়। তার কারণ, মাস্থবের সম্বন্ধকে হদয়মাধুর্যে সত্য ক'রে পূর্ণ ক'রে তোলা তার স্থিতির ধর্ম নয়; ধনসঞ্চয়ের তলায় মাস্থবের সম্বন্ধকে চাপা দিয়ে চ্যাপটা করে দেওয়াই হয়েছে তার কাজ। স্থতরাং, সে যে কেবল চলে না তা নয়, আপন স্থিতিকে ভারগ্রন্থ নীরস নির্মম

অহন্দর করে। অঙ্কের কোঠার মধ্যে ধাকে ধরে না তাকে সে আবর্জনার মধ্যে ফেলে দেয়।

পুরুষ একদিন ছিল মিষ্টিক্, ছিল অতল রসের ডুবারি, ছিল ধ্যানী। এখন সে হয়েছে মেয়েদের মতোই সংসারী। কেবল প্রভেদ এই যে, তার সংসারে আলো নেই, বাতাল নেই, আকাশ নেই; বস্তুপিত্তে সমস্ত নিরেট। সে ভারি ব্যস্ত। এই ব্যস্তুতার মধ্যে সেই আকাশ দে পায় না যে আকাশে আপন কল্পনাকে রূপে রসে মৃক্তি দিতে পারে।

আঞ্চলকার কবি আপন কাব্যে, শিল্পী আপন কান্নতে, অনির্বচনীয়কে স্থন্দরকে অবজ্ঞা প্রকাশ করতে আরম্ভ করেছে। এটা কি পৌন্ধবের উলটো নয়। পুরুষই তো চিরদিন স্থলরের কাছ থেকে আপন শক্তির জয়মাল্য কামনা করেছে। মিষ্টিক্ পুরুষ তার ধ্যানশক্তিতে, তার ফলাসক্তিবিহীন সাধনায়, বাস্তবের আবরণ একটার পর একটা যতই মোচন করেছে ততই রসের লোকে, অধ্যাত্মলোকে সে ভূমার পরিচয় পেয়েছে। আরু কেবলই সে থলির পর থলির মুখ বাঁধছে, সিন্দুকের পর সিন্দুকে তালা লাগাছে; আরু তার দে মুক্তি নেই যে মুক্তির মধ্যে স্থলর আপন সিংহাসন রচনা করে। তাই তার মেয়েরা বলছে, "আমরা পুরুষ সাজ্ব।" তাই তার কাব্যসরস্থতী বলছে, বীণার তারগুলোকে যত্ন করে না বাঁধলে যে-স্থরটা ঝন্ঝন্ করতে থাকে সেইটেই থাঁটি বাস্তবের স্থর, উপেক্ষার উচ্ছুঝল হুরস্তপনায় রূপের মধ্যে যে বিপর্যয় যে ছিন্নভিন্নতা ঘটে সেইটেই আর্ট।

দিন চলে গেল। ভূলে ছিল্ম যে, সম্দ্রে পাড়ি দিয়ে চলেছি। মন চলেছিল আপন রাস্তায়, এক ভাবনা থেকে আর-এক ভাবনায়। চলেছিল বললে বেশি বলা হয়। উট বেমন বোঝা পিঠে নিয়ে মকর মধ্যে পথ আন্দান্ত করে চলে এ তেমন চলা নয়; এ বেন পথের খেয়াল না রেখে ভেসে যাওয়া, কোনো বিশেষ ঘাটের কাছে বায়না না নিয়ে ভঙ্-ভঙ্ বেরিয়ে পড়া, কথাগুলোকে নিজের চেষ্টায় চালনা না ক'রে দিকের ছিসেব না রেখে তাদের আপনার ঝোঁকে চলতে দেওয়া। তার স্থবিধা ছচ্ছে এই যে, কথাগুলো নিজেরাই হয় বক্তা, আর মনটা হয় আোতা। মন তথন অম্ভকে কিছু দেবার কথা ভাবে না, নিজের কাছ থেকে নিজে পায়। মনের ভূগোলে আনাবিদ্ধতের আর অস্ত নেই। সে-সব জায়গায় পৌছে দেবার পথগুলো সবই নদীয় মতো, অর্থাৎ সে পথ নিজে চলে ব'লেই চালায়; তারই স্লোতে মন আপনাকে ভাসিয়ে দিতে পারলে নিজের মধ্যে অপরিচিতের পরিচয়্ম পেতে থাকে। আর্যাবর্তের বৃক্তের উপর দিয়ে যে গলা চলে গেছে সেই তো ভারতবর্ষের অপরিচিত পূর্বের সঙ্গে অপরিচিত

পশ্চিমকে সহজেই মৃথোম্থি করে দিয়েছিল। তেমনি ষে মান্থবের মনের মাঝধান দিয়ে চলতি নদী থাকে সে মান্থব আপনার কাছ থেকে আপনি শিক্ষা করবার হ্রষোগ পার। আমার মনে সেই নদীটা আছে। তারই ডাকে ছেলেবেলায় আমি ইন্থল পালিয়েছিল্ম। বে-সব জ্ঞান শিথে শিথতে হয় তার বিশুর অভাব রয়ে গেল কিন্তু অন্তাদিকে ক্ষতিপূর্ণ হয়েছে। সেজক্তে আমার মনের ভিতরকার ভাগীরথীকে আমি প্রণাম করি।

বাইরে ডেকে এনে দাড়ান্ম। তথন হর্ষ অল্পকণ আগেই অন্ত গেছে। দাস্ত সম্ত্র, মৃত্র বাতাসটা ধেন ম্থচোরা। জল ঝিল্মিল্ করছে। পশ্চিমদিক্প্রান্তে ত্-একটা মেম্বের টুকরো সোনার ধারায় অভিষিক্ত হয়ে হির হয়ে পড়ে আছে। আর-একটু উপরে হৃতীয়ার চাঁদের কণা। সেখানকার আকাশে তথনো সন্ধ্যার ঘোর লাগে নি; দিনের সভা যদিও ভেঙে গেছে, তব্ সেখানে তার সাদা জাজিমখানা পাতা। চাদটাকে দেখে মনে হচ্ছে, যেন অসময়ে অজায়গায় এসে পড়েছে। যেন একদেশের রাজপুত্র আর-এক রাজার দেশে হঠাৎ উপস্থিত, যথোচিত অভ্যর্থনার আয়োজন হয় নি, তার নিজের অম্বুচর তারাগুলো পিছিয়ে পড়েছে। এদিকে ঠিক সেই সময়ে পশ্চিম আকাশের সমস্ত সোনার মশাল, সমস্ত সমারোহ, হর্ষের অস্তব্যারার আয়োজনে ব্যক্ত; গুই চাদটুকুকে কেউ দেখতেই পাচেছ না।

এই জনশৃত্য সমূত্র ও আকাশের সন্ধান্তলে পশ্চিমদিগন্তে একখানি ছবি দেখলুম। আর কয়েকটি রেখা, অর কিছু উপকরণ; আকাশ এবং সমৃত্যের নীলের ভিতর দিয়ে অবসানদিনের শেষ আলো যেন তার শেষ কথাটি কোনো একটা জায়গায় রেখে যাবার জন্তে ব্যাকুল হয়ে বেরিয়ে আসতে চায়, কিছু উদাস শৃত্যের মধ্যে ধরে রাখবার জায়গা কোথাও না পেয়ে য়ান হয়ে পড়ছে— এই ভাবটিই যেন সেই ছবিটির ভাব।

ডেকের ওপর ন্তর দাঁড়িয়ে শাস্ত একটি গভীরতার মধ্যে তলিয়ে গিয়ে আমি যা দেখলুম তাকে আমি বিশেষ অর্থেই ছবি বলছি, যাকে বলে দৃশ্য এ তা নয়। অর্থাৎ, এর মধ্যে যা-কিছুর সমাবেশ হয়েছে কেউ যেন সেগুলিকে বিশেষভাবে বেছে নিয়ে পরম্পরকে মিলিয়ে, একটি সম্পূর্ণতার মধ্যে সাজিয়ে ধরেছে। এমন একটি সরল গভীর মহৎ সম্পূর্ণতার ছবি কলকাতার আকাশে একম্ইর্তে এমন সমগ্র হয়ে আমার কাছে হয়তো দেখা দিত না। এখানে চারি দিকের এই বিপুল রিক্ততার মাঝখানে এই ছবিটি এমন একান্ত এক হয়ে উঠে আমার কাছে প্রকাশ পেলে। একে সম্পূর্ণ করে দেখবার জন্যে এতবড়ো আকাশ এবং এত গভীর ন্তর্কতার দরকার ছিল।

অধিকার ক'রে; চারি পাশে কোথাও চিত্তবিক্ষেপ করবার মতো কিছুই নেই। রিক্ততার আকাশে তার সমস্ত অর্থটি জ্যোতির্ময় হয়ে প্রকাশ পায়। ঘরে যদি নানা জিনিস ভিড় করত তবে তাদের মধ্যে এই ছবি থাকত একটি আসবাবমাত্র হয়ে, তার ছবির মাহাত্ম্য মান হত, সে আপনার সব কথা বলতে পারত না।

কাব্য সংগীত প্রভৃতি অন্য-সমন্ত রসম্বাষ্টিও এইরকম বস্তবাহল্যবিরল রিক্ততার অপেকা রাথে। তাদের চারি দিকে যদি অবকাশ না থাকে তা হলে সম্পূর্ণ মৃতিতে তাদের দেখা যায় না। আজকালকার দিনে সেই অবকাশ নেই, তাই এখনকার লোকে সাহিত্য বা কলাস্ষ্টির সম্পূর্ণতা থেকে বঞ্চিত। তারা রস চায় না, মদ চায়; আনন্দ চায় না, আমোদ চায়। চিত্তের জাগরণটা তাদের কাছে শৃষ্ঠ, তারা চায় চমকলাগা। ভিড়ের टिनार्टिनित मर्था जन्मग्नस्थत मन यमि कांग्रांक गानत्क त्भर्ज द्या जा राम जांत्र थूव আড়ম্বরের ঘটা করা দরকার। কিন্তু, সে আড়ম্বরে প্রোতার কানটাকেই পাওয়া যায় মাত্র, ভিতরের রদের কথাটা আরো বেশি করে ঢাকাই পড়ে। কারণ, সরলতা স্বচ্ছতা আর্টের ষথার্থ আভরণ। ষেথানে কোলাহল বেলি, ভিড় বুহৎ, মন নানা-কিছুতে বিশিপ্ত, আর্ট সেখানে কসরত দেখাবার প্রলোভনে মজে, আপনাকে দেখাতে ভূলে যায়। আড়ম্বর জিনিসটা একটা চীংকার; যেখানে গোলমালের অন্ত নেই সেখানে তাকে গোচর হয়ে ওঠবার জন্মে চীৎকার করতে হয় ; সেই চীৎকারটাকেই ভিড়ের লোক শক্তির লক্ষণ জেনে পুলকিত হয়ে ওঠে। কিন্তু, আর্ট তো চীৎকার নয়, তার গভীরতম পরিচয় হচ্ছে তার আত্মাংবরণে। আর্ট বরঞ্চ ঠেলা খেয়ে চুপ করে যেতে রাজি আছে, কিন্তু ঠেলা মেরে পালোয়ানি করার মতো লব্দা তার আর নেই। হায় রে লোকের মন, তোমাকে খুশি করবার জব্যে রামচন্দ্র একদিন সীতাকে বিসর্জন দিয়েছিলেন; তোমাকে ভোলাবার জন্মেই আর্ট আজ আপনার শ্রী ও ব্রী বিসর্জন দিয়ে নৃত্য ভূলে পাঁয়তারা মেরে বেড়াচ্ছে।

> হাকনা-মাক্স জাহাজ ৩রা অক্টোবর ১৯২৪

এখনো স্থ ওঠে নি। আলোকের অবতরণিকা পূর্ব আকাশে। জন স্থির হয়ে আছে সিংহ্বাহিনীর পায়ের তলাকার সিংহের মতো। স্থোদয়ের এই আগমনীর মধ্যে মজে গিয়ে আমার মৃথে হঠাৎ ছন্দে-গাঁথা এই কথাটা আপনিই ভেনে উঠন—

> হে ধরণী, কেন প্রতিদিন হৃপ্তিহীন একই লিপি পড় বারে বারে।

ব্রতে পারস্য আমার কোনো একটি আগন্তক কবিতা মনের মধ্যে এসে-পৌছবার আগেই তার ধুয়োটা এসে পৌচেছে। এইরকমের ধুয়ো অনেক সময়ে উড়ো বীজের মতো মনে এসে পড়ে, কিন্তু সব সময়ে তাকে এমন স্পষ্ট করে দেখতে পাওয়া বাদ না।

শম্বের দ্র তীরে যে ধরণী আপনার নানা-রঙ আঁচলখানি বিছিয়ে দিয়ে পুবের দিকে ম্থ করে একলা বলে আছে, ছবির মতো দেখতে পেল্ম, তার কোলের উপর একবানি চিঠি পড়ল খলে কোন্ উপরের থেকে। সেই চিঠিখানি ব্কের কাছে তুলে ধরে সে একমনে পড়তে বলে গেল; তালতমালের নিবিড় বনচ্ছায়া পিছনে রইল এলিয়ে, হুয়ে-পড়া মাধার থেকে ছড়িয়ে-পড়া এলোচুল।

আমার কবিভার ধুয়ো বলছে, প্রতিদিন সেই একই চিঠি। সেই একথানির বেশি আর দরকার নেই; সেই ওর যথেষ্ট। সে এত বড়ো, তাই সে এত সরল। সেই একথানিতেই সব আকাশ এমন সহজে ভরে গেছে।

ধরণী পাঠ করছে কত যুগ থেকে। সেই পাঠ-করাটা আমি মনে মনে চেয়ে দেখছি। হ্বলোকের বাণী পৃথিবীর বৃক্তের ভিতর দিয়ে, কঠের ভিতর দিয়ে, রূপে রূপে বিচিত্র হয়ে উঠল। বনে বনে হল গাছ, ফুলে ফুলে হল গাল, প্রাণে প্রাণে হল নিশ্বসিত। একটি চিঠির সেই একটি মাত্র কথা, সেই আলো। সেই হ্বলর, সেই ভীষণ; সেই হাসির ঝিলিকে ঝিকিমিকি, সেই কায়ার কাঁপনে ছলছল।

এই চিঠি-পড়াটাই স্প্রের স্রোড ;- যে দিচ্ছে আর যে পাচ্ছে সেই বুজনের কথা এতে মিলেছে, সেই মিলনেই রূপের টেউ। সেই মিলনের জারগাটা হচ্ছে বিচ্ছেদ। কেননা, দূর-নিকটের ভেদ না ঘটলে স্রোভ বয় না, চিঠি চলে না। স্প্রি-উৎসের মুখে কী-একটা কাণ্ড আছে,- দে এক ধারাকে ত্রই-ধারায় ভাগ করে। বীজ ছিল নিতাস্ক এক, তাকে বিধা করে দিয়ে তথানি কচি পাতা বেরল, তথনই সেই বীজ পেল তার বাণী; দইলে সে বোবা, নইলে সে রূপণ, আপন ঐশর্য আপনি ভোগ করতে জানে না। জীব ছিল একা, বিদীর্ণ হয়ে স্ত্রী-পূক্ষে সে হই হয়ে গেল। তথনই তার সেই বিভাগের কাজের মধ্যে বসল তার ভাকবিভাগ। ভাকের পর ভাক, তার অস্ক নেই। বিভেদের এই কাক একটা বড়ো সম্পদ; এ নইলে সব চুপ, সব বন্ধ। এই কাকটার ব্কের ভিতর দিয়ে একটা স্কুপেনার ব্যথা, একটা আকাজকার টান, টন্টন্ করে উঠল; দিতে-চাওয়ার আর পেতে-চাওয়ার উত্তর-প্রত্যুত্তর এ-পারে ও-পারে চালাচালি হতে লাগল। এতেই হলে উঠল স্প্রতিরক্ষ, বিচলিত হল শতুপ্র্যান্ধ, কথনো বা গ্রীমের তপশ্যা, কথনো বর্ণার প্রাযন, কথনো বা শীতের সংকোচ, কখনো বা বসন্তের দাক্ষিণ্য। একে

বদি মায়া বল ডো দোষ নেই, কেননা, এই চিঠিলিখনের অক্সরে আবছায়া, ভাষায়
ইশায়া; এর আবির্ভাব-ভিরোভাবের পুরো মানে সব সময়ে বোঝা যায় না। যাকে
চোখে দেখা যায় না সেই উত্তাপ কখন আকাশপথ থেকে মাটির আড়ালে চলে যায়;
মনে ভাবি, একেবারেই গেল বৃঝি। কিছু কাল যায়, একদিন দেখি, মাটির পর্দা ফাঁক
করে দিয়ে একটি অক্সর উপরের দিকে কোন্-এক আর-জয়ের চেনা-ম্থ খুজছে।
যে উত্তাপটা ফেরার হয়েছে ব'লে সেদিন রব উঠল সেই তো মাটির তলায় অক্ষকারে
সেঁথিয়ে কোন্ ঘুমিয়ে-পড়া বীজের দরজায় বসে বসে ঘা দিচ্ছিল। এমনি করেই
কত অদৃশ্য ইশারার উত্তাপ এক-হদয়ের থেকে আর-এক হদয়ের ফাঁকে ফাঁকে কোন্
চোরকোঠায় গিয়ে ঢোকে, সেখানে কার সঙ্গে কী কানাকানি করে জানি নে, তার পরে
কিছুদিন বাদে একটি নবীন বাণী পর্দার বাইরে এসে বলে "এসেছি"।

আমার সহধাত্রী বন্ধু আমার ভায়ারি প'ড়ে বললেন, "তুমি ধরণীর চিঠি-পড়ায় আর মায়মের চিঠি-পড়ায় মিশিয়ে দিয়ে একটা যেন কী গোল পাকিয়েছ। কালিদাসের মেঘদ্তে বিরহী-বিরহিণীর বেদনাটা বেশ স্পষ্ট বোঝা যাছে। তোমার এই লেখায় কোন্থানে রূপক কোন্থানে সাদা কথা বোঝা শক্ত হয়ে উঠেছে।" আমি বলন্ম, কালিদাস যে মেঘদ্ত কাব্য লিখেছেন সেটাও বিখের কথা। নইলে তার একপ্রাস্তে নির্বাসিত যক্ষ রামগিরিতে, আর-একপ্রাস্তে বিরহিণী কেন অলকাপুরীতে। স্বর্গমর্ভের এই বিরহই তো সকল স্বষ্টিতে। এই মন্দাক্রান্তাছন্দেই তো বিশের গান বেকে উঠছে। বিচ্ছেদের ফাকের ভিতর দিয়ে অন্-পরমাণ্ নিত্যই যে ক্রদ্যুত চিঠি চালাচালি করে সেই চিঠিই স্কান্টর বাণী। স্ত্রীপুরুবের মাঝখানেও, চোখে চোখেই হোক, কানে কানেই হোক, মনে মনেই হোক, আর কাগক্ষে-পত্রেই হোক, যে চিঠি চলে সেও ওই বিশ্বচিঠিরই একটি বিশেষ রূপ।

**६** इ जस्क्वेचित्र ३३२८

মান্থবের আয়ুতে বার্টের কোঠ। অন্তদিগস্তের দিকে হেলে-পড়া। অর্থাৎ, উদয়ের দিগস্তটা এই সময়ে সামনে এসে পড়ে, পূর্বে পশ্চিমে মুখোমুখি হয়।

জীবনের মাঝমহলে, যে কালটাকে বলে পরিণত বয়স, ষেই সময়ে জনেক বড়ো বড়ো সংকল্প, জনেক কঠিন সাধনা জনেক মন্ত লাভ, জনেক মন্ত লোকসান এনে জমেছিল। সব জড়িয়ে ভেবেছি, এইবার জাসা গেল পাকা-পরিচয়ের কিনারাটাতে। সেই সময়ে কেউ যদি হঠাং এসে জিঞ্জাসা করত "ভোমার বয়স কত।" ভা হলে জামার গোড়ার দিকের ছত্তিশটা বছর সরিয়ে রেখে বলতুম, জামি হচ্ছি বাকিটুকু। জর্মাৎ, আষার বরস হচ্ছে কুরির শেষদিকের সাভাশ। এই পাকা সাভাশের রক্ষ-সক্ষ দেখে গন্তীর লোকে খুলি হল। তারা কেউ বললে "নেতা হও", কেউ বললে "সভাপতি হও", কেউ বললে "উপদেশ দাও।" আবার কেউ বা বললে, "দেশটাকে মাটি করতে বলেছ।" অর্থাৎ, স্বীস্থার করলে দেশটাকে মাটি করে দেবার মতো অসামান্ত ক্ষমভা আমার আছে।

এমন সময়ে বাটে পড়লুম। একদিন বিকেলবেলায় সামনের বাড়ির ছাতে দেখি, দশ-বারো বছরের একটি ছেলে থালি-গায়ে যা-খুলি করে বেড়াছে। ঠিক সেই সময়ে চা থেডে-থেডে একটা জমনি কথা ভাবছি।

ভাবনাটা একদমে এক-লাইন থেকে আর-এক লাইনে চলে গেল। হঠাৎ নিতান্ত এই একটা অপ্রাসন্ধিক কথা মনে উঠল বে, ওই ছেলেটা এই অপরাব্রের আকাশের সক্ষেপ্ মিশ থেরে গেছে; কোনো একটা অক্সমনন্ধতার ঠেলার বিশ্বপৃথিবীর সঙ্গে ওর জ্যোড় ভেঙে ধার নি। সমস্ত দিগ্ দিগন্তরকে ওই ছেলে তার সর্বান্ধ দিরে পেরেছে, দিগদর শিবের মতো। কিসে যেন একটা ধারা দিরে আমাকে মনে করিয়ে দিলে যে, অমনি করেই নয় হয়ে সমস্তর মধ্যে ময় হয়ে নিখিলের আঙিনায় আমিও একদিন এসে দাভিয়েছিল্ম। মনে হল, সেটা কম কথা নয়। অর্থাৎ, আজও ধি বিশ্বের ক্র্পে প্রত্যক্ষ প্রাণের মধ্যে তেমনি করে এসে লাগত তা হলে ঠকতুম না। তা হলে আমার জীবন-ইতিহাসের মধ্যযুগে অকালে ধৃগান্তর-অবতারণার যে সব আরোজন করা গেছে ভার ভার আমার চেয়ে যোগ্যতর লোকের হাতেই পড়ত, আর বাদশাই কুঁড়ের সিংহাসনটা আমি হায়ীরূপে দখল করে বসবার সময় পেতুম। সেই কুঁড়েমির ঐশ্বর্য আমি বে একলা ভোগ করতুম তা নয়, এই রসের রসিক বারা তাদের জন্তে ভাগ্রেরর বার খুলে দিয়ে বলা বেত, পীয়তাং ভুজ্যতাম্।

চায়ের পাএটা ভূলে গিয়ে ভাবতে লাগল্ম, যে প্লকটাতে আজ মন আবিই হয়েছে সেটার কথা স্বাইকে ব্রিয়ে বলি কী করে। বয়স য়খন ছয়িশের নীচে ছিল তখন বলা-ই আমার কাজ ছিল, ব্রিয়ে বলার ধার ধারত্ম না। কেননা, তখন তেপাস্তর মাঠের মাঝগানটাতে আমার ঘোড়া ছুটছে, বারা না ব্রে কিছুতেই ছাল্ডে না তারা আমার ঠিকানা পায় নি। আজ পনেরো-বোলো বিশ-পঁচিশ আশি-পঁচালি প্রভৃতি নানা-বয়সের প্রাচীন লোকের ঠেসাঠেসি ভিড়ের মধ্যে এসে পড়েছি। ওদের বোঝাব কী করে, এই ফুর্ভাবনা এখন ভূলে থাকাই শক্ত। মৃশকিল এই বে, পৃথিবীতে ছাভিক আছে, মশা আছে, পুলিন আছে, বরাজ পররাজ বৈরাজ নৈরাজের ভাবনা আছে, এরই মধ্যে এই গাখোলা ছেলেটা দিনের শেষ প্রহারে বেকার বেলাতে ছাদের উপরে খুরে

বেড়ায়। আকাশের আলিঙ্গনে-বাঁধা ওই ভোলা মন ছেলেটিতে একটি নিত্যকালের কথা আছে, সে আমি শুনেছি, কিন্তু সৈ আমি ভাষায় কেমন করে স্পষ্ট করে ভুলব।

আৰু মনে হচ্ছে, ওই ছেলেটার কথা আমারই খ্ব ভিতরের কথা, গোলেমালে অনেক কাল তার দিকে চোখ পড়ে নি। বারো বছরের সেই নিত্য-ভোলা ইক্ল-পালানো লক্ষী-ছাড়াটা গান্তীর্যের নিবিড় ছায়ায় কোথায় লুকিয়ে লুকিয়ে থেলা করছিল। এখন ভাবনা ধরিয়ে দিলে, আমার আসল পরিচয় কোন্ দিকটায়। সেই আরম্ভ-বেলাকার সাতাশের দিকে, না, শেষ-বেলাকার ?

দায়িছের বোঝা মাথায় করে যাটের আরম্ভে একবার আমেরিকায় গিয়েছিলুম। তথন য়ুরোপের য়ৃদ্ধ দবে শেষ হয়েছে, কিন্তু তারই নেশায় তথনো আমেরিকার চোধ যে রক্ষ রক্তবর্ণ য়ুরোপেরও এমন নয়। তার উপর তথন ইংরেজ নানা উপায়ে আমেরিকার প্রবণিজ্রিয়ের পথ জুড়ে নিজের ভে পুটা বাজাচ্ছে। ডিমক্রাসির গুণ এই যে, নিজে ভাববার না আছে তার উগ্লম, না আছে তার শক্তি। যে চতুর লোক কানে মন্ত্র দেবার ব্যবহা আয়ভ করেছে সে নিজের ভাবনা তাকে ভাবায়। ঠিক এখনকার থবর জানি নে, তথন ইংরেজ আমেরিকার বিপ্লকায় ডিমক্রাসিকে কানে ধরে নিজের ভাবনা ভাবাছিল। সেই কানে মন্ত্র দেবার ষন্ত্রটা আমার বিক্রম্বে তার চাকা চালিয়ে দিলে। ভন্ন ছিল্ পাছে, আমি ইংরেজের অপ্রশ্র রটাই। তার আগেই জালিয়ানওয়ালাবাগের ব্যাপার ঘটেছিল।

বাই হোক, যে কয়টা মাস আমেরিকায় কাটিয়েছি, হাওয়ার মধ্যে যেন একটা বিরোধের ঠেলা ছিল। ভাবুক যেখানেই আছে স্থোনেই মান্তবের আপনার দেশ, কোনো দেশে সেই ভাবুকতার স্রোতে যখন কমতি পড়ে তুখন পদে পদে পাঁকের বাধায় বিদেশী পথিককে মানি দেয়। যেদিন ভাবুকতার উদার্য থেকে রিক্ত আমেরিকাকে দেখল্য সেদিন দেখি সে ভয়ংকর ধনী, ভয়ংকর কেজাে, সিদ্ধির নেশায় তার তুই চক্ত্রকরণা তারই পাশে দাঁড়িয়ে নিজের দিকে চেয়ে দেখি, আমি নিতান্ত কাঁচা, জয়-গরিব, একেবারে অন্থিতে-মক্জাতে বেহিনাবি। এও ব্যালুম, এ জগতে কাঁচা মান্তবের খ্রা একটা পাকা জায়গা আছে, চিরকেলে জায়গা। বাট বছরে পৌছে হঠাৎ দেখল্ম, সেই জায়গাটা দ্রে ফেলে এসেছি।

যতই ব্যতে পারি ততই দেখতে পাই, পাকা দেয়ালগুলোই মায়া, পাথরের কেলাই কয়েদখানা। মন কাঁদছে, মরবার আগে গাথোলা ছেলের জগতে জার-একবার শেষ ছেলেখেলা খেলে নিতে, দায়িখবিহীন খেলা। আর, কিশোর বয়সে বারা আমাকে কাঁদিয়েছিল, হাসিয়েছিল, আমার কাছ খেকে আমার গান লুঠ করে নিম্নে ছড়িয়ে

त्स्लिहिन, जामात्र मदनत्र कुछळा छात्मत्र मित्क हूर्छन। छात्रा मच वस्म किहूरे नत्र ; फांत्रा रम्था मिएबर्फ टंकडे वा वरमत्र हामांत्र, टक्डे वा नमीत्र शांत्र, टक्डे वा चरत्र दकारन, क्छि ना भाषत वीक्त । जात्रा **कांग्री की** जि ताथवांत्र एन नम्न, क्ष्मजांत्र क्ष्मतृष्ठि निरम ভাদের ভাবনাই নেই; ভারা চলতে চলতে হুটো কথা বলেছে, সব কথা বলবার সময় পান্ন নি ; ভারা কালভোতের মাঝখানে বাঁধ বাঁধবার চেষ্টা করে নি, ভারই ডেউয়ের উপর নৃত্য করে চলে গৈছে, তারই কলম্বরে হুর মিলিয়ে; হেলে চলে গেছে, তারই আলোর ঝিলিমিলির-মভো। তাদের দিকে মুখ ফিরিয়ে বললুম, "আমার জীবনে যাতে সভ্যিকার ফ্সল ফলিয়েছে সেই আলোর, সেই উত্তাপের দৃত তোমরাই। প্রণাম তোমাদের। তোমাদের অনেকেই এসেছিল কণকালের জন্ত, আধো-স্বপ্ন, আধো-জাগার ভোরবেলায়-তকভারার মতো। প্রভাত না হতেই অন্ত গেল।" মধ্যাহে মনে হল তারা তুচ্ছ; বোধ ্ হল, তাদের ভূলেই গেছি। তার পরে সন্ধ্যার অন্ধ্রকারে ধখন নক্ষত্রলোক সমস্ত আকাশ eজুড়ে আমার মূখের দিকে চাইল তখন জানলুম, সেই ক্ষণিকা তো ক্ষণিকা নয়, তারাই চিরকালের; ভোরের স্বপ্নে বা সন্ধ্যাবেলার স্বপ্নাবেশে জানতে না-জানতে ভারা বার , কপালে একট্থানি আলোর টিপ পরিয়ে দিয়ে যায় তাদের সৌভাগ্যের সীমা নেই। তাই मन रनष्ट, এक मिन योत्रा दिला हो। इर्म अस्मिहन आंक आमि रयन दलाही। इर्म जाएमत কাছে আর-একবার যাবার অধিকার পাই; যারা ক্রণকালের ভান করে এসেছিল, বিদায় নেবার দিনে আর-একবার যেন তারা আমাকে বলে "তোমাকে চিনেছি", আমি যেন বলি "ভোষাদের চিনলুম"।

# **৭ই অক্টোবর ১৯২৪**

একজন অপরিচিত য্বকের সঙ্গে একদিন এক-মোটরে নিমন্ত্রণসভান্ত বাচিন্ত্র।
ভিনি আমাকে কথাপ্রসঙ্গে ধবর দিলেন বে, আজকাল পভা আকারে বে-সব রচনা
করছি সেগুলি লোকে তেমন পছল করছে না। বারা প্রছল করছে না তাদের স্থবোগ্য
প্রতিনিধিশ্বরূপে তিনি উল্লেখ করলেন তার কোনো কোনো আত্মীয়ের কথা, সেই
আত্মীয়েরা কবি; আর, বে সব পছরচনা লোকে পছল করে না তার মধ্যে বিশেষভাবে
উল্লেখ করলেন আমার গানগুলো আর আমার 'শিশু ভোলানাথ' নামক আধুনিক
কাব্যগ্রন্থ। তিনি বললেন, আমার বন্ধুরাও আশহা করছেন আমার কাব্য লেখবার
শক্তি ক্রমেই ব্লান হরে আসছে।

कारमञ्ज धर्महे এই। अर्जनांक वमस्थ्य जिल्ला वाक ना। गोश्रवत क्याजात क्या बारक, व्यवनांन बारक। यहि कथरना किছू निरम्न वाकि, जरव ग्रमा क्यांत नगत

ভারই হিসাবটা শরণ করা ভালো। বাজিশেষে দীপের আলো নেববার সময় বর্থন সে ভার শিখার পাখাতে বার-কতক শেষ ঝাপটা দিয়ে লীলা সান্ধ করে, ভখন আশা দিয়ে নিরাশ করবার দাবিতে প্রদীপের নামে নালিশ করাটা বৈধ নয়। দাবিটাই বার বেহিসাবি দাবি অপ্রণ হ্যার হিসাবটাতেও ভার ভূল থাক্তবেই। পঁচানকাই বছর বরুনে একটা মাছ্য ফ্ল্ করে মারা গেল বলে চিকিৎসাশাস্ত্রটাকে ধিকার দেওয়া বৃধা বাক্যবায়। অভএব, কেউ যদি বলে আমার বয়স ঘতই বাড়ছে আমার আয়ু ততই কমে যাচ্ছে, তা হলে তাকে আমি নিন্দুক বলি নে, বড়ো জোর এই বলি যে, লোকটা বাজে কথা এমনভাবে বলে যেন সেটা দৈববাণী। কালক্রমে আমার ক্ষমতা ফ্লাস হয়ে যাচ্ছে, এই বিধিলিপি নিয়ে যুবক হোক, বৃদ্ধ হোক, কবি হোক, অকবি হোক, কারো সঙ্গে তকরার করার চেয়ে ততকণ একটা গান লেখা ভালো মনে করি, তা সেটা পছন্দসই হোক আর না হোক। এমন-কি, সেই অবসরে 'শিশু ভোলানাথ'-এর জাতের কবিতা যদি লিখতে পারি, তা হলেও মনটা খুলি থাকে। কারণটা কী বলে রাখি।

আজ-নাগাদ প্রায় পনেরো-যোলো বছর ধরে থুব কষে গানই লিখছি। লোক-রঞ্জনের জক্তে নয়, কেননা, পাঠকেরা লেখারা ক্ষমতার পরিচয় থোঁজে। ছোটো ছোটো একটু একটু গানে ক্ষমতার কায়দা দেখাবার মতো জায়গাই নেই। কবিম্বকে যদি রীতিমতো তাল ঠকে বেড়াতেই হয় তা হলে অস্তত একটা বড়ো আখড়া চাই। তা ছাড়া গান জিনিসে বেশি বোঝাই সয় না; যারা মালের ওজন ক'রে দরের যাচাই করে, তারা এরকম দশ-বারো লাইনের হালকা ক্বিতার বাজার মাড়াতে চায় না। তব্ আমি এই কয় বছরে এত গান লিখেছি যে, অস্তত সংখ্যা হিসাবে লম্বা দৌড়ের বাজিতে আমি বোধ হয় পয়লা নম্বরের পুরস্কার পেতে পারি।

আর-একটা কথা বলে রাখি, গান লিখতে বেমন আমার নিবিড় আনন্দ হয় এমন আর কিছুতে হয় না। এমন নেশায় ধরে বে, তথন গুরুতর কাল্কের গুরুত্ব একেবারে চলে বায়, বড়ো বড়ো দায়িত্বের ভারাকর্ষণটা হঠাৎ লোপ পায়, কর্তব্যের দাবিগুলোকে মন এক-ধার থেকে নামপ্তর করে দেয়।

এর কারণ হচ্ছে, বিশ্বকর্যার লীলাথেলার স্রোতটার মধ্যে হঠাৎ পড়ে গেলে শুক্ষমো ছাঙার কথাটা একেবারেই মনে থাকে না। শরতের গাছতলা শিউলি ফুলের অপব্যৱে ছিয়ে গেল, নিকেশ নেবার কোনো কথাই কেউ বলে না। যা হল কেবল ছাই দেখেই বলি, যথেষ্ট হয়েছে। ঘোর গরমে ঘাসগুলো শুকিয়ে সব হলদে হয়ে গেল; বর্ষার প্রথম পসলা বৃষ্টি হয়ে যাবার প্রেই হঠাৎ দেখি, ঘাসে অভি ছোটো ছোটো

दिश्वि कूटन इनए कूटन यांजायांजि। त्क एएट एक वा एएट जात दिशान त्वहै। रन क्रांभत नीना, त्करनमांक राम क्रांटिक चानना। এই মেঠো क्रूलन अविधि मधनी जूल धरत्र जामि विन, वाश्वा। एक विन । ७ एका बावात्र जिनिम नम्न, रवहवात्र जिनिम नम्, लाशांत्र मिम्मूरक जाना वक्त करत्र ताथवांत्र किनिम नम्। छर्व खर्फ व्यामि की तिथम्म याट्य व्यापात मन वनत्न "नावान"। वच्च तिथम्म १ वच्च ट्या अक्टा माहित्र ঢেলার মধ্যে ওর চেম্বে অনেক বেলি আছে। তবে ? আমি দেখলুম, রপ। সে কথাটার অর্থ কী। রূপ ছাড়া আর কোনোই অর্থ নেই। রূপ শুধু বলে, "এই দেখো, আমি হয়ে উঠেছি।" यमि स्थायांत यन नाय मिरय तल "ठाइ त्छा तर्हे, जूबि इरयह, जूबि साह" आंत्र थहे बरलहें बिन तम हूल करत्र शंत्र, छ। हरलहे तम ऋल तम्थल ; हरत्र-एठांटकहे हत्रय वरल জানলে। কিন্তু, সভানে ফুল যখন অরূপসমূদ্রে রূপের টেউ তুলে দিয়ে বলে "এই দেখো আমি আছি", তথন তার কথাটা না বুঝে আমি যদি গোঁয়ারের মতো বলে বলি "কেন জাছ"— তার মুখ থেকে যদি অত্যন্ত মিথ্যে জবাব আদায় করে নিই, যদি তাকে দিয়ে यमाष्टे "जूमि शार्व वरमर्हे चाहि", जा श्रम क्राम क्रिय क्रिय क्रिय क्रिया श्रम ना। এकि ছোট্টো মেয়ে কোথা থেকে আমার যাত্রাপথে জুটে গেছে। তার বয়স আড়াই বছর। ভার মধ্যে প্রাণের আনুন্দ টলমল করে ১৪ঠে, কত মধুর প্রলাপে, কত মন-ভোলানো ভদীতে; আমার মন বলে, "মন্ত একটা পাওনা আমি পেলুম।" কী যে পেলুম ডাকে ছিসাবের আছে ছ'কে নেবার জো নেই। আর-কিছু নয়, একটি বিশেষ হয়ে-ওঠাকেই व्यामि চরম করে দেখলুম। ওই ছোট্ট মেমের হয়ে-ওঠাই আমার পরম লাভ। षामात्र पत और एम ना, तामा करत ना, তাতে धत धरे रुख- धर्मत रिमावरोए किम्रूरे कम পড़ছে ना। रिक्कानिक এর হয়তো একটা মোটা কৈফিয়ত দেবে, বলবে, "জীবজগতে বংশরক্ষাটাই সবচেয়ে বড়ো দরকার; ছোটো মেয়েকে স্থন্দর না জাগলে শেই দরকারটাতে বাধা পড়ে।" মোটা কৈফিয়তটাকে আমি সম্পূর্ণ অগ্রাহ্ম করি নে, কিছ ভার উপরেও একটা স্কা তত্ত্ব আছে যার কোনো কৈফিয়ত নেই। একটা ফলের **णांनि एमध्य मन धृ**नि इस्त ७र्छ, जांत्र मार्छत योग्नित भोज एम्थल यात्रा नितामियांनी <del>মন্থ</del> তাদের মন খুশি হতে পারে; আহারের প্রয়োজনটা উভয়তই আছে; স্থতরাং খুশির একটা মোটা কৈফিয়ত উভয়তই পাওয়া যায়। তৎসত্ত্বেও ফলের ডালিতে এমন একটি বিশেষ থুশি আছে যা কোনো কৈফিয়ত তলবই করে না। সেইখানে ওই **धकि यां कथा, क्लश्रम वनाह "चामि चाहि"— चात चामांत्र यन वर्षा, रमरेर्टिस** আমার লাভ। আমার জীবনদাতার এই আড়াই বছরের ক্ততমা সহচরীটিও মানবের वः भग्नकात किक्शिक काथिन करत अध्या किছू वाकि तार्थ (यहा विस्थत वर्षक्र हरू

উখিত ওছারধ্বনিরই হ্র। বিশ্ব বলছে ওঁ; বলছে, হাঁ; বলছে, অয় মহং ভােঃ, এই-বে আমি। পভাকে সভা বলেই বেখানে মানি সেখানে তার মধ্যে আমি সেই খুলিকেই দেখি বে খুলি আমার নিজের মধ্যে চরমরপে রয়েছে। দাসের মধ্যে সেই খুলিকে দেখি নে বলেই দাসত্ব এত ভ্রাংকর মধ্যে, আর মিধ্যে বলেই এত ভ্রাংকর তার পীড়া।

স্টির মূলে এই লীলা, নিরম্ভর এই রপের প্রকাশ। সেই প্রকাশের অহৈতৃক আনন্দে যখন যোগ দিতে পারি তখন স্টির মূল আনন্দে গিয়ে মন পৌছয়। সেই মূল আনন্দ আপনাতেই আপনি পর্যাপ্ত, কারো কাছে তার কোনো জবাবদিহি নেই।

ছোটো ছেলে ধুলোমাটি কাটাকুটো নিয়ে সারাবেলা বসে বসে একটা কিছু গড়ছে। বৈজ্ঞানিকের মোটা কৈন্দিয়ত হচ্ছে এই ষে, গড়বার শক্তি তার জীবনযাত্রার সহায়, সেই শক্তির চালনা চাই। এ কৈন্দিয়ত স্বীকার করে নিল্ম; তব্ও কথাটার মূলের দিকে অনেকথানি বাকি থাকে। গোড়াকার কথা হচ্ছে এই ষে, তার স্বষ্টিকর্তা মন বলে. "হোক", "Let there be"— সেই বাণীকে বহন করে ধুলোমাটি ক্টোকাটি সকলেই বলে ওঠে, "এই দেখে হয়েছে।"

এই হওয়ার অনেকথানিই আছে শিশুর কুরুনায়। সামনে য়খন তার একটা টিবি তখন করনা বলছে, "এই তো আমার রূপকথার রাজপুত্রের কেরা। তার ওই ধুলোর স্থূপের ইশারার ভিতর দিয়ে শিশু সেই কেলার সভা মনে স্পষ্ট অমুভব করছে; এই অমুভৃতিতেই তার আনন্দ। গড়বার শক্তিকে প্রকাশ করছি বলে আনন্দ নয়, কেননা, সে শক্তি এ ক্ষেত্রে বিশেষ প্রকাশ পাচ্ছে না। একটি রূপবিশেষকে চিত্তে স্পষ্ট দেখতে পাচ্ছি ব'লে আনন্দ। সেই রূপটাকে শেষলক্ষ্য করে দেখাই হচ্ছে স্ক্টিকে দেখা; ভার আনন্দই স্ক্টির মূল আনন্দ।

গান জিনিসটা নিছক স্টেলীলা। ইক্রধন্থ বেমন বৃষ্টি আর রৌজের জাত্ব, আকাশের ত্রি থামথেয়ালি মেজাজ দিয়ে গড়া তোরণ, একটি অপূর্ব মৃহুর্তকাল সেই তোরণের নীচে দিয়ে জয়বাত্রা করবে। হয়ে গেল এই থেলা, মূহুর্তটি তার রঙিন উত্তরীয় উড়িয়ে দিয়ে চলে গেল— তার বেশি আর কিছু নয়। মেজাজের এই রঙিন থেলাই হচ্ছে গীতিকাব্য। ওই ইক্রধন্মর কবিটিকে পাকড়াও করে যদি জিজ্ঞাসা করা বেত "এটার মানে কী হল" সাফ জবাব পাওয়া বেত "কিছুই না"। "তবে ?" "আমার খুশি।" রূপেতেই খুশি— স্টের সব প্রশ্নের এই হল শেষ উত্তর।

এই খুশির খেলাছরে রূপের খেলা দেখে আমাদের মন ছুটি পায় বন্ধর মোহ খেকে; একেবারে পৌছর আনন্দে, এমন কিছুতে যার ভার নেই, যার মাপ নেই, যা অনির্বচনীয়। সেদিন সমৃত্যের মাঝে পশ্চিষ আকাশে, 'ধ্যজ্যোতিঃসলিলমক্ষতে' গড়া সূর্বান্তের একথানি রূপস্টি দেখলুম। আমার বে পাকাবৃদ্ধি সোনার থনির মৃনফা গোনে সে বোকার মতো চুপ করে রইল, আর আমার বে কাঁচা মনটা বললে "দেখেছি" সে স্পাই ব্যুতে পারলে সোনার খনির মৃনফাটাই মরীচিকা আর যার আবির্ভাবকে কণ-কালের জন্তে ওই চিহ্নহীন সমৃত্রে নামহীন আকাশে দেখা গেল তারই মধ্যে চিরকালের জাফুরান এশ্বর্ম, সেই হচ্ছে জরপের মহাপ্রাক্ষণে রূপের নিত্যলীলা।

স্টির অন্তর্গতম এই অহৈতুক লীলার রসটিকে যখন মন পেতে চায় তখনই বাদশাহি বেকারের মন্তো সে গান লিখতে বসে। চারখানি পাপড়ি নিয়ে একটি ছোটো জুইফুলের মতো একটুখানি গান যখন সম্পূর্ণ হয়ে ওঠে তখন সেই মহা-খেলাঘরের মেজের
উপরেই তার জন্মে জায়গা করা হয় যেখানে য়ৃগ য়ৢগ য়য়ে গ্রহনক্ষত্রের খেলা হচ্ছে।
সোধানে য়ৃগ জায় মৃহুর্ত একই, সেধানে স্থ জার স্থ্মিণি ফুলে অভেদাল্মা, সেধানে
সাঁঝসকালে মেনে মেনে যে রাগরাগিণী আমার গানের সঙ্গে তার অন্তরের মিল আছে।

আজ পনেরো-যোলো বছর ধরে কর্তবাবৃদ্ধি আমাকে নানা ভাবনা নানা ব্যস্তভার মধ্যে জোরে টেনে নিরে ফেলে আমার কাছ থেকে করে কাজ আদায় করে নিছে। এখানকার দকল কাজই মোটা কৈফিয়তের অপেকা রাথে। খোচা দিয়ে দিয়ে কেবলই জিজাসা করে, "ফল হবে কি।" সেইজন্তে বার ফরমাশ কৈফিয়তের সীমানা পেরিয়ে আপন বেদরকারি পাওনা দাবি করে ভিতরে-ভিতরে সে আমাকে কেবলই প্রশ্ন করতে থাকে, "তৃমি কবি, চির-ছুটির পরোয়ানা নিয়ে পৃথিবীতে এসেছ, তার করলে কী। কাজের ভিডের টানাটানিতে পড়ে একেবারেই জাত খুইয়ে বোসো না।" নিক্তর ওরই এই তালিদেই আমাকে গান লেখায়; হটুগোলের মধ্যেও নিজের পরিচয়টা বজায় রাখবার জঙ্গে, লোকরঞ্জনের জন্তে নয়। কর্তব্যবৃদ্ধি তার কীর্তি ফেলে গজীরকঠে বলে, "পৃথিবীতে আমি সবচেয়ে গুরুতর।" তাই আমার ভিতরকার বিধিদ্তে ছুটির খেয়াল বালি বাজিয়ে বলে, "পৃথিবীতে আমিই সবচেয়ে লঘ্তম।" লঘু নয় তো কী! সেই জন্তে দব জায়গাতেই হাওয়ায় হাওয়ায় তার পাখা চলে, তার রঙ-বেরঙের পাখা। ইমার্তের মোটা ভিত ফেদে সময়ের সদ্ব্যর করা তার জাত-ব্যাবসা নয়; সে লজ্মীছাড়া ঘূরে বেডার ফাকির পথে, যে পথে রঙের ঝরনা রসের ধারা ঝরে ঝরে দিকে দিকে ছিডিয়ে পড়ছে বিপ্ল একটা বাজেখরচের মতো।।

আমার কেজো পরিচয়টার প্রতি উর্বা ক'রে অবজ্ঞা ক'রে আমার অকেজো পরিচয়টা আমাকে বধন-ডখন গান লিখিয়ে লিখিয়ে নিজের দলিল ঠিক করে রাখছে। যখন বিক্লমপর্কে মাতকার লাক্ষী এসে জোটে, তখনই নিজের দাবির দলিল খুব বড়ো করে

ভূলতে হয়। যতদিন ধরে এক পক্ষে আমার কাজের রোকড় ধ্ব মোটা হয়ে উঠছে ততদিন ধরেই অন্তপক্ষে আমার ছুটির নথিও অসম্ভব-রকম ভারী হয়ে উঠল। এই বে ছই পক্ষের মধ্যে বিরোধ চলছে, এটা আমার অন্তরের থাস-কামরায়। আমি আসলে কোন্ পক্ষের, সেইটের বিচার নিয়ে আমারই কাছে নালিশ।

ভার পরে কথাটা এই যে, ওই 'শিশু ভোলানাথ'-এর কবিভাগুলো ধামকা কেন লিখতে বসেছিলুম। সেও লোকরঞ্জনের জন্তে নয়, নিভাস্ত নিজের গরজে।

পূর্বেই বলেছি, কিছুকাল আমেরিকার প্রোঢ়তার মরুপারে ঘোরতর কার্বপট্টতার পাথরের তুর্গে আটকা পড়েছিলুম। সেদিন খুব স্পষ্ট বুঝেছিলুম, জমিয়ে ভোলবার মতো এত বড়ো মিথ্যে ব্যাপার জগতে আর কিছুই নেই। এই জমাবার জমাদারটা বিশের ठित्रठक्षने जोश दिनात न्यारी करते ; किन्न किन्नू रे शोकरव ना, जाज वार्ष कान नव সাফ হয়ে যাবে। যে স্রোতের ঘৃণিপাকে এক-এক জায়গায় এই-সব বন্ধর পিও-গুলোকে স্থূপাকার করে দিয়ে গেছে সেই স্রোতেরই অবিরত বেগে ঠেলে ঠেলে সমস্ত ভাসিয়ে नीन সমৃত্রে নিয়ে যাবে— পৃথিবীর বক্ষ হুস্থ হবে। পৃথিবীতে সৃষ্টির যে नीना-শক্তি আছে সে যে নির্লোভ, সে নিরাসক্ত, সে অরূপণ; সে কিছু জমতে দেয় না, কেননা, জমার জঞ্চালে তার স্পষ্টর পথ আটকায়; সে যে নিত্যনৃতনের নিরম্ভর প্রকাশের জন্মে তার অবকাশকে নির্মল করে রেখে দিতে চায়। লোভী মাহ্ম্য কোথা থেকে জ্ঞাল জড়ো ক'রে সেইগুলোকে আগলে রাথবার জ্ঞানে নিগড়বদ্ধ লক্ষ লক্ষ দাসকে দিয়ে প্রকাণ্ড সব ভাণ্ডার তৈরি করে তুলছে। সেই ধ্বংসশাপগ্রস্ত ভাণ্ডারের কারাগারে জড়বস্থপুঞ্জের অন্ধকারে বাদা বেঁধে দঞ্চয়গর্বের ঔদ্ধত্যে মহাকালকে স্থপণটা বিজ্ঞপ করছে; এ বিজ্ঞপ মহাকাল কখনোই সইবে না। আকাশের উপর দিয়ে ষেমন.ধুলানিবিড় আঁধি ক্ষণকালের জন্মে স্থকে পরাভূত করে দিয়ে তার পরে নিজের দৌরাত্ম্যের কোনো চিহ্ন না রেখে চলে যায়, এসব তেমনি করেই শৃক্তের মধ্যে বিলুপ্ত श्रम् याता।

কিছুকালের জন্তে আমি এই বস্তু-উদ্গারের অস্ক্ষয়ের মূথে এই বস্তুসঞ্চরের অস্ক্রভাণ্ডারে বন্ধ হয়ে আতিথ্যহীন সন্দেহের বিষবাপে শাসক্ষপ্রায় অবস্থার কাটিরেছিলুম।
তথন আমি এই ঘন দেয়ালের বাইরের রাস্তা থেকে চিরপথিকের পায়ের শব্দ শুনভে
পেতুম। সেই শব্দের ছন্দই যে আমার রক্তের মধ্যে বাব্দে, আমার ধ্যানের মধ্যে
ধ্বনিত হয়। আমি সেদিন স্পষ্ট ব্রেছিলুম, আমি ওই পথিকের সহচর।

আমেরিকার বন্ধগ্রাস থেকে বেরিরে এসেই 'শিশু ভোলানাথ' লিখতে বসেছিল্ম। বন্ধী বেমন কাঁক পেলেই ছুটে আসে সম্জের ধারে হাওয়া খেতে, ডেমনি করে।

দেয়ালের মধ্যে কিছুকাল সম্পূর্ণ আটকা পড়লে তবেই দ্বান্থয় স্পৃত্তি করে আবিদার করে, তার চিত্তের জন্যে এত বড়ো আকাশেরই ফাঁকাটা দরকার। প্রবীণের কেলার মধ্যে আটকা পড়ে সেদিন আমি তেমনি করেই আবিদার করেছিল্ম, অন্তরের মধ্যে যে শিশু আছে তারই খেলার ক্ষেত্র লোকে-লোকান্তরে বিশ্বত। এইজন্যে কলনার সেই শিশুলীলার সধ্যে ত্ব দিল্ম, সেই শিশুলীলার তরকে সাঁতার কাটল্ম, মনটাকে স্বিশ্ব করবার জন্তে, নির্মল করবার জন্তে, মৃক্ত করবার জন্তে।

এ কথাটার এতক্ষণ ধরে আলোচনা করছি এইজক্তে বে, বে লীলালোকে জীবনযাত্রা শুক করেছিলুম, সে লীলাক্ষেত্রে জীবনের প্রথম অংশ অনেকটা কেটে গেল, সেইথানেই জীবনটার উপসংহার করবার উদ্বেগে কিছুকাল থেকেই মনের মধ্যে একটা মনকেমন-করার হাওয়া বইছে। একদা পদ্মার থারে আকাশের পারে সংসারের পথে ধারা
আমার সলী ছিল তারা বলছে, দেদিনকার পালা সম্পূর্ণ শেষ হয়ে ধার নি, বিদায়ের
গোধ্লিবেলার সেই আরক্তের কথাগুলো সাল করে যেতে হবে। সেইজক্তেই সকালবেলাকার মল্লিকা সন্ধ্যাবেলাকার রন্ধনীগন্ধা হয়ে তার গন্ধের দৃত্ পাঠাছে। বলছে,
"তোমার খ্যাতি তোমাকে না টাছক, তোমার কীতি তোমাকে না বাঁধুক, তোমার গান
ভোমাকে পথের পথিক ক'রে তোমাকে শেষধাত্রার রওনা করে দিক। প্রথম বয়নের
বাতায়নে বসে তুমি তোমার দ্রের বঁধুর উত্তরীরের স্থান্ধি হাওয়া পেয়েছিলে। শেষবয়নের পথে বেরিয়ে গোধ্লিরাগের রাব্রা আলোতে তোমার সেই দ্রেয় বঁধুর সন্ধানে
নির্জয়ে চলে যাও। লোকের ডাকাডাকি শুনো না। স্বর যে দিক থেকে আসছে সেই
দিকে কান পাত্যো— আর সেই দিকেই ডানা মেলে দাও গাগরপারের লীলালোকের
আকাশপথে। যাবার বেলায় কর্ল কয়ে যাও যে, তুমি কোনো কাজের নও, তুমি
ক্রমানির দলে।"

कारकाञ्जित्रा काशक भ्हे स्क्रञ्जाति ১৯२६

মার্স্যেল্স্ বন্ধরে নেমে রেলে চড়লেম। পশ্চিমদেশের একটা পরিচয় পেলেম ভোজন-কামরায়। আকাশে গ্রহমালার আবর্তনের মভো থালার পর থালা পুরে আলছে, আর ভোজের পর ভোজা।

ঘরের দাবি পথের উপর চলে না। ঘরে আছে সমীরের অবসর, ঘরে আছে ছানের অবকাশ। সেধানে জীবনযাত্রার আয়োজনের ভার বেশি করে জমে ওঠবার বাধা নেই। কিন্তু, চলতি পথে উপকরণভার যথাসম্ভব হালকা করাই সাধারণ লোকের পক্ষে সংগত। হরিণের শিঙ বটগাছের ডাল-আবডালের মতো অত অধিক, অত বড়ো, অত ভারী হলে সেটা কমুম প্রাণীর পক্ষে বেহিসাবি হয়।

চিরকান, বিশেষত পূর্বকালে, রাজা-রাজ্ঞ আমীর-ওমরাওরা ভোগের ও ঐশর্বের বোঝাকে সর্বত্ত সকল অবস্থাতেই ভরপুরভাবে টেনে বেড়িয়েছে। সংসারের উপর তাদের আবদার অত্যন্ত বিশি। সে আবদার সংসার মেনে নিয়েছে, কেননা, একের সংখ্যা তেমন বেশি নয়। রেলগাড়ির ভোজনশালায় থালার সংখ্যা, ভোজ্ঞার পরিমাণ ও বৈচিত্ত্যা, পরিচর্যার ব্যবস্থা, এত বাহলাময় যে, পূর্বকালের রাজকীয় সম্প্রদায়ই পথিক-অবস্থাতেও তা দাবি করতে পারত। এখন জনসাধারণের সকলের জন্তে এই আয়োজন।

ভোগের এত বড়ো বাহুল্যে সকল মামুষেরই অধিকার আছে, এই কথাটার আকর্ষণ অতি ভয়ানক। এই আকর্ষণে দেশজোড়া মামুষের সি ধকাঠি বিশ্বভাগুরের দেয়াল ফুটো করতে উত্তত হয়। লুক সভ্যতার এই উপদ্রব সর্বনেশে।

ষেটা বাহুল্য ভাতে ছোটো বড়ো কোনো মাহ্নুষের কোনো অধিকার নেই, এই কথাটা গত যুদ্ধের সময় ইংলণ্ড ফ্রান্স জর্মনি প্রভৃতি যুদ্ধরত দেশকে অনেকদিন ধরেই স্বীকার করতে হল। তপ্তন তারা আপনার সহজ্ব আয়োজনের অমুপাতে নিজের ভোগকে সংযত করেছিল। তথন তারা ব্যেছিল, মাহ্নুষের আসল প্রয়োজনের ভার ধূব বেশি নয়। যুদ্ধ-অবসানে সে কথাটা ভ্লতে দেরি হয় নি।

অনতিপ্রয়োজনীয়কে প্রয়োজনীয় করে তোলা ধর্বন দেশস্ক সকল লোকেরই নিত্য সাধনা হয় তথন বিশ্ববাপী দস্তার্ভি অপরিহার্য হয়ে ওঠে। লোকসংখ্যার্জির সমস্তা নিয়ে পাশ্চাত্যেরা অনেকেই উদ্বেগ প্রকাশ করে থাকেন। সমস্তাটি কঠিন হবার প্রধান কারণ হচ্ছে, সর্বসাধারণেরই ভোগবাছল্যের প্রতি দাবি। এত বড়ো ব্যাপক দাবি মেটাতে গেলে ধর্মরক্ষা করা চলে না, মাহ্মকে মাহ্মপীড়ক হতেই হয়। সেই পীড়ন-কার্যে ভালো করে হাত পাকানো হয় দ্রম্থ অনাখ্যীয় জাতির উপর দিয়ে। এর বিপদ্ধ এই যে, জীবনক্ষেত্রের কে কিনারাতেই ধূর্যবৃদ্ধিতে আগুন লাগানো হোক-না, সে আগুন সেইখানেই থেমে থাকে না। ভোগী অভাবতই যে নিষ্ঠ্রতার সাধনা করে তার সীমানেই, কারণ, আগুজরিতা কোথাও এসে বলতে জানে না, "এইবার বস্ হয়েছে।" বস্তুগত আয়োজনের অসংগত বাহুল্যকেই যে সভ্যতার প্রধান লক্ষণ বলে মানা হয় সে সভ্যতা অগত্যাই নরভূক্। নররক্তশোষণের বিশ্ববাপী চর্চা একদিন আত্মহত্যায় ঠেকবেই, এতে আর সন্দেহ করা চলে না।

রেলগাড়ির ভোজনপালায় একদিকে ধেমন দেখা গেল ভোগের বাহল্য, আর-এক-দিকে তেমনি দেখলেম কর্মের গতিবেগ। সময় জন্ম, আরোহী অনেক, ভোজ্যের বৈচিত্র্য প্রচুর, ভোজের উপকরণ বিশুর— তাই পরিবেশনকর্মের জভ্যাস অতি আন্তর্য ক্রত হরে উঠেছে। পরিবেশনের ষয়টাতে খুবই প্রবল জোরে দম দেওয়া হরেছে। বেটা এই পরিবেশনে দেখা গেল পাশ্চাত্যের সমস্ত কর্মচালনার মধ্যেই সেই ক্রিপ্রবেশ।

বে বন্ধ বাহিরের ব্যবহারের জন্ম তার গতির ছন্দ দম দিয়ে অনেকদ্র পর্বন্ধ বাড়িরে ভোলা চলে। কিন্তু আমাদের প্রাণের, আমাদের প্রদল্পর ছন্দের একটা স্বাভাবিক লয় আছে; তার উপরে ক্রন্ত প্রয়েজনের জবরদন্তি থাটে না। ক্রন্ত-চলাই বে ক্রন্ত-এপনো দে কথা সত্য হতে পারে কলের গাড়ির পক্রে, মাস্কবের পক্রে না। মাস্কবের চলার সক্রে হওয়া আছে; দেই চলাতে হওয়াতে মিল ক'রে চলাই মাস্কবের চলা, কলের গাড়ির সে উপসর্গ নেই। আপিসের তাগিদে মূহুর্তের মধ্যে এক গ্রাসের জায়গায় চার গ্রাস পাওয়া অসম্ভব নয়। কিন্তু, সেই চার গ্রাস ঘড়ি ধরে হজম করা কলের মনিবের ছক্মে হতে পারে না। গ্রামোর্ফানের কান যদি মলে দেওয়া যায় তবে বে গান গাইতে চার মিনিট লেগেছিল তাকে জনতে আধ মিনিটের বেশি না লাগতে পারে, কিন্তু সংগীত হয়ে ওঠে চীংকার। রসভোঁগ করবার জন্মে রসনার নিজের একটা নির্ধারিত সময় আছে; সন্দেশকে যদি কুইনিনের বড়ির মতো টুপ্ করে গেলা যায় তা হলে বন্ধটাকে পাওয়া যায়, বন্ধর রস পাওয়া যায় না। তীরবেগে বাইসিক্ল্ ছুটিয়ে যদি পদাতিক বন্ধর চাদর ধরি তা হলে বাইসিক্লের জয়পতাকা হাতে আসবে, কিন্তু বন্ধকে প্রকার উপায় সেটা নয়; কলের বেগ বাইরের দরকারে কাজে লাগে, অন্তরের দাবি মেটাবার বেলায় অন্তরের ছন্দ না মানলে চলে না।।

বাইরের বেগ অন্তরের ছন্দকে অত্যন্ত বৈশি পেরোয় কখন। যখন বাহ্ প্রয়োজনের বড়ো বাড় বাড়ে। তখন মাহ্য পড়ে পিছিয়ে, কলের সঙ্গে সে তাল রাখতে পারে না। যুরোপে সেই মাহ্য-ব্যক্তিটি দিনে দিনে বহু দ্রে পড়ে গেল; কল গেল এগিয়ে; তাকেই সেখানকার লোকে বলে অগ্রসরতা, প্রোগ্রেস।

সিদ্ধি, যাকে ইংরেজিতে বলে সাক্সেস্, তার বাহন যত দৌড়ে চলে ততই ফল পায়। য়ুরোপের দেশে দেশে রাষ্ট্রনীতির যুদ্ধনীতির বাণিজ্যনীতির তুম্ল বোড়-দৌড় চলছে জলে ছলে আফাশে। সেথানে বাহ্ প্রয়োজনের গরজ অত্যন্ত বেশি হয়ে উঠল, তাই মহয়ত্বর ডাক জনে কেউ সব্র করতে পারছে না। বীভৎস সর্বভূক্ পেটুকতার উভোগে পলিটিক্স্ নিয়ত ব্যন্ত। তার গাঁট-কাটা ব্যবসায়ের পরিধি পৃথিবীময় ছড়িয়ে পড়েছে। পূর্বকালো যুদ্ধবিগ্রহের পদ্ধতিতে ধর্মবৃদ্ধি বেখানে মাঝে মাঝে বাধা থাড়া করে রেথেছিল, ডিপ্রমাসি সেখানে আজ লাফ-মারা হার্ড্ ল্ য়েস্ থেয়ে চলেছে। সব্র সয় না বে। বিষবায়্বাণ য়ুদ্ধের অস্তরণে যথন এক পক্ষ

ব্যবহার করলে তবঁন অন্ত পক্ষ ধর্মবৃদ্ধির দোহাই পাড়লে। আজ সকল পক্ষই বিবের সন্ধানে উঠে পড়ে লেগেছে; যুদ্ধকালে নিরন্ত পুরবাসীদের প্রতি আকাশ থেকে অরিবাদ বর্ধন নিয়ে প্রথমে শোনা গেল ধর্মবৃদ্ধির নিন্দাবাদী। আজ দেখি, ধার্মিকেরা বর্মং সামান্ত কারণে পল্লীবাসীদের প্রতি কথায় কথায় পাপবক্স সন্ধান করছে। গত যুদ্ধের সময় শক্রর সময়ে নানা উপায়ে সজ্ঞানে সচেইভাবে সত্যগোপন ও মিখ্যা-প্রচারের শয়তানি অন্ত ব্যবহার প্রকাণ্ডভাবে চলল। যুদ্ধ থেমেছে কিন্তু সেই শয়তানি আজও থামে নি। এমন-কি, অক্ষম ভারতবর্ষকেও প্রবলের প্রপাগাণ্ডা রেয়্বাভ করে না। এই সব নীতি হচ্ছে সব্র-না-করা নীতি; এরা হল পাপের ক্রত চাল; এরা প্রতি পদেই বাহিরে জিতছে বটে কিন্তু সে জিত অন্তরের মাহুষকে হারিয়ে দিয়ে। মাহুষ আজ নিজের মাথা থেকে জয়মালা খুলে নিয়ে কলের গলায় পরিয়ে দিলে। রালাভল থেকে দানব বলছে, "বাহবা!"—

রথীরে কহিল গৃহী উৎকণ্ঠায় উর্ধেশ্বরে ডাকি, "থামো, থামো কোথা তুমি কল্রবেগে রথ যাও হাঁকি, সন্মুথে আমার গৃহ।"

রথী কহে, "ওই মোর পথ, ঘুরে গেলে দেরি হবে, বাধা ভেঙে সিধা যাবে রথ।" গৃহী কহে, "নিদাৰুণ ত্বরা দেখে মোর ডর লাগে— কোথা যেতে হবে বলো।"

রথী কহে, "ষেতে হবে আগে।" "কোন্থানে" <del>শু</del>ধাইল।

त्रथी वर्ल, "रकांत्नाथात्न नरह,

अध् जारम।"

"কোন্ তীর্থে, কোন্ নে মন্দিরে" গৃহী কহে। "কোথাও না, ভুগু আগে।"

"কোন্ বন্ধু সাথে হবে দেখা।"
"কারো সাথে নহে, যাব সব আগে আমি মাত্র একা।"
ঘর্ঘরিত রথবেগ গৃহভিত্তি করি দিল গ্রাস;
হাহাকারে, অভিশাপে, ধূলিজালে ক্ষভিল বাতাস
সন্ধ্যার আকাশে! আঁখারের দীপ্ত সিংহ্ছার-বাগে
রক্তবর্ণ অন্তপথে ছোটে রখ লক্ষ্যন্ত আগে।

कंटिका किया कारोक व्हेटकक्यांत्रि ५३२६

বিষয়ী লোক শতদলের পাপড়ি ছিঁড়ে ছিঁড়ে একটি একটি করে জমা করে আর বলে, "পেয়েছি!" তার সক্ষম মিথো। সংশয়ী লোক শতদলের পাপড়ি একটি করে ছিঁড়ে ছিঁড়ে তাকে কেটে কুটে নিঙরে মৃচড়ে বলে, "পাই নি!" অর্থাৎ, সে উলটো দিকে চেয়ে বলে, "নেই।" রসিক লোক সেই শতদলের দিকে "আক্ষর্যবৎ পশ্রুতি"। এই আক্ষর্বের মানে হল পেয়েছি পাই-নি ছই-ই সত্য। প্রেমিক বললে, "লাখ লাখ যুগ ছিয়ে রাখয়, তবু ছিয়ে জুড়ন না গেল।" অর্থাৎ, বললে লক্ষমুপের পাওয়া অলকালের মধ্যেই পেয়েছি আবার সেই সক্ষেই লক্ষমুগের না-পাওয়াও লেগেই রইল। সময়টা বে আপেক্ষিক, রসের ভাষায় সে কথাটা অনেকদিন থেকে বলাঁ চলছে,

বিজ্ঞানের ভাষায় আজ বলা হল।

যথন ছোটো ছিলেম, মনে পড়ে, বিশ্বজ্ঞাং আমার কাছে প্রতিদিন অন্ধকার রাত্তির গর্জ থেকে নৃতন দেহ ধরে জন্ম নিত। পরিচয় আর অপরিচয় আমার মনের মধ্যে এক হয়ে মিলেছিল। আর সেই শিশুকাল পথিকের কাল। তথন পথের শেষের দিকে লক্ষ্য খুঁজি নি, পথের আশেপাশে চেয়ে চেয়ে চলছি, য়েন কোন্ আবছায়ার ভিতর থেকে আচমকা দেখা দেবে একটা "কী জানি", একটা "হয়তো"। বারান্দার কোণে থানিকটা ধুলো জড়ো করে আতার বিচি পুঁতে রোজ জল দিয়েছি। আজ বেটা আছে বীজ কাল সেটা হবে গাছ, ছেলেবেলায় শুন একটা মন্ত "কী জানি"র দলে ছিল। সেই কী-জানিকে দেখাই সত্য দেখা। সভ্যের দিকে চেয়ে যে বলে "জানি" সেও তাকে হারায়, যে বলে "জানি নে" সেও করে ভুল, আমাদের ঋষিরা এই বলেন। যে বলে "খুব জানি" সেই জবোধ সোনা ফেলে চাদরের গ্রন্থিকে পাওয়া মনে করে, যে বলে "কিছুই জানি নে" সে তো চাদরটাকে হব্দ খুইয়ে বসে। আমি জশোপনিষদের এই মানেই ব্রি। "জানি না" যথন "জানি"র আঁচলে গাঠছড়া বেখে দেখা দেয় তথন মন বলে, "বন্ধ হলেন।" পেয়েছি মনে করার মতো হারানো আর নেই।

থ

এই জন্মেই ভারতবর্ধকে ইংরেজ যেমন করে ছারিয়েছে এমন আর মুরোপের কোনো জাত নয়। ভারতবর্ধের মধ্যে যে একটা চিরকেলে রহুত্ত আছে সেটা ভার কাছ থেকে সরে গেল। তার ফৌজের গাঁঠের মধ্যে যে বস্কুটাকে ক্ষুষে বাঁধতে পারলে সেইটেকেই দে সম্পূর্ণ ভারতবর্ষ বলে বৃক ফ্লিয়ে গদীয়ান হয়ে বসে রইল। ভারতবর্ষ সম্বন্ধে ভার
বিশ্বয় নেই, অবজ্ঞা যথেষ্ট আছে। রাষ্ট্রীয় স্বার্থের বাইরে ইংরেজ ভারত সম্বন্ধে যত
অল্প আলোচনা করেছে এমন ফ্রান্স করে নি, জর্মনি করে নি। পোলিটিশনের চশমার
বাইরে ভারতবর্ষ ইংরেজজাতির গোচরে আছে, এ কথাটা তার দৈনিক সাপ্তাহিক
মাসিক কাগজ পড়ে দেখলে বোঝা যায় না।

এর একমাত্র কারণ, ভারতবর্ষে ইংরেজের প্রয়োজন অত্যন্ত বেশি। প্রয়োজনসাধনের দেখা নিছক পাওরারই দেখা, তার মধ্যে না-পাওয়ার আমেষ্ট্র নেই। এই
জন্মেই একে সত্যের দেখা বলা যায় না। এই দেখায় সত্য নেই বলেই তাতে বিশায়
নেই, শ্রন্ধা নেই।

প্রয়োজনের সম্বন্ধ হচ্ছে কেবলই গ্রহঁণের সম্বন্ধ; তাতে লোভ আছে, আনন্দ নেই।
সত্যের সম্বন্ধ হচ্ছে পাওয়া এবং দেওয়ার মিলিত সম্বন্ধ; কেননা, আনন্দই মন খুলে দিতে
জানে। এই কারণেই দেখতে পাই; ভারতবর্ষের প্রতি ইংরেজের ব্যক্তিগত বদান্ততার
অন্তুত অভাব। এ কথা নিয়ে নালিশ করা রুথা, এইটেই স্বাভাবিক। ইংরেজের
লোভ যে ভারতবর্ষকে পেয়েছে ইংরেজের আত্মা সেই ভারতবর্ষকে হারিয়েছে। এইজন্তেই ভারতবর্ষকে পোয়েছে ইংরেজের আত্মা সেই ভারতবর্ষকে হারিয়েছে। এইজন্তেই ভারতবর্ষকে স্বান্থ্য দেওয়া, শিক্ষা দেওয়া, মুক্তি দেওয়া সম্বন্ধে ইংরেজের ক্রেশ।
এইজয়্যে ভারতবর্ষকে স্বান্থ্য দেওয়া, শিক্ষা দেওয়া, মুক্তি দেওয়া সম্বন্ধে ইংরেজের ত্যাগ
ছঃসাধ্য কিন্তু শান্তি দেওয়া সম্বন্ধে ইংরেজের ক্রোধ অত্যন্ত সহজ। ইংরেজ-ধুনী বাংলাদেশের রক্ত-নেংড়ানো পাটের বাজারে শতকরা চার-পাচশো টাকা ম্নফা ভবে নিম্নেও
যে দেশের স্বথ্যাচ্ছন্দ্যের জল্পে এক পর্মমাও ফিরিয়ে দেয় না, তার ছাভিক্কে বল্লারমারী-মড়কে যার কড়ে আঙুলের প্রান্তেও বিচলিত হয় না, যথন সেই শিক্ষাহীন স্বান্থ্যহীন
উপবাসক্লিষ্ট বাংলাদেশের বুকের উপর পুলিসের জাতা বসিয়ে রক্তচক্ কর্তৃপক্ষ কড়া
আইন পাস করেন তথন সেই বিলাসী ধনী ফ্রীত ম্নফার উপর আরামের আসন পেতে
বাহবা দিতে থাকে; বলে, "এই তো পাকা চালে ভারতশাসন।"

এইটেই স্বাভাবিক। কেননা, ওই ধনী বাংলাদেশকে একেবারেই দেখতে পার নি, তার মোটা মুনফার ওপারে বাংলাদেশ আড়ালে পড়ে গেছে। বাংলাদেশের প্রাণের নিকেতনে যেখানে ক্থাড়ফার কারা, বাংলাদেশের হৃদয়ের মাঝখানে যেখানে তার স্থাত্থের বাসা, সেখানে মাহুষের প্রতি মাহুষের মৈত্রীর একটা বড়ো রান্তা আছে, সেখানে ধর্মবৃদ্ধির বড়ো দাবি বিষয়বৃদ্ধির গরজের চেয়ে বেশি, এ কথা জানবার ও ভাববার মড়ো তার সময়ও নেই প্রদাও নেই। তাই যথনই দেখে দরোয়ানির ব্যবদা কঠোরতর করা হচ্ছে তথনই মুনফা-বৎসলেরা প্রকিত হয়ে ওঠে। ল আ্যাও অর্ডার রক্ষা হচ্ছে

দরোয়ানিতন্ত্র, পালোয়ানের পালা; সিম্প্যাথি জ্যাণ্ড রেস্পেক্ট্ হচ্ছে ধর্মতন্ত্র, মান্তবের নীতি।

অবিচার করতে চাই নে, রাজ্যশাসন মাত্রেই ল অ্যাণ্ড অর্ডার চাই। নিতাস্ত **(अ**ष्ट्राध्या थनाकाराज्य कानमनात वर्ताक थारक। त्रांच्या इन्केशिन वृद्धि इरन ঘটলে অক্তপক্ষে দৌরাত্ম্য ঘটা শক্তিমানের পক্ষে গৌরবের বিষয় না হলেও সেটাকে স্বাভাবিক বলে মেনে নেওয়া যেতে পারে। আসল কথা, কোনো শাসনভন্তকে বিচার করতে হলে সমগ্র রাষ্ট্রব্যবন্থার প্রকৃতি বিচার করা চাই। বদি দেখা যায়, দেশের সকল মহলেই দরোম্বানের ঠেসাঠেসি ভিড়, অথচ তৃষ্ণায় যথন ছাতি ফাটছে, ম্যালেরিয়ায় যথন নাড়ী ছেড়ে যায়, তথন জনপ্রাণীর সাড়া নৈই— যথন দেখি দরোয়ানের তক্মা শিরোপা বকশিশ বাহ্বা সম্বন্ধ দান্দিণ্যের অক্সতা, কোতায়ালি থেকে শুরু করে म्बानि को अमाति कारना विভाগের কারে। पृःश गारत मन ना, कारता आवमात वार्थ হতে চায় না অথচ ঘরের ছেলের প্রাণ যখন কণ্ঠাগত তখন আত্মনির্ভর সম্বন্ধে সংপরামর্শ ছাড়া আর কোনো কথা নেই— অর্থাৎ গলায় যখন ফাঁস তখন তুর্গানাম স্মরণ করা ছাড়া আর কোনো উপদেশ যেখান থেকে মেলে না সেখানে পরিমাণের অসংগতিতেই দরোয়ানটাকে ধমদূত বলে সহজেই মনে হয়। যে পাকা বাড়িটাতে স্বন্ধদ্ সহায় আত্মীয়ের চেয়ে পাহারাওয়ালার প্রভাবই বেশি সেই জায়গাটাকেই ভো চলতি ভাষায় জেলখানা বলে থাকে। বাগানে তো ইচ্ছে করেই লোকে কাঁটাগাছের বেডা रमग्र, त्म कि षायता कानि ता। किन्छ, रमशाँन कांगाशाहतर ये पामत्र, कूनगाह खिकरम यदा राम, रम-वांगारन आयोरमत यस यमि छेपमांच ना दम छ। इरन यांनी स्मिटोरक আমাদের অবিবেচনা মনে করে কেন। যদি শাসনকর্তা জিজ্ঞাসা করেন "তোমরা কি চাও ना म्हिल न जाउ जड़ांद्र थारक", जािय विन, "धूवहे हाहे, किस नाहेक जााेख भारेख जात रहरा कम मृनावान नम्र।" मानमरखत এकটা श्रांक्षाम विन लेहिन मन वांहेश्रात्रा চাপানো দোষের নম্ন, অক্ত পাল্লাটাতে ষে-মাল চাপানো হয় তাতে ষদি আমাদের নিজের স্বাদ কিছু থাকে। কিন্তু যখন দেখি এ-পক্ষের দিকটাতেই যত রাজ্যের ইটপাথর, আর মালের পনেরো আনাই হল অক্ত পক্ষের দিকে, তথন ফৌজে-পুলিলে-গড়া মানদণ্ডটা ष्यंत्रयानम् ७ रत्म हे ट्रिटक । नामिन ष्यायात्मत्र शूनित्मत् विक्रष्क नम्न, नामिन प्यायात्मत्र धरे अस्तत्र विकास ; नानिय- वाकन काल व'ल नव, त्रांचा ठणांका रव ना व'ला। वित्नवंख, त्महे चांश्वत्वत विम यथन चांभारमतहे कांकार्ख हम। চूनिए कार्कत चंत्रहरीहे थएं नर्रत्य हाम अर्थ र इंफ़िएं हान छान खांगानाम किए वाकि थाक ना। त्नई

অবস্থায় যথন পেটের জালায় চোথে জল আদে তখন যদি কর্তা রাগ করে বলেন "তবে কি চুলোতে আগুন জালব না", ভয়ে ভয়ে বলি, "জালবে বই কি, কিন্তু প্রটা-বে চিডার আগুন হয়ে উঠল।"

বে-হংখের কথাটা বলছি এটা জগং জুড়ে আজ ছড়িয়ে পড়েছে; আজ ম্নফার আড়ালে মাছবের জ্যোতির্ময় সত্য রাহগ্রন্থ। এইজন্তেই মাহবের প্রতি কঠিন ব্যবহার করা, তাকে বঞ্চনা করা, এত সহজ হল। তাই পাল্চাত্যে পলিটিক্সই মাহবের সকল চেষ্টার সর্বোচ্চ চূড়া দখল করে বসেছে। অর্থাৎ, মাহ্যবের ফুলে-ওঠা পকেটের ভলায় মাহবের চুপলে-বাওয়া হাদয় পড়েছে চাপা। সর্বভূক্ পেটুকতার এমন বিশ্বত আয়োজন পৃথিবীর ইতিহাসে আর কোনো দিন এমন কুংসিত আকারে দেখা দেয় নি।

7

আমাদের রিপু সত্যের সম্পূর্ণ মৃতিকে আচ্ছন্ন করে। কামে আমরা মাংসই দেখি, আত্মাকে দেখিনে; লোভে আমরা বস্কই দেখি, মাহ্মকে দেখিনে; অহংকারে আমরা আপনাকেই দেখি, অগ্যকে দেখিনে। একটা রিপু আছে যা এদের মতো উগ্র নম্ব, যা ফাকা। তাকে বলে মোহ; সে হচ্ছে জড়তা, অসাড়তা। আমাদের চৈতন্তের জালো মান করে দিয়ে সে সত্যকে আরুত করে। সে বিদ্ব নম্ব, সে আবরণ। অভ্যাস অনেক সময় সেই মোহরূপে আমাদের মনকে আবিষ্ট করে।

কুয়াশায় পৃথিবীর বস্তুকে নষ্ট করে না, তার আকাশকে নুপ্ত করে। অসীমকে অগোচর করে দেয়। অভ্যাদের মোহ মনের সেই কুয়াশা। অনির্বচনীয়কে সে আড়াল করে, বিস্ময়রসকে সে শুকিয়ে কেলে। তাতে সত্য পদার্থের গুরুত্ব কমে না, ভার গৌরব কমে যায়। আমাদের মন তখন সত্যের অভ্যর্থনা করতে পারে না। বিস্ময় হচ্ছে সত্যের অভ্যর্থনা।

ডাক্তার বলে, প্রতিদিন একই অভ্যন্ত থাওয়া পরিপাকের পক্ষে অন্তুক্ত নয়। ভোজ্য সম্বন্ধে রসনার বিশায় না থাকলে দেহ তাকে গ্রহণ করতে আলশু করে। শিশু-ছাত্রদের একই ক্লাসে একই সময়ে একই বিষয় শিক্ষার পুনরাবৃত্তি করালোভেই ভাষের শিক্ষার আগ্রহ বৃচিয়ে দেশয়া হয়।

প্রাণের বভাবই চির-উংস্ক। প্রকৃতি তাকে কণে কণে আকস্মিকের স্পর্লে চঞ্চল করে রাথে। এমন-কি, এই আকস্মিক যদি হংগ আকারেও আসে তাতেও চিত্তের বড়ো রক্ষের উদ্বোধন ঘটে। সীমার অতীত যা আকস্মিক হচ্ছে ভারই দৃত; অভাবনীরের বার্তা নিয়ে সে আসে, চেতনাকে অভ্যুত্ত থেকে মৃক্তি দেয়। আমাদের দেশে ভীর্ষাত্রা ধর্মসাধনার একটি প্রধান অক। দেবতাকে বধন
অভ্যাসের পর্দার বিরে রাখে তখন আমরা সেই পর্দাকেই পূকা করি। বাদের
মন বভাবতই বিষয়ী, ধর্মচর্চাতেও হারা বস্তকে বেশি দাম দের, ভারা দেবভার চেয়ে
পর্দাকেই বেশি অদ্ধা করে।

তীর্থবাজার সেই পর্দা ঠেলে দিয়ে মন পথে বেরিয়ে পড়ে। তথন প্রতিদিনের শীমাবদ্ধ জানাকে চিরদিনের অসীম অজানার সঙ্গে মিলিয়ে দেখা সহজ্ঞ হয়। প্রতিদিন ও চিরদিনের সংগমন্থলেই সত্যের মন্দির।

এবারে তাই পথের ত্ই পাশে চাইতে চাইতে বেরিয়েছিল্ম। অভ্যাসের অগতে বাকে দেখেও দেখি নে, মন জেগে উঠে বললে, সেই চির-অপরিচিত হয়তো কোথার আজানা ফুলের মালা প'রে অজানা তারার রাত্রে দেখা দেবে। অভ্যাস বলে ওঠে, "সে নেই গো নেই, সে মরীচিকা।" গণ্ডীর বাইরেকার বিশ্ব বলে, "আছে বইকি, তাকিয়ে দেখো। দেখা হয়ে চুকেছে মনে ক'রে দেখা বদ্ধ কর, তাই তো দেখা হয় না।" তথন কণে অনে হয়, "দেখা হল ব্ঝি।" পথিকের প্রাণের উদ্বোধন সেই কী-জানি। সেই কী-জানির উদ্দেশে গান লিখেছি। জীবনের সকল নৈরাশ্র, সকল বিভ্রমা, সকল তৃচ্ছতার অবসাদ অতিক্রম করেও সেই কী-জানির আভাস আলোতে-ছায়াতে বল্মল্ করে উঠছে, পথিক তারই চমক নেবার জন্তে ভার জানা ঘরের কোণ ফেলে পথে বেরিয়েছে।

ক্রাকোভিয়া জাহাজ ১১ই ফেব্রুয়ারি ১৯২৫

বৈষ্ণবী আমাকে বলেছিল, "কার বাড়িতে বৈরাগীর কখন অন্ন জোটে তার ঠিকানা নেই; শে-অন্নে নিজের জোর দাবি খাটে না, তাই তো বৃঝি এ অন্ন তিনিই জুগিয়ে দিলেন।" এই কথাই কাল বলেছিলেম, বাঁধা পাওয়ার পাওয়ার সত্য মান হয়ে যায়। না-পাওয়ার রসটা তাকে বিরে থাকে না। ভোগের মধ্যে কেবলমাত্রই পাওয়া, পশুর পাওয়া; আর সজোগের মধ্যে পাওয়া না-পাওয়া ছই-ই মিলেছে, সে হল মাহুযের।

ছেলেবেলা ছভেই বিদ্যার পাকা বাসা থেকে বিধাতা আমাকে পথে বের করে দিয়েছেন। অকিন্দন বৈরাগীর মতো অন্তরের রান্তায় একা চলতে চলতে মনের অন্ন বধন-তথন ছঠাৎ পেয়েছি। আপন-মনে কেবলই কথা বলে গেছি, সেই হল লম্মীছাড়ার চাল। বলতে বলতে এমন কিছু শুনতে পাওয়া যায় যা পূর্বে শুনি নি। বলাতে বখন জোয়ার আলে তথন কোন্ শুহার জিতরকার জ্ঞানা সামগ্রী ভেসে

ভেলে ঘাটে এলে লাগে। মনে হয় না, তাতে আমার বাঁধা বরান্দের জাের আছে। সেই আচমকা পাওয়ার বিশায়ই তাকে উজ্জল করে তােলে, উদ্ধা দেমন হঠাৎ পৃথিবীর বায়ুমগুলে এলে আগুন হয়ে ওঠে।

পৃথিবীতে আমার প্রেয়সীদের মধ্যে যিনি সর্বকনিষ্ঠ তাঁর বয়দ তিন। ইনিয়ে বিনিয়ে কথা বলে যেতে তাঁর এক মুহুর্ত বিরাম নেই। শ্রোতা বারা তারা উপলক্ষ; বস্তুত কথাগুলো নিজেকেই নিজে শোনানো; যেমন বাম্পরালি ঘূরতে ঘূরতে গ্রহতারা-রূপে দানা বেঁধে ওঠে তেমনি কথা-বলার বেগে আপনিই তার সজাগ মনে চিন্তার সৃষ্টি হতে থাকে। বাইরে থেকে মাস্টারের বাচালতা যদি এই শ্রোতকে ঠেকায় তা হলে তার আপন চিন্তাধারার সহজ্ঞ পথ বন্ধ হয়ে যায়। শিশুর পক্ষে অভিমাত্রায় পূঁথিগত বিছাটা ভাবনার স্বাভাবিক গতিকে আটকিয়ে দেওয়া। বিশ্বপ্রকৃতি দিনরাত্রি কথা কইছে, সেই কথা যথন শিশুর মনকে কথা কওয়ায় তথন তার সেই আপন কথাই তার সব চেয়ে ভালো শিক্ষাপ্রণালী। মাস্টার নিজে কথা বলে, আর ছেলেকে বলে চ্পে"। শিশুর চুপ-করা মনের উপর বাইরের কথা বোঝার মতো এসে পড়ে, থাছের মতো নয়। যে-শিশুশিক্ষাবিভাগে মাস্টারের গলাই শোনা যায়, শিশুরা থাকে নীরব, সেখানে আমি বৃঝি মঞ্জভ্মির উপর শিলর্ষ্ট হচ্ছে।

ষাই হোক, মাস্টারের হাতে বেশি দিন ছিলেম না বলে আমি যা-কিছু শিথেছি সে কেবল বলতে-বলতে। বাইরে থেকেও কথা শুনেছি, বই পড়েছি; সে কোনোদিনই সঞ্চয় করবার মতো শোনা নয়, মৃথস্থ করবার মতো পড়া নয়। কিছু-একটা বিশেষ ক'রে শেখবার জন্মে আমার মনের ধারার মধ্যে কোথাও বাঁধ বাঁধি নি। তাই সেই ধারার মধ্যে যা এসে পড়ে তা কেবলই চলাচল করে, ঠাই বদল করতে করতে বিচিত্র আকারে তারা মেলে মেশে। এই মনোধারার মধ্যে রচনার ঘূলি যখন জাগে তখন কোথা হতে কোন্ সব ভাসা কথা কোন্ প্রসঙ্গ্যুতি ধরে এসে পড়ে তা কি আমি জানি।

অনেকে হয়তো ভাবেন, ইচ্ছা করনেই বিশেষ বিষয় অবলম্বন করে আমি বিশেষভাবে বলতে বা লিখতে পারি। যাঁরা পাকা বজা বা পাকা লেখক তাঁরা পারেন; আমি পারি নে। যার আছে গোয়াল, করমাশ করলেই বিশেষ বাঁধা গোকটাকে বেছে এনে সে ছইতে পারে। আর যার আছে অরণ্য, ষে-গোকটা যথন এসে পড়ে তাকে নিয়েই তার উপস্থিতমত কারবার। আশু মৃথুজ্জে মশায় বললেন, বিশ্ববিভালয়ে বক্তৃতা করতে হবে। তখন তো ভয়ে ভয়ে বললেম, আছা। তার পরে যখন জিজ্ঞাসা করলেন বিষয়টা কী, তখন চোখ বুজে বলে দিলেম, সাহিত্য সম্বন্ধে। সাহিত্য সম্বন্ধে কী যে বলব আগেভাগে তা জানবার শক্তিই ছিল না। একটা অন্ধ ভরুলা ছিল যে, বলতে

এবার ইটালিতে মিলান শহরে আমাকে বক্তা দিতে হয়েছিল। অধ্যাপক ফমিকি
বারবার জিজাসা করলেন, বিষয়টা কী ? কী করে তাঁকে বলি যে, যে-অন্তর্গমী তা
আনেন তাঁকে প্রশ্ন করলে অবাব দেন না। তাঁর ইচ্ছা ছিল, যদি একটা চূষক পাওয়া
যায় তবে আগেই সেটা তর্জমা করে ছাপিয়ে রাখবেন। আমি বলি, সর্বনাশ! বিষয় যখন
দেখা দেবে চূষক তার পরেই সম্ভব। ফল ধরবার আগেই তার আঁঠি খুঁজে পাই কী
উপায়ে। বক্তা সম্বন্ধে আমার তন্ত্র অভ্যাস নেই, আমার অভ্যাস লক্ষীছাড়া। ভেবে
বলতে পারি নে, বলতে বলতে ভাবি, মৌমাছির পাখা বেমন উড়তে গিয়ে গুন্গুন্ করে।
স্তরাং, অধ্যাপক হবার আশা আমার নেই, এমন-কি, ছাত্র হবারও ক্ষমতার অভাব।

এমনি করে দৈবক্রমে বৈরাগীর তত্ত্বকথাটা ব্ঝে নিয়েছি। যারা বিষয়ী তারা বিশ্বকে বাদ দিয়ে বিশেষকে থোঁজে। যারা বৈরাগী তারা পথে চলতে চলতেই বিশের সঙ্গে মিলিয়ে বিশেষকে চিনে নেয়। উপরি-পাওনা ছাড়া তাদের কোনো বাঁধাপাওনাই নেই। বিশ্বপ্রকৃতি শ্বয়ং যে এই লক্ষ্যহীন বৈরাগী— চলতে চলতেই তার যা-কিছু পাওয়া। ঋড়ের রাস্তায় চলতে চলতে সে হঠাৎ পেয়েছে প্রাণকে, প্রাণের রাস্তায় চলতে চলতে সে হঠাৎ পেয়েছে প্রাণকে, প্রাণের রাস্তায় চলতে চলতে সে হঠাৎ পেয়েছে প্রাণকে, তাকে তা হলেই স্পেট হয়ে ওঠে জ্ঞাল। তথনই প্রলয়ের ঝাঁটার তলব পড়ে।

বিষের মধ্যে একটা দিক আছে বেটা তার স্থাবর বস্তুর অর্থাৎ বিষয়সম্পত্তির দিক নয়; বেটা তার চলচ্চিত্তের নিত্য প্রকাশের দিক। বেখানে আলো ছায়া হ্বর, বেখানে নৃত্যু গীত বর্ণ গদ্ধ, বেখানে আভাস ইন্দিত। বেখানে বিশ্ববাউলের একতারার ঝংকার পথের বাঁকে বাঁকে বেদ্ধে বেদ্ধে ওঠে, বেখানে সেই বৈরাগীর উত্তরীয়ের গেরুয়া রং বাতাসে বাতাসে চেউ খেলিয়ে উড়ে বায়। মাহ্নবের ভিতরকার বৈরাগীও আপন কাব্যে গানে ছবিতে তারই জ্বাব দিতে দিতে পথে চলে, তেমনিতরোই গানের নাচের রূপের রুসের ভল্লীতে। বিষয়ী লোক আপন থাতাক্ষিথানায় বসে বথন তা শোনে তথন অবাক্ষ্ ছয়ে জ্বিজ্ঞাসা করে, "বিষয়টা কী। এতে মূনফা কী আছে। এতে কী প্রমাণ করে।" অধরকে ধরার জায়গা সে খোঁকে তার মুখবাঁধা থলিতে, তার চামড়াবাঁধানো খাতায়। নিজের মনটা বথন বৈরাগী হয় নি তথন বিশ্ববৈরাগীর বাণী কোনো কাকে লাগে না।

তাই দেখেছি, খোলা রান্তার বাঁশিতে হঠাৎ-হাওয়ায় বে গান বনের মর্মরে নদীর কলোলের সদ্ধে সঙ্গে বেজেছে, বে-গান ভোরের শুকতারার পিছে পিছে অঞ্চণ-আলোর পথ দিরে চলে গেল, শহরের দরবারে ঝাড়লঠনের আলোতে তারা ঠাই পেল না; ওন্তাদেরা বললে "এ কিছুই না", প্রবীণেরা বললে "এর মানে নেই"! কিছু নয়ই তো বটে; কোনো মানে নেই, সে-কথা খাঁটি; সোনার মতো নিক্ষে ক্যা যায় না, পাটের বন্তার মতো দাঁড়িপালায় ওন্ধন চলে না। কিন্তু, বৈরাগী জানে, অধর রসেই ওর রস। কতবার ভাবি গান তো এসেছে গলায় কিন্তু শোনাবার লয় রচনা করতে তো পারি নে; কান যদি-বা খোলা থাকে আন্মনার মন পাওয়া যাবে কোখায়। সে-মন যদি তার গদি ছেড়ে রান্তায় বেরিয়ে পড়তে পারে তবেই-তো যা বলা যায় না তাই সে শুনবে, যা জানা যায় না তাই সে ব্রবে।

কাকোভিয়া জাহাজ ১২ই ফেব্রুয়ারি ১৯২৫

জন্মকাল থেকে আমাকে একখানা নির্জন নিঃসক্ষতার ভেলার মধ্যে ভাসিয়ে দেওয়া হয়েছে। তীরে দেখতে পাচ্ছি লোকালয়ের আলো, জনতার কোলাহল; কণে কণে ঘাটেও নামতে হয়েছে, কিন্তু কোনোখানে জমিয়ে বসতে পারি নি। বন্ধুরা ভাবে তাদের এড়িয়ে গেল্ম; শক্ররা ভাবে, অহংকারেই দ্রে দ্রে থাকি। যে-ভাগ্যদেবতা বরাবর আমাকে সরিয়ে সরিয়ে নিয়ে গেল, পাল গোটাতে সময় দিলে না, রশি যতবার ভাঙার খোটায় বেঁধেছি টান মেরে ছিঁড়ে দিয়েছে, সে কোনো কৈফিয়ত দিলে না।

ক্থত্ংথের হিসাবনিকাশ নিয়ে ভাগ্যের সলে তকরার করে লাভ নেই। যা হয়েছে তার একটা হেতু আছে, সেই হেতুর উপর রাগ করলে হাওয়ার উপরেই রাগতে হয়। ঘড়া রাগ করে ঠং ঠং শব্দে যদি বলে "আমাকে শৃক্ত করে গড়েছে কেন", তার জ্বাব হচ্ছে, "তোমাকে শৃক্ত করবে বলেই ঘড়া করে নি, ঘড়া করবে বলেই শৃক্ত করেছে।" ঘড়ার শৃক্ততা পূর্ণতারই অপেকায়। আমার একলা-আকাশের ফাঁকটাকে ভরতি করতে হবে, সেই প্রত্যাশাটা আমার সক্ষে লেগে আছে। দৈবের এই দাবিটিই আমার সন্ধান; একে রক্ষা করতে হলে প্রাপুরি দাম দিতে হবে।

তাই শৃত্ত আকাশে একলা বদে ভাগ্যনিদিষ্ট কাজ করে থাকি। তাতেই আমায় হওয়ার অর্ধটা বৃঝি, কাজেই আনন্দও পাই। বাঁশির ফাঁকটা যথন হুরে ভরে ভঠে তথন তার আর-কোনো নালিশ থাকে না।

শরীরে মনে প্রাণের দক্ষিণ হাওয়া যখন জোরে বন্ধ তখন আত্মপ্রকাশের দাক্ষিণ্যেই

আমার যথেষ্ট প্রভার মেলে। কিন্তু যখন ক্লান্তি আলে, যথন পথ ও পাথেয় ছই-ই যায় কমে অথচ সামনে পথটা দেখতে পাই স্থানি, তথন ছেলেবেলা থেকে যে-অর বাঁধবার সময় পাই নি সেই ঘরের কথা মন জিজ্ঞাসা করতে থাকে। তথনই আকাশের তারা ছেড়ে দীপের আলোর দিকে চোখ পড়ে। জীবলোকে ছোটো ছোটো মাধুরীর দৃশু যা তীরের থেকে দেখা দিয়ে সরে সরে গিয়েছে, চোধের উপরকার আলো ক্লান হয়ে এলে সেই অক্লারে তাদের ছবি ফুটে ওঠে; তথন ব্রতে পারি, সেই-সব ক্লণিকের দেখা প্রত্যেকেই মনের মধ্যে কিছু-না-কিছু ডাক দিয়ে গেছে। তথন মনে হয়, বড়ো বড়ো কীতি গড়ে তোলাই-যে বড়ো কথা তা নয়, পৃথিবীতে যে-প্রাণের যক্ত সম্পন্ন করবার জন্তে নিমন্ত্রণ পেয়েছি তাতে উৎসবের ছোটো পেয়ালাগুলি রসে ভরে তোলা ভনতে সহজ, আসলে ত্ঃনাধ্য।

এবারে ক্লান্ক তুর্বল শরীর নিয়ে বেরিয়েছিলুম। তাই, অন্থরে যে-নারীপ্রকৃতি অন্তঃপুর-চারিণী হয়ে বাস করে ক্লণে ক্লণে সে আপন দরের দাবি জানাবার সময় পেয়েছিল। এই দাবির মধ্যে আমার পক্ষে কেবল যে আরামের লোভ তা নয়, সার্থকতার আশাও রয়েছে। জীবনপথের শেষদিকে বিশ্বলন্দ্রীর আতিথ্যের জল্পে আন্ত চিন্তের যে ঔৎস্ক্যে সে কেবল শক্তির অপচয় নিবারণের আগ্রহে, পাথেয় পূর্ণ করে নেবার জল্পে। কাজের হকুম এখনো মাথার উপর অথচ উভ্তম এখন নিস্তেজ, মন তাই প্রাণশক্তির ভাণ্ডারীর থোঁজ করে। শুক্ক তপস্থার পিছনে কোথায় আছে অন্নপূর্ণার ভাণ্ডার।

দিনের আলো যথন নিবে আসছে, সামনের অন্ধকারে যথন সন্ধার তারা দেখা দিল, যথন জীবনযাত্রার বোঝা থালাস করে অনেকথানি বাদ দিয়ে অন্ধ-কিছু বেছে নেবার জন্তে মনকে তৈরি হতে হচ্ছে, তথন কোন্টা রেখে কোন্টা নেবার জন্তে মনের ব্যপ্রতা আমি তাই লক্ষ্য করে দেখছি। সমন্ত দিন প্রাণপণ চেষ্টায় যা-কিছু সে জমিয়েছিল, গড়ে তুলেছিল, সংসারের হাটে যদি তার কিছু দাম থাকে তবে তা সেইখানেই থাক্, বারা আগলে রাথতে চায় তারাই তার থবরদারি করুক; রইল টাকা, রইল খ্যাতি, রইল কীতি, রইল পড়ে বাইরে; গোধ্লির আধার যতই নিবিড় হয়ে আসছে ততই তারা ছায়া হয়ে এল; তারা মিলিয়ে গেল মেঘের গায়ে স্থান্তের বর্ণচ্ছটার সক্ষে। কিছ, যে-জনাদি অন্ধকারের বৃক্ষের ভিতর থেকে একদিন এই পৃথিবীতে বেরিয়ে এসেছি সেখানকার প্রচ্ছের উৎস থেকে উৎসারিত জলধারা ক্ষণে ক্ষণে আমার যাত্রাপথের পাশে পাশে মধুর কলস্বরে দেখা দিয়ে আমার তৃষ্ণা মিটিয়েছে, আমার তাপ জুড়িয়েছে, আমার ধুলো ধুয়ে দিয়েছে, সেই তীর্থের জল ভরে রইল আমার স্থতির পাত্রথানি। সেই আক্ষার অপরিসীমের হৃদয়কল্মর থেকে বারবার বেল্লীশির ধ্বনি আমার প্রাণে এসে

পৌচেছিল, কত মিলনে, কত বিরহে, কত কালায়, কত হাসিতে; শরভের ভোরবেলায়, বসস্তের সায়াহে, বর্ষার নিশীথরাত্রে; কত ধ্যানের শান্তিতে, পূজার আত্মনিবেদনে, ত্থধের গভীরতায়; কত দানে, কত গ্রহণে, কত ত্যাগে, কত সেবায়— তারা আমার দিনের পথে হুর হয়ে বেজেছিল, আজ তারাই আমার রাত্রের পথে দীপ হয়ে জলে উঠছে। সেই অন্ধকারের ঝরনা থেকেই আমার জীবনের অভিষেক, সেই অন্ধকারের নিম্বন্ধতার মধ্যে আমার মৃত্যুর আমন্ত্রণ; আজ আমি তাকে বলতে পারব, হে চির-প্রচ্ছন্ন, আমার মধ্যে যা-কিছু তুমি তোমার গভীরের ভিতর থেকে তারার মতো প্রকাশ করেছ রূপে ও বাণীতে, তাতেই নিত্যকালের অমৃত; আমি খুঁজে খুঁজে পাথর কুড়িয়ে কুড়িয়ে কীতির যে-জয়স্তম্ভ গেঁথেছি, কালস্রোতের ভাঙনের উপরে তার ভিত। সেই-জন্মেই আব্দ্র গোধূলির ধূসর আলোয় একলা বসে ভাবছিলুম, রঙিন রসের অক্ষরে লেখা বে-লিপি তোমার কাছ থেকে ক্ষণে ক্ষণে এসেছিল ভালো করে তা পড়া হয় নি, ব্যস্ত ছিলুম। তার মধ্যে নিমন্ত্রণ ছিল। কোপায়। কারখানামরে নয়, থাতাঞ্চিখানায় নয়, ছোটো ছোটো কোণে যেখানে ধরণীর ছোটো স্থগুলি লুকানো। তাই আৰু পিছন ফিরে তাকিয়ে মনে মনে ভেবে দেখছি, কতবার বঞ্চিত হলুম। জনতার জয়ধ্বনির ডাকে কতবার অক্তমনে গভীর নিভূতের পাশ দিয়ে চলে এসেছি; মায়ামুগের অমুসরণে কতবার সরল স্থন্দরের দিকে চোখ পড়ল না। জীবনপথে আশে পাশে স্থার-কণা-ভরা যে বিনামূল্যের ফলগুলি পাতার আড়ালে ঢাকা ছিল, তাদের এড়িয়ে উপবাসী হয়ে চলে এসেছি বলেই এত প্রান্তি, এত অবসাদ। প্রভাত ষেখান থেকে আপন পেয়ালা আলোতে ভরে নেয়, রাত্রি যার আঙিনায় বদে প্রাণের ছিন্ন স্ত্রেগুলি বারে বারে জুড়ে তোলে, ওই লুকিয়ে-থাকা ছোটো ফলগুলি সেই মহান্ধকারেরই রহস্ত-গর্ভ থেকে রদ পেয়ে ফলে উঠছে, দেই অন্ধকার— যশু ছায়ামৃতং যশু মৃত্যু:।

> ক্রাকোভিয়া ব্রাহান্ত ১৩ই ফেব্রুয়ারি ৯২৫

বাংলা ভাষায় প্রেম অর্থে হটো শব্দের চল আছে; ভালোলাগা আর ভালোবাসা।
এই হটো শব্দে আছে প্রেমসম্ব্রের হই উলটোপারের ঠিকানা। বেধানে ভালোলাগা
স্বোনে ভালো আমাকে লাগে, বেধানে ভালোবাসা সেধানে ভালো অক্সকে বাসি।
আবেগের মুখটা যধন নিজের দিকে তখন ভালোলাগা, যখন অক্সের দিকে তথন
ভালোবাসা। ভালোলাগায় ভোগের হৃপ্তি, ভালোবাসায় ত্যাগের সাধন।

সংস্কৃত ভাষায় অহভব বলতে যা বৃঝি তার খাঁট বাংলা প্রতিশব্দ একদিন ছিল।

এতবড়ো একটা চলতি ব্যবহারের কথা হারালো কোন্ ভাগ্যদোবে বলতে পারি নে। এমন দিন ছিল ধখন লাজবাসা ভরবাসা বলতে বোঝাত লজ্জা অস্কুতব করা, ভর অস্কুতব করা। এখন বলি, লজ্জা পাওয়া, ভর পাওয়া। কিল থাওয়া, গাল থাওয়া, বেষন ভাষার বিকার— লজ্জা পাওয়া, ভর পাওয়াও তেমনি।

কারো 'পরে আমাদের অন্তব ধবন সম্পূর্ণ ভালো হয়ে ওঠে, ভালো-ভাবার ভালো-ইচ্ছার মন কানার কানার ভরতি হয় তবন তাকেই বলি ভালোবাসা। পূর্ণ উৎকর্ষের ভাবকেই বলা যার ভালো। স্বাস্থ্য যেমন প্রাণের পূর্ণভা, সৌন্দর্য যেমন রূপের পূর্ণভা, সভ্য যেমন জ্ঞানের পূর্ণভা, ভালোবাসা তেমনি অন্নভ্তির পূর্ণভা। ইংরেজিতে গুড্ ফীলিং বলে এ ভা নয়, একে বলা যেতে পারে পারফেক্ট ফীলিং।

শুভ-ইচ্ছার পূর্ণতা হচ্ছে নৈতিক, তার ক্রিয়া ব্যবহারের উপর; ভালোবাসার পূর্ণতা আত্মিক, সে হচ্ছে মান্নবের ব্যক্তিশ্বরূপের (personalityর) পরম প্রকাশ; শুভ-ইচ্ছা অন্ধকারে বৃষ্টি, প্রেম অন্ধকারে চাদ। মান্নের স্বেহ মান্নের শুভ-ইচ্ছা মাত্র নম্ব, তা তাঁর পূর্ণতার ঐশ্বর্য। তা অন্ধের মতো নম্ব, তা অমৃতের মতো। এই অমৃভ্তির পূর্ণতা একটি শক্তি। ভালোবাসার বিষম্বের মধ্যে অসীমকে বোধ করবার শক্তি; ব্যক্তিবিশেষের মধ্যে অপরিমেয়কে দেখতে পাওয়া এবং শীকার করাই অপরিমেয়কে সীমার মন্দিরে জাগিয়ে তোলবার শক্তি।

নিক্ষের অন্তিজের মূল্য যে-মাহ্যর ছোটো করে দেখে আত্ম-অবিশ্বাদের অবসাদেই সে
নিক্ষের সম্পদ উদ্ঘাটিত করতে ভরসা পায় না। বিশ্ব আপনার সমস্ত শক্তি দিয়ে প্রত্যেক
মাহ্যকে গ্রহণ ও ধারণ করে, মাহ্যবের অস্তরে এই মন্ত সত্যটির অহ্ভব হচ্ছে প্রেম।
ব্যক্তিবিশেষকে সে ভাক দিয়ে বলে, "তুমি কারোর চেয়ে কম নও, তোমার মধ্যে এমন
মূল্য আছে যার জন্মে প্রাণ দেওয়া চলে।" মাহ্যর যেখানে আপন সীমা টেনে দিয়ে নিজেকে
সাধারণের সামিল করে অলস হয়ে বলে থাকে প্রেম ব্যক্তিবিশেষের সেই সাধারণ
সীমাকে মানে না, তাকে অর্ঘ্য দিয়ে বলে, "তোমার কপালে আমি ভিলক দিয়েছি,
তুমি অসাধারণ।" স্থের আলো বৃষ্টির জল ঘেমন নিবিচারে সর্বত্রই মাটির জড়ভা ও
দৈশ্য অত্মীকার করে, মককে বারবার স্পর্শ করে, তাকে শ্রামনভায় পুলকিত করে ভোলে,
বে-ভূমি রিক্ত ভারও সফলভার জন্তে যেমন ভাদের নিরস্তর প্রতীক্ষা, তার কাছেও ঘেমন
পূর্ণভার দাবি, মাহ্যবের সমাজে প্রেম ভেমনি সব জায়গাভেই অসীম প্রত্যাশা জাগিরে
রাথে। ব্যক্তিকে সে বে মূল্য দেয় সে মূল্য মহিমার মূল্য। অন্তানিহিত এই মহিমার
আত্মানে মাহ্যবের স্টেশক্তি নানাদিকে পূর্ণ হয়ে ওঠে; ভার কর্মের ক্লান্ডি দৃয় হয়ে যায়।
এই ব্যক্তিগত প্রেমের বাহন নারী। ইতিহাসের অপ্রকাশিত লিখন যদি বের করা

বেঁত তা হলে দেখতে পেতেম নারীর প্রেমের প্রেরণা মাহ্নবের সমাজে কী কাজ করেছে।
শক্তির বে-ক্রিয়া উন্নত চেপ্তারূপে চঞ্চল আমরা তাকেই শক্তির প্রকাশরূপে দেখি, কিছ
বে-ক্রিয়া গৃঢ় উদ্দীপনারূপে পরিব্যাপ্ত তার কথা মনেই আনি নে। বিশ্বয়ের কথা এই বে,
বিশ্বের স্বীপ্রকৃতিকেই ভারতবর্ধ শক্তি বলে জেনেছে।

সকলেই জানে, এই শক্তিরই বিকারের মতো এমন সর্বনেশে বিপদ আর কিছুই নেই।
কুলক্ষেত্রের যুদ্ধে ভীমের হৃদয়ের মধ্যে অদৃশ্য থেকে দ্রৌপদী তাঁকে বল জুগিয়েছেন।
বীর আণ্টনির হৃদয় অধিকার করে ক্লিওপাটা তাঁর বল হরণ করে নিল। সভ্যবানকে
মৃত্যুর মৃধ থেকে উদ্ধার করেন সাবিত্রী, কিন্তু কভ নারী পুরুষের সভ্য নষ্ট করে তাকে
মৃত্যুর মৃথে নিয়ে গেছে তার সংখ্যা নেই।

তাই তো গোড়ায় বলেছি, প্রেমের তুই বিক্লম্ব পার আছে। এক পারে চোরাবালি, আর-এক পারে ফদলের থেত। এক পারে ভালোলাগার দৌরাস্থ্যা, অন্ত পারে ভালোবাদার আমন্ত্রণ। মাতৃত্বেহের মধ্যেও এই তুই জাতের প্রেম। একটাতে প্রধানত আদক্তি নিজের পরিতৃপ্তি থোজে; সেই অন্ধ মাতৃত্বেহ আমাদের দেশে বিস্তর দেখতে পাই। তাতে সম্ভানকে বড়ো ক'রে না তুলে তাকে অভিভৃত করে। তাতে কোনো পক্রেই কল্যাণ নেই। যে-প্রেম ত্যাগের দ্বারা মাম্বকে মৃক্তি দিতে জানে না পরস্ক ত্যাগের বিনিময়ে মাম্বকে আত্মদাৎ করতে চায় সে-প্রেম তো রিপু। এক পক্ষকে ক্রার দাহে সে দয় করে, অন্ত পক্ষকে লালায়িত আসক্তি দারা লেহন করে জীর্ণ করে দেয়। এই মাতৃলালনপাশের পরিবেইনের মধ্যে দারা চির-অবক্রম্ব আমাদের দেশে তাদের সংখ্যা বিস্তর; তাদের শৈশব আর ছাড়তে চায় না। আসক্তি-পরায়ণ মাতার মৃঢ় আদেশপালনের অনর্থ বহন করে অপমানের মধ্যে অভাবের মধ্যে চিরজীবনের মতো মাথা হেট হয়ে গেছে, এমন-সকল বয়স্ক নাবালকের দল আমাদের দেশে ঘরে ঘরে। জামাদের দেশে মাতার ক্রোড্রাজ্ববিস্তারে পৌক্ষবের যত হানি হয়েছে এমন বিদেশি শাসনের হাতকড়ির নির্মমতার দ্বারাও হয় নি।

স্ত্রীপুরুষের প্রেমেও সেই একই কথা। নারীর প্রেম পুরুষকে পূর্ণস্ক্তিতে জাগ্রত করতে পারে; কিন্তু সে-প্রেম যদি শুরুপক্ষের না হয়ে ক্বন্ধপক্ষের হয় তবে তার মালিজের আর তুলনা নেই। পুরুষের দর্বজ্রেন্ঠ বিকাশ তপস্থায়; নারীর প্রেমে ত্যাগধর্ম সেবাধর্ম সেই তপস্থারই হয়ে হয়-মেলানো; এই ছয়ের যোগে পরস্পরের দীপ্তি উজ্জল হয়ে ওঠে। নারীর প্রেমে আর-এক হয়ও বাজতে পারে, ময়নধন্মর জ্যায়ের টলার— সে মৃক্তির হয় না, সে বন্ধনের সংগীত। তাতে তপস্থা ভাঙে, শিবের ক্রোধানল উদীপ্ত হয়।

কেন বলি, পুরুষের ধর্ম তপস্থা। কারণ, জীবলোকের কাজে প্রকৃতি তাকে নারীর

তুলনার অনেক পরিমাণে অবকাশ দিয়েছে। দেই অবকাশটাকে নট করলেই তার সবচেয়ে ফাঁকি। পুরুষ সেই অবকাশকে আপন সাধনার ক্ষেত্র করেছে বলেই মাছ্যের উৎকর্ব জৈব প্রকৃতির দীমানা অনেক দ্রে ছাড়িয়ে গেল। প্রকৃতির দাবি থেকে মৃক্তি নিয়েই পুরুষ জানকে ধ্যানকে শক্তিকে অসীমের মধ্যে অক্সরণ করে চলছে। সেইজন্তে পুরুষের সাধনার চিরকালই প্রকৃতির সক্ষে বিরুষতা আছে। নারীর প্রেম বেখানে এই বিরোধের সমন্বর্ম করে দেয়, কঠোর জানের বেদিপ্রাহ্মণে সে বধন পূজামাধুর্যের আসন রচনা করে— পুরুষের মৃক্তিকে ধধন সে পৃপ্ত করে না, তাকে স্থলর করে তোলে— তার পথকে অবক্ষম্ম করে না, পথের পাথের ছুসিয়ে দেয়— ভোগবতীর জলে ভূবিয়ে দেয় না, স্বরধুনীর জলে স্থান করায়— তধন বৈরাগ্যের সক্ষে অস্থ্যাগের, হরের সক্ষে পার্বতীর, ভভপরিণয় সার্থিক হয়।

বিচ্ছেদের ভিতর দিয়েই শক্তি কান্ধ করবার ক্ষেত্র পায়। চাঁদ ও পৃথিবীর মাঝাথানে বে-বিরহ আছে তারই অবকাশে পৃথিবীর সমন্ত সম্প্রকে চাঁদ কথা কওরায়। স্ত্রীপুরুবের পরস্পরের মাঝে বিধাতা একটি দূরত্ব রেথে দিয়েছেন। এই দূরত্বের ফাঁকটাই কেবলই সেবায় ক্ষমায় বীর্ষে সৌন্দর্যে কল্যাণে ভরে ওঠে; এইখানেই সীমায় অসীমে শুভদৃষ্টি। জৈবক্ষেত্রে প্রকৃতির অধিকারের মধ্যে মাহ্যবের অনেক স্বাষ্ট আছে, কিন্তু চিন্তক্ষেত্রে তার স্বাষ্টর অন্ত নেই। চিন্তের মহাকাশ স্থল আসক্তির ঘারা ক্ষমাট হয়ে না গেলে তবেই সেই স্বান্টর কান্ধ সহজ হয়। দীপশিথাকে তুই হাতে আঁকড়ে ধরে বে-মাতাল বেশি করে পেতে চায়, দে নিজেও পোড়ে, আলোটিকেও নিবিয়ে দেয়।

মৃক্ত অবকাশের মধ্যে পুরুষ মৃক্তিশাধনার ষে-মন্দির বছদিনের তপস্থায় গেঁথে তুলেছে পূজারিনী নারী সেইখানে প্রেমের প্রদীপ জালবার ভার পেল। সে-কথা ষদি সে ভূলে যায়, দেবভার নৈবেছকে যদি সে মাংসের হাটে বেচতে কুটিত না হয়, ভা হলে মর্তের মর্মছানে ষে-অমরাবতী আছে ভার পরাভব ঘটে; পুরুষ যায় প্রমন্ততার রসাতলে, আর নারীর হদয়ে যে রসের পাত্র আছে তা ভেঙে গিয়ে সে-রস ধূলাকে পঞ্জিল করে।

ক্রাকোভিয়া ১৪ই ফেব্রুয়ারি ১৯২৫

ফুলের মধ্যে বে-আনন্দ সে প্রধানত ফলের প্রত্যোপার আনন্দ, এটা অত্যন্ত মোটা কথা। বিশ্বস্থান্তিতে দেখতে পাই স্থাতিতই আনন্দ, ছওরাটাই চরম কথা। তার ছুলেও আছে ছওয়া, ফলেও আছে ছওয়া। ফুলটা হল উপায় আর ফলটা হল উদ্দেশ্য, তাই বলে উভয়ের মধ্যে মুল্যের কোনো ভেদ দেখতে পাই নে। আমার তিন বছরের প্রিয়পন্ধী, বাকে নাম দিয়েছি নন্দিনী, তার হওয়ার উদ্দেশ্ত কী এ প্রেয়ের কোনো জবাব-তলবের কথা মনে আদে না। সে-বে কুলরক্ষার সেতু, সে-বে পিগু-জোগানের হেতু, সে-বে কোনো এক ভাবীকালে প্রজনার্থং মহাভাগা, এ-সব হল শাস্ত্রসংগত বিজ্ঞানসমত মূল্যের কথা। ফলের দরে ফুলের বিচার ব্যাবসাদারের। কিন্তু, ভগবান তো স্পষ্টর ব্যাবসা ফাদেন নি। তাঁর স্পষ্ট একেবারেই বাজে ধরচ; অর্থাৎ, আয় করবার জল্যে ধরচ করা নয়, এইজন্মই আয়োজনে প্রয়োজনে সমান হয়ে মিশে গেছে। এইজন্ম বে-শিশু জীবলোকের প্রয়োজনসাধনের পক্ষে অপূর্ণ, সেই তিন বছরের শিশুর অপূর্ণতাই স্পষ্টর আনন্দগৌরবে পূর্ণ। আমি তো দেখি বিশ্বনার মুখ্যের চেয়ে গৌণটাই বড়ো। সুলের রঙের মুখ্য কথাটা হতে পারে পতক্ষের দৃষ্টি আকর্ষণ করা; গৌণ কথাটা হচ্ছে সৌন্দর্য। মাহুষ বখন ফুলের বাগান করে তথন সেই গৌণের সম্পদ্ধই সে থোঁজে। বস্তুত, গৌণ নিয়েই মাহুবের সভ্যতা। মাহুষ কবি ধখন প্রেয়নীর মুখের একটি তিলের জন্ম সমরথন্দ্র বোধারা পণ করতে বনে তথন সে প্রজনার্থং মহাভাগার কথা মনেই রাখে না। এই বে-হিসাবি স্পষ্টতে বে-হিসাবি আনন্দরপ্রকেই সে স্প্রিয় ঐশ্বর্য বলে জানে।

প্রাণীসংসারে জৈবপ্রকৃতিই সকলের গোড়ায় আপন ভিত ফেঁদে, জাব্রিম পেতে, আলো জেলে, পৃথিবীর ভাণ্ডার থেকে সমস্ত অস্ত্রশস্ত্র মালমসলা নিজের ব্যবহারের জন্ম সংগ্রহ করে নিয়ে সংসার পেতে বসেছিল। ভোরের বেলায় সে মৃথ্য জায়গাটা দখল করে বসল। তারই বচন হচ্ছে, সা ভার্যা যা প্রজাবতী। অর্থাৎ, যদি কাজে লাগল তবেই তার দাম।

চিংপ্রকৃতি এসে জুটলেন কিছু দেরিতে। তাই, জৈবপ্রকৃতির আশ্রায়ে তাঁকে পরাভ্ত হতে হল। পুরানো পথে পুরানো ঘাটে পুরানো কালের মালমসলা নিয়েই সে ফাঁদলে তার নিজের ব্যাবসা। তথন সে সাবেক আমলের মৃথ্য থেকে হাল আমলের গৌণ ফলিয়ে তুলতে বসল। আহারকে করে তুললে ভোজ, শব্দকে করে তুললে বাণী, কান্নাকে করে তুললে কাব্য। মৃথ্যভাবে ষেটা ছিল আঘাত গৌণভাবে সেটা হল আবেদন; যেটা ছিল বন্দিনীর শৃত্দল, সেটা হল বধ্র কষণ; ষেটা ছিল ভয় সেটা হল ভক্তি; যেটা ছিল দাসম্ব সেটা হল আত্মনিবেদন। যারা উপরের জরের চেয়ে নীচের জরকে বিশ্বাস করে বেশি তারা মাটি ঝোঁড়াখুঁড়ি করতে গেলেই পুরাতন তাম্রশাসন বেরিয়ে পড়ে। বৈজ্ঞানিকের চন্দমায় ধরা পড়ে ষে, খেতের মালিক জৈবপ্রকৃতি; অতএব ফসলের অধিকার নির্ণয় করতে গেলে বৈজ্ঞানিকের কাছে চিৎপ্রকৃতির দাবি অগ্রাহ্ন হয়ে আসে। আপিলে সে যতই

বলে "প্রণালী আমার, প্লান আমার, হাললাঙল আমার, চাব আমার" কিছুতেই অপ্রমাণ করতে পারে না বে, মাটির তলাকার তাপ্রশাসনে মোটা অক্ষরে পোদা আছে 'লৈবপ্রকৃতি'। মোটা অক্ষরের উপরে বিচারকের নজরও পড়ে বেশি। কাজেই রায় বখন বেরয় তখন পাকা প্রমাণসহ প্রকাশ হয়ে পড়ে বে, সাবেক আমলের ভৃতই বর্তমান আমলে ভগবান সেকে এসেছে।

জৈবপ্রকৃতিতে শিশুর একটা অর্থ আছে। সেই অর্থ টাকেই যদি সম্পূর্ণ বলে স্বীকার করে নিই তা হলে বলতে হয়, মাছের ছানার সঙ্গে সাহুষের শিশুর কোনো প্রভেদ নেই। অর্থাৎ, তার একমাত্র অর্থ বংশবৃদ্ধি।

কিছ, চিৎপ্রকৃতি সেই আর্থ টাকে নিয়ে যথন আপনার চিন্তার জিনিস করে তুললে, তথন তাকে চোর বদনাম দিয়ে যুলকেই মালেক স্বীকার করি যদি তা হলে শেক্স্-পিয়ারেরও মাল থানায় আটক করতে হয়। মসলা আর মাল তো একই জিনিস নয়; মাটির মালেক যদি হয় ভূপতি ভাঁড়ের মালেক তো কুমোর।

আমাদের চিত্ত শিশুর মধ্যে স্পষ্টর অহৈতৃক আনন্দটি দেখতে পায়। বয়স্ক মাহুবের মধ্যে উদ্দেশ্য-উপায়-ঘটিত নানা তর্ক আছে; কেউ বা কাজের কেউ বা অকাজের, কারো বা অর্থ আছে কারো বা নেই। কিন্তু শিশুকে যথন দেখি তখন কোনো প্রত্যাশার দ্বারা আচ্ছন্ন করে দেখি নে। সে-ষে আছে, এই সত্যটাই বিশুদ্ধ-ভাবে আমাদের মনকে টানে। সেই অপরিণত মাহুষ্টির মধ্যে একটি পূর্ণতার ছবি দেখা দেয়। শিশুর মধ্যে মাহুষের প্রাণময় রূপটি শ্বচ্ছ অনাবিল আকাশে হুপ্রত্যক। নানা ক্লব্রিম সংস্কারের বড়যন্ত্রে তার সহন্ধ আত্মপ্রকাশে একটুও বিধা ঘটিয়ে দেয় না। প্রাণের বেণে নন্দিনী বে-রকম সহজে নেচেকুঁদে গোলমাল করে বেড়ায় আমি ধদি তা করতে যাই, তা হলে যে-প্রভৃত সংস্কারের পরিমণ্ডল আমাকে নিবিড় করে ঘিরে আছে দে-স্থ নড় চড় করতে থাকে, সেটা একটা অসংগত ব্যাপার হয়ে ওঠে। শিশু ঘা-ভা নিয়ে যেমন-ভেমন করে থেলে, তাতেই থেলার বিশুদ্ধ রূপটি দেখি। খেলার উপকরণের ক্বত্রিম মূল্য, খেলার লক্ষ্যের ক্বত্রিম উত্তেজনা, তার সঙ্গে জড়িয়ে থাকে না। निमनी यथन मुक्जारा कमजारान्य थात्र जथन माहे जमारकां जाजिएक समात र्रहरक। महत्व প্রাণের রসবোধের দলে কমলালেবুর যে মধুর সম্বন্ধ, ভত্রভার কোনো বিধানের षात्रा त्मिं। क्ष एम नि। यागपू-त्यशामां वि श्रिक निमनीत त्य वसूत्यत मेन त्मिं। দেখতে ভালো লাগে, কেননা, ষে-কোনো তুই মান্তবের মধ্যে এই সম্মুটি সত্য হওয়ার কোনো বাধা থাকা উচিত না। কিন্তু, সামাজিক ভেমবৃদ্ধির নানা জভ্যন্ত সংস্থারকে रियनि चामि चौकांत्र करति चमनि सगद्ध-रिशतांत्र मरण रक्ष करा चामांत्र भरण

হঃসাধ্য হয়েছে; অবচ এমন ভত্রবেশধারীকে আমি সমকক্ষভাবে অনায়াসে গ্রহণ করতে পারি যার মহয়ত্বের আন্তরিক মূল্য ঝগড়ার চেয়ে অনেক কম। জাহাজে তার সমবয়য় য়ুরোপীয় বালিকার লকে নন্দিনীর ঝগড়াও হয়, ভাবও হয়, পরক্ষরের মধ্যে সম্পত্তির বিনিময়ও চলছে। য়ুরোপীয় পুক্ষরাজীর সক্ষে মাঝে মাঝে আমার মাঝা-নাড়ানাড়ি হয়ে থাকে, শরীরের স্বাস্থ্য ও আবহাওয়া নিয়ে বাজে কথা বলাবলিও হয়; সংস্থারের বেড়া ডিভিয়ে তার বেশি আর সহজে এগোতে পারি নে। সহজ্ব মাছ্রের সত্যটি সামাজিক মাছ্রের কুয়াশায় ঢেকে রেথে দেয়। অর্থাৎ আমরা নানা অবাস্তর তথ্যের অক্ষত্তার মধ্যে বাস করি। শিশুর জীবনের বে সত্য তার সক্ষে আবস্তরের মিশোল নেই। তাই, তার দিকে যথন চেয়ে দেখবার অবকাশ পাই তথন প্রাণলীলার প্রত্যক্ষ স্বর্মণটি দেখি; তাতে সংস্কারভারে পীড়িত চিন্তারিষ্ট মন গভীর তথিও পায়।

শিশুর মধ্যে আমরা মৃক্তির সহক্ষ ছবি দেখতে পাই। মৃক্তি বলতে কী বোঝার। প্রকাশের পূর্ণতা। ভগবান সম্বন্ধে প্রশ্নোত্তরছলে ঋষি একটি চরম কথা বলেছেন: স ভগবং কন্মিন্ প্রতিষ্ঠিত ইতি। স্বে মহিদ্নি। সেই ভগবান কিসের মধ্যে প্রতিষ্ঠিত। তার উত্তর, নিজের মহিমাতেই। অর্থাৎ, তিনি স্বপ্রকাশ। শিশুরও সেই কথা। সে আপনাতে আপনি পরিব্যক্ত। তাকে দেখে আমাদের বে-আনন্দ সে তার বাধামৃক্ত সহক্ষ প্রকাশ। যুরোপে আক্ষকাল চিত্রকলার ইতিহাসে একটা বিপ্লব এসেছে, দেখতে পাই। এতকাল ধরে এই ছবি-আঁকার চার দিকে— হিন্দুছানি গানের তানকর্তবের মতো —ব্যেন্সক্ত প্রভূত ওত্তাদি জমে উঠেছিল আন্ধ সকলে ব্রেছে, তার বারো-আনাই অবান্তর। তা স্বঠাম হতে পারে, কোনো-না-কোনো কারণে মনোহর হতেও পারে, তার আড়হর-বাছল্যে বিশেষ-একটা শক্তিসম্পদ্ও প্রকাশ করতে পারে, অর্থাৎ বড়ের মতো তার আম্পর্য রঙের ঘটা থাকতে পারে, কিন্তু আসল যে জিনিসটি পড়েছে ঢাকা সে হছে সরল সত্তার স্বর্ণ, যাকে স্বচ্ছ আকাশে তার আপন নির্মল মহিমায় দেখে বিশ্ব আনন্দিত হয়।

গান বল, চিত্র বল, কাব্য বল, ওন্ডাদি প্রথমে নম্রশিরে, মোগল দরবারে দ্বীন্ট ইণ্ডিরা কোম্পানির মতো, তাদের পিছনে থাকে। কিন্তু, যেহেতু প্রভুর চেত্রে লেখকের পাগড়ির রং কড়া, তার তকমার চোখ-ধাধানি বেলি, এই কারণে তারা ভিড়ের উৎসাহ ঘতই পার ততই পিছন ছেড়ে সামনে এসে জমে ধার। ধথার্থ আর্ট ভখন হার মানে, তার স্বাধীনতা চলে ধার। ধথার্থ আর্টের মধ্যে সহজ প্রাণ আছে বলেই তার রুদ্ধি আছে, গতি আছে; কিন্তু, থেহেতু কারুনৈপুণাটা অলংকার, যেহেতু ভাত্তে প্রাণের ধর্ম নেই, তাই তাকে প্রবল হতে দিলেই আভরণ হয়ে ওঠে শৃত্রল ; তথন দে আর্টের বাজাবিক বৃদ্ধিকে বন্ধ করে দেয়, ভার গতি রোধ করে। তথন ষেটা বাহাছরি করতে থাকে দেটা আজ্মিক নয়, দেটা বৈষদ্ধিক ; অর্থাৎ, তার মধ্যে প্রাণগত বৃদ্ধি নেই, বন্ধগত সঞ্চয় আছে। তাই আমাদের হিন্দুয়ানি গানে বৃদ্ধি দেখতে পাই নে। তানসেন প্রাভৃতির অক্ষয় কমগুলু থেকে বে-ধারা প্রবাহিত হয়েছিল ওতাদ প্রভৃতি অন্ধ্রম্নি কারদানি দিয়ে সেটি গিলে থেয়ে বলে আছে। মোট কথা, সত্যের রসরপটি স্থানর ও সরল কয়ে প্রকাশ করা যে-কলাবিতার কাজ অবাস্করের জ্ঞাল তার সবচেয়ে শক্রন। মহারণ্যের খাল ক্ষ করে দেয় মহাজ্পল।

আধুনিক কলারসজ্ঞ বলছেন, আদিকালের মান্ত্র তার অশিক্ষিতপটুছে বিরলরেখার বে-রকম সাদাসিধে ছবি আঁকড, ছবির সেই গোড়াকার ছাদের মধ্যে ফিরে না পেলে এই অবাস্তরভারপীড়িত আর্টের উদার নেই। মান্ত্র বারবার শিশু হয়ে জন্মায় বলেই সত্যের সংস্কারবজ্ঞিত সরলরপের আদর্শ চিরন্তন হয়ে আছে; আর্টকেও তেমনি শিশুজন্ম নিয়ে অতি-অলংকারের বন্ধনপাশ থেকে বারে বারে মৃক্তি পেতে হবে।

এই অবাস্তরবর্জন কি শুধু আর্টেরই পরিত্রাণ। আক্ষকের দিনের ভারক্তর্জর সভ্যতারও এই পথে মৃক্তি। মৃক্তি বে সংগ্রহের বাহুল্যে নয়, ভোগের প্রাচূর্যে নয়, মৃক্তি যে আত্মকাশের সভ্যতার, আত্মকের দিনে এই কথাই মাস্থ্যকে বারবার শ্বরণ করাতে হবে। কেননা, আজ মাস্থ্য বেরক্ষম বন্ধনজালে জড়িত, এমন কোনো দিনই ছিল না।

লোভমোহের বন্ধন থেকে মাছ্য কবেই বা মুক্ত ছিল। কিন্তু তার সজে সজে মৃক্তির সাধনা ছিল সজাগ। বৈষয়িকতার বেড়ায় তথন ফাঁক ছিল; সেই ফাঁকের ভিতর দিয়ে সভ্যের আলো আসত বলে সেই আলোর প্রতি কোনো দিন বিখাস বায় নি। আক অটিল অবান্তরকে অতিক্রম করে সরল চিরন্তনকে অন্তরের সজে স্বীকার করবার সাহস মাছ্বের চলে গেছে।

আৰু কত পণ্ডিত তথ্যের গভীর অন্ধৃক্প চুকে টুকরো-টুকরো সংবাদের কণা খুঁটে খুঁটে জ্মাজ্বেন। বুরোপে বথন বিবেবের কল্বে আকাশ আবিল তথন এই-সকল পণ্ডিতদেরও মন দেখি বিষাক্ত। সত্যসাধনার বে-উলার বৈরাগ্য ক্ষ্ত্রতা থেকে ভেদবৃদ্ধি থেকে মাহ্যুবকে বাঁচিয়ে রাখে, তাঁরা তার আহ্বান শুনতে পান নি। তার প্রধান কারণ, জ্ঞানসাধনার উপরের দিকে থাড়া হয়ে মাহ্যুবের বে-মাথা একদিন বিশ্ব-দেখা দেখত আজ্ব সোই মাথা নীচে বুঁকে পড়ে দিনরাত টুকরো-দেখা দেখছে।

ভারতের মধ্যবুগে বধন কবীর দাদ্ প্রভৃতি সাধুদের আবিষ্ঠাব হয়েছিল তথন

ভারতের স্থাধের দিন না। তথন রাষ্ট্রনৈতিক ভাঙাগড়ায় দেশের অবস্থার কেবলই উলটপালট চলছিল। তথন শুধু অর্থ বিরোধ নয়, ধর্মবিরোধের তীব্রভাও ধ্ব প্রবল। বখন অন্তরে বাহিরে নানা বেদনা সেই অন্থিরতার কালে স্বভাবত মান্থবের মন ছোটো হয়, তথন রিপুর সংঘাতে রিপু জেগে ওঠে। তথন বর্তমানের ছায়াটাই কালো হয়ে নিত্যকালের আলো আচ্ছম করে, কাছের কায়াই বিশের সকল বাণী ছাপিয়ে কানে বাজে। কিন্তু, সেই বড়ো রুপণ সময়েই তাঁরা মাহ্নবের ভেদের চেয়ে ঐক্যকে সত্য করে দেখেছিলেন। কেননা, তাঁরা সকলেই ছিলেন কবি, কেউ পণ্ডিত ছিলেন না। শব্দের জালে তাঁদের মন জড়িয়ে যায় নি, তথ্যের খুঁটিনাটির মধ্যে উল্পর্বত্তি করতে তাঁরা বিশ্বত ছিলেন। তাই, হিন্দুম্সলমানের অতিপ্রত্যক্ষ বিরোধ ও বিষেববৃদ্ধির মধ্যে খেকেও তাদের মহস্থাত্বের অন্তরে একের আবির্ভাব তাঁরা বিনা বাধায় স্পষ্ট করে দেখেছিলেন। সেই দেখাতেই দেখার মৃক্তি।

এর থেকেই ব্রুতে পারি, তথনো মাম্ব শিশুর নবজনা নিয়ে সভাের মৃক্তিরাজ্যে সহজে সঞ্চরণ করবার অবকাশ ও অধিকার হারায় নি। এইজন্মেই আকবরের মডো সমাটের আবির্জাব তথন সম্ভবপর হয়েছিল, এইজন্মেই যথন প্রান্তরকাপিকল পথে অওরংজেব গোঁড়ামির কঠাের শাসন বিস্তার করেছিলেন তথন তাঁরই ভাই দারাশিকো সংস্কারবর্জিত অসাম্প্রদায়িক সতাসাধনায় সিদ্ধিলাভ করেছিলেন। তথন বড়া হৃথের দিনেও মাম্বের পথ ছিল সহজ। আজ সে-পথ বড়ো হৃর্গম। এখনকার দিনে প্রবীণেরা পথের প্রত্যেক কাঁকর গুনে বাধারই হিসাবকে প্রকাণ্ড করে তোলে; মৃত্যুক্তয় মানবাত্মার অপরাহত শক্তিকে তারা উপস্থিতের ছোটো ছোটো বিক্রমাক্ষ্যের জােরে অবজ্ঞা করে। তাই, তারা এত ক্লপণ, এত সন্দিয়, এত নিষ্ঠুর, এত আত্মন্তরি। বিশাস বার নেই সে কথনা স্টে করতে পারে না, সে কেবলই সংগ্রহ করতে পারে; অবশেষে এই সংগ্রহ নিয়েই বত মারামারি কাটাকাটি।

আজকের এই বিশ্বাসহীন আনন্দহীন অন্ধর্গ কবির বাণীকে প্রার্থনা করছে এই কথা শোনাবার জন্তে ধে, আত্মন্তরিতায় বন্ধন, আত্মপ্রকাশেই মৃক্তি; আত্মন্তরিতায় জড় বন্ধরাশির জটিলতা, আত্মপ্রকাশে বিরলভূষণ সত্যের সরল রূপ।

হাঞ্চনা-মারু জাহাজ থেকে নেমে প্যারিসে করেক দিন মাত্র ভূমিয়াভার ভঞাষা ভোগ করতে পেরেছিলাম। হঠাৎ ধবর এল, বধাসময়ে পেরুতে পৌছতে হলে অবিলয়ে জাহাজ ধরা চাই। তাড়াভাড়ি শের্বুর্গ্-বন্দর থেকে আণ্ডেস্ জাহাজে উঠে পদ্প্র। লখার চওড়ার আহাজটা ধ্ব মন্ত কিন্তু আমার শরীরের বর্তমান অবহার আরামের পক্ষে বে-সব স্থবিধার প্রয়োজন ছিল, তা পাওরা গেল না। আপানি আহাজে আতিখ্যের প্রচুর দান্দিণ্যে আমার অভ্যাসটাও কিছু থারাপ করে দিয়েছিল। সেইজন্তে এথানে ক্যাবিনে প্রবেশ করেই মনটা অপ্রসন্ত হল। কিন্তু, ষেটা অনিবার্ব নিজের গরজেই মন তার সঙ্গে যত শীত্র পারে রফা করে নিতে চার। অত্যন্ত তৃপাচ্য জিনিসও পেটে পড়লে পাকষত্র হাল ছেড়ে দিয়ে জারকরস প্রয়োগ বন্ধ করে না। মনেরও জারকরস আছে; অনভান্ত কোনো তৃঃথকে হজ্ম করে নিয়ে তাকে সে আপনার অভ্যন্ত বিশের সামিল করে নিশ্চিপ্ত হতে চার। অস্থবিধাপ্তলো একরকম সহ্ছ হয়ে এল, আর দিনের-পর-দিন চরকার একবেয়ে স্থতো কাটার মতো একটানে চলতে লাগল।

বিষ্বরেখা পার হয়ে চলেছি, এমন সময় হঠাং কথন শরীর গেল বিগড়ে; বিছানা ছাড়া গতি রইল না। ক্যাবিন জিনিসটাই একটা স্থায়ী ব্যাধি, ইন্দ্রিয়গুলো যদি ভার সঙ্গে যোগ দিয়ে জুল্ম শুরু করে তা হলে পুলিসের আকস্মিক বন্ধনের বিরুদ্ধে আদালতে পর্যস্ত আপিল বন্ধ হয়, কোথাও কিছুই সান্ধনা থাকে না। শান্তিহীন দিন আর নিস্রাহীন রাড আমাকে পিঠমোড়া করে শিকল কয়তে লাগল। বিদ্রোহের চেষ্টা করতে গেলে শাসনের পরিমাণ বাড়তেই থাকে। রোগ-গারদের দারোগা আমার ব্কের উপর তর্বলভার বিষম একটা বোঝা চাপিয়ে রেখে দিলে; মাঝে মাঝে মনে হড, এটা স্বয়ং বমরাজের পায়ের চাপ। তৃঃথের অত্যাচার যথন অতিমাত্রায় চ'ড়ে ওঠে তথন তাকে পরাভূত করতে পারি নে; কিন্ধ, তাকে অবজ্ঞা করবার অধিকার তো কেউ কাড়তে পারে না— আমার হাতে তার একটা উপায় আছে, সে হচ্ছে কবিতা-লেখা। তার বিষয়টা যা-ই হোক-না কেন, লেখাটাই তৃঃথের বিরুদ্ধে সিডিশন-বিশেষ। সিডিশনের হারা প্রতাপশালীর বিশেষ অনিষ্ট হয় না, তাতে পীড়িত চিত্তের আত্মসম্বম রক্ষা হয়।

আমি সেই কাজে লাগলুম, বিছানায় পড়ে পড়ে কবিতা লেখা চলল। ব্যাধিটা-ষে
ঠিক কী তা নিশ্চিত বলতে পারি নে, কেবল এই জানি, সে একটা অনির্বচনীয় পীড়া।
সে-পীড়া ভুধু আমার অলপ্রত্যকে নয়, ক্যাবিনের সমস্ত আসবাবপত্তের মধ্যে সর্বত্ত সঞ্চারিত— আমি আর আমার ক্যাবিন সমস্তটা মিলে বেন একটা অথও কয়তা।

এমনতরো অহুথের সময় স্বভাবতই দেশের অস্তে ব্যাকুলতা জন্ম। ক্যাবিনের অঠরের মধ্যে দিবারাত্রি জীর্ণ হতে হতে আমারও মন ভারতবর্ধের আকাশের উদ্দেশে উৎস্ক হরে উঠল। কিন্তু, অন্ধ উদ্ভাপের পরিমাণ বেডে বেড়ে ক্রমে বেমন তা

আলোকিত হয়, ছাপের তেমনি পরিমাণভেদে প্রকাশভেদ হয়ে থাকে। যে-ছাথ প্রথমে কারাগারের মতো বিশ্ব থেকে পৃথক করে মনকে কেবলমাত্র নিজের ব্যথার মধ্যেই বন্ধ করে, সেই হৃংধেরই বেগ বাড়তে বাড়তে অবশেষে অবরোধ ভেঙে পড়ে এবং বিশের হংখসমৃদ্রের কোটালের বানকে অস্তরে প্রবেশ করবার পথ ছেড়ে দেয়। তখন নিজের ক্ষণিক ছোটো হঃখটা মাহুষের চিরকালীন বড়ো হঃখের সামনে স্তব্দ হয়ে দাঁড়ায়; তার ছট্ফটানি চলে যায়। তথন হঃথের দণ্ডটা একটা দীপ্ত আনন্দের यनान रुख ज्यान अर्छ। अनम्राक ज्या (यह ना-कता याम्र जयनि इ:थवीनात स्त वांधा সান্ধ হয়। গোড়ায় ওই স্থর-বাঁধবার সময়টাই হচ্ছে বড়ো কর্মন, কেননা, তথনো ষে ছব্দ ঘোচে নি। এই অভিজ্ঞতার সাহায্যে যুদ্ধক্ষেত্রে সৈনিকের অবস্থা কল্পনা করতে পারি। বোধ হয়, প্রথম অবস্থায় ভয়ে ভরসায় যতক্ষণ টানাটানি চলতে থাকে ততক্ষণ ভারি কষ্ট। যতক্ষণ ভীষণকেই একমাত্র করে দেখি নে, যতক্ষণ তাকে অতিক্রম করেও জীবনের চিরপরিচিত ক্ষেত্রটা দেখা যায়, ততক্ষণ সেই খন্দের টানে ভয় কিছুতেই ছাড়তে চায় না। অবশেষে তাপের তীব্রতা বাড়তে বাড়তে কন্দ্র ধধন অদ্বিতীয় হয়ে দেখা দেন, প্রলয়ের গর্জন তথন সংগীত হয়ে ওঠে; তখন তার সঙ্গে নিবিচারে সম্পূর্ণভাবে যোগ দেবার নিরতিশয় আগ্রহে মরিয়া করে তোলে। মৃত্যুকে তখন সত্য বলে জেনে গ্রহণ করি; তার একটা পূর্ণাত্মক রূপ দেখতে পাই বলে তার শৃত্যাত্মকতার ভয় চলে যায়।

কয়দিন য়দ্ধকক্ষে সংকীর্ণ শয়ায় পড়ে পড়ে মৃত্যুকে খুব কাছে দেখতে পেয়েছিলাম, মনে হয়েছিল প্রাণকে বহন করবার যোগ্য শক্তি আমার শেষ হয়ে গেছে। এই অবহায় প্রথম ইচ্ছার ধাকাটা ছিল দেশের আকাশে প্রাণটাকে মৃক্ত করে দেওয়া। ক্রমে সেই ইচ্ছার বন্ধন শিথিল হয়ে এল। তথন মৃত্যুর পূর্বেই ঘরের বাইয়ে নিয়ে যাবার যেপ্রথা আমাদের দেশে আছে, তার অর্থ টা মনে জেগে উঠল। ঘরের ভিতরকার সমস্ত অভ্যস্ত জিনিদ হচ্ছে প্রাণের বন্ধনজাল। তারা দকলে মিলে মৃত্যুকে তীব্রভাবে প্রতিবাদ করতে থাকে। জীবনের শেষ ক্ষণে মনের মধ্যে এই বন্ধের কোলাহল মদি ক্রেগে ওঠে তবে তাতেই বেস্কর কর্কশ হয়; মৃত্যুর সম্পূর্ণ সংগীত ভনতে পাই নে, মৃত্যুকে সত্য বলে স্বীকার করে নেবার আননদ চলে যায়।

বহুকাল হল আমি যথন প্রথম কাশীতে গিয়েছিলাম তথন মৃত্যুকালের বে-একটি মনোহর দৃশু চোথে পড়েছিল, তা আমি কোনোদিন ভুলতে পারব না। ঠিক মনে নেই, বোধ করি তথন শরৎকাল; নির্মল আকাশ থেকে প্রভাতস্থ জীবধাত্রী বস্তুদ্ধরাকে আলোকে অভিষিক্ত করে দিয়েছে। এপারের লোকালয়ের বিচিত্র চাঞ্চল্য,

ওপারের প্রান্ধরের স্থদ্রবিন্তীর্ণ নিজকতা, মাঝখানে ক্লন্ধারা— সমন্তকে দেবতার পরশমণি হোঁয়ানো হল। নদীর ঠিক মাঝখানে দেখি একটি ভিঙি নৌকা ধরলোতে ছুটে চলেছে। আকাশের দিকে মৃথ করে মৃযুর্ গুরু হয়ে অয়ে আছে, ভারই মাথার কাছে করতাল বান্ধিয়ে উচ্চন্বরে কীর্তন চলছে। নিধিল বিশ্বের বক্ষের মাঝে মৃত্যুর বে-পরম আহ্মান, আমার কাছে ভারই স্থান্ধীর স্থরে আকাশ পূর্ণ হয়ে উঠল। বেখানে তার আসন সেধানে তার শান্তরূপ দেখতে পেলে মৃত্যু বে কত স্থান্মর, তা স্পষ্ট প্রত্যাক্ষ হয়। বরের মধ্যে সমন্তই তাকে উচ্চিঃশ্বরে অস্বীকার করে; সেইক্ষ্ম সেথানকার থাটপালঙ সিন্দুক চৌকি দেওয়াল কড়ি বরগা, সেখানকার প্রাত্যহিক ক্ষ্মাতৃক্ষা কর্ম ও বিক্রামের ছোটোখাটো সমন্ত দাবিতে মৃথর চঞ্চল ঘরকরনার ব্যস্ততার মাঝখানে সমন্ত ভিড় ঠেলে, সমন্ত আপত্তি অতিক্রম ক'রে, মৃত্যু বথন চিরস্কনের লিপি হাতে নিয়ে প্রবেশ করে তথন তাকে দন্ত্য বলে ভ্রম হয়; তথন তার হাতে মামুষ আত্মসমর্পণ করবার আনন্দ পায় না। মৃত্যু বাঁধন ছিন্ন করে দেবে, এইটেই কুৎসিত। আপনি বাঁধন আলগা করে দিয়ে সম্পূর্ণ বিশ্বাদের সঙ্গে তার হাত ধরব, এইটেই স্থনর।

হিন্দু কাশীকে পৃথিবীর বাহিরের দ্বান বলেই বিশ্বাস করে। তার কাছে কাশীর ভৌগোলিক সীমানা একটা মায়া, পরমার্থত সেখানে নিখিল বিশ্বের পরিচয়, সেখানে বিশ্বেখরের আসন। অতএব, বিশেষ দেশবাসীর কাছে বিশেষ দেশের যে আকর্ষণবেগ তার প্রাণকে সেখানকার মাটি জল আকাশের সঙ্গে নানা বিশেষ স্থতে বাঁধে, কাশীর মধ্যে যেন পৃথিবীর সেই বিশেষ দেশগত বন্ধনন্ত নেই। অতএব, ষথার্থ হিন্দুর কানে মৃত্যুর মৃক্তিবাণী কাশীতে বিশুদ্ধ স্থরে প্রবেশ করে।

বর্তমান যুগে স্থাশনাল বৈষয়িকতা বিশ্বব্যাপী হয়ে স্বদেশগত অহমিকাকে স্থতীত্র-ভাবে প্রবল করে তুলেছে। আমার দৃঢ় বিশ্বাস, এই সংঘ-আঞ্জিত অতি প্রকাণ্ডকায় রিপুই বর্তমান যুগের সমস্ত হঃথ ও বন্ধনের কারণ। তাই, সেদিন বিছানায় শুয়ে শুয়ে আমার মনে হল, আমিও যেন মুক্তির তীর্ধক্ষেত্রে মরতে পারি; শেষ মুহূর্তে যেন বলতে পারি, সকল দেশই আমার এক দেশ, সর্বত্রই এক বিশ্বেশরের মন্দির, সকল দেশের মধ্য দিয়েই এক মানবপ্রাণের পবিত্র জাহ্নবীধারা এক মহাসমুক্তের অভিমুথে নিত্যকাল প্রবাহিত।

ক্রাকোভিয়া ষ্টিমার ১৫ই ফেব্রুয়ারি ১৯২৫

পূর্বেই বলেছি, নন্দিনী তার নাম, তিন বছর তার বয়স, সে তৃতীয়ার চাঁদটুকুর
মতো। আধুনিক নবেল পড়বার সময় তার এখনো হয় নি। ঘুম-পাড়াবার আগে
তাকে গয় শোনাবার লোক চাই। তাই, বে-আমি এতকাল জনসাধারণকে ঘুম
পাড়াবার বায়না নিয়েছিল্ম, দায়ে পড়ে সেই-আমার পদর্দ্ধি হল। আজকাল এই ক্তে
মহারানীর শযাপার্শে আমার তলব হচ্ছে।

কাল রাত্রে আহার সেরে জাহাজের কামরায় এসে বলেছি। ছকুম হল, "দাদামশায়, বাষের গল্প বলো।" আমি কবি ভবভূতির মতো বিনয় করে বললুম, "আমার সমযোগ্য লোক হয়তো জাহাজে এক-আধজন মিলতেও পারে, কারণ, যাত্রী অনেক এবং বিপুলা চ তরণী।" কিন্তু, নিমৃতি পেলুম না। তথন শুরু করে দিলুম—

এক ষে ছিল বাদ,
তার সর্ব অব্দে দাগ।
আয়নাতে তাই হঠাৎ দেখে
হল বিষম রাগ।
ঝগডুকে সেই বললে ডেকে,
"এখ্খনি তুই ভাগ,
যা চলে তুই প্রাগ্,
সাবান যদি না মেলে তো
যাস হাজারিবাগ।"

বীণাপাণির ক্লপা এইখানে এসে থেমে গেল, ছড়া আর এগোল না। তথন ছলের বেড়া ডিঙিয়ে গভের মধ্যে নেমে পড়লুম। পাঠক নিশ্চয় ব্ঝতে পারছেন গল্পের মূল ধারাটা হচ্ছে, বাবের সর্বাদীণ কলকমোচনের জন্তে সাবান-অশ্বেষণের হৃঃসাধ্য অধ্যবসায়ে ঝগড়ু-নামধারী বেহারার যাতা।

কথা উঠবে, ঝগড়ুর তাগিদটা কিসের। দয়ারও নয়, মৈজীরও নয়, ভয়ের তাগিদ।
বাঘ শাসিয়েছিল, সাবান না আনতে পারলে তার কান ছিঁড়ে নেবে। এতে বাস্তববিলাসীরা আশস্ত হবেন, ব্রবেন, তা হলে গল্পটা নেহাত আজগুবি নয়।

প্রথমে দেখাতে হল, পাথেয় এবং দাবানের মূল্যের জন্তে কী অসম্ভব উপায়ে ঝগড়ু একেবারে পাঁচ তিন নয় সাত দশ পয়সা সংগ্রহ করলে। টে কৈ গুঁজে গোরুর গাড়ি করে সে বৃহস্পতিবারের বারবেলায় চেকোন্নোভাকিয়ায় রওনা হল। বোলপুরের কাছে ধোবাপাড়ার রান্ডায় আসতেই থামকা একটা ব্রাউন রঙের গাধা সাদারভের গোরুটার গা চেটে দিলে। বর্ণভেদে প্রকাবান পোঞ্চী জাতিচ্যতির ক্ষোভে গাড়িটা উলটিয়ে দিয়ে বদ্ধনমুক্তভাবে চার পা ভূলে সংসার ত্যাগ করে যাওয়াতে, সেই অপহাতে ঝগড়ুর পা ভেঙে তাকে রাস্তায় পড়ে থাকতে হল। বেলা বয়ে যায়, দূর থেকে ক্ষণে-ক্ষণে বাষের ভাকও শোনা যাচ্ছে। এখন হতভাগার কান বাঁচে কী করে। এমন সময় अ्षिकार्थ ब्लाफ़ानांकात त्याक्या हत्लह शांहे नाडेमांक किन्छ। अन्रष्टु वनतन, "মোক্ষদা, ও মোক্ষদা, তোমার ঝুড়িতে করে আমাকে ইষ্টিশনে পৌছিয়ে দাও।" মোক্ষদা यদি তথনই দয়া করে দহজে রাজি হত, তা হলে বাস্তবভয়ালার মতে সেটা বিশাসযোগ্য হত না। তাই দেখাতে হল, ঝগড়ু যথন টে কৈর থেকে ছ-পয়সা नगम मार्व कर्न कर्न ज्यान ज्यान त्राक्मा जाक सूफ़िए जूल निल । जाना करत्रिन्य, গল্পের এই সন্ধিন্ধলে এসে পৌছোবার পূর্বেই জ্বোত্রীর বুম আসবে। তার পরে, কাল আবার যদি আমাকে ধরে তা হলে উপসংহারে দেখাতে হবে, ভালোমান্ত্র বাগড়ুর কানের তো কোনো অপচয় হলই না, বরঞ্চ-পূর্বের চেয়ে এই প্রত্যক্ষটা দীর্ঘন্তর হয়ে উঠে কানের বানানে দন্ত্য 'ন'কে মাত্রাছাড়া মূর্ধন্ত 'ণ'য়ে খাড়া করে তোলবার পক্ষে माक्या फिला। क्वन कांग्री शिन धरे घृष्ठे वास्त्र लिक्या। मः मात्र धर्मत्र भूत्रकात ध অধর্মের তিরস্কার -মূলক উপদেশের সাহায্যে কল্যিত বন্ধসাহিত্যে স্বাস্থ্যকর হাওয়া वहेरा प्रतात हेक्डोंडो ७ ष्यामात मत्न हिन।

কিন্তু, গল্পের গোড়ার নন্দিনীর চোখে বে-একটু ঘূমের আবেশ ছিল সেটা কেটে গিয়ে তার দৃষ্টি শরংকালের আকাশের মতো জল্জল করতে লাগল। ভয়ে হোক, ভজিতে হোক, বাদ যদি বা ঝগড়ুর কানটা ছেড়ে দিতে রাজি হয়, নন্দিনী গল্পটাকে ছাড়তে কিছুতেই রাজি হল না। অবশেষে ত্ই-চার জন আত্মীয়স্বজনের মধ্যস্থতায় কাল রাত্রির মতো ছুটি পেয়েছি।

আর্টিস্ট বললেন, গল্পের প্রবাহে নানারকম ভেসে-আসা ছবি ওর মনকে ধাক্কা দিয়ে ক্রাপিয়ে রাথছিল। তা হলেই তর্ক ওঠে, ছবির এমন কী গুণ আছে যাতে ঔৎস্কা ক্রাপিয়ে রাথে। কোনো দৃশ্য যথন বিশেষ করে আমাদের চোথ ভোলায় তথন কেন আমরা বলি, যেন ছবিটি।

মৃথ্যত ছবির গুণ হচ্ছে দৃশ্বতা। তাকে আহার করা নয়, ব্যবহার করা নয়, তাকে দেখা ছাড়া আর কোনো লক্ষ্যই নেই। তা হলেই বলতে হবে, যাকে আমরা পুরোপুরি দেখতে পাই তাকে আমাদের ভালো লাগে। যাকে উদাসীনভাবে দেখি তাকে পুরো দেখি নে; যাকে প্রোজনের প্রসক্ষে দেখি তাকেও না; যাকে দেখার জন্মেই দেখি

তাকেই দেখতে পাই। বোলপুরের রান্তায় গোঞ্চ, গাধা, গাড়ি উলটে ঝগদুর পা-ভাঙা প্রভৃতি দৃষ্টের দাম কিসেরই বা। চলিড ভাষায় যাকে মনোহর বলে এ তো ভা নয়। কিন্তু, গল্পের বেগে তারা মনের সামনে এসে হাজির হচ্ছিল; শিশুর মন তাদের প্রত্যেককেই স্বীকার করে নিয়ে বললে, "হা, এরা আছে।" এই বলে স্বহন্তে এদের কপালে অন্তিমগোরবের টীকা পরিয়ে দিলে। এই দৃষ্টগুলি গল্প-বলার বেষ্টনীর মধ্যে একটি বিশেষ ঐক্য লাভ করেছিল। বিশ্বের ছাড়া-ছাড়া সমস্ত ছড়ানো তথ্যের অস্পষ্টতা থেকে স্বত্ম হয়ে তারা স্থনিদিষ্ট হয়ে উঠেছিল। এই জোরে তারা কেবলই দাবি করতে লাগল "আমাকে দেখে।" স্বতরাং, নন্দিনীর চোথের বুম আর টিকল না।

কবি বল, চিত্রী বল, আপনার রচনার মধ্যে সে কী চায়। সে বিশেষকে চায়।
বাতানে বে-অন্ধারবাপা সাধারণভাবে আছে গাছ তাকে আত্মসাৎ ক'রে আপন ডালে-পালায় ফলে ফ্লে আপন ছন্দে রঙে অত্যম্ভ বিশেষ করে যথন তোলে, তথনই তাতে স্ষ্টেলীলা প্রকাশ পায়। নীহারিকায় জ্যোতির্বাপ্ণ একটা একাকার ব্যাপার, নক্ষত্র-আকারে বিশেষত্ব লাভ করায় তার সার্থকতা। মাহুষের স্ষ্টেচেষ্টাও সেইরকম অনির্দিষ্ট সাধারণ থেকে স্থনির্দিষ্ট বিশেষকে জাগাবার চেষ্টা। আমাদের মনের মধ্যে নানা হাদয়াবেগ ঘূরে বেড়ায়। ছন্দে স্থরে কথায় যথন সে বিশেষ হয়ে ওঠে তথন সে হয় কাব্য, সে হয় গান। হাদয়াবেগকে প্রকাশ করা হল বলেই-যে আনন্দ তা নয়। তাকে বিশিষ্টতা দেওয়া হল বলেই আনন্দ। সেই বিশিষ্টতার উৎকর্ষেই তার উৎকর্ষ। মাহুষের যে-কোনো রচনা সেই উৎকর্ষ পেয়েছে তাকেই আর্ট-স্কান্টরপে দেখি; সেই একান্ত দেখাতেই আনন্দ।

ইংরেজি ভাষায় ক্যারেকটার শব্দের একটা অর্থ, স্বভাব, নৈতিক চরিত্র; আর-একটা অর্থ, চরিত্ররূপ। অর্থাৎ, এমন কতকগুলি গুণের এমন সমাবেশ যাতে এই সমাবেশটি বিশেষভাবে লক্ষ্যগোচর হয়। পূর্বেই বলেচি, এইরকম বিশেষ গোচরতাই আর্টের ধর্ম। নাট্যে কাব্যে চিত্রে নৈতিক সদ্গুণের চেয়ে এই ক্যারেক্টারের মূল্য বেশি।

স্টির দিকে বিশেষত্ব এই তো আছে ক্যারেক্টার, স্টিক্টার দিকে বিশেষত্ব প্রতিভার। সেটা হচ্ছে দৃটির বিশেষত্ব, অমুভূতির বিশেষত্ব, রচনার বিশেষত্ব নিয়ে। ভক্ত সম্দ্র-পর্বত-অরণ্যে স্টেক্টার একটি স্বরূপ দেখতে পান, তাতেই সে-দৃশ্রগুলি বিশেষভাবে তাঁর অন্তর্ম হয়ে ওঠে। রূপকারের রচনাতেও তেমনি করেই শ্রষ্টাব্যক্তিটি আপন প্রতিভার স্বরূপ দিয়ে আপন স্পটির রূপটিকে শ্রষ্টাব্যক্তিটির কাছে স্থনিদিট করে দেয়। তাতে বে-আনন্দ পাই সে সৌন্দর্বের বা স্বার্থবৃদ্ধির শুভবৃদ্ধির আনন্দ নয়, বিশেষকে ব্যক্ত দেখার আনন্দ। আমার ভিতরকার ব্যক্তি সেই পরিব্যক্তিতে নিজেরই

বিস্তার দেখে। বস্তুতত্ত্ব (physics) সমস্ত বস্তুর মধ্যে সাধারণ, সেটা হল বিজ্ঞানের; আর, চেহারা পদার্থটা বিশেষের, সেটা হল আর্টের। বিশেষের বেড়া ভাঙতে ভাঙতে বিজ্ঞান ব্যাপককে পায় তথন তার সার্থকতা; আর, ব্যাপকের পদাটা তুলে ধরে আর্ট যথন বিশেষকে পায় তথন সে হয় খুলি।

স্থান নেই বিশেষের কোঠার এনে পড়ে তো ভালো, নইলে স্থার বলেই তার গুমোর নেই। আর্টের এলেকায় সাহেবপাড়ার সরকারি বাগানের ছান নেই, আছে চিৎপুর রোডের। সরকারি বাগানের অনেক সদ্গুণ আছে, তাকে স্থান বললে লক্ষণে মেলে; সে-বাগানে সাধারণ উপকার আছে, কিন্ধ বিশেষ যাদ নেই। চিৎপুর রোডের যাদ আছে, উপকার নেই বললেই হয়। কলকাতার ইডেন-গার্ডেন ফোটোগ্রাফের অস্তান্ধ পংক্তিতে ছান পেতে পারে, কিন্ধ চিৎপুর রোডের পংক্তি আর্টির্ফের ত্লিতে আপন পর্যায় পাবার জস্তো আন্ধ পর্যন্ত অপেক্ষা করে আছে। কোনো কালে না-ও যদি পায় তবু তার কৌলীক্ত ঘূচবে না!

হেডমাস্টার তাঁর ইস্কুলের সবচেয়ে শিষ্টশাস্ত অধ্যয়নরত ভালো ছেলেটির প্রতি তর্জনী নির্দেশ করে তাকে আমাদের দৃষ্টান্তগোচর করে রাথবার চেষ্টা করেন। কিন্তু, তর্জনীর ক্লোরেও আমরা তাকে স্পষ্ট দেখতে পাই নে। বাকে খুবই দেখতে পাওয়া যায় সে হেডমাস্টারের আদর্শ ছেলে নয়, ছাত্রমুত্তি তার কপালে প্রায়ই জোটে না। সেটা ভানপিটে ইস্কুলপালানো ছেলে, আপন প্রাণপূর্ণ বিশেষত্ব হারা সে খুবই স্ব-প্রকাশ। ব্যবহারের দিক থেকে তাকে অবজ্ঞা করা চলে, কিন্তু প্রয়োজননিরপেক্ষ প্রকাশের দিক থেকে সে-ছেলে সেরা ছেলে। সে হেডমাস্টারের বর্জনীয়, কিন্তু ভার্টিস্টবিধাতার বরণীয়। চরিত্রনীতিবিলাসী ঐতিহাসিক তাঁর মহাভারতে যুধিষ্টিরকে धर्मज्ञोक नाम मिरत्र मन्खरभद्र উচ্চ পীঠের উপর দাঁড় করিয়ে সর্বদা আমাদের চোখের উপর ধরে রেখেছেন, কিছ তবু যুধিষ্ঠির স্পষ্ট করে চোখে পড়েন না; আর চরিত্রচিত্র-বিলাপী কবি তাঁর ভীমসেনকে নানা অবিবেচনা ও অসংখ্যের অপবাদে লাঞ্চিত করেও আমাদের কাছে হস্পষ্ট করে তুলেছেন। ধারা সত্য কথা বলতে ভয় করে না তারা শীকার করবেই যে, সর্বগুণের যুধিষ্টিরকে কেলে দোষগুণে-জড়িত ভীমসেনকেই তারা ভালোবাসে। তার একমাত্র কারণ, ভীমসেন স্বস্ট। শেক্স্পিয়রের ফল্স্টাফ্ ও স্বাদ্যকর দৃষ্টান্ত বলে সমাজে আদরণীয় নয়, স্পষ্ট প্রত্যক্ষ বলেই সাহিত্যে আদরণীয়। রামচন্দ্রের ভক্তদের আমি ভয় করি; তাই খুব চুপিচুপি বলছি, সাহিত্যে রামের চেয়ে লক্ষণ বড়ো। বান্মীকিকে জিজ্ঞাসা করলে তিনি নিশ্চয়ই মানবেন যে, রামকে তিনি ভালো বলেন, কিছ লম্বণকে তিনি ভালোবাদেন।

আমরা হাজার প্রমাণ দেখাতে পারি বে, আর্টে আমরা গুণবানকে চাই নে, রূপবানকে চাই। এখানে রূপবান বলতে স্থলরকে বলছি নে। রূপের স্পষ্টভায় বে স্প্রভাক সেই রূপবান। শ্রীমন্ত সদাগরের চেয়ে রূপবান ভাঁডুদন্ত। বিষরক্ষে অনেক নামজাদা নায়কনায়িকা আছেন, অনেক সাধু লেখক ভাদের চরিত্র বিচার করেছেন, ভার উপরে আমি আর কিছু বলতে চাই নে, কেবল এইটুকু বলে রাখি, বিষরক্ষে হীরা রূপবান। হীরা আমাদের ঘুমোতে দেয় না, সে স্থলর বলে নয়, গুণবান বলে নয়, রূপবান বলে; সাধারণ অস্পষ্টভার মাঝখানে সে বিশেষ বলে স্থপ্রভাক্ষ বলে।

এ কথা মানতে হবে, চলতি ভাষায় ষাকে স্থন্ধর বলে তাকে নিয়ে কবি কিমা রূপকার আপনাদের রচনায় খুব ব্যবহার করে থাকেন। তার প্রধান কারণ, দৌল্বর্গ হচ্ছে একটা বিশিষ্টতা। জীবনের পথে চলতে চলতে অগণ্য বস্তুর ভিড়কে আমরা পাশ কাটিয়ে যাই। স্থলর হঠাৎ বলে ওঠে, "চেয়ে দেখো।" প্রতিদিন হাজার হাজার জিনিসকে যা না বলি তাকে তাই বলি; বলি, "তুমি আছ।" ওইটেই হল আমল কথা। সে-বে নিশ্চিত আছে, এই বার্তাটাই তার সৌল্বর্গ আমার কাছে উপস্থিত করলে। সে-বে সং, এইটে একান্ত উপলব্ধি করতে পারলুম বলেই সে এত আনল্ব দিলে। শিশুর কাছে তার খেলার জিনিস মহার্ঘ্য বলেই দামি নয়, স্থলর বলেই প্রিয় নয়। আপন কল্পনাশক্তি দিয়ে তাকে স্পষ্ট উপলব্ধি করে বলেই ছেঁড়া নেকড়ায় তৈরি হলেও সেতার কাছে সত্য, এবং সত্য বলেই আনন্দময়; কারণ, সত্যের রসই হচ্ছে আনন্দ।

এক রকমের গায়ে-পড়া সৌন্দর্য আছে যা ইন্দ্রিয়তৃথির সঙ্গে যোগ দিয়ে অতিলালিতাগুণে সহজে আমাদের মন ভোলায়। চোর যেমন ঘারীকে ঘূর দিয়ে চুরি করতে ঘরে ঢোকে। সেইজন্তে যে-আর্ট আভিজাত্যের গৌরব করে সে-আর্ট এই সৌন্দর্যকে আমল দিতেই চায় না। একজাতের বাইজিমহলে চলতি থেলো সংগীত তার হালকা চালের স্থরতালের উত্তেজনায় সাধারণ লোকের মনে নেশা ধরিয়ে দেয়। বড়ো ওস্তাদেরা এই নেশাধরানো কানভোলানো ফাঁকিকে অত্যম্ভ অবজ্ঞা করেন। তাতে তারা সাধারণ লোকের শন্তা বকশিশ থেকে বঞ্চিত হওয়াকেই পুরস্কার বলে মেনে নেন। তারা যে বিশিষ্টতাকে আর্টের সম্পদ বলে জানেন সে-বিশিষ্টতা প্রলোভননিরপেক্ষ উৎকর্ম। তাকে দেখাতে গেলে যেমন সাধনা, তাকে পেতে গেলেও তেমনি সাধনা চাই। এইজন্মেই তার মূল্য। নিরলংকার হতে তার তয় নেই। সরলতার অভাবকে, আড়ম্বকে সে ইতর বলে দ্বণা করে। স্থললিত বলে নিজের পরিচয় দিতে সে লক্ষা বোধ করে, স্বসংগত বলেই তার গোরব।

গীতার আছে, কর্মের বিশুদ্ধ মৃক্তরূপ হচ্ছে তার নিষামরূপ। অর্থাৎ, ত্যাধের ছারা

নয়, বৈরাগ্যের ছারাই কর্মের বছন চলে যায়। তেমনি ভোগেরও বিশুদ্ধরণ আছে, সেই রপটি পেতে গেলে বৈরাগ্য চাই। বলতে হয়, মা গৃধঃ, লোভ কোরো না। সৌন্দর্য-ভোগ মনকে জাগাবে, এইটেই তার স্বধর্ম; তা না করে মনকে বখন সে ভোলাতে বসে তখন সে আপনার জাত খোয়ায়, তখন সে হয়ে যায় নীচ। উচ্চ-জ্বেরে আর্ট এই নীচভা থেকে বহু যমে আপনাকে বাঁচাতে চায়। লোভীর ভিড় ভাড়াবার জ্বন্তে সে জ্বনেক সময়ে কঠোরকে ছারের কাছে বসিয়ে রাখে, এমন-কি, জনেক সময় কিছু বিশ্রী, কিছু বেহুর তার রচনার সঙ্গে মিশিয়ে দেয়। কেননা, তার সাহস আছে; সে জানে, যে-বিশিষ্টতা আর্টের প্রাণ তার সঙ্গে গায়ের পড়ে মিষ্টি মিশোল করবার কোনো দরকার নেই। উমার হদয় পাবার জ্বন্তে শিবকে কন্দর্প সাজতে হয় নি।

বিশেষকে দেখবার আর-একটা কৌশল আছে, সে হচ্ছে নৃতনত্ব। অতিপরিচয়ের আবরণে বিশেষ ঢাকা পড়ে, এইজন্তে অনভ্যন্তকেই বিশেষ বলে খাড়া করবার দিকে তুর্বল আর্টিন্টের প্রলোভন আসতে পারে। এই প্রলোভন আর্টিন্টের তপোভঞ্বের কারণ। অতিপরিচয়ের মানতার মধ্যেই চির-বিশেষের উজ্জ্বলরূপ দেখাতে পারে (य-खनी मिहे जा खनी। (यथानी अर्यमा आयामित कारिय পড़ে अथे एवं भारे भि. সেইখানেই দেখবার জিনিসকে দেখানো হচ্ছে আর্টিস্টের কাজ। সেইজন্তেই তো বড়ো বড়ো আর্টিস্টের রচনার বিষয় চিরকালের জিনিস। আর্ট পুরাতনকে বারে বারে নৃতন করে। বিশেষকে সে দেখতে পায় হাতের কাছে, ঘরের কাছে। সৃষ্টি তো খনির জিনিস নয় যে খুঁড়তে খুঁড়তে তার পুঁজি ফুরিয়ে যাবে। সে-যে ঝরনা; তার প্রাচীন ধারা-ষে চিরদিনই নবীন হয়ে বইছে, এইটে প্রমাণ করবার জন্মে তাকে কোনো অভুত ভঙ্গী করতে হয় না। অশোকের মধ্ররী কালিদাসের আমলেও ষে-রঙে বসস্তের শ্রামল বক্ষ রাঙিয়ে দিয়েছে আজও নৃতনত্বের ভান করে সেই রং বদল করবার তার দরকার হয় নি। নির্ভয়ে সে বর্ষে বর্ষে পুরাতনের বাসরদরেই নবীনের ঘোমটা খুলে দিচ্ছে। বারে বারেই চোখের উপর থেকে জড়তার মোহ কেটে যাচ্ছে, আর চির-বিশেষকে দেখতে পাচ্ছ। কিন্তু, ইটের ঢেলার চেয়ে অশোকমঞ্জরীকেই বিশেষ করে দেখি কেন, এইটেই দাড়ায় প্রশ্ন। এর উত্তর এই ষে, আপন অংশ-প্রত্যংশের সমাবেশ নিয়ে অশোক আপনার মধ্যে একটি স্থসংগত বিশেষ ঐক্যকে প্রকাশ করে বলেই তার यक्षा आयोगित यन এकि भूता मिथाक मिथा है छित एकां आयोगित को इ मखांत **त्मरे इत्रमण (नरे। जकी विम रेक्षित्मत्र मर्था अस्त्रीक्षनमण्डि स्यमात जेका पाछ।** किस, त्महें खेका श्राद्धांब्यत्न इं व्यक्षण । तम निष्मत्कहे नत्र म रतन श्रकां करत ना, चात्र-किहुक श्रकाम करता। त्मरे देशित्मत्र मत्था वावदारतत्र जानम, जात्र मत्था

কৌতৃহলের বিষয় থাকতে পারে। কিন্তু তাতে বিশুদ্ধ দেখার অহৈতৃক বিষয় নেই।

সন্তাকে সকলের চেয়ে অব্যবহিত করে অন্তত্ত্ব করি নিজের মধ্যে। আমার মধ্যে একটি এক নিয়ত বলছে "আছি"। গানের মধ্যে, ছবির মধ্যে, এক বদি তেমনি জোরে বলে উঠতে পারে "এই-যে আমি", তা হলেই তাতে-আমাতে মিলনের হুর পূর্ব হয়ে বাজল। একেই বলে শুভদৃষ্টি; ঐক্যের উপলব্ধিতে দেখবার বিষয় চোখে-পড়া

আর্টিস্ট প্রশ্ন করছে, আর্টের সাধনা কী। আমি বলি "দেখো", তবেই দেখাতে পারবে। সতার প্রবাহিনী ঝরে পড়ছে; তারই স্রোতের জলে মনের অভিষেক হোক; ছোটো-বড়ো স্থলর-অস্থলর সব নিয়ে তার নৃত্য। সেই প্রকাশধারার বেগ চিন্তকে স্পর্ল করলে চিত্তের মধ্যেও প্রকাশের বেগ প্রবল হয়ে ওঠে। স্কটির লীলা চার দিকেই আছে, এই সহজ সত্যটি যদি আর্টিস্ট আজও আবিকার করতে না পেরে থাকে, প্রাণ-কাহিনীর প্রথির মধ্যে, প্রাচীন রাজপ্তানার পটের মধ্যে, যদি সে দেখার জিনিস খুজে বেড়ায় তা হলে ব্ঝব, কলাসরস্বতীর পদ্মাসন তার মনের মধ্যে বিকশিত হয় নি। তাই সেকেগু-হ্যাণ্ড আস্বাবের দোকানে নিজীব কাঠের চৌকি. খুজতে বেরিয়েছে।

## পরিশিষ্ট

२६ (मर्ल्डेस्त्र ५२२८

মাহ্ব বে মাহ্বের পক্ষে কত হৃদ্রের জীব তা যুরোপে আমেরিকার গেলে ব্রতে পারা যায়। সেথানকার সমাজ হচ্ছে দীপজেণী— ছোটো এক এক দল জাতির চারি দিকে বৃহৎ জ্জাতির লবণসমূদ্র; পরস্পরসংলয় মহাদেশের মতো নয়। জাতি শক্টা তার ধাতৃগত বিশেষ অর্থে আমি ব্যবহার করছি; অর্থাৎ, দে-কয়জনের মধ্যে জানাশোনা আছে, আনাগোনা চলে; আমাদের দেশে পরস্পর আনাগোনার জন্ত জানাশোনার দরকার হয় না। আমরা তো থোলা জায়গায় রান্তার চৌমাথায় বাস করি। একে আমাদের আয়ু কম, তার উপরে অবাধ সামাজিকতায় পরস্পরের সময় নই ও কাজ নই করতে আমাদের সংকোচমাত্র নেই।

আবার অক্তপক্ষে, ভোগের আদর্শ দেখানে অত্যন্ত বেশি ব্যয়সাধ্য, স্তরাং দেখানে সময়-জিনিসটাকে মাহ্র টাকার দরে বাচাই করতে বাধ্য, সেখানে মাহ্রবে মাহ্রবে মিল কেবলই বাধাগ্রন্ত হবেই, জার সেই মিল বতই প্রতিহত ও অনভ্যন্ত হতে থাকবে ততই মাহ্রবের সর্বনাশের দিন ঘনিয়ে আসবেই। একদিন দেখা বাবে, মাহ্র্য বিন্তর জিনিস সংগ্রহ করেছে, বিন্তর বই লিখেছে, বিন্তর দেয়াল গেঁথে তুলেছে, কেবল নিজে গেছে হারিয়ে। মাহ্র্য আরু মাহ্রবের কীতির মধ্যে সামঞ্জ্য ভেঙে গিয়েছে বলেই আজু মাহ্র্য খ্ব সমারোহ করে আপন গোরস্থান তৈরি করতে বসেছে।

২৬ সেপ্টেম্বর

একজন আধুনিক জাপানি রপদক্ষের রচিত একটি ছবি আমার কাছে আছে।
সেটি বতবার দেখি আমার গভীর বিশ্বর লাগে। দিগস্তে রক্তবর্ণ স্থা— শীতের বরফচাপা শাসন সবে-মাত্র ভেঙে গেছে, প্লাম গাছের পত্রহীন শাখাগুলি জয়ধ্বনির বাছভঙ্গীর মতো স্থার দিকে প্রসারিত, সাদা সাদা ফুলের মঞ্চরীতে গাছ ভরা। সেই
প্লাম গাছের তলায় একটি অন্ধ দাঁড়িয়ে তার আলোকপিপান্থ ত্ই চক্ষ্ স্থের দিকে
তুলে প্রার্থনা করছে।

আমাদের ঋষি প্রার্থনা করেছেন: তমসো মা জ্যোতির্গময়, অন্ধকার থেকে আলোতে নিয়ে যাও। চৈতক্তের পরিপূর্ণতাকে তাঁরা জ্যোতি বলেছেন। তাঁদের ধ্যানমন্ত্রে স্থাকে তাঁরা বলেছেন: ধিয়োয়োন: প্রচোদয়াৎ, আমাদের চিত্তে তিনি ধীশক্তির ধারাপ্তিলি প্রেয়ণ করছেন।

জ্বশোপনিষদে বলেছেন, হে প্ৰন্, তোমার ঢাকা খুলে ফেলো, সভ্যের মুথ দেখি; আমার মধ্যে যিনি সেই পুরুষ তোমার মধ্যে।

**এই বাদলার অন্ধকারে আজ আমার মধ্যে যে ছায়াচ্ছর বিষাদ দে ওই ব্যাকুলতারই** একটি রূপ। সেও বলছে, হে পৃষন্, তোমার ওই ঢাকা খুলে ফেলো, তোমার জ্যোতির মধ্যে আমার আত্মাকে উজ্জল দেখি। অবসাদ দূর হোক। আমার চিত্তের বাঁশিতে তোমার আলোকের নিশাদ পূর্ণ করো— দমস্ত আকাশ আনন্দের গানে জাগ্রত হয়ে উঠুক। আমার প্রাণ-ষে তোমার আলোকেরই একটি প্রকাশ, আমার দেহও তাই। আমার চিত্তকে তোমার জ্যোতিরকুলি যখনই স্পর্শ করে তখনই তো ভূভূ বস্বঃ দীপ্যমান হয়ে ওঠে। মেদে মেদে ভোমার যেমন নানা রং আমার ভাবনায় ভাবনায় ভোমার তেজ তেমনি স্থতঃথের কত রং লাগিয়ে দিচ্ছে। একই জ্যোতি বাইরের পুপপল্পবের বর্ণে গদ্ধে এবং অস্তরের রাগে অমুরাগে বিচিত্র হয়ে ঠিকরে পড়ছে। প্রভাতে সন্ধ্যায় তোমার গান দিকে দিগস্তে বেব্ৰু ওঠে; তেমনি তোমারই গান আমার কবির চিত্ত গলিয়ে দিয়ে ভাষার স্রোতে ছন্দের নাচে বয়ে চলল। এক জ্যোতির এত রং, এত রূপ, এত ভাব, এত রস! অন্ধকারের সঙ্গে নিতা ঘাতে প্রতিঘাতে তার এত নৃত্য, এত গান, তার এত ভাঙা, এত গড়া--- তারি সারখ্যে যুগযুগান্তরের এমন রথষাত্রা! তোমার তেজের উৎসের কাছে পৃথিবীর অন্তর্গৃঢ় প্রার্থনাই তো গাছ হয়ে, ঘাস হয়ে আকাশে উঠছে, रनष्ट, अभावृत् पाका थूल माछ। এই ঢাকা খোলাই তার প্রাণের नीमा, এই ঢাকা খোলা খেকেই তার ফুল ফল। এই প্রার্থনাই আদিম জীবাণুর মধ্যে দিয়ে আজ মানুষের মধ্যে এসে উপস্থিত। মানুষের প্রাণের ঘাট পেরিয়ে মানুষের চিডের घाटि পाড़ि मिर्य ठनन। याद्यस्त ইতিহাস रनष्ट, ज्ञांतून्, ঢाका शांता। खीव বলছে, আমার মধ্যে যে-সত্য আছে তার জ্যোতির্ময় পূর্ণস্বরূপ দেখি। হে পূষন্, হে পরিপূর্ণ, তোমার হির্মায় পাত্রের মৃথের আবরণ ঘূচুক, তার অস্তরের রহস্ত প্রকাশিত হোক— সেই রহস্ত আমার মধ্যে তোমার মধ্যে একই।

প্রাণ যথন ক্লান্ত হয় তথন বলি, স্থথত:থের হন্দ দ্র হয়ে যাক, স্পষ্টর লীলাতরজে আর উঠতে নামতে পারি নে; পাত্রের ঢাকা কেবল খুলে যাক তা নয় পাত্রটাই যাক ভেঙে, একের বন্দে বিরাজ না করে একের মধ্যে বিলুপ্ত হই। ভারতবর্ষে এই প্রার্থনা ক্লেণে ক্লনেত পাই।

কিন্তু আমি বলি, অপার্ণু; সভ্যের মৃথ খুলে দাও— এককে অস্তরে বাহিরে ভালো করে দেখি, তা হলেই অনেককে ভালো করে ব্যুতে পারব। গানের মধ্যে আগাগোড়া যে একটি আনন্দময় এক আছে তাকে যতক্ষণ ব্যুতে না পারি ততক্ষণ স্থরের সক্ষে স্থারের বন্ধ আমাকে স্থা দেয় না, আমাকে পীড়া দেয়। তাই বলে আমি বলব না, গান 
যাক দুপ্ত হয়ে; আমি বলব, পূর্ণ গানটাকে অস্তরে যেন আমি, তা হলেই থণ্ড স্থরের
ঘন্দটা বাহিরে আমাকে আর বাজবে না, সেটাকেও অথণ্ড আনন্দের মধ্যে বিশ্বত করে
দেখব।

২৭ সেপ্টেম্বর

বয়স যখন আন্ন ছিল তখন অনেক ঘটনা ঘটেছে যা মনকে খুব নাড়া দিয়েছে। ঘটনাগুলোর সত্যের গৌরব যদি ঘাচাই করতে চাই তবে দেখতে পাব, হই বড়ো বড়ো সাক্ষী তুই-রক্ষমের বাটধারা নিমে দাড়িয়ে আছে, তাদের মধ্যে ওজনের মিল নেই। বৈজ্ঞানিক পুরাতাত্ত্বিক ষে-প্রমাণকে সব-চেম্নে খাঁটি বলে মানে সে হচ্ছে, যাকে বলা বেতে পারে সাধারণ প্রমাণ, সে হচ্ছে নির্বিশেষ। কিন্তু, মাত্রুষ যেহেতু একান্ত বৈজ্ঞানিক নয়, সেইজন্মে মামুষের জগতে বে-সকল ঘটনা ঘটে সেগুলি যদি নিতাস্ত তুচ্ছ না হয় তা হলে তাদের ওজন দাধারণ বাটপারার ওজন মানে না। তাদের বেলায় বিজ্ঞানকে ছট্ করে দিয়ে কোথা থেকে একটা অসাধারণ তুলাদণ্ড এসে খাড়া হয়। বৈজ্ঞানিক সেই ওজনটাকে সাধারণ ওজনের সঙ্গে যিল করতে গিয়ে ভারি গোলমাল করতে থাকে। থবরের কাগজের রিপোর্টারের চলন থাকত তা হলে তাঁর খুব একটা সাধারণ ছবি পাওয়া ষেত। তাঁর চেহারা, চালচলন, তাঁর মেজাজ, তাঁর ছোটোখাটো ব্যক্তিগত ষ্মভ্যাস, তাঁর রোগ তাপ ক্লান্তি ভ্রান্তি সব নিয়ে আমাদের অনেকের সঙ্গে মিল দেখতুম। किन, वृक्तानव मनत्न এই माधांत्रव প्रमाविताक यि श्रीमाविक वाल वाल वाल वाल वाल তা হলে একটা মন্ত ভূল করি। সে ভূল হচ্ছে পরিপ্রেক্ষিতের— ইংরেজিতে যাকে বলে পার্স্পেক্টিভ্। যে-জনতাকে আমরা সর্বসাধারণ বলি, সে কেবল ক্ষণকালের জন্তে মান্থবের যনে ছায়া ফেলে মৃহুর্তে মৃহুর্তে মিলিয়ে যায়। অপচ, এমন সব মান্ত্র আছেন যারা শত শত শতাব্দী ধরে মাহুষের চিত্তকে অধিকার করে থাকেন। ষে-গুণে অধিকার করেন সেই গুণটাকে ক্ষণকালের জাল দিয়ে ধরাই যায় না। ক্ষণকালের জাল দিয়ে ষেটা ধরা পড়ে সেই হল সাধারণ মাস্থয; তাকে ভাঙায় তুলে মাছকোটার মতো কুটে বৈজ্ঞানিক ষথন তার সাধারণত্ব প্রমাণ ক'রে আনন্দ করতে থাকেন তথন দামি জিনিসের বিশেষ দামটা থেকেই ডাঁরা মাত্র্যকে বঞ্চিত করতে চান। স্থদীর্ঘকাল ধরে মাত্র্য অসামান্ত মাতুষকে এই বিশেষ দামটা দিয়ে এসেছে! সাধারণ সভ্য মত্ত হন্তীর মতো এলে এই বিশেষ সত্যের পদ্মবনটাকে দলন করলে সেটা কি সহ্ম করা যাবে। সিনেমা-ছবিতে গ্রামোফোনের ধানিতে যে-বৃদ্ধকে পাওয়া যেতে পারে সে তো কণকালের বৃদ্ধ;

স্থাপিকাল মাস্থবের দজীব চিত্তের সিংহাদনে ব'দে যিনি অসংখ্য নরনারীর ভক্তিপ্রেমের অর্ঘ্যে অলংক্কত হয়েছেন তিনি চিরকালের বৃদ্ধ। তাঁর ছবি স্থানীর্ঘ যুগমুগাস্তরের পটে আঁকা হয়েই চলেছে। তাঁর সত্য কেবলমাত্র তাঁকে নিয়ে নয়, তাঁর সত্য বহু দেশকাল-পাত্রের বিপুলতাকে নিয়ে; সেই বৃহৎ পরিমগুলের মধ্যে তাঁর দৈনিক ঘটনা, তাঁর সাময়িক মানসিক অবস্থার চঞ্চল ছায়ালোকপাত চোখে দেখতেই পাওয়া য়াবে না। যদি কোনো অণুবীক্ষণ নিয়ে সেইগুলোকে খুঁটিয়ে খুঁটিয়ে দেখি তা হলে তাঁর বৃহৎ রূপটাকে দেখা অসম্ভব হবে। যে-মাস্থয় আপন সাধারণ-ব্যক্তিগত পরিধির মধ্যে বিশেষ দিনে জন্মলাভ করে বিশেষ দিনে মরে গেছেন তিনি বৃদ্ধই নন। মাস্থযের ইতিহাস সেই আপন বিশ্বরণশক্তির গুণেই সেই ছোটো বৃদ্ধের প্রতিদিনের ছোটো ছোটো ব্যাপার ভূলে যেতে পেরেছে, তবেই একটি বড়ো বৃদ্ধকে প্রতিদিনের ছোটো ছোটো ব্যাপার ভূলে ফোটোগ্রাফের প্রেটের মতো সম্পূর্ণ নির্বিকার হত তা হলে সে আপন ইতিহাস থেকে উন্থবিভ করে মরত, বড়ো জিনিস থেকে বঞ্চিত হত।

বড়ো জিনিস ষেহেতু দীর্ঘকাল থাকে এইজন্মে তাকে নিয়ে মাছ্য অকর্মকভাবে থাকতেই পারে না। তাকে নিজের স্পষ্টশক্তি নিজের কল্পনাশক্তি দিয়ে নিয়তই প্রাণ জুগিয়ে চলতে হয়। কেননা, বড়ো জিনিসের সঙ্গে তার-ষে প্রাণের যোগ, কেবলমাত্র জ্ঞানের যোগ নয়। এই যোগের পথ দিয়ে মাছ্য আপন প্রাণের মাছ্যদের কাছ থেকে যেমন প্রাণ পায় তেমনি তাদের প্রাণ দেয়।

এই প্রদক্ষে একটি অপেক্ষাকৃত ছোটো দৃষ্টাস্ত আমার মনে পড়ছে। ম্যাক্সিম গোর্কি টলন্টয়ের একটি জীবনচরিত লিখেছেন। বর্তমানকালের প্রথরবৃদ্ধি পাঠকেরা বাহবা দিয়ে বলছেন, এ-লেখাটা আর্টিন্টের যোগ্য লেখা বটে। অর্থাৎ, টলন্টয় দোষে গুণে ঠিক বেমনটি সেই ছবিতে তীক্ষ রেখায় তেমনটি আঁকা হয়েছে; এর মধ্যে দয়ামায়া ভক্তিশ্রেকার কোনো কুয়াশা নেই। পড়লে মনে হয়, টলন্টয় বে সর্বসাধারণের চেয়ে বিশেষ কিছু বড়ো তা নয়, এমন-কি, অনেক বিষয়ে হেয়। এখানে আবার সেই কথাটাই আসছে। টলন্টয়ের কিছুই মন্দ ছিল না, এ কথা বলাই চলে না; খুটিনাটি বিচার করলে তিনি-বে নানা বিষয়ে সাধারণ মায়্রথের মতোই এবং অনেক বিষয়ে তাদের চেয়েও ছর্বল, এ কথা স্বীকার করা যেতে পারে। কিছু, যে-সত্যের গুণে টলন্টয় বছ-লাকের এবং বছকালের, তাঁর ক্ষণিকমৃতি যদি সেই সত্যকে আমাদের কাছ থেকে, আছ্ছয় করে থাকে তা হলে এই আর্টিন্টের আন্চর্ম ছবি নিয়ে আমার লাভ ছবে কী। প্রথম যখন আমি দাজিলিং দেখতে গিয়েছিল্ম দিনের পর দিন কেবলই দেখেছিল্ম মেম্ব আর কুয়ালা। কিছু জানা ছিল, এগুলো সাময়িক এবং যদিও হিমালয়কে আছেয়

করবার এদের শক্তি আছে তব্ও এরা কালো বাপামাত্র, কাঞ্চনজন্দার ধ্বব শুল মহন্বকে এরা অতিক্রম করতে পারে না। আর বাই হোক, হিমালয়কে এই ক্য়াশার বারা তিরক্ষত দেখে ফিরে বাওয়া আমার পক্ষে মৃচতা হত। ক্ষণকালের মায়ার বারা চিরকালের ক্রপকে প্রচ্ছর করে দেখাই আর্টিস্টের দেখা, এ কথা মানতে পারি নে। তা ছাড়া, গোক্ষির আর্টিস্ট-চিত্ত তো বৈজ্ঞানিক হিসাবে নির্বিকার নয়। তাঁর চিত্তে টলস্টয়ের বে-ছায়া পড়েছে সেটা একটা ছবি হতে পারে, কিন্তু বৈজ্ঞানিক হিসাবেও সেটা-বে সত্য তা কেমন করে বলব। গোক্ষির টলস্টয়ই কি টলস্টয়। বহুকালের ও বহুলোকের চিত্তকে বদি গোক্ষি নিজের চিত্তের মধ্যে সংহত করতে পারতেন তা হলেই তাঁর বারা বহুকালের ও বহুলোকের টলস্টয়ের ছবি আঁকা সম্ভবপর হত। তার মধ্যে অনেক ভোলবার সামগ্রী ভূলে বাওয়া হত; আর তবেই বা না-ভোলবার তা বড়ো হয়ে, সম্পূর্ণ হয়ে, দেখা দিত।

### জাহাজ ক্রাকোভিয়া। ৭ই ফেব্রুয়ারি ১৯২৫

মাহবের মধ্যে মন প্রাণ দেহ এই তিনে মিলে কাজ চালায়, এই তিনের আপদে আমাদের কর্মবেগের একটা ছন্দ তৈরি করে। শীতের দেশে দেহ সহজেই ছুটে চলতে চায়; তারই সন্দে তাল রাখবার জন্মে মনেরও তাড়াতাড়ি ভাবা দরকার। গরম দেশে আমরা ধীরে হুছে চলি, ধীরে হুছে ভাবি, কোনো বিষয়ে মন স্থির করতে বিলম্ব ঘটে। শীতের দেশে বে-তেজকে দেহের মধ্যেই জাগিয়ে তুলতে হয় গরম দেশে সেই তেজ দেহের বাইরে; সেই আকাশব্যাপী তেজ শরীরের প্রশ্নোজনের চেয়ে অনেক বেশি; সেইজন্মে আভ্যন্তরিক উত্তেজনা বাতে বেড়ে না ওঠে আমাদের শরীরের সেই অভিপ্রায়। চলান্দেরার দম সর্বদাই তাকে কমিয়ে রাখতে হয়; তাই আমাদের মনের মধ্যে কর্মচিস্তার ছন্দ মন্দাকান্তা।

মনের ভাবনা ও হকুমের অপেক্ষার ষথন দেহকে কাজ চালাবার জন্যে পথ চেয়ে থাকতে হয় না তথন তাকেই বলে অভ্যাস, সেই অভ্যাসেই নৈপুণা। কর্মের তাল যতই ক্ষত হয়, দেহের পক্ষে ততই বিধাবিহীন হওয়া দরকার। ভাবতে মনের যে-সময় লাগে তার জন্তে সব্র করতে গেলেই বিধা ঘটে। বাহিরে কর্মের ফল সেই সব্রের জন্মে যদি অপেক্ষা করতে না পারে তা হলেই বিপ্রাট। মোটরগাড়ির একটা বিশেষ বেগ আছে, কথন তার হাল বাঁয়ে ফেরাব, কথন ডাইনে, তা ঠিক করতে হলে সেই কলের বেগের ফ্রন্ড হলেই ঠিক করতে হয়, নইলে বিপদ ঘটে। সেই ফ্রন্ডতা বারবার অভ্যাসের জ্যোরেই সহজ্ঞ হয়। অভ্যাসের বাহিরে কোনো নৃতন অবহা এসে

পড়লে অপঘাত ঘটায়, অর্ধাং ধেখানে মনের দরকার সেধানে মনকে প্রস্তুত না পেলেই মুশকিল।

দম দিয়ে কলের তাল ত্ন চৌত্ন করা শব্দ নয়, সেই সঙ্গে অভ্যাসের বেগও অনেক পরিমাণে বাড়ানো চলে। কিন্তু এই ক্রত অভ্যাসের নৈপুণ্যে সেই-সব কাজই সম্ভবপর হয় যা 'বন্ধগত'। অর্থাৎ, এক বন্তা বাঁধবার জায়গায় তুই বন্তা বাঁধা যায়। কিন্তু, যা কিছু প্রাণগত ভাবগত তা কলের ছন্দের অহবর্তী হতে চায় না।

ষারা পালোয়ান প্রকৃতির লোক সংগীতে তারা হন চৌহনের বেগ দেখে পুলকিত হয়ে ওঠে; কিন্তু পদাবনের তরঙ্গদোলায় যারা বীণাপাণির মাধুর্যে মৃশ্ব, ঘণ্টায় যাট মাইল বেগে তাঁর মোটরঘাত্রার প্রস্তাবে তাদের মন হায়-হায় করতে থাকে।

পশ্চিমমহাদেশে মাহুষের জীবনধাত্রার তাল কেবলই হন থেকে চৌহনের অভিমুখে চলেছে। কেননা, জীবনের দার্থকতার চেয়ে বন্ধর প্রয়োজন অত্যন্ত বেড়ে উঠেছে। ঘর ভেঙে হাট তৈরি হল, রব উঠল: Time is Money। এই বেগের পরিমাপ সহজ। সেইজন্মে দেখানে একটা জিনিস সর্বত্রই দেখা যাচ্ছে, যেটা সকলেরই কাছে স্বস্পাই, ষেটা ব্যুতে কারো মূহুর্তকাল দেরি হয় না, সে হচ্ছে পাথোয়াজির হাত হটোর হড় দাড় তাগুবনৃত্য। গান ব্যুতে যে সব্র করা অত্যাবশ্বক, সেটা সম্পূর্ণ বাদ দিয়েও রক্ত গরম হয়ে ওঠে, ভিড়ের লোকে বলে, "সাবাস! এ একটা কাণ্ড বটে!"

এবার জাহাজে সিনেমা অভিনয় দেখা আমার ভাগ্যে ঘটেছিল। দেখলুম, তার প্রধান জিনিসটাই হচ্ছে ফ্রুত লয়। ঘটনার ফ্রুততা বারে বারে চমক লাগিয়ে দিছে। এই সিনেমা আজকালকার দিনে সর্বসাধারণের একটা প্রকাশু নেশা। ছেলে বুড়ো সকলকেই প্রতিদিন এতে মাতিয়ে রেখেছে। তার মানে হচ্ছে সকল বিভাগেই বর্তমান যুগে কলার চেয়ে কারদানি বড়ো হয়ে উঠেছে। প্রয়োজনসাধনের মৃগ্ধদৃষ্টি কারদানিকেই পছন্দ করে। সিদ্ধি, ইংরেজিতে বাকে সাক্সেস্ বলে, তার প্রধান বাহন হচ্ছে ফ্রুত নৈপুণ্য। পাপকর্মের মধ্য দিয়েও সেই নৈপুণ্যের লীলাদৃশ্য আজ সকলের কাছে উপাদেয়। স্থমাকে কল্যাণকে উপলব্ধি করবার মতো শাস্তি ও অবকাশ প্রতিদিন প্রতিহত হতে চলল; সিদ্ধির ঘোড়দৌড়ে ক্স্রোধেলার উত্তেজনা পশ্চিমদিগন্তে কেবলই ঘূর্ণি হাওয়া বইয়ে দিচ্ছে।

পশ্চিমমহাদেশের অন্ধকার পটের উপর আবর্তমান পলিটিন্ধের দৃশ্রটাক্ষে একটা সিনেমার বিপুলাকার চলচ্ছবির মতো দেখতে হয়েছে। ব্যাপারটা হচ্ছে, ফ্রুভলয়ের প্রতিযোগিতা। জলে হলে আকাশে কে একটুমাত্র এগিয়ে বেতে পারে ভারই উপর হারজিত নির্ভর করছে। গতি কেবলই বাড়ছে, তার সঙ্গে শাস্তির কোনো সমন্বর নেই। ধর্মের পথে ধৈর্য চাই, আত্মসংবরণ চাই; সিদ্ধির পথে চাতৃরীর ধৈর্য নেই, সংযম নেই, তার হন্তপদচালনা যতই ক্রত হবে ততই তার ভেলকি বিশ্ময়কর হয়ে উঠবে— তাই আতৃকরের সভ্যতায় বেগের পরিমাণ সকল দিকেই এত বেশি দ্বরান্থিত যে, মাহ্মবের মন অসত্যে লক্ষিত ও অপঘাতসম্ভাবনায় শক্ষিত হ্বার সময় পাচ্ছে না।

ক্রাকোভিয়া। এডেন বন্দর ১২ই ফেব্রুয়ারি ১৯২৫

বর বলে, পেয়েছি; পথ বলে, পাই নি। মান্থবের কাছে "পেয়েছি" তারও একটা ডাক আছে, আর "পাই নি" তারও ডাক প্রবল। বর আর পথ নিয়েই মান্থব। তথ্ বর আছে পথ নেই সেও বেমন মান্থবের বন্ধন, তথু পথ আছে বর নেই সেও তেমনি মান্থবের শান্তি। তথু "পেয়েছি" বন্ধ গুহা, তথু "পাই নি" অসীম মক্রভূমি।

যাকে আমরা ভালোবাসি তারই মধ্যে সত্যকে আমরা নিবিড় করে উপলব্ধি করি।
কিন্তু, সেই সত্য-উপলব্ধির লক্ষ্ণ হচ্ছে পাওয়ার সঙ্গে না-পাওয়াকে অহুভব করা।
সত্যের মধ্যে এই একান্ত বিক্ষতার সমন্বর আছে বলেই সত্য-উপলব্ধির জবানবন্দি
এমন হয় বে, আদালতে তা গ্রাহ্ণই হতে পারে না। হন্দরকে দেখে আমাদের ভাবার
যথন বলি "আ মরি", তথন বাহিরের দাড়িপাল্লার ওজনে তাকে অত্যুক্তি বলা চলে,
কিন্তু অন্তর্ধামী তাকে বিশাস করেন। হন্দরের মধ্যে অনন্তের স্পর্ণ যথন পাই তথন
আমার মধ্যে ধে-অন্ত আছে সে বলে, "আমি নেই। কেবল ওই আছে।" অর্থাৎ যাকে
আমি অত্যন্ত পেয়েছি সে নেই, আর যাকে আমি পেয়েও পাই নে সেই অত্যন্ত আছে।

ঘড়ি-ধরা অবিধাসী, সময়কে আপেক্ষিক অর্থাৎ মায়া বলে মানতে চায় না, সে জানে না— নিমেষই বল আর লক্ষ যুগই বল, ছয়ের মধ্যেই অসীম সমানভাবেই আছেন, শুধু কেবল উপলবির অপেকা। এইজন্তই কবি প্রেমের ভাষায় অর্থাৎ নিবিড় সত্য উপলবির ভাষায় বলেছেন, "নিমিষে শতেক যুগ হারাই হেন বাসি।" যারা আয়তনকে ঐকান্তিক সত্য বলে মনে করে ভারাই অসীমের সীমা শুনলে কানে হাত দেয়। কিন্তু, দেশই বল, আর কালই বল, বাতে করে স্পষ্টির দীমা নির্দেশ করে দেয়, ছইই আপেক্ষিক, ছইই মায়া। সিনেমাতে কালের পরিমাণ বদল করে দিয়ে যে ব্যায়াম-ক্রীড়া দেখানো হয় তাতে দেখি যে ঘড়ি-ধরা কালে যা একভাবে প্রত্যক্ষ, কালকে বিলম্বিত করে দিলে তাকেই অক্সভাবে দেখা যায়, অর্থাৎ স্বল্পকালের সংহতিতে যা চঞ্চল, বৃহৎ কালের ব্যাপ্তিতে তাই হির। শুধু কাল কেন, আকাশ সম্বন্ধও এই কথাই থাটে। আমাদের দৃষ্টির আকাশে গোলাপঞ্চলকে যে-আয়তনে দেখছি অণুবীক্ষণের আকাশে তাকে

সে-আয়তনে দেখি নে। আকাশকে আরো অনেক বেশি আগুরীক্ষণিক করে দেখতে পারলে গোলাপের পরমাণুপ্রুকে বৈহ্যতিক যুগলমিলনের নৃত্যলীলারপে দেখতে পারি, সে-আকাশে গোলাপ একেবারে গোলাপই থাকে না। অথচ, সে-আকাশ দূরহ নয়, বৃত্ত নয়, এই আকাশেই। তাই পরম সত্যকে উপনিষৎ বলেছেন: তদেজতি তরৈজতি, একই কালে তিনি চলেনও তিনি চলেনও না।

সংস্কৃত ভাষায় ছন্দ শব্দের একটা অর্থ হচ্ছে কাব্যের মাত্রা, আর-একটা অর্থ হচ্ছে ইচ্ছা। মাত্রা আকারে কবির স্বাষ্ট-ইচ্ছা কাব্যকে বিচিত্র রূপ দিতে থাকে। বিশ্ব-স্থান্টর বৈচিত্রাও দেশকালের মাত্রা-অন্থ্যারে। কালের বা দেশের মাত্রা বদল করবা-মাত্রই স্থান্টর রূপ এবং ভাব বদল হয়ে যায়। এই বিশ্বছন্দের মাত্রাকে আমরা আরো গভীর করে দেখতে পারি; তা হলে চরম বিশ্বকবির ইচ্ছাশক্তির মধ্যে গিয়ে পৌছতে হবে। মাত্রা সেখানে মাত্রার অতীতের মধ্যে; সীমার বৈচিত্রা সেখানে অসীমের দীলা অর্থে প্রকাশ পায়।

দেশকালের মধ্যেই দেশকালের অতীতকে উপলব্ধি করে তবেই আমরা বলতে পারি "মরি-মরি"। সেই আনন্দ না হলে মরা সহজ্ব হবে কেমন করে। তাল আর সা-রে-গ-ম ধথন কেবলমাত্র বাহিরের তথ্যরূপে কানের উপর মনের উপর পড়তে থাকে তথন তার থেকে মৃক্তি পাবার জন্তে চিত্ত ব্যাকৃল হয়ে ওঠে, কিন্তু ধথন সেই তাল আর সা-রে-গ-মের ভিতর থেকেই সংগীতকে দেখতে পাই তথন মাত্রায় অমাত্রকে, সীমায় অসীমকে, পাওয়ায় অপাওয়াকে জানি; তথন সেই আনন্দে মনে হয় এর জন্তে সব দিতে পারি। কার জন্তে। ঐ সা-রে-গ-মের জন্তে? ওই ঝাপতাল-চোতালের জন্তে, হন-চোত্রনের কসরতের জন্তে? না; এমন-কিছুর জন্তে যা অনির্বচনীয়, যা পাওয়া না-পাওয়ায় এক হয়ে মেশা; যা হয় নয়, তাল নয়, হয়তালে ব্যাপ্ত হয়ে থেকে হয়-তালের অতীত যা, সেই সংগীত।

প্রবাজনের জানা নিতান্তই জানার সীমানার মধ্যে বন্ধ, তার চার দিকে না-জানার আকাশমণ্ডলটা চাপা; সেইজন্তে তাকে সত্যরূপে দেখা হয় না, সেইজন্তে তার মধ্যে ধথার্থ আনন্দ নেই, বিশ্বয় নেই, প্রদানেই। সেইজন্তে তার উদ্দেশ্যে ধথার্থ ত্যাপ স্বীকার সম্ভব হতে পারে না। এই কারণেই ভারতবর্ষের প্রতি ইংরেজের ব্যক্তিগত বদান্ততার অভূত অভাব। অথচ, এ সম্বন্ধে তার সংগতির বোধ এতই অল্প বে, ভারতবর্ষের জন্তে তার ত্যাগের তালিকা হিসাব করবার বেলার সর্বদাই সে অহংকার করে বলে বে, তার সিভিল সার্ভিদ, তার কৌজের দল ভারতবর্ষের সেবার গরমে দয়্ম হয়ে, লিভার বিক্বত ক্র'রে, প্রবাসের ত্থে মাধার নিয়ে ক্রী কট্টে না পাজে। বিষয়ক্ষর্মের আমুধন্দিক ত্থেকে

ত্যাগের ছংখ নাম দেওদ্বা, রাষ্ট্রনীতির আইন ও ব্যবস্থা-রক্ষার উপলক্ষে যে-রুজুসাধন তাকে সত্যের তপস্তা, ধর্মের সাধনা, বলাটা হয় গুপ্ত পরিহাস নয় মিথ্যা অহংকার।

বাসনার চোথে বা বিষেষের চোথে বা অহংকারের চোথে যাকে দেখি তাকে সীমার বেঁধে দেখি; তার প্রতি পূর্ণ সভ্যের ব্যবহার কোনোমতেই হতে পারে না ব'লে তার থেকে এত ত্ব:থের উৎপত্তি হয়। মৃনফার লোভে, ক্ষমতার অভ্যাকাক্ষার, মাহুবের সভ্য আরু সর্বত্র বেমন আছের হয়েছে এমন আর কথনোই হয় নি। মাহুবের মধ্যে সভ্যকে না দেখতে পাওয়ার নিরানন্দ এবং অক্যায়, বিশের পূর্ণ অধিকার থেকে বিশ্বব্দিগীয় কুন্তিগিরদের আরু যেমন বঞ্চিত করেছে এমন কোনোদিন করে নি। সেইজপ্রেই বিজ্ঞানের দোহাই দিয়ে মাহুব এ কথা বলতে লক্ষাও করছে না যে, মাহুবকে শাসন করবার অধিকারই প্রেষ্ঠ অধিকার; অর্থাৎ, তাকে পৃথক করে রাখবার নীতিই বড়ো নীতি।…

বহু অল্পসংখ্যক যুরোপীয় বালকবালিকার শিক্ষার জন্ম তুলনায় অনেক বেশি পরিমাণ অর্থ গবর্নমেণ্ট ব্যম্ন করতে সমত হয়েছেন বলে দেশি লোকেরা যে নালিশ করে থাকে, ভন্দুম, তার জ্বাবে আমাদের শাসনকর্তা বলেছেন, ষেহেতু অনেক মিশনারি বিভালয় ভারতের জক্ত আত্মসমর্পণ করেছে সেই কারণে এই নালিশ অসংগত। আমি নিজে এই নালিশ করি নে, ষে-কোনো সমাজের লোকের জন্ম ষত অধিক পরিমাণ অর্থব্যয় করা হোক আমার তাতে আপত্তি নেই। য়ুরোপীয় বালকবালিকারা যদি অশিক্ষিতভাবে মাহুষ হয় তাতে আমাদেরও মন্দ ছাড়া ভালো হবার আলা নেই। কিন্তু, মিশনারি বিভালয়ের ভজর দিয়ে আত্মানি দূর করবার চেষ্টা ঠিক নয়। এ কথা স্বীকৃত যে, এই পঁয়ত্তিশ কোটি ভারতবাসীর শতকরা দশ অংশও শিক্ষিত নয়; আৰু প্রায় শতাব্দীকাল ইংরেজ-শাসনে শিক্ষার ব্যবস্থা হয় নি ব'লেই এটা ঘটেছে। সেটার প্রধান কারণ, মাহুষের প্রতি শ্রহার অভাব। কিন্তু মুরোপীয় বালকবালিকার প্রতি সে-অভাব নেই। আমাদের পক্ষে শতকরা পাঁচভাগ শিক্ষাই যথেষ্ট, কিন্তু যুরোপীয় ছাত্রদের জন্য শতকরা নিরানকাই ভাগ শিক্ষার ব্যবস্থা হলেও ওই একভাগের জন্ম খুঁৎখুঁৎ থেকে যায়। জাপান তো জাপানি ছেলেদের জন্মে এমন কথা বলে নি, সেখানেও তো মিশনারি বিদ্যালয় আছে। ষে-কারণে ভারতের অর্থে পুষ্ট ইংরেজ্ধনীর মধ্যে প্রায়ই কেউ ভারতের দৈশুদুঃখলাদবের জন্ম ম্নফার সামাক্ত অংশও দিতে পারে নি, সেই কারণেই ভারত-গবর্নমেণ্ট ভারতের অজ্ঞতা-অপমানলাঘবের অস্তে উপযুক্ত পরিমাণ শিক্ষার ব্যয় বহন করতে পারে নি, সহজ वर्षाम्रजात चर्जात। जातरजत मर्क रेश्मरअत चर्चाजाविक मक्क- धरे कात्रर्परे ইংলতের কোনো কোনো প্রতিষ্ঠানে ভারতীয় রাজাযহারাজার দান দেখতে পাওয়া

যায়, কিন্তু ইংলণ্ডের কোনো ধনী ভারতের কোনো অমুষ্ঠানে দানের মতো কোনো দান করেছে শুনতে পাই নি। অথচ, ভারত নিঃম্ব, ইংরেজ ধনী।

মিশনারি বিচ্যালয়ে ইংরেজের অর্থ আছে এমন কথা উঠবে। কিন্তু, সে কি ইংরেজের অর্থ। সে-যে খৃষ্টিয়ানের অর্থ। সে-যে ধর্মফলকামী সমস্ত ইউরোপের অর্থ। ধার্মিকের দান, আত্মীয়তার দান নয়, অধিকাংশ সময়েই তা পারলৌকিক বৈষয়িকতার দান। ভারতীয় খৃষ্টিয়ানের সঙ্গে ইংরেজ খৃষ্টিয়ানের যে কি সম্বন্ধ তা সকলেই জানে। ভারতের কোনো একটি পাহাড়ের শহরে চার্চ্ অফ ইংলণ্ডের সম্প্রদায়গত একজন ভারতীয় ভক্ত খুষ্টিয়ান ছিলেন। তাঁর অস্থ্যেষ্টিসৎকারের অফুষ্ঠান নির্বাহের জন্ম তাঁর বিধবা স্ত্রী সেখানকার একমাত্র স্বসাম্প্রদায়িক পাদ্রিকে অমুরোধ করেন। পাদ্রি আপন মর্যাদা-হানি করতে সমত হলেন না ; বোধ করি এতে পোলিটিকাল প্রেপ্টিজেরও থর্বতাসম্ভাবনা আছে। অগত্যা বিধবা প্রেস্বিটেরিয়ান পাদ্রির শরণাপন্ন হলেন; তিনি ভিন্ন সম্প্রদায়ের অস্ত্যেষ্টিক্রিয়ায় যোগ দেওয়া অকর্তবা বোধ করলেন। ভারতে কোনো ষথার্থ ভব্জ इें रतक भिननाति तन्हें, এ कथा जाभि वनि तन । किन्छ, भिननाति जर्म्होत्नत य-जः म সাধারণ ইংরেজ ধামিকের অর্থ আছে সেখানে শ্রদ্ধা আছে এ কথা মানব না। শ্রদ্ধয়া দেয়ন, অপ্রদার অদেয়ন। আমরা তো এই জানি, ভারতীয় চরিত্র ও ভারতীয় ধর্ম ও সমাজনীতির প্রতি সত্য মিধ্যা নানা উপায়ে অশ্রদ্ধা জাগিয়ে দিয়ে এই অর্থ সংগ্রহ হয়ে থাকে। অর্থাৎ, ভারতের প্রতি ইংরেজের যে-অবজ্ঞা ইংরেজ ধর্মব্যবসায়ীরা সর্বদাই তার ভূমিকা পত্তন ও ভিত্তি দৃঢ় করে এসেছে, সেখানকার শিশুদের মনে তারা খুস্টের নাম করে ভারতীয়ের প্রতি অপ্রীতির বীজ বপন করেছে। সেই বড়ো হয়ে যখন শাসনকর্তা হয় তথন জালিয়ান ওয়ালাবাগের অমাহুষিক হত্যাকাণ্ডকেও গ্রায়সংগত বলে বিচারকের আসন থেকে ঘোষণা করতে লজ্জা বোধ করে না। যেমন অপ্রদা তেমনি কার্পণ্য।…

আমাদের পক্ষে সকলের চেয়ে প্রধান ও সাধারণ আবরণ হচ্ছে অভ্যাসের মোহ। এই অভ্যাসে চেতনায় যে-জড়তা আসে তাতে সভ্যের অনন্তরপ আনন্দরপ দেখতে দেয় না। শিক্ষাবিধি সহদ্ধে এই তর্টাকে আমরা একেবারেই অগ্রাছ্ম করেছি। ছাত্রদের প্রতিদিন একই ক্লাসে একই সময়ে একই বিষয়ে শিক্ষার পুনরাবৃত্তি করানোর চেয়ে মনের জড়ত্বের কারণ আর কিছুই হতে পারে না। শিক্ষা সহদ্ধে ছাত্রদের প্রধানত যে-বিতৃষ্ণা জন্মে শিক্ষার বিষয় কঠিন বলেই যে তা ঘটে তা সম্পূর্ণ সত্য নয়; শিক্ষাবিধি অভ্যম্ভ একঘেরে বলেই এটা সম্ভব হয়েছে। মাহুষের প্রাণ বন্ধকে ব্যবহার করতে পারে, কিছু বন্ধকে আত্মীয় করতে পারে না; শিক্ষাকে যন্ধ করে তুললে তার থেকে কোনো বাহ্ম ফলই হয় না তা নয়, কিছু সে শিক্ষা আত্মগত হতে গুক্লতর বাধা পার।

আক্ষিক হচ্ছে সীমার বাইরেকার দৃত, অভাবনীয়ের বার্তা নিয়ে সে আসে।
তাতেই আমাদের চেতনা জড়তা থেকে মৃক্তির আনন্দ পায়। অভাবনীয়েকে অহতব
করাতেই তার মৃক্তি। বিশের সর্বত্রই সেই অভাবনীয়। এই অভাবনীয়েকে বাধের
মধ্যে আনতে গেলে চিত্তকে প্রাণবান করে রাখা চাই, অর্থাৎ তাকে উৎস্ক করে তুলতে
হয়। এই ঐৎস্কাই তাকে বন্ধতার সীমার দিক থেকে বৃদ্ধির অসীমতার দিকে নিয়ে
বেতে পারে। অথচ, প্রাণের এই ঐৎস্কা নই করে দিয়ে প্নরাবৃত্তির অভ প্রদক্ষিণের
জোয়ালে জোর করে চিত্তকে জুড়ে দেওয়াকেই অনেকে ডিসিপ্লিন বলে গৌরব করেন।
অর্থাৎ, বিধাতা যে-মাস্থকে প্রাণী করেছে সেই মান্থকেই তারা বন্ধ করতে চান। সেটা
হয় সিদ্ধির লোভে। বন্ধ হচ্ছে সিদ্ধিদেবীর বাহন, প্রাণকে পিষে সে প্রবল হয়। বিশেষ
নির্দিষ্ট কোনো-একটা সংকীর্ণ ফল দেওয়াই তার কাজ। বিশ্বসত্যে নির্দিষ্টের চারি দিকে
যে অসীম অনির্দিষ্ট আছে তাকে সে দেওতে পারে না, কেননা, প্রাণকে সে কেবলই
গণ্ডীর বাহিরে আহ্বান করে। গণ্ডীর বাহিরে বিধাতার বাঁশি বাক্ষে; ফলকামী সেই
ধ্বনি ক্ষম্ক করে প্রাচীর তোলে।

আমার মতে শিকার প্রণালী হচ্ছে বৈরাগীর রান্তায়। ছাত্রদের নিয়ে বিবাগী হয়ে বেরিয়ে পড়তে হয়। চলতে চলতে নিয়ত নব নব বিশ্বয়ে অজানার ভিতর দিয়ে জেনে চলাই হচ্ছে প্রাণবান শিকা। প্রাণের ছন্দের সঙ্গে এই শিকাপ্রবাহের তাল মেলে। বন্ধ ক্লাস হচ্ছে প্রাণধর্মী চিন্তের সহজ্ঞানের পথে কঠিন বাধা। থাঁচার মধ্যে পাথিকে বাঁধা থোরাক খাওয়ানো যায়, কিন্তু তাকে সম্পূর্ণ পাথি হতে শেখানো যায় না। বনের পাথি ওড়ার সঙ্গে থাওয়ার মিল করে আনন্দিত হয়। প্রকৃতির অভিপ্রায় ছিল চলার সঙ্গে পাওয়ার মিল করে মায়্রঘকে শেখানো। কিন্তু, হতভাগ্য মানবসস্তানের পক্ষে চলা বন্ধ করে দিয়ে শেখানোই শিকাপ্রণালী বলে গণ্য হয়েছে। তাতে কত ব্যর্থতা, কত তৃঃও তার হিসেব কে রাখে। আমি তো পথ-চলা শিকাব্যবছার কথা অনেকবার প্রস্তাব করেছি, কিন্তু কারো মন পাই নে। কারণ, যায়া ভক্রশিক্ষা পেয়েছে তারা বাঁধনের শিকাকেই বিশ্বাস করতে শিথেছে। আমার ভাগ্য আমাকে শিক্ষায় বিবাগী করেছে বলেই খোলা পথের শিকার ধারাকেই আমি সব চেয়ে সম্মান দিই।

ক্রাকোভিয়া। ভারতসাগর ১৫ই ক্রেব্রুয়ারি ১৯২৫

শিশু ষে-জগতে সঞ্চরণ করে তার প্রায় সমগুই সে প্রবল করে দেখে। জীবনে নানা জ্বাস্তর বিষয় জ্বমে উঠে তার দৃষ্টিকে আজ্বন করে নি। যথন আমি শিশু ছিলুম তথন আমাদের ছাদের উপর দিয়ে গয়লাপাড়ার দৃশ্ব প্রতিদিনই দেখেছি; প্রতিদিনই তা দেশুর্ন চোথে পড়েছে, প্রতিদিনই তা ছবি ছিল। আমার দৃষ্টি আর আমার দৃষ্টির বিষয়ের মাঝথানে কোনো ভাবনা, অভ্যাসের কোনো শ্বীর্ণতা আড়াল করে নি। আজ সেই গোয়ালপাড়া কতকটা তেমনি করে দেখতে হলে স্বইন্ধর্ল্যাণ্ডে বেডে হয়। সেখানে মন ভালো করে স্বীকার করে, হাঁ, আছে।

শিশুর কাছে বিশ্ব খুব করে আছে, আমরা বয়স্কেরা সে-কথা ভূলে ষাই। এইজন্মে, শিশুকে কোনো ডিসিপ্লিনের ছাঁচে ঢালবার জন্মে যথন তাকে জগৎ থেকে ছিনিয়ে নিমে আমাদের নিজের বানানো কলের মধ্যে বন্ধ করি তথন তাকে যে কতথানি বঞ্চিত করি তা নিজের অভ্যাসদোষেই ব্যুতে পারি নে। বিশের প্রতি তার এই একান্ধ স্বাভাবিক শুংহক্যের ভিতর দিয়েই যে তাকে শিক্ষা দিতে হবে, নিতান্ত গোঁয়ারের মতো সে-কথা আমরা মানি নে। তার শুংহক্যের আলো নিবিয়ে তার মনটা অন্ধকার করে দিয়ে শিক্ষার জন্মে তাকে এতুকেশন-জেলখানার দারোগার হাতে সমর্পণ করে দেওয়াই আমরা পদ্মা বলে জেনেছি। বিশের সঙ্গে মাহুষের মনের যে স্বাভাবিক সম্বন্ধ এই উপায়ে সেটাকে কঠোর শাসনে শিশুকাল থেকেই নই ও বিকৃত করে দিই।…

ছবি বলতে আমি কী বৃঝি সেই কথাটাই আর্টিস্টকে খোলসা করে বলতে চাই।
মোহের কুয়াশায়, অভ্যাসের আবরণে, সমন্ত মন দিয়ে জগৎটাকে "আছে" বলে
অভ্যর্থনা করে নেবার আমরা না পাই অবকাশ, না পাই শক্তি। সেইজন্ত জীবনের
অধিকাংশ সময়ই আমরা নিখিলকে পাশ কাটিয়েই চলেছি। সত্তার বিশুদ্ধ আনন্দ থেকে
বঞ্চিত হয়েই মারা গেল্ম।

ছবি, পাশ কাটিয়ে ষেতে আমাদের নিষেধ করে। ষদি সে জোর গলায় বলতে পারে "চেয়ে দেখো", তা হলেই মন স্বপ্ন থেকে সভ্যের মধ্যে জেগে ওঠে। কেননা, ষা আছে তাই সং; ষেথানেই সমস্ত মন দিয়ে তাকে অন্তব করি সেথানেই সজ্যের স্পর্শ পাই।

কেউ না ভেবে বদেন, যা চোথে ধরা পড়ে তাই সত্য। সত্যের ব্যাপ্তি
অতীতে ভবিশ্বতে দৃশ্যে অদৃশ্যে, বাহিরে অস্তরে। আর্টিস্ট সত্যের সেই পূর্ণতা ষেপরিমাণে সামনে গরতে পারে "আছে" ব'লে মনের সায় সেই পরিমাণে প্রবল, সেই
পরিমাণে স্বায়ী হয়; তাতে আমাদের উৎস্ক্র সেই পরিমাণে অক্লান্ত, আনন্দ সেই
পরিমাণে গভীর হয়ে ওঠে।

আসল কথা, সত্যকে উপলব্ধির পূর্ণতার সজে সজে একটা অমুভূতি আছে, সেই অমুভূতিকেই আমরা হন্দরের অমুভূতি বলি। গোলাপফুলকে ফুন্দর বলি এই- জ্ঞান্তেই বে, গোলাপ ক্লের দিকে আমার মন বেমন করে চেয়ে দেখে ইটের ঢেলার দিকে ভেমন করে চায় না। গোলাপক্ল আমার কাছে তার ছন্দের রূপে সহজেই সন্তা-রহক্তের কী একটা নিবিড় পরিচয় দেয়। সে কোনো বাধা দেয় না। প্রতিদিন হাজার জিনিসকে বা না বলি, তাকে তাই বলি; বলি, "তুমি আছ।"

একদিন আমার মালী ফুলদানি থেকে বাসি ফুল ফেলে দেবার জক্তে বথন হাত বাড়ালো, বৈক্ষবী তথন ব্যথিত হয়ে বলে উঠল, "লিখতে পড়তেই তোমার সমন্ত মন লেগে আছে, তুমি তো দেখতে পাও না।" তথনই চমকে উঠে আমার মনে পড়ে গেল, হা, তাই তো বটে। ওই 'বাসি' বলে একটা অভ্যন্ত কথার আড়ালে ফুলের সভ্যকে আর আমি সম্পূর্ণ দেখতে পাই নে। যে আছে সেও আমার কাছে নেই; নিতান্তই অকারণে, সভ্য থেকে, হুতরাং আনন্দ থেকে বঞ্চিত হল্ম। বৈক্ষবী সেই বাসি ফুল-গুলিকে অঞ্চলের মধ্যে সংগ্রহ করে তাদের চূখন করে নিয়ে চলে গেল।

আর্টিস্ট তেমনি করে আমাদের চমক লাগিয়ে দিক। তার ছবি বিশের দিকে অঙ্গুলি নির্দেশ করে দিয়ে বলুক, "ওই দেখো, আছে।" স্থন্দর বলেই আছে তা নয়, আছে বলেই স্থান্য।

সত্তাকে সকলের চেয়ে অব্যবহিত ও স্থানার করে অম্বর্ভব করি আমার নিজের মধ্যে। "আছি" এই ধ্বনিটি নিয়তই আমার মধ্যে বাজছে। তেমনি স্পষ্ট করে ষেথানেই আমরা বলতে পারি "আছে" সেথানেই তার সঙ্গে, কেবল আমার ব্যবহারের অগভীর মিল নয়, আত্মার গভীরতম মিল হয়। "আছি" অম্ভৃতিতে আমার বে-আনন্দ, তার মানে এ নয় বে, আমি মানে হাজার টাকা রোজগার করি বা হাজার লোকে আমাকে বাহবা দেয়। তার মানে হচ্ছে এই যে, আমি বে সত্য এটা আমার কাছে নিঃসংশয়, তর্ক করা সিদ্ধান্তের ধারা নয়, নির্বিচার একান্ত উপলব্ধির ধারা। বিশে ষেথানে তেমনি একান্তভাবে "আছে" এই উপলব্ধি করি সেথানে আমার সভার আনন্দ বিস্তীর্ণ হয়। সত্যের ঐক্যকে সেথানে ব্যাপক করে জানি।

কোনো ফরাসি দার্শনিক অসীমের তিনটি ভাব নির্ণয় করেছেন— the True, the Good, the Beautiful! ব্রাহ্মসমাজে তারই একটি সংস্কৃত তর্জমা খুব চলতি হয়েছে— সত্যং শিবং ক্ষমরম্। এমন-কি, অনেকে মনে করেন, এটি উপনিষদের বাণী। উপনিষৎ সত্যের স্বরূপ যে ব্যাখ্যা করেছেন সে হচ্ছে, শাস্তং শিবং অহৈতম্। শাস্তং হচ্ছে সেই সামঞ্চক্ত যার যোগে সমন্ত গ্রহতারা নিয়ে বিশ্ব শাস্তিতে বিশ্বত, যার যোগে কালের গতি চিরন্তন শ্বতির মধ্যে নিয়মিত: নিমেষা মৃহুর্তাণ্যর্ধমাসা ঋতবং সংবৎসরা ইতি বিশ্বতান্তির্নত্তি ।— শিবং হচ্ছে মানবসমাজের মধ্যে সেই সামঞ্চক্ত যা নিয়তই


কল্যাণের মধ্যে বিকাশ লাভ করছে, ধার অভিমুখে মাহুবের চিত্তের এই প্রার্থনা ধূগে ঘূগে সমস্ত বিরোধের মধ্য দিয়েও গৃঢ়ভাবে ও প্রকাশ্যে ধাবিত হচ্ছে: অসতো মা সদ্গময় তমসো মা জ্যোতির্গময় মৃত্যোর্মায়তং গময়। আর, অহৈতং হচ্ছে আত্মার মধ্যে সেই এক্যের উপলব্ধি যা বিচ্ছেদের ও বিদ্বেষের মধ্য দিয়েও আনন্দে প্রেমে নিয়ত আত্মীয়তাকে ব্যাপ্ত করছে।

যাদের মন খৃষ্টিয়ানতত্ত্বর আবহা ওয়াতে অত্যন্ত অভ্যন্ত তাঁরা উপনিষৎ সম্বন্ধে ভয়ে ভয়ে থাকেন, খৃষ্টিয়ান দার্শনিকদের নম্নার দক্ষে মিলিয়ে উপনিষদের বাণীকে কিছু-না-কিছু বদল করে চালিয়ে দেওয়া তাঁদের ভিতরকার ইচ্ছা। কিছ, শান্তং শিবং অবৈতম্ এই মন্ত্রটিকে চিন্তা করে দেওলেই তাঁরা এই আখাস পাবেন যে, অসীমের মধ্যে ঘল্বের আভাবের কথা বলা হচ্ছে না, অসীমের মধ্যে ঘল্বের সামঞ্জন্ত এইটেই তাৎপর্য। কারণ, বিপ্লব না থাকলে শান্তির কোনো মানেই নেই, মন্দ না থাকলে ভালো একটা শব্দমাত্ত্র, আর বিচ্ছেদ না থাকলে অবৈত নির্ম্বন্ধ। তাঁরা যথন সত্যের ত্রিগুণাত্মক ধ্যানের মন্ত্রন্ধর পাত্যং শিবং ক্ষরম্ম, বাক্যাটি ব্যবহার করেন তথন তাঁদের বোঝা উচিত যে, সত্যকে সত্য বলাই বাছল্য এবং ক্ষনর সভ্যের একটা তত্ত্ব নয়, আমাদের অমুভৃতিগত বিশেষণমাত্র, সত্যের তব্ব হচ্ছে অবৈত। যে-সত্য বিশ্বপ্রকৃতি লোকসমাত্র ও মানবাত্মা পূর্ণ করে আছেন তাঁর স্বরূপকে ধ্যান করবার সহায়তাকল্পে 'শান্তং শিবং অবৈতম্' মন্ত্রটি বেমন সম্পূর্ণ উপযোগী এমন আমি তো আর কিছুই জানি নে। মানবসমাত্রে যথন শিবকে পাবার সাধনা করি তথন কল্যাণের উপলব্ধিকে শান্তং আর অবৈতং এই তুই-এর মাঝখানে রেথে দেখি, অর্থাৎ ইংরেজিতে বলতে গেলে, ল এবং লভ্ এর পূর্ণতাই হচ্ছে সমাত্রের ওরেল্কেয়ার।

আমাদের চিত্তের মধ্যে তামসিকতা আছে, সেইজ্বল্য বিশ্বকে দেখার বাধা হচ্ছে।
কিন্তু, মাহ্ববের মন তো বাধাকে মেনে বসে থাকবে না। এই বাধার ভিতর দিয়ে কেবলই
দেখার পথ করতে হবে। মাহ্বব যতদিন আছে ততদিনই এই পথ-খোদা চলে আসছে।
মাহ্বব অন্ন বন্ধ সংগ্রহ করছে, মাহ্বব বাদা বাঁধছে, তার সজে-সজেই কেবলমাত্র সন্তার
গভীর টানে আত্মা দিয়ে দেখার ঘারা বিশ্বকে আপন করে চলছে। তাকে জানার ঘারা
নয়, ব্যবহারের ঘারা নয়, সম্পূর্ণ করে দেখার ঘারা; ভোগের ঘারা নয়, যোগের ঘারা।

আর্টিস্ট আমাকে জিজ্ঞাসা করেছিলেন, আর্টের সাধনা কী। আর্টের একটা বাইরের দিক আছে সেটা হচ্ছে আন্দিক, টেক্নিক্, তার কথা বলতে পারি নে। কিন্তু জিতরের কথা জানি। সেখানে জায়গা পেতে চাও যদি তা হলে সমস্ত চিত্ত দিয়ে দেখো, দেখো, দেখো।

অর্থাৎ, বিশের ধেথানে প্রকাশের ধারা, প্রকাশের লীলা, দেখানে বদি মনটাকে সম্পূর্ণ করে ধরা দিতে পার তা হলেই অস্করের মধ্যে প্রকাশের বেগ সঞ্চারিত হয়—
আলো থেকেই আলো জলে। দেখতে-পাওয়া মানে হচ্ছে প্রকাশকে পাওয়া। সংবাদ
গ্রহণ করা এক জিনিস আর প্রকাশকে গ্রহণ করা আর-এক জিনিস। বিশের প্রকাশকে
মন দিয়ে গ্রহণ করাই হচ্ছে আর্টিস্টের সাধনা; তাতেই প্রকাশের শক্তি সচেই হয়ে
ওঠে, প্রকাশের আন্দিকপদ্ধতি তার সন্দে-সন্দেই অনেকটা আপনি এসে পড়ে, কতকটা
শিক্ষা ও চর্চার দারা নৈপুণ্যকে পাকিয়ে তোলা যায়। এইটুকু সাধনা করতে হবে,
হাতিয়ারের বোঝা যেন হাতটার উপর দৌরাজ্যা না করে, সহজ-স্রোভকে আটক করে
রেথে কইকল্পিত পয়াটাই যেন বাহবা নেবার জল্লে ব্যগ্র হয়ে না ওঠে। বিশ্বপ্রবাহের
প্রবাহিণীর মধ্যে গলা ভূবিয়ে তারই কলধ্বনি থেকে প্রকাশের মন্ত্র অস্করের মধ্যে গ্রহণ
করো, তারই ধারার ছন্দ তোমার রক্তের স্রোতে আপন তাল বেঁধে দেবে— এই হল
গোড়াকার কথা; এই হল বর্ষণ, তার পরে তোমার যদি আধার থাকে তো ভরে উঠবে;
এই হল আগুন, প্রদীপ বের করতে পার যদি তো শিখা জলবার জল্পে ভাবনা
থাকবে না।





# জাভাষাতীর পত্র

## জাভাযাত্রীর পত্র

٥

#### कनानियाञ्

ষাত্রা যথন আরম্ভ করা গেল আকাল থেকে বর্ধার পর্দা তথন সরিয়ে দিয়েছে; স্থ আমাকে অভিনন্দন করলেন। কলকাতা থেকে মাদ্রাক্ত পর্যন্ত বতদূর গেল্ম রেল-গাড়ির জানলা দিয়ে চেয়ে চেয়ে মনে হল, পৃথিবীতে সব্বের বান ডেকেছে; ভামলের বাঁশিতে তানের পর তান লাগছে, তার আর বিরাম নেই। থেতে থেতে নতুন ধানের অভ্রে কাঁচা রং, বনে বনে রসপরিপৃষ্ট প্রচুর পল্লবের ঘন সব্ক্ত। ধরণীর ব্কের থেকে অহল্যা জেগে উঠেছেন; নবদ্বাদলভাম রামচন্দ্রের পায়ের স্পর্শ লাগল।

প্রকৃতির এই নব জীবনের উৎসবে রূপের উত্তরে রসের গান গাবার জন্তেই জামি এসেছিলুম; এই কথাই কেবল মনে পড়ে। কাজের লোকেরা জিজ্ঞাসা করে, তার দরকার কী। বলে, ওটা পৌধিনতা। জর্পাৎ, এই প্রয়োজনের সংসারে আমরা বাহল্যের দলে। তাতে লজ্জা পাব না। কেননা, এই বাহল্যের ঘারাই আত্মপরিচয়।

হিসাবি লোকেরা একটা কথা বারবার ভূলে ষায় যে, প্রচুরের সাধনাতেই প্রয়োজনের সিদ্ধি; এই আষাঢ়ের পৃথিবীতে সেই কথাটাই জানালো। আমি চাই ফসল, ষেটুকুতে আমার পেট ভরবে। সেই স্বল্প প্রত্যাশাকে মৃতিমান দেখি তথনই ষথন বর্ষণে অভিষিক্ত মাটির ভাণ্ডারে শ্রামল ঐশর্য আমার প্রয়োজনকে অনেক বেলি ছালিয়ে পড়ে। মৃষ্টিভিক্ষাও জোটে না ষথন ধনের সংকীর্ণতা সেই মৃষ্টিকে না ছাড়িয়ে যায়। প্রাণের কারবারে প্রাণের মৃনফাটাই লক্ষ্য, এই মৃনফাটাই বাছল্য। আমাদের সন্মাসী মান্থবেরা এই বাছল্যটাকে নিন্দা করে; এই বাছল্যকেই নিয়ে কবিদের উৎসব। ধরচপত্র বাদেও ষথেই উদ্বৃত্ত যদি থাকে তবেই সাহস করে ধরচপত্র চলে, এই কথাটা মানি বলে আমরা মৃনফা চাই। সেটা ভোগের বাছল্যের জল্যে নয়, সেটা সাহসের আনন্দের জল্পে। মান্থবের বৃক্তের পাটা যাতে বাড়ে তাতেই মান্থবকে ক্বতার্থ করে।

বর্তমান যুগে যুরোপেই মানুষকে দেখি যার প্রাণের মূনফা নানা থাতার কেবলই বেড়ে চলেছে। এই জ্বন্তেই পৃথিবীতে এত ঘটা করে সে জ্বালা জ্বালন। সেই জ্বালাতে সে সকল দিকে প্রকাশমান। জ্বা তেলে কেবল একটি মাত্র প্রদীপে ঘরের কাজ চলে যার, কিন্তু পুরো মানুষটা ভাতে জ্প্রকাশিত থাকে। এই জ্প্রকাশ জ্বিজ্বের কার্পণ্য, কম করে থাকা। এটা মানবসভ্যের জ্বসাদ। জীবলোকে

মাহ্যবরা জ্যোতিকজাতীর; জন্তরা কেবলমাত্র বেঁচে থাকে, তাদের অন্তিম্ব দীপ্ত হয়ে ওঠে নি। কিছ, মাহ্য কেবল-যে আত্মরক্ষা করবে তা নয়, দে আত্মপ্রকাশ করবে। এই প্রকাশের জন্তে আত্মার দীপ্তি চাই। অন্তিম্বের প্রাচুর্য থেকে, অন্তিম্বের ঐশর্য থেকেই এই দীপ্তি। বর্তমান মূগে য়ুরোপই সকল দিকে আপনার রশ্মি বিকীর্ণ করেছে; তাই মাহ্য সেখানে কেবল-যে টি কৈ আছে তা নয়, টি কে থাকার চেয়ে আরো অনেক বেশি করে আছে। পর্যাপ্তে চলে আত্মরক্ষা, অপর্যাপ্ত আত্মপ্রকাশ। মুরোপে জীবন অপর্যাপ্ত।

এটাতে আমি মনে তৃঃথ করি নে। কারণ, ষে-দেশেই ষে-কালেই মাছ্র্য ক্বতার্থ হোক-না কেন, সকল দেশের সকল কালের মান্ত্র্যকেই সে ক্বতার্থ করে। মুরোপ আজ প্রাণপ্রাচুর্যে সমস্ত পৃথিবীকেই স্পর্ণ করেছে। সর্বত্তই মান্ত্র্যের হুপ্ত শক্তির ছারে তার আঘাত এসে পড়ল। প্রভূতের ছারাই তার প্রভাব।

বুরোপ সর্বদেশ সর্বকালকে যে স্পর্শ করেছে সে তার কোন্ সত্য হারা। তার বিজ্ঞান সেই সত্য। তার দে-বিজ্ঞান মাহুদের সমস্ত জ্ঞানের ক্ষেত্রকে অধিকার করে কর্মের ক্ষেত্রে জয়ী হয়েছে সে একটা বিপুল শক্তি। এইখানে তার চাওয়ার অন্ত নেই, তার পাওয়াও সেই পরিমাণে। গত বছর য়ুরোপ থেকে আসবার সময় একটি জর্মন যুবকের সঙ্গে আমার আলাপ হয়। তিনি তাঁর অল্পবয়সের স্থীকে সঙ্গে নিয়ে ভারতবর্ষে আসছিলেন। মধ্যভারতের আরণ্য প্রদেশে দে-সব জাতি প্রায় অক্তাতভাবে আছে ত্বংসর তাদের মধ্যে বাস করে তাদের রীতিনীতি তয় তয় করে জানতে চান। এরই জ্বন্তে তাঁরা তুজনে প্রাণপণ করতে কুন্তিত হল নি। মাহুষসন্থকে মাহুষকে আরো জানতে হবে, সেই আরো জানা বর্বর জাতির সীমার কাছে এসেও থামে না। সমস্ত জ্ঞাতব্য বিষয়কে এই রকম সংখবদ্ধ করে জানা, ব্যহবদ্ধ করে সংগ্রহ কয়া, জানবার সাধনায় মনকে সম্পূর্ণ মোহুমুক্ত কয়া, এতে করে মাহুষ যে কন্ত প্রকাণ বড়ো হয়েছে য়ুরোপে গেলে তা বুলতে পারা যায়। এই শক্তি হায়া পৃথিবীকে য়ুরোপ মাহুষের পৃথিবী করে স্পন্ত করে তুলছে। বেখানে মাহুষের পক্ষে যা-কিছু বাধা আছে তা দুর করবার জন্তে সে ব্যেক তার বিয়াট রূপে অভিভৃত হতে হত।

এইখানে মুরোপের প্রকাশ বেমন বড়ো, যাকে নিয়ে সকল মান্ত্র গর্ব করতে পারে, তেমনি তার এমন একটা দিক আছে ধেখানে তার প্রকাশ আছর। উপনিষদে আছে, বে-সাধকেরা সিদ্ধিলাভ করেছেন— তে সর্বসং সর্বস্তঃ প্রাণ্য ধীরা যুক্তাত্মানঃ সর্বমেধা-বিশক্তি: তাঁরা সর্বগামী সত্যকে সকল দিক থেকে লাভ করে যুক্তাত্মভাবে সমস্তের মধ্যে প্রবেশ করেন। সভ্য সর্বগামী বলেই মান্ত্রকে সকলের মধ্যে প্রবেশধিকার দেয়। বিজ্ঞান বিশ্বপ্রকৃতির মধ্যে মান্ত্রের প্রবেশপথ থুলে দিছে; কিন্তু আজ সেই মুরোপে এমন একটি সভ্যের অভাব ঘটেছে যাতে মান্ত্রের মধ্যে মান্ত্রের প্রবেশ অবক্রম করে। অন্তরের দিকে বুরোপ মান্ত্রের পক্ষে একটা বিশ্ববাপী বিপদ হয়ে উঠল। এইখানে বিপদ ভার নিজ্যেও।

এই জাহাজেই একজন ফরাসি লেখকের সঙ্গে আমার জালাপ হল। তিনি জামাকে বলছিলেন, যুদ্ধের পর থেকে যুরোপের নবীন যুবকদের মধ্যে বড়ো করে একটা ভাবনা ঢুকেছে। এই কথা তারা বুঝেছে, তাদের আইডিয়ালে একটা ছিন্ত দেখা দিয়েছিল বে-ছিন্ত দিয়ে বিনাশ ঢুকতে পারলে। অর্থাৎ কোথাও তারা সত্যভ্রম্ভ হল এতদিনে সেটা ধরা পড়েছে।

মাহ্যের জগং অমরাবতী, তার বা সত্য-ঐশর্য তা দেশে কালে পরিমিত নয়।
নিজের জন্ত নিয়ত মাহ্য এই-বে অমরলোক স্পষ্ট করছে তার মূলে আছে মাহ্যের আকাজ্যা করবার অসীম সাহস। কিন্তু, বড়োকে গড়বার উপকরণ মাহ্যযের ছোটো যেই চুরি করতে শুক্ত করে অমনি বিপদ ঘটায়। মাহ্যুযের চাইবার অন্তহীন শক্তি বখন সংকীর্ণ পথে আপন ধারাকে প্রবাহিত করতে থাকে তখনই কূল ভাঙে, তখনই বিনালের বন্তা হুর্দাম হয়ে ওঠে। অর্থাৎ, মাহ্যুযের বিপুল চাওয়া কূত্র-নিজের জল্তে হলে তাতেই বত অশান্তির সৃষ্টি। যেখানে তার সাধনা সকলের জল্তে সেইখানেই মাহ্যুযের আকাজ্যা কৃতার্ধ হয়। এই সাধনাকেই গীতা বক্ষ বলেছেন; এই যজের ঘারাই লোকরকা। এই যজের পৃথা হচ্ছে নিছাম কর্ম। সে-কর্ম হুর্বল হবে না, সে-কর্ম ছোটো হবে না, কিন্তু সে-কর্মের ফলকামনা যেন নিজের জল্তে না হয়।

বিজ্ঞান যে বিশুদ্ধ তপস্থার প্রবর্তন করেছে সে সকল দেশের, সকল কালের, সকল মাহুষের— এই জ্ঞেই মাহুষকে তাতে দেবতার শক্তি দিয়েছে, সকলরকম হৃঃথ দৈল্ল পীড়াকে মানবলোক থেকে দূর করবার জ্ঞে সে অন্ত্র গড়ছে; মাহুষের অমরাবতী নির্মাণের বিশ্বকর্মা এই বিজ্ঞান। কিছু, এই বিজ্ঞানই কর্মের রূপে যেখানে মাহুষের ফল-কামনাকে অভিকায় করে তুললে সেইখানেই সে হল যমের বাহন। এই পৃথিবীতে মাহুষ যদি একেবারে মরে তবে সে এই জ্ঞেই মরবে— সে সত্যকে জ্ঞেনেছিল কিছু সভ্যের ব্যবহার জ্ঞানে নি। সে দেবতার শক্তি পেয়েছিল, দেবত্ব পায় নি। বর্তমান যুগে মাহুষের মধ্যে সেই দেবতার শক্তি দেখা দিয়েছে যুরোপে। কিছু সেই শক্তি কি মাহুষকে মারবার জ্ঞেই দেখা দিল। গত যুরোপেয় যুদ্ধে এই প্রশ্নটাই ভয়ংকর মৃতিতে প্রকাশ পেয়েছে। যুরোপের বাইরে সর্ব্যেই যুরোপ বিভীষিকা হয়ে উঠেছে, তার প্রমাণ

আৰু এসিয়া আফ্রিকা কুড়ে। যুরোপ আপন বিজ্ঞান নিয়ে আমাদের মধ্যে আসে নি, এসেছ আপন কামনা নিয়ে। তাই এসিয়ার হৃদয়ের মধ্যে যুরোপের প্রকাশ অবক্রম। বিজ্ঞানের স্পধায়, শক্তির গর্বে, অর্থের লোভে, পৃথিবী জুড়ে মাহ্যফে লাছিত করবার এই-যে চর্চা বহুকাল থেকে যুরোপ করছে, নিজের ঘরের মধ্যে এর ফল যথন ফলল তথন আজ সে উদ্বিয়। তৃণে আগুন লাগাচ্ছিল, আজ তার নিজের বনস্পতিতে সেই আগুন লাগল। সে ভাবছে, থামব কোথায়। সে থামা কি বল্লকে থামিয়ে দিয়ে। আমি তা বলি নে। থামাতে হবে লোভ। সে কি ধর্ম-উপদেশ দিয়ে হবে। তাও সম্পূর্ণ হবে না। তার সঙ্গে বিজ্ঞানেরও যোগ চাই। যে-সাধনায় লোভকে ভিতরের দিক থেকে দমন করে সে-সাধনা ধর্মের, কিন্তু যে-সাধনায় লোভের কারণকে বাইরের দিক থেকে দ্ব করে দে-সাধনা বিজ্ঞানের। তুইয়ের সম্মিলনে সাধনা সিদ্ধ হয়, বিজ্ঞানবৃদ্ধির সঙ্গে ধর্মবৃদ্ধির আজ মিলনের অপেক্ষা আছে।

জাভায় যাত্রাকালে এই-সমস্ত তর্ক আমার মাথায় কেন এল জিজ্ঞাসা করতে পার। এর কারণ হচ্ছে এই যে, ভারতবর্ধর বিছা একদিন ভারতবর্ধর বাইরে গিয়েছিল। কিন্তু সেই বাইরের লোক তাকে স্বীকার করেছে। তিব্বত মকোলিয়া মালয়বীপসকলে ভারতবর্ধ জ্ঞানধর্ম বিস্তার করেছিল, মানুষের সঙ্গে মানুষের আস্করিক সত্যসম্বন্ধের পথ দিয়ে। ভারতবর্ধের সেই সর্বত্র-প্রবেশের ইতিহাসের চিহ্ন দেখবার জন্তে আজ্ঞ আমরা তীর্থযাত্রা করেছি। সেই সঙ্গে এই কথাও দেখবার আছে, সেদিনকার ভারতবর্ধের বাণী শুষ্কতা প্রতার করে নি। মানুষের ভিতরকার ঐশ্বর্ধকে সকল দিকে উদ্বোধিত করেছিল, স্থাপত্যে ভারর্ধে চিত্রে সংগীতে সাহিত্যে; তারই চিহ্ন মঙ্গভূমে অরণ্যে পর্বতে ঘীপে বীপাস্তরে, তুর্গম স্থানে তুংসাধ্য কল্পনায়। সন্মাসীর ষে-মন্ত্র মানুষকে রিক্ত ক'রে নার করে, মানুষের যৌবনকে পঙ্গু করে, মানবচিত্তবৃত্তিকে নানাদিকে থর্ব করে, এ সে-মন্ত্র নয়। এ জরাজীর্ণ ক্লপপ্রাণ বুদ্ধের বাণী নয়, এর মধ্যে পরিপ্রপ্রাণ বীর্ধবান ধৌবনের প্রভাব। ১ প্রাবণ ১৩৩৪।>

ર

#### कनागीमाञ्

দেশ থেকে বেরবার মুখে আমার উপর ফরমাণ এল কিছু-কিছু লেখা পাঠাতে হবে। কাকে পাঠাব লেখা, কে পড়বে। সর্বসাধারণ ় সর্বসাধারণকে বিশেষ করে চিনি নে,

#### > श्रीमछी निर्मलक्ष्मात्री महलानवी भरक निर्मिछ।

विषे जिल्ल जोत्र क्त्रमात्म यथन निश्चि ज्ञान मक्क क्रात्र वीधात्मा धूव वक्षी नाधात्रव थोजा पूर्ण निथरज रुत्र ; त्म-त्मथोत्र होम थिजरत्न रित्मव क्यो हर्ण ।

কিন্ত, মাহুবের একটা বিশেষ থাতা আছে; তার আলগা পাতা, সেটা যা-তা লেখবার অন্তে, সে লেখার দামের কথা কেউ তাবেও না। লেখাটাই তার লক্ষ্য, কথাটা উপলক। সে-রক্ম লেখা চিঠিতে তালো চলে; আটপৌরে লেখা— তার না আছে মাধার পাগড়ি, না আছে পারে জুতো। পরের কাছে পরের বা নিজের কোনো দরকার নিম্নে সে যার না— সে যার যেখানে বিনা-দরকারে গেলেও জ্বাবদিহি নেই, যেখানে কেবলমাত্র বকে যাওয়ার জন্তেই যাওয়া-জাসা।

স্রোতের জলের যে-ধ্বনি সেটা তার চলারই ধ্বনি, উড়ে-চলা মৌমাছির পাথার যেমন গুঞ্জন। জামরা যেটাকে বকুনি বলি সেটাও সেই মানসিক চলে যাওয়ারই শব্দ। চিঠি হচ্ছে লেখার জক্ষরে যকে যাওয়া।

এই বকে-যাওয়াটা মনের জীবনের লীলা। দেহটা কেবলমাত্র চলবার জন্তেই বিনা-প্রয়োজনে মাঝে মাঝে এক-একবার ধা করে চলে ফিরে জাসে। বাজার করবার জন্তেও নয়, সভা করবার জন্তেও নয়, নিজের চলাতেই সে নিজে আনন্দ পায় বলে। তেমনি নিজের বকুনিতেই মন জীবনধর্মের তৃথি পায়। তাই বকবার অবকাশ চাই, লোক চাই। বক্তার জন্তে লোক চাই অনেক, বকার জন্তে এক-আধজন।

দেশে অভ্যন্ত জায়গায় থাকি নিত্যনৈমিত্তিক কাক্ষের মধ্যে, জানা অজানা লোকের ভিড়ে। নিজের সঙ্গে নিজের আলাপ করবার সময় থাকে না। সেখানে নানা লোকের সঙ্গে নানা কেজাে কথা নিয়ে কারবার। সেটা কেমনতরাে। যেন বাঁধা পুকুরের ঘাটে দশক্ষনে জটলা করে জল ব্যবহার। কিন্তু আমাদের মধ্যে একটা চাতকের ধর্ম আছে; হাওয়ায় উড়ে-আলা মেঘের বর্ষণের জক্তে সে চেয়ে থাকে একা একা। মনের আকাশে উড়াে ভাবনাঞ্জলাে সেই মেঘ— সেটা থামথেয়ালের ঝাণটা লেগে; ভার আবির্ভাব তিরােভাব সবই আকস্মিক। প্রয়োজনের তাগিদমতাে তাকে বাঁধা-নিয়মে পাওয়া যায় না বলেই তার বিশেষ দাম; পৃথিবী আপনারই বাঁধা জলকে আকাশে উড়াে জল করে দেয়; নিজের ফসলথেতকে সরস করবার জক্তে সেই জলের দরকার। বিনা প্রয়োজনে নিজের মনকে কথা বলাবার সেই প্রয়োজন, সেটাতে মন আপন ধায়াতেই আপনাকে অভিধিক্ত করে।

জীবনধান্তার পরিচিত ব্যবহা থেকে বেরিয়ে এলে মন আজ বা-তা তাববার সময় পেল। তাই ভেবেছি, কোনো সম্পাদকি বৈঠক শ্বরণ করে প্রবন্ধ আওড়াব না, চিঠি লিখব তোমাকে। অর্থাৎ, পাত পেড়ে ভোজ দেওলা তাকে বলা চলবে না; সে হবে গাছতলার দাঁড়িয়ে হাওয়ার পড়ে-যাওয়া ফল আঁচলে ভরে দেওয়া। তার কিছু পাকা, কিছু কাঁচা; তার কোনোটাতে রং ধরেছে, কোনোটাতে ধরে নি। তার কিছু রাথলেও চলে, কিছু ফেলে দিলেও নালিশ চলবে না।

সেই ভাবেই চিঠি লিখতে শুক করেছিলুম। কিন্তু, আকাশের আলো দিলে ম্থ-ঢাকা। বৈঠকখানার আসর বন্ধ হয়ে গেলে ফরাশ বাতি নিবিয়ে দিয়ে বেমন ঝাড়লর্গনে ময়লা রভের ঘেরাটোপ পরিয়ে দেয়, ঢ়্যলোকের ফরাশ সেই কাণ্ডটা করলে; একটা ফিকে ধোঁয়াটে রভের আবরণ দিয়ে আকাশসভার তৈজসপত্র দিলে ম্ডে। এই অবস্থায় আমার মন তার হালকা কলমের থেলা আপনিই বন্ধ করে দেয়। বক্নির ক্লহারা ঝরনা বাক্যের নদী হয়ে কথন একসময় গভীর খাদে চলতে আরম্ভ করে; তখন তার চলাটা কেবলমাত্র স্থের আলোয় কলধ্বনির নৃপুর বাজানোর জভ্যে নয়, একটা কোনো লক্ষ্যে পৌছবার সাধনায়। আনমনা সাহিত্য তখন লোকালয়ের মাঝখানে এসে প'ড়ে সমনস্ক হয়ে ওঠে। তখন বাণীকে অনেক বেশি অতিক্রম করে ভাবনাগুলো মাধা তুলে দাঁড়ায়।

উপনিষদে আছে: দ নো বন্ধুর্জনিতা দ বিধাতা; তিনি ভালোবাদেন, তিনি সৃষ্টি করেন, আবার তিনিই বিধান করেন। সৃষ্টি-করাটা সহজ আনন্দের থেয়ালে, বিধান-করায় চিস্তা আছে। যাকে থাস সাহিত্য বলে সেটা হল সেই স্কৃষ্টিকর্তার এলেকায়, সেটা কেবল আপন মনে। যদি কোনো হিসাবি লোক স্রষ্টাকে প্রশ্ন জিজ্ঞাসা করে "কেন সৃষ্টি করা হল" তিনি জবাব দেন, "আমার খুশি!" সেই খুশিটাই নানা রঙে নানা রসে আপনাতেই আপনি পর্যাপ্ত হয়ে ওঠে। পদাফুলকে যদি জিজ্ঞাসা করো "তুমি কেন হলে" সে বলে, "আমি হবার জন্মেই হলুম।" থাটি সাহিত্যেরও সেই একটিমাত্র জবাব।

অর্থাৎ, স্কাষ্টর একটা দিক আছে ষেটা হচ্ছে স্কাষ্টকর্তার বিশুদ্ধ বকুনি। দেদিক থেকে এমনও বলা বেতে পারে, তিনি আমাকে চিঠি লিখছেন। আমার কোনো চিঠির অবাবে নয়, তাঁর আপনার বলতে ইচ্ছে হয়েছে বলে; কাউকে তো বলা চাই। অনেকেই মন দিয়ে শোনে না, অনেকে বলে, "এ তো সারবান নয়; এ তো বদ্ধুর আলাপ, এ তো সম্পত্তির দলিল নয়।" সারবান থাকে মাটির গর্ভে, সোনার খনিতে; সে নেই ফ্লের বাগানে, নেই সে উদয়দিগস্তে মেবের মেলায়। আমি একটা গর্ব করে থাকি, ওই চিঠিলিখিয়ের চিঠি পড়তে পারৎপক্ষে কখনো তুলি নে। বিশ্ববকুনি মথন-তখন আমি জনে থাকি। তাতে বিষয়কাজের ক্ষতি হয়েছে, আয় বারা আমাকে দলে ভিড়িয়ে কাজে লাগাতে চায় তাদের কাছ থেকে নিকাও জনেছি; কিছু আমার এই দশা।

অথচ, মৃশকিল হয়েছে এই যে, বিধাতাও আমাকে ছাড়েন নি। স্টেক্তার নীলাদর থেকে বিধাতার কারধানাদর পর্যন্ত যে-রান্তাটা গেছে সে-রান্তার ছই প্রান্তেই আমার আনাগোনার কাষাই নেই।

এই দোটানায় পড়ে আমি একটা কথা শিখেছি। যিনি স্টিকর্তা দ এব বিধাতা; দেই জন্মেই তাঁর স্টিও বিধান এক হয়ে মিশেছে, তাঁর দীলা ও কাল্ক এই ছয়ের মধ্যে একান্ত বিভাগ পাওয়া যায় না। তাঁর দকল কর্মই কাক্ষকর্ম; ছুটিতে খাটুনিতে গড়া; কর্মের মাঢ় রূপের উপর সৌন্দর্যের আক্র টেনে দিতে তাঁর আলস্থ নেই। কর্মকে তিনি লক্ষা দেন নি। দেহের মধ্যে যদ্ধের ব্যবহাকৌশল আছে কিন্তু তাকে আরুত করে আছে ভার স্থ্যাসেচিব, বন্ধত সেইটেই প্রকাশমান।

মান্থকেও তিনি সৃষ্টি করবার অধিকার দিয়েছেন; এইটেই তার সব চেয়ে বড়ো অধিকার। মান্থব বেখানেই আপনার কর্মের পৌরব বোধ করেছে সেখানেই কর্মকে হুন্দর করবার চেটা করেছে। তার ঘরকে বানাতে চার হুন্দর করে; তার পানপাত্র অরপাত্র হুন্দর; তার কাপড়ে থাকে পোভার চেটা। তার জীবনে প্রয়োজনের চেয়ে সজ্জার অংশ কম থাকে না। বেখানে মান্থবের মধ্যে স্বভাবের সামঞ্জন্ত আছে সেখানে এইরকমই ঘটে।

এই সামঞ্জ নট হয়, যেথানে কোনো একটা রিপু, বিশেষত লোভ অতি প্রবল হয়ে ওঠে। লোভ জিনিসটা মাহুযের দৈল্ল থেকে, তার লজ্জা নেই; সে আপন অসম্রমকে নিয়েই বড়াই করে। বড়ো বড়ো মৃনফাওয়ালা পাটকল চটকল গলার ধারের লাবণাকে দলন করে ফেলেছে দম্ভভরেই। মাহুযের কচিকে সে একেবারেই স্বীকার করে নি; একমাত্র স্বীকার করেছে তার পাওনার স্কুলে-ওঠা থলিটাকে।

বর্তমান যুগের বাহ্ণরপ তাই নির্লক্ষতায় ভরা। ঠিক ষেন পাকষন্ত্রটা দেহের পর্দা থেকে সর্বসন্থা বেরিয়ে এসে আপন জটিল অন্তত্ত্ব নিয়ে সর্বদা দোলায়মান। তার ক্ষার দাবি ও স্থানপুণ পাকপ্রণালীর বড়াইটাই সর্বাঙ্গীণ দেহের সম্পূর্ণ সৌষ্ঠবের চেয়ে বড়ো হয়ে উঠেছে। দেহ ষধন আপন ক্ষপকে প্রকাশ করতে চায় তথন স্থসংষত স্থমার ছায়াই কয়ে; ষধন সে আপন ক্ষাকেই সব ছাড়িয়ে একাস্ত কয়ে তোলে তখন বীভৎস হতে তার কিছুমাত্র লজ্জা নেই। লালায়িত রিপুর নির্লজ্জতাই বর্বরতার প্রধান লক্ষ্ণ, তা সে সভ্যতার গিলটি-কয়া তকমাই পরুক কিছা অসভ্যতার পজ্জার্মই সেজে বেড়াক— ডেভিল্ ডান্সই নাচুক কিছা জাজ্ ডান্স্।

বর্তমান সভ্যতায় ক্ষচির সঙ্গে কৌশলের যে বিচ্ছেদ চার দিক থেকেই দেখতে পাই তার একমাত্র কারণ, লোডটাই তার অক্ত-সকল সাধনাকে ছাড়িয়ে লখোনুর হয়ে উঠেছে। বন্ধর সংখ্যাথিক্যবিদ্ধারের প্রচণ্ড উন্মন্তভার স্থন্দরকে সে জারণা ছেড়ে দিতে চার না। স্পষ্টপ্রেমের সজে পণ্যলোভের এই বিরোধে মানবধর্মের মধ্যে যে-জাত্মবিপ্লব দটে ভাতে দাসেরই যদি জয় হয়, পেটুকভারই যদি আধিপভ্য বাড়ে, ভা হলে বম আপন সশস্ত্র দৃত পাঠাতে দেরি করবে না; দলবল নিয়ে নেমে আসবে বেষ হিংসা মোহ মদ মাৎসর্ঘ, লক্ষ্মীকে দেবে বিদায় করে।

পূর্বেই বলেছি, দীনতা থেকে লোভের জন্ম; সেই লোভের একটি স্থুলভন্থ সহোদরা আছে তার নাম জড়তা। লোভের মধ্যে অসংঘত উন্ধম; সেই উন্ধমেই তাকে অশোভন করে। জড়তায় তার উলটো, সে নড়ে বসতে পারে না; সে না পারে সক্ষাকে গড়তে, না পারে আবর্জনাকে দূর করতে; তার অশোভনতা নিক্ষয়মের। সেই অড়তার অশোভনতার আমাদের দেশের মানসম্রম নই করেছে। তাই আমাদের ব্যবহারে আমাদের জীবনের অন্থচানে সৌন্দর্য বিদায় নিতে বসল; আমাদের ঘরে-বারে বেশে-ভ্যায় ব্যবহারসামগ্রীতে ক্ষতির স্বাধীন প্রকাশ রইল না; তার জায়গায় এসে পড়েছে চিন্তহীন আড়ম্বর— এতদ্র পর্যন্ত শক্তির অসাড়তা এবং আপন ক্ষতি সম্বন্ধেও নির্লক্ষ আত্ম-অবিশাস যে, আমাদের সেই আড়ম্বরের সহায় হয়েছে চৌরন্ধির বিলিতি দোকানগুলো।

বারবার মনে করি, লেখাগুলোকে করব বিষমবাবু বাকে বলেছেন 'সাধের তরণী।'
কিন্তু, কোথা থেকে বোঝা এসে জমে, দেখতে দেখতে সাধের তরী হয়ে ওঠে বোঝাইতরী। ভিতরে রয়েছে নানাপ্রকারের ক্ষোভ, লেখনীর আওয়াজ শুনেই তারা স্থানে
অন্থানে বেরিয়ে পড়ে; কোনো বিশেষ প্রসন্থ বার মালেক নয় এমন একটা রচনা
পেলেই সেটাকে অমিবাস গাড়ি করে তোলে। কেউ-বা ভিতরেই চুকে বেঞ্চির উপর
পা তুলে বসে বায়, কেউ-বা পায়দানে চড়ে চলতে থাকে; তার পরে ষেথানে-খুশি
অকস্মাৎ লাফ দিয়ে নেমে পড়ে।

আন্ধ প্রাবণমাদের পয়লা। কিন্তু বাঁকড়া-ঝুঁটিওয়ালা প্রাবণ এক ভবযুরে বেদের মতো তার কালো মেদের তাঁবু গুটিয়ে নিয়ে কোথায় বে চলে গেছে তার ঠিকানা নেই। আন্ধ বেন আকাশসরস্বতী নীলপদাের দােলায় দাঁড়িয়ে। আমার মন ওই সল্পে সদ্দে ফুলছে সমস্ত পৃথিবীটাকে দিরে। আমি বেন আলোতে তৈরি, বাণীতে গড়া, বিশ্বরাগিণীতে ঝংকুত, জলে হলে আকাশে ছড়িয়ে যাওয়া। আমি জনতে পাক্তি সম্প্রটা কোন্ কাল থেকে কেবলই ভেরী বাজাচ্ছে, আর পৃথিবীতে ভারই উথানপভনের ছল্পে শ্রীবের ইতিহাসযাত্রা চলেছে আবির্ভাবের অম্পন্ততা থেকে ভিরোভাবের অদৃশ্রের মধ্যে। একদল বিপুলকায় বিকটাকার প্রাণী বেন স্কৃত্তিকার ত্বংম্বরের মতো দলে দলে এল, আবার মিলিয়ে গেল। তার পরে মাহুবের ইতিহাস কবে গুলু হল প্রদোষের ক্ষীণ

আলোতে, গুহাগহ্মর-অরণ্যের ছায়ায় ছায়ায়। ছই পায়ের উপর থাড়া-দাড়ানো ছোটো ছোটো চটুল জীব, লাফ দিরে চড়ে চড়ে বলল মহাকায় বিপদবিভীষিকায় পিঠের উপর, বিষ্ণু বেমন চড়েছেন গল্লড়ের পিঠে। অলাধ্যের লাখনায় চলল তারা জীর্ণ যুগান্তরের ভয়াংশবিকীর্ণ ছর্গম পথে। তারই ললে ললে পৃথিবীকে ঘিয়ে ঘিয়ে বলণের য়দক বাজতে লাগল দিনে রাত্রে, তরকে তরকে। আজ তাই ভনছি আর এমন-কোনো একটা কথা ছন্দে আর্ত্তি করতে ইচ্ছা করছে বা অনাদিকালের। আজকের দিনের মতোই এইরকম আলো-বাল্মলানো কলকলোলিত নীলজলের দিকে তাকিয়ে ইংরেজ কবি শেলি একটি ক্বিতা লিথেছেন—

The sun is warm, the sky is clear,
The waves are dancing fast and bright.

কিন্তু, এ তাঁর ক্লান্ত জীবনের অবসাদের বিলাপ। এর সঙ্গে আজ ভিতরে বাইরে মিল পাচ্ছি নে। একটা লগংজাড়া কলক্রন্দন শুনতে পাচ্ছি বটে, সেই ক্রন্দন ভরিরে তুলছে অন্তরীক্ষকে, বে-অন্তরীক্ষের উপর বিশ্বরচনার ভূমিকা, বে-অন্তরীক্ষকে বৈদিক ভারত নাম দিয়েছে ক্রন্দনী। এ কিন্তু প্রান্তিভারাতুর পরাভবের ক্রন্দন নয়। এ নবজাত শিশুর ক্রন্দন, বে-শিশু উর্ধান্তরে বিশ্ববারে আপন অন্তিত ঘোষণা ক'রে তার প্রথমক্রন্দিত নিশাসেই জানায়, "অয়মহং ভোঃ।" অসীম ভাবীকালের ঘারে সে অতিথি। অন্তিত্বের ঘোষণায় একটা বিপুল কায়া আছে। কেননা, বারে বারে তাকে ছিন্ত করতে হয় আবরণ, চুর্ণ করতে হয় বাধা। অন্তিত্বের অধিকার পড়ে-পাওয়া জিনিস নয়, প্রতি মৃহুর্তেই সেটা লড়াই-করে-নেওয়া জিনিস। তাই তার কায়া এত তীর, আর জীবলোকে সকলের চেয়ে তীর মানবস্তার নবজীবনের কায়া। সে যেন অন্ধকারের গর্ভ বিদারণকরা নবজাত আলোকের ক্রন্দনধ্বনি। তারই সজে সজে নব নব জয়ে নব নব মৃগে দেবলোকে বাজে মঞ্চলশন্ধ, উচ্চারিত হয় বিশ্বপিতামহের অভিনন্দনমন্ত্র।

আজকের দিনে এই আমার শেষ উপলব্ধি নয়। সকালে দেখলুম, সম্ত্রের প্রান্ত-রেখার আকাশ তার জ্যোতির্মরী চিরন্তনী বাণীটি লিখে দিলে; সেটি পরম শান্তির বাণী, তা মর্তলোকের বহু মৃগের বহু হৃংথের আর্তকোলাহলের আবর্তকে ছাড়িয়ে ওঠে, ষেন অক্রের উপরে শেতপদ্মের মতো। তার পরে দিনশেষের দিকে দেখলুম একটি অখ্যাত ব্যক্তিকে, যার মধ্যে মহন্তব অপমানিত— যদি সময় পাই তার কথা পরে বলব। তথন মানব-ইতিহাসের দিগন্তে দিগন্তে দেখতে পেলুম বিরোধের কালো মেঘ, অশান্তির প্রছের বস্ত্রগর্জন, আর জোকালয়ের উপর ক্ষয়ের ক্রন্থটিচ্ছায়া। ইতি ২ প্রাবণ ১৩৩৪।

> श्रीयखी निर्मलक्ष्मात्री परलानवीणस्य मिथिछ।

B

বুনো হাতি মৃতিমান উৎপাত, বছারু হিত ঝড়ের মেষের মতো। এতটুকু মাহব, शंजित्र अकरी शासित मान व गांत जुनना श्रमा, तम अत्क तम्य थांत्रया वतन केर्न, "আমি এর পিঠে চড়ে বেড়াব।" এই প্রকাত ত্র্দাম প্রাণপিওটাকে গাঁ গাঁ করে ভঁড় তুলে আসতে দেখেও এমন অসম্ভবপ্রায় কথা কোনো একজন ক্ষীণকায় মাত্বৰ কোনো এককালে ভাবতেও পেরেছে, এইটেই আশ্চর্য। তার পরে "পিঠে চড়ব" বলা থেকে আরম্ভ করে পিঠে চড়ে-বসা পর্যস্ত যে-ইতিহাস সেটাও অতি অন্তুত। অনেকদিন পর্যস্তই সেই অসম্ভবের চেহারা সম্ভবের কাছ দিয়েও আসে নি- পরম্পরাক্রমে কত বিফলতা কত অপঘাত মাহুষের সংকল্পকে বিদ্রাপ করেছে তার সংখ্যা নেই; সেটা গণনা করে করে মামুষ বলতে পারত, এটা হবার নয়। কিন্তু তা বলে নি। অবশেষে একদিন সে হাতির মতো ব্দ্ধরও পিঠে চড়ে ফসলথেতের ধারে লোকালয়ের রাস্তায়-ঘাটে ঘুরে বেড়ালো। এটা সাংঘাতিক অধ্যবসায়, সেই জন্মেই গণেশের হাতির মৃত্তে মান্থ্যের সিদ্ধির মৃতি। এই সিদ্ধির তুই দিকে তুই জন্ধর চেহারা, এক দিকে রহস্তসন্ধানকারী স্ক্র্ম্মাণ তীক্তদৃষ্টি थतम्स ठक्क कोज्रक, त्मठा ईछ्त्र, त्मरेटिरे वार्म; जात्र-এकमित्क वस्तन वनीक्छ বক্তশক্তি যা তুর্গমের উপর দিয়ে বাধা ডিঙিয়ে চলে, সেই হল যান--- সিদ্ধির যান-বাহনবোগে মাহ্য কেবলই এগিয়ে চলছে। তার ল্যাবরেটরিতে ছিল ইত্র, আর তার এরোপ্লেনের মোটরে আছে হাতি। ইত্রটা চুপিচুপি সন্ধান বাতলিয়ে দেয়, কিছ ওই হাতিটাকে কায়দা করে নিতে মাহুষের অনেক হঃধ। তা হোক, মাহুষ হঃথকে দেখে হার মানে না, তাই সে আজ ত্যুলোকের রান্ডায় যাত্রা আরম্ভ করলে। কালিয়াস রাঘবদের কথায় বলেছেন, জাঁরা 'আনাকরথবঅনাম্'— স্বর্গ পর্যস্ত তাঁদের রখের রাস্তা। যথন এ কথা কবি বলেছেন তথন মাটির মাহুষের মাথার এই অন্তুত চিস্তা ছিল रिष, व्योकात्म ना ज्वाल माञ्चर नार्थक हा त्वह । त्वह किन्छा क्रा व्याक क्रम शर्व বাইরের আকাশে পাখা ছড়িয়ে দিলে। কিন্তু, রূপ যে ধরল সে মৃত্যুক্তমকারী ভীষণ তপস্তার। মাহুষের বিজ্ঞানবৃদ্ধি সদ্ধান করতে জানে, এই ষধেষ্ট নর; মাহুষের কীতি-বৃদ্ধি সাহস করতে জানে, এইটে তার সঙ্গে ষখন মিলেছে তখনই সাধকদের তপঃসিদ্ধির পথে পথে ইন্দ্রদেব ষে-সব বাধা রেখে দেন সেগুলো ধূলিসাৎ হয়।

তীরে দাঁড়িয়ে মাহ্ব সামনে দেখলে সম্ত্র। এত বড়ো বাধা কল্পনা করাই যায় না।
চোখে দেখতে পায় না এর পার, ভলিয়ে পায় না এর ডল। ঘমের মোষের মডো
কালো, দিগন্তপ্রসারিত বিরাট একটা নিষেধ কেবলই ভরক্তর্জনী তুলছে। চিরবিলোহী
মাহ্ব বললে, "নিষেধ মানব না।" বজ্লগর্জনে জবাব এল, "না মান ডো মরবে।" মাহ্ব

ভার এতটুকুমাত্র বৃদ্ধান্ত তুলে বললে, "মরি ভো মরব।" এই হল জাত-বিদ্রোহীদের উপযুক্ত কথা। জাত-বিদ্রোহীরাই চিরদিন জিতে এসেছে। একেবারে গোড়া থেকেই প্রকৃতির শাসনভন্তের বিজ্ঞান্ত নাজ্য নানা ভাবেই বিদ্রোহ ঘোষণা করে দিলে। আজ পর্যন্ত ভাই চলছে। মান্ত্র্যদের মধ্যে যারা যত খাটি বিদ্রোহী, যারা বাল্প শাসনের সীমা-গতি যতই মানতে চায় না, ভাদের অধিকার ততই বেড়ে চলতে থাকে।

ষেদিন সাড়ে তিনহাত মান্নুষ স্পর্ধা করে বললে "এই সমুদ্রের পিঠে চড়ব" সেদিন দেবতারা হাসলেন না; তাঁরা এই বিদ্রোহীর কানে জয়মন্ত্র পড়িয়ে দিয়ে অপেকা করে রইলেন। সমুদ্রের পিঠ আজ আয়ত্ত হয়েছে, সমুদ্রের তলটাকেও কায়দা করা ভক্ত হল। সাধনার পথে ভয় বারবার বাজ করে উঠছে; বিদ্রোহীর অস্করের মধ্যে উত্তরসাধক অবিচলিত ব'লে প্রহরে প্রহরে হাক দিছে, "মা ভৈ:।"

কালকের চিঠিতে ক্রন্দনীর কথা বলেছি, অস্তরীক্ষে উচ্ছুসিত হয়ে উঠছে সন্তার ক্রন্দন গ্রহে নক্ষত্রে। এই সন্তা বিদ্রোহী, অসীম অব্যক্তের সঙ্গে তার নিরন্তর লড়াই। বিরাট অপ্রকাশের তুলনায় সে অভি দামান্ত, কিন্তু অন্ধকারের অন্তহীন পারাবারের উপর দিয়ে ছোটো ছোটো কোটি কোটি আলোর তরী সে ভাসিয়ে দিয়েছে— দেশ-কালের বৃক্ষ চিয়ে অভলম্পর্শের উপর দিয়ে তার অভিযান। কিছু তুবছে, কিছু ভাসছে, তবু যাত্রার শেষ নেই।

প্রাণ তার বিদ্রোহের ধ্বজা নিয়ে পৃথিবীতে অতি তুর্বলরপে একদিন দেখা দিয়েছিল।
অতি প্রকাণ্ড, অতি কঠিন, অতি গুরুভার অপ্রাণ চারি দিকে গদা উদ্ভাত করে দাঁড়িয়ে,
আপন ধুলোর কয়েদখানায় তাকে ছার জানলা বন্ধ করে প্রচণ্ড শাসনে রাখতে চায়।
কিন্তু, বিল্রোহী প্রাণ কিছুতেই দমে না; দেয়ালে দেয়ালে কত জায়গায় কত ফুটোই
করছে তার সংখ্যা নেই, কেবলই আলোর পথ নানা দিক দিয়েই খুলে দিছে।

সন্তার এই বিজ্ঞাহমন্ত্রের সাধনার মাহ্রুষ বতদ্র এগিয়েছে এমন আর-কোনো জীব না। মাহ্রুষের মধ্যে যার বিজ্ঞোহশক্তি যত প্রবল, যত ত্র্দমনীয়, ইতিহাসকে ততই সে বৃগ হতে যুগাস্তরে অধিকার করছে, শুধু সন্তার ব্যাপ্তি ছারা নয়, সন্তার এশর্য ছারা।

এই বিজাহের সাধনা তংপের সাধনা; তংপই হচ্ছে হাতি, তংপই হচ্ছে সমৃদ্র।
বীর্ষের দর্পে এর পিঠে যারা চড়ল তারাই বাঁচল; ভরে অভিভূত হয়ে এর তলার যারা
পড়েছে তারা মরেছে। আর, যারা একে এড়িয়ে শন্তার ফল লাভ করতে চার তারা
মকল ফলের ছদ্মবেশে ফাঁকির বোঝার ভারে মাথা হেঁট করে বেড়ায়। আমাদের দরের
কাছে সেই আভের মাছ্য অনেক দেখা যায়। বীর্মের হাকভাক করতে তারা শিখেছে,
কিন্তু সেটা যথাসম্ভব নিরাপদে করতে চায়। যথন লার আসে তথন নালিশ করে বলে,

বড়ো লাগছে। এরা পৌরুষের পরীক্ষাশালায় বসে বিলিতি বই থেকে তার বুলি চুরি করে, কিন্তু কাগজের পরীক্ষা থেকে যথন হাতের পরীক্ষার সময় আসে তথন প্রতিপক্ষের অনৌদার্থ নিয়ে মামলা তুলে বলে, "ওদের স্বভাব ভালো নয়, ওরা বাধা দেয়।"

মাত্র্যকে নারায়ণ সথা বলে তখনই সন্মান করেছেন যথন তাকে দেখিয়েছেন তাঁর উগ্ররপ, তাকে দিয়ে যথন বলিয়েছেন: দৃষ্ট্রাছুতংরূপম্গ্রাং তবেদং লোকজয়ং প্রবাধিতং মহাত্মন্— মাত্র্য যথন প্রাণমন দিয়ে তব করতে পেরেছে:

অনস্তবীৰ্ণামিতবিক্ৰমস্তু;

সর্বং সমাপ্রোবি ভতোহসি সর্বঃ।

তুমিই অনম্ভবীর্য, তুমিই অমিতবিক্রম, তুমিই সমস্তকে গ্রহণ করো, তুমিই সমস্ত। ইতি ৩রা শ্রাবণ ১৩৩৪।

8

কাল সকালেই পৌছব সিঙাপুরে। তার পর থেকে আমার ডাঙার পালা। এই-যে চলছে আমার মনে মনে বকুনি, এটাতে খুবই বাধা হবে। অবকাশের অভাব হবে বলে নয়, মন এই কদিন যে-কক্ষে চলছিল সে-কক্ষ থেকে ভ্রষ্ট হবে বলে। কিসের জলো। সর্বসাধারণ বলে যে একটি মহন্যসমষ্টি আছে তারই আকর্ষণে।

লেখবার সময় তার কোনো আকর্ষণ বে একট্ও মনের মধ্যে থাকবে না, তা হতেই পারে না। কিন্তু, তার নিকটের আকর্ষণটা লেখার পক্ষে বড়ো ব্যাঘাত। কাছে যখন সে থাকে তখন সে কেবলই ঠেলা দিয়ে দিয়ে দাবি করতে থাকে। দাবি করে তারই নিজের মনের কথাটাকে। প্রকাণ্ড একটা বাইরের ফরমাশ কলমটাকে ভিতরে ভিতরে টান মারে। বলতে চাই বটে "তোমাকে গ্রাহ্ম করি নে", কিন্তু হেঁকে উঠে বলার মধ্যেই গ্রাহ্ম করাটা প্রমাণ হয়।

আসল কথা সাহিত্যের প্রোত্সভায় আজ সর্বসাধারণই রাজাসনে। এ সভ্যটাকে সম্পূর্ণ উড়িয়ে দিয়ে লিখতে বসা অসম্ভব। প্রশ্ন উঠতে পারে উড়িয়ে দেবেই বা কেন। এমন সময় কবে ছিল যখন সাহিত্য সমস্ত মানবসাধারণের অক্টেই ছিল না।

কথাটা একট্ন ভেবে-দেখবার। কালিদাসের মেঘদুত মানবসাধারণের জন্মেই লেখা, আজ তার প্রমাণ হয়ে গেছে। যদি কোনো বিশিষ্ট দলের জন্মে জোধা হস্ত তা হলে সে দলও থাকত না আর মেম্বদুতও যেত তারই সলে জন্মরণে। ফিছ, এখন

> श्रीमजी निर्मलक्षांमी महनानवीनाक निषिछ।

যাকে পাবলিক বলছি কালিদাসের সময় সেই পাবলিক অত্যন্ত গা-দেঁবা হয়ে শ্রোভারণে ছিল না। বদি থাকত তা হলে বে-মানবসাধারণ শত শত বৎসরের মহাক্ষেত্রে সমাগত তালের পথ তারা অনেকটা পরিমাণে আটকে দিত।

এথনকার পাবলিক একটা বিশেষ কালের দানাবাঁধা সর্বসাধারণ। ভার মধ্যে খ্ব নিরেট হয়ে ভাল-পাকিয়ে আছে এথনকার কালের রাষ্ট্রনীতি, সমাজনীতি, ধর্মনীতি, এথনকার কালের বিশেষ ক্ষচি প্রবৃত্তি এবং আয়ো কত কী। এই সর্বসাধারণ বে মানবসাধারণের প্রতিরূপ, ভা বলা চলবে না। এর ফরমাল বে একশো বছর পরের ফরমালের সঙ্গে মিলবে না, সে-কথা জাের করেই বলতে পারি। কিন্তু, এই উপস্থিত-কালের সর্বসাধারণ কানের খ্ব কাছে এসে জাের গলায় ছয়াে দিচ্ছে, বাহবা দিচ্ছে।

উপস্থিতকালের সংকীর্ণ পরিধির তুলনাতেও এই হয়ো-বাহ্বার স্থায়িত্ব অকিঞ্চিৎকর।
পাবলিক-মহারাজ আদ্ধ ছই চোধ লাল করে বে-কথাটাকে প্রত্যাধ্যান করেছে, আসছেকাল সেইটেকেই এমনি চড়া গলায় ব্যবহার করে যেন সেটা তার নিজেরই চিরকালের
চিস্কিত কথা। আজ বে-কথা শুনে তার ছই গাল বেয়ে চোধের জল বয়ে গেল,
আসছে-কাল সেটাকে নিয়ে হাসাহাসি করবার সময় নিজের গদ্গদচিতের পূর্ব
ইতিহাসটি সম্পূর্ণ বে-কব্ল ষায়।

ইংরেজ বেনের আপিসন্বর-গুদামন্বের আলে-পালে হঠাৎ বথন কলকাতা শহরটা মাথাঝাড়া দিয়ে উঠল তথন সেথানে এই নতুন-গড়া দোকানপাড়ার এক পাবলিক দেথা দিলে। অস্তত, তার এক ভাগের চেহারা হুতুম পেঁচার নকশায় উঠেছে। তারই ফরমান্দের ছাপ পড়েছে দাগুরায়ের পাঁচালিতে। ঘন ঘন অস্প্রাস তপ্ত-থোলার উপরকার থইরের মতো পট্পট্ শব্দে ফুটে ফুলে ফুলে উঠতে লাগল—

ভাবো জীকান্ত নরকান্তকারীয়ে, নিভান্ত কৃতান্ত-ভরান্ত হবে ভবে।

চারি দিকে ছায়-ছায় শব্দে সভা ভোলপাড়। ছই কানে হাত-চাপা, ভারস্বরে দ্রুত লয়ে গান উঠল—

ওরে রে লক্ষণ, এ কী অলক্ষণ,
বিপদ ঘটেছে বিলক্ষণ।
অতি নগণ্য কাজে, অতি ক্ষম্ম সাজে
বোর অরণ্য-মাঝে কত কাঁদিলাম। ইত্যাদি।

দোকানপাড়ার জনসাধারণ থূলি ছয়ে নগদ বিদায় করলে। অবকালের সম্পদকে অবকালের শিক্ষাযোগে ভোগ করবার শক্তি যার ছিল না সেই টস্ট ইণ্ডিয়া কোম্পানির হাটের পাবলিককে মাথা-গুনতির জোরে মানবসাধারণের প্রতিনিধি বলে মেনে নিতে হবে নাকি। বন্ধত, এই জনসাধারণই দাশুরায়ের প্রতিভাকে বিশ্বসাধারণের মহাসভায় উত্তীর্ণ হতে বাধা দিয়েছিল।

অথচ, মৈমনসিং থেকে ষে-সব গাথা সংগ্রহ করা হয়েছে তাতে সহজেই বেজে উঠছে বিশ্বসাহিত্যের হর। কোনো শহরে পাবলিকের ক্রন্ড ফরমাশের ছাঁচে ঢালা সাহিত্য তো সে নয়। মাহ্নষের চিরকালের হুখত্বংখের প্রেরণায় লেখা সেই গাথা। যদি-বা ভিড়ের মধ্যে গাওয়া হয়েও থাকে, তবু এ ভিড় বিশেষ কালের বিশেষ ভিড় নয়। তাই এ সাছিত্য সেই ফসলের মতো যা গ্রামের লোক আপন মাটির বাসনে ভোগ করে থাকে বটে তবুও তা বিশেরই ফসল — তা ধানের মঞ্চরী।

ষে-কবিকে আমরা কবি বলে সন্মান করে থাকি তার প্রতি সন্মানের মধ্যে এই সাধুবাদটুকু থাকে ষে, তার একলার কথাই আমাদের সকলের কথা। এই জন্তেই কবিকে একলা বলতে দিলেই সে সকলের কথা সহজে বলতে পারে। হাটের মাঝখানে দাঁড়িয়ে সেইদিনকার হাটের লোকের মনের কথা যেমন-তেমন করে মিলিয়ে দিরে তাদের সেইদিনকার বহু-মৃত্তের মাথা-নাড়া-গুনতির জোরে আমরা যেন আপন রচনাকে কৃতার্থ মনে না করি, যেন আমাদের এই কথা মনে করবার সাহস থাকে যে, সাহিত্যের গণনাতত্ত্বে এক অনেক সময়েই হাজারের চেয়ে সংখ্যায় বেশি হয়ে থাকে।

এইবার আমার জাহাজের চিঠি তার অস্তিম পংক্তির দিকে হেলে পড়ল। বিদায় নেবার পূর্বে তোমার কাছে মাপ চাওয়া দরকার মনে করছি। তার কারণ, চিঠি লিধব বলে বসল্ম কিন্তু কোনোমতেই চিঠি লেখা হয়ে উঠল না। এর থেকে আশবা হচ্ছে, আমার চিঠি লেখবার বয়স পেরিয়ে গেছে। প্রতিদিনের স্রোত্তের থেকে প্রতি দিনের ভেদে-আমা কথা হেঁকে তোলবার শক্তি এখন আমার নেই। চলতে চলতে চার দিকের পরিচয় দিয়ে যাওয়া এখন আমার বারা আর সহক্তে হয় না। অথচ, এক সময়ে এ শক্তি আমার ছিল। তখন অনেককে অনেক চিঠিই লিখেছি। সেই চিঠিগুলি ছিল চলতি কালের সিনেমা ছবি। তখন ছিল মনের পটটা বাইরের সমস্ত আলোছায়ার দিকে মেলে দেওয়া। সেই সব ছাপের ধারায় চলত চিঠি। এখন ব্রিবা বাইরের ছবিয় কোটোগ্রাফটা বন্ধ হয়ে গিয়ে মনের ধানির ফোনোগ্রাফটাই সন্তাগ হয়ে উঠেছে। এখন হয়তে দেখি কম, শুনি বেশি।

মাস্থ্য তো কোনো একটা জায়গায় খাড়া হয়ে দাঁড়িয়ে নেই। এই জন্তেই চলজিত্র ছাড়া তার ষধার্থ চিত্র হতেই পারে না। প্রবহমান ঘটনার সঙ্গে সঙ্গে চলমান জাপনায় পরিচয় মাস্থ্য দিতে থাকে। যারা জাপনসোক, নিয়ত তারা সেই পরিচয়টা পেতে ইচ্ছে করে। বিদেশে নৃতন নৃতন ধাবমান অবস্থা ও ঘটনার চঞ্চল ভূমিকার উপরে প্রকাশিত আত্মীয়-লোকের ধারাবাহিক পরিচয়ের ইচ্ছা স্বাভাবিক। চিঠি সেই ইচ্ছা প্রণ করবার অক্টেই।

কিন্তু, সকলপ্রকার রচনাই স্বাভাবিক শক্তির অপেকা করে। চিঠি-রচনাও তাই। আমাদের দলের মধ্যে আছেন স্থনীতি। আমি তাঁকে নিছক পণ্ডিত বলেই জানতুম। व्यर्थार, बाख खिनिमत्क ऐकादा कदा ७ ऐकादा किनिमत्क ब्लाफ़ा त्मश्राद कांबरे जिनि ছাত পাকিষেছেন বলে আমার বিশাস ছিল। কিন্ধ এবার দেখলুম, বিশ্ব বলতে যে-ছবির লোতকে বোঝায়, যা ভিড় করে ছোটে এবং এক মৃহুর্ত হির থাকে না, তাকে তিনি তালভন্স না করে মনের মধ্যে ক্রত এবং সম্পূর্ণ ধরতে পারেন আর কাগজে-কলমে সেটা ক্রভ এবং সম্পূর্ণ তুলে নিভে পারেন। এই শক্তির মূলে আছে বিশ্বব্যাপারের প্রতি তাঁর মনের সন্ধীব আগ্রহ। তাঁর নিন্দের কাছে তুচ্ছ বলে কিছুই নেই, তাই তাঁর কলমে তুচ্ছও এমন একটি ম্বান পায় যাতে তাকে উপেকা করা যায় না। সাধারণত, এ কথা वना চলে य भक्क एवत्र अरथा योता जिलाय शिष्ट भक्क जिला जो एक अरलकांत्र अप्पूर्व বাইরে, কেননা চিত্রটা একেবারে উপরের তলায়। কিন্তু, স্থনীতির মনে স্থগভীর তথ ভাসমান চিত্রকে ভূবিয়ে যারে নি এই বড়ো অপূর্ব। স্থনীতির নীরন্ত্র চিঠিগুলি ভোমরা বথাসময়ে পড়তে পাবে— দেখবে এগুলো একেবারে বাদশাই চিঠি। এতে চিঠির ইম্পিরিয়ালিজ্ম ; বর্ণনাসাম্রাজ্য সর্বগ্রাহী, ছোটো বড়ো কিছুই তার থেকে বাদ পড়ে নি । স্নীতিকে উপাধি দেওয়া উচিত, লিপিবাচম্পতি কিছা লিপিসার্বভৌম কিছা লিপি-চক্রবর্তী। ইতি ৩রা জ্রাবণ ১৩৩৪। নাগপঞ্মী।

Ø

সামনে সম্দ্রের অর্ধচন্দ্রাকার তটসীমা। অনেক দ্র পর্যন্ত জল অগভীর, জলের রঙে মাটির আভাস, সে যেন ধরণীর গেরুয়া আঁচল এলিয়ে পড়েছে। তেউ নেই, সমস্ত-ছিন জলরাশি এগোয় আর পিছোর অতি ধীর গমনে। অপ্সরী আসছে চুপি চুপি পিছন থেকে পৃথিবীর চোধ টিপে ধরবে বলে— সোনার রেখায় রেখায় কৌতুকের মৃচক্ষে-ছালি।

সামনে বাঁ-দিকে একদল নারকেলগাছ, স্থার্থ ও ডির উপর সিধে হয়ে দাঁড়াতে পারে নি, পরস্পরের দিকে তাদের হেলাহেলি। নিত্যদোলায়িত শাধায় শাধায় স্থের আলো ওরা ছিটিয়ে ছিটিয়ে দিচ্ছে, চঞ্চল ছেলেরা বেমন নদীর ঘাটে জল-ছোঁড়াছু ড়ি করে। সকালের আকাশে ওদের এই অবগাহনম্বান।

এটা একজন চিনীয় ধনীর বাড়ি। আমরা তাঁর অতিথি। প্রশন্ত বারান্দায় বেতের কেদারায় বদে আছি। সমৃদ্রের দিক থেকে বৃক ভরে বইছে পশ্চিমে হাওয়া। চেয়ে দেখছি, আকাশের কোণে কোণে দলভাঙা মেঘগুলি প্রাবণের কালো উদি ছেড়ে ফেলেছে, এখন কিছুদিনের জন্তে স্র্বের আলোর সঙ্গে ওদের সন্ধি। আমার অস্পষ্ট ভাবনাগুলোর উপর ঝরে পড়ছে কম্পমান নারকেলপাতার ঝরঝর শব্দের বৃষ্টি, বালির উপর দিয়ে ভাঁটার সমৃদ্রের পিছু-হটার শব্দ ওরই সঙ্গে একই মৃত্ত্বরে মেলানো। ওদিকে পাশের ঘরে ধীরেন এসরাজ নিয়ে আপন মনে বাজিয়ে চলেছে— ভৈরেঁ। থেকে রামকেলি, রামকেলি থেকে ভৈরবী; আস্তে আস্তে অকেজো মেঘের মতো খেয়ালের হাওয়ায় বদল হচ্ছে রাগিণীর আক্তি।

আজ সকালে মনটা ষেন ভাঁটার সমৃত্র, তীরের দিক টানছে তাকে কোন্ দিকে তার ঠিকানা নেই। আপনাকে আপন সর্বাক্তে স্বাস্থঃকরণে ভরপুর মেলে দিয়ে বসে আছি, নিবিড় তক্ষপল্লবের শ্রামলতায় আবিষ্ট রোদ-পোয়ানো ওই ছোটো দ্বীপটির মতো।

আমার মধ্যে এই ঘনীভূত অমুভবটিকে বলা বেতে পারে হওয়ার আনন্দ। রূপে রঙে আলােয় ধ্বনিতে আকাশে অবকাশে ভরে-ওঠা একটি মৃতিমান সমগ্রতা আমার চিতের উপরে ঘা দিয়ে বলছে "আছি"; তারই জগতে আমার চৈতেয় উছলে উঠছে; সমৃদ্রকল্লােলেরই মতাে একতান শব্দ জাগছে, ওম্, অর্থাৎ এই-বে আমি। বিরাট একটা "না", হাঁ-করা তার মৃথগহ্বর, প্রকাশু তার শৃত্ত— তারই সামনে ওই নারকেলগাছ দাঁড়িয়ে, পাতা নেড়ে নেড়ে বলছে, এই-বে আমি। ছঃসাহসিক সন্তার এই স্পর্ধা গভীর বিশ্বয়ে বাজছে আমার মনে, আর ধীরেন ওই-বে ভৈরবীতে মীড় লাগিয়েছে সেও যেন বিশ্বসন্তার আত্মঘোষণা, আপন কম্পমান হরের ধ্বজাটিকে অসীম শৃত্তের মাঝধানে তুলে ধরেছে।

এই তো হল "হওয়া"। এইখানেই শেষ নেই। এর সঙ্গে আছে করা।
সম্ত্র আছে অন্তরে অন্তরে নিস্তর্ক, কিন্তু তার উপরে উপরে উঠছে তেউ, চলছে জোয়ার
ভাঁটা। জীবনে করার বিরাম নেই। এই করার দিকে কত প্রয়াস, কত উপকরণ,
কত আবর্জনা। এরা সব জমে জমে কেবলই গণ্ডী হয়ে ওঠে, দেয়াল হয়ে দাড়ায়।
এরা বাহিরে সমগ্রতার ক্ষেত্রকে, অন্তরে পরিপূর্ণতার উপলব্ধিকে, টুকরো টুকরো করতে
থাকে। অহমিকার উত্তেজনায় কর্ম উদ্ধৃত হয়ে, একান্ত হয়ে, আপনাকে সকলের আগে
ঠেলে তোলে; হওয়ার চেয়ে করা বড়ো হয়ে উঠতে চায়। এতে ফ্লান্ডি, এতে অশান্তি,

এতে মিখ্যা। বিশ্বকর্মার বাঁশিতে নিম্নতই বে ছুটির স্থর বাব্দে এই কারণেই সেটা শুনতে পাই নে; সেই ছুটির স্থরেই বিশ্বকাঞ্জের ছন্দ বাঁধা।

সেই স্বাটি আজ সকালের আলোতে ওই নারকেলগাছের তানপুরার বাজছে। ওথানে দেখতে পাচ্ছি, শক্তির রূপ আর মৃক্তির রূপ অনবচ্ছিত্র এক। এতেই শান্তি, এতেই সৌন্দর্য । জীবনের মধ্যে এই মিলনটিই তো খুঁজি— করার চিরবহমান নদীধারায় আর হওরার চিরগন্তীর মহাসমৃদ্রে মিলন। এই আত্মপরিতৃপ্ত মিলনটিকে লক্ষ্য করেই গীতা বলেছেন, "কর্ম করো, ফল চেয়ো না।" এই চাওয়ার রাহুটাই কর্মের পাত্র থেকে তার অমৃত তেলে নেবার জল্ঞে লালায়িত। ভিতরকার সহক্ষ হওরাটি সার্থক হয় বাইরের নার্থ প্রবল হয়ে উঠলেই কর্ম হয় বছন ; সেই বন্ধনেই জড়িত বত হিংলা ঘেষ দ্বর্মা, নিজেকে ও অন্তকে প্রবঞ্জনা। এই কর্মের ত্বংগ, কর্মের অগোরব, বখন অসহ্ছ হয়ে ওঠে তথন মাছ্য বলে বলে "দ্র হোক গে, কর্ম ছেড়ে দিয়ে চলে বাই।" তথন আবার আহ্বান আনে, কর্ম ছেড়ে দিয়ে কর্ম থকে নিছতি নেই ; করাতেই হওয়ার আত্মপ্রকাশ। বাহ্ন ফলের ঘারা নয়, আপন অন্তনিহিত সত্যের ঘারাই কর্ম সার্থক হোক, তাতেই হোক মৃক্তি।

ফল-চাওয়া কর্মের নাম চাকরি, সেই চাকরির মনিব আমি নিজেই হই বা অন্তেই হোক। চাকরিতে মাইনের জন্মেই কান্ধ, কান্ধের জন্মে কান্ধ নয়। কান্ধ তার নিজের ভিতর থেকে নিজে যখন কিছুই রস জোগায় না, সম্পূর্ণ বাইরে থেকেই যখন আপন দাম निम, ज्थनरे माश्यक रम ज्यमान करता। मर्जलाक श्राम्यन यस जिनिमिशिक একেবারেই অস্বীকার করতে পারি নে। বেঁচে থাকবার জত্তে আহার করতেই হবে। বলতে পারব না, "নেই বা করলেম।" সেই আবশুকের তাড়াতেই পরের বারে মানুষ উমেদারি করে, আর সেই সঙ্গেই তত্তজানী ভাবতে থাকে কী করনে এই কর্মের জড় यांत्रा यांत्र। विद्यारी यांत्र्य वत्न वत्न, विद्यागात्रवाच्य्रम्। वर्षार, এउই क्य थाव, কম পরব, রৌদ্রবৃষ্টি এমন করে সহু করতে শিখব, দাসত্তে প্রবৃত্ত করবার জন্মে প্রকৃতি আমাদের জন্মে যতরকম কানমলার ব্যবস্থা করেছে সেগুলোকে এতটা এড়িয়ে চলব যে. কর্মের দায় অত্যন্ত হালকা হয়ে যাবে। কিন্তু, প্রক্রতির কাজে ভুধু কানমলার তাড়া त्नहे, त्नहे मत्म तत्मत त्यांगान चाह्न। এक मित्क क्यांग्र तम्म घःथ, चात-এक मित्क রসনায় দেয় স্থ— প্রকৃতি একই সচ্চে ভয় দেখিয়ে আর লোভ দেখিয়ে আমাদের কাজ করায়। সেই লোভের দিক থেকে আমাদের মনে জনায় ভোগের ইচ্ছা। বিদ্রোহী মামুষ বলে, ওই ভোগের ইচ্ছাটা প্রকৃতির চাতুরী, ওইটেই মোহ, ওটাকে ভাড়াও, वरला, रिवागारमवाखन्नम्-- मानव ना प्रःथ, ठाइव ना स्थ।

ছ-চারজন মাহ্র এমনতরো স্পধা করে ঘরবাড়ি ছেড়ে বনে জন্মল ফলমূল থেরে কাটাতে পারে, কিন্তু সব মাহ্রবই ধদি এই পন্থা নেয় তা হলে বৈরাগ্য নিয়েই পরস্পর লড়াই বেধে যাবে— তথন বন্ধলে কুলোবে না, গিরিগহ্বরে ঠেলাঠেলি ভিড় হবে, ফলমূল যাবে উজাড় হয়ে। তথন কপ্নিপরা ফৌজ মেশিন-গান বের করবে।

শাধারণ মাথবের সমস্থা এই বে, কর্ম করতেই হবে। জীবনধারণের গোড়াতেই প্রয়োজনের তাড়া আছেই। তব্ও কী করলে কর্ম থেকে প্রয়োজনের চাপ বথাসম্ভব হালকা করা বেতে পারে। অর্থাৎ, কী করলে কর্মে পরের দাসত্বের চেয়ে নিজের কর্তৃত্বটা বড়ো হয়ে দেখা দেয়। কর্ম থেকে কর্তৃত্বকে বতই দূরে পাঠানো বাবে কর্ম ততই মজ্রির বোঝা হয়ে মাথুষকে চেপে মারবে; এই শুদ্রত্ব থেকে মাথুষকে উদ্ধার করা চাই।

একটা কথা মনে পড়ে গেল। সেদিন যথন শিলঙে ছিলেম, নন্দলাল কার্দিয়ঙ থেকে পোন্টকার্ডে একটি ছবি পাঠিয়েছিলেন। স্থাকরা চার দিকে ছেলেমেয়েদের নিয়ে চোথে চশমা এটে গয়না গড়ছে। ছবির মধ্যে এই কথাটি পরিক্টে যে, এই স্থাকরার কাজের বাইরের দিকে আছে তার দর, ভিতরের দিকে আছে তার আদর। এই কাজের ঘারা স্থাকরা নিছক নিজের অভাব প্রকাশ করছে না, নিজের ভাবকে প্রকাশ করছে; আপন দক্ষতার গুণে আপন মনের ধ্যানকে মৃতি দিছে। মৃথ্যত এ-কাজটি তার আপনারই, গৌণত যে-মায়্র্য পয়সা দিয়ে কিনে নেবে তার। এতে করে ফলকামনাটা হয়ে গেল লঘু, মৃল্যের সঙ্গে অমৃল্যাতার সামগ্রস্থ হল, কর্মের শুদ্রুত্ব গেল ঘুচে। এককালের বিণিককে সমাজ অবজ্ঞা করত, কেননা, বিণক কেবল বিক্রিকরে, দান করে না। কিন্তু, এই স্থাকরা এই যে গয়নাটি গড়লে তার মধ্যে তার দান এবং বিক্রি একই কালে মিলে গেছে। সে ভিতর থেকে দিয়েছে, বাইরে থেকে জ্যোয়ায় নি।

ভূত্যকে রেখেছি তাকে দিয়ে ঘরের কাজ করাতে। মনিবের সঙ্গে তার মহুশ্বতের বিচ্ছেদ একান্ত হলে সেটা হয় যোলো-আনা দাসত্ব। যে-সমাজ লোভে বা দান্তিকভার মাহযের প্রতি দরদ হারায় নি সে-সমাজ ভূত্য আর আত্মীয়ের সীমারেখাটাকে যভদূর সন্তব ফিকে করে দেয়। ভূত্য সেখানে দাদা খুড়ো জ্বেঠার কাছাকাছি গিয়ে পৌছয়। তখন তার কাজটা পরের কাজ না হয়ে আপনারই কাজ হয়ে ওঠে। তখন তার কাজের ফলকামনাটা যায় যথাসন্তব ঘূচে। সে দাম পায় বটে, তবুও আপনার কাজ সে দাম করে, বিক্রি করে না।

खबत्रां कि कोठित्रां वास्त्र हि, शोत्रांना शोक्रक श्रांत्र हित्र विन जालावात ।

সেখানে ভার ছধের ব্যবদারে ফলকামনাকে তুচ্ছ করে দিরেছে ভার ভালোবাসায়; কর্ম করেও কর্ম থেকে ভার নিজ্য মৃক্তি। এ গোরালা শৃত্র নর। বে-গোরালা ছধের দিকে দৃষ্টি রেখেই গোরু পোকে, কসাইকে গোরু বেচতে বার বাধে না, সেই হল শৃত্র; কর্মে ভার অগোরব, কর্ম ভার বন্ধন। বে-কর্মের অভরে মৃক্তি নেই, বেহেতু ভাতে কেবল লোভ, ভাতে প্রেমের অভাব, সেই কর্মেই শৃত্রদ্ধ। জাত-শৃত্রেরা পৃথিবীতে অনেক উচু উচু আসন অধিকার করে বসে আছে। ভারা কেউ-বা শিক্ষক, কেউ-বা বিচারক, কেউ-বা শাসনকর্ভা, কেউ-বা ধর্মযাজক। কত ঝি, লাই, চাকর, মালী, কুমোর, চাবি আছে বারা ওকের মতো শৃত্র নয়— আজকের এই রোজে-উজ্জল সমৃত্রভীরের নারকেল-গাছের মর্মরে ভাদের জীবনসংগীতের মূল সুরটি বাজছে।

यमाक

२৮८५ जुनाई ३२२१

6

#### কল্যাণীয়াস

এখনই তুলো মাইল দূরে এক জারগায় বেতে হবে। সকলেই সাজসক্ষা করে জিনিসপত্র বেঁধে প্রস্তুত্ত ; কেবল আমিই তৈরি হয়ে নিতে পারি নি। এখনই রেল-গাড়ির উদ্দেশে মোটরগাড়িতে চড়তে হবে। দ্বারের কাছে মোটরগাড়ি উছত তারস্বরে মাঝে মাঝে শৃক্ষবনি করছে— আমাদের সকীদের কঠে তেমন জাের নেই, কিন্তু তাদের উৎকণ্ঠা কম প্রবল নর। অতএব, এইখানেই উঠতে হল। দিনটি চমৎকার। নারকেলগাছের পাতা ঝিল্মিল্ করছে, ঝর্ঝর্ করছে, তলে তলে উঠছে, সামনেই সমৃত্র স্বগত-উক্তিতে অবিঞ্জাম কলধ্বনিম্পরিত।

য়লাকা

७० तम खूनाई. १२२१?

9

#### कनागीयाञ्

রানী, এপেছি গিয়ানয়ার রাজবাড়িতে। মধ্যাহ্নভোজনের পূর্বে স্থনীতি রাজবাড়ির ব্রাহ্মণ পুরোহিতদের নিয়ে খুব আসর জমিয়ে তুলেছিলেন। থেতে বসে রাজা আমাকে বললেন একটু সংস্কৃত আওড়াতে। ত্র-চার রকমের শ্লোক আওড়ানো গেল। স্থনীতি

#### > श्रीवर्श निर्वलक्षात्री मश्लानवीयक निष्छ।

একটি স্নোকের পরিচয় দিতে গিয়ে ষেমনি বললেন "শার্দ্ লবিক্রীড়িত" অমনি রাজা সেটা উচ্চারণ করে জানালেন, তিনিও জানেন। এখানকার রাজার মুখে জড বড়ো একটা কড়া সংস্কৃত শব্দ জনে আমি তো আশ্চর্য। তার পরে রাজা বলে গেলেন, শিখরিণী, লগ্ধরা, মালিনী, বসম্ভতিলক, আরো কডকগুলো নাম যা আমাদের অলংকারশাল্রে কখনো পাই নি। বললেন, তাঁদের ভাষায় এ-সব হন্দ প্রচলিত। অখচ, মন্দাকান্তা বা অম্বান্ধত এঁরা জানেন না। এখানে ভারতীয় বিদ্যার এই-সব ভাঙাচোরা মুতি দেখে মনে হন্ন যেন ভ্মিকম্প হয়ে একটা প্রাচীন মহানগরী ধ্বসে গিয়েছে, মাটির নীচে বদে গিয়েছে— সেই-সব জায়গায় উঠেছে পরবর্তী কালের মরবাড়ি চাষ-জাবাদ; আবার অনেক জায়গায় সেই পুরোনো কীতির অবশেষ উপরে জেগে, এই ত্ইয়ে মিলে জোড়া-তাড়া দিয়ে এখানকার লোকালয়।

সেকালের ভারতবর্ধের ঘা-কিছু বাকি আছে তার থেকে ভারতের তথনকার কালের বিবরণ অনেকটা আন্দান্ত করা যায়। এখানে হিন্দুধর্ম প্রধানতই নৈব। হুর্গা আছেন কিন্তু কপালমালিনী লোলরসনা উলঙ্গিনী কালী নেই। কোনো দেবতার কাছে পশুবলি এরা জ্ঞানে না। কিছুকাল আগে অখমেধ প্রভৃতি ঘল্ল উপলক্ষে পশুবধ হত, কিন্তু দেবীর কাছে জীবরক্ত নৈবেছ দেওয়া হত না। এর থেকে বোঝা যায়, তথনকার ভারতবর্ধে ব্যাধ-শবরদের উপাস্ত দেবতা উচ্চ শ্রেণীর হিন্দুমন্দিরে প্রবেশ করে রক্তা-ভিষক্ত দেবপৃদ্ধা প্রচার করেন নি।

তার পরে রামায়ণ-মহাভারতের যে-সকল পাঠ এ দেশে প্রচলিত আমাদের দেশের সঙ্গে তার অনেক প্রভেদ। যে যে হানে এদের পাঠাস্তর তার সমস্তই যে অশুদ্ধ, এমন কথা জাের করে বলা যায় না। এখানকার রামায়ণে রাম সীতা ভাই-যােন; সেই ভাই-বােনে বিবাহ হয়েছিল। একজন ওলনাজ পণ্ডিতের সঙ্গে আমার কথা হচ্ছিল; তিনি বললেন, তাঁর মতে এই কাহিনীটাই প্রাচীন, পরবর্তীকাল এই কথাটাকে চাপা দিয়েছে।

এই মতটাকে যদি সতা বলে মেনে নেওরা যায় তা হলে রামায়ণ-মহাভারতের মধ্যে মন্ত কয়েকটি মিল দেখতে পাই। ছটি কাহিনীরই মূলে ছটি বিবাহ। ছটি বিবাহই আর্যরীতি অহসারে অসংগত। ভাই-বোনে বিবাহ বৌদ্ধ ইতিহাসে কোনো কোনো লায়গায় শোনা যায়, কিন্তু সেটা আমাদের সম্পূর্ণ শান্তবিক্ষম। অন্ত দিকে এক স্থাকে পাঁচ ভাইয়ে মিলে বিবাহও তেমনি অত্ত ও অশান্তীয়। দিতীয় মিল হচ্ছে ছই বিবাহেরই গোড়ায় অন্তপরীক্ষা, অথচ সেই পরীক্ষা বিবাহযোগ্যতা প্রসক্ষে নির্ম্বক। ছতীয় মিল হচ্ছে, ছটি কন্তাই মানবীপর্তজাত নয়; সীতা পৃথিবীর কন্তা, হলমেখার

মৃথে কুড়িয়ে-পাওয়া; রুক্ষা যক্তসম্ভবা। চতুর্থ মিল হচ্ছে, উভয়ত্রই প্রধান নায়কদের রাজ্যচ্যতি ও স্ত্রীকে নিম্নে বনগমন। পঞ্চম মিল হচ্ছে, ছই কাহিনীতেই শক্রম হাতে স্ত্রীর অবমাননা ও সেই অবমাননার প্রতিশোধ।

সেই জন্মে আমি পূর্বেই অক্সত্র এই মত প্রকাশ করেছি বে, মৃটি বিবাহই রূপকমূলক। রামায়ণের রূপকটি খ্বই স্পষ্ট। ক্লবির হলবিদারণরেথাকে বদি কোনো রূপ
দিতেই হয় তবে তাকে পৃথিবীর কলা বলা বেতে পারে। শশুকে বদি নবদ্বাদলখাম
রাম বলে কল্পনা করা যায় তবে সেই শশুও তো পৃথিবীর পুত্র। এই রূপক অমুসারে
উভয়ে ভাইবোন, আর পরস্পর পরিণয়বদ্ধনে আবদ্ধ।

হরধন্তকের মধ্যেই রামায়ণের মূল অর্থ। বস্তুত সমস্তটাই হরধন্তকের ব্যাপার— দীতাকে গ্রহণ রক্ষণ ও উদ্ধারের জ্ঞাে। আর্যাবর্তের পূর্ব অংশ থেকে ভারতবর্ধের দক্ষিণ প্রান্ত পর্যন্ত কৃষিকে বহন করে ক্ষত্রিয়দের যে-অভিযান হয়েছিল সে সহজ্ঞ হয় নি; তার পিছনে ঘরে-বাইরে মন্ত একটা হল্ম ছিল। সেই ঐতিহাসিক ছল্মের ইতিহাস রামায়ণের মধ্যে নিহিত, অরণ্যের সঙ্গে কৃষিক্ষেত্রের ঘন্দ।

মহাভারতে থাগুববন-দাহনের মধ্যেও এই ঐতিহাসিক বন্দের আভাস পাই। সেও বনের গাছপালা পোড়ানো নয়, সেদিন বন যে প্রতিকৃল মানবশক্তির আপ্রয় ছিল তাকে ধ্বংস করা। এর বিহুদ্ধে কেবল-যে অনার্য তা নয়, ইন্দ্র বাদের দেবতা তাঁরাও ছিলেন। ইন্দ্র বৃষ্টিবর্ষণে থাগুবের আগুন নেবাবার চেষ্টা করেছিলেন।

মহাভারতেরও অর্থ পাওয়া যায় লক্ষ্যবেধের মধ্যে। এই শৃশুস্থিত লক্ষ্যবেধের মধ্যে এমন একটি সাধনার স'কেত আছে যে, একাগ্রসাধনার হারা ক্ষাকে পাওয়া যায়; আর এই যজ্জসম্ভবা কৃষ্ণা এমন একটি তম্ব হাকে নিয়ে একদিন ভারতবর্ধে বিষম হম্ব বেধে গিয়েছিল। একে একদল স্বীকার করেছিল, একদল স্বীকার করে নি। কৃষ্ণাকে পঞ্চ পাওব গ্রহণ করেছিলেন, কিন্তু কৌরবেরা তাঁকে অপমান করতে ক্রাট করেন নি। এই যুদ্ধে কৃষ্ণসেনাপতি ছিলেন রাহ্মণ লোণাচার্য, আর পাওববীর অর্কুনের সার্মণি ছিলেন কৃষ্ণ। রামের অন্ত্রদীক্ষা যেমন বিশ্বামিত্রের কাছ থেকে, অর্কুনের যুদ্ধদীক্ষা তেমনি কৃষ্ণের কাছ থেকে। বিশ্বামিত্র স্বয়ং লড়াই করেন নি, কিন্তু লড়াইয়ের প্রেরণা তাঁর কাছ থেকে; কৃষ্ণও স্বয়ং লড়াই করেন নি কিন্তু কৃষ্ণকের্যুদ্ধের প্রবর্তন করেছিলেন তিনি; ভগবদ্দীতাতেই এই যুদ্ধের সত্যা, এই যুদ্ধের ধর্ম, ঘোষিত হয়েছে— সেই ধর্মের সঙ্গে কৃষ্ণ একাত্মক, যে-কৃষ্ণ কৃষ্ণার স্বা, অপমানকালে কৃষ্ণা হাঁকে স্বরণ করেছিলেন বলে তাঁর লক্ষা রক্ষা হয়েছিল, যে-কৃষ্ণের স্বাননার জ্ফোই পাণ্ডবদের রাজস্ম্রয়স্ক। রাম দীর্যকাল সীতাকে নিয়ে যে-বনে ভ্রমণ করেছিলেন সে ছিল অনার্যদের বন, আর

ফ্রুক্টাকে নিম্নে পাগুবেরা ফিরেছিলেন ষে-বনে সে ছচ্ছে ব্রাহ্মণ ঋষিদের বন। পাগুবদের সাহচর্ষে এই বনে ক্রুফার প্রবেশ ঘটেছিল। সেখানে ক্রুফা তাঁর অক্ষয় অন্নপাত্র থেকে অতিথিদের অন্নদান করেছিলেন। ভারতবর্ষে একটা হল্ব ছিল অরপ্যের সঙ্গে ক্রুক্টিরের, আর-একটা হল্ব বেদের ধর্মের সঙ্গে ক্রুক্টের ধর্মের। লক্ষা ছিল অনার্যশক্তির পুরী, সেইখানে আর্যের হল জয়; ক্রুক্টেরে ছিল ক্রুক্টবিরোধী কৌরবের ক্লেত্ত্র, শোইখানে ক্রুক্টভক্ত পাগুব জয়ী হলেন। সব ইতিহাসেই বাইরের দিকে অন্ন নিয়ে যুদ্ধ, আর ভিতরের দিকে তব্ব নিয়ে যুদ্ধ। প্রজা বেড়ে যায়, তথন খাছা নিয়ে হ্লান নিয়ে টানাটানি পড়ে, তথন নব নব ক্লেত্ত্র ক্রমিকে প্রসারিত করতে হয়। চিত্তের প্রসার বেড়ে যায়, তথন যায়া সংকীর্ণ প্রথাকে আঁকড়ে থাকে তাদের সঙ্গে হল্ব বাধে যায়া সভ্যকে প্রশন্ত ও গভীর ভাবে গ্রহণ করতে চায়। এক সময়ে ভারতবর্ষে ত্ই পক্ষের মধ্যে বিরোধ প্রবল হয়েছিল; এক পক্ষ বেদমন্ত্রকেই ব্রন্ধ বলতেন, অন্থ পক্ষ বন্ধমে গ্রমাত্মা বলে জেনেছিলেন। বৃদ্ধদেব যথন তাঁর ধর্মপ্রচার শুক্ষ করেন তার পূর্বেই ব্রাহ্মণে ক্ষত্তিয়ে মতের হল্ব তাঁর পথ অনেকটা পরিষ্কার করে দিয়েছে।

রামায়ণ-মহাভারতের মধ্যে ভারতবর্ষের যে মূল ইতিহাস নানা কাহিনীতে বিন্ধড়িত, তাকে স্পষ্টতর করে দেখতে পাব যথন এখানকার পাঠগুলি মিলিয়ে দেখবার স্থযোগ হবে। কথায় কথায় এখানকার একজনের কাছে শোনা গেল যে, দ্রোণাচার্য ভীমকে কৌশলে বধ করবার জ্বল্যে কোনো-এক জ্বসাধ্য কর্মে পাঠিয়েছিলেন। দ্রুপদ-বিদ্বেষী দ্রোণ যে পাগুবদের জ্বযুক্ত ছিলেন না, তার হয়তো প্রমাণ এখানকার মহাভারতে জ্বাছে।

রামায়ণের কাহিনী সম্বন্ধে আর-একটি কথা আমার মনে আসছে, সেটা এখানে বলে রাখি। ক্ববির ক্ষেত্র ত্রকম করে নষ্ট হতে পারে— এক বাইরের দৌরাজ্যো, আর-এক নিজের অথত্বে। যথন রাবণ দীতাকে কেড়ে নিয়ে গেল তথন রামের সঙ্গে দীতার আবার মিলন হতে পেরেছিল। কিন্তু, যথন অথত্বে অনাদরে রামদীতার বিচ্ছেদ ঘটল তথন পৃথিবীর কত্যা দীতা পৃথিবীতেই মিলিয়ে গেলেন। অথত্বে নির্বাদিতা দীতার গর্ভে যে-যমক্ষ সন্তান জন্মেছিল তাদের নাম লব কুল। লবের মূল ধাতৃগত অর্থ ছেদন, কুলের অর্থ জানাই আছে। কুল ঘাদ একবার জন্মালে ফদলের থেতকে-বে কিরকম নষ্ট করে দেও জানা কথা। আমি যে-মানেটা আন্দান্ধ করছি দোটা যদি একেবারেই অগ্রান্থ না হয় তা হলে লবের দক্ষে কুলের একত্র জন্মানোর ঠিক তাৎপর্য কী হতে পারে, এ কথা আমি পণ্ডিতদের জিজ্ঞাসা করি।

জন্তদের চিঠি থেকে থবর পেয়ে থাকবে যে, এখানে আমরা প্রকাণ্ড একটা অস্টেসংকারের অম্ঠান দেখতে এসেছি। মোটের উপরে এটা কতকটা চীনেদের মতো— তারাও অস্ক্রেষ্টিকিয়ায় এইরকম ধুমধাম সাক্ষসক্ষা বাজনাবান্ত করে থাকে। কেবল মন্ত্রোচ্চারণ প্রভৃতির ভিন্দিটা হিন্দুদের মতো। দাহকিয়াটা এরা হিন্দুদের কাছ থেকে নিয়েছে। কিন্ধু, কেমন মনে হয়, ওটা বেন অস্করের সঙ্গে নেয় নি। হিন্দুরা আত্মাকে দেহের অতীত করে দেখতে চায়, তাই মৃত্যুর পরেই পুড়িয়ে কেলে দেহের মমতা থেকে একেবারে মৃক্তি পাবার চেষ্টা করে। এখানে মৃতদেহকে অনেক সময়েই বহু বংসর ধরে রেথে দেয়। এই রেথে দেবার ইচ্ছেটা করর দেবার ইচ্ছেরই সামিল। এদের রীতির মধ্যে এরা দেহটাকে রেথে দেওয়া আর দেহটাকে পোড়ানো, এই ছই উলটো প্রথার মধ্যে যেন রফানিশান্তি করে নিয়েছে। মান্থবের মনঃপ্রকৃতির বিভিন্নতা ত্বীকার করে নিয়ে হিন্দুধর্ম রফানিশন্তিগুত্তে কত বিপরীত রকম রাজিনামা লিখে দিয়েছে ভার ঠিকানা নেই। ভেদ নষ্ট করে ফেলে হিন্দুধর্ম ঐক্যন্থাপনের চেষ্টা করে নি, ভেদ রক্ষা করেও সে একটা ঐক্য আনতে চেয়েছে।

কিছ, এমন ঐক্য সহজ নয় বলেই এর মধ্যে দৃঢ় ঐক্যের শক্তি থাকে না। বিভিন্ন বহুকে এক বলে স্বীকার করেও তার মাঝে মাঝে অলজ্মনীয় দেয়াল তুলে দিতে হয়। একে অবিচ্ছিন্ন এক বলা যায় না, একে বলতে হয় বিভক্ত এক। ঐক্য এতে ভারগ্রন্ত হয়, ঐক্য এতে শক্তিমান হয় না। আমাদের দেশের স্বধর্মাহরাগী অনেকেই বালিদীপের অধিবাসীদের আপন বলে স্বীকার করে নিতে উৎস্থক হবেন, কিন্তু সেই মুহুর্ভেই নিজের नभाक (थरक अरमत्र पृद्र ঠिकिया त्रांथरवन। এইখানে প্রতিযোগিতায় মুসলমানের मक्त जांभाष्ट्रत हांत्रराज्ये हा । भूमभनभारत भूमनभारत এक मूहूर्व्य मन्भूर्व क्लांफ़ लाग षात्र, हिन्मूर् हिन्मूर् जा नार्ण ना। এই क्लाइ हिन्मूत्र ঐका वापन विभून वान-প্রত্যংশ নিম্নে কেবলই নড়্করছে। মুসলমান ষেথানে আসে সেথানে সে-ষে-কেবল भोज जानन रन मिथिए वा युक्ति मिथिए वा চরিত্র দেখিয়ে সেখানকার লোককে আপন সম্প্রদায় ভূক্ত করে তা নয়, সে আপন সম্ভতিবিস্তার ঘারা সঞ্জীব ও ধারাবাহিক ভাবে আপন ধর্মের বিস্তার করে। স্বজাতির, এমন-কি, পরজাতির লোকের সঙ্গে বিবাহে তার কোনো বাধা নেই। এই অবাধ বিবাহের ছারা সে আপন সামাজিক অধিকার সর্বত্র প্রসারিত করতে পারে। কেবলমাত্র রক্তপাতের রান্তা দিয়ে নয়, রক্তমিঞ্চণের রাস্তা দিয়ে সে দূরে দূরাস্তরে প্রবেশ করতে পেরেছে। হিন্দু যদি তা পারত তা হলে বালিদ্বীপে হিন্দুধর্ম স্থায়ী বিশুদ্ধ ও পরিব্যাপ্ত হতে দেরি হত না।

গিয়ানয়ার

১ व्यानमें ३२२११

<sup>&</sup>gt; श्रीवडी निर्मनक्षात्री वर्मानविनटक निधिछ।

5

গোলমাল ঘোরাফেরা দেখালোনা বলাকওয়া নিমন্ত্রণ-আমন্ত্রণের ফাঁকে ফাঁকে ফাঁকে ঘখন-তথন ত্ব-চার লাইন করে লিখি, ভাবের স্রোভ আটকে আটকে ঘায়, তার সহজ্ব গতিটা থাকে না। একে চিঠি বলা চলে না। কেননা, এর ভিতরে ভিতরে কর্তব্য-পরায়ণতার ঠেলা চলছে — সেটাতে কাজকে এগিয়ে দেয়, ভাবকে হয়রান করে। পাথি-ওড়ায় আর ঘুড়ি-ওড়ায় তফাত আছে। আমি ওড়াচ্ছি চিঠির ছলে লেখার ঘুড়ি, কর্তব্যের লাঠাইয়ে বাঁধা, কেবলই হেঁচকে হেঁচকে ওড়াতে হয়।

ক্লান্ত হয়ে পড়েছি। দিনের মধ্যে ত্-তিনরকমের প্রোগ্রাম। নতুন নতুন কারগার বক্ততা নিমন্ত্রণ ইত্যাদি। গীতার উপদেশ যদি মানতুম, ফললাভের প্রত্যাশা ষদি না থাকত, তা হলে পাল-তোলা নৌকার মতো জীবনতরণী তীর থেকে তীরাহরে নেচে নেচে যেতে পারত। চলেছি উন্ধান বেয়ে, গুন টেনে, লগি ঠেলে, পাড় বেয়ে; পদে পদে জিব বেরিয়ে পড়ছে। আমৃত্যুকাল কোনোদিন কোথাও-যে সহজে ভ্রমণ করতে পারব সে আশা বিড়ম্বনা। পথ স্থদীর্ঘ, পাথেয় স্বল্প; অর্জন করতে করতে গর্জন করতে করতে, হোটেলে হোটেলে ডলার বর্জন করতে করতে, আমার ভ্রমণ— গলা চালিয়ে আমার পা চালানো। পথে বিপথে যেখানে-সেখানে আচমকা আমাকে বকৃতা করতে বলে, আমিও উঠে দাঁড়িয়ে বকে ধাই – আমেরিকায় মৃড়ি তৈরি করবার কলের মৃথ থেকে ষেমন মৃড়ি বেরোতে থাকে সেইরকম। হাসিও পায় ছ:খও ধরে। পৃথিবীর পনেরো-আনা লোক কবিকে নিয়ে সর্বসমক্ষে এইরকম অপদন্থ করভেই ভালোবাদে; বলে, "মেদেজ দাও।" মেদেজ বলতে কী বুঝায় সেটা ভেবে দেখো। সর্বসাধারণ-নামক নিবিশেষ পদার্থের উদাসীন কানের কাছে অত্যস্ত নিবিশেষ ভাবের উপদেশ দেওয়া, या কোনো বাস্তব মাহুষের কোনো বাস্তব কাজেই লাগে না। পরলোকগত বছসংখ্যক পিতৃপুরুষদের উদ্দেশে পাইকেরি প্রথায় পিণ্ডি দেওয়ার মতো— ষেহেতু সে-পিণ্ড কেউ খাম্ম না সেই জন্মে তাতে না আছে স্বাদ, না আছে শেভা। যেহেতু সেটা রসনাহীন ও ক্ষাহীন নামমাত্রের জন্ত উৎসর্গ-করা সেই জন্মে সেটাকে বথার্থ খাত করে তোলার জন্মে কারো গরজ নেই। মেসেজ-রচনা সেইরকম রচনা।

আজ বিকেলের গাড়িতে পিনাও ষেতে হবে। তার আগে, যদি স্থসাধ্য হয় তবে নাওয়া আছে, খাওয়া আছে; যদি তঃসাধ্য হয় তবু একটা মিটিঙে গিয়ে বক্ষতা আছে; ঘুম নেই, বিশ্রাম নেই, শাস্তি নেই, অবকাশ নেই— তার পরে স্থদীর্ঘ রেলমাত্রা, তার পরে স্টেশনে মাল্যগ্রহণ, জ্যাড়েস-প্রবণ, তত্ত্তরে বিনতিপ্রকাশ, তার পরে নতুন বাসায় নতুন জনতার মধ্যে জীবনযাত্রার নতুন ব্যবস্থা, তার পরে যোলোই ভারিথে জাহাজে চড়ে জাভায় যাত্রা; তার পরে নতুন অধ্যায়। ইতি

১৩ আগস্ট ১৯২৭ টাইপিঙ

2

#### कन्गानीमाञ्

বৌমা, মালয় উপদ্বীপের বিবরণ আমাদের দলের লোকের চিঠিপত্র থেকে নিশ্চয় পেয়েছ। ভালো করে দেখবার মতো, ভাববার মতো, লেখার মতো সময় পাই নি। কেবল বুরেছি আর বকেছি। পিনাঙ থেকে জাহাজে চড়ে প্রথমে জাভার রাজধানী বাটাভিয়ায় এসে পৌছনো গেল। আজকাল পৃথিবীর সর্বত্রই বড়ো শহর মাত্রই দেশের শহর নয়, কালের শহর। সবাই আধুনিক। সবাই মুখের চেহারায় একই, কেবল বেশভ্যায় কিছু তফাত। অর্থাৎ, কারো-বা পাগড়িটা ঝক্ঝকে কিন্তু জামায় বোভাম নেই, ধুতিথানা হাঁটু পর্যন্ত, হেঁড়া চাদরখানায় ধোপ পড়ে না, ষেমন কলকাতা; কারো-বা আগা-গোড়াই ফিট্ফাট্ ধোয়া-মাজা, উজ্জল বসনভূষণ, ষেমন বাটাভিয়া। শহরগুলোর মুখের চেহারা একই বলেছি, কথাটা ঠিক নয়। মুখ দেখা ষায় না, মুখোস দেখি। সেই মুখোসগুলো এক কারখানায় একই ছাঁচে ঢালাই করা। কেউ-বা সেই মুখোস পরিষ্কার পালিপ করে রাখে, কারো বা হেলায়-ফেলায় মলিন। কলকাতা আর বাটাভিয়া উভয়েই এক আধুনিক কালের কন্মা; কেবল জামাতারা স্বতন্ত্র, তাই আদর্যত্বে অনেক তফাত। শ্রীমতী বাটাভিয়ার সিঁথি থেকে চরণচক্র পর্যস্ত গম্বনার অভাব নেই। ভার উপরে সাবান দিয়ে পা মাজা-ঘষা ও অঙ্গলেপ দিয়ে ঔচ্ছল্যসাধন চলছেই। কলকাতার হাতে নোয়া আছে, কিন্তু বাজুবন্দ দেখি নে। তার পরে ষে-জ্বলে তার দ্বান সে-জ্বলও বেমন, আর বে-গামছায় গা-মোছা তারও সেই দশা। আমরা চিৎপুরবিভাগের পুরবাসী, বাটাভিয়ায় এসে মনে হয় ক্লফপক্ষ থেকে শুরুপক্ষে এলুম।

হোটেলের থাঁচায় ছিলেম দিন-তিনেক; অভ্যর্থনার ক্রটি হয় নি। সমস্ত বিবরণ বোধ হয় স্থনীতি কোনো-একসময়ে লিখবেন। কেননা, স্থনীতির বেমন দর্শনশক্তি ভেমনি ধারণাশক্তি। যত বড়ো তাঁর আগ্রহ তত বড়োই তাঁর সংগ্রহ। যা-কিছু তাঁর চোখে পড়ে সমস্তই তাঁর মনে জমা হয়। কণামাত্র নষ্ট হয় না। নষ্ট-যে হয় না সে দ্ব দিক থেকেই, রক্ষণে এবং দানে। তন্নষ্টং যন্নদীয়তে। বুঝতে পারছি, তাঁর হাতে আমাদের ভ্রমণের ইতিবৃত্ত লেশমাত্র ব্যর্থ হবে না, লুপ্ত হবে না।

বাটাভিয়া থেকে জাহাজে করে বালিদ্বীপের দিকে রওনা হলুম। ঘণ্টা করেকের জন্মে স্বরবায়া শহরে আমাদের নামিয়ে নিলে। এও একটা আধুনিক শহর; জাভার আন্দিক নয়, জাভার আহ্যন্তিক। আলাদিনের প্রদীপের মন্ত্রে শহরটাকে নিউজীলওে নিয়ে গিয়ে বসিয়ে দিলেও থাপছাড়া হয় না।

পার হয়ে এলেম বালিদ্বীপে; দেখলেম ধরণীর চিরযৌবনা মৃতি। এথানে প্রাচীন শতান্দী নবীন হয়ে আছে। এথানে মাটির উপর অয়পূর্ণার পাদপীঠ শ্রামল আন্তরণে দিগস্ত থেকে দিগস্তে বিস্তীর্ণ; বনচ্ছায়ার অঙ্কলালিত লোকালয়গুলিতে সচ্ছল অবকাশ। সেই অবকাশ উৎসবে অম্প্রানে নিত্যই পরিপূর্ণ।

এই দ্বীপটুক্তে রেলগাড়ি নেই। রেলগাড়ি আধুনিক কালের বাহন। আধুনিক কালিট অত্যন্ত রূপণ কাল, কোনো দিকে একটুমাত্র বাহল্যের বরাদ রাপতে চায় না। এই কালের মাহুষ বলে: Time is money। তাই কালের বাজেপরচ বন্ধ করবার জন্তে রেলের এঞ্জিন হাঁফাতে হাঁফাতে, ধোঁয়া ওগরাতে ওগরাতে, মেদিনী কম্পমান করে দেশদেশান্তরে ছুটোছুটি করে বেড়াচ্ছে। কিন্তু, এই বালিদ্বীপে বর্তমান কাল শত শত অতীত শতান্দী জুড়ে এক হয়ে আছে। এখানে কালসংক্ষেপ করবার কোনো দরকার নেই। এখানে যা-কিছু আছে তা চিরদিনের; যেমন একালের তেমনি সেকালের। শত্তুলি যেমন চলেছে নানা রঙের ফুল ফোটাতে ফোটাতে, নানা রসের ফল ফলাতে ফলাতে, এখানকার মাহুষ বংশপরম্পরায় তেমনি চলেছে নানা রূপে বর্ণে গীতে নৃত্যে অহুষ্ঠানের ধারা বহন করে।

রেলগাড়ি এখানে নেই কিন্তু আধুনিক কালের ভবঘুরে যারা এখানে আসে তাদের
জন্তে আছে মোটরগাড়ি। অতি অল্পকালের মধ্যেই তাদের দেখান্তনো ভোগ-করা
শেষ করা চাই। তারা আঁট-কালের মাহ্য এসে পড়েছে অপর্যাপ্ত-কালের দেশে।
এখানকার অরণ্য পর্বত লোকালয়ের মাঝখান দিয়ে ধুলো উড়িয়ে চলেছি আর কেবলই
মনে হচ্ছে, এখানে পায়ে হেঁটে চলা উচিত। যেখানে পথের হুই ধারে ইমারত সেখানে
মোটরের সঙ্গে সংক্র চক্ষুকে দৌড় করালে খুব বেশি লোকসান হয় না; কিন্তু
পথের হু ধারে যেখানে রূপের মেলা সেখানকার নিমন্ত্রণ সারতে গেলে গরক্তের মোটরটাকে
গারাক্রেই রেখে আসতে হয়। মনে নেই কি, শিকার করতে হুন্তন্ত যখন রখ
ছুটিয়েছিলেন তখন তার বেগ কত; এই হচ্ছে যাকে বলে প্রোগ্রেস, লক্ষ্যভেদ করবার
জন্তে তাড়াছড়ো। কিন্তু, তপোবনের সামনে এসে তাঁকে রথ ফেলে নামতে হল,

লক্ষাসাধনের লোভে নম্ব, তৃপ্তিসাধনের আশার। সিদ্ধির পথে চলা দৌড়ে, স্থলরের পথে চলা ধীরে। আধুনিক কালে সিদ্ধির লোভ প্রকাণ্ড, প্রবল; ভাই আধুনিক কালের বাহনের বেগ কেবলই বেড়ে যাচ্ছে। যা-কিছু গভীরভাবে নেবার যোগ্য, দৃষ্টি তাকে গ্রহণ না ক'রে স্পর্শ করেই চলে যায়। এখন হ্যাম্লেটের অভিনয় অসম্ভব হল, হ্যাম্লেটের সিনেমার হল জিত।

শামাদের মোটর যেখানে এসে থামল সেখানে এক বিপুল উৎসব। জায়গাটার নাম বাংলি। কোনো-এক রাজবংশের কার অস্ক্যেষ্টিক্রিয়া। এর মধ্যে শোকের চিহ্ন নেই। না থাকবারই কথা— রাজার মৃত্যু হয়েছে অনেকদিন আগে, এতদিনে তাঁর আত্মা, দেবসভায় উত্তীর্ণ, উৎসব তাই নিয়ে। বহু দ্র থেকে গ্রামের পথে পথে মেয়ে পৃক্ষবেরা ভারে ভারে বিচিত্ররক্ষমের নৈবেছ নিয়ে আসহে; যেন কোন্ প্রাণেবিভি যুগ হঠাৎ আমাদের চোথের সামনে বেঁচে উঠল; যেন অজস্তার শিল্পকলা চিত্রলোক থেকে প্রাণলোকে স্থের আলো ভোগ করতে এসেছে। মেয়েদের বেশভ্যা অজ্যার ছবিরই মতো। এখানে আবরণবিরলতার স্বাভাবিক আবর্ক স্কর্মর হয়ে দেখা দিল, সেটা চারি দিকের সঙ্গে স্থশংগত; এমন-কি, যে-কয়েকজন আমেরিকান মিশনরি দর্শকরূপে এখানে এসেছে, আশা করি, তারাও এই দৃশ্যের স্থশোভন স্কেচি সহজ্ব-মনে অম্বভব করতে পেরেছে।

যজ্ঞক্ষেত্র লোকে লোকারণা। এই উপলক্ষে দেখানে অনেকগুলি বাঁশের উচু মাচাবাঁধা ঘরে এখানকার ব্রাহ্মণেরা স্থাক্ষিত হয়ে, শিখা বেঁধে, ভূরি ভূরি থাভবন্ত্র ফলপুপ
পত্তের নৈবেভের মধ্যে নানারকম মূলা দহযোগে মন্ত্র পড়ছে; তারা কেউ-বা কতরকম
কর্যা-উপকরণ তৈরি করছে। কোথাও-বা এখানকার বহুযন্ত্রমিলিত সংগীত; একজারগার
তাঁব্র মধ্যে পৌরাণিক যাত্রার অভিনর। উৎসবের এত অতিরহং আহুষ্ঠানিক বৈচিত্র্য
আর কোথাও দেখি নি; অথচ কোথাও অস্কলর বা বিশৃষ্টল কিছু নেই; বিপুল
সমারোহে দৃশ্তরপটি বন্ধরাশির অসংলগ্নতায় বা জনতার ঠেলাঠেলিতে থগুবিথও হয়ে
বায় নি। এতগুলি মান্থরের সমাবেশ, অথচ গোলমাল বা নোংরামি বা অব্যবহা নেই।
উৎসবের অন্ধনিহিত স্কলর ঐক্যবন্ধনেই সমন্ত ভিড়ের লোককে আপনিই সংযত করে
বেঁধেছে। সমন্ত ব্যাপারটি এত বৃহৎ, এত বিচিত্র, আর আমাদের পক্ষে এত অপূর্ব যে,
এর বিন্তারিত বর্ণনা করা অসম্ভব। হিন্দু অম্প্রানবিধির সঙ্গে এ দেশের লোকের
চিন্তবৃত্তির মিল হয়ে এই বে স্কট্ট, এর রূপের প্রাচুর্যটিই বিশেষ করে দেখবার ও ভাববার
জিনিস। অপরিমিত উপকরণের হারা নিজেকে অন্সেষভাবে প্রকাশ করবার চেটা, সেই
প্রকাশ কেবলমাত্র বন্ধকে পৃঞ্জিত ক'রে নয়, তাকে নানা নিপুণ রীতিতে সক্ষিত ক'রে।

জাপানের সঙ্গে এখানকার প্রাক্ততিক অবস্থার মিল আছে। জাপানের মতোই এখানে দ্বীপটি আয়তনে ছোটো, অথচ এখানে প্রকৃতির রূপটি বিচিত্র, এবং তার স্ফাইশক্তি প্রচুরভাবে উর্বরা। পদে পদেই পাহাড় ঝরনা নদী প্রান্তর অরণ্য অগ্নিগিরি
সরোবর। অথচ, দেশটি চলাফেরার পক্ষে স্থাম, নদীপর্বতের পরিমাণ ছোটো;
প্রজাসংখ্যা বেশি, ভূমির পরিমাণ কম, এই জন্তে কৃষির উৎকর্ষ ধারা চাষের-যোগ্য
সমস্ত জমি সম্পূর্ণরূপে এরা চষে ফেলেছে; খেতে খেতে পর্যাপ্ত পরিমাণে জল সেঁচ
দেবার ব্যাপক ব্যবস্থা এ দেশে দীর্ঘকাল থেকে প্রচলিত। এখানে দারিস্র্য নেই, রোগ
নেই, জলবায়্ স্থকর। দেবদেবীবছল, কাহিনীবছল, অম্প্রানবছল পৌরাণিক হিন্দুধর্ম এখানকার প্রকৃতির সঙ্গে সংগত; সেই প্রকৃতি এখানকার শিল্পকলায়, সামাজিক
অম্প্রানে, বৈচিত্র্য ও প্রাচুর্যের প্রবর্তনা করেছে।

জাপানের সঙ্গে এর মস্ত একটা তফাত। জাপান শীতের দেশ; জাভা বালি গরমের দেশ। জাপান অন্য শীভের দেশের লোকের বিরুদ্ধে দাঁড়িয়ে আপনাকে রক্ষা করতে পারলে, জা ভা বালি তা পারে নি। আত্মরকার জন্মে যে দুঢ়নিষ্ঠ অধ্যবসায় দরকার এদের তা ছিল না। গরম হাওয়া প্রাণের প্রকাশকে ষেমন তাড়াতাড়ি পরিণত করে তেমনি তাড়াতাড়ি ক্ষয় করতে থাকে। মৃহুর্তে মৃহুর্তে শক্তিকে সে শিথিল করে, জীবনের অধ্যবসায়কে ক্লান্ত করে দেয়। বাটাভিয়া শহরটি-যে এমন নিখু ত ভাবে পরিপাটি পরিচ্ছন্ন তার কারণ, শীতের দেশের মান্থ্য এর ভার নিয়েছে; তাদের শীতের দেশের দেহে শক্তি অনেক কাল থেকে বংশামুক্রমে অন্থিতে মজ্জাতে পেশীতে স্বায়ুতে পুঞ্জীভূত; তাই তাদের অক্লান্ত মন দর্বত্র ও প্রতি মৃহুর্তে আপনাকে প্রয়োগ করতে পারে। আমরা क्वित्र विन, "यर्थिष्ट इरम्रह्म, जूमिन रायम, हरन यादा।" यन किनिमही क्वित्र अमरम् জিনিস নয়, শক্তির জিনিস। অহুরাগের আগুনকে জালিয়ে রাথতে শক্তির প্রাচূর্য চাই। শক্তিসঞ্চয় ষেথানে অল্প সেথানে আপনিই বৈরাগ্য এসে পড়ে। বৈরাগ্য নিজের উপর থেকে সমস্ত দাবি কমিয়ে দেয়। বাইরের অস্থবিধা, অস্বাস্থ্য, সমন্তই মেনে নেয়। নিজেকে ভোলাবার জন্মে বলতে চেষ্টা করে যে, ওগুলো সহু করার মধ্যে যেন মহত্ত আছে। যার শক্তি অজল সে সমন্ত দাবি মেনে নিতে আনন্দ পায়; এই জন্মেই সে জোরের সঙ্গে বেঁচে থাকে, ধ্বংসের কাছে সহজে ধরা দিতে চায় যুরোপে গেলে সব চেয়ে আমার চোথে পড়ে মান্তবের এই সদাজাগ্রভ বন্তু। যাকে বলি বিজ্ঞান, সায়ান্স, তার প্রধান লক্ষণ হচ্ছে জ্ঞানের অত্যে অপরাজিত ষ্মু। कार्था अन्तिक थोर्टिय ना, थिय्रानिक मानत्व ना, वनत्व ना "धरत्र निख्या याक", बनत्व না "সর্বজ্ঞ ঋষি এই কথা বলে গেছেন"। জ্ঞানের ক্ষেত্রে, নীতির ক্ষেত্রে, যখন আত্মশক্তির

ক্লান্তি আনে তথন বৈরাণ্য দেখা দেয়; সেই বৈরাণ্যের অষ্ণের ক্লেত্রেই ঋষিবাক্য, বেদবাক্য, গুরুবাক্য, মহাত্মাদের অষ্ণাসন, আগাছার জন্সলের মতো জেগে ওঠে—নিত্যপ্রশাসনাধ্য জ্ঞানসাধনার পথ কর করে ফেলে। বৈরাণ্যের অষণ্মে দিনে দিনে চারি দিকে যে প্রভূত আবর্জনার অবরোধ জমে ওঠে তাতেই মাহবের পরাভব ঘটায়। বৈরাণ্যের দেশে শিক্ষকলাতেও মাহ্য অন্ধ পুনরাবৃত্তির প্রদক্ষিণপথে চলে, এগোয় না, কেবলই ঘারে। মান্যাজের শ্রেষ্ঠী পঁয়জিশ লক্ষ টাকা থরচ করে, হাজার বছর আগে বেম্পির তৈরি হয়েছে ঠিক তারই নকল করবার জক্তে। তার বেশি তার সাহস নেই, ক্লান্ত মনের শক্তি নেই; পাথির অসাড় ভানা খাঁচার বাইরে নিজেকে মেলে দিতে আনন্দ পায় না। খাঁচার কাছে হার মেনে যে-পাথি চিরকালের মতো ধরা দিয়েছে সমস্ত বিশ্বের কাছে তাকে হার মানতে হল।

এ দেশে এসে প্রথমে আনন্দ হয় এখানকার সব অষ্ট্রানের বৈচিত্র্যেও সৌন্দর্যে।
তার পরে ক্রমে মনে সন্দেহ হতে থাকে, এ হয়তো থাঁচার সৌন্দর্য, নীড়ের সৌন্দর্য নয়
—এর মধ্যে হয়তো চিত্তের স্বাধীনতা নেই। অভ্যাসের ষম্রে নিখুঁত নকল শত শত
বংসর ধরে ধারাবাহিক ভাবে চলেছে। আমরা ধারা এখানে বাহির থেকে এসেছি
আমাদের একটা তুর্লভ স্থবিধা ঘটেছে এই ষে, আমরা অতীত কালকে বর্তমানভাবে
দেখতে পাছিছ। সেই অতীত মহৎ, সেই অতীতের ছিল প্রতিভা, বাকে বলে নবনবোম্মেশালিনী বৃদ্ধি; তার প্রাণশক্তির বিপুল উত্তম আপন শিল্পসৃষ্টির মধ্যে প্রচুরভাবে
আপন পরিচয় দিয়েছে। কিছু তবুও সে অতীত, তার উচিত ছিল বর্তমানের পিছনে
পড়া; সামনে এসে দাড়িয়ে বর্তমানকে দে ঠেকিয়ে রাখল কেন। বর্তমান সেই অতীতের
বাহনমাত্র হয়ে বলছে, "আমি হার মানলুম।" সে দীনভাবে বলছে, "এই অতীতকে
প্রকাশ করে রাখাই আমার কাজ, নিজেকে লুগু করে দিয়ে।" নিজের 'পরে বিশাস
করবার সাহস নেই। এই হক্তে নিজের শক্তি সম্বন্ধে বৈরাগ্য, নিজের 'পরে দাবি
যতদ্র সম্ভব কমিয়ে দেওয়া। দাবি স্বীকার করায় ত্বং আছে, বিপদ আছে, অতএব—
বৈরাগ্যমেবাভয়্ম, অর্বাৎ, বৈনাশ্রমেবাভয়ম্।

সেদিন বাংলিতে আমরা যে অনুষ্ঠান দেখেছি সেটা প্রেতাত্মার স্বর্গারোহণপর্ব।

মৃত্যু হয়েছে বছ পূর্বে; এতদিনে আত্মা দেবসভায় হান পেয়েছে বলে এই বিশেষ
উৎসব। স্থবতী-নামক জেলায় উব্দ-নামক শহরে হবে দাহক্রিয়া, আগামী পাঁচই
সেপ্টেম্বরে। ব্যাপারটার মধ্যে আরো অনেক বেশি সমারোহ থাকবে— কিন্তু তব্
লেই মান্ত্রাজি চেটির পঁয়ক্রিশ লক্ষ টাকার মন্দির। এ বছ বছ শতাব্দীর অন্ত্যেষ্টিক্রিয়া,
সেই অন্ত্যেষ্টিক্রিয়াই চলেছে, এর আর অন্ত নেই। এখানে অন্ত্যেষ্টিক্রিয়ার এত অসম্ভব-

রকম ব্যয় হয় যে স্থীর্ঘকাল লাগে তার আয়োঞ্জনে— য়ম আপন কাজ সংক্ষেপে ও সন্তায় সারেন কিন্তু নিয়ম চলে অতি লমা ও ত্যুঁল্য চালে। এথানে অতীত কালের অস্ত্যেষ্টিক্রিয়া চলেছে বছকাল ধরে, বর্তমানকালকে আপন সর্বন্ধ দিতে হচ্ছে তার ব্যয় বহন করবার জপ্তে।

এখানে এসে বারবার আমার এই কথা মনে হয়েছে যে, অতীতকাল যত বড়ো কালই হোক, নিজের সম্বন্ধে বর্তমানকালের একটা স্পধা থাকা উচিত; মনে থাকা উচিত, তার মধ্যে জয় করবার শক্তি আছে। এই ভাবটাকে আমি একটি ছোটো কবিতায় লিখেছি, সেটা এইখানে তুলে দিয়ে এই দীর্ঘ পত্র শেষ করি।

> নন্দগোপাল বৃক ফুলিয়ে এসে বললে আমায় হেসে, "আমার সলে লড়াই করে কথ্খনো কি পার।

বারে বরেই হার।"

আমি বললেম, "তাই বই কি! মিথ্যে তোমার বড়াই,

হোক দেখি তো লড়াই।"

"আচ্ছা, তবে দেখাই তোমায়" এই বলে সে ষেমনি টানলে হাত দাদামশায় তথ্খনি চিৎপাত।

সবাইকে সে আনলে ডেকে, চেঁচিয়ে নন্দ করলে বাড়ি মাত ॥

বারে বারে শুধায় আমায়, "বলো তোমার হার হয়েছে না কি।" আমি কইলেম, "বলতে হবে তা কি।

ধুলোর যথন নিলেম শরণ প্রমাণ তথন রইল কি আর বাকি।

এই কথা কি জান-

আমার কাছে, নন্দগোপাল, যথনই হার মান, আমারই সেই হার,

লজা সে আমার।

ধুলোয় ষেদিন পড়ব, ষেন এই জানি নিশ্চিত, তোমারই শেষ জিত।

ইতি ৩০শে আগস্ট ১৯২৭ কারেম আসন। বালি

## कन्यानीयाञ

মীরা, বেখানে বসে লিখছি এ একটা ভাকবাঙলা, পাহাড়ের উপরে। সকালবেলা লীভের বাতাস দিছে। আকাশে মেবগুলো দল বেঁধে আনাগোনা করছে, স্থাকে একবার দিছে ঢাকা, একবার দিছে খুলে। পাহাড় বললে বে-ছবি মনে জাগে এ একেবারেই সেরকম নয়। শৈলশিখরপ্রোণী কোথাও দেখা বাছে না— বারান্দা থেকে অনতিদ্রেই সামনে ঢালু উপত্যকা নেমে গিয়েছে, তলায় একটি ক্ষীণ জলের ধারা এঁকে বেঁকে চলেছে; সামনে অন্ত পারের পাড়ি অর্ধচন্দ্রের মতো, তার উপরে নারকেলবন আকাশের গায়ে সার বেঁধে গাড়িয়ে।

উপর থেকে নীচে পর্যম্ব থাকে থাকে শক্তের থেত। পাহাড়ের বৃক বেয়ে একটা ভাঙাচোরা পথ পরপারের গ্রামের থেকে জল পর্যম্ব নেমে গেছে। জলধারার কাছেই একটা উৎস। এই উৎসকে এ দেশের লোকে পবিত্র বলে জানে; সমস্ত দিন দেখি, মেয়েরা স্থান করে, জল তুলে নিয়ে যায়। এরা বলে, এই জলে স্থান করলে সর্ব পাপ মোচন হয়। বিশেষ বিশেষ পার্বণ আছে যখন বিস্তর লোক এখানে প্ণাস্থান করতে জাসে। এই জামগাটার নাম 'তীর্ত আম্পুল'। তীর্ত অর্থাৎ তীর্থ, আম্পুল মানে উৎস— উৎসতীর্থ।

এই উৎস সম্বন্ধে একটি গল্প আছে। বছকাল পূর্বে এক রাজার এক স্থানির মেয়ে ছিল। সেই মেয়েটি রাজার এক পারিষদকে ভালোবেসেছিল। পারিষদের মনেও যে ভালোবাসা ছিল না তা নয়, কিন্ধু রাজকভাকে বিয়ে করবার যোগ্য তার জাতিমর্বাদা নয় জেনে রাজার সম্মানের প্রতি লক্ষ্য করে রাজকভার ভালোবাসা কর্তব্যবোধে প্রভ্যাথ্যান করে। রাজকভা রাগ করে তার পানীয় জব্যে বিষ মিশিয়ে দেয়। য়্বক একট্র্থানি পান করেই ব্যাপারখানা ব্রুতে পারে, কিন্ধু পাছে রাজকভার নামে অপবাদ আদে তাই পালিয়ে এই জায়গাকার বনে এদে গোপনে মরবার জভে প্রস্তুত হয়। দেবতারা দয়া করে এই পূণ্য উৎসের জল খাইয়ে ভাকে বাঁচিয়ে দেন।

হিন্দু ভাবের ও রীতির সঙ্গে এদের জীবন কিরকম জড়িয়ে গেছে ক্ষণে ক্ষণে তার পরিচয় পেয়ে বিশ্বয় বোধ হয়। অথচ হিন্দুধর্ম এখানে কোথাও অমিপ্র ভাবে নেই; এখানকার লোকের প্রস্কৃতির সঙ্গে মিলে গিয়ে সে একটা বিশেষ রূপ ধরেছে; তার ভঙ্গীটা হিন্দু, অভটা এদের। প্রথম দিন এসেই এক জায়গায় কোন্-এক রাজ্ঞায় অস্ক্রেটিসংকার দেখতে গিয়েছিল্ম। সাজসজ্জা-আয়োজনের উপকরণ আমাদের সঙ্গে মেলে না; উৎসবের ভাবটা ঠিক আমাদের প্রাক্রের ভাব নয়; সমারোহের বাঞ্ছ দৃশ্রটা ভারভবর্ষের কোনো-কিছুর অস্তরূপ নয়; তব্ও এয় রক্মটা

আমাদের মতোই; মাচার উপরে এখানকার চূড়া-বাঁধা ব্রাহ্মণেরা ঘণ্টা নেড়ে ধূপধুনো জালিয়ে হাতের আঙুলে মুদ্রার তঙ্গী করে বিড়্বিড়্ শব্দে মন্ত্র পড়ে বাছে।
আর্ত্তিতে ও অমুষ্ঠানে কিছুমাত্র খলন হলেই সমস্ত অশুদ্ধ ও ব্যর্থ হয়ে বায়।
ব্রাহ্মণের গলায় পৈতে নেই। জিজ্ঞাসা করে জানা গেল, এরা 'গায়ত্রী' শব্দটা জানে
কিন্তু মন্ত্রটা ঠিক জানে না। কেউ বা কিছু কিছু টুকরো জানে। মনে হয়, এক
সময়ে এরা সর্বাহ্মীণ হিন্দুর্ম পেয়েছিল, তার দেবদেবী রীতিনীতি উৎসব-অমুষ্ঠান
প্রাণম্বতি সমস্তই ছিল। তার পরে ম্লের সঙ্গে যোগ বিচ্ছিয় হয়ে গেল, ভারতবর্ষ
চলে গেল দ্রে— হিন্দুর সম্ত্রঘাত্রা হল নিষিদ্ধ, হিন্দু আপন গত্তীর মধ্যে নিজেকে
কষে বাঁধলে, ঘরের বাইরে তার যে এক প্রশন্ত আঙিনা ছিল এ কথা সে
ভূললে। কিন্তু, সম্ত্রপারের আত্রীয়-বাড়িতে তার অনেক বাণী, অনেক মৃতি, অনেক
চিহ্ন, অনেক উপকরণ, পড়ে আছে বলে সেই আত্রীয় তাকে সম্পূর্ণ ভূলতে পারলে না।
পথে ঘাটে পদে পদে মিলনের নানা অভিজ্ঞান চোথে পড়ে। কিন্তু সেগুলির সংস্কার
হতে পায় নি বলে কালের হাতে সেই-সব অভিজ্ঞান কিছু গেছে ক্ষয়ে, কিছু বেঁকেচুরে,
কিছু গেছে লুপ্ত হয়ে।

সেই-সব অভিজ্ঞানের অবিচ্ছিন্ন সংগতি আর পাওয়া যায় না। তার অর্থ কিছু গেছে ঝাপসা হয়ে, কিছু গেছে টুকরো হয়ে। তার ফল হয়েছে এই, য়েখানে-য়েথানে ফাঁক পড়েছে সেই ফাঁকটা এখানকার মায়্রের মন আপন সৃষ্টি দিয়ে ভরিয়েছে। হিন্দুধর্মের ভাঙাচোরা কাঠামো নিয়ে এখানকার মায়্র আপনার একটা ধর্ম, একটা সমাজ, গড়ে তুলেছে। এখানকার এক সময়ের শিল্পকলায় দেখা যায় প্রোপুরি হিন্দুর প্রভাব; তার পরে দেখা যায় সে-প্রভাব ক্ষীণ ও বিচ্ছিন্ন। তব্ য়ে-ক্ষেত্রকে হিন্দু উর্বর করে দিয়ে গেছে সেই ক্ষেত্রে এখানকার স্বহানীয় প্রতিভা প্রচুরভাবে আপনার ফসল ফলিয়েছে। এখানে একটা বহুছিন্ত পুরোনো ইতিহাসের ভূমিকা দেখি; সেই আধ্বভালা ইতিহাসের ছেদগুলো দিয়ে এদেশের স্বকীয় চিত্ত নিজেকে প্রকাশ করছে।

বালিতে দব-প্রথমে কারেম-আদন বলে একজান্নগার রাজবাড়িতে আমার থাকবার কথা। সেথানকার রাজা ছিলেন বাংলির আছে-উৎসবে। পারিষদদহ বালির ওলদাজ গবর্নর সেথানে মধ্যাহুডোজন করলেন, সেই ভোজে আমরাও ছিলেম। ভোজ শেষ করে যথন উঠলেম তখন বেলা তিনটে। দকালে সাড়ে ছটার দমন্ন জাহাজ থেকে নেমেছি; ঘাটের থেকে মোটরে আড়াই ঘণ্টা ঝাঁকানি ও ধুলো থেয়ে যজ্জহলে আগমন। এথানে যোরাবৃরি দেখাজনা সেরে বিনা আনেই অত্যন্ত ক্লান্ত ও ধ্লিমান অবহায় নিভান্ত বিতৃষ্ণার সঙ্গে থেতে বসেছি; দীর্ঘকালপ্রসারিত সেই ভোজে আহার ও আলাপ-

আপ্যায়ন সেরে আমাদের নিমন্ত্রণকর্তা রাজার সঙ্গে তাঁর মোটরগাড়িতে চড়ে আবার স্থীর্থপথ ভেঙে চলদুম তাঁর প্রাসাদে। প্রাসাদকে এরা প্রী বলে। রাজার ভাষা আমি জানি নে, আমার ভাষা রাজা বোঝেন না— বোঝবার লোকও কেউ সঙ্গে নেই। চুপ করে গাড়ির জানালা দিয়ে বাইরে চেয়ে রইলুম।

মস্ত স্থবিধে এই, এখানকার প্রকৃতি বালিনি ভাষায় কথা কয় না; সেই শ্রামার मित्क राह्य राहिश जात जतिक त्यांवेत्रशाष्ट्रिवेटक यस यस अञ्चलां मिरे। मत्न পড़न, कथत्ना कथत्ना एक हिन्छ गांहरप्रत मृत्य गांन छत्नि ; त्रांगिगीत रघे। वित्निष দরদের জায়গা, থেখানে মন প্রত্যাশা করছে, গাইয়ের কণ্ঠ অত্যুচ্চ আকাশের চিলের মতো পাখাটা ছড়িয়ে দিয়ে কিছুক্ষণ দ্বির থাকবে কিম্বা হুই-একটা মাত্র মীড়ের ঝাপটা দেবে, গানের সেই মর্মন্বানের উপর দিয়ে যখন সেই সংগীতের পালোয়ান তার তানগুলোকে লোটন-পায়রার মতো পালটিয়ে পালটিয়ে উড়িয়ে চলেছে, তথন কিরকম বিরক্ত হয়েছি। পথের তুই ধারে গিরি অরণ্য সমুদ্র, আর হৃন্দর সব ছায়াবেষ্টিত लाकानम, किन्न त्यावित्रगाष्ट्रिव इन-त्वोद्दन या बाम्र वाका वानितम धूला छेष्टिम हत्नहरू, কোনো-কিছুর 'পরে তার কিছুমাত্র দরদ নেই; মনটা ক্ষণে ক্ষণে বলে উঠছে, "আরে, রোসো রোসো, দেখে নিই।" কিন্তু, এই কল-দৈত্য মনটাকে ছিনিয়ে নিয়ে চলে যায়; তার একমাত্র ধুয়ো, "সময় নেই, সময় নেই।" এক জায়গায় বেখানে বনের ফাঁকের ভিতর দিয়ে নীল সম্দ্র দেখা গেল রাজা আমাদের ভাষাতেই বলে উঠলেন "সমৃদ্র"; আমাকে বিশ্বিত ও আনন্দিত হতে দেখে আউড়ে গেলেন, "সমৃদ্র, সাগর, অন্ধি, অলাত্য।" তার পরে বললেন, "সপ্তসমূদ্র, সপ্তপর্বত, সপ্তবন, সপ্তআকাশ।" ভার পরে পর্বতের দিকে ইঞ্চিত করে বললেন "অদ্রি"; তার পরে বলে গেলেন, "स्टाक, श्यानम्, विका, यनम्, अग्रम्क।" এक काम्रगाम পাহাড়ের তলাম ছোটো नमी वरत्र मान्हिन, ताका जाऊँ ড़िया शालन, "गना, यम्ना, नर्मना, शानावती, कारवती, সরস্বতী।" আমাদের ইতিহাসে একদিন ভারতবর্ধ আপন ভৌগোলিক সন্তাকে বিশেষভাবে উপলব্ধি করেছিল; তথন সে আপনার নদীপর্বতের ধ্যানের দ্বারা আপন ভূমৃতিকে মনের মধ্যে প্রতিষ্ঠিত করে নিম্নেছিল। তার তীর্থগুলি এমন করে বাঁধা হয়েছে— দক্ষিণে কক্সাকুমারী, উত্তরে মানসসরোবর, পশ্চিমসমূত্রতীরে দারকা, পূর্ব-সমৃদ্রে গন্ধাসংগম— যাতে করে তীর্থভ্রমণের দারা ভারতবর্ষের সম্পূর্ণ রূপটিকে ভক্তির লক্ষে মনের মধ্যে গভীরভাবে গ্রহণ করা যেতে পারে। ভারতবর্ষকে চেনবার এমন উপায় আর কিছু হতে পারে না। তথন পায়ে হেঁটে ভ্রমণ করতে হত স্থতরাং ভীর্বভ্রমণের বারা কেবল যে ভারতবর্ষের ভূগোল জানা যেত তা নয়, তার নানাজাতীয় অধিবাসীদের সঙ্গে ঘনিষ্ঠ পরিচয় আপনিই হত; সেদিন ভারতবর্ষের আত্মোপলঞ্জি

একটা সত্যসাধনা ছিল বলেই তার আত্মপরিচয়ের পদ্ধতিও আপনিই এমন সত্য হয়ে উঠেছিল। যথার্থ প্রদা কথনো ফাঁকি দিয়ে কাজ সারতে চায় না। অর্থাৎ রাষ্ট্রসভার রক্ষমঞ্চের উপর ক্ষণিক মিলনের অভিনয়কেই সে মিলন বলে নিজেকে ভোলাতে চায় না। সেদিন মিলনের সাধনা ছিল অক্কজিম নিষ্ঠার সাধনা।

সেদিনকার ভারতবর্ধের সেই আত্মযুতিধ্যান সমৃত্র পার হয়ে পূর্বমহাসাগরের এই স্থান স্থান স্থান পার হয়ে পূর্বমহাসাগরের এই স্থান করে স্থান পেয়েছিল বে, আজ হাজার বছর পরেও সেই ধ্যানমন্ত্রের আরুত্তি এই রাজার মূথে ভক্তির স্থরে বেজে উঠল, এতে আমার মনে ভারি বিশ্বর লাগল। এই-সব ভৌগোলিক নামমালা এদের মনে আছে বলে নয়, কিন্ধ বেপ্রাচীন মূগে এই নামমালা এখানে উদ্ধারিত হয়েছিল সেই মূগে এই উদ্ধারণের কী গভীর অর্থ ছিল সেই কথা মনে ক'রে। সেদিনকার ভারতবর্ধ আপনার ঐক্যাটিকে কত বড়ো আগ্রহের সঙ্গে জানছিল আর সেই জানাটিকে স্থায়ী করবার জন্তে, ব্যাপ্ত করবার জন্তে, কিরকম সহজ উপায় উদ্ধাবন করেছিল তা স্পষ্ট বোঝা গেল আজ এই দূর দ্বীপে এসে— বে-দ্বীপকে ভারতবর্ষ ভূলে গিয়েছে।

রাজা কিরকম উৎসাহের সঙ্গে হিমালয় বিদ্যাচল গদ্ধা ষম্নার নাম করলেন, তাতে কিরকম তাঁর গর্ব বোধ হল! অওচ, এ ভূগোল বস্তুত তাঁদের নয়; রাজা য়ুরোপীয় ভাষা জানেন না, ইনি আধুনিক স্কুলে-পড়া মামুষ নন, স্কুতরাং পৃথিবীতে ভারতবর্ষ জায়গাটি-ষে কোথায় এবং কিরকম, সে-সম্বন্ধে সম্ভবত তাঁর অস্পষ্ট ধারণা, অস্তত বাহত এ ভারতবর্ষের সঙ্গে তাঁদের কোনো ব্যবহারই নেই; তব্ও হাজার বছর আগে এই নামগুলির সঙ্গে যে-কুর মনে বাঁধা হয়েছিল সেই স্বর আজও এ দেশের মনে বাজছে। সেই স্বরটি কত বড়ো থাঁটি স্বর ছিল তাই আমি ভাবছি। আমি কয়েক বছর আগে ভারতবিধাতার বে-জয়গান রচনা করেছি তাতে ভারতের প্রদেশগুলির নাম গোঁখেছি— বিদ্যা হিমাচল ষয়না গন্ধার নামও আছে। কিন্তু, আজ আমার মনে হজে, ভারতবর্ষের সমন্ত প্রদেশের ও সম্ত্রপর্বতের নামগুলি ছন্দে গোঁথে কেবলমাত্র একটি দেশপরিচয় গান আমাদের লোকের মনে গোঁথে দেওয়া ভালো। দেশাত্মবোধ বলে একটা শব্দ আজকাল আমরা কথায় কথায় ব্যবহার করে থাকি, কিন্তু দেশাত্মজান নেই যার তার দেশাত্মবোধ হবে কেমন করে।

তার পরে রাজা আউড়ে গেলেন সপ্তসমূদ, সপ্তপর্বত, সপ্তবন, সপ্তজাকাশ— অর্থাৎ, তথনকার দিনে ভারতবর্গ বিশ্বভূর্ত্তান্ত যে-রকম কল্পনা করেছিল তারই শ্বতি। আজ নৃতন জ্ঞানের প্রভাবে সেই শ্বতি নির্বাসিত, কেবল তা পুরাণের জীর্ণ পাতায় আটকে রয়েছে, কিন্তু এখানকার কঠে এখনো তা জ্ঞার সঙ্গে ধ্বনিত। তার পরে রাজা চার

বেদের নাম, যম বক্ষণ প্রভৃতি চার লোকপালের নাম, মহাদেবের নামাইক বলে গেলেন; ভেবে ভেবে মহাভারতের অষ্টাদশ পর্বের নাম বলতে লাগলেন, সবগুলি মনে এল না।

রাজপুরীতে প্রবেশ করেই দেখি, প্রাঙ্গণে একটি বেদীর উপর বিচিত্র উপকরণ সাজানো; এথানকার চারজন রাজ্ঞাল— একজন বৃদ্ধের, একজন শিবের, একজন ব্রহ্মার, একজন বিষ্ণুর পূজারি; মাথায় মন্ত উচু কার্ক্লভিত টুপি, টুপির উপরিভাগে কাঁচের তৈরি এক-একটা চূড়া। এরা চারজন পাশাপাশি বসে আপন-আপন স্বেতার স্তবমন্ত্র পড়ে বাচ্ছেন। একজন প্রাচীনা এবং একজন বালিকা অর্ঘ্যের থালি হাতে করে দাঁড়িয়ে। সবস্থদ্ধ সাজসক্ষা খুব বিচিত্র ও সমারোহবিশিষ্ট। পরে শোনা গেল, এই মান্সলামন্ত্রপাঠ চলছিল রাজবাড়িতে আমারই আগমন উপলক্ষে। রাজা বললেন, আমার আগমনের পূণ্যে প্রজাদের মন্সল হবে, ভূমি সফলা হবে, এই কামনায় স্তবমন্ত্রের আর্ডি। রাজা বিষ্ণুবংশীয় বলে নিজের পরিচয় দিলেন।

বেলা সাড়ে চারটের সময় স্থান করে নিয়ে বারান্দায় এসে বসল্ম। কারো মৃথে কথা নেই। ঘণ্টা-ছয়েক এই ভাবে যখন গেল তখন রাজা হানীয় বাজার খেকে বোদাই প্রদেশের এক খোজা মৃসলমান দোকানদারকে তলব দিয়ে আনালেন। কী আমার প্রয়োজন কিরকম আহারাদির ব্যবহা আমার জ্ঞানেত হবে ইত্যাদি প্রশ্ন। আমি রাজাকে জানাতে বলন্ম, তিনি যদি আমাকে ত্যাগ করে বিপ্রাম করতে যান তাহলেই আমি সব চেয়ে খুশি হব।

তার পরদিনে রাজবাড়ির কয়েকজন ব্রাহ্মণপণ্ডিত তালপাতার প্র্থিপত্র নিয়ে উপছিত। একটি প্রি মহাভারতের ভীমপর্ব। এইথানকার অক্ষরেই লেখা; উপরের পংক্তি সংশ্বত ভাষায়, নীচের পংক্তিতে দেশী ভাষায় তারই অর্থব্যাখা। কাগজের একটি প্রিতে সংস্কৃত শ্লোক লেখা। সেই শ্লোক রাজা পড়ে ষেতে লাগলেন; উচ্চারণের বিস্কৃতি থেকে বহু কটে তাদের উদ্ধার করবার চেটা করা গেল। সমস্তটা বোগতত্বের উপদেশ। চিত্তবৃদ্ধি, ক্রি-অক্ষরাত্মক ওঁ, চন্দ্রবিন্দু এবং অস্ত সমস্ত শব্দ ও ভাবনা বর্জন করে শুদ্ধ চৈতস্তবোগে স্থ্যাপু য়াৎ— এই হচ্ছে সাধনা। আমি রাজাকে আমাস দিলেম যে, আমরা এখানে যে সংস্কৃতক্ষ পণ্ডিত পাঠিয়ে দেব, তিনি এখানকার গ্রন্থ প্রিল থেকে বিস্কৃত ও বিস্কৃত পাঠ উদ্ধার করে তার অর্থব্যাখ্যা করে দিতে পারবেন।

এদিকে আমার শরীর অভ্যন্ত ক্লান্ত হতে চলল। প্রতি মৃহর্তে ব্রুতে পারলুম, আমার শক্তিতে কুলোবে না। সৌভাগ্যক্রমে হ্ননীতি আমাদের সব্দে আছেন; তাঁর অঞ্জান্ত উত্তম, অদ্যা উৎসাহ। তিনি ধৃতি প'রে, কোমরে পট্টবন্ত অড়িয়ে, 'পেদণ্ড'

অর্থাৎ এথানকার ব্রাহ্মণদের সঞ্চে বসে গেলেন। তাঁর সঙ্গে আমাদের দেশের প্জোপকরণ ছিল; প্জাপদ্ধতি তাদের দেখিয়ে দিলেন। আলাপ-আলোচনার সকলকেই তিনি আগ্রহাম্বিত করে তুলেছেন।

ষথন দেখা গেল, আমার শরীর আর সইতে পারছে না, তথন আমি রাজপুরী থেকে পালিয়ে এই আম্পুল-তীর্থাপ্রমেষ্ নির্বাসন গ্রহণ করল্ম। এথানে লোকের ভিড় নেই, অভ্যর্থনা-পরিচর্যার উপত্রব নেই। চার দিকে স্থলর গিরিব্রন্ধ, শস্তুভামলা উপত্যকা, জনপদবধ্দের স্থানসেবায় চঞ্চল উংসঙ্গলসঞ্চয়ের অবিরত্ত কলপ্রবাহ, শৈলতটে নির্মল নীলাকাশে নারিকেলশাথার নিত্য আন্দোলন; আমি ব'দে আছি বারান্দায়, কথনো লিবছি, কথনো সামনে চেয়ে দেখছি। এমন সময়ে হঠাৎ এসে থামল এক মোটর-গাড়ি। গিয়ানয়ায়ের রাজা ও এই প্রদেশের একজন ওলনাজ রাজপুরুষ নেমে এলেন এর বাড়িতে আমার নিমন্ত্রণ। অন্তত্ত এক রাত্রি যাপন করতে হবে। প্রসক্তমে আপনিই মহাভারতের কথা উঠল। মহাভারতের যে-কয়টা পর্ব এখনো এখানে পাওয়া যায় তাই তিনি অনেক ভেবে ভেবে আউড়িয়ে গেলেন। বাকি পর্ব কী তাই তিনি জানতে চান। এখানে কেবল আছে, আদিপর্ব, বিরাটপর্ব, উত্যোগপর্ব ভীম্বপর্ব, আশ্রমবাসপর্ব, ম্বলপর্ব, প্রম্নানিকপর্ব, ম্বর্গারোহণপর্ব।

মহাভারতের কাহিনীগুলির উপরে এ দেশের লোকের চিত্ত বাসা বেঁধে আছে। তাদের আমাদে আংলাদে কাব্যে গানে অভিনয়ে জীবনযাত্রায় মহাভারতের সমস্ত চরিত্রগুলি বিচিত্রভাবে বর্তমান। অজুন এদের আদর্শ পুরুষ। এখানে মহাভারতের গল্পগুলি কিরকম বদলে গেছে তার একটা দৃষ্টাস্ত দিই। সংস্কৃত মহাভারতের শিখণ্ডী এখানে শ্রীকান্তি নাম ধরেছে। শ্রীকান্তি অজুনের স্থা। তিনি যুদ্ধের রথে অজুনের সামনে থেকে ভীম্বধে সহায়তা করেছিলেন। এই শ্রীকান্তি এখানে সতী স্থার আদর্শ।

গিয়ানয়ারের রাজা আমাকে অন্থরোধ করে গেলেন, আজ রাত্রে মহাভারতের হারানো পর্ব প্রভৃতি পৌরাণিক বিষয় নিয়ে তিনি আমার সঙ্গে আলোচনা করতে চান। আমি তাঁকে স্থনীতির কথা বলেছি; স্থনীতি তাঁকে শাস্ত্র বিষয়ে ষথাজ্ঞান সংবাদ দিতে পারবেন।

ভারতের ভূগোলস্থতি সম্বন্ধে একটা কথা আমার মনে আন্দোলিত হচ্ছে। নদীর
নামমালার মধ্যে সিদ্ধু ও শতক্র প্রভৃতি পঞ্চনদের নাম নেই, ব্রহ্মপুত্রের নামও বাদ
পড়েছে। অথচ, দক্ষিণের প্রধান নদীগুলির নাম দেখছি। এর থেকে বোঝা যায়, সেই
যুগে পাঞ্চাবপ্রদেশ শক হুন ববন পারসিকদের ছারা বারবার বিধ্বস্ত ও অধিকৃত
হয়ে ভারতবর্ধ থেকে বেন বিছায় সভ্যতায় অলিত হয়ে পড়েছিল; অপর পক্ষে

ব্রথাপুত্র নদের বারা অভিবিক্ত ভারতের পূর্বভষ দেশ তথনো বর্ণার্থরূপে হিন্দুভারতের অদীভূত হয় নি।

এই তো গেল এথানকার বিবরণ। আমার নিজের অবস্থাটা যে-রকম দেপছি ভাতে এথানে আমার ভ্রমণ সংক্ষেপ করতে হবে।

७३ खांकर्छ ३३२१

कारब्रम प्यानन । वानि

22

# कमानीत्म्रय्,

রথী, বালিছীপটি ছোটো, সেই জক্তেই এর মধ্যে এমন একটি স্থসজ্জিত সম্পূর্ণতা। গাছে-পালার পাহাড়ে-বারনার মন্দিরে-মৃতিতে কুটারে-ধানখেতে হাটে-বাজারে সমস্ভটা মিলিয়ে যেন এক। বেথাপ কিছু চোথে ঠেকে না। ওলন্দাল পবর্মেন্ট বাইরে থেকে কারখানা-ওন্নালাদের এই দ্বীপে আসতে বাধা দিয়েছে; মিলনয়িদেরও এখানে আনাগোনা নেই। এখানে বিদেশীদের জমি কেনা সহজ্ঞ নয়, এমন-কি, চাযবাসের জক্তেও কিনতে পারে না। আরবি মৃসলমান, গুজরাটের খোজা মৃসলমান, চীনদেশের ব্যাপারীরা এখানে কেনা-বেচা করে— চার দিকের সঙ্গে সেটা বেমিল হয় না। গঙ্গার ধার জ্ডে বাদশ দেউলগুলিকে লজ্জিত করে বাংলাদশের বৃকের উপর জুটমিল যে নিদারুণ অমিল ঘটিয়েছে এ সেরকম নয়। গ্রামের ব্যবহা সম্পূর্ণ গ্রামের লোকেরই হাতে। এখানে থেতে জলসেকের আর চাষবাসের যে-রীতিপক্তি সে ধ্ব উৎকৃষ্ট। এরা ফসল যা ফলায় পরিমাণে তা অন্ত দেশের চেয়ে অনেক বেশি।

কাপড় বোনে নানা রঙচঙ ও কাক্সকৌশলে। অর্থাৎ, এরা কোনো মতে ময়লা ট্যানা কোমরে অড়িয়ে শরীরটাকে অনাদৃত করে রাখে না। তাই, বেখানে কোনো কারণে ভিড় জ্বমে, বর্ণজ্ঞটার সমাবেশে সেধানটা মনোরম হয়ে ওঠে। মেয়েদের উত্তর অল অনারত। এ সম্বন্ধে প্রশ্ন উঠলে তারা বলে, "আমরা কি নই মেয়ে বে, বুক ঢাকব।" শোনা গেল, বালিতে বেক্সারাই বৃক্তে কাপড় দেয়। মোর্টের উপর এখানকার মেয়েশ্ক্সবের দেহসৌর্চব ও মুখের চেহারা ভালোই। বেচপ মোটা বা রোগা আমি তো এপর্কত দেখি নি। এখানকার পরিশ্বই শ্রামল প্রকৃতির সঙ্গে এখানকার পাটল রঙের নধরদেহ গোক্ষ, এখানকার হছে সবল পরিভৃপ্ত প্রসম্ন ভাবের মাহ্রযুগ্রি, মিলে গেছে। ছবির দিক থেকে দেখতে গেলে এমন আয়গা পৃথিবীতে খুব কমই আছে।

अभिक्षे बीहा (विशेष्ठ निष्छ।

**५०**१७२

নন্দলাল এথানে এলেন না ব'লে আমার মনে অত্যন্ত আন্দেপ বোধ হন্ব; এমন স্থানি তিনি আর-কোথাও কথনো পাবেন না; মনে আছে, কয়েকবংসর আগে একজন নামজালা আমেরিকান আর্টিন্ট আমাকে চিঠিতে লিখেছিলেন, এমন দেশ তিনি আর-কোথাও দেখেন নি। আর্টিন্টের চোখে পড়বার মতো জিনিস এখানে চার দিকেই। অরসচ্ছলতা আছে ব'লেই স্বভাবত গ্রামের লোকের পক্ষে ঘরত্বয়ার আচার-অহুষ্ঠান আসবাবপত্রকে শিল্পকলায় সজ্জিত করবার চেষ্টা সফল হতে পেরেছে। কোথাও হেলা-ফেলার দৃশ্য দেখা গেল না। গ্রামে গ্রামে সর্বত্ত চলছে নাচ, গান, অভিনয়; অভিনয়ের বিষয় প্রায়ই মহাভারত থেকে। এর খেকে বোঝা যাবে, গ্রামের লোকের পেটের খাছ ও মনের খাছের বরাদ্ধ অপর্যাপ্ত। পথে আশে-পাশে প্রায়ই নানাপ্রকার মৃতি ও মন্দির। দারিজ্যের চিহ্ন নেই, ভিক্কক এ-পর্যন্ত চোখে পড়ল না। এখানকার গ্রামগুলি দেখে মনে হল, এই তো যথার্থ শ্রীনিকেতন। গ্রামের সমগ্র প্রাণটি সকল দিকে পরিপূর্ণ।

এ দেশে উৎসবের প্রধান অন্ধ নাচ। এথানকার নারকেলবন বেমন সমুদ্র-হাওয়ায় ত্ত্বছে তেমনি এখানকার সমস্ত দেশের মেয়ে পুরুষ নাচের হাওয়ায় আন্দোলিত। এক-একটি জ্বাভির আত্মপ্রকাশের এক-একটি বিশেষ পথ থাকে। বাংলাদেশের হৃদয় ষেদিন আনোলিত হয়েছিল সেদিন সহজেই কীর্তনগানে সে আপন আবেগসঞ্চারের পথ পেয়েছে ; এখনো সেটা সম্পূর্ণ লুপ্ত হয় নি। এখানে এদের প্রাণ ষথন কথা কইভে চায় তখন সে নাচিয়ে তোলে। মেয়ে রাচে, পুরুষ নাচে। এখানকার যাত্রা অভিনয় দেখেছি, তার প্রথম থেকে শেষ পর্যস্ত চলায়-ফেরায়, যুদ্ধে-বিগ্রহে, ভালোবাসার প্রকাশে, এমন-কি ভাঁড়ামিতে, সমস্তটাই নাচ। সেই নাচের ভাষা যারা ঠিকমতো জ্বানে তারা বোধ হয় গল্পের ধারাটা ঠিকমতো অমুসরণ করতে পারে। সেদিন এখানকার এক রাজবাড়িতে ष्यागत्रा नां एश्विष्ट्रिय। थानिक वार्ष त्यांना श्वान, এই नां - ष्यिनस्त्र विषय्री एटक শাৰ-সভ্যবতীর আখ্যান। এর থেকে বোঝা ষাম্ন, কেবল ভাবের আবেগ নম্ন, ঘটনা-বর্ণনাকেও এরা নার্চের আকারে গড়ে তোলে। মাহুষের সকল ঘটনারই বাহুদ্ধপ চলা-ফেরায়। কোনো একটা অসামান্ত ঘটনাকে পরিদুখ্যমান করতে চাইলে তার চলা-क्ष्यां इस्मित्र अयगोर्यारण करभन्न मन्भूनेजा एक स्था मः गठ। वानीत विकिटोटक योव দিয়ে কিয়া খাটো করে কেবলমাত্র গতিরপটিকে ছন্দের উৎকর্ষ দেওরা এধানকার নাচ। পৌরাণিক ষে-আখ্যায়িকা কাব্যে কেবলমাত্র কানে শোনার বিষয়, এরা সেইটেকেই क्विनमांक ट्रांट्य द्रिया विषय क्र निरम्रहः। कार्यात्र वाहन वाका, त्राहे वारकात्र ছম্ম-অংশ সংগীতের বিশ্বজনীন নিয়মে চালিত; কিন্তু তার অর্থ-অংশ কৃত্রির, সেটা

সমাজে পরস্পরের আপসে ভৈরি-করা সংকেতমাতা। ছইয়ের বোগে কাব্য। अवसी जनत्म भाइ छात्रांहे त्मरथ शास्त्र मत्था अ मधरक अकरी जांभरम तांबांभए। चारह। एजिनि थरमत्र नार्कत मर्था छ्यू इम्म शांकरम छाएछ चांशांवर्यना हरम ना, मः दिक्छ । चार्ष ; धेरे प्रदेशित स्वार्ग धरमत्र बाह । धेरे बार्ट सम्बा रक् करत धन्ना ममन्त्र म्ह मिर्य कथा कहेरह हेक्टिए এवः एकीमःशिष्ठ। अस्त्र नात्र यूर्क्त रय-क्रम स्वि कांना व्राक्तिक त्मव्रक्त पूक्त मूत्रकः ७ मक्क नम्र। किन्ह यमि कांना चर्ला अपन विधि थांक रव, इस्म यूक कत्रांख इरव, এमन यूक बांख इम्म-ख्य इरन मिठा পরाভবেরই मामिन रम, তবে मिटो এই दक्य यूक्ट एछ। वास्तरत मन्न এই स्रोतका निष्म বাদের মনে অঞ্জাকা বা কৌতুক জন্মায় শেক্স্পিয়রের নাটক পড়েও তাদের হাসা উচিত— কেননা, তাতে লড়তে লড়তেও চন্দ, ষরতে মরতেও তাই। সিনেমাতে আছে রূপের দলে গতি, সেই হুযোগটিকে যথার্থ আর্টে পরিণত করতে গেলে আখ্যানকে নাচে मां ए-कन्नात्ना हरण। वना वाङ्ना, वाङ्नाह श्रष्ट्रि एव-नव भगर्थक स्थायन्ना नाह वनि ভার আদর্শ এ নাচের নয়। জাপানে কিয়োটোতে ঐতিহাসিক নাট্যের অভিনয় দৈখেছি; ভাতে কথা আছে বটে; কিন্তু তার ভাবভঙ্গী চলাফেরা সমস্ত নাচের ধরনে; বড়ো আশুর্য তার শক্তি। নাটকে আমরা যখন ছন্দোময় বাক্য ব্যবহার করি তখন मिटे मिक हमारिकता होवाचे विक महक तकरायत्रहे त्राप्त एक हमा हम का हाम स्मित ष्मरंत्रे हरत्र एक, अ विषय मन्मर त्वरे। नार्या छे अकाम भाव, जायारम्ब सम्म এक दिन नां के अञ्चलकार नर्वे अधान अप है हिन नां है। नां के दिन रांत्र आता आता, পশ্চিম মহাদেশে তাদের বলে অভিয়েন্স্, অর্থাৎ প্রোতা। কিন্তু, ভারতবর্ষে নাটককে বলেছে দৃষ্যকাব্য; অর্থাৎ ভাত্তে কাব্যকে আগ্রয় করে চোখে দেখার রস দেবার षरक्रहे षिक्तम ।

এই তো গেল নাচের দারা অভিনয়। কিন্তু বিশুদ্ধ নাচও আছে। পরও রাজে সেটা গিয়ানয়ারের রাজবাড়িতে দেখা গেল। স্থলর-সাজ-করা ছটি ছোটো মেয়ে—মাথার মৃক্টের উপর ক্লের দণ্ডওলি একটু নড়াতেই ছলে ওঠে। গামেলান বাছ্যবন্ধের সক্ষে ছজনে মিলে নাচতে লাগল। এই বাছসংগীত আমাদের সক্ষে ঠিক মেলে না। আমাদের দেশের জলতরক্ষ বাজনা আমার কাছে সংগীতের ছেলেখেলা বলে ঠেকে। কিন্তু, সেই জিনিসটিকে গন্তীর, প্রশন্ত, স্থনিপূল বছষন্ধমিন্তিত বিচিত্র আকারে এদের বাছসংগীতে বেন পাওয়া যায়। রাগরাগিণীতে আমাদের সক্ষে কিছুই মেলে না; বে-জংশে মেলে লে ছচ্ছে একের মৃদ্ধের ধ্বনি, সঙ্গে ক্রডালও আছে। ছোটো বড়ো ঘণ্টা এদের এই সংগীতের প্রধান অংশ। আমাদের ছেশের নাট্যশালায় ক্ষার্ট বান্ধনার

বে নৃতন রীতি হয়েছে এ দেরকম নয়; অপচ, য়ুরোপীয় সংগীতে বছৰজের বে-হার্মনি
এ তাও নয়। ঘণ্টার মতো দলে একটা মূল মরসমাবেশ কানে আসছে; ভার সঙ্গে
নানাপ্রকার যজের নানারকম আওয়াজ যেন একটা কান্দশিলে গাঁখা হয়ে উঠছে।
সমস্তটাই যদিও আমাদের থেকে একেবারেই স্বতম্ব, তব্ শুনতে ভারি মিটি লাগে। এই
সংগীত পছন্দ করতে য়ুরোপীয়দেরও বাধে না।

গামেলান বাজনার সঙ্গে ছোটো মেয়ে ছটি নাচলে; তার জ্রী অত্যন্ত মনোহর।
আদ্ধে-প্রত্যন্তে সমস্ত পরীরে ছন্দের বে-আলোড়ন তার কী চারুতা, কী বৈচিত্রা, কী
নৌকুমার্য, কী সহজ লীলা। অক্ত নাচে দেখা যার, নটী তার দেহকে চালনা করছে;
এদের দেখে মনে হতে লাগল, ছটি দেহ যেন স্বত-উৎসারিত নাচের কোয়ারা। যারো
বছরের পরে এই মেয়েদের আর নাচতে দেওয়া হয় না; বারো বছরের পরে পরীরের
এমন সহজ স্কুমার হিল্লোল থাকা সম্ভব নয়।

দেই সন্ধাবেলাতেই রাজবাড়িতে আর একটি ব্যাপার দেখলুম, মুখোসপরা নটেদের অভিনয়। আমরা জাপান থেকে বে-সব মুখোস এনেছিলুম তার থেকে বেশ বোঝা যায় মুখোসতৈরি এক প্রকারের বিশেষ কলাবিতা। এতে যথেষ্ট গুণপনা চাই। আমাদের সকলেরই মুখে যেমন ব্যক্তিগত তেমনি শ্রেণীগত বিশেষত্ব আছে। বিশেষ ছাঁচ ও ভাব-প্রকাশ অন্থসারে আমাদের মুখের ছাঁদ এক-একরকম শ্রেণী নির্দেশ করে। মুখোসতৈরি বে-গুণী করে সে সেই শ্রেণীপ্রকৃতিকে মুখোসে বেঁধে দেয়। সেই বিশেষ-শ্রেণীর মুখের ভাববৈচিত্রাকে একটি বিশেষ ছাঁদে সে সংহত করে। নট সেই মুখোস প'রে এলে আমরা তথনই দেখতে পাই, একটা বিশেষ মান্থয়কে কেবল নয়, বিশেষ ভাবের এক শ্রেণীর মান্থয়ক। সাধারণত, অভিনেতা ভাব অন্থসারে অক্তজ্বী করে। কিন্তু, মুখোসে মুখের ভলী দ্বির করে বেঁধে দিয়েছে। এইজন্তে অভিনেতার কাজ হচ্ছে মুখোসেরই সামঞ্চল্ল রেখে অক্তজ্বী করা। মূল ধুয়োটা তার বাঁধা; এমন করে তান দিতে হবে যাতে প্রত্যেক স্থরে সেই ধুয়োটার ব্যাখ্যা হয়, কিচ্ছু অসংগত না হয়। এই অভিনেয়ে তাই দেখলুম।

অভিনয়ের দলে এদের কণ্ঠদংগীত যা ভনেছি তাকে সংগীত বলাই চলে না।
আমাদের কানে অত্যন্ত বেহুরো এবং উৎকট ঠেকে। এথানে আময়া তো গ্রামের
ভাছেই আছি; এরা কেউ একলা কিয়া দল বেঁধে গান গাচ্ছে, এ ভো ভনি নি।
আমাদের পাড়াগাঁরে চাঁদ উঠেছে অথচ কোথাও গান ওঠে নি, এ সম্ভব হয় না। এথানে
সন্ধ্যার আকালে নারকেলগাছগুলির মাথার উপর ভরুপক্ষের চাঁদ দেখা দিছে, গ্রামে
ক্রুকড়ো ভাকছে, কুকুর ভাকছে, কিছু কোথাও মাহুবের গান নেই।

এথানকার একটা জিনিস বার বার লক্ষ্য করে দেখেছি, ভিড়ের লোকের আত্মসংযম।
ক্রেদিন গিরানরারের রাজবাড়িতে বখন অভিনয় হচ্ছিল চার দিকে অবারিত লোকের
সমাগম। স্থনীতিকে ভেকে বলস্ম, মেরেদের পকোলে শিশুদের আর্তরব শুনি নে
ক্রেন। নারীকঠই বা এমন সম্পূর্ণ নীরব থাকে কোন্ আশুর্ব শাসনে। মনে পড়ে,
কলকাভার থিরেটারে মেরেদের কলালাপ ও শিশুদের কারা বন্তার মতো কমেডি ও
ট্র্যাজেডি ছাপিরে দিয়ে কিরকম অসংযত অসভ্যতার হিল্লোল তোলে। সেদিন এখানে
ফুই-একটি মেরের কোলে শিশুও দেখেছি কিন্তু তারা কাঁদল না কেন।

একটা জিনিস এথানে দেখা গেল বা আর কোথাও দেখি নি। এথানকার মেয়েদের গায়ে গহনা নেই। কথনো কখনো কারো এক হাতে একটা চুড়ি দেখেছি, সেও সোনার নয়। কানে ছিত্র করে শুকনো তালপাতার একটি গুটি পরেছে। বোধ হচ্ছে, বেন অক্সার ছবিতেও এরকম কর্ণভূষণ দেখেছি। আশ্চর্যের বিষয় এই যে, এদের আর-সকল কাজেই অলংকারের বাহল্য ছাড়া বিরলতা নেই। যেখানে সেখানে পাথরে কাঠে কাপড়ে নানা ধাতুদ্রব্যে এরা বিচিত্র অলংকার সমস্ত দেশে ছড়িয়ে রেখেছে, কেবল এদের মেয়েদের গায়েই অলংকার নেই।

আমাদের দেশে সাধারণত দেখা যায়, অলংক্বত জিনিসের প্রধান রচনান্থান পুরোনো শহরগুলি रেখানে মুসলমান বা হিন্দু প্রভাব সংহত ছিল, ষেমন দিল্লি, আগ্রা, ঢাকা, কানী, ষাত্রা প্রভৃতি জারগা। এখানে সেরকম বোধ হল না। এখানে শিল্পকাজ কম-বেশি পর্বত্র ও পর্বসাধারণের মধ্যে ছড়ানো। তার মানে, এখানকার লোক ধনীর ফরমানে নম্ন, নিজের আনন্দেই নিজের চার দিককে সঞ্জিত করে। কতকটা জাপানের মতো। ভার কারণ, অল্প-পরিসর দীপের মধ্যে আইডিয়া এবং বিভা ছড়িয়ে বৈতে বিলম্ব হয় না। ভা ছাড়া এদের মধ্যে জাতিগত ঐক্য। সেই সমাজাতীয় মনোবৃত্তিতে শক্তির সাম্য দেখা বার। বীপ মাত্রের একটি স্বাভাবিক বিশেষত্ব এই বে, সেখানকার মাহুষ সমূত্র-বেষ্টিভ ছয়ে বছকাল নিজের বিশেষ নৈপুণাকে অব্যাঘাতে ঘনীভূত করতে ও তাকে রক্ষা করতে পারে। আমাদের অতিবিস্তৃত ভারতবর্ষে এক কালে যা প্রচুর হয়ে উৎপন্ন হয় অক্ত কালে তা ছড়িয়ে নষ্ট হয়ে যায়। তাই আমাদের দেশে অক্তমা আছে অজন্তার কালকেই আঁকড়ে; কনারক আছে কনারকেরই যুগে; তারা আর একাল পর্যন্ত এসে শৌছতে পারলে না। ওধু তাই নয়, তত্তভান ভারতীয় মনের প্রধান সম্পদ, কিন্তু বছ मृत्त्र मृत्त्र छेशनियरमञ्ज या भक्षतां हार्यत्र कार्म छ। खार्ग छार्ग लग्न रहत्र तरेन। এकारन আমনা শুরু তাই নিমে আবৃত্তি করি কিছ তার স্টিধারা বিচ্ছিন্ন হয়ে গেছে। ভারতবর্ষ বেকে সম্পূর্ণ স্বতম্ন হয়েও এত শতাকী পরেও ভারতবর্ষের এত জিনিস বে এখানে এখনো

এমন করে আছে, তার কারণ, এটা বীপ; এখানে সহকে কোনো জিনিস এই ছরে বেতে পারে না। অর্থ নই হতে পারে, একটার বারা আর-একটা চাপা পড়তে পারে, কিছ বছটা তবু থেকে বার। এই কারপেই প্রাচীন ভারতের অনেক জিনিসই এখানে আমরা বিশুক্তাবে পাব বলে আশা করি। হয়তো এখানকার নাচ এবং নৃত্যমূলক অভিনরটা সেই জাতের হতেও পারে। এখানকার রাজাদের বলে 'আর্য'। আমার বিশাস, ভার অর্থ, রাজবংশ নিজেদের আর্যবংশীয় বলেই জানে, তারা ছানীয় অধিবাসীদের স্বজ্ঞাতীয় ছিল না। তাই, এখানকার রাজাদের বরে বে-সকল কলা ও অনুষ্ঠান আজও চলে আসছে সেগুলি সন্ধান করলে এমন অনেক জিনিস পাওয়া বাবে বা আমাদের দেশে লৃপ্ত ও বিশ্বত।

এই ছোটো দ্বীপে এককালে অনেক রাজা ছিল, তাদের কেউ-কেউ ওলন্দান্ধআক্রমণে আসমপরাভবের আশকায় দলে দলে হাজার হাজার লোক নিঃশেষে আত্মহত্যা
করে মরেছে। এখনো রাজোপাধিধারী যে কয়েকজন আছে তারা পুরোনো দামি
শামাদানের মতো, যাতে বাতি আর জনে না। তাদের প্রাসাদ ও সাজসজ্জা আছে,
তা ছাড়া তারা ষেথানে আছে তাকে নগর বলা চলে। কিন্তু, এই নগরে আর গ্রামে ষেপার্থক্য সে যেন ভাইবোনের পার্থক্যের মতো— তারা এক বাড়িতেই থাকে, তাদের
মাঝে প্রাচীর নেই। আধুনিক ভারতে শিল্পচর্চা প্রভৃতি নানা বিষয়ে নগরে গ্রামে
ছাড়াছাড়ি। শহরগুলি যে দ্বীপ জালে তার আলো গ্রামে গিয়ে পড়েই না। দেশের
সম্পত্তি যেন ভাগ হয়ে গেছে, গ্রামের অংশে যেটুকু পড়েছে তাতে আচার অমুষ্ঠান
বজার রাথা সম্ভব নয়। এই কারণে সমস্ত দেশ এক হয়ে কোনো শিল্প, কোনো বিচ্ছাকে,
রক্ষণ ও পোষণ করতে পারে না। তাই শহরের লোক ঘখন দেশের কথা ভাবে তখন
শহরকেই দেশ বলে জানে; গ্রামের লোক দেশের কথা ভাবতেই জানে না। এই
বালিতে আমরা মোটরে মোটরে দ্রে দ্রাস্তরের যতই ভ্রমণ করি— নদী, গিয়ি, বন,
শস্তক্ষেত্র ও পলীতে-শহরে মিলে খ্ব একটা ঘনিষ্ঠতা দেখতে পাই; এখানকার সকল
মান্থেরে মধ্যেই যেন এদের সকল সম্পদ ছড়ানো।

গামেলান-সংগীতের কথা পূর্বেই বলেছি। ইতিমধ্যে এ সম্বন্ধে আমাকে চিন্তা করতে হয়েছে। এরা-বে আপনমনে সহজ আনন্দে গান গার না, তার কারণ এদের কণ্ঠসংগীতের অভাব। এরা টিং টিং টুং টাং করে যে-বাজনা বাজায় বস্তুত তাতে গান নেই, আছে তাল। নানা যন্ত্রে এরা তালেরই বোল দিয়ে চলে। এই বোল দেবার কোনো কোনো যন্ত্র ঢাক-ঢোলের মতোই, তাতে স্বর স্বন্ধ, শব্দই বেশি; কোনো কোনো যন্ত্র ধাতুতে তৈরি, সেগুলি স্বর্বান। এই ধাতুষ্দ্রে টানা স্বর্ন থাকা সম্ভব নয়, থাক্ষার

দরকার দেই, কেননা চানা হর গানেরই জন্তে, বিচ্ছিত্র হরগুলিতে ভালেরই বোল দের। আসলে এরা গান গার গলা দিরে নয়, দর্বান্ধ দিরে; এদের নাচই কেন পরে পাদে চানা হরের মিড় দেওয়া— বিলিতি নাচের, মতো কম্পবহুল নয়। অর্থাৎ এদের নাচ বর্ষার ঝয়াঝম জলবিন্দুর্টির মতো নয়, ঝরনার তরন্ধিত ধারার মতো। তাল বে-এক্যকে দেখায় সে হচ্ছে কালের অংশগুলিকে যোজনা ক'রে, গান যে-এক্যকে দেখায় সে হচ্ছে রালের অংশগুলিকে যোজনা ক'রে, গান যে-এক্যকে দেখায় সে হচ্ছে রালের অথগুতাকে সম্পূর্ণ ক'রে। তাই বলছি, এদের সংগীতই তাল, এদের নৃত্যই গান। আমাদের দেশে এবং মুরোপে গীতাভিনয় আছে, এদের দেশে নৃত্যাভিনয়।

ইতিমধ্যে এখান্কার ওলন্দান্ত রাজপুরুষ অনেকের সঙ্গে আলাণ হয়েছে। এদের একটা বিশেষত্ব আমার চোথে লাগল। অধীনত্ব জাতের উপর এদের প্রভুত্ব ষথেষ্ট নেই, তা নয়, কিন্তু এদের ব্যক্তিগত ব্যবহারে কর্তৃত্বের ঔষত্য লক্ষ্য করি নি। এথানকার লোকদের সঙ্গে এরা সহজে মেলামেশা করতে পারে। তুই জাতির পরস্পরের মধ্যে বিবাহ সর্বদাই হয় এবং সেই বিবাহের সন্থানেরা পিতৃকুল থেকে ভ্রষ্ট হয় না। এখানে অনেক উচ্চপদের ওলন্দান্ত আছে যারা সংকরবর্ণ; তারা অবজ্ঞাভাজন নয়। এখানকার মাহ্যকে মাহ্য জ্ঞান ক'রে এমন সহজ ব্যবহার কেমন করে সম্ভব হল, এই প্রশ্ন করাতে একজন ওলন্দান্ত আমাকে বলেছিলেন, "বাদের অনেক সৈল্ল, অনেক যুক্জাহান্ত্র, অনেক সামান্ত্র, ভিতরে ভিতরে সর্বদাই তাদের মনে থাকে যে তারা একটা মন্ত-কিছু; এইজল্প ছোটো দরজা দিয়ে তুকতে তাদের অত্যক্ত বেশি সংকৃচিত হতে হয়। নিজেদের সর্বদা তত প্রকাণ্ড বড়ো বলে জানবার অবসর আমাদের হয় নি। এই জল্পে সহজে সর্বত্র আমরা তুকতে পারি; এই জল্পে সকলের সঙ্গে মেলামেশা করা আমাদের পক্ষে সহজে।" ইতি ১ই সেপ্টেম্বর ১৯২৭০

25

## कन्यानीत्त्रम्

অমিয়, আজ বালিষীপে জামাদের লেষ দিন। মৃত্তুক বলে একটি পাহাড়ের উপর ডাকবাঙলার আজ্ঞান নিয়েছি। এতদিন বালির ষে-জংশে ঘুরেছি সমন্তই চাষ-করা বাস-করা জারগা; লোকালয়গুলি নারকেল, স্থারি, জাম, ভেঁতুল, সজনে গাছের ঘনশ্যাসল বেষ্টনে ছায়াবিষ্ট। এখানে এলে পাহাড়ের গা জুড়ে প্রাচীন অরণ্য দেখা গেল। কভকটা শিলঙ পাহাড়ের মতো। নীচে তারবিক্সত্ত ধানের খেড; পাহাড়ের একটা ফাঁকের ভিতর দিয়ে দ্রে সম্ভের আভাস পাওয়া যায়। এখানে দ্রের দৃশুগুলি প্রায়ই বাস্পে অবগুলিত। আকাশে অল্ল একটু অস্পুষ্টতার আবরণ, এখানকার প্রানোইতিহাসের মতো। এখন অরপক্ষের রাত্রি, কিন্তু এমন রাত্রে আমাদের দেশের চাঁদ দিগক্ষনাদের কাছে যেমন সম্পূর্ণ ধরা দেয় এখানে তা নয়; যে-ভাষা থ্ব ভালো করে জানি নে যেন সেইরকম তার জ্যোৎস্লাটি।

এতদিন এ দেশটা একটি অস্ত্যৈষ্টিক্রিয়া নিয়ে অত্যন্ত ব্যন্ত ছিল। আছ্ত রবাছ্ত বছ লোকের ভিড়। কত কোটোগ্রাফওয়ালা, সিনেমাওয়ালা, কত ক্ষণিক-পরিব্রাক্তকর দল। পাশ্বশালা নিঃশেষে পরিপূর্ণ। মোটরের ধুলোয় এবং ধমকে আকাশ মান। খেয়া-জাহাজ কাল জাভা অভিমূখে ফিরবে, তাই প্রতিবর্তী যাত্রীর দল আজ নানা পথ বিপথ দিয়ে চঞ্চল হয়ে ধাবমান। এত সমারোহ কেন, সে কথা জিজ্ঞাসা কয়তে পারো।

বালির লোকেরা যারা হিন্দু, যারা নিজের ধর্মকে আগ্ম বলে, প্রাক্ষক্রিয়া তাদের কাছে একটা খুব বড়ো উৎসব। কেননা, যথানিয়মে মৃতের সৎকার হলে তার আত্মা কুয়াশা হয়ে পৃথিবীতে এসে পুনর্জন্ম নেয়; তার পর বারে বারে সংস্থার পেতে পেতে শেষকালে শিবলোকে চরম মোক্ষে তার উদ্ধার।

এবারে আমরা বাঁদের প্রাদ্ধে এসেছি তাঁরা দেবস্ব পেয়েছেন বলে আত্মীয়েরা দির করেছে, তাই এত বেশি ঘটা। এত ঘটা অনেক বংসর হয় নি, আর কথনো হবে কি না সকলে সন্দেহ করছে। কেননা, আধুনিক কাল তার কাটারি হাতে পৃথিবী ঘুরে বেড়াছে অম্চানের বাহল্যকে থর্ব করবার জন্তে; তার একমাত্র উৎসাহ উপকরণবাহল্যের দিকে।

এথানকার লোকে বলছে, সমারোহে থর চহবে এথানকার টাকার প্রায় চরিশ হাজার, আমাদের টাকার পঞ্চাশ হাজার। ব্যয়ের এই পরিমাণটা সকলেরই কাছে অত্যন্ত বেশি বলেই ঠেকছে। আমাদের দেশের বড়ো লোকের প্রান্ধে পঞ্চাশ হাজার টাকা বেশি কিছুই নয়। কিন্তু প্রভেদ হচ্ছে, আমাদের প্রান্ধের থরচ ঘটা করবার জন্তে তেমন নয় যেমন পুণ্য করবার জন্তে। তার প্রধান অভই দান, পরলোকগত আত্মার কল্যাণকামনায়। এথানকার প্রান্ধেও হানীয় ব্রাহ্মণ পণ্ডিতকে অর্থ্য ও আহার্য দান বে নেই তা নয়, কিন্তু এর সব চেয়ে ব্যয়সাধ্য অংশ সাক্ষসজ্ঞা। সে-সমন্তই চিতার পুড়ে ছাই হয়। এই দেহকে নট করে ফেলতে এদের আন্তরিক অনুমোদন নেই, সেটা সেদিনকার

ष्मक्षीत्वत्र अकी वाजात्र त्यांचा यात्र। काला त्यांकत्र पृष्ठि, छात्र त्यांकत्र यात्रा मुख्यक्र, त्राचा मित्र अठीत्क यथन तक्ष्म नत्य नित्र यात्र छथन त्यांकावात्र छित्र छित्र मध्यत्र प्रत्या र्ठमार्ट्ठिम भए यात्र। त्यन कितित्र त्यांत्र रहे।, त्यन किनिक्छा। वाहत्कत्रा छाड़ा थात्र, प्रत्यांक तम्म। अदेशात्वहे काणम क्यांथ त्य-थर्म वाहत्व त्यत्क अत्यत्ह छात्र मत्य अत्यत्व वित्यांथ। काणत्यत्रहे हम क्रिछ, तम्ह हम हाहे।

উবৃদ্ধ বলে জারগার রাজার ঘরে এই অনুষ্ঠান। তিনি বধন শান্তক্ত ব্যাহ্মণ বলে হ্নীতির পরিচয় পেলেন হ্নীতিকে জানালেন, আছেক্রিয়া এমন সর্বাহ্মসম্পূর্ণভাবে এ দেশে প্নর্বার হবার সন্তাবনা ধ্ব বিরল; অভএব, এই অনুষ্ঠানে হ্নীতি বদি বধারীতি আছের বেলমর পাঠ করেন তবে তিনি তৃপ্ত হবেন। হ্নীতি বাহ্মণসক্রার ধূপধূনো জালিরে "মধুবাতা গুতারস্কে" এবং কঠোপনিষদের শ্লোক প্রভৃতি উচ্চারণ করে শুভকর্ম সম্পর্ম করেন। বহুশত বংসর পূর্বে একদিন বেদমন্ত্রগানের সঙ্গে এই দ্বীপে প্রাহ্মক্রিয়া আরম্ভ হয়েছিল, বহুশত বংসর পরে এথানকার আছে সেই মন্ত্র হয়তো বা শেষবার ধ্বনিত হল। মাঝখানে কত বিশ্বতি, কত বিকৃতি। রাজা হ্নীতিকে পৌরোহিত্যের সম্বানের জল্পে ক্রী দিতে হবে জিজ্ঞানা করেছিলেন। হ্নীতি বলেছিলেন, এই কাজের জল্পে অর্থগ্রহণ তার ব্যাহ্মণবংশের রীতিবিক্রম। রাজা তাকে কর্ম-অস্তে বালির তৈরি মহার্ঘ বন্ধ ও আসন দান করেছিলেন।

এথানে একটা নিয়ম আছে যে, গৃহছের ঘরে এমন কারো যদি মৃত্যু হয় যার জ্যোষ্ঠরা বর্তমান ভা হলে সেই গুরুজনদের মৃত্যু না হলে এর আর সংকার হবার জাে নেই। এই জ্বন্তে বড়োদের মৃত্যু হওয়া পর্যন্ত মৃতদেহকে রেখে দিভে হয়। তাই জ্বনেকগুলি দেহের দাহক্রিয়া এখানে একসঙ্গে ঘটে। মৃতকে বছকাল জ্পেকা করে থাকতে হয়।

শংকারের দীর্ঘকাল অপেক্ষার আরো একটা কারণ, সংকারের উপকরণ ও ব্যয়-বাহল্য। তার জন্মে প্রস্তুত হতে দেরি হয়ে বায়। তাই জনেছি, এখানে কয়েক বংসর অস্কর বিশেষ বংসর আসে, তথন অস্ক্যেষ্টিক্রিয়া হয়।

শ্বাধার বছন করে নিয়ে বাবার জন্তে রথের মতো বে একটা মস্ত উচু বান তৈরি ছয়, জনেকসংখ্যক বাহকে মিলে সেটাকে চিভার কাছে নিয়ে বায়। এই বাছনকে বজে ওয়াদা। আমাদের দেশে ময়্রপংখি বেমন ময়্রের মৃতি দিয়ে সজ্জিত, তেমনি এফের এই ওয়াদার গায়ে প্রকাণ্ড বড়ো একটি গরুড়ের মৃখ; তার ছই-ধারে বিস্তীর্ণ মস্ত ছই পাখা, স্বন্দর করে তৈরি। শিল্পনৈপুণ্যে বিস্মিত ছতে ছয়। আছের এই নানাবিধ উপকর্ষণের আয়োজন মনের ভিতরে স্বটা গ্রহণ করা বড়ো কঠিন; বেটা স্ব চেয়ে

দৃষ্টি ও মনকে আকর্ষণ করে সে হচ্ছে জনতার অবিপ্রাম ধারা। বছ দৃর ও নানা দিক থেকে মেয়েরা মাধায় কতরকমের অর্ঘ্য বহন করে সার বেঁধে রাজা দিয়ে চলেছে। দৃরে দৃরে, গ্রামে গ্রামে, ধেধানে অর্ঘ্য-মাধায় বাহকেরা যাত্রা করতে প্রস্তুত, সেধানে গ্রামের তকচ্ছায়ায় গামেলান বাজিয়ে এক-একটি স্বতম্র উৎসব চলছে। সর্বসাধারণে মিলে দলে দলে এই অফ্টানের জন্তে আপন আপন উপহার নিয়ে এসে বছলেকত্রে জ্বা করে দিছে। অর্ঘাগুলি বেমন-তেমন করে আনা নয়, সমস্ত বছ বছে স্বসজ্বিত। সেদিন দেখলুম, ইয়াং-ইয়াং বলে এক শহরের রাজা বছ বাহনের মাধায় তাঁর উপহার পাঠালেন। সকলের পিছনে এলেন তাঁর প্রামাদের প্রনারীরা। কী শোভা, কী সজ্জা, কী আভিজাত্যের বিনয়সোন্দর্য। এমনি করে নানা পথ বেয়ে বেয়ে বছবর্ণ-বিচিত্র তরক্বিত উৎসবের অবিরাম প্রবাহ। দেখে দেখে চোথের তৃথির শেষ হয় না।

সব চেয়ে এই কথাটি মনে হয়, এইরকম বছদূরব্যাপী উৎসবের টানে বছ মান্থবের व्यानसमिननि की कन्णानभग्र। এই यिनन क्विनमाज अक्षे रमना विनित्त्र वह लोक कर्षा २ ७ या । अहे मिननिवेत विष्ठित स्मत ज्वयव । नाना श्राप्त, नाना परत, अहे উৎসবমৃতিকে অনেক দিন থেকে নানা মাহুষে বসে বসে নিজের হাতে স্বস্পূর্ণ করে তুলেছে। এ হচ্ছে বহুজনের তেমনি সম্মিলিত সৃষ্টি যেমন ক'রে এরা নানা লোক ব'সে, নানা যন্ত্রে তাল মিলিয়ে, স্থর মিলিয়ে, একটা সচল ধ্বনিমৃতি তৈরি করে তুলতে থাকে। কোথাও অনাদর নেই, কুঞ্জীতা নেই। এত নিবিড় লোকের ভিড়, কোথাও একটুও কলহের আভাস মাত্র দেখা গেল না। জনতার মধ্যে মেয়েদের সমাবেশ খ্বই বেশি, ডাভে একটুও আপদের স্ষ্টি হয় নি। বহুলোকের মিলন যেখানে মানিহীন সৌন্দর্যে বিক্ষশিত, ষ্পার্থ সভ্যতার লক্ষ্মীকে সেইথানেই তো আসীন দেখি; ষেথানে বিরোধ ঠেকাবার জঞ্জে পুলিসবিভাগের লাল পাগড়ি সেথানে নয়; ষেখানে অস্তরের আনন্দে মাহুষের মিলন কেবল-ধে নিরাময় নিরাপদ তা নয়, আপনা-আপনি ভিতরের থেকে সৌন্দর্যে ঐশর্ষে পরিপূর্ণ, সেইথানেই সভ্যতার উৎকর্ষ। এই জিনিসটিকে এমনই স্থসম্পূর্ণভাবে ইচ্ছা করি নিজের দেশে। কিন্তু, এই ছোটো দীপের রাস্তার ধারে ষে-ব্যপারটিকে দেখা গেল লে কি সহজ কথা। ক্ত কালের সাধনায়, ভিতরের কত গ্রন্থি মোচন ক'রে তবে এইটুকু किनिन नरक रग्न। कर्ण र एग्ना गफ नम्न, এक र एग्नारे गका। त्नहे अकारक नकरमञ्ज স্ষ্টিশক্তি হারা, ত্যাগের হারা, হন্দর করে তোলা কডই শক্তিসাধ্য। আমাদের মিন্তিত कांबरक नकरम এक रुख उरमरदत्र त्रभ रमस्या आंवश्रक। आंनमरक समात्रक नांना মৃতিতে নানা উপলক্ষে প্রকাশ করা চাই। সেই প্রকাশে সকলেই আপন-আপন ইচ্ছার, আপন-আপন শক্তির, যোগদান করতে থাকলে ভবেই আমাদের ভিতরকার ঝোঁচাপুলো

বেলা আটটা বাজল। বারান্দার সামনে গোটা-ছইতিন মোটরগাড়ি জ্বমা হয়েছে। স্থারনে স্থাতিতে মিলে নানা আয়তনের বাজে ব্যাগে ঝুলিতে থলিতে গাড়ি বোঝাই করছেন। তাঁরা একদল আগে থাকতেই থেয়াঘাটের দিকে রগুনা হবার অভিমৃথী। নিকটের পাহাড়ের ঘনসবৃত্ব অরণ্যের 'পরে রৌজ পড়েছে; দূরের পাহাড় নীলাভ বাজে আর্ড। দক্ষিণ শৈলতটের সম্ভ্রপগুটি নিশ্বাসের-ভাপ-লাগা আয়নার মতো ক্লান। এই কাছেই গিরিবক্ষসংলগ্ন পল্লীটির বনবেষ্টনের মধ্যে স্থপুরি গাছের শাথাগুলি শীতের বাতাসে ছলছে। ঝরনা থেকে মেয়েরা জলপাত্রে জল বয়ে আনছে। নীচে উপত্যকায় শক্তক্ষেত্রের গুপারে, সামনের পাহাড়ের গায়ে ঘন গাছের অবকাশে লোকালয়ের আভাস দেখা যায়। নারকেলগাছগুলি মেঘমুক্ত আকাশের দিকে পাতার অঞ্চলি তুলে ধরে স্থালোক পান করছে।

এখান থেকে বিদায় নেবার মৃত্বর্তে মনে মনে ভাবছি, দ্বীপটি স্থন্দর, এখানকার লোকগুলিও ভালো, তব্ও মন এখানে বাসা বাঁধতে চায় না। সাগর পার হয়ে ভারতবর্ধের আহ্বান মনে এসে পৌচছে। শিশুকাল থেকে ভারতবর্ধের ভিতর দিয়েই বিশ্বের পরিচয় পেয়েছি বলেই বে এমন হয় তা নয়; ভারতবর্ধের জাকাশে বাতাসে আলোতে, নদীতে প্রাপ্তরে, প্রকৃতির একটি উদারতা দেখেছি; চিরদিনের মতো আমার মন তাতে ভ্লেছে। সেখানে বেদনা অনেক পাই, লোকালয়ে ঘুর্গতির মৃতি চারি দিকে; তব্ও সমন্তকে অভিক্রম করে সেখানকার আকাশে জনাদি কালের বেক্ষধনি খনতে পাই তাতে একটি বৃহৎ মৃক্তির আমাদ আছে। ভারতবর্ধের নীচের দিকে ক্ষতার বন্ধন, তুচ্ছতার কোলাহল, ছীনতার বিজ্বনা, বত বেশি এমন আর কোথাও দেখি নি; তেমনি উপরের দিকে সেখানে বিরাটের আসনবেদীর, অপরিসীমের অবারিত আমন্ত্রণ। অতি দ্রকালের তপোবনের ওরার্ধননি এখনো দেখানকার আকাশে যেন নিত্য-নিশ্বসিত। তাই, আমার মনের কাছে আজকের এই প্রশাস্ত

**४ हे (म्टल्डियम ३३२**१

পুনত : জত চলতে চলতে উপরে উপরে ষে-ছবি চোধে জাগল, ষে-ভাব মনের উপর দিয়ে ভেলে গেল, ভাই লিখে দিয়েছি, কিন্তু তাই বলে এটাকে বালির প্রকৃত विवत्त वत्व भना कत्रा ठनत्व ना । এই ছবিটিকে হয়তো উপরকার আবরণের জরি বলাও চলে। কিন্তু উপরের আবরণে ভিতরের ভাবের ছাপ নিডাই পড়ে ভো। ষ্মতএব, স্থাবরণটিকে মাহুষের পরিচয় নয় বলে উপেক্ষা করা যায় না। ষে-স্থাবরণ ক্বজিম ছদ্মবেশের মতো সত্যকে উপর থেকে চাপা দেয় সেইটেভেই প্রভারণা করে, কিন্তু যে-আবরণ চঞ্চল জীবনের প্রতি মুহুর্তের ওঠায়-পড়ায়, বাঁকায়-চোরায়, দোলায়-कॅाপনে, আপনা-আপনি একটা চেহারা পায় মোটের উপর তাকে বিশাস করা চলে। এখানকার ঘরে মন্দিরে, বেশে ভূষায়, উৎসবে অন্তর্ছানে, সব-প্রথমেই ষেটা খুব করে মনে আসে সেটা হচ্ছে সমস্ত জাতটার মনে শিল্পরচনায় স্বাভাবিক উত্তম। একজন পাশ্চাত্য আর্টিস্ট এখানে তিন বংসর আছেন; তিনি বলেন, এদের শিল্পকলা থেমে নেই, সে আপন বেগে আপন পথ করে নিয়ে এগিয়ে চলেছে, কিন্তু শিল্পী শ্বয়ং সে-সম্বন্ধে তিনি বলেন, কিছুকাল পূর্বে পর্যন্ত এখানে চীনেদের প্রভাব ছিল, দেখতে দেখতে সেটা আপনি কয়ে আসছে, বালির চিত্ত আপন ভাষাতেই আত্মপ্রকাশ করতে বসেছে। তার কাজে এমন অনায়াস প্রতিভা আছে যে, আধুনিক যে তৃই-একটি মৃতি তিনি দেখেছেন সেগুলি মুরোপের শিল্পপ্রদর্শনীতে পাঠালে সেখানকার লোক চমকে উঠবে এই তাঁর বিশাস। এই তো গেল রূপ-উদ্ভাবন করবার এদের স্বাভাবিক শক্তি। তার পরে, এই শক্তিটিই এদের সমাজকে মৃতি দিছে। উৎসবে অমুষ্ঠানে নানা প্রণালীতে সেই রূপ সৃষ্টি করবার ইচ্ছাকেই সুন্দর করে প্রকাশ করতে প্রবৃত্ত। যেখানে এই সৃষ্টির উভাম নিয়ত সচেষ্ট সেধানে সমস্ত দেশের মুখে একটি मी ও আনন্দ ব্যক্ত হয়। অথচ, জীবনযাত্রার সকল অংশই যে শোভন তা বলা এর মধ্যে অনেক জিনিস আছে যা আনন্দকে মারে, অন্ধ সংস্থারের কত कमाठांत्र, कल निष्ट्रेतला। ८४-८मस्त्र वक्ता ८ श्राल्यांक भनाम मिल दिर्ध लाक व्यक्ता গাছের ডালে চিরদিনের মতো ঝুলিয়ে রাখা হগ, এথানকার লোকের এই বিশাস। কোনো মেয়ে যদি যমজ সন্তান প্রসব করে, এক পুত্র, এক কলা, তা হলে প্রসবের পরেই বিছানা নিজে বহন করে দে শ্রশানে যায়; পরিবারের লোক বমজ সম্ভান তার পিছন-পিছন বহন করে নিয়ে চলে। দেখানে ডালপালা দিয়ে কোনোরকম করে একটা কুঁড়ে বেঁধে তিন চাক্রমাস তাকে কাটাতে হয়। ছই মাস ধরে গ্রামের মন্দিরের ছার क्ष एम, भाभकानत्तर উদ্দেশে नानाविध भूकार्टना हरन। প্রস্তিকে মাঝে মাঝে কেবল থাবার পাঠানো হয়, সেই কয়দিন তার সঙ্গে সকলরক্ষ ব্যবহার বন্ধ। এই

স্থায় দীপের চিরবসম্ভ ও নিভ্য উৎসবের ভিভরে ভিভরে আৰু বৃদ্ধির যায়া সহস্র বিভীষিকার স্টি করেছে, ষেমন সে ভারতবর্ষেও দরে দরে করে থাকে। এর ভর ও নিষ্ঠ্যতা থেকে যে মোহমুক জানের খারা মাসুষকে বাঁচার বেখানে ভার চর্চা নেই, ভার প্রভি বিশ্বাস নেই, সেধানে মাহুষের আত্মাব্যাননা আত্মপীড়ন থেকে ভাকে কে বাঁচাবে। ख्यू अहे अलां कहे अथान करत्र रम्थवांत्र नम् । त्यां जितिरम् कार्क श्रवंत्र कनक गंका পড়ে না, তবু সাধারণ লোকের কাছে তার আলোটাই ঘণেষ্ট। সূর্যকে কলম্বী বললে भिथा। वजा एम ना, जवू अ पूर्वत्क त्वाजिर्भम वनत्वरे मजा वना एम। ज्याज कर्म नचा করা যে-সব বৈজ্ঞানিকের কাজ তাঁরা পশুসংসারে হিংল্র দাঁতনখের ভীষণতার উপর कलरमत्र दशैक दश्वामां क कन्नात्र मत्न एत्र, शक्रदम्त्र कीवनमांका क्विवन उद्यवहरे वांश्न। কিন্তু, এই-সব অত্যাচারের চেয়ে বড়ো হচ্ছে সেই প্রাণ যা আপনার সদাসক্রিয় উভয়ে আপনাতেই আনন্দিত, এমন-কি, স্বাপদের হাত থেকে আত্মরক্ষার কৌশল ও চেষ্টা সেও এই चानमिष्ठ প্রাণক্রিয়ারই অংশ। ইন্টার্-ওসেন্ নামক ষে-মাসিক্পত্তে একজন लिथक्त वर्गना थिक वानित यामा इः एवत वृखां भारता एनन, मार्च कांगा एक আর-একজন লেখক সেধানকার শিল্পকুশল উৎসব্ধিলাসী সৌন্দর্যপ্রিয়তাকে আনন্দের সঙ্গে দেখেছেন। তাঁর সেই দেখার আলোতে বোঝা যায়, গ্লানির কলফটা অসত্য না হলেও সভ্যও নয়। এই দীপৈ আমরা অনেক গুরেছি; গ্রামে পথে বাজারে শশুক্ষেত্রে যন্দিরখারে উৎসবভূমিতে বরনাতলায় বালির মেয়েদের অনেক দেখেছি; সব জায়গাতেই তালের দেখলুম স্থা, স্থারিপুষ্ট, স্থানীত, স্প্রসন্ধ— তালের মধ্যে পীড়া অপমান ষ্বত্যাচারের কোনো চেহারা তো দেখলুম না। খুঁটিয়ে খবর নিলে নিশ্চয় কলক্ষের কথা অনেক পাওয়া যাবে; কিন্তু খুঁটিয়ে-পাওয়া ময়লা কথাগুলো হুতো দিয়ে এক সঙ্গে गाँथलारे मछात्क म्महे कदा हत्व, এ कथा विश्वाम कदवाद नद्र। हेि

वह त्मरलेषद्र ३व२१

স্ববায়া। জাভা<sup>১</sup>

119

স্থাকর্তা। ভাতা

### कमांगीयांच्

বৌষা, বালি থেকে পার হয়ে জাভা বীপে হুরবায়া শহরে এসে নামা গেল। এই জামগাটা হচ্চে বিদেশী সওদাগরদের প্রধান আথড়া। জাভার সব চেয়ে বড়ো উৎপন্ন

### > वीपूक्त व्यविश्वतक एक्ष्मचीटक निचित्र

जिनिन हिनि, এই ह्वारिं। बीभिंग रिपरक स्मिविरम् होनान शास्त्र । अयन अय कान ছিল, পৃথিবীতে চিনি বিভরণের ভার ছিল ভারতবর্ষের। আজ এই জাভার হাট থেকে চিনি কিনে বৌবাজারের ভীমচন্দ্র নাগের সন্দেশ তৈরি হয়। ধরণী স্বভাবত কী দান করেন আজকাল তারই উপরে ভরসা রাখতে গেলে ঠকতে হয়, মাতুষ কী আছায় ক'রে নিচ্চে পারে এইটেই হল আসল কথা। গোরু আপনা-আপনি বে-ছ্ধটুকু দেয় ভাতে यख्यत जारमाञ्चन हत्न ना, गृहरण्यत निश्चरमत भिष्ठ जितरम स्वीयाञ्चारतम माजारन गिरम পৌছবার পূর্বেই কেঁড়ে ৰূম্য হয়ে যায়। যারা ওন্তাদ গোয়ালা তারা জানে কিরক্ষ रथात्रांकि ও প্রজননবিধির দারা গোরুর হুধ বাড়ানো চলে। এই খ্রামল দীপটি ওলন্দাজদের পক্ষে ধরণী-কামধেমুর ত্রধভরা বাঁটের মতো। তারা জ্ঞানে, কোন্ প্রণালীতে এই বাঁট কোনোদিন একফোঁটা শুকিয়ে না যায়, নিয়ত হুধে ভরে থাকে; সম্পূর্ণ ছইয়ে-নেবার কৌশলটাও তাদের আয়ত্ত। আমাদের কর্তৃপক্ষও তাঁদের গোয়ালবাড়ি ভারতবর্ষে विमित्राह्म, हा जात भारे नित्र अञ्कान जाएत हारे खनकात हन ; किन्द, अमित्क আমাদের চাষের খেত নিজীব হয়ে এসেছে, সঙ্গে সঙ্গে জিব বেরিয়ে পড়ল চাষিদের। এতকাল পরে আজ হঠাৎ তাঁদের নজর পড়েছে আমাদের ফসলহীন হর্ভাগ্যের প্রতি। কমিশন বসেছে, তার রিপোর্টও বেরোবে। দরিজের চাকাভাঙা মনোরথ রিপোর্টের টানে नए डिर्रट कि ना अनि तन, किन्ह तांछा वानावांत कारक त्य-भव त्राक्ष्यक्त नांभरव मक्ति मिनए जारमत अञ्चिर्ध रूप ना। यां क्था, अननांकता वंशान क्षिरकत्व খুব ওন্তাদি দেখিয়েছে; তাতে এথানকার লোকের অন্নের সংস্থান হয়েছে, কর্তৃপক্ষেরও ব্যাবসা চলছে ভালো। এর মধ্যে তত্তা হচ্ছে এই ষে, দেশের প্রতি প্রেম জানাবার জন্তে দেশের জিনিদ ব্যবহার করব, এটা ভালো কথা; কিন্তু দেশের প্রতি প্রেম জানাবার জন্মে দেশের জিনিস-উৎপাদনের শক্তি বাড়াতে হবে, এটা হল পাকা কথা। এইখানে বিভার দরকার; সেই বিভা বিদেশ থেকে এলে জুলাকে গ্রহণ করলে আমাদের জাত যাবে না, পরস্ক জান্ রক্ষা হবে।

স্ববায়াতে তিন দিন আমরা যাঁর বাড়িতে অতিথি ছিলেম তিনি স্বরক্তার রাজবংশের একজন প্রধান ব্যক্তি, কিন্তু তিনি আপন অধিকার ইচ্ছাপূর্বক পরিত্যাগ করে এই শহরে এসে বাণিজ্য করছেন। চিনি রপ্তানির কারবার, তাতে তাঁর প্রভৃত মূনফা। চমৎকার মাস্থাটি, প্রাচীন অভিজাতকুলবোগ্য মর্যালা ও সৌজস্তের অবতার। তাঁর ছেলে আধুনিক কালের শিক্ষা পেয়েছেন; বিনীত, নদ্র, প্রিয়দর্শন— তাঁরই উপরে আমাদের অতিথিপরিচর্যার ভার। বড়ো ভয় ছিল, পাছে অবিশ্রাম অভ্যর্থনার পীড়নে আরাম-অবকাশ সম্পূর্ণ নট্ট হয়ে যায়। কিন্তু, সেই অত্যাচার থেকে রক্ষা পেয়েছিলেম।

তাঁদের প্রাদাদের এক অংশ সম্পূর্ণ জামাদের ব্যবহারের অক্তে ছেড়ে দিরেছিলেন।
নিরালার ছিলেম, ক্রটিবিহীন জাতিথ্যের পনেরো-জানা অংশ ছিল নেপথ্যে। কেবল
জাহারের সমরেই জামাদের পরম্পর দেখাসাক্ষাং। মনে হত, আমিই গৃহক্তা, তাঁরা
উপলক্ষ মাত্র। সমাদরের জ্ঞান্ত আয়োজনের মধ্যে সকলের চেয়ে বড়ো জিনিস ছিল
স্বাধীনতা ও অবকাশ।

এখানে একটি কলাসভা আছে। সেটা মুখ্যত যুরোপীয়। এখানকার সঞ্চাপরদের প্লাবের মতো। কলকাতায় বেমন সংগীতসভা এও তেমনি। কলকাতার সভায় সংগীতের অধিকার যতথানি এখানে কলাবিছার অধিকার তার চেয়ে বেলি নয়। এই-খানে আর্ট সম্বন্ধে কিছু বলবার জন্তে আমার প্রতি অহুরোধ ছিল; যখাসাধ্য ব্রিয়ে বলেছি। একদিন আমাদের গৃহক্তার বাড়িতে অনেকগুলি এদেশীয় প্রধান ব্যক্তির সমাপম হয়েছিল। সেদিন সন্ধাবেলায় তাঁদের প্রস্লের উত্তর দেওয়া ছিল আমার কাজ। হ্নীতিও একদিন তাঁদের সভায় বক্তৃতা করে এসেছেন; সকলের ভালো লেগেছে।

এধানকার ভারতীয়েরাও একদিন সন্ধ্যাবেলায় আমাকে অভ্যর্থনা উপলক্ষে
এধানকার রাজপুরুষ ও অন্ত অনেককে নিমন্ত্রণ ক'রে চা ধাইয়েছিলেন। সেদিন আমি
কিছু দক্ষিণাও পেরেছি। এইভাবে এধানে কেটে গেল, একেবারে এঁদের বাড়ির
ভিতরেই। আভিনায় অনেকগুলি গাছ ও লভাবিভান। আমগাছ, সপেটা, আভা।
বে-আভের আম ভাকে এরা বলে মধু, এদের মতে বিশেষভাবে স্বাত্ন। এবার ষথেই
রুষ্টি হন্ন নি বলে আমগুলো কাঁচা অবস্থাতেই ঝরে ঝরে পড়ে যাছে। এধানে ভোজনকালে বে-আম থেতে পেয়েছি দেশে থাকলে সে-আম কেনার পয়সাকে অপব্যয়
আর কেটে খাওয়ার পরিপ্রমটাকে রুখা ক্লান্তিকর বলে দ্বির করতুম, কিন্তু এখানে ভার
আদ্বেরে ক্লান্ট হন্ন নি।

এই আঙিনার লতাম ওপের ছারার আমাদের গৃহকর্ত্তী প্রায়ই বেলা কাটান। চার দিকে
শিশুরা গোলমাল করছে, থেলা করছে— সঙ্গে তাদের বুড়ি ধাত্রীরা। মেরেরা যেখানেশেখানে যদে কাপড়ের উপর এদেশে-প্রচলিত হন্দর বাতির ছাপ-দেওয়া কাজে নিযুক্ত।
গৃহকর্মের নানা প্রবাহ এই ছারাজিয় নিভ্ত প্রাক্তনের চার দিকে আর্যতিত।

পরশু স্থরবারা থেকে দীর্ঘ রেলপথ ও রৌজতাপক্লিট অপরাক্লের ছ'ট দণ্টা কাটিরে ভিনটের সময় স্থরকর্তার পৌচেছি। জাভার সব চেয়ে বড়ো রাজপরিবারের এইখানেই অবস্থান। ওলন্দাজেরা এ দের রাজপ্রতাপ কেড়ে নিয়েছে কিন্তু প্রতিপত্তি কাড়তে পারে নি। এই বংশেরই একটি পরিবারের বাড়িতে আছি। তাঁদের উপাধি মন্ত্রসংয়ো; এ দেরট এক লাখা স্থরবায়ায় আধ্রায় নিম্নেছে। প্রাসাদের একটি নিভৃত অংশ আমরাই অধিকার করে আছি। এপানে ছান প্রচ্ছর, আরামের উপকরণ যথেষ্ট, আতিখ্যের উপত্রব নেই। রাজবাড়ি বছবিন্তীর্ণ, বছবিভক্ত। আমরা বেখানে আছি তার প্রকাণ্ড একটি অলিন্দ, সাদা মার্বল পাথরে বাঁধানো, সারি সারি কাঠের থাষের উপরে ঢালু কাঠের ছাদ। এই রাজপরিবারের বর্ণলাঞ্চন হচ্ছে সব্ত ও হলদে, তাই এই অলিন্দের থাম ও ছাদ সব্তে সোনালিতে চিত্রিত। অলিন্দের এক ধারে গামেলান-সংগীতের ষত্র সাজানো। বৈচিত্রেও কম নয়, সংখ্যাতেও অনেক। সাত হরের ও পাচ হরের ধাতুফলকের ষত্র অনেক রকমের, অনেক আয়তনের, হাতুড়ি দিয়ে বাজাতে হয়। ঢোলের আকার ঠিক আমাদের দেশেরই মতো, বাজাবার বোল ও কায়দা অনেকটা সেই ধরনের। এ ছাড়া বাঁলি, আর ধম্ব দিয়ে বাজাবার তাঁতের ষত্র।

রাজা স্টেশনে গিয়ে আমাদের অভ্যর্থনা করে এনেছিলেন। সন্ধ্যাবেলায় একজ আহারের সময় তাঁর সঙ্গে ভালো করে আলাপ হল। অল্প বয়স, বৃদ্ধিতে উজ্জল মুখন্ত্রী। ডাচ্ ভাষায় আধুনিক কালের শিক্ষা পেয়েছেন; ইংরেজি অল্প অল্প বলতে ও ব্রুডে পারেন। থেতে বসবার আগে বারান্দার প্রাস্তে বাজনা বেজে উঠল, সেইসলে এখানকার গানও শোনা গেল। দে-গানে আমাদের মতো আয়ায়ী-অস্তরার বিভাগ নেই। একই ধুয়ো বারবার আর্ত্তি করা হয়, বৈচিত্র্য য়া-কিছু তা য়য় বাজনায়। প্রের চিঠিতেই বলেছি, এদের য়য়বাজনাটা তাল দেবার উদ্দেশে। আমাদের দেশে বায়া তবলা প্রভৃতি তালের য়য় মে-সগুকে গান ধরা হয় তারই সা হয়ে বাঁধা; এখানকার তালের য়য়ে গানের সব হয়রগুলিই আছে। মনে করো, "তুমি বেয়ো না এখনি, এখনো আছে রজনী" ভৈরবীর এই এক ছয় মাত্র কেউ য়ি ফিরে ফিরে গাইতে থাকে আর নানাবিধ য়য়ে ভৈরবীর হয়েই য়ি তালের বোল দেওয়া হয়, আর সেই বোল-বোগেই য়ি ভিরবী রাগিণীর ব্যাথ্যা চলে তা হলে যেমন হয় এও সেইরকম। পরীক্ষা কয়ে দেওলে দেখা য়াবে, শুনতে ভালোই লাগে, নানা আওয়াজের ধাতুবাজে হয়েরর নৃত্যে আসর ধ্ব জমে ওঠে।

থেয়ে এসে আবার আমরা বারান্দায় বসল্ম। নাচের তালে ছটি আল বন্ধনের মেরে এসে মেজের উপর পাশাপাশি বসল। বড়ো স্থন্দর ছবি। সাজে সজ্জার চমৎকার স্থান্দ। সোনায়-থচিত মৃত্ট মাথায়, গলায় সোনার হায়ে অর্ধচন্দ্রাকার হায়েলি, মণিবজে সোনার সর্পক্তলী বালা, বাছতে একরকষ সোনার বাজুবন্দ— তাকে এরা বলে কীলকবাছ। কাঁধ ও ছই বাছ অনারত, বৃক্ত থেকে কোমর পর্যন্ত সোনায়-সর্জেনমেলানো আঁট কাঁচলি; কোময়বন্দ থেকে ছই ধারায় বল্লাঞ্চল কোঁচার মতো সামনে ছলছে। কোমর থেকে পা পর্যন্ত শাভির মতোই বল্পবেউনী, স্থন্দর ব্রিক্লিজে

বিচিত্র; দেখবামাত্রই মনে হয়, অজভার ছবিটি। এমনতরো বাহল্যবজিত ক্পরিচ্ছরতার লামঞ্জ আমি কথনো দেখি নি। আমাদের নর্তকী বাইজিদের আঁটপারজামার উপর অভ্যন্ত অবভ্যন্ত কাপড়ের অলোচবতা চিরদিন আমাকে ভারি কুত্রী লেগেছে! তাদের প্রচুর গরনা ঘাগরা ওড়না ও অভ্যন্ত ভারী দেহ মিলিয়ে প্রথমেই মনে হয়, লাজানো একটা মন্ত বোঝা। তার পরে মাঝে মাঝে বাটা থেকে পান থাওয়া, অহবর্তীদের ললে কথা কওয়া, ভূক ও চোথের নানাপ্রকার ভিলমা ধিকারজনক বলে বোধ হয়— নীতির দিক থেকে নয়, রীতির দিক থেকে। জাপানে ও জাভাতে বে-নাচ দেখলুম ভার সৌন্দর্য বেষন ভার শালীনভাও ভেমনি নিপ্ত। আমরা দেখলুম, এই ঘটি বালিকার তহু দেহকে সম্পূর্ণ অধিকার করে অপরীরী নাচেরই আবির্ভাব। বাক্যকে অধিকার করেছে কাব্য, বচনকে পেয়ে বদেছে বচনাতীত।

ভনেছি, অনেক যুরোপীয় দর্শক এই নাচের অতিমৃত্তা ও সৌকুমার্ব ভালোই বাসে না। তারা উগ্র মাদকতার অভ্যন্ত বলে এই নাচকে একদেরে মনে করে। আমি তো এ নাচে বৈচিত্রোর একটু অভাব দেখলুম না; সেটা অভি প্রকট নয় বলেই বিদি চোখে না পড়ে তবে চোখেরই অভ্যাসদোব। কেবলই আমার এই মনে হচ্ছিল বে, এ হচ্ছে কলাসৌলর্বের একটি পরিপূর্ণ স্বাষ্ট, উপাদানরূপে মাছ্মবটি ভার মধ্যে একেবারে হারিয়ে পেছে। নাচ হয়ে গেলে এরা যখন বাজিয়েদের মধ্যে এসে বসল তখন তারা নিতান্তই সাধারণ মাছ্মব। তখন দেখতে পাওরা যায়, ভারা গায়ে রঙ করেছে, কপালে চিত্র করেছে, শরীরের অভিকৃতিকে নিরস্ত করে দিয়ে একটি নিবিভূ সৌচব প্রকাশের জন্তে অত্যন্ত আঁট করে কাপড় পরেছে— সাধারণ মাছবের পক্ষে এ সমস্তই অসংগত, এতে চোখকে পীড়া দেয়। কিন্তু, সাধারণ মাছবের এই রূপান্তর নৃত্যা-কলার অপরপই হয়ে ওঠে।

পরদিন দকালে আমরা প্রাদাদের অক্তান্ত বিভাগে ও অন্তঃপুরে আহুত হয়েছিলের। সেধানে ভঙ্জপ্রেণীবিশ্বত অতি বৃহৎ একটি দভামগুণ দেথা গেল; ভার প্রকাণ্ড ব্যাপ্তি অধচ স্পরিমিত বাস্তকলার সৌন্দর্য দেখে ভারি আনন্দ পেল্ম। এ-সমন্তর উপযুক্ত বিষয়ণ ভোমরা নিশ্চর স্থরেন্দ্রের চিঠি ও চিত্র থেকে পাবে। অন্তঃপুরে অপেক্লাকৃত ছোটো একটি মগুপে গিয়ে দেখি সেখানে আমাদের গৃহকর্তা ও গৃহস্বামিনী বসে আছেন। রানীকে ঠিক যেন একজন স্থন্দরী বাঙালী মেয়ের মতো দেখতে; বড়ো বড়ো চোথ, স্মিদ্ধ ছাদি, সংযত সৌধ্যোর মর্যাদা ভারি তৃপ্তিকর। মগুপের বাইরে গাছপালা, আর নানারকম খাঁচায় নানা পাখি। মগুপের জিতরে গানবাজনার, ছায়াভিনয়ের, মৃথেশিক্ষর অভিনয়ের, পুতুলনাচের নানা সরস্কাম। একটা টেবিলে বর্ভিক্ষ শিয়ের

আনেকগুলি কাপড় সাজানো। ভার মধ্যে থেকে আমাকে ভিনটি কাপড় পছন্দ করে নিভে অন্থরোধ করলেন। সেইসকে আমার দলের প্রভাককে একটি একটি করে এই যুল্যবান কাপড় দান করলেন। কাপড়ের উপর এইরকম শিল্পকার্জ করতে ছ-ভিন মাস করে লাগে। রাজবাড়ির পরিচারিকারাই এই কাজে হুনিপুণ।

এই রাজবংশীয়দের মধ্যে জ্যেষ্ঠ পরিবারের খারা, কাল রাত্রে তাঁদের ওবানে নিমন্ত্রণ
ছিল। তাঁর ওবানে রাজকায়দার যতরকমের উপসর্গ। যেমন তুই সারস পাথি
পরস্পরকে যিরে ঘিরে নানা গল্পীর ভঙ্গীতে নাচে দেখেছি, এথানকার রেসিডেন্ট্ আর
এই রাজা পরস্পরকে নিয়ে সেইরকম রাজকীয় চাল বিস্তার করতে লাগলেন। রাজা
কিয়া রাজপুরুষদের একটা পদোচিত মর্যাদা বাইরের দিক থেকে রক্ষা করে চলতে হয়
মানি; তাতে সেইসব মাহ্যবের সামান্ততা কিছু ঢাকাও পড়ে, কিছু বাড়াবাড়ি করলে
ভাতে ভাদের সাধারণতাকেই হাস্তকরভাবে চোখে আঙ্ল দিয়ে দেখানো হয়।

कांक त्रांख य-नां इव तम न'कन त्यादार विता। छाछ ययन तेम्प्रा एकपिन तोम्पर्य, किन्छ तम्य यत्न इव, कांक त्रांखित तमहें नां एक उपकृतिक श्रांतित छैरनां हिल ना ; यन वता क्रांछ, त्कर्व चछात्मत खाति त्नि विद्ध । कांकरित नां एक खंगपिना यत्पहें हिल किन्छ एकपन करत यनक म्पर्य केत्र शांति नि । तांकांत वकि । एक पानां विता वांकांत वकि । एक पानां विता वांकां । एक पानां विता वांकां विता वांकां । चत्र व्याप्त व्याप्त विता वांकां वांकां

কাল রাত্রে আমাদের এখানেও একটা নাচ হয়ে গেল। পূর্বরাত্তে বে-তুজন বালিকা নেচেছিল তাদের মধ্যে একজন আজ পুরুষ-সভের ম্থোল পরে সভের নাচ নাচলে। আশ্চর্য ব্যাপারটা হচ্ছে, এর মধ্যে নাচের ত্রী সম্পূর্ণ রক্ষা করেও ভাবে-ভঙ্গীতে গলার আওয়াজে পূরোমাত্রায় বিদ্যকতা করে গেল। পুরুষের ম্থোলের সঙ্গে তার অভিনয়ের কিছুমাত্র অসামঞ্জত হল না। বেশভ্যার সৌন্দর্যেও একটুমাত্র ব্যত্যয় হয় নি। নাচের শোভনতাকে বিক্লত না করেও যে তার মধ্যে ব্যক্ষবিজ্ঞানের রস এমন করে আনা বেতে পারে, এ আমার কাছে আশ্চর্য ঠেকল। এরা প্রধানত নাচের ভিতর দিয়েই সমস্ত ফলরভাব ব্যক্ত করতে চার, স্বভরাং বিজ্ঞাপের মধ্যেও এরা ছল্ম রাখতে বাহ্য। এরা বিজ্ঞাপকেও বিরূপ করতে পারে না; এদের রাক্ষসেরাও নাচে। ইতি

১৪ সেপ্টেম্বর ১৯২৭১

अवसी व्यक्तिं (प्रवीदक निष्ठ।

#### क्लांनीशंख

বৌমা, শেষ চিঠিতে ভোমাকে এখানকার নাচের কথা লিখেছিলুম, ভেবেছিলুম, নাচ সহকে শেষ কথা বলা হয়ে গেল। এমন সমরে সেই রাজে আর-এক নাচের বৈঠকে ডার্ক পড়ল। সেই অতিপ্রকাণ্ড মণ্ডপে আলর; বছবিন্তীর্ণ শেত পাথরের ভিছিজনে বিদ্যাদীপের আলো ঝল্মল্ করছে। আহারে বসবার আগে নাচের একটা পালা আরম্ভ হল— প্রুষের নাচ, বিষরটা হচ্ছে ইন্দ্রজিভের সলে হন্তমানের লড়াই। এখানকার রাজার ভাই ইন্দ্রজিভ সেজেছেন; ইনি নৃত্যবিদ্যার ওতাদ। আশ্চর্বের বিষর এই বে, বয়ঃপ্রাপ্ত অবহার ইনি নাচ লিখতে আরম্ভ করেছেন। অর বয়নে সমন্ত শরীরটা যথন নম্র থাকে, হাড় যখন পাকে নি, সেই সময়ে এই নাচ লিক্ষাকরা দরকার; দেহের প্রত্যেক গ্রন্থি যাতে অতি সহজে সরে, প্রত্যেক মাংসপেশিতে যাতে অনায়ানে জ্যোর পৌছয়, এমন অভ্যাস করা চাই। কিন্তু, নাচ সহজে রাজার ভাইরের স্বাভাবিক প্রতিভা থাকাতে তাঁকে বেশি চেষ্টা করতে হয় নি।

হত্মান বনের অন্ত, ইদ্রজিত স্পিক্ষিত রাক্ষ্স, তৃইজনের নাচের ভঙ্গীতে সেই ভাবের পার্থকাটি বুঝিয়ে দেওয়া চাই, নইলে রসভঙ্গ হয়। প্রথমেই বেটা চোখে পড়ে সে হচ্ছে এদের সাজ। সাধারণত আমাদের যাত্রায় নাটকে হতুমানের হতুমানত খুব विभि करत कृष्टिस जूरम मर्नकरमत्र कोजूक উত्यक कत्रवात छिहा हम । এখানে इस्मानित আভাসটুকু দেওয়াতে তার মহয়ত্ব আরো বেশি উজ্জল হয়েছে। হতুমানের নাচে লক্ষ-ঝন্দ খারা তার বানরস্বভাব প্রকাশ করা কিছুই কঠিন হত না, আর সেই উপায়ে ममस मज स्नामारमर स्रोशत्ज म्थितिक राम केंक, किस कठिन कास राष्ट्र रहमानत्क यश्च (मध्या। वाःनारमर्भत অভিনয় প্রভৃতি দেখনে বোঝা ষায় যে, হতুমানের বীরজ, তার একনিষ্ঠ ভক্তি ও আত্মত্যাঙ্গের চেয়ে— তার নেকের দৈর্ঘ্য, তার পোড়াম্থের **एकिया, जांत्र वांनत्रप्रदे वांक्षांनित यनत्क विश्व करत्न कर्वित करत्न कर्वित कर्वा कांग्राह्य वांग्राह्य वां** পশ্চিমাঞ্চলে তার উলটো। এমন-কি, হত্মানপ্রসাদ নাম রাখতে বাপমায়ের বিধা বোধ লোকেরাও রামায়ণের হত্নমানের বড়ো দিকটাই দেখে। নাচে হত্নমানের রূপ দেখলুম— পিঠ বেয়ে মাখা পর্যস্ত লেজ, কিন্তু এমন একটা শোভনভঙ্গী যে ফেখে হাসি পাবার त्या त्नरे। जात-नमचरे मारूरगत मत्जा। म्कूरे त्थरक भा भर्गस रेखकित्जत मास्रमका একটি ক্ষর ছবি। ভার পরে তুইজনে নাচতে লাচতে লড়াই; সলে লভে ঢাকে-ट्रांटल कैंगिरत-करों म नानां विश्व पट्या 'अ भारत बाद्य वह बांग्र्टवत कर अ गर्कटन नः शिख

পুব গন্ধীর প্রবল ও প্রমন্ত হয়ে উঠছে। অথচ, সে সংগীত শ্রুতিকটু একটুও নয় ; বছষ্ট্র-সন্মিলনের স্থাব্য নৈপুণ্য তার উদামতার সঙ্গে চমৎকার সন্মিলিত।

নাচ, সে বড়ো আশ্চর্য। তাতে যেমন পৌকষ সৌন্দর্যও তেমনি। লড়াইয়ের ছন্দঅভিনয়ে নাচের প্রকৃতি একট্মাত্র এলোমেলো হয়ে যায় নি। আমাদের দেশের স্টেক্তে
রাজপুত বীরপুরুষের বীরত্ব যেরকম নিতান্ত খেলো এ তা একেবারেই নয়। প্রত্যেক
ভঙ্গীতে ভারি একটা মর্যাদা আছে। গদাযুক্ক, মল্লযুক্ক, ম্যলের আঘাত, সমন্তই ক্রটিমাত্রবিহীন নাচে ফুটে উঠেছে। সমন্তর মধ্যে অপূর্য একটি শ্রী অথচ দৃশ্য পৌরুষের
আলোড়ন। এর আগে এখানে মেয়েদের নাচ দেখেছি, দেখে মৃক্ষও হয়েছি, কিছ এই
প্রক্ষের নাচের ত্লনায় তাকে ক্রীণ বোধ হল। এর স্বাদ তার চেয়ে অনেক বেশি
প্রবল। যখন প্রপদের নেশায় পেয়ে বসে তথন টপ্লায় নিছক মিটতা হালকা বোধ হয়,
এও সেইরকম।

আন্ত সকালে দশটার সময়ে আমাদের এখানেই গৃহকর্তা আর-একটি নাচের ব্যবস্থা করেছিলেন। মেয়ে ত্বনে পুক্ষের ভূমিকা নিয়েছিল। অর্জুন আর স্থানের যুদ্ধ। গল্পটা হয়তো মহাভারতে আছে কিন্তু আমার তো মনে পড়ল না। ব্যাপারটা হচ্ছে—কোন্-এক বাগানে অর্জুনের অস্ত্র ছিল, সেই অস্ত্র চূরি করেছে স্থল, সে খুঁছে বেড়াক্তে অর্জুনকে মারবার জন্তে। অর্জুন ছিল বাগানের মালী-বেশে। থানিকটা কথাবার্তার পরে ত্বনের লড়াই। স্থলের কাছে বলরামের লাঙল অস্ত্রটা ছিল। যুদ্ধ করতে করতে অর্জুন সেটা কেড়ে নিয়ে তবে স্থলকে মারতে পারলে।

নটীরা যে মেয়ে সেটা ব্রুতে কিছুই বাধে না, অতিরিক্ত যত্তে সেটা লুকোবার চেষ্টাও করে নি। তার কারণ, যারা নাচছে তারা মেয়ে কি পুরুষ সেটা গৌণ, নাচটা কী নেইটেই দেখবার বিষয়। দেহটা মেয়ের কিন্তু লড়াইটা পুরুষের, এর মধ্যে একটা বিরুষতা আছে বলেই এই অভুত সমাবেশে বিষয়টা আরো যেন তীত্র হয়ে ওঠে। কমনীয়তার আধারে বীররসের উচ্ছলতা। মনে করো না— বাদ নয়, সিংহ নয়, জবাফুলে ধৃতরাফুলে সাংঘাতিক হানাহানি, ডাঁটায় ডাঁটায় সংঘর্ষ, পাপড়িগুলি ছিম্মবিচ্ছিয়; এদিকে বনসভা কাঁপিয়ে বৈশাধী ঝড়ের গামেলান বাজছে, গুরুগুরু মেষের মৃদক্ষ, গাছের ভালে ভালে ঠকাঠকি, আর সেঁ। সেঁ। শব্দে বাতাসের বাঁদি।

সব-শেষে এলেন রাজার ভাই। এবার তিনি একলা নাচলেন। তিনি ঘটোৎকচ। হাস্তরসিক বাঙালি হয়তো ঘটোৎকচকে নিয়ে বরাবর হাসাহাসি করে এসেছে। এথান-কার লোকচিত্তে ঘটোৎকচের খুব আদর। সেইজক্তেই মহাভারতের পল্প এলের হাতে আরো অনেকথানি বেড়ে পেল। এরা ঘটোৎকচের সঙ্গে ভাগিবা (ভাগিবী) বলে এফ

মেশ্বের ঘটালে বিরে। সে মেরেটি আবার অর্ক্ নের কলা। বিবাহ সম্বের প্রথা রুরোপের কাছাকাছি বার। খ্ডতোত জাঠতোত ভাইবোনে বাধা নেই। ভার্মিবার পর্যে বটোৎকচের একটি ছেলেও আছে, ডার নাম শশিকিরণ। যা হোক, আজকের নাচের বিষয়টা হচ্ছে, প্রিয়ভমাকে শ্বরণ করে বিরহী ঘটোৎকচের ঔৎস্কা। এমনকি, মাঝে মাঝে মৃছর্ র ভাবে সে মাটিতে বসে পড়ছে, কর্মনার আকাশে তার ছবি দেখে সে ব্যাকৃল। অবশেষে আর থাকতে না পেরে প্রেরসীকে খ্রুতে সে উড়ে চলে গেল। এর মধ্যে একটি ভাববার জিনিস আছে। যুরোপীয় শিল্পীর এঞ্জেলদের মডো এরা ঘটোৎকচের পিঠে নকল পাথা বসিয়ে দেয় নি। চাদরখানা নিয়ে নাচের ভন্থীতে ওড়ার ভাব দেখিয়েছে। এর থেকে মনে পড়ে গেল শকুন্তনা নাটকে কবির নির্দেশবাক্য—রথবেগং নাটয়তি। বোঝা বাচেছ, রথবেগটা নাচের ঘারাই প্রকাশ হত, রথের ঘারা নয়।

রামারণের মহাভারতের গন্ধ এ দেশের লোকের মনকে জীবনকে বে কিরকম গভীর-ভাবে অধিকার করেছে তা এই কদিনেই স্পষ্ট বোঝা গেল। ভূগোলের বইরে পড়া গেছে, বিদেশ থেকে অন্তর্গুল ক্ষেত্রে কোনো প্রাণী বা উদ্ভিদের নতুন আমদানি হবার অনতিকাল পরেই দেখতে দেখতে তারা সমস্ত দেশকে ছেরে ফেলেছে; এমন-কি, বেখান থেকে তাদের আনা হয়েছে সেখানেও তাদের এমন অপরিমিত প্রভাব নেই। রামায়ণ-মহাভারতের গল্প এদের চিত্তক্ষেত্রে তেমনি করে এসে তাকে আছের করে ফেলেছে। চিত্তের এমন প্রবল উদ্বোধন কলারচনায় নিজেকে প্রকাশ না করে থাকতে পারে না। দেই প্রকাশের অপর্বাপ্ত আনন্দ দেখা দিয়েছিল বরোব্দরের মৃতিকল্পনায়। আজ এখানকার মেয়েপ্রুষ নিজেদের দেহের মধ্যেই বেন মহাকাব্যের পাত্রদের চরিতকথাকে নৃজ্যমৃতিতে প্রকাশ করছে; ছল্পে ছল্পে এদের রক্তপ্রবাহে সেই সকল কাহিনী ভাবের বেগে আন্দোলিত।

এ ছাড়া কত রক্ষ-বেরক্ষমের অভিনয়, তার অধিকাংশই এই-সকল বিষয় নিয়ে। বাইরের দিকে ভারতবর্ষের থেকে এরা বহু শতানী সম্পূর্ণ বিচ্ছিন্ন; তবু এতকাল এই রামায়ণ মহাভারত নিবিড়ভাবে ভারতবর্ষের যথ্যেই এদের রক্ষা করে এসেছে। ওলন্দাজ্বরা এই শীপগুলিকে বলে 'ডাচ ইগুীস,' বস্কুত এদের বলা যেতে পারে 'ব্যাস ইগুীস'।

পূর্বেই বলেছি, এরা ঘটোৎকচের ছেলের নাম রেখেছে শশিকিরণ। সংস্কৃত ভাষা থেকে নাম রচনা এদের আঞ্চ চলেছে। মাঝে মাঝে নামকরণ অভ্তরকম হয়। এথানকার রাজবৈজের উপাধি ক্রীড়নির্মল। আমরা যাকে নিরাময় বা নীরোগ বলে থাকি এরা নির্মান শৃক্ষকে সেই অর্থ দিয়েছে। এদিকে ক্রীড় শব্দ আয়াদের অভিধানে খেলা, কিন্তু ক্রীড় বলতে এখানে বোঝাচ্ছে উন্থোগ। রোগ দ্ব করাতেই যার উন্থোগ সেই হল ক্রীড়নির্মল। ফসলের খেতে যে সেঁচ দেওরা হয় তাকে এরা বলে সিন্ধু—অমৃত। এখানে জল অর্থেই সিন্ধু কথার ব্যবহার, ক্ষেত্রকে যে-জলসেঁচ মৃত্যু খেকে বাঁচায় সেই হল সিন্ধু—অমৃত। আমাদের গৃহস্বামীর একটি ছেলের নাম সরোষ, আর-একটির নাম দন্তোষ। বলা বাছল্য, সরোষ বলতে এখানে রাগী মেজাকের লোক বোঝায় না, ব্রুতে হবে সতেজ। রাজার মেয়েটির নাম কুসম্মর্থিনী। অনন্তকুস্ম, জাতিকুস্ম, কুসমায়্থ, কুসম্বত্ত, এমন দব নামও শোনা যায়। এদের নামে বেমন বিভব্ধ ও স্থাজীর সংস্কৃত শব্দের ব্যবহার এমনতরো আমাদের দেশে দেখা যায় না। বেমন আত্মস্থবিজ্ঞ, শাস্তাআ, বীরপ্তক, বীর্ষ্ণাস্ত্র, সহন্তপ্রবীর, বীর্যন্ত্রত, পদ্মস্থপাস্ত্র, কৃতাধিরাজ, সহস্রস্থসার, পূর্ণপ্রণত, ফ্রেবিভব।

সেদিন যে-রাজার বাড়িতে গিয়েছিলেম তাঁর নাম স্বংছনল পাকু-ভ্বন। তাঁরই এক ছেলের বাড়িতে কাল আমাদের নিমন্ত্রণ ছিল, তাঁর নাম অভিমহ্য। এ দের সকলেরই সৌজ্যু স্বাভাবিক, নম্রভা স্থলর। সেধানে মহাভারতের বিরাটপর্ব থেকে ছায়াভিনয়ের পালা চলছিল। ছায়াভিনয় এ দেশ ছাড়া আর কোখাও দেখি নি, অতএব ব্ঝিয়ে বলা দরকার। একটা লাদা কাপড়ের পট টাঙানো, তার সামনে একটা মন্ত প্রদীপ উজ্জল শিখা নিয়ে জলছে; তার হুই ধারে পাতলা চামড়ায় আঁকা মহাভারতের নানা চরিজের ছবি সাজানো, তাদের হাতপাগুলো দড়ির টানে নড়ানো যায় এমনভাবে গাঁথা। এই ছবিগুলি এক-একটা লখা কাঠিতে বাঁধা। একজন স্থর করে গল্পটা আউড়ে যায়, আর সেই গল্প-অহসারে ছবিগুলিকে পটের উপরে নানা ভঙ্গীতে নাড়াতে দোলাতে চালাতে থাকে। ভাবের সঙ্গে সংগতি রেখে গামেলান বাজে। এ যেন মহাভারত-শিক্ষার একটা ক্লাসে পাঠের সঙ্গে ছবির অভিনয়-যোগে বিষয়টা মনে মুক্রিত করে দেওয়া। মনে করো, এমনি করে যদি স্কুলে ইতিহাস শেখানো যায়, মাস্টারমশায় গল্পটা বলে যান আর একজন প্তুল-খেলাওয়ালা প্রধান প্রধান ব্যাপারগুলো প্তুলের অভিনয় দিয়ে দেখিয়ে যেতে থাকে, আর সঙ্গে ভাব-জন্মগারে নানা স্থরে তালে বাজনা বাজে, ইতিহাস শেখাবার এমন স্থলর উপায় কি আর হতে পায়ে।

মাহবের জীবন বিপদসম্পদ-মুথত্:থের আবেগে নানাপ্রকার রূপে ধ্বনিতে স্পর্দে লীলায়িত হয়ে চলছে; তার সমস্তটা যদি কেবল ধ্বনিতে প্রকাশ করতে হয় ভা হলে শে একটা বিচিত্র সংগীত হয়ে ওঠে; তেমনি আর-সমস্ত ছেড়ে দিয়ে সেটাকে কেবল- মাত্র যদি পভি দিয়ে প্রকাশ করতে হয় তা হলে দেটা হয় নাচ। হলোমর স্বরই হোক আর র্ভাই হোক, তার একটা গতিবেগ আছে, সেই বেগ আরাহের চৈতন্তে রসচাকন্য সকার করে তাকে প্রবলভাবে আগিয়ে রাখে। কোনো ব্যাপারকে নিবিভ করে উপলব্ধি করাতে হলে আয়াদের চৈতল্যকে এইরকম বেগবান করে তুলতে হয়। এই দেশের লোক ক্রমাগড়ই স্বর ও নাচের সাহাব্যে রামারণ-মহাভারতের গরগুলিকে নিকের চৈতল্যের মধ্যে সর্বদাই দোলায়িত করে রেখেছে। এই কাহিনীগুলি রশের ব্যবদার কেবলই এদের জীবনের উপর দিয়ে প্রবাহিত। রামারণ-মহাভারতকে এমনি নানাবিধ প্রাণবান উপারে সর্বতোভাবে আত্মলাৎ করবার চেটা। শিক্ষার বিষয়কে একান্ত করে গ্রহণ ও ধারণ করবার প্রকট প্রণালী কী তা যেন সমন্ত দেশের লোকে মিলে উদ্ভাবন করেছে; রামারণ-মহাভারতকে গভীর করে পাবার আগ্রহে ও আনন্দেই এই উদ্ভাবনা স্বাভাবিক হল।

কাল যে ছবির অভিনয় দেখা গেল তাও প্রধানতই নাচ, অর্থাৎ ছন্দোময় পতির ভাষা দিয়ে গল্প-বলা। এর থেকে একটা কথা বোঝা যাবে এ দেশে নাচের মনোহারিতা ভোগ করবার জন্মেই নাচ নয়; নাচটা এদের ভাষা। এদের প্রাণ ইতিহাস নাচের ভাষাতেই কথা কইতে থাকে। এদের গামেলানের সংগীতটাও হ্লেরে নাচ। কথনো দ্রুত, কখনো বিলম্বিত, কথনো প্রবল, কথনো মৃত্ব, এই সংগীতটাও সংগীতের জন্মে নয়, কোনো একটা কাহিনীকে নৃত্যচ্ছন্দের অন্ত্রম্ব দেবার জন্মে।

দীপালোকিত সভায় এসে যখন প্রথম বসলুম তখন ব্যাপারখানা দেখে কিছুই ব্যতে পায়া গেল না। বিরক্ত বোধ হতে লাগল। থানিক বাদে আমাকে পটের পশ্চাংভাগে নিয়ে গেল। সেদিকে আলো নেই, সেই অদ্ধকার ঘরে মেয়েরা বসে দেখছে। এদিকটাতে ছবিগুলি অদৃশু, ছবিগুলিকে ষে-মামুষ নাচাছে তাকেও দেখা যায় না, কেবল আলোকিত পটের উপর অগু পিঠের ছবির ছায়াগুলি নেচে বেড়াছে। যেন উত্তানশায়ী শিবের ব্কের উপরে মহামায়ার নাচ। জ্যোতির্লোকে যে-স্টেকর্তা আছেন তিনি যথন নিজের স্টেপটের আড়ালে নিজেকে গোপন রাখেন তখন আমরা স্টেকে দেখতে গাই। স্টেকর্তার সক্তে স্বিয়ে অবিশ্রাম বোগ আছে বলে যে আনে সেই তাকে সত্য বলে জানে। সেই বোগ থেকে বিচ্ছির করে দেখলে এই চঞ্চল ছায়াগুলোকে নিতান্তই মায়া বলে বোধ হয়। কোনো কোনো সাধক পটটাকে ছিঁছে কেলে ওপারে গিয়ে দেখতে চায়, অর্থাৎ, স্টেকে বাদ দিয়ে স্টেকর্তাকে দেখবার চেটা— কিছু তার মতো মায়া আর কিছুই হতে পারে না। ছায়ার খেলা দেখতে দেখতে এই কথাটাই কেবল আমার মনে হচ্ছিল।

আমি যখন চলে আসছি আমাদের নিমন্ত্রণকর্তা আমাকে খুব একটি মূল্যবান উপহার দিলেন। বড়ো একটি বাটিক শিল্পের কাপড়। বললেন, এইরক্মের বিশেষ কাপড় রাজ্যংশের ছেলেরা ছাড়া কেউ পরতে পায় না। স্থতরাং, এ জাতের কাপড় আমি কোথাও কিনতে পেতৃম না।

আমাদের এথানকার পালা আন্ধ শেষ হল। কাল যাব বোগ্যকর্তায়।
সেথানকার রাজবাড়িতেও নাচগান প্রভৃতির রীতিপদ্ধতি বিশুদ্ধ প্রাচীনকালের, অথচ
এখানকার সন্দে পার্থক্য আছে। যোগ্যকর্তা থেকে বোরোবৃদর কাছেই; মোর্টরে
ঘন্টাথানেকের পথ। আরো দিন পাঁচ-ছয় লাগবে এই সমস্ত দেখে শুনে নিতে, তার
পরে ছুটি। ইতি ১৭ সেপ্টেম্বর ১৯২৭

26

#### कन्यांगीरम्

অমিয়, এথানকার দেখান্তনো প্রায় শেষ হয়ে এল। ভারতবর্ষের সঙ্গে জোড়াভাড়া-দেওয়া এদের লোকযাত্রা দেখে পদে পদে বিস্ময় বোধ হয়েছে। রামায়ণ-মহাভারত এখানকার লোকের প্রাণের মধ্যে যে কিরকম প্রাণবান হয়ে রয়েছে সে-কথা পূর্বেই লিখেছি। প্রাণবান বলেই এ জিনিসটা কোনো লিখিত সাহিত্যের সম্পূর্ণ পুনরাবৃত্তি নয়। এখানকার মান্তবের বহুকালের ভাবনা ও কল্পনার ভিতর দিয়ে তার অনেক বদল হয়ে গেছে। তার প্রধান কারণ, মহাভারতকে এরা নিজেদের জীবনযাত্রার প্রয়োজনে প্রতিদিন ব্যবহার করেছে। সংসারের কর্তব্যনীতিকে এরা কোনো শাল্পত উপদেশের মধ্যে দঞ্চিত পায় নি, এই ছই মহাকাব্যের নানা চরিত্রের মধ্যে তারা যেন মূর্তিমান। ভালোমন্দ নানা শ্রেণীর মামুষকে বিচার করবার মাপকাঠি এই-সব চরিত্রে। এইজন্তেই জীবনের গতিবৃদ্ধির সঙ্গে সঙ্গে তাদের এই জীবনের সামগ্রীর অনেকরকম वमन रुप्तरह । काल काल वांडानि गांत्ररकत मूर्य मूर्य विद्यांभि - हिंदेमारमत भम्खनि ষেমন রূপাস্থরিত হয়েছে এও তেমনি। কাল আমরা ষে-ছায়াভিনয় দেখতে গিয়েছিলেম তার গলাংশটাকে টাইপ করে আমাদের হাতে দিয়েছিল। সেটা পাঠিয়ে দিচ্ছি, পড়ে দেখো। মূল মহাভারতের দক্ষে মিলিয়ে এটা বাংলায় তর্জমা করে নিয়ো। এ গল্পের विस्थिष এই रव, এর মধ্যে জৌপদী নেই। यून यহाভারতের ক্লীব বৃহন্নলা এই পজে बादीकर्ल 'त्कन-वर्षि' नाम গ্রহণ করেছে। कीठक একে দেখেই मूध इन्न ७ जीरमन

#### अधिम को व्यक्तिमा (परी क्या विभिक्त ।

হাতে যারা পড়ে। এই কীচক জাভানি মহাভারতে মংশুপতির শত্রু, পাণ্ডবেরা একে বধ করে বিরাটের রাজার কৃতজ্ঞভাভাত্তন হরেছিল।

আমি মন্থনগরো-উপাধিধারী যে-রাজার বাড়ির অলিন্দে বসে লিখছি চারি দিকে তার ভিত্তিগাত্রে রামায়ণের চিত্র রেশমের কাপড়ের উপর অতি স্থন্দর করে অভিত । অথচ ধর্মে এ রা মৃসলমান । কিন্তু, হিন্দুশান্তের দেবদেবীদের বিবরণ এ রা তর তর করে আনেন । তারতবর্ষের প্রাচীন ভ্-বিবরণের গিরিনদীকে এ রা নিজেদের দেশের মধ্যেই গ্রহণ করেছেন । বন্ধত, সেটাতে কোনো অপরাধ নেই, কেননা রামায়ণ-মহাভারতের নরনারীরা ভাবমৃতিতে এ দের দেশেই বিচরণ করছেন; আমাদের দেশে তাঁদের এমন সর্বজনব্যাপী পরিচয় নেই, সেখানে ক্রিয়াক্তর্মে উৎসবে আমাদে দরে বরে তাঁরা এমন করে বিরাক্ত করেন না ।

আজ রাত্রে রাজসভায় জাভানি জোতাদের কাছে আমার 'কথা ও কাহিনী' থেকে করেকটি কথা আর্ত্তি করে শোনাব। একজন জাভানি সেগুলি নিজের ভাষায় তর্জমা করে ব্যাখ্যা করবেন। কাল স্থনীতি ভারতীয় চিত্রকলা সম্বন্ধে দীপচিত্র সহযোগে বফ্তা করেছিলেন। আজ আবার তাঁকে সেইটে বলতে রাজা অস্থরোধ করেছেন। ভারতবর্ধ সম্বন্ধে সব কথা জানতে এঁদের বিশেষ আগ্রহ। ইতি ১৭ সেপ্টেম্বর ১৯২৭

20

#### कमानीरम्य

রথী, শ্রকতার মন্ত্রগরোর ওখান থেকে বিদায় নিয়ে যোগ্যকতায় পাকোয়ালামউপাধিধারী রাজার প্রাদাদে আঞ্রয় নিয়েছি। শ্রকতা শহরে একটি নতুন সাঁকো ও
রাজা তৈরি শেষ হয়েছে, সেই রাজা পথিকদের ব্যবহারের জল্ডে মৃক্ত করে দেবার ভার
আমার উপরে ছিল। সাঁকোর সামনে রাজা আটকে একটা কাগজের ফিতে টাঙানো ছিল,
কাঁচি দিয়ে সেটা কেটে দিয়ে পথ খোলসা করা গেল। কাজটা আমার লাগল ভালো; মনে
হল, পথের বাধা দৃর করাই আমার ব্রত। আমার লামে এই রাজার নামকরণ হয়েছে।

পথে আসতে পেরাম্বান বলে এক জায়গায় পুরোনো ভাঙা মন্দির দেখতে নামলুম।
এ জায়গাটা ভ্রনেশরের মতো, মন্দিরের ভয়তুপে পরিকীর্ণ। ভাঙা পাধরগুলি জোড়া
দিয়ে দিয়ে ওলদাজ গবর্মেণ্ট মন্দিরগুলিকে তার সাবেক মৃতিতে গড়ে তুলছেন। কাজটা
মূব কঠিন, জয় জয় কয়ে এগোচেছ; ত্ই-একজন বিচক্ষণ য়ুরোপীয় পণ্ডিত এই কাজে

> भीवृक्ष अधिक्रम्म চক্রণতীকে লিখিত।

नियुक्त। छौरमत्र मरक जामाश करत्र वित्यम जानम रभमूत्र। अहे कांक क्षमण्जूर्व क्रवांत ज्ञा जामात्मत भूतांगञ्जनि नित्र ज्ञा यर्थहे ज्ञात्माच्या क्रत्रहम । ज्ञानक जिनिम ब्यान ना, ज्या मिश्रनि एवं जांजीन लांक्य पुष्ठिविकांत (थरक परिष्ठ जा नग्न, ভখনকার কালের ভারতবর্ষের লোকব্যবহারের মধ্যে এর ইতিহাস নিহিত। শিব-যন্দিরই এখানে প্রধান। শিবের নানাবিধ নাট্যমূজা এখানকার মৃতিতে পাওয়া বায়, কিন্তু আযাদের শাস্ত্রে তার বিস্তারিত সন্ধান পাওয়া যাচ্ছে না। একটা জিনিস ডেবে দেখবার বিষয়। শিবকে এ দেশে গুরু, মহাগুরু বলে অভিহিত করেছে। আমার বিশ্বাস, বুদ্ধের গুরুপদ শিব অধিকার করেছিলেন; মাহুষকে তিনি মুক্তির শিক্ষা দেন। এথানকার শিব নটরাজ, তিনি মহাকাল অর্থাৎ সংসারে যে চলার প্রবাহ, জন্মমৃত্যুর ষে ওঠাপড়া, সে তাঁরই নাচের ছন্দে; তিনি ভৈরব, কেননা, তাঁর লীলার অকই হচ্ছে মৃত্যু। আমাদের দেশে এক সময়ে শিবকে ছই ভাগ করে দেখেছিল। এক দিকে তিনি অনস্ত, তিনি সম্পূর্ণ, স্থতরাং তিনি নিজিয়, তিনি প্রশাস্ত ; আর-এক দিকে তাঁরই মধ্যে কালের ধারা তার পরিবর্তন-পরস্পরা নিয়ে চলেছে, কিছুই চিরদিন থাকছে না, এইখানে यशामरवत्र जाउवनीना कानीत यसा क्रथ निस्त्रह् । किन्न, बाजाय कानीत कानी পরিচয় নেই। ক্লফের বুন্দাবনলীলারও কোনো চিহ্ন দেখা যায় না। প্তনাবধ প্রভৃতি অংশ আছে কিন্তু গোপীদের দেখতে পাই নে। এর থেকে সেই সময়কার ভারতের ইতিহাসের কিছু ছবি পাওয়া যায়। এখানে রামায়ণ-মহাভারতের নানাবিধ গল্প আছে যা অন্তত সংস্কৃত মহাকাব্যে ও বাংলাদেশে অপ্রচলিত। এখানকার পণ্ডিতদের মত এই ষে, জাভানিরা ভারতবর্ষে গিয়ে অথবা জাভায় সমাগত ভারতীয়দের কাছ থেকে লোকম্থে-প্রচলিত নানা গল শুনেছিল, সেইগুলোই এথানে রয়ে গেছে। অর্থাৎ, সে সময়ে ভারতবর্ষেই নানা স্থানে নানা গল্পের বৈচিত্র্য ছিল। আৰু পর্যস্ত ভারতবর্ষের কোনো পণ্ডিতই রামায়ণ-মহাভারতের তুলনামূলক আলোচনা করেন নি। করতে গেলে ভারতের প্রদেশে প্রদেশে স্থানীয় ভাষায় ষে-সব কাব্য আছে মূলের সঙ্গে সেইগুলি মিলিয়ে দেখা দরকার হয়। কোনো-এক সময়ে কোনো এক জার্মান পণ্ডিভ এই কাজ করবেন বলে অপেকা করে আছি। তার পরে তাঁর লেখার কিছু প্রতিবাদ किছू मधर्यन करत विश्वविद्यांनस्त्र जागत्रा छान्तात्र छेशाधि शाव।

এখানে পাকোয়ালাম লোকটিকে বড়ো ভালো লাগল। শান্ত, গন্তীর, শিক্তিত, চিন্তাশীল। জাভার প্রাচীন কলাবিদ্যা প্রভৃতিকে রক্ষা করবার জন্তে উৎস্থ । বোগ্যকর্তার প্রধান ব্যক্তি হচ্ছেন এখানকার ফলভান। তাঁর বাড়িতে রাজে নাচ দেখবার নিমন্ত্রণ ছিল। সেধানে একজন ওলনাজ পণ্ডিতের কাছে শোনা গেল বে, এই

कांत्रगांकित मात्र क्रिक करपांधा। ; क्रद्य जांत्रहें क्रम्बाः एर्ड अथन त्यांगा। नात्र अत्म र्ट्टिक्ट् ।

অধানে যে নাচ দেখলুম সে চারজন থেয়ের নাচ। রাজবংশের থেয়েরাই নাচেন।
চারজনের মধ্যে ত্বল ছিলেন স্থলতানেরই মেয়ে। এখানে এনে যক্ত নাচ দেখেছি দ্ব
চেয়ে এইটেই স্থলর লেগেছে। বর্ণনা-ছারা এ বোঝানো অসম্ভব। এমন অনিদ্যাসম্পূর্ণ
রূপস্টি দেখা যায় না। এই-সব নাচের একটা দিক আছে যেটা এর বাইরের সৌন্ধর্য,
আর-একটা হচ্ছে বিশেষ বিশেষ ভঙ্গীর বিশেষ অর্থ আছে। যারা সেগুলি জানে তারাই
এর শোভার সলে এর ভাষাকে মিলিয়ে সম্পূর্ণ আনন্দ পেতে পারে। এখানে নাচশিক্ষার বিভালয় আছে, সেখানে নিমন্ত্রণ পাওয়া পেছে। সেখানে গেলে এদের নাচের
তত্ত্ব আয়ো কিছু ব্রুতে পারব আশা করছি।

আৰু রাত্রে রামায়ণ থেকে যে অভিনয় হবে তার একটি স্চীপত্র পাঠাই। এটা পড়লে বোঝা যায়, এখানকার রামায়ণকথার ভাবখানা কী।

বৌষা পশ্বলা অগস্টে বে-চিঠি পাঠিয়েছিলেন আৰু দেড় মাস পরে সেটি আয়ার হাতে এল। আমার চিঠির কোন্গুলো তোমাদের কাছে পৌছল কোন্গুলো পৌছল না, ডা কেমন করে জানব। ইতি ১৯ সেপ্টেম্বর :৯২৭১

59

বোগ্যক্তা

बाज

#### कनागियां इ

রানী, এখানকার পালা পেব হয়ে এল, শরীরটাও ক্লাস্ক। এখানে ষে-রাজার বাড়িতে আছি কাল রাত্রে তিনি ছায়াভিনয়ের একটি পালা দেখাবেন; তার পরে আমরা যাব বরোবৃদরে। সেথানে হদিন কাটিয়ে ফেরবার পথে বাটাভিয়াতে গিয়ে জাহাজে চড়ে বলব।

কাল রাত্রে এক জারগার পিয়েছিল্ম জটার্বধের অভিনয় দেখতে। দেখে এ দেশের লোকের মনের একটা পরিচয় পাওয়া যায়। আমরা যাকে অভিনয় বলি তার প্রধান অংশ কথা, বাকি অংশ হচ্ছে নানাপ্রকার হালয়ভাবের সঙ্গে জড়িত ঘটনাবলীর প্রতিরপ দেখানো। এখানে তা নয়। এথানে প্রধান জিনিস হচ্ছে ছবি এবং গডিছেল।

<sup>&</sup>gt; स्पीखनाप ठाकूत्र कि विख् ।

কিছ, সেই ছবি বলতে প্রতিরূপ নম্ন, মনোহর রূপ। আমরা সংসারে বে দৃশ্য সর্বদা मिथि जांत्र माक थ्र दिन अरेनका इताल धामत वार्थ ना। भृथिवीरक माक्रव कर्छ मैं फ़िर्म ह्यां करत थारक। এই অভিনয়ে मर्श्टरक वरम वरम हमरू किन्नर छ হয়। সেও সহজ চলাফেরা নয়, প্রত্যেক নড়াচড়া নাচের ভলীতে। মনে মনে এরা थमन थको कन्नताक रुष्टि करतह रिश्वान नवाई वनात व्यवहात्र नित्त रिव्हान । अहे পব্ন মান্তবের দেশ যদি প্রহসনের দেশ হত তা হলেও ব্রত্ম। একেবারেই তা নয়, এ মহাকাব্যের দেশ। এরা স্বভাবকে থাতির করতে চায় না। স্বভাব তার প্রতিশোধস্বরূপে যে এদের বিদ্রূপ করবে, এদের হাস্থকর করে তুলবে, তাও ঘটল না। স্বভাবের বিকারকেও এরা স্থদৃশ্র করবে, এই এদের পণ। ছবিটাই এদের লক্ষ্য, च डार्वित व्यक्ष्यक्रव थरम्त नका नम्, এই कथांछा धन्ना स्थन व्यक्षित नक्ष वन्य होत्र। মনে করো-না কেন, প্রথম দৃশ্যটা রাজসভায় দশরথ ও তাঁর অমাত্যবর্গ। রজভূমিতে এরা স্বাই গুঁড়ি মেরে প্রবেশ করল। মনে হয়, এর চেয়ে অন্তুত কিছুই হতে পারে না। ব্যাপারটাকে হাস্তকরতা থেকে বাঁচানো কত কঠিন ভেবে দেখো। কিন্তু, এতে আমরা বিরূপ কিছুই দেখলুম না, এরা দশরথ কিম্বা রাজাযাত্য সে কথাটা সম্পূর্ণ গৌণ হয়ে গেল। পরের দৃশ্যে কৈকেয়ী প্রভৃতি রানী আর সধীরা তেমনি করেই বসা-অবস্থায় হেলে ত্লে নেচে নেচে প্রবেশ করলে। আট-নয় বছরের ছেলেরা সব কৌশল্যা প্রভৃতি রানী নেজেছে। এদিকে কৌশল্যার ছেলে রাম যে সেজেছে তার বয়স অস্তত পঁচিশ হবে; এটা যে কত বড়ো অসংগত সে প্রশ্ন কারো মনেই আসে না, কেননা, এরা দেখছে ছবির নাচ। ষতক্ষণ সেটাতে কোনো দোষ ঘটছে না ততক্ষণ নালিশ করবার কোনো হেতু নেই। অন্ত দেশের লোকেরা ধ্থন জিজ্ঞাসা করে, এর यान की राला, धरा वाल, "जा चायता चानि न, किन्ह चायात्मत 'तमय' जृश राष्ट्र।" অর্থাৎ, মানে না পাই রদ পাচ্ছি। আমাকে একজন ওলনাজ পণ্ডিত বলছিলেন, বালির লোকেরা অভ্যাসমতো বে-সব পূজাম্প্রান করে তার মানে তারা কিছুই বোঝে না কিন্তু তারাও 'রসম্'-তৃপ্তির দোহাই দিয়ে থাকে। অর্থাৎ, সৌন্দর্যের, সম্পূর্ণভার একটা আইডিয়া তাদের মনের ভিতরে আছে, অফ্টানের ব্যাপারে সেইটিতে যথন সাড়া পায় তথন তাদের যে আনন্দ তাকে তো আধ্যান্মিক বলা বেতে পারে।

কাল রাজে এই রক্ষেত্তের বহিরন্ধনে কত যে লোক জমেছে তার সংখ্যা নেই।
নিংশব্দে তারা দেখছে; শুধু কেবল দেখারই হুখ। তাদের মনের মধ্যে রামায়ণের পদ্ধ
আছে, সেই গল্পের ধারার সন্দে ছবির ধারা মিলে কল্পনা উজ্জল হয়ে উঠছে। এর মধ্যে
আশ্চর্ষের বিষয়টা হচ্ছে এই যে, যে-ছবিটা দেখছে সেটাতে গল্পকে স্কৃটিয়ে ভোলবার

क्लांका किहा वह । ब्रांटमब क्लिक्जांका किक्की ब्रांत क्लांक ; किछ व्यवस्थ ভাষভদী ও कर्षचद्र आंगांत्र हार्थ कात्न ब्रात्मव ভाষটा प्लेष्ठ रूप अर्ठ धरे हित्र मर्था छोत्र क्लांका जक्का रम्था रमन ना। कांग्रे-मण यहरत्रत्र रहरण खीरवरण किरक्त्री সাক্ষলে তার মধ্যে কৈকেরীয় লেশমাত্র থাকা অসম্ভব। তবু এরা তাতে কোনো অভাব त्यांध करत्र ना । जिनिमही विष जाभारत्राष्ट्रा हिल्लमाञ्चि ७ श्रामा वर्वत्र-त्यारहत्र किह्न হড তা হলে আশ্চর্যের বিষয় কিছুই থাকত না — কিছ, ষেখানে নৈপুণ্য ও সৌষম্যের শীমা নেই, অতি সামাশ্য ভঙ্গীটুকুমাত্র ষেধানে নির্ম্বক নয়, বহু যত্ন ও বহু শক্তির বারা रियान धरे निनउक्नां धरक्वांत्र स्नितिन्छ हात्र উঠেছে, मिथान धरक स्वका क्त्रा চলে ना। এই क्थांरे रमण्ड रम एम, ऋत्मत्र ७ मिडित इन्मर्याथ अस्मत्र यस्न ष्पठास्त বেশি প্রবল; সেই রূপের ও গতির ভাষা এদের মনে ষতথানি কথা কর আয়াদের মনে ডতথানি কয় না। এদের গামেলান-সংগীতেও সেটা দেখতে পাই। প্রথমত বন্ধগুলি বছসংখ্যক, বছ যতে স্থােভিড, এবং তাদের সমাবেশ স্থাবিজ্ঞত, বারা বাজাচ্ছে তাদের মধ্যে সংষত শোভনতা। এই রম্যদর্শন এদের কাছে অত্যাবশ্রক। চোখের দেখার স্থাটুকু রক্ষা করে এদের যে সংগীতের আলোচনা সে হচ্ছে স্থরের নাচ। ছন্দের লীলা এদের কাছে গীতের ধারার চেয়ে বেলি। কিন্তু, ছন্দের লীলা আমাদের দেশের ভোকপুরিয়াদের ধচ্মচ্ বাক্ষের তৃঃসহ অত্যাচার নয়। এদের নাচ যেমন স্থব্দর সজ্জিত অব্দের নাচ, এদের সংগীতে ধে ছব্দের নাচ সেও ধোল করতাল মৃদক্ষের कोगाइन नम् - स्थावा स्त विषय मिहे नाह मिछिए। এक्ट्र मः शिष्ठ वा एक्ट পারে স্বরনৃত্য, এদের অভিনয়কে বলা যায় রূপনাট্য। ভারতবর্ষ থেকে নটরাজ এসে একদিন এথানে মন্দিরে পূজা পেম্নেছিলেন, তিনি এদের যে-বর দিয়েছেন সে হচ্ছে তাঁর নাচটি— আর, আমাদের জন্তে কি কেবল তাঁর খাণানভশ্বই রইল। ইতি

२० म्पिक्षेत्र ५०२१

34

ভাগো বাণ্ডঃ। ষবদীপ

#### कनागियाञ्

বৌষা, আমরা একটি ক্ষর আয়গায় এসেছি। পাহাড়ের উপরে— শোনা গেল পাঁচ হাজার ফুট উচু। হাওয়াটা বেশ ঠাও। কিছু, হিমালয়ের এওটা উচু কোনো

> बीमडी निर्मलक्षांग्री महलामवीलएक लिखिङ

পাহাড়ে বড়টা দ্বীত এখানে ভার কাছ দিয়েও বায় না। আমরা আছি ভীমন্ট বলে এক ভদ্রলোকের আতিখ্যে। এর দ্বী অষ্ট্রয়, ভিয়েনার মেয়ে। বাগান দিয়ে বেটিড স্ক্রন বাড়িটি পাহাড়ের উপর। এখান থেকে ঠিক সামনেই দেখতে পাই নীল গিরিমগুলীর কোলে বাঙ্ও শহর। পাহাড়ের যে অঞ্চলির মধ্যে এই শহর, অনভিকাল আগে সেখানে সরোবর ছিল। কখন একসময় পাড়ি ধলে গিয়ে ভার সমস্ত জল বেরিয়ে চলে গেছে। এতদিন ঘোরাঘ্রির পরে এই স্কর নির্জন জায়গায় নিভৃত বাড়িতে এসে বড়ো আরাম বোধ হচ্ছে।

জাভাতে নামার পর থেকেই যিনি সমস্তক্ষণ অপ্রান্ত যতে আমাদের সাহচর্য করে আসছেন তাঁর নাম সাম্য়েল কোপের্বর্গ্। নামের মূল অর্থ হচ্ছে তামার পাহাড়। স্নীতি সেই মানেটা নিয়ে তাঁর নামের সংস্কৃত অমুবাদ করে দিয়েছেন তামচুড়। আমাদের মহলে তাঁর এই নামটিই চলে গিয়েছে, তিনি এতে আনন্দিত। লোকটির नाय रमल छाँक वर्गहृ वना है छ करत। किरम व्यामारमत लिममां व्याताम স্থবিধা বা দাবি পূর্ণ হতে পারে সেজন্তে তিনি অসাধারণ চিন্তা ও পরিপ্রম করেছেন। অক্লবিম সৌহার্দ্য জার। দৈছিক পরিমাণে মাত্র্যটি সংকীর্ণ, কিন্তু হৃদয়ের পরিমাণে খুব প্রশস্ত। এতকাল আমরা তাঁকে নানা সময়ে নানা উপলক্ষে দিনরাত ধরে দেখেছি— কখনো তাঁর মধ্যে ঔদ্ধত্য বা ক্ষতা বা অহমিকা দেখি নি। সব সময়েই দেখেছি, নিজেকে তিনি সকলের শেষে রেখেছেন। তাঁর শরীর ক্লয় ও তুর্বল, অথচ সেই ক্লয় भत्रीरतत अर्छ कार्नामिन कार्ना विष्य श्विश मावि करतन नि। नकरमत नव रुप्त গিয়ে ষেটুকু উদ্বুস্ত সেইটুকুতেই তাঁর অধিকার। অনেকের কাছে তিনি তর্জন সহ করেছেন কিন্তু তা নিয়ে কোনোদিন তাঁর কাছ থেকে নালিশ বা কারো নিন্দে अनि नि। देः तिकि ভाना वनष्ठ भारतन ना, त्यार्छ वार्ष। किन्न, कथांत्र या ना কুলোয় কাব্দে তার চতুগুর্ণ পুষিয়ে দেন। কোথাও যাতায়াতের সময় মোটরগাড়িতে প্রথম প্রথম তিনি আমাদের সঙ্গ নিতেন, কিন্তু ষেই দেখলেন, তাঁর সঙ্গে আলাপ করা আমাদের পক্ষে কঠিন, অমনি অকুটিত মনে নিজেকে সরিয়ে দিয়ে ইংরেজি-জানা সন্ধীদের बाल कान करत मिलन। किन्ह, अथन अभन श्राह, जिनि नाम ना शंकरम क्वम रा অস্থবিধা হয় তা নয়, আমার তো ভালোই লাগে না। আমাদের মানসন্মান-স্থ-স্বাক্তন্তার চিস্তায় তিনি নিজেকে এমন সম্পূর্ণ ঢেলে দিয়েছেন যে, তিনি একটু সরে र्गालहे यांगारमत वर्षा विभि कांक भर्ष। जांत्र निश्व क्षरत्रत्र अकि नक्ष रहरथ षायांत्र जात्रि जात्मा मार्ग- मर्वजरे त्मि, निखरमत्र जिनि वसू। जात्रा अस्य निरक्षरमत्र मंत्रवस्मी वरनरे कारन। छात्र कारतत्र चात्र-धकि क्षेत्रांव, कांकात लाकरमन्न छिनि সম্পূর্ণ আপন করে নিম্নেছেন। জাভানিদের নাচ গান শিল্প ইভিহাস প্রভৃতিকে বাঁচিয়ে রাধবার জন্তে তাঁর একান্ত বন্ধ। এই সমন্ত আলোচনার জন্তে 'জাভা সোসাইটি' বলে একটি সভা হাপিত হয়েছে, তারই পরিচালনার জন্তে এ র সমন্ত সমন্ত ও চেটা নিযুক্ত। আমার বর্ণনা থেকে ব্রুবে, এই সরল আত্মভ্যাগী মাহ্যটিকে আমরা ভালোবেসেছি।

বোরোবুছরের উদ্দেশে বে কবিতা। লিখেছি সেটি ব্দক্ত পাতার তোষাদের ব্দক্ত কপি করে পাঠানো গেল। ইতি ২৬ সেপ্টেম্বর ১৯২৭<sup>২</sup>

19 ,

বাপুত্ত। জাভা

#### कमानिष्ठाञ्

মীরা, এথানকার দা-কিছু দেথবার তা শেষ করেছি। যোগ্য থেকে গিয়েছিলুম বোরোবৃহরে; সেথানে একরাত্রি কাটিয়ে এলুম।

প্রথমে দেখলুম, মৃণ্ড বলে এক জারগার একটি ছোটো মলির। ভেডেচ্রের পড়ছিল, সেটাকে এখানকার গবর্মেন্ট সারিয়ে নিয়েছে। গড়নটি বেশ লাগল দেখতে। ভিডরে বৃদ্ধের ভিন ভাবের ভিন বিরাট মৃতি। শুরু হয়ে দাঁড়িয়ে দেখলেয়। মনের ভিডরে কেমন একটা বেদনা বোধ হয়। একদিন অনেক মায়্মের মিলে এই মলির, এই মৃতি, তৈরি করে তুলছিল। শে কত কোলাহল, কত আয়োজন, তার সঙ্গে সঙ্গে ছিল মায়্মেরে প্রাণ। এই প্রকাণ্ড পাধরের প্রভিমা বেদিন পাহাড়ের উপর ভোলা ছচ্ছিল সেদিন এই গাছপালার মধ্যে এই স্থালোকে উজ্জ্বল আকাশের নীচে মায়্মমের বিপুল একটা প্রায়াস সজীবভাবে এইখানে তর্ম্বিত। পৃথিবীতে সেদিন থবর-চালাচালি ছিল না; এই ছোটো ঘাপটির মধ্যে বে প্রবল ইচ্ছা আপন কীর্ভিরচনায় প্রবৃত্ত, সমৃত্র পার হয়ে তার সংবাদ আর কোথাও পৌছয় নি। কলকাতার ময়দানের ধারে মধন ভিক্টোরিয়া মেমোরিয়াল তৈরি ছচ্ছিল তার কোলাহল পৃথিবীর সকল সমৃত্রের ক্লে কৃলে বিত্তীর্ণ হয়েছিল।

নিশ্চয় দীর্ঘকাল লেগেছিল এই মন্দির তৈরি হতে; কোনো-একজন মান্ত্যের আযুর মধ্যে এর স্পষ্টর দীমা ছিল না। এই মন্দিরকে তৈরি করে ভোলবার জ্ঞে

<sup>&</sup>gt; (बारत्रावृद्धत्र । शतिरमय कार्या मरकनिछ । >०म थक त्रवीख-त्रहमावनी जहेया ।

२ विवरी अधिमा विवीदक मिसिछ।

বে প্রবল প্রদা সেটা তথনকার সমস্ত কাল ফুড়ে সত্য ছিল। এই মন্দির নির্মাণ নিরে কত বিশ্বর, কত বিতর্ক, সত্যমিধ্যা কত কাহিনী তথনকার এই বীপের স্থধঃ ধবিকৃষ্ণ প্রতিদিনের জীবনবাত্রার সন্দে জড়িত হয়েছে। একদিন মন্দির তৈরি শেব হল; তার পরে দিনের পর দিন এখানে পূজার দীপ জলেছে, দলে দলে পূজার অর্ব্য এনেছে, বংসরের বিশেষ বিশেষ দিনে পার্বণ হয়েছে, এর প্রাক্তণে তীর্ব্যান্ত্রী মেয়ে পুরুষ এসে ডিড় করেছে।

তার পরে সেদিনের ভাষার উপর, ভাবের উপর, ধুলো চাপা পড়ল; সেদিন যা অভ্যন্ত সভ্য ছিল তার অর্থ গেল হারিয়ে। ঝরনা শুকিয়ে গেলে যেমন কেবল পাথরগুলো বেরিয়ে পড়ে, এই-সব মন্দির আব্দু তেমনি। একে ঘিরে বে প্রাণের ধারা নিরম্ভর বয়ে যেত সে যেমনি দ্রে সরে গেল, অমনি এর পাথর আর কথা কয় না, এর উপরে সেদিনের প্রাণশ্রোতের কেবল চিহ্নগুলি আছে, কিছু তার গতি নেই, তার বাণী নেই। মোটরগাড়ি চড়ে আমরা একদল এল্ম দেখতে, কিছু দেখবার আলো কোথায়। মাহ্যযের এই কীতি আপন প্রকাশের জন্তে মাহ্যযের যে-দৃষ্টির অপেকা করে, কতকাল হল, সে লুগু হয়ে গেছে।

এর আগে বোরোবৃহরের ছবি অনেকবার দেখেছি। তার গড়ন আমার চোখে কথনোই ভালো লাগে নি। আশা করেছিলুম হয়তো প্রত্যক্ষ দেখলে এর রস পাওয়া যাবে। কিন্তু, মন প্রসন্ন হল না। থাকে-থাকে একে এমন ভাগ করেছে, এর মাথার উপরকার চূড়াটুকু এর আয়তনের পক্ষে এমন ছোটো ষে, ষত বড়োই এর আকার হোক এর মহিমা নেই। মনে হয়, ষেন পাহাড়ের মাথার উপরে একটা পাথরের ঢাকনা চাপা দিয়েছে। এটা যেন কেবলমাত্র একটা আধারের মতো, বহুশত বৃদ্ধযুতি ও বুদ্ধের জাতককথার ছবিগুলি বহন করবার জন্তে মন্ত একটি ডালি। সেই ডালি থেকে তুলে তুলে দেখলে অনেক ভালো জিনিস পাওরা যায়। পাথরে-খোদা জাতকমৃতিগুলি আমার ভারি ভালো লাগল— প্রতিদিনের প্রাণলীলার অজ্ঞ স্থ প্রতিরূপ, অথচ তার মধ্যে ইতর অশোভন বা অঙ্গীল কিছুমাত্র নেই। অস্ত মন্দিরে **(मर्थिष्टि नव (मन्दम्वीत्र पृष्टि, त्रामाग्रन-मर्शाञांत्राज्य कारिनी ७ (थामार्डे रुप्ताद्छ।** এই যদ্দিরে দেখতে পাই সর্বজনকে রাজা থেকে আরম্ভ করে ডিথারি পর্বস্ত। বৌদ্ধর্মের প্রভাবে জনসাধারণের প্রতি শ্রদ্ধা প্রবল হয়ে প্রকাশ পেয়েছে; এর ষধ্যে मछ कथा चाहि, তাতে বলেছে, यूग यूग धरत तूक नर्वनाधात्रावत मधा विराहे कवन প্রাণীঅগতে নিত্যকাল ভালোমন্দর যে খন চলেছে সেই বন্ধের

প্রবাহ ধরেই ধর্মের শ্রেষ্ঠ জাদর্শ বুন্ধের মধ্যে অভিব্যক্ত। অতি সামাক্ত জন্তুর ভিতরেও অতি দামান্ত রূপেই এই ভালোর শক্তি মন্দর ভিতর দিয়ে নিজেকে ফ্টিয়ে তুলছে ; তার চরম বিকাশ হচ্ছে অপরিমেয় মৈত্রীর শক্তিতে আত্মত্যাগ। জীবে জীবে লোকে लांक त्महे जमीम येखी जब जब करत नाना मिक थिक जानन श्राह्म त्यांचन करतह, সেই দিকেই মোক্ষের গতি। জীব মুক্ত নয় কেননা, আপনার দিকেই তার টান ; সমন্ত প্রাণীকে নিম্নে ধর্মের যে অভিব্যক্তি তার প্রণালীপরস্পরায় সেই আপনার দিকে টানের 'পরে আঘাত লাগছে। সেই আঘাত যে-পরিমাণে যেখানেই দেখা যায় সেই পরিমাণে শেখানেই বৃদ্ধের প্রকাশ। মনে আছে, ছেলেবেলায় দেখেছিলুম, দড়িতে বাঁধা ধোপার বাড়ির গাধার কাছে এসে একটি গাভী স্থিতক্ষে ভার গা চেটে দিচ্ছে; দেখে আমার বড়ো বিশ্বয় লেগেছিল। বৃদ্ধই-ষে তাঁর কোনো এক জন্মে সেই গাভী হতে পারেন, এ কথা বলতে জাতককথা-লেখকের একটুও বাধত না কেননা, গাভীর এই স্লেহেরই শেব গিয়ে পৌচেছে মৃক্তির মধ্যে। জাতককথায় অসংখ্য সামাক্তের মধ্যে দিয়েই চরম অসামান্তকে স্বীকার করেছে। এতেই সামান্ত এত বড়ো হয়ে উঠল। সেই জন্তেই এতবড়ো মন্দিরভিত্তির গায়ে গায়ে তুচ্ছ জীবনের বিবরণ এমন সরল ও নির্মল প্রদার সঙ্গে চিত্রিত। ধর্মেরই প্রকাশচেষ্টার আলোতে সমস্ত প্রাণীর ইতিহাস বৌদ্ধধর্মের প্ৰভাবে মহিমান্বিত।

চ্ছান ওলনাম্ব পণ্ডিত সমস্ত ভালো করে ব্যাখ্যা করবার জন্তে আমাদের সন্দে ছিলেন। তাঁদের চরিত্রে পাণ্ডিত্যের সন্দে সরল হত্যতার সম্মিলন আমার কাছে বড়ো ভালো লাগল। সব চেয়ে আমা হয় এঁদের নিষ্ঠা দেখে। বোবা পাথরগুলোর মৃথ থেকে কথা বের করবার জন্তে সমস্ত আয়ু দিয়েছেন। এঁদের মধ্যে পাণ্ডিত্যের রূপণতা লেশমাত্র নেই— অজল্প দান্দিণ্য। ভারতবর্ধের ইতিহাসকে সম্পূর্ণ করে জেনে নেবার জন্তে এঁদেরই গুরু বলে মেনে নিতে হবে। জ্ঞানের প্রতি বিশুদ্ধ নিষ্ঠা থেকেই এঁদের এই অধ্যবসায়। ভারতের বিদ্যা, ভারতের ইতিহাস, এঁদের নিকটের জিনিস নয়, অথচ এইটেই এঁদের সমস্ত জীবনের সাধনার জ্ঞিনিস। আরো কয়েকজন পণ্ডিতকে দেখেছি; তাঁদের মধ্যেও সহজ নম্রতা দেখে আমার মন আরুই হয়েছে। ইতি

२७ म्पिक्स ३२२१३

<sup>&</sup>gt; श्रीमजी मीन्ना स्ववीदक निष्ठ।

20

বিশিটন

#### कन्यागिमाञ्

রানী, জাভার পালা সাল করে যখন বাটাভিয়াতে এসে পৌছলুম, মনে হল পেয়াঘাটে এসে দাঁড়িয়েছি এবার পাড়ি দিলেই ওপারে গিয়ে পৌছব নিজের দেশে। মনটা
যখন ঠিক সেই ভাবে ডানা মেলেছে এমন সময় ব্যাংকক্ থেকে আরিয়ামের টেলিগ্রাম
এল যে, সেধানে আমার ডাক পড়েছে, আমার জল্পে অভ্যর্থনা প্রস্তুত। আবার হাল
কেরাতে হল। সারাদিন খাটুনির পর আন্তাবলের রান্তায় এসে গাড়োয়ান যখন
নতুন আরোহীর ফরমাশে ঘোড়াটাকে অল্প রান্তায় বাঁক ফেরায় তখন তার অন্তঃকরণে
যে-ভাবের উদয় হয় আমার ঠিক সেইরকম হল। ক্লাস্ত হয়েছি, এ কথা মানতেই
হবে। এমন লোক দেখেছি (নাম করতে চাই নে) ভাগ্য অন্ত্রুল হলে যারা টুরিস্ট্রত গ্রহণ করে চিরজীবন অসাধ্য সাধন করতে পারত, কিন্তু তারা হয়তো পটলডারার
কোন্-এক ঠিকানায় গ্রুব হয়ে গৃহকর্মে নিযুক্ত। আর, আমি দেহটাকে কোণে বেঁধে
মনটাকে গগনপথে ওড়াতে পারলে আরাম পাই অথচ সাভ ঘাটের জল আমাকে
খাওয়াছে। অতএব, চললুম শ্রামের পথে, ঘরের পথে নয়।

এথানকার যে-সরকারি জাহাজে সিঙাপুরে যাবার কথা সে-জাহাজে অত্যন্ত ভিড়, তাই একটি ছোটো জাহাজে আমি আর হ্বেনে হান করে নিয়েছি। কাল শুক্রবার সকালে রওনা হওয়া গেছে। হ্বনীতি ও ধীরেন একদিনের জন্ম পিছিয়ে রয়ে গেল; কেননা, কাল রাজে ভারতীয় সভ্যতা সম্বন্ধে হ্বনীতির একটা বক্তৃতার ব্যবহা ছিল। জাভার পণ্ডিতমণ্ডলীর মধ্যে হ্বনীতি যথেষ্ট প্রতিষ্ঠা লাভ করেছেন। তার কারণ, তাঁর পাণ্ডিত্যে কোনো ফাঁকি নেই, যা-কিছু বলেন তা তিনি ভালো করেই জানেন।

আমাদের জাহাজ হটি বীপ ঘূরে যাবে, তাই হদিনের পথে তিন দিন লাগবে।
এই জায়গাটাতে বিশ্বকর্মার মাটির ব্যাগ ছি ডে অনেকগুলো ছোটো ছোটো বীপ সম্দ্রের
মধ্যে ছিটকে পড়েছে। সেগুলো ওলনাজদের দখলে। এখন বে-বীপে জাহাজ নোঙর
কেলেছে তার নাম বিলিটন। মাহ্ম বেশি নেই; আছে টিনের খনি, আর আছে সেইসব খনির ম্যানেজার ও মজ্র। আন্চর্ব হয়ে বসে বসে ভাবছি, এরা সমস্ত পৃথিবীটাকে
কিরক্ম দোহন করে নিচ্ছে। একদিন এরা সব ঝাঁকে ঝাঁকে পালের জাহাজে চড়ে
আলানা সমৃদ্রে বেরিয়ে পড়েছিল। পৃথিবীটাকে ঘূরে ঘূরে দেখে নিলে, চিনে নিলে, মেপে
নিলে। সেই জেনে নেওয়ার হুদীর্ঘ ইতিহাস কত সাংঘাতিক সংকটে আকীণ। মনে
মনে ভাবি, ওদের স্বদেশ থেকে অতি দূর সমৃত্রকৃলে এই-সব বীপে বেদিন ওরা প্রথম

এদে পাল নামালে, সে কত আলহায় অবচ কত প্রত্যাশায় ভরা দিন। পাছপালা জীবজন্ত মাহ্যজন সেদিন সমন্তই নতুন। আর আজ! সমন্তই সম্পূর্ণ পরিজ্ঞাত, সম্পূর্ণ অধিক্বত।

এদের কাছে আমাদের হার মানতে হয়েছে। কেন, সেই কথা ভাবি। তার প্রধান কারণ, আমরা স্থিতিবান জাত, আর ওরা গতিবান। অক্তোগ্রতম সমাজবন্ধনে আমরা আবদ্ধ, ব্যক্তিগত স্বাতম্যে ওরা বেগবান। সেই জন্তেই এত সহজে ওরা খুরতে পারজ। খুরেছে বলেই জেনেছে আর পেয়েছে। সেই কারণেই জানবার ও পাবার আকাজ্ঞা ওদের এত প্রবল। ছির হয়ে বসে থেকে আমাদের সেই আকাজ্ঞাটাই ক্ষীণ হয়ে গেছে। ঘরের কাছেই কে আছে, কী হচ্ছে, ভালো করে তা कानि त्न, कानवात हेक्का ७ हम नी। दिनना, बत पिरम कामता कामता व कानवात ब्लांत त्नरे पाएत, পृथिवीएं वैाठवांत्र ब्लांत्र लांपत क्य। এरे खनमांक्त्रा य-मंक्टिएं জাভাষীপ সকলরকমে অধিকার করে নিয়েছে, সেই শক্তিতেই জাভাষীপের পুরাতত্ত অধিকার করবার জন্মে তাদের এত পণ্ডিতের এত একাগ্রমনে ভপস্থা। অথচ, এ পুরাতত্ত অজ্ঞানা নতুন দ্বীপেরই মতো তাঁদের সত্তে সম্পূর্ণ সম্বন্ধুক্ত। নিকটসম্পর্কীয় জ্ঞানের বিষয় সম্বন্ধেও আমরা উদাসীন, দূরসম্পর্কীয় জ্ঞান সম্বন্ধেও এঁদের আগ্রহের অস্ত নেই। কেবল বাহুবলে নয়, এই জিজ্ঞাসার প্রবলতায় এরা জগংটাকে অস্তরে বাহিরে ব্রিভে নিচ্ছে। আমরা একাস্কভাবে গৃহস্থ। তার মানে, আমরা প্রত্যেকে আপন গার্হছোর অংশমাত্র, দায়িত্বের হাজার বন্ধনে বাঁধা। জীবিকাগত দায়িত্বের সজে অহ্নচানগত দায়িত্ব বিজড়িত। ক্রিয়াকর্মের নিরর্থক বোঝা এত অসহ্ন বেশি ষে, অন্ত সকল যথার্থ কর্ম তারই ভারে অচলপ্রায়। জাতকর্ম থেকে আরম্ভ করে আদ্ধ পর্যম্ভ र्य-ममख कुछा ইश्लांक भन्नलांक कुए बामारमन करक किर्पाह जारमन निरम नेपांक অসম্ভব, আর তারা আমাদের শক্তিকে কেবলই শোষণ করে নিচ্ছে। এই-সমস্ত ঘরের ছেলেরা পরের হাতে মার খেতে বাধ্য। এ কথাটা আমরা ভিতরে ভিতরে বুঝতে পারছি। এইজক্তে আমাদের নেতারা সন্ন্যাসের দিকে এতটা ঝোঁক দিয়েছেন। অথচ, তাঁরা সনাতনধর্মকেও ক্রব সত্য বলে ঘোষণা করেন। কিন্তু, আমাদের সনাতনধর্ম গার্হছ্যের উপরে প্রতিষ্ঠিত। সম্বীকং ধর্মমাচরেৎ। আমাদের দেশে বিস্তীক ধর্মের क्लांका मान तह ।

বাঁরা সনাতনধর্মের দোহাই দেন না, জাঁরা বন্সেন, ক্ষতি কী। কিন্তু, বহু যুগের সমাজব্যবহার পুরাতন ভিত্তি বদি-বা ভাঙা সহজ্ঞ হন্ধ তার জারগায় নতুন ভিত্তি গড়বে ক্তদিনে। কর্তব্য-জ্বর্তব্য সহজে প্রত্যেক সমাজ কতকগুলি নীতিকে সংস্থারগত করে নিয়েছে। তর্ক ক'রে বিচার ক'রে, অল্প লোক সিধে থাকতে পারে— সংস্কারের জোরেই তারা সংসারের পথে চলে। এক সংস্কারের জায়গায় আর-এক সংস্কার গড়া তো সোজা কথা নয়। আমাদের সমাজের সমস্ত সংস্কারই আমাদের বহুদায়গ্রন্থিল গার্হয়কে দৃঢ়প্রতিষ্ঠ রাখবার জন্তে। য়ুরোপীয়দের কাছ থেকে বিজ্ঞান শেখা সহজ্ঞ কিন্তু তাদের সমাজের সংস্কারকে আপন করা সহজ্ঞ নয়।

আমাদের জাহাজে ছিলেন টিনখনির এক কর্তা; বললেন, যোলো বৎসর এই-ধানেই লেগে আছেন। টিন ছাড়া এথানে আর কিছু নেই। তবু এইথানেই তাঁর বাসা বাঁধা। বাটাভিয়াতে সিদ্ধি বণিকেরা দোকান করেছেন। তু বছর অস্তর বাড়ি যাবার নিয়ম। জিজ্ঞাস। করলুম, স্ত্রীপুত্র নিয়ে এখানে বাসা বাঁধতে माय की। वनलन, जीक निरम अल उनर कार कन, जी-रय नमस পরিবারের সঙ্গে বাঁধা, তাঁকে সরিয়ে আনতে গেলে সেখানে ভাঙন ধরে। বােধ করি রামায়ণের যুগে এ তর্ক ছিল না। টিনের কর্তা বালককাল কাটিয়েছেন সাঞ্জম विकालाय, वयः श्राश्च राज्ये कार्याय निष्यंत किरत्राह्न, विवाद कत्रवामां निष्यंत শক্তির 'পরেই সম্পূর্ণ ভর দিয়ে বসেছেন। বাপের তবিলের উপরে তাগিদ নেই, या-यानि-शिरमयभारप्रत कर्छा । या भारति । या अपनि । নির্বাসনেও টিনের খনি চলছে। সমস্ত পৃথিবী জুড়ে এরা ঘর বাঁধতে পারল তার কারণ, এরা ঘরছাড়া। তার পরে মঞ্চলগ্রহের দিকে দূরবীন তুলে-যে এরা রাতের পর রাত কাটিয়ে দিচ্ছে তারও কারণ, এদের ব্রিক্তাসার্ত্তি ঘরছাড়া। সনাতন গৃহত্তেরা এদের সঙ্গে কেমন করে পারবে। তাদের প্রচণ্ড গতিবেগে এদের ঘরের খুঁটিগুলো পড়ছে ভেঙে; কিছুতে বাধা দিতে পারছে না। যতক্ষণ চুপ করে আছি ততক্ষণ যত রাজ্যের অহেতৃক বোঝা জমে জমে পর্বতপ্রমাণ হয়ে উঠলেও তেমন फु: थ বোধ হয় ना, এমন-कि, टिंग मिख्य आंतांग পাওয়া यात्र। किन्क, घाए जूल নিয়ে চলতে গেলেই মেরুদণ্ড বাঁকে। যারা সচল জাত, বোঝাই সম্বন্ধে তাদের কেবলই স্ক্ষ বিচার করতে হয়। কোন্টা রাখবার, কোন্টা ফেলবার, এ তর্ক তাদের প্রতি মুহুর্তের; এতেই আবর্জনা দূর করবার বৃদ্ধি পাকা হয়। কিন্তু, সনাতন গৃহন্ব চঞী-মণ্ডপে আসন পেতে বসে আছেন; তাই তাঁর পঞ্জিকা থেকে তিনশোপয়য়ঢ়ৢ-দিন-ভরা মুঢ়তায় আজ পর্যন্ত কিছুই বাদ পড়ল না। এই-সমস্ত রাবিশ যাদের অন্তরে বাহিরে কানায় কানায় ভরপুর, হঠাৎ কংগ্রেসের মাচার উপর থেকে তাদের 'পরে ছকুম এল, লঘুভার মাহুষের সঙ্গে সমান পা ফেলে চলতে হবে, কেননা, ত্-চার দিনের মধ্যেই স্বরাচ্চ চাই। জবাব দেবার ভাষা তাদের মৃথে নেই, কিন্তু তাদের পাজর-

ভাঙা বৃক্তের ব্যথার এই মৃক মিনতি থেকে বার, "ভাই চলবার চেষ্টা করব, কিন্তু কর্তারা আমাদের বোঝা নামিরে দেন।" তথন কর্তারা শিউরে উঠে বলেন, "সর্বনাশ, ও-ষে সনাতন বোঝা।" ইতি

মায়র জাহাজ ১ অক্টোবর ১৯২৭<sup>১</sup>

43

#### कनागीरमध्

অমিয়, অক্টোবর শুরু হল, বোধ হচ্ছে এখন তোমাদের পুজোর ছুটি; আন্দান্ত করছি, ছুটি ভোগ করবার জন্তে আশ্রম ত্যাগ করা তৃষি প্রয়োজন বোধ কর নি। নিশ্মই তোমার ছুটির জোগান দেবার ভার দিয়েছ শান্তিনিকেতনের প্রফুলকাশগুচ্ছ-বীজিত শরৎপ্রকৃতির উপরে। পৃথিবীতে বুরে বুরে অন্তত এই বৃদ্ধি আমার মাথায় এসেছে যে, ঘুরে বেড়িয়ে বেশি কিছু লাভ নেই, এ যেন চাল্নিতে জল আনবার চেষ্টা, পথে-পথেই প্রায় সমন্তটা নিকেশ হয়ে যায়। আধুনিক কালের শ্রমণ জিনিসটা উম্বৃত্তির মতো, যা ছড়িয়ে আছে তাকে খুঁটে খুঁটে কুড়িয়ে কুড়িয়ে চলা। নিজের স্থদ্য ভরা থেতে আঁটিবাঁধা ফসলের শ্বতিটা মনে কেবলই জেগে ওঠে।

এবারকার বাত্রায় দেশের চিঠিপত্র ও ব্বর্বার্তা প্রায় কিছু পাই নি বলে মনে হচ্ছে বেন জন্মান্তর গ্রহণ করেছি। এ জন্মের প্রত্যেক দিনের স্পেদিফিক গ্র্যাভিট দাবেক-জন্মের অন্তত্ত দাতদিনের তুল্য। নতুন জায়গা, নতুন মাহ্ম্ম, নতুন ঘটনার চলমান যুথপ্রবাহ একেবারে ঠাসাঠাসি হয়ে হছ করে চলেছে। এই চলার মাপেই মন তোমাদেরও সময়ের বিচার করছে। রেলগাড়ির আরোহী বেমন মনে করে, তার গাড়ির বাইরে নদীগিরিবন হঠাৎ কালের তাড়া থেয়ে উর্জবাসে দৌড় দিয়েছে, তেমনি এই জ্রুত বেগবান সময়ের কাঁধে চড়ে আমারও মনে হচ্ছে, তোমাদের ওথানেও সময়ের বেগ বুঝি এই পরিমাণেই— সেথানে আজ-গুলো বুঝি কাল-গুলোকে ডিঙিয়ে একেবারে পরস্কর ঘাড়ে গিয়ে পড়ছে, মৃকুলের সঙ্গে ফলের বয়সের ভেদ সেখানে বুঝি ঘুচল। দ্রে বসে বখন বোরোবৃদ্র বালি প্রভৃতির কথা ভেবেছি তখন সেই ভাবনাকে একটা বিস্তৃত কালের উপর মেলে দিয়ে কল্পনা করেছি, নইলে অতথানি পদার্থ ধরাবার জায়গা পাওয়া যায় না। এই কয়দিনেই সে-সমস্ত তাড়াতাড়ি সংগ্রহ করা গেল; যা মপ্রেয় মধ্যে আকীর্ণ হয়ে ছিল তা প্রত্যক্ষের মধ্যে সংকীর্ণ হয়ে এল। দ্রে সময়ের বেন্মাপ জক্ষ্টতার মধ্যে মস্ত হয়ে ছিল, কাছে সেই সময়টাই ঘন হয়ে উঠল। ছিসেব

> अभागी निर्मलक्मात्री महलानवीयरक निर्मिछ।

করে দেখলে, আমার এই কয়দিনের আয়ুতে অয়কালের মধ্যে অনেকথানি কালকে ঠেলে দেওয়া হয়েছে। চণ্ডীমণ্ডপে মন্দগমনে যার দিন চলে তার বয়সটার অনেকথানি বাদ দিলে তবে থাটি আয়ুটুকুর মধ্যে পৌছনো যায়; অর্থাৎ কেবলমাত্র কালের পরিমাণে তার আয়ুর দাম দিতে গেলে ঠকতে হয়, অনেক দর-কয়াক্ষি করেও হয়ে পৌছনো শক্ত হয়ে ওঠে। তাই ব'লে এ কথা বলাও চলে না য়ে, ফ্রতবেগে দেশবিদেশে অনেক-গুলো ব্যাপার-পরম্পরার মধ্যে লাফিয়ে লাফিয়ে চললেই আয়ু সেই অহসারে কালকে ব্যাপ্ত করে। আমাদের শাস্ত্রীমশায়কে দেখো-না। তিনি কোণেই বসে আছেন। কিয়, সেইটুকুর মধ্যে হির হয়ে থেকে কালকে তিনি কিয়কম ব্যাপকভাবে অধিকার করতে করতে চলেছেন; সাধারণ লোকের বয়সের বাটধারায় মাপলে তাঁর বয়স নক্ষই ছাড়িয়ে য়ায়। এই তো সেদিন এলেন আশ্রমে মিত্রগোঞ্জীর সম্পাদকপদ থেকে নেমে। এসেই তাঁর মন দৌড় দিল পালিশাস্ত্রের মহারণ্যের মধ্যে। ফ্রভবেগে পার হয়ে চলেছেন— কোথায় তিকতি, কোথায় চৈনিক। নাগাল পাবার জো নেই।

তাই বলছি, আমাদের এই ভ্রমণের কালটা ব্যাপ্তির দিকে ষেরকম প্রাপ্তির দিকে সেরকম নয়। আমাদের ভ্রমণের তালটা চৌতুন লয়ে। এই লয় তো আমাদের জ্রীবনের অভ্যন্ত লয় নয়, তাই বাইরের ক্রতগতির সঙ্গে সঙ্গে অন্তরকে চালাতে গিয়ে হয়রান হয়ে পড়তে হয়। ষেমন চিবিয়ে না থেলে থাছাটাকে থাছা বলেই মনে হয় না তেমনি হড়মুড় করে কাজ করাকে কর্তব্য বলে উপলব্ধি করা যায় না। বিশ্বের উপর দিয়ে ভাসা-ভাসা ভাবে মন বুলিয়ে চলেছি; অভিজ্ঞতার পেয়ালা ধরে ফেনাটাতে মৃধ্ ঠেকাবার জন্মে এক সেকেণ্ড মেয়াদ পাওয়া যায়, পানীয় পর্যন্ত পৌছবার সময় নেই। মৌমাছিকে ঝোড়ো হাওয়ার তাড়া থেয়ে কেবল যদি উড়তেই হয়, ফুলের উপর একটুনাত্র পা ছুইয়েই তথনই যদি সে ছিটকে পড়ে, তা হলে তার ঘুরে-বেড়ানোটা যেমন বার্থ হয়, আমার মনও তেমনি বার্থতার দমকা হাওয়ায় ভন্তন্ করেই মোলো— ভার চলার সঙ্গে পৌছনোর যোগ হারিয়ে গেছে। এর থেকে স্পষ্ট ব্রুতে পারি, কোনো জয়ে আমেরিকান ছিলুম না। পাওয়া কাকে বলে যে-মাহ্রম্ব জানে না ছোঁওয়াকেই সে পাওয়া মনে করে। আমার মন স্ক্রাপ্ শ্ট্বিলাসী মন নয়, সে চিত্রবিলাসী।

এই মাত্র স্থনীতি এসে তাড়া লাগাচ্ছে— বেরোতে হবে, সময় নেই। ষেমন কোল্রিজ বলে গেছেন— সমৃত্রে জল সর্বত্রই, কিন্তু এক ফোঁটা জল নেই ষে, পান করি। সময়ের সমৃত্রে আছি কিন্তু একমূহুর্ত সময় নেই। ইতি ২ অক্টোবর ১৯২৭<sup>১</sup>

১ শ্রীঅমিরচন্দ্র চক্রবর্তীকে লিখিত।

# গ্রছপরিচয়

রচনাবলীর বর্তমান খণ্ডে মৃদ্রিভ গ্রন্থজির প্রথম প্রকাশের তারিখ ও গ্রন্থ-সংক্রান্ত অক্যান্ত জাতব্য তথ্য গ্রন্থপরিচয়ে সংক্রান্ত হইল। এই খণ্ডে মৃদ্রিত কোনো কোনো রচনা সম্বন্ধে কবির নিজের মন্তব্য মৃদ্রিত হইল। পূর্ণভর তথ্যসংগ্রহ সর্বশেষ খণ্ডে একটি পঞ্জীতে সংক্রিত হইবে।

### বীথিকা

বীথিকা ১৩৪২ সালের ভাত্র মাসে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

'শ্রীমতী অপরাজিতা দেবীর পত্তের উত্তরে' লিখিত 'আধুনিকা' কবিতাটি রবীন্দ্রনাথের নির্দেশক্রমে পরবর্তী কালে (১৩৪৫) প্রহাসিনী গ্রন্থের অন্তর্ভূ ক করা হয়। সেখানে কবিতাটির ম্থবছে লিখিত হইয়াছে, "ছারীর অনবধানে এই কবিতাটি 'বীথিকা'য় অনধিকার প্রবেশ করেছিল। সেই পরিহসিতাকে ষথাযোগ্য স্থানে ফিরিয়ে আনা গেল।" রচনাবলী-সংস্করণে বীথিকা হইতে 'আধুনিকা' কবিতাটি সেই কারণে বাদ দেওয়া হইল।

রবীক্রভবনে রক্ষিত পাণ্ডলিপির সাহায্যে বর্তমান সংস্করণে অনেক কবিতার রচনা-স্থান ও তারিথ সংযোজিত হইল। 'প্রত্যর্পণ' কবিতাটির ( পৃষ্ঠা ১৮ ) তারিথ '১৯৩২ ?' সালের পরিবর্তে '১২ মাঘ, ১৩৪০' হইবে।

'ছায়াছবি' কবিতাটির নিম্ন্ত্রিত আরম্ভাংশটুকু বর্জনচিহ্নিত আকারে পাণ্ডুলিপিতে পাওয়া যায়।—

ফিরিয়া দেখি জীবনতটে

অতীত পথপানে,
ছায়ারপীরা দিকে বিদিকে

চলেছে নানাখানে।
কেহ বা চলে নব অরুণালোকে;
উঠিছে ফুট ন্তন-জাগা চোখে

অপবিচিত প্রত্যাশার
প্রথম উল্লেষ;

জানা ও নাহি-জানার সেতু হতেছে পার— বোঝে না হেতু, রাখে না উদ্দেশ।

ভাসিয়া চলে কোনো বা ভরী কোনো কিছু না লক্ষ্য করি স্বপ্নাবেশে অবশ কার তক্ষণ তমু বহি, রাত্রি যবে নিশ্বসিছে নীরবে রহি রহি॥

ফাগুনমাসে শিথিল কেশে
শিহরি দিয়ে হাওয়া,
মেলিয়া দিয়া আঁচল হতে
সোনার আভা, বাযুর স্রোতে,
অজানা কোন্ অধীরতায়
কারো বা আসা-যাওয়া।

জোনাকিদল তিমিরতলে

বিঁধিল আলো-স্চি,
ভোরের ষেই লাগিল ছোঁওয়া

সে আলো গেল মৃছি।
তেমনি সব চিহ্ন নিয়ে

মিলালো ওরা কত
চৈত্রশেষে মাধবীবনসৌরভের মতো।

'প্রাণের ডাক' কবিতার নিমে মৃদ্রিত একটি নৃতন শুবক 'প্রবাসী'তে ও পাণ্ডুলিপিতে পাওয়া যায়। 'প্রবাসী'তে (জ্যৈষ্ঠ ১৩৪১) উহা প্রথম শুবকরূপে মৃদ্রিত হয়।— এখনো কি,ক্লাস্তি ঘোচে নাই, ওঠো তবু ওঠো, বুথা হোক ভব্ও বুথাই
পথপানে হোটো।
শ্বপ্ন বত দিয়ে ছিল রাতে,
অবসন্ন তারাদের সাথে
মিলালো আলোকে অবগাহি।
আয়ুক্ষীণ নিংম্ব দীপগুলি
নিশীথের শ্বতি গেছে ভূলি,

আছ আঁথি শৃক্তে আছে চাহি।

'গোধ্লি' কবিতাটি ১৩৩৯ সালে কাভিকের 'বিচিত্রা' মাসিকপত্রে শ্রীনন্দলাল বহুর একটি রভিন চিত্র-সহ 'প্রাসাদভবনে' নামে প্রথম মৃদ্রিত হয়। কবিতার শেষে সম্পাদকীয় মস্তব্যে জানা যায়, "এই কবিতা নন্দলালবাব্র ছবি দেখিয়া রবীদ্রনাথ লিখিয়াছেন। পঞ্চাপটি নৃতন ছবি ও তদ্দৃষ্টে লিখিত কবির পঞ্চাপটি নৃতন কবিতা শীদ্রই 'বিচিত্রিতা' নামে বই আকারে বাহির হইবে।"

১৩৪০ সালে সেই কবিতার একত্রিশটি 'বিচিত্রিতা' গ্রন্থে সংকলিত হয়। বাকি কবিতার অধিকাংশই বীথিকায় চিত্রবিহীন আকারে মৃত্রিত হইয়াছে।

'জয়ী' কবিতাটি রচনার স্থান-কাল জানা যায় নাই। উহার প্রথম গুবকটির আদিম পাঠ (ও তাহার ইংরেজিরপ) পাপুলিপিতে পাওয়া গিয়াছে, রচনার স্থান-কালের উল্লেখ-সহ নিমে মৃত্রিত হইল। কবিতাটি আবা-মারু জাহাজের জাপানি কাপ্তেন ও কর্মচারীদের জন্ম স্থাকরলিপি, একটি মঙ্গভূমির ছবির ধারে লেখা।—

রূপহীন, বর্ণহীন, গুরুমক, নাই শব্দহর—
তৃষ্ণাতরবারি হাতে আসন মৃত্যুর—
সে মহানৈ:শব্দ-মাঝে বেজে ওঠে মানবের বাণী,

"বাধা নাহি মানি।"

Oct. 25, 1927

Awa-Maru, Bay of Bengal

ইহার একটি রূপান্তরিত পাঠ ১৩৪২ সালে বিবেকানন্দ ইন্ষ্টিটেখন্ পত্রিকায় কবির হন্তলিপির প্রতিলিপিতে বাহির হইয়াছিল; তারিথ ছিল: ১৮ চৈত্র ১৫৪১।

উভন্ন খলেই— "বাধা নাহি মানি।"—থাকায় এবং আভ্যস্তরিক প্রমাণে অস্থমিত হয় যে, বীথিকা গ্রন্থে মৃদ্রিত— বাধা নাহি মানি'— ছাপার ভূল। তদস্বায়ী এই গ্রন্থের ১০৩-১০৪ পৃষ্ঠায় সংশোধন হইবে।

#### (मयत्रका

শেষরকা ১৯২৮ সালের জুলাই মাসে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

ইহা 'গোড়ায় গলদ' প্রহ্মনটির (রবীন্দ্র-রচনাবলী, তৃতীয় থণ্ড দ্রষ্টব্য ) পুনলিখিত অভিনয়ধোগ্য সংস্করণ। ১৩৩৪ সালে আষাঢ় মাসের 'মাসিক বস্থমতী'তে প্রথম প্রকাশিত হয়।

#### গল্প গুড়্ছ

বর্তমান খণ্ডে প্রকাশিত সাতটি গল্প ১৩০১ সালের 'সাধনা' মাসিকপত্তে নিয় স্চীক্রমে প্রকাশিত হয়।—

অন্ধিকার প্রবেশ জাবণ ১৩০১

মেঘ ও রৌদ্র আশ্বিন-কার্তিক ১৩০১

প্রায়ন্ডিত্ত অগ্রহায়ণ ১৩০১

বিচারক পৌষ ১৩০১

निनीत्थ यांच ১७०১

অপিদ ফাস্কন ১৩০১

मिमि टेडव २००३

'অনধিকার প্রবেশ' গল্পটি সাধনার উক্ত সংখ্যায় 'বিদেশী অতিথি ও দেশীয় আতিথা' প্রবন্ধটির ( রবীদ্র-রচনাবলী, দ্বাদশ খণ্ড দ্রষ্টব্য ) অব্যবহিত পরেই মৃদ্রিত হইয়াছিল।

অনধিকার প্রবেশ 'বিচিত্র গল্প' গ্রন্থের দ্বিতীয় খণ্ডে (১৩০১), মেঘ ও রৌদ্র 'কথা-চতুষ্টয়' (১৩০১) গ্রন্থে, এবং বাকি পাঁচটি গল্প 'গল্পদশক' (১৩০২) পুস্তকে প্রথম গ্রন্থাস্তভূ ক্ত হয়।

#### জাপানযাত্ৰী

জাপান্যাত্রী ১৩২৬ সালের প্রাবণ মাসে [ইং ১৯১৯] গ্রন্থাকারে মৃদ্রিত হয়। বৈশাপ ১৩২৩ হইতে বৈশাপ ১৩২৪ পর্যস্ত সবুজ্পত্রের বিভিন্ন সংখ্যায় রচনাগুলি 'জাপান্যাত্রীর পত্র', 'জাপানের পত্র' ও 'জাপানের কথা' নামে প্রথম প্রকাশিত হয়।

উইলিয়ম পিয়ার্গন, সি. এফ. এণ্ডুক ও শ্রীমুক্লচন্দ্র দে -সহ রবীদ্রনাথ কলিকাতা হইতে ১ মে ১৯১৬ তারিথে জাপান যাত্রা করেন। সেধান হইতে জামেরিকা শ্রমণ করিয়া জাপানের পথে তিনি ১৩ মার্চ ১৯১৬ তারিখে কলিকাতার প্রত্যাবর্তন করেন।

২০৪০ সালের আবণ মাসে 'জাপানে-পারস্তে' গ্রন্থ-প্রকাশকালে 'জাপানবাত্রী' উক্ত গ্রন্থের অস্তর্ভূত হইয়াছে। প্রসন্ধন্ত ইহা উল্লেখ করা বাইতে পারে ষে, জাপানবাজীর চতুর্দশ পরিচ্ছেদের শেষে শিল্পী শিমোমুরার আঁকা অন্ধের সূর্যবন্দনার যে-চিত্রটির বর্ণনা আছে তাহার একটি রঞ্জিন প্রতিসিপি রবীক্রনাথ জাপান হইতে রচনা করাইয়া আনেন। 'পশ্চিমবাজীর ডায়ারি'-তে ২৬ সেপ্টেম্বর ১৯২৪ তারিখে লেখা দ্বিতীয় পজের আরক্তে এই চিত্রটির প্রকলেথ রহিয়াছে। চিত্রটি বর্তমানে শান্তিনিকেতনের কলাভবনে রক্ষিত আছে।

জাপানবাত্রী এন্থের শতবর্ষপৃতি সংস্করণে (জৈচি ১৩৯৯) পরিশিষ্টে ও গ্রন্থপরিচয়ে রবীন্দ্রনাথের জাপানভ্রমণ সংক্রান্ত বহু তথা, চিঠিপত্র, ভাষণ ও অক্তান্ত রচনা একত্র সংকলন করা হইয়াছে। এই সংস্করণ সচিত্র।

#### যাত্ৰী

ষাজী ১৩৩৬ সালের জ্যৈষ্ঠে গ্রন্থাকারে প্রকাশিত হয়।

'পশ্চিমবাত্রীর ভায়ারি' অংশ প্রবাসীতে অগ্রহায়ণ ১৩৩১ হইতে জ্যৈ ১৩৩২ পর্যস্ত বিভিন্ন সংখ্যায় প্রথম মৃত্রিত হইয়াছিল। ১৩৩০ সালের ফাস্কনের প্রবাসীতে উক্ত ভায়ারিয় কিছু নৃতন অংশ 'উদ্বৃত্ত' নামে বাহিয় হয় এবং ষাত্রীয় প্রথম সংস্করণে 'পরিশিষ্ট'রূপে (পৃ. ১৩৫-১৬২) মৃত্রিত হয়। উহার মৃথবদ্ধস্বরূপ রবীজ্বনাথ প্রবাসীতে বাহা লিথিয়াছিলেন নিয়ে মৃত্রিত হইল:

'গাছতলায় শুকনো পাতার নীচে ঝড়ে-পড়া কাঁচাপাকা ফল কিছু-না কিছু পাওয়া যায়। আমার আবর্জিত ছিন্ন পাতার মধ্য থেকে যে লেখার টুকরোগুলি আমার তরুণ বন্ধু, কুড়িয়ে পেয়েছেন, মনে হচ্ছে, সেগুলি সাহিত্যের ভোজে ব্যবহার করার বাধা নেই। তাই তিনি যখন ভাগুরে তোলবার প্রস্তাব করলেন আমি সম্বতি দিলাম।

যাত্রীর বিতীয় সংস্করণে (জৈছি ১৩৪২) উক্ত উদ্বৃত্ত 'পরিশিষ্ট' অংশগুলিকে তাহাদের রচনার তারিধ অন্থসারে ভারারির ভিন্ন ভিন্ন স্থানে সন্নিবেশিত করা হইয়াছিল। 'পশ্চিমধাত্রীর ভারারি'র বর্তমান মূত্রণে প্রধানতঃ ধাত্রীর প্রথম সংস্করণ অন্থস্ত হইল।

রবীজ্রনাথ ১৯২৪ সালের ১৯ সেপ্টেম্বর দক্ষিণ আমেরিকা যাত্রা করেন "ভাদের শতবার্ষিক উৎসবে যোগ দেবার জজে", এবং ১৯২৫ সালের ১৭ ফেব্রুয়ারি দেশে প্রভ্যা-বর্তন করেন। প্রবী কাব্যের 'পথিক' অংশের কবিভাগুলি এই সময়ের রচনা বলিয়া ভাহাদের অনেক পরিচন্ত্র পশ্চিমযাত্রীর ভায়ারির নানা ছানে পাভয়া যায়।

২৮ ও ২৯ সেপ্টেম্বর (১৯২৪) এই ছই তারিশ্বের ছইটি ডায়ারি-অংশে 'শুভ-ইচ্ছা'-

अभिक्षित्रहङ्ग हक्रवर्णे ।

পূর্ণ ষে-চিঠির উল্লেখ আছে তাহা পূর্বীর 'শিলংয়ের চিঠি' কবিতার উল্লিখিত শ্রীমতী নলিনী দেবী লিখিয়াছিলেন। সে চিঠির জ্বাবে রবীন্দ্রনাথ ষে পত্র লেখেন এই প্রসঙ্গে ১৩৪৯ আশ্বিনের 'জলকা' মাসিকপত্র হইতে তাহা সম্পূর্ণ উদ্ধৃত করা গেল: কল্যাণীয়াস্থ,

কলখোতে এসে বাজার আগের দিনই তোমার হৃদ্দর চিঠিখানি পেয়ে বড়ো খুশি হয়েছি। আজ সকালে এসে পৌছলুম। তথন থেকে আকাশ মেঘে অন্ধকার। ক্রণে ক্ষণে বৃষ্টি পড়ছে, আর বাদলা হাওয়া থামকা হা-ছতাশ করে উঠছে। বাজার পূর্বে এরকম হুর্ঘোগে মনের উৎসাহ কমে যায়— স্থিকিরণ না পেলে মনে হয় যেন আকাশের দৈববাণী থেকে বঞ্চিত হলুম। এমন সময় তোমার চিঠি আমার হাতে এল, মনে হল, বাংলাদেশ যেন একটি বাঙালি মেয়ের কঠে আমার কাছে জয়ধ্বনি পাঠিয়ে দিলেন। এই রৃষ্টিবাদলের পর্দার ভিতর থেকে বাংলার অন্তঃপুরের শাঁখ বেজে উঠল। যিনি সকল শুভ বিধান করেন তোমার শুভকামনা নিশ্চয় তাঁর কাছে গিয়ে পৌছবে, আমার যাত্রা সক্ষল হবে।

এবারে কলকাতা থেকে বেরবার আগে আমার চারি দিকে যেমন ছিল ভিড় তেমনি আমার দেহে মনে ছিল ক্লান্তি। আস নি ভালোই করেছ, কেননা, তোমার সক্ষে ভালো করে কথা বলা অসম্ভব হত। তুমি হয়তো ভাবছ আমি ভারি অহংকারী— ছোটো মেয়েদের ছোটো বলে থাতির করি নে। ভারি ভুল, আমি বড়োদের ভন্ন করি, তাদের সব কথা বিশাস করি নে— আমার অন্তরের শ্রনা ছোটোদের দিকে। আমার কেবল ভন্ন পাছে আমার পাকা দাড়ি দেখে অকশ্বাং তারা আমাকে নারদশ্ববির মতো ভক্তিভাক্তন মনে করে বসে।

কিছ যাই বল, আমি ভায়ারি লিখতে পারব না। আমি ভারি কুঁড়ে। চিঠি লেখার, ভায়ারি লেখার, একটা বয়স আছে; সে বয়স আমার কেটে গেছে। কিছ, অল্প বয়সেও আমি ভায়ারি লিখি নি। যে-সব কথা ভূলে যাবার সে-সব কথা ভামিয়ে রাখবার চেষ্টাই করি নি; যে-সব কথা না ভোলবার সে-সব তো মনে আপনিই আঁকা থাকে।

সময় পেলে তোমার সঙ্গে ত্ব ঘণ্টা তিন ঘণ্টা ধরে গর করতে রাজি আছি। অবশ্য, তোমাকেই থেকে থেকে তার ধুয়ো ধরিয়ে দিতে হবে।

গল্প বলার চেয়ে গল্প শুনতেই ভালোবাসি, যদি গল্প বলার গলাটি মিষ্ট থাকে। অভি<sup>২</sup> বলে আমার একটি ভাইঝি ছিল, ভার গলা ছিল থ্ৰ মিষ্টি। একদিন কী একটা

- > द्रवीता-त्रावनी, ह्यून्न थ्र प्रहेवा।
- ২ অভিজ্ঞা দেবী, হেমেশ্রনাথ ঠাকুরের ভৃতীয়া কন্তা।

কারণে আমার খ্ব রাগ হয়েছিল, অভি এসে আমার চৌকির পিছনে দাঁড়িয়ে চুলে হাড বুলিয়ে দিতে টিক সেই সময়ে যা-ভা বকে পেল; এক মুহুর্তে আমার সমস্ত রাগ জুড়িয়ে গেল। সে আজ অনেক দিনের কথা, কিন্তু আজও মনে আছে। ভারই মুখে রূপকথা শুনে আমি 'সোনার ভরী'তে বিশ্ববভীর পরা লিখেছিলেম। সে অনেক দিন হল মারা গেছে। এখন আমার কাছে অনেকে তর্ক করতে আসে, গন্তীর বাজে কথা আলাপ করতে চায়, কিন্তু অনেক দিন তেমন করে গল্প কেউ বলে নি। আমি ফিরে এলে ছ বন্টা ধরে পল্প করবে বলেছ, ভন্ন হয় পাছে তভদিন তুমি বেশি বড়ো হয়ে গন্তীর হয়ে যাও। লোভ হচ্ছে শিগ্গির ফিরে আসতে। কিন্তু ওদিকে ভোমার শুভকামনা সব আমগায় সম্পূর্ণ সফল করতে তো দেরি হবে। এই দিধায় রইলুম। ফিরে এলে দিধা কাটবে, ইতিমধ্যে আমার অন্তরের আশীর্বাদ গ্রহণ করো। ইতি ২৩ সেপ্টেম্বর ১৯২৪

'বাভাষাত্রীর পত্র' অংশের রচনাকাল ১৯২৭ সালের ব্লুলাই হইতে অক্টোবরের মধ্যে। ১৩৩৪-৩৫ সালের মধ্যে সবগুলি রচনা 'বিচিত্রা'য় প্রকাশিত— ২১ সংখ্যক পত্র ছাড়া, সেটি ১৩৩৪ অগ্রহায়ণের 'প্রবাসী'তে 'কালের আপেক্ষিকতা' শিরোনামে মৃদ্রিত।

শ্রীস্থনীতিকুমার চট্টোপাধ্যায়, শ্রীস্থরেক্তনাথ কর, শ্রীধীরেক্তরুষ্ণ দেববর্মা প্রম্থ অধ্যাপক ও শিল্পীগণকৈ সন্দে লইয়া ১৯২৭ সালে ১৪ জুলাই মাদ্রাজ হইতে রবীক্তনাথ পূর্ববীপপৃঞ্জ অভিমুখে ষাত্রা করেন। জাভা বালি প্রভৃতি দ্বীপ ভ্রমণ করিয়া সিয়াম হইয়া অক্টোবরের শেষে তিনি ফিরিয়া আদেন। নবম পত্রে শ্রীপ্রতিমা দেবীকে তিনি দিবিয়াছেন, "সমন্ত বিবরণ বােধ হয় স্থনীতি কোনাে-এক সময়ে লিখনেন। নব্য পারছি তাঁর হাতে আমাদের ভ্রমণের ইতিবৃত্ত লেশমাত্র বার্থ হবে না, লুপ্ত হবে না।" ১৩৩৪ সালের ভাত্র হইতে ১৩৩৮ সালের আশ্বিন পর্যন্ত প্রবাসীর ধারাবাহিক সংখ্যায় শ্রীস্থনীতিকুমার চট্টোপাধ্যায় তাঁহাদের এই ভ্রমণের সম্পূর্ণ ইতিবৃত্ত 'ববনীপের পথে' ও 'বীপময় ভারত' নামে ক্রমণ প্রকাশ করেন। পরে উহা 'বীপময় ভারত' নামে গ্রাহ্বাকারে মৃত্রিত হইয়াছে।

পঞ্চদশ পত্রে উল্লেখ আছে যে, রবীক্সনাথ জাভানি জ্যোতাদের সভায় স্বরচিত কবিতা পাঠ করিয়া শুনাইবেন। সেই সভামুষ্ঠানের পরে লিখিত এক পত্র রবীক্স-ভবনের সংগ্রহ হইতে প্রাসন্মিক বোধে নিম্নে মৃদ্রিত হইল:

'আমার কবিতা পাঠ হয়ে গেলে পর এরা আমাকে কতকগুলি গান শুনিয়েছিল, তার মধ্যে একটি গান গছছন্দে তর্জমা করে দিলুম—

# त्रवीख-त्रव्यावणी

হে রমণী, বিশ্বভ্বনের ভ্বণে তুমি মৃকা।

অবসর তোমার দাস, বিরহে বিবাদে বিমর্ব,
তাকে আরোগ্যের অমৃত-উবধি দাও।
ওগো আমার কপোতিকা, আমার প্রাণপ্তলি,
বলো দেখি, আমার হুংথ কে জানে।
এমন পাষাণ চিত্ত কার, হে নারী,
তোমাকে দেখে ধার মন ভালোবাসায় না ব্যথিত হয়।
বৃষ্টির পরে আকাশে-ছড়িয়ে-পড়া তারাগুলি জল জল করে,
মনে হয় ব্যর্থ প্রেমের বেদনায় ওরা অভিভৃত—
আমার উফীষের ফুলও শিথিল হল সেই পীড়নে।
তোমার কবরীর দিকে তাকিয়ে তারাগুলির এই দশা।

১৩৩৫ সালে কার্তিকের বিচিত্রায় উপরের কবিতাটি 'প্রেমাম্পদা' নামে প্রকাশিত হয়। প্রথম পংক্তির "তুমি মৃক্তা" হলে সেখানে "তুমি ভূষিতা" পাঠ মৃত্রিত হয়। অমুবাদটি কবির কোনো কাব্যগ্রন্থে সংকলিত হয় নাই।

শ্রীবিজয়লন্দ্রী, বোরোবৃত্র, সিয়াম— যাত্রীর 'ব্রাভাষাত্রীর পত্র' অংশের এই কয়টি কবিতা পরিশেষ কাব্যে (১৩০০) গৃহীত হয়। রবীদ্র-রচনাবলীর পঞ্চদশ থণ্ডে কবিতাগুলি ইতিপূর্বেই মৃদ্রিত হইয়াছে বলিয়া যাত্রীর বর্তমান সংস্করণে ব্রিষ্কত হইল। কিন্তু, 'রথীরে কহিল গৃহী উৎকণ্ঠায় উর্বেশ্বরে ডাকি' এবং 'নন্দগোপাল বৃক্ক ফুলিয়ে এসে' পঞ্চদশ থণ্ডের সংযোজনে সংকলিত হওয়া সত্ত্বেও, বিশেষ প্রাসন্ধিকতা বলত যাত্রীর অন্তর্ভুক্ত রহিল।

পরবর্তীকালে, রবীক্র শতবর্ধ উদ্যাপন উপলক্ষে— 'বিশ্বযাত্রী রবীক্রনাথ' গ্রন্থমালার যাত্রী গ্রন্থের ছই অংশ ছইটি সচিত্র গ্রন্থের আকারে স্বতন্ত্রভাবে প্রকাশিত— পশ্চিমযাত্রীর ডায়ারি (প্রাবণ ১৩৬৮) ও জাভাযাত্রীর পত্র (ফাল্কন ১০৬৭)।

# ৰণাত্ত্ৰুমিক সূচী

অভীতের ছায়া	•••	• • •	ŧ
অন্ধিকার প্রবেশ	•••	• • •	२०६
<b>অন্তর</b> তম		• • •	93
অন্ধকারে জানি না কে এল কোথা	श्र	***	36
অপরাধ যদি ক'রে থাক	* * *	•••	85
অপরাধিনী	* * *		85
অপরিচিতের দেখা বিকশিত ফুলের	উৎসবে	***	00
<b>ख</b> श्रकाम	•••	•••	20
অবকাশ ঘোরতর অল্প	•••	•••	Set
অভ্যাগত	• • •	• • •	>09
<b>ब्राह्य</b>	44.	•••	34
আকাশ আজিকে নির্মলতম নীল		•••	774
আকাশের দূরত্ব যে চোখে তারে দূর	व'ल जानि	•••	26
আজি বরষনম্থরিত প্রাবণরাতি	•••	•••	66
আদিতম		•••	25
व्यापम	400	•••	२७१
আপন মনে যে-কামনার চলেছি পি	ছু পিছু	•••	95
ষ্মামি এ পথের ধারে একা রই	• • •	•••	>>0
আরবার কোলে এল শরতের	•••	•••	>-9
र्णाचित	•••	•••	>>৮
আসন্ন রাতি			8 €
আসে অবগুষ্টিতা প্রভাতের অরুণ দু	क्रब	•••	<b>c</b> 9
चेवर मम्	• • •	•••	62
উদাসীন	•••	•••	60
ঋতু-অবসান	•••	•••	228
একটি দিন পড়িছে মনে মোর	***	•••	२७
धकना वमस्य त्यांत्र वनगारथ यत	***	***	358

একলা বদে, হেরো, ভোমার ছবি	•••	89
এতদিনে বুঝিলাম, এ হাদয় মক না · · ·		\$
এবার মিলন-হাওয়ায় হাওয়ায় হেলতে হবে	•••	163
এল আহ্বান, ওরে তুই বরা কর্	•••	86
এ লেখা মোর শৃগ্রদীপের সৈকততীর	•••	23
এ সংসারে আছে বহু অপরাধ	• • •	<b>68</b>
এসো এসো ফিরে এসো— নাথ হে, ফিরে এসে	1	२७७
ও ভোলা মন, বল্ দেখি ভাই	• • •	100
ওরা কি কিছু বোঝে	•••	**
<b>ক</b> বি	•••	65
কবির রচনা তব মন্দিরে জালে ছন্দের ধৃপ	•••	74
কল্ষিত	•••	20
কাছে যবে ছিল, পাশে হল না যাওয়া	•••	202
कार्विषानि	***	90
কাঠবিড়ালির ছানা ছটি	•••	9 •
कान চলে व्यानिग्राष्ट्रि, कात्ना कथा वनि नि एउ	চামারে	<b>&gt;</b> 2
কী আশা নিয়ে এসেছ হেথা উৎসবের দল	•••	222
কী বেদনা মোর জান সে কি তুমি, জান	***	> 8
কুয়াসার জাল আবরি রেখেছে প্রাতঃকাল	• • •	42
কে আমার ভাষাহীন অন্তরে	• • •	>>
কে গো তুমি গরবিনী, সাবধানে থাক দূরে দূরে	• • •	20
কেন চুপ করে আছি, কেন কথা নাই	•••	७१
কৈশোরিকা	• • •	30
কোপা হতে পেলে তুমি অতি পুরাতন ···	•••	be
ক্ষণিক	•••	48
गत्रविनी	• • •	20
গীতচ্ছবি	• • •	89
<b>८</b> शिश्	***	be
চক্ষে তোমার কিছু বা কঙ্কণা ভাসে	4 4 4	65
চন্দনধূপের গন্ধ ঠাকুরদালান হতে আদে	***	98

বৰ্ণামুক্তমিক স্চী			6.00
চৈজের রাতে বে মাধবীমঞ্জরী	•••	•••	48
<b>ছ</b> त्मां <b>या</b> थूजी	***	•••	કર
<b>ছ</b> वि	•••	•••	89
ছায়াছবি	•••	•••	२७
ছুটির লেখা	***	• •	२३
জন্ম মোর বহি ধবে থেয়ার তরী এল ড	চবে	•••	৬৬
অন্ন করেছিত্ন মন, তাহা বৃঝি নাই	•••	•••	2.9
জন্ম ক'রে তবু ভন্ন কেন তোর বান্ন না	•••	•••	>>8
<b>अ</b> श्री	•••	•••	>00
জাগরণ	•••	•••	ऽ२२
ন্সানি কানি, তুমি এসেছ এ-পথে মনের	ভূ <i>লে</i>	•••	<b>১•</b> ૨
ভাকিল মোরে জাগার সাথি	•••	•••	202
তুমি স্বাছ বদি তোমার ঘরের ঘারে	•••	•••	64
তুমি যবে গান কর অলৌকিক গীতমৃতি	ভব	•••	86
তোমাদের ত্জনের মাঝে আছে করনা	র বাধা	•••	80
তোমার সন্মুখে এসে, তুর্ভাগিনী, দাড়াই	हे यथन	•••	2)
তোমারে ভাকিত্ব ঘবে কুঞ্চবনে		•••	
দান্যহিমা	•••	***	43
<b>कि</b> कि	• • •	•••	२१४
ছই স্থী	•••	•••	69
তৃ: <b>ৰী</b>	•••	•••	>>>
হঃশী তুমি একা	•••	•••	>>>
ত্ <b>জ</b> ন	•••	•••	3
ছজন স্বীরে	•••	•••	49
হুৰ্ভাগিনী	•••	•••	27
দূর অতীতের পানে পশ্চাতে ফিরিয়া	চাহিলাম	•••	৩১
দেবতা	•••	•••	>2.
দেবতা মানবলোকে ধরা দিতে চার	•••	•••	>>
দেবদাক	•••	•••	40
দেবদাক, তুমি মহাবাণী	•••	•••	٠.
75168 <u>年</u>			

## ৫৩৮ রবীজ্র-রচনাবলী

দেহে মনে স্থপ্তি ধবে করে ভর	•••	•••	>>>
शान	***	***	১২
নন্দগোপাল বুক ফুলিয়ে এসে	•••	•••	873
নৰ পরিচয়	***	•••	4
নমস্কার	•••	•••	>>6
নাট্যশেষ	•••	•••	95
নিঃস্ব	•••	• • •	223
নিমন্ত্রণ	•••	•••	26
নিঝ রিণী অকারণ অবারণ স্থে	•••	•••	¢>
নিশীথে	•••	•••	200
<b>रू</b> पू	•••	•••	>••
পত্ৰ	•••	• • •	>•€
পথিক	•••	•••	64
পথের শেষে নিবিয়া আসে আলো	•••	•••	<b>હ</b>
পর্বতের অন্ত প্রান্তে ঝঝ রিয়া ঝরে রাতি	विषिन	•••	88
পাঠিকা	•••	•••	२১
পাষাণে-বাঁধা কঠোর পথ	•••	•••	৬২
পূর্ণ করি নারী তার জীবনের থালি	•••	• • •	b-6
পোড়োবাড়ি	•••	***	96
প্রণতি	•••	•••	85
প্রণাম আমি পাঠামু গানে	•••	•••	85
প্রতীকা	•••	•••	>>
প্রত্যর্পণ	•••	•••	36
প্রভূ, স্বষ্টতে তব আনন্দ আছে		•••	>>@
প্রলয়	•••	•••	76
প্রাণের ডাক	•••	•••	<b>e</b> b
প্রায়শ্চিত্ত	•••	•••	२७६
প্রাসাদভবনে নীচের তলায়	•••	•••	4
ফান্তনের পূর্ণিমার আমন্ত্রণ পল্লবে পল্লবে	•••	•••	300
বনস্পতি	•••	•••	• בן

বৰ্ণাস্থক্ৰমিক স্চী			463
বনস্পতি, তুমি বে ভীবণ		•••	۲۶
বহিছে হাওয়া উতন বেগে	•••	•••	२১
বহি লয়ে অতীতের সকল বেদনা	•••	•••	152
বাঁখারির বেড়া-দেওয়া ভূমি; হেথা করি	ঘোরাকেরা	•••	٦
বাদলরাত্রি	•••	•••	>•8
वांम्यम्का	•••	•••	>•5
বাধা	•••	•••	5-5
বিচারক	•••	•••	₹86
বিচ্ছেদ	•••	•••	80
বিজোহী	•••	•••	88
বিরোধ	•••	•••	<b>68</b>
বিহ্বলতা	•••	***	99
বুঝিলাম, এ মিলন ঝড়ের মিলন	•••	•••	8 •
ব্যৰ্থ মিলন	•••	•••	8•
ভীষণ	•••	•••	6.4
ভূপ	•••	•••	२७३
মনে পড়ে, যেন এককালে লিখিতাম	•••	•••	₹€
যনে হল ষেন পেরিয়ে এলেম অন্তবিহীন	পথ	•••	> 9
মরণমাতা	•••	•••	46
মরণমাতা, এই যে কচি প্রাণ	•••	•••	৬৮
মহা-অতীতের সাথে আন্ত আমি করেছি	<b>মিতা</b> লি	•••	¢
मांपि	•••	•••	9
মাটিতে-আলোতে	•••	•••	3.9
<u>মাতা</u>	•••	•••	42
<b>মিলন</b> যাত্ৰা	•••	•••	98
मुक १७ रह सम्बदी	•••	***	3.
<b>मृ</b> ष्कि	•••	•••	200
মুখ-পানে চেয়ে দেখি, ভয় হয় মনে	•••	•••	844
<b>म्</b> ना	•••	***	>>0
মেছ ও বৌঞ	***	•••	<b>\$</b> 50

মেৰমালা	•••	• • •	49
<b>त्यो</b> न	•••	•••	
যাবার বেলা শেষ কথাটি যাও ব'লে	•••	•••	700
ষার অদৃষ্টে ষেমনি জুটেছে	•••	•••	799
যায় আসে সাঁওতাল মেয়ে	•••	•••	92
রথীরে কহিল গৃহী উৎকণ্ঠায় উর্ধব্যরে	ডাকি	•••	875
রাতের দান	•••	•••	<b>5</b> €
রাত্তিরূপিণী	•••	•••	>>
রপকার	***	•••	et
क्रभरीन, वर्गरीन, চিরস্তর, नारे भक् स	র	•••	>.0
লুকালে ব'লেই খুঁজে বাহির করা	•••	•••	250
শত শত লোক চলে	•••	•••	36
শেষ	•••	•••	252
শ্রামল প্রাণের উৎস হতে	•••	•••	20
খামলা	•••	•••	96
সভ্যরপ	•••	•••	36
সন্মাসী	•••	•••	৮৩
সহসা তুমি করেছ ভুল গানে	••	•••	وه
সাঁওতাল মেয়ে	•••	•••	92
স্থদ্র আকাশে ওড়ে চিল	••	•••	eb
স্থান্তদিগন্ত হতে বর্ণচ্ছটা উঠেছে উচ্ছ	ा <b>नि</b>	•••	5
দেদিন ভোমার মোহ লেগে	•••	•••	৩৬
হরিণী	•••	•••	<b>68</b>
হায় রে, ওরে যায় না কি জানা	•••	•••	১৩২
হে কৈশোরের প্রিয়া	***	***	20
হে রাত্তিরূপিণী	•••	•••	>>
হে খ্যামলা, চিত্তের গহনে আছ চুপ	•••	•••	૭૯
হে সন্মাসী, হে গম্ভীর, মহেশ্বর	•••	•••	50
হে হরিণী	***	• • •	b B